# ভात्रिनि त्रूथम्निन्कि



ক্ষিন্দান আন্তান্ত্ৰাত ভাসিলি সুখম্লিন্ঞি

म्बायाक मार्याकी


শিশ্বদের মনোজগৎ,
বিশেষত
তাদের চিন্তাজগতের চর্চা —
শিক্ষকের অন্যতম
গ্রেম্পণ্
সমস্য।
ভাসিলি সংখ্যাবিন্দিক

...বিদ্যালয়ে
শিকাদীকার কর্মাস্তি
সমগ্র শিকাম্পক কাজে
সাফলোর প্রধান
শর্তা।
ভাসিলি সর্থম্বিন্দিক

अमिनि जूयम्निन्कि • निक

ণক্ষা আমার ব্রত

# ভাসিল সুখ্যুলন্ম্ব ভিজ্ঞান ভাজোন্ড ভাত



# ভাসিলি সুখম্লিন্স্কি

# শ্বন্ধান্ত্য ভালান্ত্য



€∏

প্রগতি প্রকাশন - মস্কো ১৯৮২ অনুবাদ: অরুণ সোম

অসসজ্জা: স্ভেংলানা প্ৰশ্কোভা

### в. л. сухомлинский Сердце отдаю детям На языке бенгали

VASILY SUKHOMLINSKY

To Children I Give My Heart

In Bengali

ত বাংলা অনুবাদ · প্রগতি প্রকাশন · ১৯৮২

## স্চি

প্রকাশকের নিবেদন	Ċ
ভূমিকা	22
আনশ্য নিকেউন	
বিদ্যালধ্যের পরিচালক · · ·	56
প্রথম বছর — শিশ্যেনের স্কানে	1870
আমার শিক্ষার্থীদের মা-বাব রা	95
মনুক্তাঙ্গন-বিদ্যাধায় .	42
আমাদের 'স্বপ্নপর্নী'	98
স্বাচ্ছ্যের উৎস — প্রকৃতি	AQ
শিশনুমারেই শিক্ষী • • • •	100
জীবন্ত ,ও সংশ্বর <b>জিনিসে</b> র প্রতি বন্ধ	86
শ্রমজগতে আমাদের পর্যটন	>08
নিস্প-িস্কীত 🕟	>09
শীতের আনন্দ আর ঝামেলা	<b>३</b> २७
ভার্ই পর্মির প্রথম উৎসব	>>>
আমাদের লেখাপড়া চর্চা	202
মান্বের মাঝে তোমার বাল	284
অ।ছি দশে — মিলেমিশে	569
ম্বাস্থ্যের বাগানে আমাদের বাস 🕡 .	262
প্রথম শিক্ষাবর্ষের প্রাক্তালে চিন্তাভাবনা	১৬৩

প্রকাশকের নিবেদন

#### শৈশৰ পৰ্ব

প্রার্থামক বিদ্যালয়ের পরিচয	\$90
শ্বাস্থা, প্ৰাস্থা আৰ শ্বাস্থা .	১৭৭
শিক্ষা — মনোজীবনের অংশবিশেষ	১৯২
·প্রকৃতি গাঠের' তিনশ' পূ <i>ষ্ঠা</i>	\$52
বস্তুজগৎ থেকে সমাজে। কোথা থেকে কিসের আগমন?	<b>588</b>
সজনীব প্রশন্মালা — হাজার প্রখন	२७२
আমাদের বিশ্ব প্রটিন	২৬৯
শিশারে চাই মানসিক শ্রমের আনন্দ, বিদ্যায় সাফল্যের আনন্দ	582
'র্পকথার ঘর'	009
র্পকথার ধারান্সরণ আমানের অশ্চর্য দ্বীপ'	৩২৩
গীতের <b>আলো</b> কে জাগতিক সৌন্দর্য	०२४
শিশ্বর মনোজীবনে গ্রন্থ	905
মাতৃভাব্য	040
আমাদের নিভ্ত 'সোঁদার্যকোক'	ବ୍ୟବ
জীবন।দদেরি উৎসম্ভে ৃ	096
কমিউনিন্ট পার্টির ভাবান্সরণে 🕟 🕟	089
অহ্রহ মানুষের চিন্তা ছাড়া জীবন নির্থকি	৩৯২
মহং অন্ভূতিদীপ্ত শ্রম	820
তোমরা, খুদে পাইওনিয়বরাই জন্মভূমির ভবিষাং অধিপতি	885
খ্রদে কোনিনীয় সংগঠনে শিশ্বদের যোগদান	864
লেনিনের মতেন সংগ্রামী ও বিজয়ী হতে হবে	848
'অসমসাহসীদের দল'	895
গ্রতিমারিদার	840

#### প্রকাশকের নিবেদন

াশক্ষা আমার এতা প্রক্রের রচরিতা — বিখ্যাত সোক্তরেত শিক্ষারতী ভাসিলি আলেক্সান্দ্রভিচ স্থেম্লিন্দিক (১৯১৮-১৯৭০) তার নাতিদীর্ঘ জীবনের পার্রিশটি বছর শিশ্বের শিক্ষাদীক্ষার কাজে বার করেন। শেষ উনল্লিশ বছর তিনি ছিলেন বড় বড় শহর খেকে অনেক দ্বের, ইউক্রেনের পাঙ্লিশ পল্লীতে এক গ্রামীণ বিদ্যালরের পরিচালক।

বিদ্যালায়ের কাজে অবদানের জন্য তিনি সম্মানে ভূষিত হন:
সমাজতাদিকে শ্রমবীর ও ইউচেন সোভিয়েত সমাজতাদিক প্রজাতদেরর
সম্মানীয় শিক্ষকের খেতাব অর্জন করেন, সোভিয়েত ইউনিয়নের
শিক্ষাবিজ্ঞান আকাদমির সহ সদস্য নিবাহিত হন।

বিশ্বের বহন প্রগতিশলৈ শিক্ষান্ততী অনেক কাল হল শিক্ষাপদ্ধতিকে এমন ভাবে গড়ে তোলার জন্য চেণ্টা করে আসছেন যাতে শিশানুদের শিক্ষাদীঞ্চা ও বিদ্যাশিক্ষা সেখানে এক অখণ্ড প্রক্রিয়ায় সন্মিলিত হতে পারে। ভানিলি আলেক্সান্তভিচ সন্থম্ভিন্দিকর শিক্ষাসংক্রান্ত কার্যকলাপ এই স্বপ্নেরই বাস্তব রূপায়ণ।

বিদ্যালয়ের শিক্ষাথার মধ্যে মান্যুষ্টিকৈ দেখতে পাওয়া — এ-ই হল তাঁর শিক্ষাতত্ত্বে মূল কথা, আর যাঁরা শিশ্বদের মান্যুষ করে তুলতে চান, শিক্ষা দিতে চান তাঁদেরও একান্ত দাবি।

ভাসিলি স্থম লিন্দিক বাবছাবে ও তত্ত্বে প্রমাণ কর্মলেন যে যে-কোন স্কৃ শিশ্যকই আধ্নিক মাধ্যমিক শিক্ষালান করা ধার প্রস্থ কাব কতি। ক্ষমতা সেই অন্যায়ী শিশ্যদেশ কোন বক্ষ বাছবিচার না করে সাধারণ সর্বজনীন বিদ্যালয়েই তা সম্ভব। একেত্রে তিনি কোন নতুন আবিকার করেন নি, তবে যে বিচক্ষণ বাবস্থাব ফলে শিক্ষকের পক্ষে বাজ্যীয় কর্মাস্চি অন্যায়ী শিশ্বকে জ্ঞান বিতরণ করা সম্ভব, তিনি তা থাজে বাব করেন। স্থাম্লিন্স্কির কাছে প্রধান ব্যাপার হল শিশ্ব মধ্যে পড়াশ্নায় আগ্রহ জাগিয়ে তোলা, তার আ্থাশিক্ষা ও আ্থােয়াহাতির প্রয়াস বিকশিত করে তোলা।

স্থম্লিন্সিক গভীর নিষ্ঠা ও আগ্রহের সঙ্গে নিজের ছাত্র-ছাত্রীদের লক্ষ্য করেছেন, শিক্ষক-শিক্ষিকা ও মা-বাবাদের সঙ্গে প্রমেশ করেছেন, অতীতের বড় বড় শিক্ষারতীদের দৃণ্টিভঙ্গি আর লোঁকিক জ্ঞানের সঙ্গে নিজের ভাবনাচিতা ফিলিয়ে দেখেছেন।

শিশ্বদের শিক্ষাদান করতে গৈলৈ তাদের ভালোবাসতে হয়। একমার তথনই শিক্ষক প্রয়ের আনন্দ, বন্ধুশ্রীতি ও মন্ব্যুদ্ধর শিক্ষা শিশ্বর মধ্যে সঞ্চার করতে পারেন। শিক্ষককে প্রতিটি শিশ্বর মবের সন্ধান জানতে হবে, একমার তথনই নিজেদের পরিবার, স্কুল, প্রম ও জ্ঞানের প্রতি ভালোবাসা, মাভৃভূমির প্রতি ভালোবাসা তিনি শিশ্বদের শেখাতে পারেন। এই প্রণালীটিই — শিশ্বদের মনের সন্ধান লাভ — স্থম্লিন্দিরর শিক্ষাসংগ্রান্ত বাবতীয় কার্যকলাপের ভিত্তি হরে দাঁভার।

প্রকৃতি মান্দকে যা যা সদ্পর্থ দান করেছে, ছারদের মধো তার উল্লোধন ঘটানো, মান্দের নৈতিক গ্ণাবলীকে জানা, তাকে কমিউনিস্ট ভাবাদর্শে নিন্তাবান, সং ব্যক্তির্পে গড়ে তোলা — এ-ই ছিল সোভিয়েত শিক্ষক সুখ্যালিন্দিকর উদ্দেশ্য।

স্থম্লিন্স্কির শিক্ষাতত্ত্ব — উদারতা ও সত্যজ্ঞানের শিক্ষাতত্ত্ব, আনুভূতি ও মানস চর্চার শিক্ষাতত্ত্ব, তা হল 'মানুব' ও 'স্নাগরিক' হওয়ার শিক্ষাতত্ত্ব।

জীবনের শেষ বিশ বছর ধরে সুখম্লিন্টিক সবসময় তাঁর পর্যবেক্ষণ ও চিন্তাভাবনা নোট করে রাখতেন, আর তারই ফলে তিনি বহু গ্রন্থ ও প্রবন্ধ রচনায় সক্ষম হন। সেগালির মধ্যে সর্বাপেক্ষা খ্যাতি অজনি করেছে 'শিক্ষা আমার রত', 'নাগরিকের জলম', 'পাভ্লিণ মাধ্যমিক বিদালের 'কমিদিলের বিচক্ষণ ক্ষমতা' ইত্যাদি গ্রন্থ। প্রতিটি রচনাই অসামান্য শিক্ষারতীব স্মুসমুদ্ধ অভিজ্ঞতার সমন্ব্য লেখক নিজে তাঁব রচনাগ্রিকর 'মাকারেড্গ্রার মানসম্ভানা আখ্যা দিয়েছেন সোভিয়েত

শিক্ষাবিদ আন্তন মাকারেপ্কোর (১৮৮৮-১৯৩৯) জীবনের অভিজ্ঞতা ও শিক্ষাসংক্রান্ত অভিজ্ঞতা তাঁর কাছে সমাদৃত ছিল।

মাকাবেওেকার শিক্ষাপ্রণালীর ভিত্তি ছিল মান্বের প্রতি বিপাল প্রকা ও বিশ্বাস। বিশের দশকে, যখন বিপালসংখ্যক ছেলেমেয়ে পিতৃমাতৃহীন ও ছলছাড়া অবছায় ছিল সেই সময় — সোভিয়েত দেশের দার্হ পর্বে তিনি শিশ্বদের প্রমকলোনি পরিচালনা করেন। একাকীড়ের মধ্যে পরিত্যক্ত শিশ্বদের প্রমকলোনি পরিচালনা করেন। একাকীড়ের মধ্যে পরিত্যক্ত শিশ্বদের বেদনার উপশম ঘটতে গেলে যা ছিল সভ্যাবশাক তা হল শিশাবেল দরদ ও যত্ন দিয়ে ছিরে রাখা, তার জন্য নতুন পরিবার খাঁলে বার করা। মাকারেওেকার শিক্ষার্থীদের কাছে এ ধরনের পরিবার হল তাদের কমিদিল। এই ছেলেমেরেদের আবার মান্ব করে ভুলতে গেলে, তাদের ভেতরে অতীতের যে সমন্ত অভ্যাস বন্ধমল হয়ে আছে সেগ্লিকে দার করতে হলে সেই সময় দরকার ছিল মাকারেওেকার উন্তাবিত অসামান। শিক্ষাপ্রণালী। কিন্তু, স্বথম্লিন্দিকর কথার, মাকারেওেকার পদ্ধতির প্রধান বিষয় হল 'অবিরাম মানবভাবাদের অফুরান অনুরণন,' গানাবের শ্রেণ্ট প্রয়াসের মানুকর সৌদ্বর্য'।

মাকারেণ্ডেরা তত্ত্ব ও প্রয়োগে যা প্রতিপন্ন করেছেন — অর্থাৎ শিক্ষক ও শিক্ষাথানৈর মধ্যে মনের আদানপ্রদান, শৃষ্টাকাণক্ষার পরিমণ্ডল — স্থম্লিন্দিকর পরিচালিত পাজ্লিশ বিদ্যালয়েও সেই একই রক্ষ বাস্তব হয়ে দেখা দেয়। উভয় শিক্ষারতীই অপরিহার্য ভাবে নাগরিক কর্ডবারেরিধের দৃশ্ভিতে বিশ্বদর্শনের সঙ্গে, মাতৃভূমি ও জনগণকে সেবার মধ্যে মান্বের যে সৌন্দর্য, তা উপলান্ধির সঙ্গে শিক্ষাকে সংগ্লিভ করে দেখেছেন। তাদের মতে, তর্শ সম্প্রদায়কে বাঁচার শিক্ষাদানের অর্থ কেবল শৃষ্ড-অশ্ভ বৃষ্ণতে শেখানোই নর, বড় কথা হল সামাজিক অকলাণের বিরুদ্ধে, অনায়ের বিরুদ্ধে আপসহান হতে শেখানো।

স্থম্লিন্দিকর কাছ থেকে শিক্ষাতত্ব সম্পর্কে আমরা উক্তরাধিকার স্তে যা পেয়েছি তা এই দিকেই আমাদের দ্ণিট আকর্ষণ করে যে শিক্ষাপ্রণালী নির্বাচন কালে শিক্ষাব্রতী পরিচালিত হন মাকারেকোর নির্দেশ দারা আব উক্ত নির্দেশের ম্লকথা হল এই যে, শিক্ষাব প্রতিটি উপায় বাকিগ্লিব থেকে বিচ্ছিন্ন কবে প্রযুক্ত হলে যেমন শৃত ফলদায়ক হতে পাবে তেমনি অশৃত্তও হতে পারে; শিক্ষার ব্যাপারে সন্সমঞ্জসর্পে সংগঠিত উপায়গন্ত্রির গোটা পদ্ধতিটি গ্রেড্পূর্ণ।

যৌথ শিক্ষার যে তত্ত্ব সর্বোপরি মাকারেণ্ডেরার নামের সঙ্গে যুক্ত, স্ব্যুখম্লিন্দিকর শিক্ষাবিষয়ক রচনাবলীতে ও প্রয়োগে তার প্রতিষ্ঠা ঘটেছে। আমাদের কাজে দল থেকে বিচ্ছিত্র করে শিক্ষাদান অসম্ভব, কেননা যৌথ শিক্ষাব্যবস্থাই শিশ্বকে মেলামেশার আনেন্দ দেয়, তার ক্ষমতার প্রকাশ সম্ভব করে তোলো।

শিক্ষাবিজ্ঞানের আধ<sup>\*</sup>্নিক বিকাণের, বিদ্যালয়ে শিক্ষার প্রণাঙ্গর্পের অপরিছার্য দাবি হল সমস্ত প্রগতিদালৈ শিক্ষাবিদের অবিভকার ও সাফলোর প্রতি, তাদের স্কানী উত্তরাধিকারের প্রতি যতদ্র সম্ভব মনোযোগ দেওয়া। স্থম্লিন্সিকর কার্যকলাপের অসাধারণ ফলাফল একথাই সমর্থন করে: তাঁর সমগ্র স্বাভির ম্লাভিত্তি একটিই এবং তা উঠতি প্রক্রেক উচ্চ নীতিবোধ ও র্লিচবোধের শিক্ষা দের

\* \* \*

ভাসিলি আলেক্সাল্ডিচ স্থম্লিন্দিক দীর্ঘ জীবনের অধিকারী হতে পারেন নি। ৫২ বিছর বরসে তাঁর মৃত্যু হয়। এই ঘটনা ছিল যুক্তেরই প্রতিধ্ননি।

ফাশিন্ত জার্মানির বিরুদ্ধে সোভিয়েত ইউনিয়নের পিতৃভ্যির মহাযুক্ক (১৯৪১-১৯৪৫) স্ট্রনার প্রথম পরেই স্থম্লিন্সিক ছকেট যোগ দেন। তথন তার বরস তেইশ। পলতাভার শিক্ষক-শিক্ষণ ইনন্টিটিউটের পাঠ সবে শেষ করে তিনি প্রাথমিক প্রেণীতে শিক্ষকতা করিছলেন। তার স্থাী ভেরা পাভ্লিশ-এ জার্মান অধিকৃত অগুলে থেকে যান। তিনি গোরিলাদের সাহায্য করতেন। কর্তব্য পালন করার সময় তিনি গেস্টাপোদের হাতে ধরা পড়েন। ফাশিন্ত কারগারে বন্দী অবস্থান তার স্কুলে ভূমিন্ট হয়। ফাশিন্তরা এই নিভাকি নারীর উপর দীর্ঘকলে নির্যাতন চালায়, তার কাছে দাবি করে তিনি যেন গেরিলাবাহিনীর নেতাদের ধরিয়ে দেন। তিনি মুখ বুজে থাকেন। মার চোথের সামনে তার শিশ্বভানকে ওবা হত্যা করল শিশ্ব বয়স হয়েছিল মাত্র কয়েক দিন। ভেরাকে ওরা ফাঁসি দিল। সেই স্ময়

স্থম্লিন্দিক মন্কোর উপকপ্টে দখলকারীদের বিরুদ্ধে যুদ্ধ করছিলেন। গ্রুত্র আঘাতের ফলে সাম্বিক বাহিনীতে তাঁর পক্ষে আর থাকা সম্ভব হল না কিন্তু তাঁর ব্বকে চিরকালের জন্য রয়ে গেল গোলার মারাত্মক চুক্রো আর হৃদয়ে রয়ে গেল নিহত পরিবারের জন্য বাজিগত শোকের ক্ষত।

জার্মান ফাশিশুদের পরাভবের পর, জীবনের শেষ দিন পর্যান্ত — ১৯৭০ সনের ২ সেপ্টেম্বর পর্যান্ত — ভাসিলি সংখ্যালিন্দিক শিশংদের জন্য জীবন নিয়োগ করেন।

বছরের পর বছর কাটতে লাগল, দেশ যুজের ক্ষত থেকে আরোগ্য লাভ করছিল, আবিভাবে ঘটছিল নতুন প্রজাদের মান্রদের, বারা যুক সংশক্ষে জানতে পারে ইতিহাসের পাঠাপুত্তক থেকে। পাভ্লিশ-এর বালক-বালিকারা জানতও না যে তাদের যিনি শিক্ষা দিচ্ছেন, মাঠে ও বনে বেড়াতে নিয়ে যাচ্ছেন, সেই মানুষ্টির যুক্তের ভেতরে বিশ বছর হল আজও টাটকা হয়ে জবলছে বিগত যুক্তের ক্ষত্তিহা।

চিকিৎসায় কোনও কাজ হল না। শিক্ষাবর্ষের একেবারে গোড়ায়, শেব বারের মতো নবপ্রজন্মের শিশ্বদের সামনে নিজের বিদ্যালয়ের ছার উন্মত্তে করার পর, কর্মারত অবস্থায় তিনি আরা যান।

বছরের পর বছর কেবল সোভিয়েত ইউনিয়নেই নয়, সমগ্র বিশ্বেও স্থম্লিন্ স্কির শিক্ষাসংক্রান্ত উত্তর্যাধিকার, তাঁর শিক্ষাদানের অভিজ্ঞতা শিক্ষক ও অভিভাবেকদের ক্রমাধিক মনোযোগ আকর্ষণ করছে।

## ভূমিকা

মাননীয় পাঠকবর্গ, সহকমিবিন্দ — বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও প্রধানেরা,

এই রচনা বিদ্যালয়ে বহু বছরব্যাপী কাজের ফল — গভীর ভাবনাচিন্তা, যত্ন-প্রয়াস আর উদ্বেগের ফল।

তেরিশ বছর এক ঠায় প্রামের স্কুলে কাজ করা আমার পক্ষেছিল পরম স্কুথের বিষয়, সে স্কুথের কেনে তুলনা নেই। আমি নিজের জীবন শিশুদের জন্য উৎসর্গ করেছি। দীর্ঘ ভাবনাচিন্তার পর আমি আমার রচনার নাম দিই শিক্ষা আমার ব্রতা — আমার মনে হয়, একথা বলার অধিকার আমি রাখি। আমার ইচ্ছা, শিক্ষাব্রতীদের — যাঁরা এখন বিদ্যালয়ে কাজ করছেন, যাঁরা আমাদের পরে বিদ্যালয়ে কাজ করছেন, যাঁরা আমাদের পরে বিদ্যালয়ে কাজ করতে আসবেন — তাঁদের সকলকেই আমি জীবনের একটি পর্বের কথা বলি। সেপর্ব একটি দশকের সমান। আমরা, শিক্ষাবিদরা যাকে প্রায়ই 'অবোধ শিশ্ব' বজে থাকি, সে যোদন বিদ্যালয়ে প্রথম উপস্থিত হয় সেদিন থেকে শ্বর্ব করে সেই অনুষ্ঠানের মৃহ্তুর্ত পর্যন্ত সময়ের কাহিনী, যখন কিশোর কিশোরীরা প্রধান শিক্ষকের হাত থেকে মাধ্যমিক বিদ্যালয় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র লাভ

করে, স্বাধীন কর্মজীবনের পথে নামে। এই পর্ব ব্যক্তিতে পরিণতিলাভের পর্ব, আর শিক্ষকের কাছে তাঁর জীবনের একটি বিরাট অংশ। আমার জীবনের প্রধানতম বিষয় কীছিল? উত্তরে আমি নিষ্টিধায় বলব: শিশ্বদের প্রতি

মাননীয় পাঠক, আমার রচনার মধ্যে কোন কোন বিষয়ে আপনি হয়ত একমত হবেন না, হয়ত এখানে কোন ব্যাপার আপনার কাছে অন্তত, আশ্চর্যের বলে ঠেকতে পারে — তাই আগে থাকতে আমার অনুরোধ: গ্রন্থটিকৈ শিশ্বশিক্ষার, উঠতি বয়সের ছেলেমেয়েদের কিশোর-কিশোরীদের শিক্ষার সর্বায়ত সহায়ক গ্রন্থর পে বিবেচনা করবেন না। শিক্ষাবিজ্ঞানের পরিভাষায় বলতে গেলে এই রচনার বিষয় হল ক্রাস-বহির্ভাত শিক্ষাদান (অবশ্য, শিক্ষাদান কথাটিকে যদি সংকীর্ণ অর্থে ধরা যায়)। পাঠের বিষয়, জ্ঞানবিজ্ঞানের প্রধান প্রধান বিষয় চর্চার প্রতিয়াকে সমস্ত রকম খ্রিটনাটি যুক্তিপরম্পরার সামনে হাজির করা আমার উদ্দেশ্য ছিল না। স্ক্রে মানবিক সম্পর্কের ভাষায় বলতে গেলে আমার রচনার বিষয়— শিক্ষাব্রতীর অন্তঃকরণ। ছোট মানুষ্টিকে কী ভাবে পারিপার্শ্বিক বাস্তবতা উপলব্ধির জগতে পরিচালিত করা যায়, কী ভাবে তাকে বিদ্যাশিক্ষায় সাহায্য করতে হয়, তার মানসিক শ্রমকে সহজ-সাধ্য করে তোলা যায়, কী ভাবে তার মনের ভেতরে মহং অনুভৃতি ও আবেগের উদ্বোধন ও প্রতিষ্ঠা ঘটানো ষেতে পারে. কী ভাবে মানবিক সদগ্রণে, মান্যাবর মূল শাভব্দির উপর বিশ্বাস ও জন্মভূমি সোভিয়েত দেশের প্রতি গ্রবাধ ভালোবাসার মন্ত্রে তাকে দক্ষিত করা যায়, কী ভাবে শিশ্বর সক্ষ্ম বোধে ও সংবেদনশীল হৃদয়ে কমিউনিস্ট ভাবাদশৈ সমন্ত্রত আন্গত্যের প্রথম বীজ বপন করা যায় — তারই বিবরণ আমি দেওয়ার চেষ্টা করি।

যে গ্রন্থটি এখন হাতে নিয়েছেন তাতে আছে প্রাথমিক শ্রেণীগর্নলিতে শিক্ষকতার অভিজ্ঞতা। এক কথার, এর বিষয়বস্থু হল শিশ্বজগণ। আর শৈশব, শিশ্বজগণ হল এক বিশেষ জগণ। শিশ্বরা জীবন অতিবাহিত করে শ্বভাশ্বভ ও মান-অপমান সম্পর্কে, মানবিক সদ্গ্র্ণ সম্পর্কে নিজম্ব ধ্যানধারণা নিয়ে; তাদের সৌন্দর্যের মানদন্ড নিজম্ব, সময়ের হিসাব পর্যন্ত নিজম্ব: শৈশবের পর্বে দিন মনে হয় বছর, আর বছর যেন অনন্তকাল। 'শৈশব' নামে র্পকথার প্রগতে প্রবেশাধিকার লাভের পর আমি চিরকাল ভাবতাম, আমাকেও কিছ্ মান্তার শিশ্ব হতেই হয়। একমান্ত তাহলেই শিশ্বলা মনে করতে পারবে না যে আপনি দৈবক্রমে তাদের র্পথার জগতের তোরণ পেরিয়ে ভেতরে প্রবেশ করেছেন, ভাবতে পারবে না যে আপনি ঐ জগতের রক্ষাকারী এক প্রহরীর মতো, যার কাছে অভ্যন্তরে কী ঘটছে না ঘটছে সবই সমান।

গ্রন্থের বিষয়বন্ধু এবং অভিজ্ঞতার প্রকৃতি প্রসঙ্গে আরও একটি কথা মনে করিয়ে দিতে চাই। বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষা — সর্বোপরি একজন শিক্ষকের স্ক্রনশীল শ্রম। এই কারণে আমি সচেতন ভাবেই সমগ্র শিক্ষকসম্প্রদায়ের, অভিভাবকদের প্রয়াস প্রদর্শন থেকে নিব্তু হয়েছি। গ্রন্থে এ সমন্ত বিষয়ের বিষয়ণ দিতে গেলে তা বিপত্ত আকার ধারণ কবত।

যে সব পরিবার থেকে ছেলেমেয়েরা এসেছে সে সম্পর্কে, মা-বাবাদের সম্পর্কে শৈশবসংক্রান্ত রচনায় না বলে পারা যায় না। পিতৃভূমির মহায**ুদ্ধে**র (১৯৪১ ১৯৪৫) পর কো**ন** কোন পরিবারে বিষয়, এমন কি সময় সময় হতাশাব্যঞ্জক পরিবেশ লক্ষ্য করা যায়। পারিবারিক পরিবেশের পরিপূর্ণ যথাযথ চরিত্রবৈশিষ্ট্য যদি আমি তুলে না ধরি, তাহলে শিক্ষাকর্মের গোটা বাবস্থার উদ্দেশ্য দুর্বোধ্য থেকে যায়। শিক্ষার অসাধরেশ ক্ষমতায় — ফুপ্স্কায়া, মাকারেজ্কো এবং অন্যান্য বিশিষ্ট শিক্ষাবিদ যাতে আছা পোষণ করতেন — তাতে আমারও দ্য়ে বিশ্বাস আছে।

#### আনন্দ নিকেতন

#### বিদ্যালয়ের পরিচালক

দশ বছর শিক্ষকতার পর আমি পার্ছালশ মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক নিযুক্ত হলাম। শিক্ষকতার প্রথম দশ বছর পর্বে শিক্ষাসংক্রান্ত যে ধ্যানধারণা গড়ে উঠতে থাকে এখানে তার পূর্ণতাপ্রাপ্তি ঘটে। এখানে সজীব স্জনী কর্মের মধ্যে নিজের ধ্যানধারণাকে প্রত্যক্ষ করার বাসনা আমার হয়। নিজের ধ্যানধারণাকে যত কাজে লাগানোর চেন্টা করি ততই বেশি করে প্রণন্ট হয়ে উঠতে লাগল যে শিক্ষাদশিক্ষার কর্ম পরিচালনার অর্থ হল কর্মে ব্যক্তিগত দৃষ্টান্তের সঙ্গে সমগ্র বিদ্যালয়ব্যাপী ভাবদেশম্লক ও সংগঠনিক সমস্যাবলী সমধানের সঠিক সমন্বর। শিক্ষকমহলের সংগঠকর্পে বিদ্যালয়-প্রধানের ভূমিকা তথনই অপরিস্থাম বৃদ্ধি পায় যখন শিক্ষকো তার কাজের মধ্যে উচ্চ শিক্ষাদশ্যের, শিশ্বদের

শিক্ষাদীক্ষা হল সর্বোপরি শিক্ষক ও শিশ্র মধ্যে নিরন্তর আত্মিক সংযোগ। মহান রুশ শিক্ষারতী ক. দ. উশিন্তিক\* (১৮২৪-১৮৭০) বিদ্যালয়ের প্রধানকে মুখ্য শিক্ষক আখ্যা

ক দ উশিন্দিকর 'নির্বাচিত বচনাবলী' ও শিক্ষাদীক্ষার বিষয়স্বব্প মান্ব শিক্ষাদানেব ন্বিদাগত অভিজ্ঞতা' নামে গ্রন্থ দুটি 'প্রগতি' প্রকাশন থেকে প্রকাশিত হয় ইংরেজী ভাষায়।

দেন। কিন্তু প্রশন হল কোন কোন শর্তে বিদ্যালয়ের মুখ্য শিক্ষাদাতার ভূমিকা সম্পাদিত হয়?

শিক্ষকদের মাধ্যমে শিশ্বদের শিক্ষাদান, শিক্ষ্কদেরও
শিক্ষাদাতা হওয়া, শিক্ষার বিজ্ঞান ও কলাকৌশল শেখানো —
খ্বই গ্রেছপ্রা, তবে বিদ্যালয় পরিচালনার বহুমুখী
প্রফ্রিয়ার একটি মাত্র দিক। মুখ্য শিক্ষাদাতা যদি কেবল
শিক্ষাদানের পদ্ধতিই শেখান, শিশ্বদের সঙ্গে প্রত্যক্ষ সংস্তব
না রাখেন তাহলো তিনি আর শিক্ষাদাতার,পে পরিগণিত হতে
পারেন না।

প্রধান শিক্ষকের কার্যভার গ্রহণের প্রথম কয়েক সপ্তাহের ঘটনায়ই আমার দৃঢ় প্রত্যয় হল যে শিশুর সঙ্গে আমার আগ্রহ. উৎস্ফল ও প্রয়াসের যাদ কোন সংযোগ না থাকে ভাহলে শিশ্বহৃদয়ের স্বার আমার কাছে চিরকালের জন্য রুদ্ধ হয়ে থাকবে। শিশুদের উপর শিক্ষাদাতারূপে সরাসরি, প্রত্যক্ষ প্রভাব না ফেলতে পারলে আমি হারিয়ে ফেলব শিক্ষান্ততী ও শিক্ষক হিশেবে আমার সবচেয়ে বড় গুণ — শিশ্বদের মনোজগৎ অনুভবের ক্ষমতা। ক্লাস-পরিচালক শিক্ষকদের দেখে আমার ঈর্বা হত: তাঁরা সবসময় শিশ্বদের সঙ্গে আছেন। শিক্ষক প্রাণখোল্য আল্যাপ-আলোচনা করছেন, তিনি তাঁর শিক্ষার্থীদের নিয়ে বনে যাচ্ছেন, নদীর ধারে যাচ্ছেন, খেতে কাজ করতে যাচ্ছেন। ছেলেমেরের। কবে প্রমোদ-ভ্রমণে যাবে সেই দিনগালির জন্য অধীর আগ্রহে প্রতীক্ষা করে। তারা রাল্লা করবে, মাছ ধরবে, খোলা আকাশের নীচে রাভ কাটাবে, তাকিয়ে তাকিয়ে তারাদলের ঝিকিমিকি দেখবে। আর প্রধান শিক্ষক থাকবেন এসব থেকে দ,বে ৷ তাঁর কাজ হল কেবল সংগঠন করা,পরামশ দেওয়া, চুটি খাজে বার করা, চুটি সংশোধন করা, প্রয়োজনীয়

কাজে উৎসাহ দেওয়া আর অব্যক্তিত কার্যকলাপে বাধা দেওয়া। এটা এড়ানোর অবশ্যই কোন উপায় নেই, কিন্তু আমি নিজের কাজে তৃপ্তি পেলাম না।

আমি এমন বহু ভালো ভালো প্রধান শিক্ষকের কথা জানি যাঁরা শিক্ষাকমে সিলিয় অংশ গ্রহণ করেন। এ'রা যথাথ' শিক্ষাকশুলী। তাঁদের শিক্ষা শিক্ষকদের আদর্শা। তাঁরা পাইওনিয়র ও কমসমোল সংগঠনের কাজে ও জীবনে সচিয় অংশ গ্রহণ করেন। তাঁদের কাছ থেকে শিক্ষক, ক্লাস-পরিচালক ও পাইওনিয়র-নেতা — সকলেরই কিছু না কিছু শেখার আছে: কিন্তু আমার মনে হল, এবং এই বিশ্বাস আজ আরও দ্যুত হয়েছে যে শিক্ষামূলক কর্মদক্ষতার সর্বোচ্চ ধাপ হল প্রাথমিক কোন এক ছাত্রদলের জীবনে প্রধান শিক্ষকের প্রত্যক্ষ ও সুদীর্ঘকালীন অংশগ্রহণ। আমার ইচ্ছে হচ্ছিল ছোটদের সঙ্গে কাটাই, তাদের আনন্দ ও বেদনার অংশীদার হই, শিশ্বের সালিধ্য অনুভব করি। এই শিশুসালিধ্যই হল শিক্ষকের স্ক্রনী কমেরি অন্যতম প্রম তৃপ্তি। আমি সময় স্ময় শিশ্বদের এদলের-ওদলের জীবনযানার যোগ দেওয়ার চেন্টা করলাম: তাদের সঙ্গে সঙ্গে কাজে কিংবা নিজেদের অঞ্চলের এখানে-ওথানে পদ্যাত্রায় বের হতাম, প্রমোদ-ভ্রমণে যেতাম:

কিন্তু এই সম্পর্কের মধ্যে কেমন যেন একটা কৃত্রিমতা ছিল। সেটা যেমন আমি অনুভব করতাম, তেমনি শিশ্রবাও করত। ওরা জানত যে আছি মাত্র কিছু সময়ের জন্য ওদের সঙ্গে জ্বটেছি। সভিয়কারের মনের আদানপ্রদান সেখানেই হতে পারে যেখানে শিক্ষক দীর্ঘকালের জন্য সাধারণ কাজকর্মের ক্ষেত্রে শিশ্রে বন্ধু, সমমতাবলম্বী ও সাথী হন। আমি অনুভব করলাম যে কেবল স্ক্রনী প্রমের আনন্দের জন্য নয়, নিজের

সহকর্মীদের শিক্ষাবিজ্ঞান ও শিক্ষাকৌশলের জ্ঞান দিতে গৈলেও এ ধরনের মেলামেশা আমার পক্ষে অবশ্যপ্রয়োজনীয়। শিশ্বদের সঙ্গে প্রাণবান, প্রত্যক্ষ, দৈনন্দিন মেলামেশা ভাবনাচিন্তার, শিক্ষাসংক্রান্ত উদ্ভাবনার উৎস, আনন্দ বেদনার, মোহভঙ্গের উৎস; আর এসব ছাড়া আমাদের কাজের স্জনশালিতা অর্থহীন। আমি এই সিদ্ধান্তে এলাম যে মুখ্য শিক্ষাদাতাকে হতে হবে শিশ্বদের ছোটখাটো কোন দলের শিক্ষক, ছোটদের বন্ধু, ও সাধা। পাত্লিশ বিদ্যালয়ে কাজ নেওয়ার আগেই শিক্ষার ব্যাপারে যে অভিজ্ঞতা আমার হয়েছিল তারই ভিত্তিতে আমার এই দৃঢ় বিশ্বাস জন্মায়।

শিক্ষকতার প্রথম পর্বেই আমার কাছে এটা স্পন্ট হয়ে ওঠে যে যথার্থ বিদ্যালয় কেবল শিশুদের জ্ঞান ও কর্মকুশলতা অর্জনের স্থান নয়। বিদ্যাশিকা শিশ্র মানস্জীবনের অত্যন্ত গ্রেছপূর্ণ ক্ষেত্র বটে, কিন্তু একমাত্র ক্ষেত্র নর। আমরা সকলে যাকে শিক্ষাদীক্ষার প্রক্রিয়া আখ্যা দিতে অভ্যস্ত, তাকে আমি যত কাছ্যকাছি থেকে লক্ষ্য করি, ততই বেশি করে আমার মনে এই দৃঢ় প্রতায় জন্মায় যে যথার্থ পাঠশালা হল শিশাদেলের বহুমুখী মানসজীবন, আর সেই দলে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই অসংখ্য আগ্রহে ও অন্যরাগে সন্মিলিত। যে শিক্ষক কেবল পাঠের সময় শিক্ষার্থীদের সঙ্গে মিলিভ হন তিনি শিশ্যমনের সন্ধান রাখেন না। আর যিনি শিশ্যকে জানেন না তিনি শিক্ষাদাতা হতে পারেন না। শিক্ষকের টেবি**ল স**ময় সময় হয়ে দাঁড়ায় পাথরের দেয়াল যাব আড়াল থেকে শিক্ষক তাঁর 'প্রতিপক্ষের' উপর - শিক্ষার্থীদের উপর 'আক্রমণ' চালান। কিন্ত প্রায়ই এই টেবিল পরিণত হয় এক অবরুদ্ধ দুর্গে। 'প্রতিপক্ষ' ধীরে ধীরে সেই দর্গে অধিকার করে আর সেথানে

আত্মগোপনকারী 'সেনাপতির' অবস্থা হয় হাত-পা-বাঁধা।

দেখে দুঃখ হয় যে বিষয়ের উপর অধিকার থাকা সত্ত্বেও কোন কোন শিক্ষকের শিক্ষাদান অনেক সময় নির্মাম যুদ্ধে পরিণত হয়, একমাত্র এই কারণে যে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে কোন মানসিক সংযোগ নেই, শিশ্রে মনের দ্বার সেখানে সম্পূর্ণ রুদ্ধ। কোন কোন বিদ্যালয়ে ছাত্র-শিক্ষকের মধ্যে যে তিক্ত, অপ্রীতিকর সম্পর্ক স্টিট হয় তার প্রধান কারণ হল পারম্পরিক অবিশ্বাস ও সম্পেক্সবিগতা; কখনও কখনও শিক্ষক শিশ্মনের গহনে প্রবেশ করতে পারেন না, শিশ্রে আনন্দ-বেদনা অনুভব করতে পারেন না, মনে মনে শিশ্রে জারগায় নিজেকে কম্পনা করার ক্ষমতা তাঁর থাকে না।

পোল্যান্ডের বিশিষ্ট শিক্ষাবিদ ইয়ান্শ কর্চাক (১৮৭৮-১৯৪২) তাঁর একটি পরে মনে করিয়ে দিয়েছেন যে শিশ্র জগৎক কুপার দ্ষ্টিতে না দেখে দে জগতে উন্নতি হওয়া অত্যাবদ্যক। চিন্তাটি অত্যন্ত স্ক্র। আমাদের, শিক্ষাজীবীদের উচিত এর গভাঁর মর্ম উপলব্ধি করা। শিশ্রকে আদর্শায়িত না করে, কোন অলোকিক ধর্ম তার ওপর আরোপ না করেও খাঁটি শিক্ষারতী লক্ষ্য না করে পারেন না যে শিশ্র জগৎউপলব্ধি, পারিপার্মিক বাস্তবতার উপর তার আবেগ ও নাতিবোধের প্রতিক্রিয়া নিজস্ব স্বছেতা, স্ক্রেতা ও অকপটতার গ্রেণ বিশিষ্টধর্মী। শিশ্রর মনোজগতে উন্নতি হওয়ার যে আহ্রান ইয়ান্শ কর্চাক দিয়েছেন তাকে শিশ্রে জগৎ-উপলব্ধির প্রতি — তার ব্রিদ্ধ ও হলয়ের উপলব্ধির প্রতি স্ক্র্যাতিস্ক্রেস সহম্মিতা ও সংবেদন্দালতা রূপে ধরতে হবে।

আমার দঢ়ে বিশ্বাস, হদয়ের এমন কতকগ**্নাল বৃত্তি আছে** যেগ**্লি** ছাড়া মান্য সত্যিকারের শিক্ষাদাতা হতে পারে না। সে সব ব্তির মধ্যে প্রধান স্থান অধিকার করে — শিশ্রে মনোজগতে প্রবেশের কৌশল। একমার তিনিই খাঁটি শিক্ষক হতে পারেন যিনি কখনও বিস্মৃত হন না যে নিজেও শিশ্র ছিলেন। বহু শিক্ষকের (শিশ্রা, বিশেষত উঠতি বয়সের ছেলেমেয়েরা তাঁদের 'কাটখোট্রা' আখ্যা দিয়ে থাকে) দ্বর্ভাগ্য এই যে তাঁরা ভূলে যান শিক্ষার্থী হল সর্বোপরি জীবন্ত মান্য — সে পদক্ষেপ করতে চলেছে উপলব্ধি, স্ক্রন আর

শিক্ষাদীক্ষার ক্ষেত্রে পৃথক পৃথক বন্ধুর অন্তিম্ব নেই, বিচ্ছিল্ল ভাবে কোন বন্ধু মান্ধের উপর প্রভাব স্থিত করে না। শিক্ষা হল শিক্ষার্থাদের বিশ্ববীক্ষা-প্রক্রিয়ার এক অতি গ্রেম্পশ্র্ণ সাংগঠনিক রূপ। শিশ্রো কী ভাবে জগৎকে উপলীন্ধ করে, কী ধরনের মতামত তাদের গড়ে উঠছে — তারই উপর নির্ভার করছে তাদের মানসজীবনের সমগ্র গঠনপ্রকৃতি। কিন্তু বিশ্ববীক্ষার অর্থ কেবল জ্ঞানচর্চাই নয়। বহু শিক্ষকের দন্তাগ্য এই যে তাঁরা শিশ্রের মনোজগৎকে কেবল পরীক্ষার নম্বরের মাপকাঠিতে বিচার করেন, শিক্ষার্থারা পাঠাভ্যাস করে কি করে না তার বিচার না করে তাদের ভাগ করেন দন্টি শ্রেণীতে।

শিক্ষকই যেথানে এমন বেকায়দায় পড়েন, যেখানে তিনিই বহুমাখী মানসজীবনকে একদেশদশাঁর দ্ভিতত দেখে থাকেন, সেখানে প্রধান শিক্ষক সম্পর্কে আর কী বলার আছে? প্রধান শিক্ষক ত তাঁর নিজের কাজ বলতে মনে করেন কেবল শিক্ষকদের কার্যকলাপ যাচাই করা, যথাসময়ে সাধারণ নির্দেশ দেওয়া, অনুমতি দেওয়া অথবা না-দেওয়া তাঁর অবস্থা আরও শোচনীয়। এই রকম ভূমিকা আমার কাছে অসহা ঠেকে।

আমি কণ্ট পেতাম। সময় পেলে আমি ছাত্রদের কাছে আসতাম, কিন্তু দেখা যেত ওরা ওদের শিক্ষকের সঙ্গে কী নিয়ে যেন মশগলে . ওদের কাছে গেলাম, কিন্তু ওরা আমাকে লক্ষ্যই করল না: শিশ্রো তাদের শিক্ষকের সঙ্গে এক সম্বদ্ধ মানসজীবন কাটার, ওদের আছে নিজস্ব গোপন রহস্য। এমন প্রধান শিক্ষকের প্রয়োজন আছে কি? না, নেই। ১৯১৭ সনের মহান অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লবের আগে পর্যন্ত রাশিয়ার স্কুলগ্রিলতে পরিচালনার যে পদ্ধতি ও রুপে গড়ে উঠেছিল সেখানে প্রধান শিক্ষক আসলে ছিলেন শিক্ষকদের পরিদর্শক, প্রশাসক ও আমলা, যার কাজ ছিল শিক্ষক ঠিকমতো কর্মস্টি অনুসরণ করছেন কিনা, তিনি কোন বাড়তি কিংবা ভুল কথা বলে ফেললেন কিনা — সেদিকে নজর রাখা। এই রুপে ও পদ্ধতি আজকের দিনে অচল।

আধর্নিক বিদ্যালয় পরিচালনার মূলকথা হল এই যাতে শিক্ষাদানের স্কৃতিন কাজে শিক্ষকের চোথের সামনে শ্রেষ্ঠ পদ্ধতি গড়ে ওঠে, প্র্ণতা ও প্রতিষ্ঠা লাভ করে, মূর্ত হয়ে ওঠে অগ্রণী শিক্ষামূলক ভাবধারায়। আর যিনি এই পদ্ধতির প্রথা, যাঁর শ্রম অন্যান্য শিক্ষকের আদর্শ হয়ে দাঁড়ায় তিনিই প্রধান শিক্ষক হওয়ার উপযুক্তা। এ ধরনের প্রধান শিক্ষক হাড়া — উৎকৃষ্ট মানের শিক্ষক ছাড়া — আজকের দিনে স্কুলের কথা ভাবা যায় না। শিক্ষাদান — সর্বোপরি মানববিদ্যা। শিশ্ব সম্পর্কে জ্ঞান ছাড়া — শিশ্বর ব্যক্ষিগত বিকাশ, ভাবনাচিন্তা, আগ্রহ, অনুরাগ, ক্ষমতা, ঝোক ও প্রকৃতি সম্পর্কে জ্ঞান ছাড়া শিক্ষাদান সম্ভব নয়। শিশ্বর বিদ্যালয়ে আগমনের প্রথম দিন থেকে শ্বর করে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র লাভের সময় পর্যন্ত শিক্ষক তার সঙ্গে ধাপে ধ্যুপে ওঠেন, তার ব্যক্ষিগত

ও নৈতিক বিকাশের, সোন্দর্যবোধ ও আবেগ-অন্তুতি বিকাশের সরাসরি যত্ন নেন, তার মানসিক আগ্রহের সমান ভাগীদার হন, নিজের মানসিক ঐশ্বর্য তাকে প্রদান করেন।

স্কুলের প্রধান ব্যক্তি হলেন শিশ্বদের প্রারম্ভিক গ্রন্থের ক্লাস-টিচার। তিনি একাধারে শিক্ষার্থীদের জ্ঞানদান্তা, বন্ধ্ববং তাদের বহুমুখী মানসজীবনের পরিচালক। ব্যাপক অর্থে শিক্ষাদীক্ষা বলতে আমরা যা ব্রিঝ, বিদ্যাশিক্ষা হল সেই ফুলের একটি পাপড়ি মাহা। শিক্ষাক্ষেত্রে মুখ্য ও গৌণ বলে কিছু নেই যেমন নেই ফুলের সোন্দর্যস্থিতকারী পাঁপড়ির মধ্যে মুখ্য পাপড়ি। শিক্ষাদীক্ষার ব্যাপারে পাঠান,শীলন ও পাঠের বাইরে শিশ্বদের বহুমুখী আগ্রহের বিকাশ, গ্রুপে শিক্ষার্থীদের পারস্পরিক সম্পর্ক -- স্বই মুখ্য।

ছয় বছর প্রধান শিক্ষকের কাজ করার পর আমি ক্লাস-টিচার হলাম। এখানে একটি কথা মনে করিয়ে দিতে চাই: শিক্ষপৌদের সকে প্রধান শিক্ষকের সরাসরি আজিক যোগাযোগের এটাই যে একমার উপায় তা নয়। তবে নির্দিত্ত পরিক্থিতিতে আমার কাছে এই উপায়টি ছিল স্বচেয়ে উপযোগী। ছেটেদের ক্লাসের পরিচালক-শিক্ষক হিশেবে কাজকে আমি স্বাভাবিক পরিবেশে স্কেট্রিকালীন পরীক্ষা-নিরীক্ষার্পে বিবেচনা করে থাকি।

করেক বছর ধরে কী ভাবে কী কী কাজ করেছি তার বিবরণ দেওয়ার আগে উল্লেখ করতে চাই আরও একটি গ্রেম্থপর্শ বিশেষদ্বের, যা বহুল পরিমাণে ব্যবহারিক কর্মের মর্মবস্থু ও উদ্দেশ্যানিকা নিধারণ করে। শৈশব পর্ব, প্রাক্বিদ্যালয় ও নিশ্মপ্রেণীতে পড়াশ্যার ব্যস মান্বের ব্যক্তিক গঠনে অসাধারণ গ্রেম্পর্শ ভূমিকার অধিকারী। মহান

বৃশ লেখক ও শিক্ষাবিদ লেভ তলন্তর (১৮২৮-১৯১০) যখন মন্তব্য করেন যে শিশ্ব তার জন্ম থেকে শ্বর্করে পাঁচ বছর বরঃক্রম পর্যন্ত তার জ্ঞান, অন্ভূতি, ইচ্ছার্শাক্ত ও চরিক্রের জন্য পারিপার্শ্বিক জগৎ থেকে যা যা আহরণ করে তা পাঁচ বছর বয়স থেকে নিজের জাবনের শেষ দিনের তুলনায় অনেক বেশি, তখন তিনি খ্বই খাঁটি কথা বলেন। এই একই কথার প্রনরাব্তি করেন সোভিয়েত শিক্ষারতী আন্তন মাকারেকের। তাঁর মতে, মানুষ যেমন হওয়ার তেমনি হবে পাঁচ বছর বয়সের মধ্যে।

অসাধারণ নৈতিক ঐশ্বর্থে সমৃদ্ধ মান্য ইয়ান্শ কর্চাক তাঁর 'ষথন আমি ছোট হব' গ্রন্থে লিখেছেন যে স্কুলের ছেলে যথন বোর্ডের দিকে তাকায় তখন বেশি জ্ঞান পায়, না যথন কোন দ্বনিবার শক্তি (স্বের শক্তি, স্বর্যম্থী ফুলের মাথায় দোলন) তাকে জানলার বাইরে উণিক মারতে প্রবৃত্ত করে তথন পায় — একথা কায়ও জানা নেই। সেই মাহুত্তি কোনটা তার পক্ষে বেশি কাজের, অপেক্ষাকৃত গ্রুত্বপূর্ণ — ক্লাসের ব্রাকবোর্ডে আবদ্ধ যাজির জগৎ না জানলার বাইরের চলমান জগৎ? মানুষের মনের ওপর জাের থাটিয়ে লাভ নেই: প্রতিটি শিশ্বর স্বাভাবিক বিকাশের নিয়ম, তার বৈশিষ্ট্য, প্রয়াস আর চাহিদ্য মনোযোগ দিয়ে লক্ষ্য করে দেখা দরকার।

ইয়ান্শ কর্চাক ছিলেন ওয়াবশর ইহাদী পাড়ায় অনাথভবনের শিক্ষক। হিটলারের লোকজন হতভাগ্য শিশ্বদের রেট্রিন্কার চুল্লিতে প্রড়িয়ে মেরে ফেলে। ইয়ান্শ কর্চাককে যখন বলা হল যে শিশ্বদের বাদ দিয়ে জীবন কিংবা শিশ্বদের সঙ্গে মৃত্যু — যে-কোনটা তিনি বেছে নিতে পাবেন তখন তিনি নির্দ্বিধায়, বিন্দুমান্ন ইতস্তত না করে মৃত্যুকেই বেছে নিলেন। গেস্টাপোরা তাঁকে বলল: 'আমরা আপনাকে ভালো ডান্ডার বলে জানি, আপনাকে যে চেরিন্কার চুল্লিতে যেতেই হবে, এমন নয়।' উন্তরে ইয়ান্ত্রশ কর্চাক বললেন: 'আমি বিবেক নিয়ে বেসাতি করি না।' শিশ্বদের সঙ্গে বীর চললেন মৃত্যু ববণ করতে, তিনি ওদের সাত্ত্বনা দেন, চেন্টা করেন যাতে মৃত্যুর জন্য প্রতীক্ষার ভয় শিশ্বদের মনে প্রবেশ না করতে পারে। ইয়ান্শ কর্চাকের জীবন, বিস্ময়কর নৈতিক শক্তি ও শক্ষতায় পরিপর্শ তাঁর কীতি আমার প্রেরণা হয়ে দাঁড়ায়। আমি ব্যুবতে পারলাম শিশ্বদের খাঁটি শিক্ষাদাতা হতে গেলে নিজের হৃদয় তাদের জন্য উৎসর্গ করতে হয়।

ক. উশিন্দিক লেখেন যে আমরা যার সঙ্গে সবসময় বাস
করিছ তাকে গভীর ভাবে ভালোবাসা সভ্তেও সে ভালোবাসা
অন্ভব না-ও করতে পারি যতক্ষণ না কোন দ্রভাগ্যজনক
ঘটনা আমাদের অন্রাগের গভীরতা প্ররোপ্রির আমাদের
সামনে তুলে ধরছে। সারা জীবন কাটিরেও মান্ব জানতে
পারে না সে তার স্বদেশকে কতটা ভালোবাসে, যদি না, দ্রুটাস্ত
দিয়ে বলা যেতে পারে, সে নিজে দীর্ঘকাল স্বদেশের অদর্শনে
নিজের অভিজ্ঞতায় এই ভালোবাসার সমগ্র শক্তি আবিষ্কার
করে। এই কথাগ্রিল আমার তথনই মনে পড়ে যথন দীর্ঘকাল
আমি শিশ্বদের দেখতে না পাই, যথন তাদের আনন্দ-বেদনা
অন্ভব করার স্যোগ আমার না থাকে। বছরের পর বছর
এই বিশ্বাসই আমার মনে বেশি করে দ্য়ে হয়েছে যে শিক্ষকতার
অন্যতম স্কেপট বিশেষত্ব হল শিশ্বদের প্রতি অন্যুগ্য।

শিক্ষারতীর অনুভূতিসংক্রান্ত শিক্ষাদীক্ষাব সর্বাপেক্ষা উল্লেখযোগ্য উৎস হল এমন এক অখন্ড, সৌহার্দপূর্ণ দলের মধ্যে শিশুদের সঙ্গে বহুমুখী আবেগের সম্পর্কস্থাপন, যেথানে শিক্ষক কেবল গ্রেই নন, বন্ধ, সাথীও বটেন। শিক্ষক যদি
শিক্ষাথীদের সঙ্গে কেবল পাঠের সময়ই সংযোগ রক্ষা করেন
এবং শিশ্রো যদি কেবল ক্লাসর্মের ভেতরেই তাঁর প্রভাব
অন্ভব করে তাহলে আবেগের সম্পর্ক গড়ে উঠতে পারে না।
এমন ধারণাও ঠিক নয় যে বাধ্যতাম্লক শিক্ষা মান্যের
মনের ওপর জল্ল্ম, ক্লাসের ব্লাকরোর্ড — শিশ্রদের
স্বাধীনতাহরণ, আর জানলার বাইরের জগৎ হল যথার্থ ম্বিকর
জগং।

শিশ্র জীবনে প্রাইমারী ক্লাসের শিক্ষকের ভূমিকা যে কীবিরাট, পাভ্লিশের বিদ্যালয়ে কাজ করতে আসার আগেই বহুবার আমার সে বিশ্বাস জন্মায়। শিশ্র কাছে তাঁকে হতে হবে জননীর মতোই প্রিয় ও আপন মান্ব। শিক্ষকের প্রতি শুকুলের ছোট ছেলের বিশ্বাস. শিক্ষক ও শিক্ষাথাঁর মধ্যে পারম্পরিক আন্থা, শিশ্র তার শিক্ষাদাতার মধ্যে মানবতার যে আদর্শ দেখতে পায় — এ সবই হল শিক্ষার সেই সমস্ত প্রাথমিক নির্ম, সঙ্গে সঙ্গে জটিলতম, প্রাক্সতম নির্মও বটে, যেগ্রাল হৃদয়ক্ষম করার পর শিক্ষকে যথার্থ মনোজগতের গ্রেক্সনীয় হতে পারেন। শিক্ষকের পরম ম্লাবান সদ্গ্রেণাবলীর একটি হল মানবতাবোধ, শিশ্র প্রতি ভালোবাসা, যে ভালোবাসার মধ্যে থাকবে পিতামাতার স্পরিমিত কঠোরতা ও নির্ম্যাণের সঙ্গে আন্তরিক ক্লেহের সম্বর্ষ।

শৈশব হল মানবজীবনের অতি গ্রেত্বপূর্ণ পর্ব। তাকে ভবিষ্যাং জীবনের প্রস্কৃতিপর্ব না বলে খাঁটি, উজ্জ্বল, স্বকীয় বৈশিষ্টাপূর্ণ, অনবদা জীবন আখ্যা দেওয়া যায়। শৈশব কী ভাবে ফতিবাহিত হয়েছে, শিশ্কোলে কে শিশ্কে পরিচালনা করেছে, পারিপার্শিক জগৎ থেকে কী তার চেতনায় প্রবেশ করেছে এরই উপর চ্ডান্ত পর্যায়ে নির্ভাব করছে আজকের শিশ্বর ভবিষ্যাৎ। প্রাক্রিদ্যালয় পর্বে এবং বিদ্যালয়ে শিক্ষার প্রথম পর্বেই মান্ধের চরিত্র, ভাবনাচিন্তা ও প্রকাশের ক্ষমতা গড়ে উঠতে প্রাকে। বইপরা, পাঠাপান্তক আর পাঠানানালন থেকে শিশ্বর চেতনায় ও অন্তঃকরণে যা কিছা প্রবেশ করে, তা হয়ত করে একমাত্র এই কারণেই যে গ্রন্থের পাশাপাশি আছে পারিপার্শিক জগৎ, যেখানে শিশ্ব তার জন্মের সময় থেকে শ্রন্ব করে যখন নিজে বই খ্লতে ও পড়তে পারে সেই মাহত্রেপর্যন্ত কন্ট করে পা ফেলে চলে।

শৈশবে শ্রে হয় উপলন্ধির -- ব্লি ও হৃদয় দিয়ে উপলন্ধির — দীর্ঘকালীন প্রক্রিয়া। মাতৃভূমির প্রতি অপরিসীম ভালোবাসা, মাতৃভূমির স্কৃথ, মহিষা ও পরাক্রমের জন্য নিজের প্রাণ সমর্পণের প্রকৃষ্টি, দেশের শ্রুদের প্রতি আপসহীন মনোভাব, তথা কমিউনিস্ট নীতিবোধের ভিত্তিস্বর্প যে-সমস্ত নৈতিক ম্লা নিহিত আছে এ হল তারই উপলন্ধি।

৩৩ বছর ধরে আমি ছোট, মাঝারি ও বড় বয়সের ছেলেমেয়েদের এবং বয়স্কদের শব্দভাণ্ডার অনুসন্ধান করি। তাতে একটি বিস্মারকর চিত্র আমার সামনে উদ্ঘাটিত হল। সাধারণ যোথখামারী পরিবারের (মা-বাবা হলেন মাধারিক শিক্ষাসম্পন্ন মানুর, বাড়িতে গ্রন্থের সংখ্যা — ৩০০-৪০০) সাত বছর বয়সী শিশ্য বিদ্যালয়ে ভর্তি ইওয়ার মুহুতে মাড়ভাষায় তিন-সাড়ে তিন হাজার শব্দ ও সেগ্যলির অভান্তরীণ সুষমা ব্রহতে পারে আনুভব করতে পারে; তার মধ্যে দেড় হাজারের ওপর শব্দের সে সক্রিয় প্রয়োগ ঘটাতে পারে। মাধ্যমিক শিক্ষাসম্পন্ন শ্রমিক, ধৌথখামারী ৪০ ৫০

বছর বয়সে মাতৃভাষায় পাঁচ-সাড়ে পাঁচ হাজার শব্দ ও সেগ্রালর অভ্যন্তরীণ স্বমা ব্বতে পারে, অন্ভব করতে পারে; তার মধ্যে দ্ই থেকে আড়াই হাজারের বেশি শব্দের সফ্রিয় প্রয়োগ সে ঘটাতে পারে না। শৈশব পর্ব মান্বের জীবনে যে কত তাৎপর্যবহ এই ঘটনাই তার প্রত্যক্ষ প্রমাণ।

প্রাক্বিদ্যালয় পরে ও বিদ্যালয়ে শিক্ষার প্রথম পরেই যে মান্বেরর ভবিষাং অনেক পরিমাণে নির্ধারিত হয় এই দ্য়ে বিশ্বাসের অর্থ মোটেই এমন নয় যে অপেক্ষাকৃত পরিণত বয়সে প্রাশক্ষণ অসম্ভব। প্রাশিক্ষণের শক্তি যে কত বড়, সোভিয়েত শিক্ষাবিদ মাকারেতেকার অভিজ্ঞতা তার জাজবল্যমান প্রমাণ। তবে তিনি ঠিক অলপ বয়সের ওপরই বেশি তাৎপর্য আরোপ করেন। শিক্ষার সঠিক পন্থার অর্থ অতি অলপ বয়সের ভূলার্টি সংশোধন করা নয়, তার অর্থ নিহিত আছে ঐ ভূলার্টি নিবারণের মধ্যে, প্রাশিক্ষণের অবশ্য প্রয়োজনীয়তা বিলোপের মধ্যে।

প্রধান শিক্ষক হিশেবে কাজ করার সময় আমি দ্বংথের সঙ্গে লক্ষ্য করেছি যে কথন কথন শিক্ষ্যদের স্বাভাবিক জাঁবনকে বিকৃত করা হয়, যথন শিক্ষকের শিক্ষাদানের একমাত্র উদ্দেশ্য হয় শিশ্বদের মন্তিতেক যতদ্রে সভব বেশি জ্ঞান ঠেসে দেওয়া। আমরা এমন এক কালে বাস করাছ যথন জ্ঞান বিজ্ঞান আয়ন্ত না করে শ্রমনিয়েগ, মানবিক সম্পর্কের প্রাথমিক চর্চা, নাগরিক কর্তব্য পালন — কোনটাই সম্ভব নয়। শিক্ষা একমাত্র ত্রপ্রদায়ক ও উপভোগা, হালকা ও প্রাতিকর খেলা ইতে পারে না। ভবিষাং নাগরিকের জাঁবনের পথও কুস্মান্তীর্ণ হবে না। আমাদের কাজ হবে এমন মানুষ গড়ে তোলা যাবা হবে উচ্চ

শিক্ষিত, কর্মাঠ, অধ্যবসায়ী, যারা আমাদের পিত্রপিতামহ ও পূর্ব প্রেষদের তুলনায় কম বাধাবিপত্তি অতিক্রমে প্রস্তুত নয়। ৭০-৯০ দশকের তরুণের জ্ঞানের মান্তা পূর্ববর্তী দশকগুর্নলর यून मन्ध्रपारवर छात्नत जुलनाव जत्नक र्ताम शरा छात्नत যত বিস্তৃত ক্ষেত্র আয়ত্তে আনার প্রয়োজন দেখা দেবে, ততই বেশি করে দ্রুত বিকাশ ও উন্নতির পরে', ব্যক্তিত্ব অর্জনের পর্বে — শৈশবে মানবদেহের যে প্রকৃতি তার কথা গণ্য করতে হবে। মান্য প্রকৃতির সন্তান ছিল এবং চিরকাল থাকবেও। তাই যা কিছু প্রকৃতির সঙ্গে তার আত্মীয়তা রচনা করে সে সবই মানসসংস্কৃতির সম্পদের সঙ্গে তার সাযুক্তাসাধনের জন্য কাজে লাগানো আবশ্যক। শিশার পারিপার্শ্বিক জগৎ — অশেষ ঐশ্বর্যপূর্ণ ঘটনার অফুরান সোন্দর্যের প্রকৃতিজগণ। এখানে, প্রকৃতির অভ্যন্তরে আছে শিশার ব্যক্ষিচর্চার অনন্ত উৎস। কিন্তু মান্বের সামাজিক সম্পর্কের সঙ্গে, শ্রমের সঙ্গে প্রকৃতির যে-সমস্ত উপাদান সংশ্লিষ্ট থাকে তাদের ভূমিকাও বছরের পর বছর বাদ্ধি পেয়ে চলেছে।

পারিপাশ্বিক বাস্তবতা উপলব্ধির প্রক্রিয়া — ভাবনার এমনই এক অবেগপ্রবন প্রেরণা, যার কোন পরিবর্ত নেই। প্রাক্রিদ্যালয় পর্বের ও বিদ্যালয়ের প্রাথমিক শ্রেণীর শিশ্বদের কাছে এই প্রেরণার ভূমিকা অতান্ত গ্রের্ডপূর্ণ। যে সত্যে পারিপাশ্বিক জগতের বন্ধু ও ঘটনা সাধারণীকৃত হয় তা যথন উজ্জ্বল ভারর্পে অন্প্রাণিত হয়ে অন্ভূতির উপর প্রভাব বিস্তার করে তখন হয় শিশ্বদের দ্ঘিউভিন্নি। প্রথম বৈজ্ঞানিক সত্য শিশ্ব থাতে পারিপাশ্বিক জগতের মধ্যে জানতে পারে, যাতে প্রাকৃতিক ঘটনার সৌন্দর্য ও অফুরন্ত জটিলতা ভাবনার উৎস হয়, যাতে শিশ্বকে ধীরে ধীরে সামাজিক সম্পর্কের

জগতে, শ্রমের জগতে নিয়ে আসা যায় - এটা বড়ই। গ্রেছপূর্ণ।

পাত্লিশের বিদ্যালয়ে কাজ নেওয়ার একেবারে শ্রুতেই কনিন্ট শিক্ষাথারা, বিশেষত প্রথম প্রেণীতে শিক্ষারত ছেলেমেয়ের আমার মনোযোগ আকর্ষণ করে। আমি লক্ষ্য করি কী দার্ণ উত্তেজনা নিয়ে ছেলেমেয়ের তাদের শিক্ষাগ্রহণের প্রথম দিনগর্লতে বিদ্যায়তনে প্রবেশ করে, কত আস্থা নিয়ে না তারা শিক্ষকের চোথের দিকে তাকায়! কিন্তু প্রায়ই এমন কেন হয় যে কয়েক মাসের মধ্যে, এমন কি কথনও কথনও কয়েক সপ্তাহের মধ্যেই তাদের চোথের সেই দীপ্তি আর থাকে না, কেন কোন কোন শিশ্রের কাছে বিদ্যাশিক্ষা পাঁড়াদায়ক হয়ে দাঁড়ায়? অথচ সব শিক্ষকই ত আন্তরিকভাবে শিশ্রস্কুলভ সরলতা বজায় রাথতে চান, বজায় রাখতে চান জগণকে উপলান্ধি আবিশ্বারের আনন্দ্র, চান যেন শিক্ষা শিশ্রদের জন্য প্রেরণাদায়ক আকর্ষণায়ির প্রমানকর আনক্ষ্য হয়ে দেখা দেয়।

সম্ভব হয় না সর্বোপরি এই কারণে যে বিদ্যালয়ে ভার্ত হওয়ার আগে কোন শিশ্র মনোজগৎ কেমন ছিল সে সম্পর্কে শিক্ষকের তেমন ধারণা নেই, অঘচ ম্কুলের চার দেয়ালের মধ্যে সামাবন্ধ, যড়িযুগ্টায় বাঁধা জীবন শিশ্রদের সকলকে যেন একই স্তরে এনে ফেলে, তাদের একই মাপকাঠিতে বিচার করে, আর তার ফলে তাদের ব্যক্তিজগতের ঐশ্বর্যের উদ্বোধন ঘটে না। প্রথম প্রেণীতে যাঁরা শিক্ষা দেন আমি অবশ্য তাঁদের পরামর্শ দিতাম, নির্দেশ দিতাম কী ভাবে আগ্রহ বিকাশ করতে হয়, শিশ্রদের মানসজীবনের বৈচিগ্রাসাধন করতে হয়, কিন্তু পরামর্শই সব নয়। শিক্ষাসংক্রান্ত গ্রন্তুপ্র্ণ ধারণার মর্মাবন্তু নিহিত আছে শিক্ষক ও শিশ্রদের পারস্পরিক সম্পর্কের মধ্যে,

আর তা তখনই শ্বচ্ছ হয়ে ওঠে যখন শিক্ষকদের চোথের সামনে নির্মাণরত বিদ্যালয়ভবনের মতো উঠতে থাকে। এই কারণেই আমি ক্লাসের একটি বিভাগ নিয়ে দশ বছরের জন্য শিক্ষকতায় প্রবৃত্ত হলাম।

ক্লাসের জীবন গোটা সকুলের জীবনধারা থেকে বিচ্ছিন্ন নয়।
অনেক ক্ষেত্রে সমগ্র বিদ্যালয়ের কথা মনে রেখে আমি শিক্ষকতার
রূপ ও পদ্ধতি প্রয়োগ করি। তবে তা আমি করি একমার এই
উদ্দেশ্যে যাতে ক্লাসের সকলকে আরও উল্জাল ভাবে চোখে
পড়ে, কেননা ক্লাসে শিক্ষকতার মর্মবিস্কৃই সমগ্র বিদ্যালয়ের
শিক্ষাপরিচলেনার অতি গ্রেম্পর্ণ শতস্বর্প।

# প্রথম বছর — শিশ্মনের সদানে

১৯৫১ সনের শর্ংকালে, ক্লাস শ্রুর্ হওয়ার তিন সপ্তাহ আগে প্রথম শ্রেণীতে শিশ্বদের গ্রহণ করার সঙ্গে সঙ্গে ছয় বছরের ছেলেমেয়েদের নাম — অর্থাৎ যাদের পড়াশ্বা শ্রুর্ হবে আরও এক বছর বাদে — তাদের নামও স্কুলের খাতায় উঠল। এই ছেলেমেয়েদের নিয়েই আমাকে দশ বছর শিক্ষকতা করতে হবে।

ছেলেমেয়েদের সঙ্গে অভিভাবকদের সকলকে ডেকে যখন
আমি আনুষ্ঠানিক ভাবে শৈক্ষা শ্রুর্র এক বছর আগে
ছেলেমেয়েদের স্কুলে পাঠানোর প্রস্তাব তাঁদের দিলাম তখন
মতপার্থাক্য দেখা দিল: কেউ কেউ বললেন, সারা বছরের জন্য
কোন কিপ্ডারগার্টেন না থাকায় (তখনকার দিনে গ্রামে
কিপ্ডারগার্টেন কেবল গ্রাম্মকালে খোলা থাকত) বাচ্চারা স্কুলে
যেতে পারলে পরিবারের উপকারই হবে; অন্যদের আশংকা

হল এই যে যথাসময়ের আগে বিদ্যাশিক্ষা শিশ্দেবাস্থ্যের প্রতিকূল হবে। আমি ব্রিঝিয়ে বল্লাম যে ক্লাসের পড়াশ্না শ্রু হওয়ার আগে এক বছর ধরে স্কুলে যাতাযাতের অর্থ এই নয় যে তাদের ক্লাসরুমে বসে থাকতে হবে।

প্রতিটি শিশ্বকে ভালো করে জানার উদ্দেশ্যে তার গ্রহণক্ষমতা, ভারনাচিন্তা ও ব্লির খাটানোর ব্যক্তিগত বৈশিষ্ট্য গভীর ভাবে অনুসন্ধান করে দেখার উদ্দেশ্যে ক্লাসের শিক্ষার আগের এই বছরটি আমার পক্ষে অত্যাবশ্যক ছিল। জ্ঞান দান করার আগে ভাবতে, উপলব্বি করতে, পর্যবেক্ষণ করতে শেখানো দরকার। প্রতিটি শিক্ষার্থীর স্বাক্ষ্যের ব্যক্তিগত বিশেষত্বও ভালোমতো জানা চাই — এছাড়া দ্বাভাবিক ভাবে শিক্ষা দেওয়া সম্ভব নয়।

মানসিক শিক্ষা আর জ্ঞানাজনি মোটেই এক কথা নয়। অবশ্য জ্ঞানচর্চা ছাড়া মানসিক শিক্ষা অসম্ভব, যেমন স্থ্রিমি ছাড়া সব্জ পত্র অসম্ভব, তাহলেও সব্জ পত্রকে যেমন স্থ্রিমির সঙ্গে এক করে দেখা যায় না তেমনি মানসিক শিক্ষাকেও এক করে দেখা যায় না জ্ঞানাজনের সঙ্গে।

শিক্ষারতীর কাজ হল মননশীল পদার্থ নিয়ে। শৈশবের পর্বে তার পারিপাশ্বিক জগং জানা ও উপলব্ধির ক্ষমতা বহুল পরিমাণে নির্ভার করে শিশ্বেস্বাক্ষোর উপর এই নির্ভারতা অত্যন্ত স্ক্রো, তাকে ধরা কঠিন। শিশ্বেদের অভ্যন্তরীণ মনোজগং অন্সন্ধান, বিশেষত তার চিন্তাভাবনার প্রকৃতি অন্সন্ধান - শিক্ষকের অনাতম গ্রুছপূর্ণ কাজ।

### আমার শিক্ষাথীদের মা-বাবারা

শৈশদের ভালোমতো জানতে গেলে তাদের পরিবারকে মা বাবা, ভাই-বোন, দাদ, দিদিমাকেও ভালোমতো জানা চাই। আমাদের স্কুলের পাডায় ছিল ছয় বছর বয়সী ৩১টি শিশ্ব — ১৬ জন ছেলে. ১৫ জন মেয়ে। সব বাবা-মাই 'আনন্দ নিকেতনে' ছেলেমেয়েদের পাঠাতে রাজি হলেন। আমাদের প্রাক্রিদ্যালয় াবিভাগটি কিছুকাল বাদে মা-বাবাদের কাছে ঐ নামে পরিচিত হয়ে উঠল: ৩১ জনের মধ্যে ১১ জন ছেলেমেয়ে পিতৃহীন, দ্জন মাতৃপিতৃহীন . ভিতিয়া ও সাশ্য — এই দুটি ছেলেরই ভাগ্য ছিল শোকাবহ। ভিতিয়ার বাবা ছিলেন পিতৃভূমির মহাযুদ্ধের গেরিকা যোদ্ধা। ফাশিস্তরা তাঁর স্তাীর চোখের সামনে নৃশংস উৎপীড়ন চালিয়ে তাঁকে হত্যা করে। ভিতিয়ার মা এ শোক সহ্য করতে পারলেন না, তিনি বুদ্ধিবিবেচনা হারিয়ে ফেললেন। এই শোকাবহ ঘটনার ছয় মাস বাদে ছেলের জন্ম হয়। সন্তান ভূমিণ্ঠ হওয়ার পর মা প্রাণত্যাগ করেন। শিশুকে কণ্ট করে বাঁচানো সম্ভব হয়। সাশার বাবা ফ্রন্টে নিহত হন, মা নিহত হন ফাশিস্ত দখলদারদের হাত থেকে গ্রাম মাক্ত করার সময়।

'আনন্দ নিকেতন' খোলার করেক সপ্তার আগে আমি প্রতিটি পরিবারের পরিচয় নিলান। আমি উদ্বেগ বোধ করলাম এই দেখে যে কোন কোন পরিবারে বাপ-মা ও ছেলেমেরেদের মধ্যে, বাবা ও মা'র মধ্যে সোহাদেরি পরিবেশ নেই, নেই পারস্পরিক প্রদাবোধ, যা ছাডা শিশুরে স্থোঁ জীবন অসম্ভব।

ষেমন কোলিয়া। ছেলেটার গায়ের রং তামাটে, নাক বঞ্জি-বসানো, চোখ দুটো কালো ওর চাউনিতে সদা সতর্ক ভাব।

এ মি ওর দিকে তাকিয়ে হাসি, ও তাতে আরও ভুরু কোঁচকায়। এই মুহূর্তগালিতে না ভেবে পারা যায় না পরিবারের ৯ম্বাভাবিক পরিবেশের কথা। কোলিয়ার বাবা যুদ্ধের আগে জেলে ছিল, পরিবার তথন বাস করত দন্বাসে। ফাশিস্ত অধিকারের সময় সে জেল থেকে খালাস পায়, পরিবার তথন আমাদের গ্রামে উঠে আসে। মা ও বাবা লোকের দুর্দ'শার সুযোগে মুনাফা লোটার তাল করে, তারা *সন্দেহজন*ক কার্যকলাপে লিপ্ত হয়: চোরাকারবার করে, ফাশিস্ত কম চারীদের — পর্যলশের লোকজনের লাটের মাল এখানে-ওখানে ল্যুকিয়ে রাখে। যুদ্ধ-পরবর্তী দুঃসময় মা যৌথখামারের পোল্টি থেকে মূরগী চুরি করত, কোলিয়ার দাদরে মতো কোলিয়াকেও কক শিকার করতে শেখায়। বাচ্চারা পাখি শিকার করত, মা সেগালিকে ভেজে মারগাঁর মাংস বলে বাজারে বিচি করত। ...ছেলেটার দিকে আমি তাকাই, আমার ইচ্ছে হয় ও হাস,ক. কিন্ত তার চোথে দেখতে পাই কুণ্ঠা আর ভয় ভয় ভাব। কী করে কোলিয়ার মনের ভেতরে জাগিয়ে তোলা যায় শ্বভ, মার্নাবক বোধ, মানুষের প্রতি অবজ্ঞা আর হিংসার এই যে বিকৃত পরিবেশে সে বড হয়ে উঠেছে, তাকে কী ভাবে রোখা বার? মা'র কেমন যেন অন্যমনস্ক, উদাসীন চোখ যথন আমার দুন্টিতে পড়ে, তথন আমি ভালো বোধ করি না।

না, আমাদের আশেপাশে আজও যে মন্দব্দি ও শঠতা বিরাজ করছে তা থেকে চোখ ফিরিয়ে বনে থাকা ঠিক নয়। এই মন্দব্দির বিরাদ্ধে সংগ্রাম করতে হলে, তার বিরাদ্ধে জয়লাভ করতে হলে, পা্রনো দা্নিয়ার উত্তর্রাধিকারসায়ে প্রাপ্ত মালিনা থেকে শিশা্মনকে মা্কু করতে হলে সত্যের চোখে চোখে তাকানোর সাহস থাকা চাই। আরেকটি ছেলে তোলিয়া। রোগা। চুলগ্লো তার সাদা, চোখজাড়া বসন্তের আকাশের মতো নীল। তোলিয়া মা'ব পাশে তাঁর হাত ধরে দাঁড়িয়ে আছে, দ্ভিট কেমন যেন মাটির দিকে, কেবল কদাচিৎ চোখ তুলছে। ছেলেটির বাবা কার্পাথিয়াতে বীরের মৃত্যু বরণ করেন। তার স্বীকৃতিস্বর্প কয়েকটি অর্ডারও মা'র কাছে পাঠিয়ে দেওয়া হয়। বাবার জন্য তোলিয়া গর্ব বোধ করে, কিন্তু গাঁয়ে মায়ের বড় বদনাম: প্রভট জীবন কাটায়, বাচ্চাটাকে একেবারেই দেখাশোনা করে না। ...এত বড় দ্বংথের আঘাতে ছয় বছরের বালকের হৃদয় যাতে বিকৃত না হয়ে যায় তায় জন্য কট করা যেতে পারে? কট এমন ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে যাতে মা তার সংবিৎ ফিরে পায়, তায় মনে জেগে ওঠে প্রেরে চিন্তা?

যুদ্ধ আমাদের জীবনকে গভীর ভাবে ক্ষতবিক্ষত করে গেছে, তার যা এখনও শ্বেকায় নি। আমার সামনে যে সব ছেলেমেয়ে, তাদের জন্ম ১৯৪৫ সনে, কারও কারও জন্ম ১৯৪৪ সনে। তাদের মধ্যে বেশ কয়েকজন মাতৃগর্ভে থাকতেই থাকতেই পিতৃহীন। যেমন ইউরা। ওর বাবা যুদ্ধ শেষ হওয়ার আগের দিন চেকোলেলাভাকিয়ার মাটিতে প্রাণ হারান। মা ছেলে বলতে অজ্ঞান, শিশ্বের প্রায় কোন আবদারই প্রেণ করতে বাকি রাখেন না। পরিবারে দাদ্ব আছেন। ইউরার জীবন যাতে নিশ্চিত্ত হয় তার জন্য তিনিও সমন্ত কিছ্ব করতে প্রকৃত। এই পরিবারটি সম্পর্কে আমি যত্যুকু জানতে পারলাম তা থেকে স্পণ্টই যোঝা গেল যে ছয় বছরের বাচ্চা একটা ছোটখাটো অভ্যাচারী হয়ে দাঁভাতে পারে। অন্ধ মাতৃম্বেহও ওদাসীন্যের মতোই বিপ্রজনক।

পেত্রিককে নিয়ে এলেন তার মা ও দাদ,। ছেলেটির মা'র

কঠিন জীবন সম্পর্কে অনেক কথা আমি শুনেছি। তাঁর প্রথম শ্বামী যুদ্ধেরও আগে পরিবার ত্যাগ করে চলে যান। মহিলা দি গীররার বিবাহবন্ধনে আবদ্ধ হলেন, কিন্তু এ বিয়েও স্থের ধলা দেখা গেল সাইবেরিয়ার কোথায় যেন পোরকের বাবার পরিবার আছে; যুদ্ধের পর তিনি চলে যান। মহিলার আজমর্যাদাবোধ ছিল, তাই তিনি ছেলেকে এই বলে বুঝ দেন যে তার বাবা ফুন্টে মারা গেছেন। ছেলে অন্য বাচ্চাদের কাছে তার বাবের কলিপত কীতিকিলাপের কাহিনী বলে। সমবয়সাঁরা ওকে বিশ্বাস করে না, বলে যে ওর বাবা — প্রতারক। পেরিক কাঁদতে কাঁদতে, জলভরা চোখে মার কাছে যায়। দেখাই যাছে, গল লোকজন শিশ্বর মনে লোকজনের প্রতি অবিশ্বাস আর নৃশংসতার বীজ বপন করছে। শিশ্ব যাতে শ্ভেকমে আছাবান হয়ে ওঠে তার জন্য কী করা দরকার?

কোন্তিয়ার বয়স সাত হয়ে গেল, অথচ ও এখনও প্রথম শ্রেণীতে ভার্ত হয় নি। ছেলেটিকে স্কুলে নিয়ে এলেন ওর বাবা, সংমা আর দাদ্র । য়ৢয়ের মারায়ক হল্কা এই শিশ্রকেও ফলসে দিয়ে গেছে। ফাশিন্ত দখলদারদের হাত থেকে গ্রাম মুক্ত হওয়ার করেক সপ্তাহ বাদে কোন্তিয়ার মা (ভিনি তখন আসমপ্রসবা) কোথায় যেন ধাতুর গোটা কয়েক জিনিস পেয়ে তাঁর প্রথম সন্তানকে — সাত বছরের ছেলেকে থেলতে দেন। ঐ সব জিনিসের মধ্যে মাইনের ফিউজও ছিল। বিস্ফোরণ ঘটল, শিশ্র প্রথম হারাল। মা ফাঁসি দিয়ে আত্মহত্যা করতে গিয়েছিলেন। লোকজন সময়মতো তাঁকে ফাঁস থেকে নামিয়ে আনে। মাতুয়বল্রণায় কাতর হয়ে মহিলা কোন্তিয়াকে জন্ম দিলেন। বালক আশ্বর্য ভাবে বেলে গেল: পড়শী মহিলা এই সময় শুন্য দিয়ে ওকে বাঁচায়। বাবা ফ্রণ্ট থেকে ফিরে

এলেন। প্রের প্রতি তাঁর অগাধ দ্লেহ, তিনি তাকে আদরযত্ন করেন। সংমা — চমংকার মান্য। তিনি এবং ছেলেটির
দাদ্ও তাকে ভালোবাসেন। কিন্তু কোন্তিয়ার বয়স পাঁচ পূর্ণ
হতে না হতে নতুন এক দ্র্যটনা ঘটে গেল বালক সর্বজি
বাগানে চকচকে ধাতুর একটা জিনিস পেয়ে লোহা দিয়ে তার
ওপর ঘা মারতে থাকে — তারপয়ই বিস্ফোরণ ঘটল: রক্তাক্ত
অবস্থায় শিশ্বকে হাসপাতালে নিয়ে যাওয়া হল। কোন্তিয়া
সারা জীবনের জন্য পঙ্গরু হয়ে য়ইল: তার বাঁ হাত আর বাঁ
চোখ খোয়া গেল: মুখয়য় চিরকালের জন্য বসে রইল বার্দের
নীল কণা।

কোন্তিয়া যাতে সুখী মানুষ হয়ে উঠতে পারে তার জন্য হাদরের কতটা দরদ ও স্নেহই না আমাদের উচিত ওকে দেওয়া! ওর বাবা, ভালোমান,য সংম্য আর দাদ,র ভালোবাসা যাতে যুক্তিযুক্ত ও সাসঙ্গত হয় সে কথা ওঁদের ব্রক্তিয়ে বলি কী ভাবে? কী ভাবে ও পড়াশ্যনা করবে? ওর আত্মীয়স্বজনরা বলে ওর নাকি প্রায়ই মাথা ব্যথা করে। কী ভাবে ওর শিক্ষাকে সহজসাধ্য করা যায়, স্বাস্থ্য ভালো করা যায়, ওর নিস্তেজ মনকে প্রফুল্ল করে তোলাে যায়? বাবা বলেন, ও নাকি প্রায়ই একা একা কাঁদে, সমবয়সীদের খেলাধ্লা ওকে আকর্ষণ করে ন।। মায়ের পাশে স্লাভাকে দেখছি। চোখজোড়া ছাইরঙা, মুখ তার বিষয়। ওর মারে জীবনটা কঠিন, নিঃসঙ্গ নারীর জীবন। তার বয়স এখন প্রায় পঞ্চাশ। অন্সবয়সে দেখতে তিনি স্থাী ছিলেন না। ভব,ণীর স,খের স্বপ্ন ছিল, কিন্তু কেউই তাঁর স্বামী হতে চায় না। যৌবন চলে যায়, অথচ ব্যক্তিগত সূথেব দেখা নেই। এই সময় যুদ্ধ ফেরত একজনের সঙ্গে তাঁর আলাপ, তাঁরই মতো নিঃসঙ্গ, সর্বাঙ্গ আঘাতে ক্ষতবিক্ষত। লোকটি

তাঁকে ভালোবাসে, ওঁদের বিয়ে হল। এ সুখ বেশিদিন স্থায়ী হল না: অচিরেই স্বামীর মৃত্যু হল। স্বামীর প্রতি তাঁর সমস্ত ভালোবাসা এসে পড়ল ছেলেটার ওপর, কিন্তু শিক্ষাদানে বাটি ছিল। স্লাভা লোকজন পছন্দ করে না, সারাদিন বাড়িতে বসে থাকে, ওকে কিছু জিজেস করলেই সঙ্গে সঙ্গে দ্'টোথে জনলে ওঠে বিশ্বেষের আগন্ন। এই মুহুতে আমি যখন বালকের চোথের দিকে তাকাছি, সঙ্গে সঙ্গে চোথজোড়া কুচকে উঠল, চোথে দেখা দিল সতর্ক ভাব।

আমার ভাবী শিক্ষাথাঁদের আমি যত কাছ থেকে দেখি ততই বেশি করে আমার মনে এই নিশ্চিত ধারণা হর যে আমার অন্যতম গ্রুত্পূর্ণ কর্তব্য হল পরিবারে যারা শৈশব থেকে বঞ্চিত, তাদের শৈশব ফিরিয়ে আনা।

পকুলে কাজ করতে গিয়ে তিন বছরে আমি এ রকম ডজন করেক ছেলেমেরের সাক্ষাং পাই। জীবনের অভিজ্ঞতার নিশ্চিত ভাবে জেনেছি যে কল্যাণ ও ন্যায়ের প্রতি ছোট শিশ্রে বিশ্বাস যদি ফিরিয়ে আনা না যার, তাহলে সে কখনই নিজেকে মান্বর্পে গণ্য করতে পারে না, তার আত্মমর্যাদাবোধ জন্মতে পারে না। উঠতি বয়সে এ রকম শিক্ষার্থী হয়ে দাঁড়ার নির্দয়, তার কাছে জীবনে পবিত্র ও উদাত্ত বলে কিছ্ই থাকে না, শিক্ষকের বাণী তার মনের গভীরে দাগ কাটে না।

এ ধরনের মান্বের মন শোধরানো — শিক্ষাদাতার দ্রুত্তম কর্তব্যগর্নের একটি। বন্ধুত, এই স্ক্রেতম, অত্যন্ত শুমসাধা কাজের মধ্য দিয়েই পরীক্ষিত হয়ে থাকে মানবচরিত্রজ্ঞান। মানবচরিত্রজ্ঞানী হওয়ার অর্থ কেবল এই নয় যে শিশ্য কী করে ভালো ও মন্দ উপলব্ধি করছে তা দেখা, অন্তব করা, তার অর্থ কোমল শিশ্হেদয়কে মন্দের হাত থেকে রক্ষা করাও বটে।

শিশ্বদের কালো, নীল, আসমানী রঙের চোখের দিকে তাকিয়ে তাকিয়ে আমি ভাবি ওদের হৃদয়কে উষ্ণ করে তোলার মতো শ্বভব্দির ও আন্তরিকতা আমার আছে কি? আমার মনে পড়ল চুশ্শুকায়ার উজি: শিশুরে কাছে ভাব ও ব্যক্তিত্ব অবিচ্ছেদ্য। যে লোক তাদের অপরিচিত, যাকে তারা অবজ্ঞাকরে, তার ম্থের কথার থেকে সম্পূর্ণ অন্য ভাবে তারা গ্রহণ করে প্রিয় শিক্ষকের মুখের কথাকে।' আমি শিক্ষা দেব কথার আর ব্যক্তিগত দৃশ্টান্তের সাহায্যে। আমার মুখের কথা, আমার আচার-আচরণ এমন হতে হবে যাতে শিশ্বা তার মধ্যে কল্যাণের, সভ্যের, স্বুন্দরের সদ্ধান পার। আমার প্রতিটি উক্তির মধ্যে থাকতে হবে আন্তরিকতা, সহ্দয়তা, হৃদয়াবেগ।

গালিয়াকে নিয়ে এলেন তার বাবা। তাকে আর তার ছোট বোনকে বড় রকমের দ্বর্ভাগা ভোগা করতে হয়েছে: ওদের মা মারা গেছেন। মার মৃত্যুর এক বছর বাদে পরিবারে অপরিচিতা নারীর আগমন ঘটল। মহিলাটি উদার, সং, সংবেদনদীল। তিনি ব্রুতে পারলেন শিশ্বভাগের কী ঘটছে, নিজের অন্তর্ভাত প্রকাশের ব্যাপারে তিনি সতর্কতার আশ্রর নিলেন, তাঁর আশা ছিল মেয়ে দ্বটিকে তিনি বশে আনতে পারবেন। কিন্তু সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস কেটে যায়, গালিয়া আর তার ছোট বোন ভালিয়া কিন্তু সংমার সঙ্গে বাক্যালাপ পর্যন্ত করতে চায় না। ওরা যেন তাঁকে লক্ষাই করে না। মহিলা চোখের জল ফেলেন, তাঁর কী করা উচিত এই বিষয়ে প্রামীর ও আত্মীয়্বলজনের পরামর্শ চান। তিনি মনে মনে এও ঠিক করেছিলেন যে পরিবার পরিত্যুগা করবেন, কিন্তু

এরপর তাঁর প্রেরে জন্ম হল। ভাবলেন যে শিশ্ব আরিভাবে মেরেদের মন নরম হবে, কিন্তু সে আশা সত্য প্রতিপন্ন হল না। মেরে দর্টি (বিশেষত গালিয়া) ছোট ভাইটিকে আমলই দিতে চায় না। এই দর্পিত হুদয়কে কী ভাবে নাড়া দেওয়া যায়? বাবা আর সংমাকে কী বলা যায়, তাঁদের কী পরামশ দেওয়া যায়? বাবা ত ইতিমধ্যেই স্কুলে এসে তাঁর মনোবেদনা প্রকাশ করে গেছেন। আমি বললাম যে গালিয়াকে আগে ভালোমতো জেনে নিই, একয়াচ ভখনই কোন পরামশ দিতে পারব।

লারিসা বসে আছে তার মারের পাশে। গোলগাল মেরেটি. চোখজোড়া ছাইরঙা, মূথে তার হাসি। হাতে চন্দ্রমল্লিকা ফুল। আমি জানি যে মা'র বুকে ভারি পাধরের মতো চেপে বসে আছে বেদনা। স্বামী তাঁকে ছেড়ে চলে গেছেন। বাবাকে মেয়েটির মনে নেই। এদিকে মা মেয়েকে বলেন যে বাবা আসবেন। অবশেষে মহিলা বিয়ে করলেন একজন ভালো লোককে — তিনি গাড়ি ও ট্রাক্টর ডিপোর প্রমিক। মহিলা তাঁর মেয়েকে এই বলে ব্যঝ দিলেন যে ইনিই ওর বাবা। লারিসা বাপকে ভালোবাসে, কিন্তু মা মনে মনে কণ্ট পান — হঠাৎ যদি অসাবধানে কোন লোকের মূখ ফসকে এমন কথা বেরিয়ে পড়ে যাতে তাঁর প্রতারণা ফাঁস হয়ে যায়? মেয়েটি সূখী, তবে মন্দ কথায় রুড় স্পর্শ যাতে তার মনে না লাগে সেদিকে অত্যন্ত সতর্ক দুটি রাখতে হবে। মা-বাবা লোক ভালো। তাঁদের সঙ্গে মিলে আমরা এ কাজ করতে পারব নিক? আপন বাপ নয়। ... কিন্তু সব ছেলেমেয়েরই জন্মদাতা বাপ যদি লারিসার এই বাপেরে মতো হত! এই মান্ত্রটি সম্পর্কে আমি যত বেশি জানতে পারলাম ততই আমার দৃঢ়তর প্রত্যয় হতে লাগল যে সত্যিকারের পিতৃত্বের দাবি করতে পারেন তিনিই যিনি সন্তানকে মানুষ করে তুলেছেন। আমি প্রায়ই ওদের বাড়ি যেতাম, অবাক হয়ে যেতাম একটা কোত্হলজনক ব্যাপার দেখে: মেয়েটির চোখে সেই একই উদারতা, কোমলতা, সংবেদনশীলতা যেমন দেখা যায় তার সং বাপের চোখে। যেমন সং-বাপের চোখ থেকে তেমনি শিশরে চোখ থেকেও বিচ্ছরিত হচ্ছে সৌশ্দর্যদেশনৈর প্রেক, বিশ্বয়। এমন কি চালচলন, হাবভাব, বিশ্বয়, সতর্কতা ও কঠোরতা প্রকাশের ভঙ্গি — এ সবই লারিসা পেরছে তাঁর কাছ থেকে।

ফেদিয়া। ...ভারও বাবা নেই, বিন্তু ছেলেটিকে ইতিমধ্যেই বৈশ করেকবার শ্নাতে হয়েছে হ্লা-ফোটানো অপমানজনক কথা — লোকে আকারে-ইঙ্গিতে তাকে বোঝাতে ছাড়ে নি যে তার মায়ের শ্বভাবচারির মোটেই স্বাবিধের নয়। শিশ্বেন বিদ্রান্ত হয়ে পড়েছে: তা কী করে হয়? — মা যে বললেন বাবা ফ্রাণ্টে মারা গেছেন। আমি যুদ্ধের আগে থেকে ফেদিয়ার মাকে জানি। যুদ্ধের সময় তার জীবনে দুর্ভাগ্য ঘনিয়ে আসে। যক্রগাদায়ক প্রশন শিশ্বে মনকে যাতে প্রীভিত না করে তার জন্য মানবমনের পায়শ্রমিক সম্পর্কের জাটিল জগতের সঙ্গে তাকে কী ভাবে পরিচিত করা যয়ে?

আমরা, শিক্ষারতীরা অনেক সময় ভূলে যাই যে ছোট ছেলেমেরেদের কাছে জগং সন্পর্কে উপলব্ধির শ্রুর হয় মান্য সন্পর্কে উপলব্ধি থেকে। বাবা মায়ের সঙ্গে কোন স্বরে কথা বলে, তার দ্ভি চালচলন কাঁ ধরনের অন্ভূতি ব্যক্ত করে তারই মধ্য দিয়ে শিশ্ব সামনে উন্মুক্ত হয় ভালো-মন্দের উপলব্ধি। আমি একটি মেয়েকে জানি যে বাগানের এক নির্জন কোণে গিয়ে কাঁদতে থাকে যখন দেখে বাবা কাজ থেকে বাসায় ফেরেন মুখ গোমড়া করে, কারও সঙ্গে কোন কথাবার্তা বলেন না, এদিকে মা যে-কোন কথা নিয়ে তাঁকে খুশী করার চেন্টা করছেন। বাপের ওপর রাগে আর মায়ের প্রতি সহান্ত্রতিতে শিশ্র ব্ক যেন ফেটে যাচ্ছিল। কিন্তু মানবসম্পর্কের যে-সমস্ত উপলব্ধি শিশ্র ঘটে, এ হল তার প্রথম ভাসা-ভাসা র্পরেথামার। কিন্তু মা-বাবার ঝগড়াঝাঁটির মাঝাখানে অসতর্ক ভাবে দ্রুলনের কারও মুখ ফসকে বখন এমন কথা বেরিয়ে পড়ে বা থেকে শিশ্র জানতে পারে যে তারা একে অন্যকে ভালোবাসে না, অথচ সন্তানের বন্ধন থাকার তারা একসঙ্গে বসবাস করছে — তথন শিশ্রেদ্যে কত বড় আঘাতই না লাগতে পারে!

যমজ দুই বোন নিনা ও সাশা। স্কুলে ওদের নিয়ে একেন বাবা। বহু সন্তানের এই পরিবার নিনা ও সাশা ছাড়া আরও চারটি সন্তান — দুর্ভাগপেপীড়িত। আজ করেক বছর হল গুরুতর পাঁড়ায় মা শহ্যাশায়ী। বড় বোনেরা ঘরসংসার চালায় — বাবা অসুবিধার মধ্যে আছেন। নিনা ও সাশা জানে শ্রম কাকে বলে। ওদের পরিবারে আনন্দ বড়ই কম। মেয়ে দুটো যখন একটা ছেলের কাছে রবারের বল দেখল তখন ওদের চোখ আনন্দে চকচক করে উঠল, কিন্তু সে দাঁত্তি সঙ্গে সঙ্গে নিভে গেল। আমি ওদের চোখে এমন গভার বিবাদ লক্ষ্য করলাম যে আমার গলা বুজে গেল। কী ভাবে এই শিশ্বদের দেওয়া যেতে পারে শৈশবের উজ্জবল, নিশ্চিত্ত আনন্দ? আমার পক্ষে কি ত্য করা সম্ভব হবে? বাবা ত আমাকে বলেই গেলেন যে মেয়েরা এক ঘণ্টার বেশি স্কুলে থাকতে পারবে না, তারা ওঁকে বাভিত্তে সাহা্য্যে করে।

আমরা ঘাসে ঢাকা জমির ওপর ডালপালা ছড়ানো একটা উচু নাশপাতি গাছের ছায়ায় বসে আছি। আমি শিশ্বদের

শিক্ষাদীক্ষা সম্পর্কে আমার ধ্যানধারণা মা-বাধাদের বলি ছেলেমেয়েদের উপশ্হিতিতে या या वला সম্ভব সে সবই বলি, কিন্তু প্রতিটি পরিবারের দুর্ভাগ্য ও দুর্শিচন্তা কিছুতেই মাথা থেকে যায় না। প্রত্যেকেরই আছে নিজ্ঞস্ব দুঃখক্ট আর সে দঃখকষ্ট জগতের সকলের সামনে প্রকাশ করা, অন্য লোকজনের উপস্থিতিতে সে ব্যাপারে পরামর্শ দেওয়া -- এ যেন অন্যের মনের ভেতরটা বাইরের দিকে উল্টে দেওয়া, যা ছিল নিতান্তই ব্যক্তিগত তাকে সকলের সমক্ষে তলে ধরা। না. এ সব আমাকে কেবল জেনে রাখতে হবে, কিন্ত মা-বাবাদের কাছে এ সম্পর্কে বলা চলবে না। মা-বাবাদের মনের নিভততম কোণ স্পর্শ করার যদি প্রয়োজনও হয় তাহলে তা করতে হবে হাজার বার ভেবেচিন্ডে, প্রতিটি শব্দ ওজন করে দেখে কেবল ব্যক্তিগত আলোচনার মধ্য দিয়ে। যে সব বাবা-মা'র কথা আমি বললাম (আমার অধিকংশ শিক্ষার্থীরই ববো-মারেরা — চমংকার লোক) তাঁদের প্রত্যেকেরই হৃদয়ের ক্ষত, দুঃখদুদর্শা, অপমানের জনালা, বেদনা, বন্দ্রণা, উৎকণ্ঠা — এমনই নিজস্ব ধরনের যে তা নিয়ে সাধারণ ভাবে কোন কথাবার্তা চলতে পারে না। আমার সামনে যখন উন্মুক্ত হল পাশাপাশি উপবিষ্ট মানা্ষগালির ভালো-মদেদ বিজ্ঞাড়ত জটিল রাপ, তখন আমি ব্রতে পারলাম এমন বাবা-মা নেই বাঁরা জেনেশুনে নিজের ছেলেমেয়েদের মন্দ দৃষ্টান্ত দেখান।

ভূলে গেলে চলবে না যে এ সবই হল যুদ্ধের ক্ষত। যুদ্ধপরবর্তী প্রথম পর্বে এখন অনেক দুরে সরে গেছে, যুদ্ধপরবর্তী প্রথম পরে আমরা যাদের লালনপালন করেছিলাম তাদের সন্তান-সন্তাতিয় বহুকাল হল স্কুলে পড়াশুনা করছে, অনেকে ইতিমধ্যে কৈশোরের মুখে। মনে হতে পারে আজকের

দিনে নবদম্পতিদের পরিবার ত আগাগোড়া সুখে ঝলমল করা উচিত। কিন্তু জীবনে মোটেই তেমন হয় না। এখনও দুঃখ আছে, আছে দুর্ভাগা, ট্রাজেডি। ...আর সে পর্বে যে কী পরিমাণ ছিল তা ত বলাই বাহুলা। আমার আনন্দ হল এই দেখে যে অধিকাংশ পরিবারেই মা-ধাব্রে মধ্যে সম্পর্ক ভালো ছিল, তাঁরা ছেলেমেয়েদের শিক্ষা দেন।

সাত বছরের শক্তসমর্থ ছেলে ভানিয়া। তার বাবা বড় পরিশ্রমী, কৃষিবিদ, তিনি বড় ভালোবাসেন জমিকে আর মান্বের জন্য কাজ করতে। প্রতি বছর নিজের বাড়ির সংলগ্ন জমিতে তিনি আপেলগাছ ও আঙ্রলতার ডজন ডজন চারা তৈরি করে লোকজনদের বিতরণ করেন। তাঁর ল্যী — রেশমশিলপী, স্বনিপ্রণ কর্মী, উদার, সহান্তৃতিশীল, সহ্বদর মান্ব, যত্নপরায়ণ জননী। ১৯৩৩-১৯৩৪ সনের কঠিন সময় তিনি চারটি অনাথ শিশ্বকে নিজেদের পরিবারে ভান দেন। অনাহারে মৃত্যু থেকে তাদের বাঁচান, নিজের ছেলেমেয়েদের মতন তাদের মান্ব করেন, তারাও ওঁকে মা বলে ভাকে।

লানিয়া নামে মেরেটির আশ্চর্য রকমের জমকাল কালো বিন্নি। ওর বাবা খাবই সং ও স্ত্যানিষ্ঠ। এমন সব মান্ষ আছে বাদের লোকে বলে থাকে স্কুলর স্বভাবের মান্ষ। এ ধরনের মান্ষদের অধিকাংশই কোন কীতি সম্পাদন করে না। তাদের হৃদয়ের সৌন্দর্য প্রকাশ পায় মান্ষের সঙ্গে পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে। লানিয়ার বাবা কোনকালেই তার মেরেকে বলেন নি মে সংবেদনশীল ও সহান্ত্রিভশীল হওয়া উচিত। সংবেদনশীলতা ও মন্মাম্ব তিনি তার সন্তানদের শেখান নিজের আচার-আচরণ দিয়ে, স্বীর প্রতি তার বাবহার দিয়ে। লান্সিয়ার মায়ের হৃদ্রেগে। তিনি

যোথখামারের বাটের আবাদে কাজ করেন। বাড়ির যাবতীয় কাজকর্ম দেখাশোনার ভার নিয়েছেন ল্যুসিয়ার বাবা

কাতিয়ার মা ও বাবা তাঁদের ফলের বাগানকৈ বাচাদের এক বিচিত্র ক্লাবে পরিণত করেছেন: এখানে তাঁদের চার ছেলেমেয়ের সঙ্গে বসত্তের গোড়া থেকে শরতের শেষ পর্যস্ত আশেপাশের বাড়ির ছেলেমেয়েরা বিশ্রাম করে, থেলাধ্লা করে, কলের জলে ধারাল্লান করে। কাতিয়ার বাবা আজিনাম ছোট ছোট ছেলেমেয়েদের জন্য থেলার ব্যবস্থা করে দিয়েছেন। ফলের বাগানের যাবতীয় ফল শিশ্রদের ভোগে লাগে।

সানিয়া মেয়েটির চোথ দুটি নীল, সবসময় ভাবময়। ওর বাবা-মা উদার সভাবের, অন্তরিক। শহর থেকে সারা গ্রীজের জন্য তিনটি মেয়ে এসে ওদের বাড়িতে অতিথি হয় — তারা হল সানিয়ার খুড়তুত বোন। সানিয়া অধীর আগ্রহে ওদের প্রতীক্ষায় থাকে। সানিয়ার বাবা বাচ্চাদের জন্য পর্কুরে একটা আলাদা স্নানের জায়গা করে দিয়েছেন। এখন তিনি ওদের আরও আনশ্দ দেওয়ায় উদেশণাে মাটেরবােট বানাতে লেগে গেছেন।

লিদা এসেছে ভালো পরিবার থেকে। তার বাবা ওয়াগননিম্পি-কারখানার শ্রমিক, তিনি সঙ্গীতশিল্পী ও গায়ক। তিনি
শিশ্দের গান শেখান, বেহালা বাজাতে শেখান, তাংক্ষণিক
কম্পার্টের আয়োজন করেন: বাগানে জনা বিশেক বাচা জড়
হয়; ছেলেমেয়েরা বাজনা শোনে, লোকসঙ্গীত শেখে।

পাভেলদের পরিবারে মিলমিশ আছে। চার বছরের ওপরে মা শধ্যাগত ছিলেন। মায়ের স্থান নেন বাবা। তিনি যে কেবল কারখানায় কাজ করতেন তা-ই নয়, ব্যাড়ির যাবতীয় কাজও করতেন। সেরিওজা ছেলেটির রং তামাটে, চোখজাড়া কালো। বাবা, মা আর দুর্টি সন্তান এই নিয়ে ওদের পরিবার। ওদের মহলের মধ্যে বেশ সন্তাব। ফাঁকা দিন পেলেই পরিবারস্ক্র সকলে বনে যায়। সেখানে, বনের মাঝখানে একটা ফাঁকা জারগায় তারা চারটি ছোট ছোট লিশ্ডেন গাছ লাগিয়েছে। বাড়িতে বাচ্চারা লাগিয়েছে মা, বাবা, দদে, ও দিদিমার জন্য — প্রত্যেকের জন্য একটি করে আপেল গাছ। আমি অনেক সময় ভাবতে ভাবতে তলময় হয়ে যাই: কেন এই পরিবারের শিশ্রুরা তাদের বাবা, মা, দাদ্র ও দিদিমাকে এত ভালোবাসে? হয়ত বা শিশ্রমনে যা কিছু ভালো এসে জমা হয় সে সবই শতগাণ শিক্তিশালী ও বিশ্রুজ ভালোবাসা হয়ে মা ও বাবার কাছে ফিরে আসে?

ল্যাবাকে শকুলে নিয়ে আসে মা-বাব্য, দিদিমা, বড় বোন আর ছোট ভাইটি। মেয়েটির পাঁচ ভাই-বোন, আর আছেন ওদের টাকুমা-দিদিমা ও দাদ্। এই পরিবারে বিনা বাক্যব্যয়ে গ্রাক্তনদের কথা মেনে নেওয়ার যে মনোভাব আছে তার ভিত্তি হল পারস্পরিক বিশ্বাস ও শ্রন্ধাবোধ। পরিবারে বড়য়া শিশ্বদের প্রতি যে কেমন শ্রন্ধাশীল হতে পারেন, তাদের অন্ত্র্ভির যে কত ম্ল্য দিতে পারেন সে সম্পর্কে অনেক কথা আমি শ্রনিছি।

সবচেয়ে অলপবয়সী ছেলে দাওেকা। ওদের পরিবারে স্কর লোকিক ঐতিহ্য প্রচলিত আছে। তিন ছেলেমেয়ে — বয়স তাদের ৬,৮ ও ৯ বছর - মা ও বাবা যখন কাজে, তখন তারা ঘরসংসার দেখাশোনা করে। ছোটরা দ্প্রের খাবার ও সক্ষায় খাবার বানায়, গোর্ দোয়ায়, সব্জি বাগানের শাকসব্জির যত্ন নেয়। গ্রীত্মকালে মা ও বাবা যখন কাজ থেকে ফেরেন তখন ৩াঁদের জন্য তৈরি থাকে স্নানের ব্যবস্থা, পরিষ্কার জামাকাপড়, গরম খাবার, টেবিলের ওপর থাকে.. মেঠো ফুলের তোড়া।

পরিবারে বিরাজ করছে প্রমের প্রতি শ্রন্ধা, বলা যেতে পারে, শ্রমচর্চার প্রতি শ্রন্ধা। আর এ ক্ষেরে কোন তাড়া নেই, কোন ব্যস্ততা নেই।

ভালিয়ার বাবা ক্রেমেন্চুগ্-এ মেশিন-নির্মাণ-কারখানায় কাজ করেন, মা কাজ করেন যৌথখামারে। এই সোহাদপিন্র্ল পরিবারে মা-বাবা এবং তিন ছেলেমেয়ে — সকলেই পড়াশ্ননা করে। জ্ঞানের প্রতি, বিদ্যালয়ের প্রতি, শিক্ষকদের প্রতি বে গ্রন্ধাবোধ গ্রে বিরাজ করছে তা আমাদের, শিক্ষকদের বড় আগ্রহ জ্ঞাগিয়ে তোলে, আনন্দ দেয়। ভালিয়া যখন 'আনন্দ নিকেতন' বিদ্যালয়ে ভর্তি হল তখন এই পরিবারের অপর্ব একটি বৈশিল্টের পরিচয় পাওয়া গেল: জানা গেল ভালিয়ার আপন দিদিয়া বলে আমরা যে ব্দ্ধাকে জানতাম তিনি আসলে 'অন্য পরিবারের' লোক, তাঁর আত্মীয়ন্বজন বলতে কেউ নেই, তাঁর দ্ই ছেলে ফ্রন্টে মারা যান, ভালিয়াদের পরিবারে তিনি আগ্রম পান, তিনি হয়ে দাঁড়ান শিশ্বদের আপন জন। তিনি মে 'অন্য পরিবারের' লোক ভালিয়া তা জানতই না।

ছোট্ট মেয়ে ল্বাদা চোখজোড়া তার ছাইরঙা। তার মা-বাবা কাজ করেন যৌথখামারে। মা-বাবা শিশ্বদের মনে সাধারণ কৃষিকাজের প্রতি গভীর গ্রন্ধা সন্তার করেন। পরিবারে বিরাজ করছে পারিবারিক সম্মানবোধ। বাবা সন্তানদের শেখান: 'লোকের জন্য আমবা ধা কিছু করিছ তা স্বন্দর হওয়া চাই।' গ্রীষ্মকালে বড় ছেলেমেয়েয়া ব্যপের সঙ্গে মাঠে কাজ করতে ধায়। ল্বাদা মাসের মধ্যে কয়েকবার মারে সঙ্গে ওদের কাছে যায়। এই সফরগ<sub>ন</sub>লি মেরেটির কা**ছে স**ত্যিকারের উৎসব।

তানিষার বাবা-মা কাজ করেন যৌথখামারের পশ্পালন ফার্মে। বাবা-মা যেখানে কাজ করেন দৃই মেরে গ্রীষ্মকালে প্রায়ই সেখানে যায়। বাবা ও মা তাঁদের সন্তানদের মধ্যে প্রমের প্রতি ভালোবাসা সঞ্চারে সমর্থ হয়েছেন। শিক্ষকেরা প্রায়ই যে দৃশ্যটি দেখে চমংকৃত হন তা এই রকম: পশ্পালন ফার্মের এক কোণায় বাবা ছোট একটা জায়গা বেড়া দিয়ে যিরে দেন, সেখানে ভেড়ার বাচ্চা কিংবা বাছ্রের রাখেন। তানিয়া আর ওর বড় বোন স্বত্নে পশ্বদের পরিচর্বা করে। এ হল শিশ্বদের গ্রিয় খেলা; এ খেলা তাদের কাছে আরও আকর্ষণীয় এই কারণে যে মা আর ব্যব্যেও খেলছেন।

শ্রা নামে ছেলেটির চোথজোড়া কালো, অন্সন্ধিৎস্ক, রেহমাথা। তার বাব্য কাজ করেন রেলে। বাঞ্তিতে আসেন সপ্তাহে একদিন। বাবার আগমন শ্রা আর তার ভাইবোনদের কাছে একটা ঘটনা বিশেষ, এই ঘটনা শিশ্মনে গভাঁর ছাপ ফেলে। ছেলেমেরেরা অধার অগ্রেহে বাবার প্রতীক্ষা করে: তিনি সবসমর ওদের কিছু না কিছু উপহার দেন। তাঁর উপহার বিশিষ্ট ধরনের: বাবা কাঠ কেটে জভুজানোরার, মানুষ আর কল্পিড প্রাণীর মূতি গড়তে পারেন। বাবা যে-সমগু কাহিনী বঙ্গেন তাও শিশ্বদের পরম তৃত্তি দের। ভালো লোকজন থাঁজে বার করার অসাধারণ ক্ষমতা তাঁর আছে। ভালো লোকজনের বিবরণ শিশ্বদের সামনে যেন জগতের বাতারন খালে দের।

ভলোদিয়ার বাবা সেতুনির্মাণকর্মী। মা যৌথখামারে কাজ করেন। মা-বাবার বয়স অলপ। তাঁরা তাঁদের প্রথম সন্তানকৈ অত্যন্ত ভালোবাসেন। কিন্তু এই ভালোবাসার মধ্যে কাণ্ডজ্ঞানের বড়ই অভাব। ছেলের খামখেয়ালি আবদার যত তাড়াতাড়ি পারা যার পরেণ করার চেন্টায় তাঁরা তাকে রাজ্যের টুকিটাকি জিনিস উপহার দিয়ে চলেন। ভলোদিয়া মা'র পাশে বসে আছে, হাতে তার দ্বটো রবারের বল। সে মাকে কিছু একটা বলার চেন্টা করছে, কিন্তু মা তার দিকে কোন আমল দিছেন না, ছেলের ঠোঁটজোড়া ফুলে উঠল, চোখে — জল।

ভারিয়া মেরেটির গায়ের রং তামাটে, ভাঁটার মতো ছিপছিপে গড়ন, চোথ কালো, চুল কোঁকড়া। মা তেলকলে ঝাড়্দারের কাজ করেন, বাবা যুদ্ধের পর থেকে গ্রুত্ব অস্কু, বাড়ির সকলে তাঁর সেবায়ত্ব করে, কিন্তু বাবার প্রান্থের অবস্থা আপাতত উন্নত হচ্ছে না। তিন ছেলেমেয়ে অন্ভব করে যে মা'র ভাগ্যে কঠিন পরিপ্রমের বোঝা এসে চেপেছে, তারা তাই সর্বশক্তিতে তার জীবনে প্রাক্তশ্য আনার চেন্টা করে। মা'র উপার্জন সামান্য, সন্ধ্যায় তিনি জামা আর তোয়ালের ওপর এশ্বরভারি করে প্রামান্য চিকিংসার জন্য প্রয়েজনীয় অতিরিক্ত অর্থ রোজগার করেন। ভারিয়ার বড় বোন এখনই এশ্বরমভারি লিখে গেছে, সে মাকে সাহাব্য করে। ভারিয়াও লোকিক চিকনের কাজ শিখছে।

শিশ্য হল মা-বাবার নৈতিক জীবনের দর্পণ , আমি প্রতিটি পরিবারের দোষ ও গুণ সম্পর্কে গভার ভাবে চিন্তা করি। ভালো মা-বাবাদের সবচেয়ে ম্লোবান যে নৈতিক বৈশিষ্টা বিশেষ কোন প্রয়াস ছাড়াই শিশ্যদের মধ্যে সন্তারিত হয় তা হল মা ও বাবার মনের ঔদার্য, মান্যের ভালো করার ক্ষমতা। যে পরিবারে মা-বাবা নিজেদের হৃদয়ের ভাগ অন্যদের দেন, মান্যের আনন্দ-বেদনাকে হৃদয়ের কাছাকাছি গ্রহণ করেন, সেখানে ছেলেমেয়েরা উদার, সংবেদনশীল ও সহদর হয়ে বেড়ে ওঠে। কোন কোন মা-বাবার মধ্যে যে স্বার্থপরতা, মারকেন্দ্রিকতা দেখা যায় তার চেয়ে মন্দ আরু কিছ, হতে পারে । কখনও কখনও এই ক্ষতিকর আচরণ নিজের সন্তানেব প্রতি অন্ধ, জৈব স্নেহের আকার ধারণ করে, যেমন ঘটেছে ৬লোদিয়ার মা-বাবার ক্ষেত্রে। মা-বাবা তাঁদের হৃদয়ের সমস্ত শাক্ত যদি সন্তানকে উজার করে দেন, যদি সন্তানের আড়ালে তান্য লোকজন গোণ হয়ে ঢাকা পড়ে যায় তাহকে এই আত্যন্তিক রেহের পরিণাম দুর্ভাগ্যজনক হতে বাধ্য।

আমার কলপনার 'আনন্দ নিকেতন' বে কী অভিভাবকদের
কাছে তা বলার সময় আমি একথাই ভাবছিলাম। কথাবার্তার
প্রকৃতি ছিল বেশ দ্রুহে। অভিভাবকদের উন্দেশে প্রতিটি
কথা বলার সময় পরিবারে ভালো-মন্দ যা যা আছে সমস্ত কিছ্
১নে রাখতে হবে। আমি যথন বলছিলাম যে 'আনন্দ নিকেতন'
বিদ্যালয়ে বিরাজ করবে সততা, সত্যবাদিতা ও পারস্পরিক
বিশ্বাসের মনোভাব তখন কোলিয়ার পরিবার সম্পর্কে চিন্তা
আমার মনকে স্বন্তি দিছিল না। কিন্তু যে মন্দব্যির ও
মথ্যাচারে এই পরিবারের জীবন আছের হয়ে আছে তার
কথা আর দশজন মা-বাবার কাছে বলা যার না। এর ফলে মা
ক্লোর প্রতি বিরুপ হয়ে পড়বে, হয়ত আর কখনও আসবেই
না। এখানে দরকার অন্য কিছ্, কিন্তু সেটা যে কী
এনেক ভেবেও আমি সেই জটিল প্রশেনর সচিক উত্তর
পেলাম না।

আমি অভিভাবকদের সামনে শিশ্বশিক্ষার ভবিষাং চিত্র তুলে বলাম। আজ ছয় বছরের বাচ্চা ছেলেমেয়েরা স্কুলে এসেছে, বারো বছর বাদে ওরা হবে পরিণত মানুষ, ভাবী মা-বারা। শিশ্রা যাতে দেশপ্রেমিক হয়, মাতৃভূমিকে ও শ্রমজীবী জনগণকে আন্তরিক ভাবে ভালোবাসে, যাতে তারা সং, সত্যবাদী কর্মানষ্ঠ, উদার ও হুদয়বান হয়, সংবেদনশীল হয়, মন্দ ও মিথ্যার বিরুদ্ধে আপস্হীন হয়, বাধাবিপত্তি জয় করার ব্যাপারে সাহসী ও অটল হয়, বিজয়ী হয়, নৈতিক বিচারে স্কুন্দর হয়, স্বাচ্ছ্যযান হয়, পোক্তে শরীরের অধিকারী হয় তার জন্য স্কুলের শিক্ষকবর্গ চেণ্টার কোন <u>ব</u>ুটি রাখ্বেন না। শিশ্বদের হতে হবে বিচক্ষণ মানা্র, উদার মনের অধিকারী, হতে হবে কর্মানপুণ, উদাস্ত অনুভূতির অধিকারী। শিশ্ব হল পরিবারের দুর্পণ: এক বিন্দু; জলে যেমন সুর্যের প্রতিফলন ঘটে তেমনি শিশ্বদের মধ্যেও প্রতিফলন ঘটে মা ও বাবার নৈতিক বিশৃদ্ধতা। স্কুলের আর মা-বাবার কাঞ্জ হল প্রতিটি শিশ্বকে সুখী করে তোলা। সুখের প্রকৃতি বহুমুখী। মানা্র যথন নিজের ক্ষমতার প্রকাশ ঘটাতে পারে, শ্রমকে ভালোবাসে, প্রমের ক্ষেত্রে প্রতী হতে পারে তাতে যেমন স্মুখ, তেমনি সে বখন পারিপার্শ্বিক জগতের সৌন্দর্য উপভোগ করতে পারে, অন্যদের জন্য সোন্দর্য সূখি করতে পারে তাতেও সূথ, আবার অপরকে ভালোবাসার মধ্যে, নিজে ভালোবাসার পার হতে পারার মধ্যে, শিশ্বদের স্তিক্রারের মান্য করে তোলার মধ্যেও সূখ আছে ৷ একমান্ত অভিভাবকদের সহায়তার, সন্মিলিত প্রয়াসে শিক্ষকরা শিশ্বদের অগাধ মানবিক স্থ দিতে পারেন। ছেলেমেয়েরা তাদের মা-বাবাদের সঙ্গে বাড়ি চলে যায়, আমি মনে করিয়ে দিই: 'আগামী কাল, একচিশ আগস্ট, আমাদের 'আনন্দ নিকেতনের' জীবনযাত্রা শাুরু হবে।'\*

সোভিয়েত ইউনিয়নে শিক্ষাবর্ষ শ্বর্ হয় ১ সেপ্টেম্বর থেকে।

বই দিনটি আমার জন্য কী নিয়ে আসবে? আজ ছেলেমেরেরা মারেদের হাত ধরে আছে, কাল তারা আসবে একা একা। প্রত্যেকেরই আছে নিজস্ব আনন্দ। প্রত্যেকের জন্য আছে রেটিছেজ্বল প্রভাত, প্রত্যেকের সামনে আছে অনস্ত জীবন। এই দিনটির প্রক্ষোলে আমাকে যা সবচেয়ে বেশি ভাবিত করে তোলে তা হল এই যে স্কুল যেন শৈশব-স্থে থেকে শিশ্পদের বিশুত না করে। বরং বিদ্যালয়-জগতে তাদের এমন ভাবে নিয়ে আসতে হবে যাতে তাদের সামনে নতুন থেকে নতুনতর স্থেমের উদর হয়; যাতে জ্ঞানলাভ এক্যেমে বিদ্যাচর্চায় পরিণত না হয়। আবার সেই সঙ্গে স্কুল যেন আপতে আকর্ষণীয়, অফুরক্ত অসার খেলার আসরে পরিণত না হয়। প্রতিটি দিন যেন শিশ্পদের জ্ঞানব্দির, অন্ত্তিত আর ইছাশান্তিকে সমুদ্ধ করে তোলে।

# बर्काञ्च-विष्याणस

আমি উদ্বিপ্ন হয়ে বাচোদের জন্য অপেক্ষা করতে লাগলাম। সকলে ৮টায় এলাে ২৯ জন। সাশা এলাে না (হয়ত মাার অবস্থা খারপে)। ভলােদিয়াও এলাে না, হয়ত ঘৢম৻চ্ছে, ছেলেকে জাগানাের ইচ্ছে হয় নি তার মাার।

প্রায় সব ছেলেমেরেই উৎসবের সাজে সেজেছে, পারে তাদের
নতুন জনতা। জনতো দেখে আমি বিব্রত বোধ করলাম: গাঁরের
ছেলেমেরেরা বহনুকাল থেকেই গরমকালে খালি পারে হাঁটতে
অভ্যন্ত, এতে শরীরও চমৎকার পোক্ত হয়, ঠাণ্ডা লেগে যেসমস্ত অসন্থিবিসন্থ হয় এ হল তা ঠেকানোর সবচেয়ে ভালো
উপায়। মা বাবারা শিশুদের কচি পা মাটি থেকে, সকালের

শিশির আর রোদের তাপে টাটানো জাম থেকে বাঁচানোর চেন্টা করছেন কেন? তাঁরা অবশ্য ভালো ভেবেই এগ্রলো করছেন, কিন্তু এতে ফল মন্দই হচ্ছে: প্রতি বছর উত্তরোত্তর বেশি সংখ্যক গ্রাম্য ছেলেমেয়ে শীতকালে ইন্প্লুয়েঞ্জা, গলার বাথা আর হ্রিপং কাফ্-এ ভোগে। অথচ শিশ্বদের এমন ভাবে মান্স করে তোলা উচিত যাতে তারা না কঠিফাটা রোদ না ঠান্ডা — কোনটাকেই ভয় না পায়।

'চল ছেলেমেয়েরা, স্কুলে যাই,' বাচ্চাদের এই বলে আমি বাগানের দিকে রওনা দিলাম। ওরা বিদ্রাস্ত হয়ে আমার দিকে তাকাল।

'হাাঁ, ঠিকই, আমরা স্কুলে যাচ্ছি। আমাদের স্কুল হবে নীল আকাশের নীচে, সব্বুজ হাসের ওপর, ডালাপালা মেলা নাশপাতি গাছের ছায়ায়, আঙ্বের খেতে, সব্জ মাঠে। এখানে আমরা জ্বতো খ্লব, খালি পারে যাব, যেমন আগে তোমাদের হাঁটা অভ্যেস ছিল।' ছেলেমেয়েরা আনন্দে কলরব করে উঠল। গরম আবহাওয়ায় জাতো পায়ে হাঁটা ওদের অভ্যেস নেই, এমন কি ওদের কাছে অস্ব্স্থিকরও। আমি বললাম, 'কাল র্থালি পারে এসো, আমাদের স্কুলে সেটাই হবে সবচেয়ে ভালো।' আমরা চললাম দ্রাক্ষাকুঞ্জে। গাছপালার ঢাকা, শাস্ত এক কোণে দ্রাক্ষালতঃ ঝাঁকড়া হয়ে ছড়িয়ে পড়েছে। খাতুর তৈরী কাঠামোর ওপর লতা ছড়িয়ে পড়ে গড়ে তুলেছে পর্ণকৃটির। কুটিরের ভেতরে মাটি কোমল ঘাসে ঢাকা। এথানে নীরবতার রাজ্য, এখান থেকে, এই সব্যক্ত আলো-আঁধারি থেকে সারা জগৎটা সবুজ-সবুজ দেখায়। আমরা ঘাসের ওপর বসলাম। 'এখানেই শ্রে, হচ্ছে আমাদের দকুল। এখান থেকে দেখতে থাকব নীল আকাশ, বাগান, গ্রাম আর সূর্য।

প্রকৃতির মনমাতানো সৌন্দর্যে ছেলেমেরেরা নির্বাক। পাতার ফাঁকে ফাঁকে ঝুলছে সোনালি বঙের পাকা টসটসে আঙ্বরের থোক। বাচ্চাদের ইচ্ছে হচ্ছিল ফল চেখে দেখে। সব্র কর, তা-ও হবে, তবে আগে সৌন্দর্য উপভোগ করা দরকার। বাচ্চারা চারদিকে তাকিয়ে তাকিয়ে দেখে। মনে হয় বাগান যেন সব্জ কুয়াসায় ঘেরা — ঠিক যেন র্পকথার জলবাজা। মাটির উপরিভাগ — মাঠ, তৃণভূমি, পথঘাট — যেন মরকত রঙের কুয়াসায় কাঁপছে আর আলোকিত গাছপালার ওপর ঝড়ে পড়ছে স্বর্যের ফুলকি।

'স্বিয় ফুলফি ছড়াচ্ছে,' কাতিয়া মৃদ্‡বরে বলল।

বাচ্চারা তাদের মনোম্ব্রকর জগৎ থেকে চোখ আর ফিরাতে পারে না। আমি তখন সূর্য সম্পর্কের র্পকথা বলতে লাগলাম।

'হাাঁ, কাতিয়া স্কলর বলেছে। স্থায় ফুলকি ছড়াছে। স্থায় থাকে অনেক উচু আকাশে। তার আছে দ্ই দত্যি-কামার, আর আছে সোনার নেহাই। ভোরের আগে আগে আগেন রঙা দাড়িওরালা কামার দ্জন স্থায়র কাছে যায়, স্থায় তাদের দ্ই গোছা রুপোর স্থাতা দের। কামারেরা লোহার হাতুড়ি তুলে নেয়, সোনার নেহাইয়ের ওপর রুপোর স্থাতা রাখে আর সমানে পেটাতে থাকে। তারা পিটিয়ে পিটিয়ে স্থায়র জন্য তৈরি করতে থাকে রুপোর মালা, আরা হাতুড়ির ঘায়ে সারা দ্থিনয়ায় ঠিকরে পড়ে রুপোর ফুলকি। ফুলকি মাটিতে পড়ে, এই ত তোমরাও দেখছ। আর সক্রেবেলায় কামারেরা হয়রান হয়ে যায়, তারা মালা নিয়ে যায় স্থিয়ে কাছে। স্থায় তার সোনালি বিন্তুনির আব সেই মালা পরে, আর চলে যায় তার মায়াকাননে জিরোতে।'

আমি র্পকথা বলি, সঙ্গে সঙ্গে তার ছবি আঁকি: ড্রইং খাতার সাদা পাতার ওপর ফুটে ওঠে কল্পজগতের প্রতির্প: সোনার নেহাইয়ের সামনে — দ্বই দত্যি-কামার, লোহার হাতুড়ির ঘায়ে ছড়িয়ে পড়ছে রুপোর ফুলকি।

বাচ্চারা র্পেকথা শোনে, যাদ্রাজ্যের মায়ায় তারা মৃদ্ধ, মনে হয় নিস্তর্কতা ভঙ্গ করতে তারা ভয় পাচ্ছে, যাতে এই মৃদ্ধতার ঘোর কেটে না যায়। তারপরই একসঙ্গে বর্ষিত হয় প্রশনবাণ: 'আচ্ছা, দত্যি-কামাররা রাতের বেলায় কী করে?' 'প্রত্যেক বার সৃহ্যির নতুন মালা কেন?' 'রুপোর ফুলকিগ্রলো বায় কোথায়? — ওগ্রেলা ত রোজই মাটিতে ঝরে পড়ে?'

ওগো ছেলেমেয়েরা, সবই আমি তোমাদের বলব, আমরা আরও সময় পাব, আর আজ তোমাদের আঙ্কার খেতে দেব। বাচ্চারা অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকে যতক্ষণ ঝড়ি ভরে উঠতে থাকে আঙুরের থেকোয়। দুটো করে গোছা বিতরণ করি। একটি খেতে বলি, আর অন্যটি দিতে বলি মাকে, বলি মা-ও চেখে দেখন। বাচ্চারা আশ্চর্য রক্ম থৈর্যের পরিচয় দেয় --আঙ্করের থোকা কাগজে যোডে। এদিকে আমি মনে মনে উদ্বেগ বোধ করি: স্কুল থেকে ব্যাড় পর্যন্ত এতটা পথে এই ধৈর্ষ রাখতে পারলে হয়! তোলিয়া আর কোলিয়া কি মাকৈ আঙ্কার দেবে? নিনাকে আমি দিই করেকটি থোকা: অসুন্তু মার জন্য, ছোট বোন আর দিদিযার জন্য। ভারিয়া তিনটি গোছা নেয় বাবার জন্য। মাথায় একটা মতলব থেলে যায়: ছেলেমেয়েদের যথেণ্ট পরিমাণ শক্তি হওয়া মাত্র তারা যেন নিজেদের আঙ্কার খেক বানায়। ...ভারিয়াদের বাড়িতে এই শরংকালেই গোটা দশেক চারা লাগাতে হবে, এক বছর বাদেই সেগ**্রলিতে ফল ধরবে** — ওর বাবার পথ্য হবে।

আমরা সব্জ কুরাসার মায়াজগৎ থেকে বেরিয়ে আসি। আমি বাচ্চাদের বলি:

'আগামীকাল সন্ধ্যার আগে আগে, ছয়টার সময় এসো। ভুলো না যেন।'

আমি দেখতে পাই ছেলেমেরেরা খেতে চায় না। শেষকালে
ওরা সাদা মোড়ক বুকে চেপে যে যার বাড়ির পথ ধরে।
আমার জানতে আগ্রহ হয় ওদের মধ্যে কার আঙ্বে বাড়ি
পর্যন্ত পেশছবে না! কিন্তু এ ব্যাপারে ছেলেমেরেদের জিজ্ঞেদ
করা যায় না; কেউ যদি নিজে থেকে বলে ত ভালো।

মুক্তাঙ্গন-বিদ্যালয়ের প্রথম দিন শেষ হল। ...সেই রাতে আমি সূর্যের রুপোলি ফুলকির স্বপ্ন দেখলাম, খুব ভোরে ঘুম ভেঙ্গে যাওয়ার পর আমি অনেকক্ষণ ভাবলাম অতঃপর কী করা যায়। অনুমি বিশ্বদ কোন পরিকলপনা তৈরি করতাম না, আগে থেকে ঠিক করতাম না কোন দিন ছেলেমেয়েদের কী বলব, কোথায় ওদের নিয়ে বাব। আমাদের স্কুলের জীবন বিকশিত হয়ে উঠত এমন এক ভাব থেকে, যা ছিল আমার প্রেরণাস্বরূপ: শিশ, তার স্বভাবে অনুসন্ধিংস, গবেষক, জগতের আবিষ্কর্তা। সাতরাং তার সামনে অপরাপ জগং উদ্যাটিত হোক জীবন্ত রঙে, উল্জাবল ও রোমাঞ্কর ধর্ননতে, রপেকথার ও খেলার, নিজস্ব স্থিতৈ, তার হৃদরের প্রেরণাদানী সোন্দর্যে, মানুষের ভালো করার চেণ্টার মধ্যে। রূপকথা, কল্পনা ও থেলার মধ্য দিয়ে, শিশরে অনবদ্য স্ঞানকর্মের মধ্য দিয়ে শিশরে হৃদরে প্রবেশের সঠিক পথ পাওয়া যায়। আমি পারিপাশ্বিক জগতের সঙ্গে এমন ভাবে শিশ্বদের পরিচয় ঘটাব যাতে তারা প্রতিদিন তার মধ্যে নতুন কিছুবে সন্ধান পায়, যাতে আমাদের প্রতিটি পদক্ষেপ হয় **ভাবনা ও প্রকাশের**  উৎসম্থে — নিসপের অপর্প সোন্দর্যের অভিম্থে যাতা।
আমি যত্ন নেব যাতে আমার প্রতিটি পালিত সন্তান বড় হরে
ব্দিমানের মতো চিন্তা করতে শেখে, গবেষক হয়, যাতে
জ্ঞানের প্রতিটি পদক্ষেপ হদয়কে উন্নত করে, ইচ্ছাশক্তিকে
প্রবল করে তোলে।

দ্বিতীয় দিন বাচ্চারা সন্ধারে আগে আগে স্কুলে এলো। সেপ্টেম্বরের শান্ত দিনের আলো নিভে আসছিল। আমরা গাঁ থেকে বেরিয়ে এসে উ'চ টিলার ওপর উঠলাম। আমাদের সামনে উদ্ঘটিত হল এক অপূর্ব দৃশ্য — সূর্যের আলোয় বিশাল তৃণভূমি যেন দাউ দাউ করে জবলছে: আমরা দেখতে পেলাম ছিমছাম পপলারের সারি আর দিগত্তে দ্রের টিলাগ্রাল। আমরা এসে পোছিলাম ভাবনা ও কথার উৎসমুখে। রূপকথা, কল্পনা — এ হল সেই চাবি যা দিয়ে এই উংসমুখ খোলা যায়. আর খোলামানুই উচ্ছন্ত্রিত হয়ে উঠবে তার সঞ্জবিনী ধারা। আমার মনে পড়ল গতকাল কাতিয়া যে-কথা বলেছিল: 'সুযিয় ফুল্ফি ছড়াচ্ছে...' এখানে আগে থেকেই উল্লেখ করি পরবর্তীকালের একটি ঘটনা: ১২ বছর পরে স্কুল শেষ করার সময় কাতিয়া তার জন্মভূমি সম্পর্কে একটি রচনা লেখে, তাতে নিসর্গের প্রতি নিজের ভালোবাসার অনুভূতি প্রকাশ করতে গিয়ে সে এই রূপম্যতিরি উল্লেখ করে। বোঝাই যাচ্ছে শিশার চিন্তাভাবনায় রূপকথার ভাবমূর্তির শক্তি কী বিপুল! অসংখ্য বার আমার এই দৃঢ় বিশ্বাস জন্মেছে যে পারিপার্শ্বিক জগতে কল্পমূতির অধিষ্ঠান ঘটিয়ে, এই সব রূপমূতি স্থিত সঙ্গে সঙ্গে শিশ্বরা কেবল সৌন্দর্যেরই সন্ধান পায় না, সতোরও সন্ধান পায় ৷ রূপকথা ছাডা, কল্পনার খেলা ছাডা শিশ, বাঁচতে পারে না, রূপকথা ছাডা পারিপার্মিক জগৎ তার

কাছে স্কের হলেও পরিণত হয় ক্যানভাসে আঁকা পটে; ব্যাপকথা সেই চিত্রকে জীবস্ত করে তোলে।

জমকলে ভাষার বলতে গেলে র্পকথা হল শিশ্দের চিন্তাভাবনা ও অভিব্যক্তির আগ্ননকে উপ্কে দেওয়ার উপযোগী তাজা হাওয়া। শিশ্বো র্পকথা শ্নতেই যে কেবল জালোবাসে তা নর, তারা র্পকথা স্থিও করে। আঙ্র থেতের লতাপাতার সব্জ দেয়ালের ফাঁক দিয়ে শিশ্দের গখন আমি জগৎ দেখাই তখন জানতাম যে ওদের আমি র্পকথা বলব, কিন্তু ঠিক কী ধরনের র্পকথা তা আগে থাকতে আমি ভাবি নি। আমার কল্পনাকে পাথা মেলে ওড়ার প্রেরণা হিশেবে কাজ করল কাতিয়ার কথাগ্লি: 'স্বায় ফুলকি ৬ড়াছে…' শিশ্বা কত সত্যনিষ্ঠ, নির্ভুল, ব্যঞ্জনামর র্পই না স্থিত করে তাদের ভাষা কতই না উজ্জ্বল, বর্ণময়!

আমি চেণ্টা করি বই খোলার আগে, প্রথম শব্দ বানান করে পড়ার আগে ছেলেমেয়েরা যেন দ্বনিয়ার সবচেয়ে অপর্প গ্রন্থ — নিসগাগ্রন্থ পাঠ করে ফেলে।

এখানে, প্রকৃতির মাঝখানে বিশেষ করে যে চিন্তাটি দপ্দট ও উদ্জবল হয়ে ওঠে তা এই যে প্রকৃতিতে যা সবচেয়ে কমনীয়, 
থা স্ক্রাতম, প্রবল সংবেদনশীল তাই নিয়ে — শিশার মন্তিদ্দ 
নিয়ে আমাদের, শিক্ষকদের কাজ করতে হয়। শিশার মন্তিদ্দ 
নিয়ে ভাবতে গেলেই মনে হয় কোমল গোলাপ ফুলের ওপর 
যেন শিশারবিন্দ্র টলমল করছে। ফুল তুলতে গিয়ে 
শিশারবিন্দ্র বাতে মাটিতে পড়ে না যায় তার জন্য কত 
স চর্কতা ও কমনীয়তারই না দরকার হয় আমাদেরও এই 
বকমই সতর্কতার প্রয়োজন হয় প্রতি ম্হুতের্চ, কেননা আমাদের 
সংস্পর্শে ঘটছে প্রকৃতির স্ক্রাত্ম ও অতি কমনীয় পদার্থের

সঙ্গে — বিকশমান জীবদেহের অভ্যন্তরীণ মননশীল পদার্থের সঙ্গে।

শিশ্ব চিন্তা করে ব্পম্তির সাহায্যে। তার মানে, দুণীন্তস্বর্প বলা যায়, শিক্ষকের ম্বেথ জলবিন্দ্রে যাত্রা মন্পকে কাহিনী শ্বাতে শ্বাতে সে তার কলপ্রায় এ'কে চলে ভোরের ক্রাসার রূপোলি তেউ, কালো মেঘ, বজ্লধ্বনি আর বসন্তকালীন বর্ষপের চিত্র। তার কলপ্রায় এই ছবিগালি যত উজ্জবল হয়ে ওঠে ততই গভীর ভাবে সে হদয়লম করতে পায়ে প্রকৃতির নিয়ম। তার মন্তিকের কোমল য়ায়্গ্রিল এখনও দ্যুহয়ে ওঠে নি, সেগ্রিলকে বিকশিত করে তোলা দরকার, দ্যুকরে তোলা দরকার।

শিশ্ব চিন্তা করে। ...তার অর্থ এই যে শিশ্বর মন্তিন্কের অর্ধগোলকে স্থকের অন্তর্ভুক্ত বিশেষ এক প্রেণীর স্নায়্বশুজনী আছে যা পারিপার্শ্বিক জগতের রূপ (চিন্ন, বন্ধু, ঘটনা, কথা) গ্রহণ করে এবং স্ক্র্মাতিস্ক্রে স্নায়্বলেবের মাধ্যমে সভেকত যায় — যেমন যায় সংযোগ-নালী দিয়ে। রায়্তল্মী এই সংবাদকে 'পরিমার্জন করে', প্রণালীবন্ধ ও প্রেণীবন্ধ করে, অন্য তথ্যের পাশাপাশি রাখে, তুলনা করে; ইতিমধ্যে নতুন সংবাদ এসে পড়ে, তাকে বারবার হদয়ঙ্গম করতে হয়, 'পারিমার্জন করেতে হয়', নতুন রূপ গ্রহণ ও সংবাদ 'পরিমার্জনের' এই কাজের সঙ্গে যাতে এ'টে ওঠা যায় সেই উদ্দেশ্যে স্নায়্বড্লীর শক্তি অত্যন্ত অতপ সময়ের মধ্যে চোখের পলকে রূপ গ্রহণ থেকে রূপ 'পরিমার্জনের' কাজে নামে।

স্নায়্মণ্ডলীর এই আশ্চর্য দ্রুত কর্মান্তরণই হল সেই ঘটনা যাকে আমরা বলি চিন্তাশক্তি — বলি, শিশ্ব ভাবছে। ...শিশ্বর মন্তিন্দের কোষকলা এত কোমল, উপলব্ধির বিষয় তার উপর এমনই সংবেদনশীল প্রতিক্রিয়া স্থিত করে যে কোষকলা একমাত্র তখনই স্বাভাবিক ভাবে কাজ করতে পারে যখন উপলব্ধির, ভাবনার বিষয় হয় এমনই র্প যাকে দেখা যায়, শোনা যায়, যাকে স্পর্শ করা যায়। মন্দক্রিয়ার যা ম্লকথা, অর্থাৎ ভাবনার কর্মান্তরণ, তা সন্তব একমাত্র তখনই যখন শিশ্র সামনে থাকে প্রত্যক্ষ, বান্তব র্প অথবা কথার মধ্য দিয়েই র্পস্থিত এত উজ্জ্বল হয়ে ওঠে যে শিশ্র যেন কাহিনীতে বিবৃত র্প দেখতে পাক্তে, শ্রনতে পাক্তে, ভাবে হুতে পারছে (ঠিক এই কারণেই র্পকথা শিশ্রদের এত প্রিয়)।

শিশ্বান্তিত্বের প্রকৃতি এমনই যে তার দাবি হল শিশ্বর ব্লিক্ত্তি যেন মননের উৎসের কাছে শিক্ষা পায় — যেন শিক্ষা পায় প্রত্যক্ষ র্পের মাঝখানে, সর্বোপরি প্রকৃতির মাঝখানে, যাতে প্রত্যক্ষ রূপ থেকে সেই রূপসংক্রান্ত সংবাদ 'পরিমার্জনার' চিন্তার কর্মান্তরণ ঘটতে পারে। শিশ্বকে যদি প্রকৃতি জগৎ থেকে বিচ্ছিল্ল করে রাখা হয়, যদি শিক্ষার প্রথম দিন থেকে শিশ্ব কেবল শক্ষই গ্রহণ করে তবে কোষকলাগ্রাল দ্রুত প্রান্ত হয়ে পড়ে, শিক্ষকের অভীষ্ট কাজের সঙ্গে সেগ্রাল এটে উঠতে পারে না। কিন্তু এই সব কোষকলাকে ত বিকশিত হতে হবে, দৃঢ় হয়ে উঠতে হবে, শন্তি সক্ষম করতে হবে। এখানেই নিচ্ছিত আছে সেই ঘটনার করেণ, বহু শিক্ষক প্রায়শই প্রাথমিক শ্রেণীগর্নালতে যার সম্মুখীন হয়ে থাকেন: শিশ্ব হয়ত ক্লাম্পে চুপচাপ বসে আছে, শিক্ষকের চোখের দিকে এমন ভাবে তাকিয়ে আছে যেন মনোযোগ দিয়ে তাঁর কথা শ্বনছে, অথচ একটি কথাও ব্রুকতে পারছে না, কেননা শিক্ষক বিবরণ দিছেন

ত দিচ্ছেনই, কেননা নিয়মাবলী নিয়ে ভাবতে হবে, সমস্যা প্রণ করতে হবে, উদাহরণমালার মীমাংসা করতে হবে — এ সবই বিমৃত্, সাধারণীকৃত, এখানে জীবন্ত রূপ নেই, মান্তিক প্রান্ত হয়ে পড়ে। ...এখান থেকেই শ্রে হয় পিছিয়ে পড়া। এই কারণেই শিশ্রে মননচিয়া বিকশিত করে তোলা উচিত, তার মননশক্তি দৃঢ় করে তোলা উচিত প্রকৃতির মধ্যে — শিশ্র দেহযক্ত বিকাশের যে শ্বাভাবিক নিয়ম আছে, এ হল তারই দাবি। এই কারণেই প্রকৃতির ব্রকে যে-কোন প্রমণ হল মননচিয়ার অনুশালিন, ব্রদ্ধিবৃত্তি বিকাশের শিক্ষা।

আমরা টিলার ওপর বসে থাকি, আমাদের চারপাশে ফাড়ংদের মিহি ঐকতান, বাতাসে শুপের ঘাসের স্বারা । আমরা চুপচাপ বসে থাকি। শিশ্বদের কাছে বেশি কথা বলার প্রয়োজন নেই, তাদের গলপ গেলানো উচিত নর, কথার মধ্যে মজা নেই, আর কথা দিয়ে অর্বিচ ধরিয়ে দেওয়া বড়ই ক্তিকর। শিশ্ব কাজ হবে কেবল শিক্ষকের মুখের কথা শোনাই নর, সেই সঙ্গে চুপ করে থাকাও; এই মুহুতে সে ভাবে, যে শ্বনল, যা দেখল তাই নিয়ে চিন্তাভাবনা করে। শিক্ষকের পক্ষে যেটা অত্যন্ত গ্রুম্পূর্ণ তা হল কথনের মাত্রা রক্ষা করা।

শব্দ উপলব্দির নিষ্টিয়ে পাত্রে শিশ্বদের পরিণত করা উচ্চিত নয়। প্রত্যক্ষ হোক আর মুখের কথারই হোক — যে-কোন উল্জানল রূপ হাদয়ক্ষম করতে গেলো আনেক সময় ও স্নায়্র শক্তি প্রয়োজন। শিশ্বকে ভাষতে শেখানো — শিক্ষকের স্ক্রতম গ্লোবলীর একটি। আর প্রকৃতির মাঝখানে শিশ্বকে শোনার, দেখার ও অন্ভব করার স্থোগ দিতে হবে।

আমরা কান পেতে ফড়িংদের ঐকতান শর্নান। আমার আনন্দ

২য় এই ভেবে যে বাচ্চারা এই অপূর্ব সঙ্গীতে মৃগ্ধ হয়েছে।
মাঠের সোরতে আর অপূর্ব ধর্নিপ্রবাহে ভরপূর এই শান্ত
সন্ধ্য তাদের স্মৃতিতে চিরকাল জাগর্ক থাকুক। কোন সময়
২য়ত তারা ফড়িং নিয়ে রূপকথা রচনা করবে।

এবারে শিশ্বদের ভাবমগ্প দৃষ্টি সুর্যান্তের দিকে নিবন্ধ। সূর্য দিগন্তের আড়ালে চলে গেল, আকাশে ছড়িয়ে পড়ল গোধ্বলির কমনীয় রঙের ছটা।

'সন্যি তাহলে বিশ্রাম নিতে চলে গেল,' লারিসা বলল, তার মুখ সজে সজে বিষয় হয়ে এলো।

'কামারেরা স্থায়িকে রুপোর মালা এনে দিল। ...আছা, কালকের সেই মালাটা ও কোথার রাখে?' লিদা জিভ্জেস করল। বাচ্চারা আমার দিকে তাকার, অপেক্ষা করে রুপকথার বাকি অংশটা আমি কখন বলি, কিন্তু কোন রুপটা যে বেছে নেব থামি তা তখনও ঠিক করি নি। আমাকে সাহায্য করে ফেদিরা। মালা আকাশে গলে মিলে গেলে? সে মদুস্বরে বলল।

উংকশ্ঠিত নারবতা, আমরা সকলেই অপেক্ষা করে থাকি ফেদিয়া কাঁ বলে। স্পদ্টই দেখা যাক্ষে বালক রুপকথার পরিশিষ্ট রচনা করেছে, তবে সে যে চুপ করে গেল তার কারণ থতে পারে শিশ্বস্লভ সঞ্চোচ। আমি ফেদিয়াকে সাহায্য করি:

'হাঁ, মালা আকাশে গলে মিলে গেল। সারা দিন সুঝির আগন্দপারা বিন্দিতে থাকতে থাকতে মালা হরে যায় মোমের মতো নরম। সুখ্যি তার গরম হাত দিয়ে মালা ছুল, অমান মালা সোনালি ধারায় সন্ধ্যার আকাশ বয়ে গলগল করে ঝরে পড়ল। সুখ্যি বিশ্রামে যেতে যেতে তার শেষ কিবণ দিয়ে ঐ ধারাকে জবলজবল করে তোলে। তোমরা দেখতে পাছে, ওখানে গোলাপি রঙের খেলা চলছে, ধারা ঝকমকিয়ে উঠছে, কালো হয়ে আসছে — স্বিষ্য চলে যাচেছ দ্বে আরও দ্বে। এবাকে সে গিয়ে চুকবে তার মায়াকাননে, সঙ্গে সঙ্গে আকাশে জনলে উঠবে তারার দল...'

'আচ্ছা এই তারাগ্রেলা কী ? ওরা জনলে কেন ? কোথা থেকে আসে ? দিনের বেলায় ওদের দেখা যায় না কেন ?' বাচ্চারা জিজ্জেন করে। কিন্তু অসংখ্য রূপে দিয়ে শিশ্বদের টেতন্য আচ্ছন্ন করে দেওয়া ঠিক নয়। আজকের মতো যথেণ্ট হয়েছে, আমি শিশ্বদের মনোযোগ অন্য দিকে আকর্ষণ করি।

'স্তেপের দিকে তাকিয়ে দেখ। দেখতে পাচ্ছ, দুই পাহাড়ের মাঝখানের সমান জায়গায়, খাসে ঢাকা জমিতে আর নীচু জমিতে কী ভাবে আঁধার নেমে আসছে? আর তাকিয়ে দেখ ঐ টিলাগ্রেলার দিকে — ওরা যেন কেমন নরম নরম হয়ে গেছে, যেন সন্ধার আঁধারে ভেসে চলেছে। টিলাগ্রেলা হয়ে যাছে ছাইরঙা, ওদের গাগ্রেলা নজর করে দেখ — ওখানে তোমরা কী দেখতে পাচছ?'

'বন... ঝোপঝাড়... গোরুর পাল... ভেড়ার দল আর রাখাল। লোকে মাঠে রাত কাটানোর জন্যে থেকে ব্যক্তে, ধর্নি জনালাল, কিন্তু ধর্নির আগানে দেখা যাছে না, বাতাসে কেবল ধোঁয়া ভেসে চলেছে...' দ্রুত আঁধারে টিলাগর্নল বখন ঢেকে বাছে তখন তা দেখে শিশ্বকলপনা যে কী স্থিত করে সে পরিচয় দিলাম। ছেলেমেয়েদের বাড়ি যেতে বলি, কিন্তু যেতে ওদের মন চায় না। ওয়া বলে, আরেকটু বিস। এই সন্ধার সময়টিতে বিশ্বচরাচর খখন রহসাময় চাদরে ঢাকা পড়ে যায় তখন শিশ্বকলপনা উদ্দাম হয়ে ওঠে। আমি কেবল ধরিয়ে দিলাম যে গোধালির আলো-আঁধারি ও রাতের অন্ধকার যেন দ্রের

উপত্যকা আর বন-জঙ্গল থেকে নদী হয়ে ভেসে চলেছে, সঙ্গে সঙ্গে শিশ্বকল্পনায় জন্ম নিল র্পকথার মার্তি — অককার আর গোধালির মার্তি। সানিয়া এই দ্বিট 'জীব' সম্পর্কে র্পকথা বলে চলে: ওরা বাস করে বনের ওপারে, দ্রের এক গ্রহার ভেতরে, দিনের বেলায় অককার গভীর খাদের ভেতরে নেমে যায়, ঘ্রমায় আর ঘ্রমের মধ্যে দীর্ঘাধাস ফেলে (কেন যে দীর্ঘাধাস ফেলে তা একমার রূপকথার কথকই জানে...)। আর সার্ঘ্য যেই তার মায়াকাননে চলে যান অমনি তারা তাদের আগ্রম ছেড়ে বেরিয়ে আসে। তাদের বড় বড় থাবাগালো নরম পশ্যে ঢাকা, তাই তাদের পায়ের অত্রয়াজ কেউ শ্বনতে পায় না। গোধালি আর অন্ধকার বড় ভালো, নিরীহ, আদ্বের প্রাণী, ওরা কারও মনে আঘাত দেয় না।

গোধনুলি আর অন্ধকার কী ভাবে ছোটদের ঘ্রম পাড়ার ছেলেমেরেরা তাই নিয়ে র্পকথা বানানোর জন্য প্রস্তুত। কিন্তু আজকের মতো যথেষ্ট হয়েছে। আমরা বাড়ির দিকে চলি, ছেলেমেরেরা চার কালও সন্ধার আসে, ভারিরার কথায়, তথন 'র্পকথা স্কর তৈরী হয়'।

ছেলেমেরেরা কেন সাগ্রহে রুপকথা শোনে, কেন তারা এত পছল করে সদ্ধার আলো-আঁধারি, যখন পরিবেশ নিজেই শিশ্বকণপনার পাখা বিস্তারের উপযোগী? কেন রুপকথা অন্য যে-কোন মাধ্যমের তুলনার প্রকাশ ও চিন্তার শাক্তি বেশি পরিমাণে বিকশিত করে তোলে? কারণ এই যে রুপকথার ভাষা হিতিগার্নি উজ্জ্বল আবেণের রঙে রঞ্জিত। রুপকথার ভাষা শিশ্বটেতনো থাকে। যে সব শশ্ব কলপজগতের চিত্র গড়ে তোলে, শিশ্ব যখন সেগ্রিল শোনে বা উচ্চারণ করে তখন তার এদ্পশ্বন যেন থেমে যায়। কেবল রুপকথা শোনাই নার,

র্পকথা রচনা ছাড়াও স্কুলের শিক্ষা আমার ধারণায় আসে না।
'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের প্রথম দুই মাসে ছোটরা যেসমস্ত র্পকথা ও গল্প বানিয়েছে সেগন্লি তুলে দিচ্ছি। এতে
পাওয়া যাবে শিশ্বদের ভাবনাচিন্তা, অন্তুতি, আশা-আকাঙ্কা
আর দুন্তিভিন্নিয় জগং।

#### भंबरभागकामा (भारता)

মা আমাকে মথমলের ছোট্ট একটা খনগোশছানা উপহার দিরেছিলেন। দিরেছিলেন নববর্ধের আগে আগে। আমি ওটাকে ফার গাছের ওপরে ভালপালার ম্যঝখানে বসিয়ে দিলাম। সবাই ঘ্রমিয়ে পড়ল। ফার গাছ এইটুকুন ছোট ছোট বাতি জ্বলছিল। দেখি কি খরগোশছানা ভাল থেকে লাফিয়ে নেমে ফার গাছের চারপাশে দৌড়নুছে। দোড়্ল দোড়্ল, ভারপর আবার ফিরে গেল ফার গাছে।

## স্যাম্থী (কাডিয়া)

স্থিত উঠল। পাথিবা জেগে উঠল, ভার্ই পাথি আকাশে উঠল।
স্থিম্থতিও জেগে উঠল। গা ঝাঁকানি দিল, পাপড়ি থেকে দিশির
বৈড়ে ফেলে দিল। স্থিয়র দিকে ফিরে বলল: 'পেয়াম হই,
স্থিয়ঠাকুর। অনেকক্ষপ ভোষার আশার ছিলাম। দেখছ, আমার হল্প
পাপড়িগ্রেলা ভোমার ভাগের অভাবে নেভিয়ে পড়েছিল। এখন ওরা
খাড়া হরে উঠেছে, ওদের আনন্দ হয়েছে। আমি গোল, আমার
রং সোনালি — আমি ভোমারই মতো গো স্থিয়াঠাকুর।'

### জমি চাৰ (ইউরা)

ক-বাইন গম কেটে ফেলল। গর্ত থেকে সভারত্ব বেরিয়ে এসে দেখে গম নেই, গমের শীষ সরসর আওয়াজ করছে না। সে শরীরটাকে দলা পাকিয়ে ফসল-কাটা মাঠের ওপর দিয়ে গড়িয়ে চলল। এদিকে সামনে গর্মাড় মেরে আসছিল একটা বিশাল ভরত্বর জীব — ধাতুর তৈরি পোকা। আওয়াজ করছে, ঘর্ষার করছে। তার পেছনে হাল। পেছনে থেকে যাচ্ছে কালো চষা মাঠ। সজার, তার গতের্ব ভেতরে বসে থাকে, তাকায় আর অবাক হয়ে যায়। ভাবে: 'এই বিরাট পোকাটা এলো কোখেকে?' এটা কিন্তু ট্রাক্টর।

#### रजीनत्नत मुर्हि स्वि (खानिया)

আমার দিদি ওলিয়া অক্টোবর দলে ভার্ত হরেছে ওর আছে লাল তারা। আর তারার ওপর লেনিনের ছোট ছবি। এখন আমাদের কছে আছে লেনিনের দুটো ছবি। একটা দেরালে, অনাটা ওলিয়ার তারার ওপর লেনিন মেহনতীদের সমুখেব জন্যে লড়েছেন। বাবা বলেন, লেনিন ইস্কুলে পড়াশমায় খ্ব ভালো ছিলেন আমিও ভালো পড়াশমা করব আমি ছোটদের লেনিনবাহিনীতে ভার্তি হব।

#### ওক গাছের ফল (জিনা)

বার্তাস বইল। ওক গাছ থেকে ফল খনে পড়ল। হলনে, চকচকে—
ঠিক যেন পেটানো তামরে তৈরি। পড়ল, আর পড়ে ভবেতে লাগল:
'ভালে কি ভালোই না ছিলাম, কিন্তু এখন আমি জমিতে। এখান
থেকে না দেখতে পাওয়া যায় নদী, না বন।' ওর মন খারাপ হয়ে
গেলে। কাকুতি-মিনতি করে: 'ওক গাছ আমায় ভালে তুলে নাও।' ওফ
বলে, 'কী বোকা তুই। এই দ্যাখ, আমিও বড় হয়ে উঠেছি জমিতে।
৬ড়াভাড়ি শেকড় ছাড়, বড় হ। ইয়া উঠ্চু ওক গাছ হবি।'

প্রকৃতিতে যা যা ঘটে শিশ্বদের মন যে কেবল তাতেই আলোড়িত হয় তা নয়। শিশ্বকা চায়, দুনিয়ায় যেন শাস্তি বিরাজ করে। তারা জানে যে এমন পব শক্তি আছে যারা যুদ্ধের মতলব আঁটছে। একটি রুপকথায় সাপের কম্পিত রুপের মধ্যে প্রকাশ পেয়েছে এই অশ্বভ শক্তি।

#### আমরা লোহার সাপকে হারিয়ে দিলাম (সেরিওজা)

সাগবপাবে অনেক অনেক দ্রে একটা জলা জায়গায় সে থাকত।
আমাদের লােকজনকৈ সে ঘেলা করত। অ্যাটম বােমা বানাল। অনেক
অনেক বােমা তৈরি করল, সেগ্লো পাথয়ে তুলে নিয়ে উড়ল। সে
চেয়েছিল স্থেরি গায়ে ছা্ডতে। তার ইচ্ছে ছিল স্থাকে নিভিয়ে
দেয়, য়াতে আমরা অন্ধনারে মারা য়াই লােছার সাপকে ঘায়েল কয়ার
জনো আমি সায়ালো পাথিদের পারালাম। পাথিরা ঠোঁটের ডগায়
একেক কণা করে স্বেরি ফুলকি নিয়ে উড়তে উড়তে গিয়ে সাপের
নাগাল ধরল। তার ভানায় আগ্রন ছা্ডে দিল। লােছার সাপ জলাতে
পড়ল, বােমার সঙ্গে সঙ্গে গেল। স্থিয় দিবিা খেলা করছে।
আর সোয়ালো ফুর্তিতে কিচিরমিচির করছে, ওদের আনন্দ হয়েছে।

এই র্পেকথায় শিশ্বে বিশ্বদ্ণিতর নিজস্ব বৈশিণ্ট্য প্রকাশ পেয়েছে। পশ্ব ও পাখির অংশগ্রহণ ছাড়া অশ্বভশক্তির বিরুদ্ধে শ্রুব্দ্ধির জয়ের ধারণাই শিশ্ব করতে পারে না। শিশ্বদের আদরের ধন এই খরগোশছানা আরু সোয়ালো পাখিরা — এরা নিছক র্পেকথার প্রাণী নয়। এরা হল কল্যাণের প্রতিম্তি। প্রতিদিন পারিপাশ্বিক জগতে নতুন নতুন জিনিসের সন্ধান নিয়ে আসে। প্রতিটি আবিন্কারের পরিধান হয় রুপ্রকথা, আরু সেই সব রুপ্রকথার প্রতা — শিশ্বো। রুপ্রকথার ভাবম্তি শিশ্বদের জন্মভূমির সৌন্দর্য উপলব্ধিতে সাহায্য করে। রুপ্রকথার কল্যাণে, কল্পনা আরু স্ভির কল্যাণে জন্মস্থানের বে সৌন্দর্য উদ্যাটিত হয় তা মাতৃভূমির প্রতি ভালোবাসার উৎসম্বর্গ। মাতৃভূমির মহিমা ও পরাক্রম সম্পর্কে বেধে ও অনুভূতি মানব্যনে ধীরে ধীরে দেখা দেয় আরু নিজম্ব উৎসেব বলেই তার সৌন্দর্য। যে সব তর্ন শিক্ষারতী ছোট ছোট ছেলেমেয়েনের শিক্ষা দিছেন তাঁদের একটি পরাম্প্রিত চাই:

আপনারা যখন জন্মভূমির — সোভিয়েত ইউনিয়নের মহিমা ও পরাক্রম সম্পর্কে আপনাদের প্রথম কথা উচ্চারণ করবেন তখন ভেবেচিন্তে, বিচারবিবেচনা করে সেই মুহুত্টির জন্য শেশুকে তৈরি করে নেবেন। মুখের কথাকে মহৎ অনুভূতিতে অনুপ্রাণিত হতে হবে, সঞ্জীবিত হতে হবে (লোকের কছে বাড়াবাড়ি ঠেকে ঠেকুক, আপনার অনুভূতি যদি নিমাল ও সম্মত হয় তাহলে এর জন্য ভয় পাবেন না)। কিন্তু আপনার মুখের এই কথা যাতে শিশু হদয়ে মুহুতের মধ্যে স্পন্দন তুলতে পারে তার জন্য — অলংকারের ভাষার বলতে গেলে — শিশুকৈতনার ক্ষেত্র স্বাহের কর্ষণ করে তাতে সৌন্দর্যের বীজ বপন করা অবশ্যকতবা।

শিশ্ব যেন সৌন্দর্য অন্তব করতে পারে, তাতে প্রাকিত হতে পারে, যে রুপে মাতৃভূমি মূর্ত হরে ওঠে তা যেন চিরকালের মতো তার হদয়ে, তার স্মৃতিতে থেকে যায়। সৌন্দর্য হল মন্যুড্রে, মানুবের সং অনুভূতির, হদয়ের সম্পর্কের মূলকথা। আমার আনন্দ হয় তোলিয়া, স্লাভা, কোলিয়া, ভিতিয়া ও সাশার কঠোর হদয় ধীরে ধীরে কোমল হয়ে আসতে দেখে। আমার ধারণা হল সৌন্দরের সামনে বিসময়বাধ, হর্ষাবেশ, হাসি যেন শিশ্বহৃদয়ে প্রবেশের পথ।

'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের জবিনে সময়ের কোন কড়াকড়ি বাঁধন ছিল না। ছেলেমেয়েরা কতক্ষণ মৃক্তাঙ্গনে থাকবে তার ঠিক ছিল না। স্বচেয়ে বড় কথা — শিশ্বদের যেন একঘেয়ে না লাগে, যেন শিশ্বমন বিষয় হয়ে সেই মৃহ্বতিটির অপেক্ষা না করে যখন শিক্ষক বলবেন: 'এবাবে বাড়ি যাও!' পর্যবেক্ষণের বিষয়ের প্রতি, যে কাজে শিশ্বা ব্যস্ত তার প্রতি শিশ্বদের আগ্রহ যথন তীর হয়ে ওঠে, আমি চেণ্টা করতাম ঠিক সেই মৃহ্তে আমাদের স্কুলের কাজ শেষ করার। ছেলেমেরেরা অধীর আগ্রহ নিয়ে আগামীকালের প্রতীক্ষায় থাকুক, আগামীকালে তাদের জন্য নতুন নতুন আনন্দের প্রতিশ্রতি বহন করে আন্মৃক, স্থা যে রুপোলি ফুলাক মাটিতে ছড়িয়ে দিছে রাতে তারা তার স্বশ্ন দেখুক . শিশ্রেরা একদিন মৃত্তাঙ্গন বিদ্যালয়ে থাকে ১ থেকে দেড় ঘণ্টা, অন্য দিন হয়ত ৪ ঘণ্টা — সবই নির্ভার করে শিক্ষক আজ ছেলেমেয়েদের কতটা আনন্দ দিতে পারলেন তার ওপর। আরও একটি অত্যন্ত গ্রেম্পত্র্ণ ব্যাপার হল এই যে প্রতিটি শিশ্র যেন আনন্দ উপযোগ করা ছাড়াও আনন্দ স্কৃতি করতে পারে, শিক্ষার্থিদলের জাবনে রাথতে পারে নিজের স্কৃতির অন্তত এক কণা অবদান।

সে বছর শরংকালে দীর্ঘদিন ঈষদ্বয়, শ্বকনো আবহাওয়া ছিল, অক্টোবরের মাঝামাঝি সময় পর্যন্ত গাছের পাতা হলদেটে হয় নি, কয়েকবার বছ্রধর্বনি হয়, মনে হাছিল য়েন গরমকাল ফিরে আসছে, সকালে ঘাসের ওপর শিশিরবিশন্ চকচক করত। ফলে আমাদের কাজের অন্বক্ল পরিছিতি গড়ে উঠল। করেক বার আমরা 'আমাদের' টিলায় আসি, মেঘের রাজ্যে 'শ্রমণ করি'। এই ঘণ্টাগ্রলি শিশ্বদের মনে অবিশ্মরণীয় ছাপ রেথে য়য়। সাদা সাদা, ফুর্রোফুর্রা মেঘথণ্ড তাদের কাছে ছিল আশ্চর্ম আবিশ্বারের জগং। মেঘের থেয়ালা, দ্বত পরিবত্তনশীল য়্পের মধ্যে ছেলেমেয়েরা দেখতে পায় জভুজানোয়ার আর র্পকথার দত্তি্য-দানবদের। শিশ্বকণ্না দ্বত পক্ষবিশ্বরী পাথির মতো উড়ে চলে মেঘের ওপারের দ্র দেশে, নীল সম্বুদ্ব আর বনের ওপারে, দ্রের অজানা দেশে

দেশে। আর এই পাথা মেলার মধ্যে উল্জ্বল হয়ে উদ্ঘাটিত হতে থাকে শিশ্ব ব্যক্তিগত জগং। আকাশে খেয়ালী মেঘথণ্ড ডেসে চলেছে।

'তোমরা কী দেখছ এর ভেতরে?'

'টোকা মাথায় এক ব্জো রাখাল লাঠিতে ঠেস দিয়ে দাঁড়িয়ে আছে,' ভারিয়া বলল। 'ঐ যে দেখন, ওর পাশে ভেড়ার পাল। সামনে খাড়া শিংওয়ালা ভেড়া, তার পেছনে ভেড়ার বাচ্চা। …আর ব্ডোর সঙ্গে ঝুলছে একটা থালি, থালি থেকে কী যেন বেরিয়ে আছে।'

'এটা ব্বড়ো নয়,' আপত্তি করে বলল পাভ্লো। এ হল বরফ-ব্রড়ি, যেমন ম্তি আমরা বরফ দিয়ে গড়ি শীতকালে। দেখন, দেখনে, ওর হাতে ঝাঁটা। আর মাথায় মোটেই টোকা নয়, বালতি।'

'না, এটা বরফ-ব্রিড় নর, থড়ের গাদা,' ইউরা বলল। 'গাদার ওপর থড় তোলার লাঠি হাতে দুই রাখাল। দেখ্ন, নীচে খড় ফেলছে আর ওখানে গাড়ি। ভেড়া আবার কোথায়? ভেড়া নয়, গাড়ি। আর ওটা হল জোয়াল, শিং নয়।'

'এ হল একটা মন্ত বড় খরগোশ। আমি স্বপ্লে ও রকম খরগোশ দেখেছি। আর নীচে মোটেই গাড়ি নয়, খরগোশের লেজ।'

আমার ইচ্ছে, সকলেই যেন কলপনা করে, কিন্তু কোলিয়া, পলাভা, তোলিয়া, মিশা কেন যেন চুপ করে থাকে। বয়স্করা, থারা শিশুদের আমোদপ্রমোদে মাতামাতি করাকে নিজেদের মর্যাদাহানিকর বলে মনে করে, তাদের মুখে যেমন কৃপাস্চক নাছিল্যের ভাব ফুটে ওঠে, কোলিযার মুখেও তা লক্ষ্য করে বেদনায় আমার হৃদয়টা কুলেড়ে গেল। কী ব্যাপার? এর আগে

ত আমি সোলামের মুগ্ধতার ছটা ওর চোখে দেখেছি!.. তখনও আমি এই নিয়ে তেমন একটা ভাবি নি, কিন্তু আমার উপলব্ধি বলল: যতক্ষণ না শিশ্বকে শিশ্বস্কুলভ আনন্দে আগ্রহী করে তোলা যাচেছ, যতক্ষণ না তার চোখে অকৃত্রিম প্রুলক জেগে উঠছে, যতক্ষণ না বালক শিশ্বস্কুলভ চাপল্যে আগ্রহ বোধ করছে ততক্ষণ তার ওপর শিক্ষাম্কাক প্রভাবের কোন কথা বলার অধিকার আমার নেই। শিশ্বকে হতে হবে শিশ্বস্কুলভ।

...র পকথা শন্নতে শন্নতে শন্ত ও অশন্তের সংগ্রামের উপলব্ধি যদি তার না ঘটে, যদি খাদির ঝলকের পরিবর্তে তার চোখেম্থে ফুটে ওঠে অবজ্ঞার ভাব তাহলে ব্রুতে হবে শিশ্মনের কোথাও কোন ভাঙ্গন ধরেছে, তখন শিশ্মনকে সংশোধন করতে গেলে প্রভূত শক্তি প্রয়োগ করা দরকার।

এই ত দিগন্তে দেখা দিল অপর্প মেঘের রেশা, দেখতে উ'চু উ'চু দেরাল আর চৌকিমিনারে ঘেরা অপর্প প্রাসাদের মতো। শিশ্বকল্পনা প্রাসাদের অপ্পত্ট দেহরেখাকে পর্ণ অবরব দান করে, ইউরা ইতিমধ্যে বলে চলেছে মায়ারাজ্যের র্পকথা। তিন ভূবনের পারে সেই রাজ্য। সে বলে দৃষ্ট ডাইনী বৃড়ি বাবা-ইয়াগার কথা আর যে মহাবীর স্ক্রেরিক বাঁচায় তার কথা। এদিকে ভিতিয়ার কল্পনায় গড়ে ওঠে আরেক র্পকথা। আমাদের দেশের সাঁমানার ওপারে, পাহাড়-পর্বতের মাঝখানে কোথায় যেন থাকে এক ভয়ন্কর জাঁব, সে ফ্রেরুর মতলব আঁটে। কল্পনার পাখা বালককে নিয়ে যায় উড়ো-জাহাজে চাপিয়ে, সে জাহাজ মৃহতের মধ্যে পোঁছবতে পারে সেই গর্হার ওপরে, যেখানে বাস করে ঐ অশ্ভ শক্তি, ধরণস করতে পারে অকলাণেকে, পূর্থবীতে প্রতিঠা করতে পারে চিরশান্তি।

তারপর আমি বিবরণ দিই দ্র গ্রীষ্মপ্রধান দেশের, বলি চিরগ্রীষ্ম আর অপর্প নক্ষরপ্রের কথা, আসমানী রঙা সম্দ্র আর তব্বী তমাল-তালের কথা। এখানে বাস্তবের সঙ্গে র্পকথা বিজড়িত হয়ে যায়, আমি দ্রে জগতের বাতায়ন যেন সামান্য খুলে দিই। আমি বিবরণ দিই প্থিবী ও নানা জাতির, সাগর ও সহাসাগরের, উত্তিদজগৎ ও প্রাণিজগতের, প্রাকৃতিক ঘটনার।

বলতে শারা করি সেই জগতের কথা যেখানে মানাষ মানাষকে দাসম্বৰন্ধনে আবদ্ধ করে রাখে। মেহনতীদের, বিশেষত শিশ্বদের দঃখদ্দশায় স্পন্ট ছবি থেকে শিশ্বটেতন্য আলোড়িত হয়ে ওঠে এই ভেবে যে জগতে শুভ ও অশুভের নিদারুগ সংগ্রাম চলছে, আর আমাদের জনগণ হল মানুষের সূথ, সম্মান ও মুক্তির সংগ্রামী। অমি চেণ্টা করি যাতে আমার প্রতিটি পালিত সন্তান ছোট বয়স থেকে সামাজিক অকল্যাণের বিরুদ্ধে — মানুষে মানুষে শোষণের বিরুদ্ধে আপসহীন মনোভাব পোষণ করে, যাতে আমাদের দেশ বিশ্বের প্রথম মাক্ত-শ্রমের দেশ হিশেবে তার অপরিসীম অনুরাগ অর্জন করে। আমার কাছে শিক্ষাক্ষেত্রে অতি গরেত্বপূর্ণ কর্তব্যগ্রালর একটি হল এই যে শিশ্রটেতনো অকল্যাণ কোন বিমূর্ত শক্তি না হয়ে যেন দ্বনিয়ার সমস্ত সং মান্ববের অনিষ্টকর বাস্তব শক্তি হয়ে দেখা দেয়। আমি শিশ্বদের বলতাম সেই সব দেশের কথা যেথানে সম্পদ মাজিটমেয় পাঞ্জিপতি ও জমিদারদের কৃক্ষিগত, যেখানে মেহনতী মান্য ন্যুনতম প্রয়োজনের সামগ্রী থেকে বঞ্চিত। 'সামাজ্যবাদ' নামে বিমার্ত ধারণা যাতে শিশারা হদয়ক্ষম করতে পাবে তাব জন্য আমাৰ কোন ব্যস্ততা ছিল না। সময় হলেই তারা তা হদরঙ্গম করতে পারবে। যে বয়সের কথা আমি বলছি সেখানে স্পেন্ট উপস্থাপনা ও সেই উপস্থাপনার হৃদরগ্রাহী বর্ণিমা চূড়ান্ত তাৎপর্য বহন করে।

শিশ্বদের সমস্ত আনন্দ-বেদনার ভাগীদার হয়ে শিক্ষক যে বিবরণ দেন তা হয় শিশহের পরিপর্ণ ব্লিষ্ব্ত, তার সমৃদ্ধ অন্তর্জাবন বিকাশের অপরিহার্য শর্ত। এই সব বিবরণের শিক্ষামূলক ভাৎপর্য এখানেই যে শিশুরা তা শোনে এমন পরিবেশে বখন জন্ম নেয় রপেকথার কলপ্ম,তি: শান্ত সন্ধ্যায়, যখন আকাশে জনলে ওঠে প্রথম তারাদল: বনের মাঝখানে, ক্যাম্পফায়ারের সামনে, আরামদায়ক কুটিরে, উন্ননের ধিকিধিকি কয়লার আঁচে, যখন জানলার বাইরে ঝরঝর ধারে ঝরছে শরতের বারিধারা, বিষয় সার তুলেছে ঠাণ্ডা বাডাস। বিবরণ হওয়া চাই উজ্জ্বল, বর্ণাঢ্য, নাতিদীর্ঘা, অসংখ্য তথ্য চাপিয়ে দেওয়া, রাজ্যের ধারণা শিশ্যদের মনে পারে দেওয়া ঠিক নয় — তাতে বিবরণের সংবেদনশীলতা ভোঁতা হয়ে যায়, তখন আর কিছুতেই শিশুর উৎসাহ জাগিয়ে তোলা যায় না। শিক্ষাদাতাদের কাছে আমার পরামর্শ হল এই: শিশ্বদের অনুভাত, বোধশক্তি ও কল্পনাশক্তির উপর প্রভাব বিস্তার কর্ন, অস্থাম জগতের বাতায়ন ধারে ধারে উন্মুক্ত কর্ন, তাকে সঙ্গে সংস্কৃ সম্পূর্ণ খুলে দেবেন না, এমন প্রশন্ত স্বারে পরিণত করবেন না যার ভেতর দিয়ে আমাদের ইচ্ছার অজ্ঞাতে. বিবতে বিষয়ে মান্ধ হয়ে শিশারা ধাবিত হবে — গড়িয়ে পড়বে গোলকের মতো। ...তারা প্রথমে বহুসংখ্যক বস্তুর সামনে বিদ্রান্ত হয়ে পড়ে: এগালি বছুত তথনও তাদের অজানাই থেকে গিয়ে অতঃপর পরিণত হয় তাদের অভান্ত বন্তুতে, শুন্যুগর্ভ শব্দে — এর বেশি কিছু নয়।

মুক্তাঙ্গন বিদ্যালয় আমাকে শেখায় কী ভাবে শিশ্বদের

সামনে পারিপাশিক জগতের বাতায়ন খ্লতে হয়, আর জীবনের এই শিক্ষা ও জ্ঞান আমি সকল শিক্ষকের কাছে পোছি দিতে চেণ্টা করি। আমি তাঁদের পরামর্শ দিই, শিশ্দের ওপর অজস্র ধারায় জ্ঞান বর্ষণ করবেন না, পাঠের সময় অধ্যয়নের বিষয় সম্পর্কে বলতে গিয়ে আপনারা য়া য়া জানেন তার সময়টা বলার চেণ্টা করবেন না — অজস্র জ্ঞানের চাপে পড়ে অনুসারিংসা ও কোতত্বল নণ্ট হয়ে যেতে পারে। শিশ্বে সামনে পারিপাশিক জগতের কোন একটি য়াচ বিষয় উদ্ঘাটন করতে জানা চাই, তবে এমন ভাবে উদ্ঘাটন করবেন বাতে শিশ্দের সামনে জীবনের একটি খণ্ডাংশ রামধন্র সাতরঙে রঙিন হয়ে দেখা দেয়। শিশ্ব য়া জানতে পারল সেই বিষয়ে যাতে বারবার ফিরে আসার ইচ্ছে তার হয় সেই জন্য স্বসময় বিবরণ খানিকটা অসম্পূর্ণ রেখে দিন।

মান্বের চিন্তাজগতের সাফল্যের কোন সাঁমা-পরিসাঁমা নেই।
দৃষ্টান্তস্বর্প, মান্ব অসংখা বই রচনা করেছে। কোন একটা
বইরের সোল্দর্য, জ্ঞানগর্ভাতা, চিন্তার গভাঁরতা শিশ্বদের সামনে
তুলে ধর্ন, কিন্তু এমন ভাবে তুলে ধর্ন যাতে প্রতিটি শিশ্ব
পড়তে ভালোবাসে, যাতে প্রতিটি শিশ্ব কারও সাহায্য ছাড়াই
গ্রন্থ-সম্দ্রে সাঁতার দিতে প্রন্তুত থাকে। শিশ্বরা পারিপাশ্বিক
জগতের ফে-সমন্ত বিষয় ও ঘটনা স্বচক্ষে দেখে সে সম্পর্কে
তাদের উল্জবল, সংক্ষিপ্ত, আবেগপ্রণ বিবরণকৈ আমা সবসময়
প্রাণোছল বাশার উৎস সন্ধানে 'পর্যটন' আখ্যা দিতাম। এই
'পর্যটন' সম্পর্কে আমার নিজ্ক্র ভাবনাচিন্তার ভাগ আমি
শিক্ষকদের দিতাম। প্রাথমিক গ্রেণীতে ফে-সমন্ত শিক্ষক পড়ান
তারা আমার দৃষ্টান্তে এই একই ধরনের 'পর্যটনে' নামলেন।
ক্রাসঘরের দ্বার উন্মৃত্ত করে দেওয়া হল, ছেলেমেয়েরা সব্জুজ

ঘাসের ওপর, নির্মাল বাতাসে বেরিয়ে আসতে লাগল। গ্রন্থপাঠ ও পাটীগণিতের ক্লাসগর্লাল, বিশেষত প্রথম ও দিতীয় শ্রেণীতে প্রায়ই চলতে লাগল নীল আকাশের নীচে। তার মানে বিদ্যাভ্যাস প্রত্যাখ্যান নয়, নিস্পর্য জগতে গ্রন্থ ও বিজ্ঞানের বর্জান নয়। বরং তার বিপরীত — এবং ফলে বিদ্যাচর্চা ঐশ্বর্যাশিতত হল, গ্রন্থ ও বিজ্ঞান জীবস্ত হয়ে উঠল।

প্রায়ই ক্লাদের পর প্রাথমিক শ্রেণীগর্নিতে শিক্ষাদানরত সব শিক্ষক টিচার্স-র্মে জমায়েত হতেন; পারিপান্থিক জগতের জ্ঞান, প্রকৃতি ও সমাজ সম্পর্কে জ্ঞানার্জন শিশারে কাছে যাতে একথেরে, নীরস ব্যাপারে পরিণত না হয় তারা জন্য কী করা যায় এই নিয়ে তাঁরা পরামর্শ করতেন। এই যৌথ স্ক্রনী প্রয়াসের ফলে জন্ম নিল এক নতুন চিন্তা — শিশারে কৃষিশ্রম প্রয়াসের ফলে জন্ম নিল এক নতুন চিন্তা — শিশারকে কৃষিশ্রম প্রয়াসের জ্ঞানদান, ধাঁরে ধারে আদর্শ ব্যাক্তদের কাজের পরিচয়দান। প্রাণোচ্ছল বাণীর উৎস সন্ধানে নিজেদের ছারছার্ত্রীদের 'প্রাটন' পরিকল্পনা কালে প্রাথমিক প্রোণীগর্নিত কর্মারত শিক্ষকেরা আমার পরামর্শক্রমে যে যে ধরনের কৃষিশ্রম বসন্তকালে, গ্রীভমকালে, শরংকালে ও শীতকালে ভাবনাচিন্তা ও বাচনিক্রিয়া বিকাশের পক্ষে ব্যবহারের স্বচেরে উপযোগী সেগানির সঙ্গে সংগ্লিট প্রাকৃতিক ঘটনা ও প্রাকৃতিক ঘটনাবলীর পরিধি নির্ধারণ করলেন।

## আমাদের 'দ্বপ্নপা্রী'

শকুল থেকে কিছ্ দ্রে, গ্লামের বাইরে সাছপালা ও ঝোপঝাড়ে ঢাকা বিরাট একটা খাত। ছোটদের কাছে এটা হল গভীর বন, রহসা আর অজানায় পরিপূর্ণ। একদিন আমি খাতের গায়ে গ্রহার প্রবেশ মুখ লক্ষা করলাম। দেখা গেল গ্রার ভেতরটা প্রশস্ত, তার দেয়ালগ্রেলা খটখটে মজব্ত। আরে

এ যে রীতিমতো রক্ষভাণ্ডার দেখছি! এটাই হবে আমাদের

স্বপ্নপ্রী' আমি যখন ছেলেমেয়েদের প্রথম গ্রহায় নিয়ে
এলাম তখন ওদের আনন্দ দেখে কে! বাচ্চারা কলরব করে

উঠল, গনে গাইল, একে অনাকে চে'চিয়ে ভাকাডাকি করল,
ল্কোচুরি খেলল। ঐ দিন আমরা মেকেয় শ্কেনো ঘাস
বিছালাম।

প্রথমে আমরা স্লেফ এই রহস্যময় রাজ্যকে উপভোগ করতে লগেলাম, তাকে বসবাসের উপযোগী করলাম, আরামপ্রদ করে তুললাম: দেয়ালে গোটা করেক ছবি আঁটলাম, প্রবেশপথ বড় করলাম, একটা ছোট টেবিল বানালাম। সময় সময় খাতে উন্ন জনালানো যায় সেই উদ্দেশ্যে একটা উন্ন বানানোর প্রস্তাবে বাকারা সানশে সায়ে দিল।

আমরা চুলির জন্য গভীর গত খ্রুজাম, চিমনির জন্য একটা ছিদ্র করলাম। বাড়তি মাটি, কাদামাটি ও ইট বয়ে আনলাম। সোজা পরিশ্রমের কাজ নয়, কিন্তু আমাদের মনে মনে শবার ছিল — চুলি হবে। দ্'সপ্তাহ লাগল আমাদের ওটা বানাতে। সকলেই কাজে ডুবে গেল; আমাদের দলের কাজের প্রতি যাদের উদাসীন্য আমাকে ভাবিয়ে ডুলেছিল সেই কোলিয়া, স্বাভা ও তোলিয়া — এরা পর্যন্ত দ্বের সরে থাকতে পারল না। এখন তাদের চোখ উৎসাহে ঘন ঘন ঝকঝক করতে লাগল, কাজের প্রতি তাদের উৎসাহ-উদ্দীপনায় কিছ্বতেই আর ভাটা পড়ে না। সাশা, ল্যুদা ও ভালিয়ার মতো যাবা লাজ্বক, ভীর্ ও দ্বিধাগ্রস্ত স্বাভাবের — তারাও এই আকর্ষণীয় কাজে উৎসাহ বোধ করল। আমার আরও বেশি করে দৃঢ়ে প্রত্যয় হল যে দলের আবেগ-উন্দীপনাময় অবস্থা — আনন্দ ও প্রেরণাদীপ্ত অবস্থা হল এক বিপল্ল মানসিক শক্তি, যা শিশ্বদের সকলকে ঐক্যবদ্ধ করে, দলের সকলে যে কাজ করে তার প্রতি উদাসীনদের মনে উৎসাহ জাগায়।

অবশেষে আমর চুল্লিতে আগন্ন ধরালাম। শন্কনো ডালপালা দিবি দাউ দাউ করে জনুলে উঠল। ধরণীর বৃক্তে সন্ধ্যা নেমে আসে। আমাদের এই আশ্রয়টা আলোকিত, আরামের। খাতের ঢাল গাছপালা ও ঝোপঝাড়ে ঢাকা, আমরা সেদিকে তাকিয়ে থাকি; ওখান থেকে, রহস্যময় নিবিড় অরণ্য থেকে আমাদের সামনে দেখা দেয় রুপকথার কলপম্তিরা। ওরা যেন আমাদের মনে করিয়ে দেয়, আমাদের অন্বোধ করে: আমাদের কথা বল। গাছপালা ও ঝোপঝাড় গোধ্বিলর ঈষৎ স্বচ্ছ ধোঁয়ায় ছেয়ে যায়, সে ধোঁয়ার রং নীলাভ, তারপর তা হয়ে যায় বেগনি। এই ধোঁয়ার মধ্যে গাছপালার দেহরেখাগ্রলি যে রুপে ধরা দেয় তা একেবারেই অপ্রত্যাশিত।

এই ধরনের মৃহত্তের্ণ শিশ্বরা সোৎসাহে কল্পনার জাল বোনে, রূপকথা বানায়।

'খাতের ঢালে ছড়ানো ছিটানো গাছগ্নলো দেখতে কিসের মতো বল ত?' আমি প্রশ্ন করি — শিশ্বদের উদ্দেশে ততটা নয়, যতটা আমার নিজের ভাবনার উদ্দেশে। আমার মনে হয় ওরা বেন শ্যামল জলপ্রপাত — প্রবল বেগে খাত থেকে নীচে ঝরে পড়তে পড়তে এখন জমে গেছে, পরিণত হয়েছে মরকতের কিংবা আগ্রেয় শিলার বিশাল মা্তিতে। আচ্ছা, আমি যে ভাবে ভাবিছি ছেলেমেয়েদের অন্তত একজনের চিন্তাও কি সেই ধারায় বিকাশ পাবে? সক্ষার এই মূহ্তিটিই হল সেই সময় যখন শিশ্বদের ভাবনাচিন্তার গতিবিধি লক্ষ্য করা যায়।

আমি লক্ষ্য করি একটি শিশ্বর চিন্তাভাবনার স্লোত বয়ে চলে দ্রত, উদ্দাম গতিতে, জন্ম দেয় নব নব রূপের, আরেকজনের চিন্তাভাবনা হয়ত বয়ে চলছে জলভারে পরিপূর্ণ প্রশস্ত নদীর মতো; সে নদী বিশাল, তার গভীরতা রহসাময়, কিন্তু গতি তার মন্থর। এমন কি স্লোত আছে কি নেই লক্ষ্যই করা যায় না, কিন্তু সে নদী প্রবল, আদমা, নতুন গভের্ছ তার মূখ ফেরানো যায় না: অথচ অন্য ছেলেমেরেদের ভাবনার দ্রুত, স্বচ্ছন্দ ক্ষিপ্র প্রবাহকে যেন বাধা দেওয়া যায় আরে বাধা পাওয়ার সঙ্গে সঙ্গেই তা ধাবিত হবে নতুন খাতে। শুরা গাছপালার মাথায় দেখতে পেল গোরার পাল, কিন্তু যেই সেরিওজা জিজ্ঞেস করল, 'ওরা তাহলে চরে কোথার? ওখানে ত আর ঘাস নেই!' — অমনি শ্রোর ভাবনা বয়ে চলল নতুন খাতে: তখন আর গোরা নয়, ওগালো হল মেঘ -- মেঘের দল রাতে বিশ্রাম করার জন্য মাটিতে নেমে এসেছে। ইউরার চিন্তাও ঠিক এই রকমই তাভাতাভি উড়ে যায়। এদিকে মিশা ও নিনা চুপচাপ, একাগ্র মনে তাকিয়ে আছে — কী দেখছে ওরা? ইতিমধ্যে শিশকেল্পনার দৌলতে বেশ কিছা রূপ আমাদের চোখের ওপর দিয়ে ভেসে গেল, অথচ মিশ্য ও নিন্যর মাথে কোন কথা নেই। স্পাভাও চুপ করে থাকে। ওদের মাথায় কি সত্যি সত্যিই একটি ভাবনাও খেলল না? বাড়ি যাওয়ার সময় হয়ে এলো। এমন সময় সব ছেলেদের মধ্যে যে সবচেয়ে প্ৰলপ্ৰাক সেই মিশা বলে উঠল:

'এটা হল এক ক্ষ্যাপা ষাঁড়, শিং বাগিয়ে পাহাড়ের পাথরের গায়ে ঝাঁপিয়ে পড়েছে, কিন্তু ওটাকে পেরিয়ে যেতে না পেরে দাঁড়িয়ে পড়েছে। ঐ দেখ, যাঁড়টা এখন যেন ফু'সে উঠছে, এখনি খাতটাকে ঠেলে সরিয়ে দেবে।' যত মৃতি আমাদের সামনে ভিড় করে এসেছিল, সঙ্গে সঙ্গে সেগালি সব যেন উধাও হয়ে গেল। আমরা দেখতে পেলাম গাছের দঙ্গলের সঙ্গে যেন সত্যি সত্যিই অক্ষমতাজনিত ক্রোধে থমকে যাওয়া বাঁড়ের আশ্চর্য রকমের মিল আছে। ছেলেমেয়েরা কলরব করে ওঠে: ঐ যে যাঁড়টা খাতের তলে কী রকম শক্ত করে পায়ে ভর দিয়ে দাঁড়িয়েছে, দেখ, দেখ, ওর কাঁষটা কেমন বেঁকে গেছে — শিরাগালো বোধহয় কাঁপছে, আয় শিং মাটিতে বলিয়ে দিয়েছে।

ওঃ, ভেবে বার কারছে বটে মিশা! আমাদের মাথার ওপর যথন উচ্জ্বল, জীবস্ত মূর্তি একের পর এক আন্দোলিত হচ্ছিল তথন তার ভাবনার প্রবাহ বরে চলছিল নিজস্ব খাতে। সে মনোযোগ দিয়ে বন্ধদের কথা শ্রাছল, কিন্তু একটি রূপও তার মনে ধরে নি। বালকের কল্পনা অত্যুজ্জ্বল, সম্পূর্ণ পার্থিব। শিশ্র হয়ত জীবনে যা দেখেছে, যা তার চৈতন্যে ছাপ ফেলেছে তারই সাক্ষাৎ পেয়েছে। অথচ ভাবনাচিন্তায় মন্থরণতি এমন স্বল্পভাষ্টারা ক্রাসে কী অস্থাবিধায়ই না পড়ে! শিক্ষক যত তাডাতাড়ি সম্ভব তার কাছ থেকে উত্তর পেতে চান. শিশ, কী ভাবে কিন্তা করে তা ভাবার অবকাশ তাঁর নেই — চটপট উত্তর দিলেই — নন্বর। মন্থরগতি অথচ বিশাল যে নদী তার প্রবাহ দ্রত করা যায় না — এ খেয়াল শিক্ষকের আদৌ নেই। সে প্রবাহ তার নিজম্ব প্রকৃতি অনুযারী বয়ে চলুক না কেন, তার জল নির্দিষ্ট স্থানে ঠিকই পেণছাবে, কিন্ত তাড়া দিয়ে কোন লাভ নেই, সেই বিশাল নদীকে নদ্বরের বেরাঘাতে জ্বজারিত করে কাজ নেই কোন লাভ হবে না।

.. জন্ম থেকে পূর্ণতাপ্রাপ্তি পর্যন্ত — মানবদেহ বিকাশের পর্ব অন্যান্য জীবের দেহ বিকাশের তলনায় সর্বাপেক্ষা দীর্ঘকালীন। এই তথ্য নিয়ে প্রতিটি শিক্ষক ভাবেন কি? ২০ বছর বয়স পর্যন্ত, এমন কি তারও বেশি সময় মানবদেহের বৃদ্ধি, বিকাশ ও দৃঢ়তাপ্রাপ্তি ঘটে। মানবদেহ বিকাশপর্বের দীর্ঘন্থারত্বের মধ্যে নিহিত আছে প্রকৃতির বিপল্ল রহস্য। প্রকৃতি নিজেই যেন স্নায়্ব্যবন্থার — মন্তিশ্বের অর্থগোলকস্থিত স্বকের — বিকাশ ও দৃঢ়প্রতিশ্বার জন্য, তার কার্যকলাপ অন্শীলনের জন্য এই পর্বাটিকে ন্থির করে দিয়েছে। মান্য এই কারণেই মান্য হয়ে ওঠে যে স্কৃত্যির্কাল ধরে তাকে সায়া্ব্যবন্থার শৈশব পর্বেদ্ধ মধ্য দিয়ে, মান্তিশ্বের শেশব অবস্থার মধ্য দিয়ে, মান্তিশ্বের যেতে হয়।

শিশ্ব কোটি কোটি কোষকলা নিয়ে জগতে আবিভূতি হয়।

ঐ সমস্ত কোষকলা পরিবেশের আবেদনে স্ক্রে ভাবে সাড়া
দেয় এবং বিশেষ বিশেষ ক্ষেত্রে চিন্তাভাবনার কার্যপ্রণালী
প্রণেও সক্ষম। এই কোষকলাগ্রাল তার চৈতনার বস্তুগত
ভিত্তি রচনা করে। জন্ম থেকে বয়ঃপ্রাপ্তির সময় পর্যন্ত,
বয়ঃপ্রাপ্তি থেকে বার্যকা পর্যন্ত প্রকৃতি একটিও নতুন কোষকলা
যোগ করে না। রায়্বাবন্থার শৈশ্ব পর্বে চিন্তাশীল পদার্থের
কোষকলাগ্রালকে দৈনন্দিন সাক্রিয় কার্যকলাপ অনুশালন
করতে হবে আর এই অনুশীলনের বনিয়াদ হল গ্রহণক্ষমতা,
পর্যবেক্ষণ, অনুধান।

পারিপাশ্বিক জগতের ঘটনাবলীর মধ্যে যে কার্যকারণ সম্পর্ক আছে, তার মর্মাম্বেল প্রবেশের শিক্ষালান্তের আগে শৈশবে মননচর্চার পর্ব অতিক্রম করতে হবে। এই চর্চার অর্থা হল বস্তু ও ঘটনার কল্পম্বিতি গঠন; শিশ্ব জীবস্ত রূপে দেখে, অতঃপর কল্পনা করে, নিজের কল্পনার তার রূপে গড়ে তোলে। বাস্তব বিষয় দর্শন এবং মনে মনে কল্পম্বতি গঠন — ভাবক্রিয়ার এই দৃই পর্যায়ের মধ্যে কোন বিরোধ নেই। বাপকথার কলপমাতি শিশারো উপলব্ধি করছে, হদরঙ্গম করছে, তারা নিজেরাই তাকে আবার গড়ে তুলছে উজ্জ্বল বাস্তবতা-র্পে। কলপমাতি গঠন—এ হল এমন এক স্প্রশস্ত ভূমি যার উপর বিকশিত হয়ে ওঠে ভাবনার পর্যাপ্ত মুকুল।

ভাবনার শৈশব পর্বে মানুনক্রিয়াকে পারিপাশ্বিক জগতের জীবন্ত, উল্জান্ত, প্রত্যক্ষ বিষয়ের সঙ্গে যতদার সম্ভব ঘনিষ্ঠ সম্পর্কায<sup>ুক্ত</sup> হতে হবে। গোড়ায় কার্যকারণ-সম্পর্ক নিয়ে শিশ্যুর ভাবার দরকার নেই, সে কেবল জিনিসটাকে ভালো ভাবে দেখুক, তার ভেতরে নতুন কিছু আবিক্কার করুক। গোধালির আলো-আঁধারিতে বিজডিত গাছপালার মধ্যে ক্ষিপ্ত ষাঁডকে দেখতে পেজ: এটা নিছক শিশাকল্পনার খেলা নয়. ভাবনার শৈল্পিক উপাদান, কাব্যিক উপাদানও বটে। আরেকটি শিশ, সেই একই গাছপালার মধ্যে দেখতে পায় নিজস্ব ধরনের, অন্য একটা কিছু — সে সেই রুপের উপর আরোপ করে উপলব্ধি, কল্পনা ও চিন্তার ব্যক্তিগত বৈশিষ্ট্য। প্রতিটি শিশ্ব কেবল উপলব্ধিই করে না. আঁকে. রচনা করে, সাল্টি করে। শিশার বিশ্বদর্শন - স্বকীয় শিল্পকর্মা শিশার উপলব্ধ, সেই সঙ্গে তার সূত্র্ট রূপে — উল্জান্ত্র আবেগের বর্ণসূষ্মায় মন্ডিত। পারিপার্মিক জগতের রূপ উপলব্ধির সময় এবং তার সঙ্গে কল্পিত কিছু যোগ করার সময় শিশারা পরম আনন্দ উপভোগ করে। উপলব্ধির আবেগময় পরিতৃত্তি হল শিশরে সজনকমেরি মানসিক উদ্দীপনা। আমার গভীর বিশ্বাস এই যে হৃদয়াবেগের উদ্দীপনা ছাডা শিশ্মেন্সিডেকর কোষকলার স্বাভাবিক বিকাশ অসম্ভব।

.শাুরা হল শরংকালের দিন । আশ্চর্য রকমের উষ্ণ দিন।

আমরা এক জায়গায় বসে থাকতাম না, আমরা মাঠে মাঠে আর উপবনে হাঁটাহাঁটি করতাম, কেবল কদাচিৎ আমাদের সেই 'স্বপ্নপ্রবীতে' উ<sup>°</sup>কি মেরে দেখতাম। গাঁ থেকে দুই কিলোমিটার দুরে ছেলেমেয়েরা বার করল একটা টিলা, যেখান থেকে দেখা যায় বাগানে বাগানে ঢাকা গ্রাম, দূরে প্রান্তর, নীল নীল টিলা আর বনাণ্ডলের অপূর্ব দৃশ্য। বতোস অপূর্ব নির্মাল, স্বচ্ছ, মাটির ওপরে উডছে মাকডসার রাপোলি জাল, নীল আকাশের বাকে ঘন ঘন আবিভাবে ঘটছে বাস্যবদলকারী পার্থিদের ঝাঁক। আমাদের ছোট টিলাটির অদূরে ছড়িয়ে আছে উপবন, উপবনের প্রান্তে প্রচুর বনগোলাপের ঝোপ। ঘন লাল রঙের পর্টতির মতো বুনোফল, ডালপালায় ঝুলে থাকা মাকড়সার রুপোলি জাল আমাদের মুদ্ধ করল, প্রতিটি ঝোপের দেহরেখা আমাদের মনে গে'থে গেল. আমরা গ্রামের উপকণ্ঠের ছিমছমে পপলার গাছের সারি আর বাগান মনোযোগ দিয়ে লক্ষ্য করলাম। প্রতি দিনই শিশুরা কিছা না কিছা নতুন আবিস্কার করে, আমাদের চোথের সামনে সবাজ উপবন রক্তাম্বর ধারণ করন্স, পাতাগালি অপরাপ বর্ণের ঐশ্বর্যে ঝকমকিয়ে উঠল। এই সব আবিৎকার শিশাদের পরম পুলাকিত করে তোলে।

প্রাণোচ্ছল বাণী ও স্ক্লনী চিন্তার উৎস এত ঐশ্বর্থপূর্ণ ও অফুরান ছিল যে প্রতি হণ্টায় যদি আমরা একটি করে আবিহ্নার করতে পারতাম তাহলে সেগ্লিল বহু বছরের জন্য যথেষ্ট পরিমাণ হত। আমাদের সামনে লাল টুকটুকে ব্লোফলের গোছায় ছাওয়া ঝোপ, ফল থেকে ফলে মাকড়সার র্পোলি জাল, তার ওপর কাঁপছে ভোরের শিশিরবিন্দ্। বিন্দুগ্লোদেখাছে কাঁচা হল্দ রঙের। আমরা মৃশ্ব হয়ে ঝোপের সামনে

দাঁড়িয়ে থাকি, আমাদের চোথের সামনে ঘটে যায় আশ্চর্য ব্যাপরে: মাকড়সার জালের প্রান্তগর্নল থেকে শিশিরবিন্দর বেন জীবন্ত হয়ে নড়েচড়ে চলেছে, মনে হয় জালের মাঝখানের ঝুলন্ত জারগাটায় এসে গড়িয়ে পড়ছে, একটি শিশিরবিন্দর্ব আরেকটির সঙ্গে মিলেমিশে একাকার হয়ে যাচ্ছে, অথচ ওগ্রলো বাড়ছে না কেন, মাটিডেই বা পড়ছে না কেন? আমরা আমাদের পর্যবেক্ষণে মগ্ন হয়ে আছি: দেখা গেল শিশিরবিন্দর্গর্নল চটপট শ্রনিরে যাচ্ছে, চোথের সামনে আকারে ছোট হয়ে যাচ্ছে, তারপর একেবারে মিলিয়ে যাচ্ছে।

'স্বিয় শিশির খেয়ে ফেলেছে,' লারিসা ফিসফিস করে বলল। শিশ্বকম্পনার গড়া এই রুপ ছেলেমেয়েদের আকর্ষণ করল, দেখতে দেখতে জম্ম নিল নতুন এক রুপকধা।

পারিপার্শ্বিক জগৎ যার উৎস, সেই প্রবল প্রেরণা সম্পর্কে আমি যত তাড়াতাড়ি সম্ভব শিক্ষকদের জানতে চাই। আমি তাঁদের এই পরামর্শ দিই যে ভাবনার প্রথম শিক্ষা ক্লাসর্মেনা হয়ে, ক্লাসের র্যাকবোর্ডের সামনে না হয়ে হওয়া উচিত প্রকৃতির মাঝে। আরও একটি কথা বলতে চাই: যথার্থ চিন্তা সর্বদাই রোমাণ্ডকর অনুভূতিতে পরিপ্রণ ; শিশ্ব যে মুহ্রের্তে শব্দের সোরভ অনুভূব করে সঙ্গে সঙ্গে তার হদয়ে সণ্ডিত হয় প্রেরণা। মাঠে যান, পার্কে যান, চিন্তার উৎস থেকে পান কর্ন, এই জিয়ন বারিই আপনাদের শিক্ষার্থীদের করে তুলবে জ্ঞানী গবেষক, অনুসন্ধিৎস্ক, কোত্ত্তিল মান্ত্র ও কবি। আমার বারবার এই দ্ট্রিশ্বাস জেশ্মেন্ডে: কাব্যিক ও হৃদয়াবেগপ্রণ নান্দনিক প্রবাহ ছাড়া শিশ্বের প্রণমান্তার ব্যক্ষিব্রির বিকাশ অসম্ভব। শিশ্বিন্ডার প্রকৃতি নিজেই কাব্য স্থিতির দাবি করে। সৌন্দর্ম ও প্রাণবন্ত চিন্তা স্থা ও ফুলের

মতোই অঞ্চান্ধি সম্পর্কাণিবত ৷ কাব্যস্থিত শ্রুর্হয় সোন্দর্যদর্শন থেকে। প্রকৃতির সোন্দর্য উপলব্ধিকে তীব্র করে, স্জনী চিন্তাকে উদ্বৃদ্ধ করে, কথাকে ব্যক্তিগত আবেগ অন্বভূতি দিয়ে পরিপর্শে করে তোলে মান্য কেন শৈশবেই মাতৃভাষার এও বেশি সংখ্যক শব্দ আয়ত্তে আনে? তার কারণ এই পর্বেই তার সামনে প্রথম উল্মৃত্ত হয় পারিপাশ্বিক জগতের সৌন্দর্য। তার কারণ প্রতিটি শব্দে সে কেবল ভাবনারই সন্ধান পার না, সৌন্দর্যের স্কুল্লাতিস্কুল্ল আমেজও অন্ভব করে।

### দ্বাস্থ্যের উৎস — প্রকৃতি

অভিজ্ঞতা থেকে আমাদের এই দ্যুবিশ্বাস জন্মেছে যে অসফল সমস্ত শিক্ষাথাঁর মধ্যে প্রায় ৮৫ শতাংশের পিছিরে থাকার করেণ হল খারাপ শ্বাস্থ্য, কোন না কোন রক্ষের অস্কৃষ্টতা কিংবা ব্যাধি, যে ব্যাধি অধিকংশ ক্রেট্রে আকিঞ্চিংকর এবং একমার মা-বাবা, চিকিৎসক ও শিক্ষকের সম্মিলিত প্রয়াসে সর্যেরে তোলা যায়। শিশ্বদের সজীবতা ও প্রাণচঞ্চলতার জন্য হদ্যক্র ও রক্তবাই ব্যবস্থা, শ্বাসনালী, পাকস্থলী ও অক্রের অস্কৃষ্টতা ও ব্যাধি গোপন থাকে, অগোচরে থাকে এবং প্রায়শই তা রোগ হয়ে প্রকাশ না পেয়ে স্বান্থ্যের স্বাভাবিক অবস্থার বিচ্যুতি হয়ে দেখা দেয়। দীর্ঘকালীন পর্যবেক্ষণে দেখা গেছে যে যাকে আমরা চিন্তাশন্তির ধীরগামিতা বলি বহু ক্লেয়েই তা হল সাধারণ অস্কৃষ্টার পরিণাম, কোন শারীরতত্ত্ব্যটিত পরিবর্তন অথবা অর্ধগোলকের প্রকে যে কোষকলাসমূহ আছে তাদের কার্যপ্রণালী ব্যাহত ইওয়ার ফলও নয়। কোন কোন শিশ্বর অস্কৃষ্টতা শিশ্ব নিজেও অন্বত্ব করে না। কোন কোন শিশ্বর

অবশ্য পীড়াজনিত ফেকাসে চেহারা, ক্ষুধামান্দ্য লক্ষ্য করা যায়। খাওয়ার ব্যবস্থা সামান্য ভালো করতে গেলেই শরীরে ফুসকুরি ওঠে। অতি খ্লিনাটি বিশ্লেষণেও কিছু পাওয়া যায় না: সবই যেন ঠিক চলছে। অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় দীর্ঘ সময় ঘরে থাকার ফলে দৈহিক উপাদান-বিনিময়ে যে ব্যাঘাত ঘটে তার দিকে আমরা মনোবোগ দিই না। এই ব্যাঘাতের ফলে শিশ্য মন্তিক্চালিত একাগ্র প্রমের ক্ষমতা হারয়ঃ

কোন কোন শিশাকে দেখতে সাস্থ মনে হলেও তাদের কাজ মনোযোগ দিয়ে লক্ষ্য করার পর প্রচ্ছত্র কোন অস্কুস্থতার সন্ধান পাওয়া যেতে পারে। আরও একটি কোঁতহেলজনক ব্যাপার এই যে প্রচ্ছন্ন অসুস্থতা ও ব্যাধি বিশেষ করে প্রকট হয়ে পড়ে তখনই যখন শিক্ষক ক্লাসের প্রতিটি মূহুর্ত কঠিন বুদ্ধিচর্চায় পরিপূর্ণ করে তোলার চেন্টায় থাকেন। 'ক্লাসের একটি মুহুর্তাও নন্ট করা চলবে না' – শিক্ষকের এই মনোভাবের সঙ্গে কোন কোন শিশ্ব একেবারেই তাল রেখে চলতে পারে না। আমার দঢ়ে ধারণা হয় যে এই দ্রুত গতিরু সঙ্গে তাল রাখা সাধ্যাতীত এবং তা সম্পূর্ণ সাস্থ ছেলেমেয়েদের পক্ষে পর্যন্ত ক্ষতিকরেক। বুল্লিব্যত্তির উপর অতিরিক্ত চাপের ফল এই যে ছেলেমেয়েদের চোখ নি•প্রভ হয়ে যায়, দুখি ঝাপসা হয়ে আসে, তাদের গতিভঙ্গি হয় নিস্তেজ। শিশ্যর তথন আর কিছুই করার ক্ষমতা থাকে না, তার একমার দরকার হল তাজা বাতাস, অথচ শিক্ষক তাকে জাতে রেখেছেন আর 'জল্দি, হট্ হট্' বলে তাড়া দিয়ে চলেছেন।

'আননদ নিকেতনে' কাজ করার প্রথম করেক সপ্তাহ আমি শিশ্বদের স্বাস্থ্য লক্ষ্য করে দেখলাম। সব ছেলেমেরেই গ্রামে, প্রকৃতির কোলে মানুষ হয়ে উঠলে কী হবে তাদের কেউ কেউ ফেকাসে, করেও কারও ব্বের গড়ন দ্বল। আর ভলোদিয়া, কাতিয়া ও সানিয়া ত বলতে গেলে অস্থিচর্মসার — এতই ওরা রোগা ও দ্বল। বাড়িতে প্রায় সকলেরই খাওয়া-দাওয়া ভালো: কোন কোন শিশ্বের ক্ষেত্রে দ্বর্ললতা ও রোগের প্রধান কারণ এই যে তারা বাস করত অনেকটা হট্ হাউস-এর পরিবেশে: কোথায় কথন সামান্য ঠাণ্ডা বাতাস লেগে যায় এই নিয়ে মায়েদের দ্বিশ্বভা। ছেলেমেয়েরা তাড়াতাড়ি ক্লান্ত হয়ে পড়ত। 'আনন্দ নিকেতনে' জীবনবারার গোড়ার দিকে তারা অতি কণ্টে কিলোমিটারখানেক পথ পাড়ি দেয়। এই ছেলেমেয়েদের মা-বাবায় ওদের ক্ব্ধামান্দের জন্য অভিযোগ করেন।

আমি মা-বাবাদের বুরিয়ে বললাম যে ঠান্ডা থেকে ছেলেমেরেদের যত আড়াল করে রাখবেন ততই ওরা দুর্বল হবে। গ্রমের দিনে শিশ্বদের থালি পারে স্কলে পাঠানোর সনির্বন্ধ অনুরোধ আমি জ্ঞানালাম, সকলেই তাতে রাজি হলেন। শিশ্বদের কাছে এটা ছিল বড় আনন্দের ব্যাপার। একবার আমরা মাঠে ঈষদুফ মুষলধার বর্ষণের মধ্যে পড়লাম। ছেলেমেয়েদের বাড়ি যেতে হল এখানে-ওথানে জমা জলৈর ওপর দিয়ে, মা-বাবাদের আশুকা সত্তেও কেউই কিন্তু অসুখে পড়ল না। আমাদের নিয়ম হল এই যে শরংকালে, বস্তুকালে ও গ্রীষ্মকালে দিনের বেলায় একটি মুহূর্ত ও ঘরে থাকা চলবে না। 'আনন্দ নিকেতনের' প্রথম ৩-৪ সপ্তাহ' ছেলেমেয়েরা প্রতিদিন ২-৩ কিলোমিটার পথ হাঁটত: পরের মাসে — ৪-৫ কিলোমিটার, ভূতীয় মা**নে** — ৬। এই সব হাঁটাহাঁটিই চল্ড মাঠে, তণভূমিতে, বনে, উপবনে। ছেলেমেয়েরা দিনে যে দ্রেছ অতিক্রম করত তা তাদের নজরে পড়ত না, কেননা কত কিলোমিটার পার হতে হবে সে বকম কোন লক্ষ্য তাদেব সামনে থাকত না। চলাচল, হাঁটাহাঁটি — এ ছিল অন্যান্য লক্ষ্য অর্জানের উপায়স্বর্প। শিশ্রের ইচ্ছে করে পায়ে হে°টে যেতে, যেহেতু সে নিজেকে জগতের আবিন্দারক বলে অন্ভব করে। শিশ্রেরা বাড়িতে আসত শ্রান্ত হয়ে, কিন্তু তারা সূখ পেত, তারা প্রাণেচ্ছলতার ভরপুর হয়ে উঠত।

নির্মাল বায়নুতে কয়েক কিলোমিটার পার হওয়ার পর, মাবার ভাষায়, ছেলেমেয়েদের রাক্ষসের মতো' খিদে পায়। ফেদিন ফেদিন আমি ছেলেমেয়েদের নিয়ে বনে যাওয়ার আয়োজন কয়তায়, ওদের বলতায় রুটি, পেয়াজ, নান, জল আর কয়েকটা কাঁচা আলা যেন সঙ্গে করে আনে। গোড়ায় মা-বাবাদের সন্দেহ হত: ছেলেমেয়েরা কি এ সব খাবে? আয়ে, ঘরে এর চেয়ে কত পর্টিটকর খাবারই খেতে চায় না! কিছু দেখা গেল, বনের ভেতরে রুটি, পিয়াজ, আলা — সবই দার্থ মুখরোচক খাবার। তাছাড়া ওদের কর্ষাও বৃদ্ধি পেল। যাদের স্বাস্থ্যের অবস্থা ছিল রাতিমতো কর্ণ, এক মাস বাদেই তাদের গালে গোলাপী ছোপ ধরল, মায়েরা বাচ্চাদের ক্র্যায় প্রশংসা না করে পারলেন না: খায়েরালিপনা গেছে, বাচ্চারা যা দাও তা-ই খায়।

গতির মধ্যে থাকা— শরীর পোক্ত করার অন্যতম গ্রেছপূর্ণ শর্ত। বাচ্চারা ছুটেছিন্টি করতে ভালোবাসে, খেলতে ভালোবাসে। ওদের জন্য খেলার চছর বানানো হল। খেলাখ্লা আর খোলা হাওয়ায় আমোদপ্রমোদের প্রয়োজনীয় সমন্ত ব্যবস্থা করা হল, কিন্তু আমার সাধ ছিল আরও কিছু করার। আমার ইচ্ছে ছিল শিশ্দের মেরি গো-রাউণ্ড ও দোলনার আযোজন করি, ইচ্ছে ছিল ছুটোছন্টির খেলাগ্রনি খেন র্পকথার সঙ্গে যুক্ত হয়, যেন তারা কল্পজগতের অভিজ্ঞতা লাভ করে। আমি ইতিমধ্যে আমাদের মেরি-গো রাউণ্ডের কাঠের চক্রের ওপর কু'জো ঘোড়া, হাতি, ছাইরঙা নেকড়ে ও ধ্ত শিয়ালের ম্তি কলপনা করতে লাগলাম; শিশ্ব কেবল দ্বলবেই না, সে যে কু'জো ঘোড়ার পিঠে কিংবা ছাইরঙা নেকড়ের পিঠে চেপেছে গার জন্য উত্তেজনাও অন্ভব করবে। এ সবই আপাতত পরিকলপনা, কিন্তু আমার দ্রু বিশ্বাস ছিল যে ছয় মাস বাদে, হয়ত বা এক বছর বাদে আমার উদ্দেশ্য সিদ্ধ হবে। মেরি-গো-রাউণ্ড জ্বড়ে বানানোর জন্য উপকরণ আমি যোগাড় করে ফেললাম। একথাও ভাবলাম যে শীতকালের জন্য ছেলেমেয়েদের প্রস্তুত করতে হবে, যাতে শীতকালে যত বেশি পারা যায় খোলা হাওয়ায় ভারা থাকতে পারে।

বেশ করেক বছর ধরে একটা প্রশন আমাকে ভাবিরে তোলে: বহু ছেলেমেরের দ্বিউশক্তি খারাপ কেন? কেন তৃতীয় শ্রেণীতেই শিশুকে চশমা পরতে হয়? বয়ঃকনিন্ঠ বহু শিশুকে লক্ষ্য করার পর এই সিদ্ধান্তে এলাম যে এর কারণ অতিরিক্ত পঠন ততটা নয় যতটা হল পথাব্যবন্ধার হুটি, বিশেষ করে ভিটামিনের ঘাটতি — শিশু শারীরিক দিক থেকে পোক্ত হয়ে ওঠে না, সহজেই সদিকাশিতে আক্রান্ত হয়ে পড়ে। এমন কিছু কিছু রোগ আছে ছেলেবেলায় যাদের কবলে পড়ে দ্বিউশক্তি ক্রিতগ্রন্ত হয়। সঠিক পথাব্যবন্ধা, খাঁটি খাবার, শরীর পোক্ত করা — এ সবই শিশুকে ব্যাধি থেকে রক্ষা করে, তাকে পারিপার্মিক জগতের সৌন্দর্য উপভোগের সূথে দেয়।

যুদ্ধ-পরবর্তী প্রথম বছরগ্রালতে বহু শিশ্রেই স্পন্টত সার্যবিক পাঁড়ার প্রবণতা ছিল। আমার কোন কোন শিক্ষাথাঁর (বিশেষত তোলিয়া, কোলিয়া, স্লাভা ও ফেদিয়ার) ক্ষেত্রে তা প্রকাশ পার বিষয়তায়, জীবনবিম্খতায়। আমি চেণ্টা করি যাতে শিশ্বদের চাপা স্বভাব, ভীর্তা, কুণ্ঠা, অস্তু ধরনের

লাজ্বকতা স্নার্থবিক প্রীড়ার আকার ধারণ না করে। যৌথ জীবনযাত্রা যাতে শিশুদের আনন্দ দেয় সেই উন্দেশ্যে আমবা, বিদ্যালয়ের প্রার্থামক শ্রেণীগর্বলিতে কর্মারত শিক্ষকেরা প্রায়ই নিজেদের মধ্যে পরামর্শ করে এই সিদ্ধান্তে আসি যে পরিবারে শিশুর জীবনে যে-সমন্ত দ্বঃখকত ও সংঘর্ষের সম্মুখীন হতে হয় স্কুলের পরিবেশে সেগ্রিলর উপশম ঘটানো বিশেষ গ্রুরুত্বপূর্ণ কাজ । সংবেদনশীল শিশুহদয়ে কোন অস্কুতার স্পর্শ যাতে না লাগে সেই উন্দেশ্যে শিক্ষকেরা জানার চেতা করেন কোন শিশুর মনে কী ঘটছে, কী রকম মন নিয়ে সে স্কুলে এসেছে । যদি দেখা যেত কোন শিশুর মনোজীবনে এমন কোন ঘটনার ছাপ পাওয়া যাছে যার প্রতি গভার মনোযোগ দেওয়া উচিত, তাইলে আমরা আমাদের 'মনঃসমীক্ষণ সেমিনার' নামে পরিচিত সভাগ্রিলতে সেই বিষয়ে আলোচনা করতাম । স্কুলের শিক্ষকদের উচিত শিশুর দ্বঃখকভের উপশম ঘটানো।

বিশেষত বেশি মনোযোগ দেওয়া দরকার সেই সব শিশ্বদের প্রতি যাদের মন শোকে-দ্বঃখে তেঙ্গে পড়েছে। তোলিয়া, সাশা, কোলিয়া, পেরিক ও শ্লাভার রায়্ম সময় সময় দারণে উত্তেজিত হয়ে পড়ে। ওদের যে কাউকে একটু ছ্বুতে গেলেই সে 'ফু'পিয়ে' কে'দে উঠতে পারে, কে'দে ভাসিয়ে দিতে পারে। কোন কোন দিন এমন হয় যে ওদের কোন প্রশ্নই করা যায় না। প্রভাব খাটানোর যে পজতি অন্যদের শিক্ষাদানের ব্যাপারে ফলপ্রস্ট্ তা এদের ক্ষেত্রে মোটেই গ্রাহ্য নয়। চিকিৎসকদের বৈজ্ঞানিক রচনাবলীতে আমি 'চিকিৎসাভিত্তিক শিক্ষাবিজ্ঞান' নামে এক ধারণার সন্ধান পেলাম। যে সমস্ত শিশ্বর পীড়াগ্রস্ত মানসিক অবস্থা আচরণের উপর ছাপ ফেলে তাদের শিক্ষাদানের

ম্লকথা এখানে মোটাম্নিট সঠিক ভাবে ব্যক্ত হয়েছে।
চিকিৎসাভিত্তিক শিক্ষাবিজ্ঞানের ম্লতত্ত্ব হল প্রথমত, যে
শিশ্বে পীড়াগ্রস্ত মন সহজেই আহত হয় তার প্রতি
সহান্ভূতিশীল হওয়া, দ্বিতীয়ত, বিদ্যালয়-জীবনের সমস্ত রীতি ও ব্যবস্থা এমন হওয়া উচিত যাতে বিষয় ভাবনা ও
দ'্শিচন্তা থেকে শিশ্বদের মন দ্বে সরিয়ে রাখা যায়, তাদের
মধ্যে প্রাণোচ্ছল অন্ভূতি জাগিয়ে তোলা যায়; তৃতীয়ত,
কোন অবস্থায়ই শিশ্ব যেন ব্রতে না পারে যে তাকে অস্ক্ষ্
মনে করা হচ্ছে।

স্কুন্সে ভলোদিয়া নামে একটি ছেলে ছিল, তার ছিল স্থায়বিক ক্ষোভোন্মাদনার প্র্বলক্ষণ। আমি অত্যন্ত উদ্বিগ্ধ হলাম এই কারণে যে মা-বাবা ছেলের গাণে মান্ধ। তাঁরা নিজেরাই নিজেদের এই বলে বাঝ দেন তাঁদের ছেলে অসাধারণ শিশা। আমার ভয় হত যে অনিবার্য কারণবশত মোহভঙ্গ শারে, হওরার সঙ্গে সঙ্গে মা-বাবার প্রতি, সাধারণভাবে গার্জুলনদের প্রতি ছেলেটির বিতৃষ্ণা বান্ধি পোতে পারে। আমার মতে, এই ধরনের শিশাদের চিকিংসার প্রধান উপার হল অন্য লোকজনের প্রতি প্রদ্ধাবোধ ও বিনয়ের শিক্ষাদান। ভলোদিয়া যাতে তার প্রতিটি অপেনজনের মধ্যে মান্ধকে অন্ভব করতে পারে আমি তার জন্য চেন্টা করতাম।

বে-সমস্ত শিশ্ব চিন্তার ব্যাপারে মন্থর, চাপা ধরনের চিকিৎসাভিত্তিক শিক্ষাবিজ্ঞানে তাদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে। হদ্যদেরর পেশী বা অন্দের রোগ চিকিৎসার ক্ষেত্রে যেমন গভীর মনোযোগ ও গৈর্যের দরকার অর্ধগোলকস্থিত মন্তিন্কের স্বকের কোষকলার নিস্তেজ ভেব ও নিক্ষিয়তার ক্ষেত্রেও তাই। তবে এই চিকিৎসার জন্য দরকার হাজার গ্রেণ বেশি সতর্কতা ও শিক্ষাকোশল, প্রতিটি শিশ্বর ব্যক্তিগত বৈশিষ্ট্য সম্পর্কে গভীর জ্ঞান।

## শিশ্বমাতেই শিল্পী

'আনন্দ নিকেতন' বিদ্যালয়ে ক্লাস শ্রে হওয়ার এক সপ্তাহ বাদেই আমি ছেলেমেয়েদের বললাম: 'কাল ডুইং খাতা ও পেশ্সিল নিয়ে এসো, আমরা ছবি আঁকব!' প্রদিন আমরা শ্কুলের লন্-এ বসলাম। আমি ওদের বললাম: 'নিজেদের চারদিকে চেয়ে দেখ। যা স্ক্রের দেখতে পাবে, যা তোমাদের সবচেয়ে বেশি ভালো লাগে তা-ই আঁক।'

আমাদের সামনে ছিল শরংকালের রোদে ঝল্মলে স্কুলের বাগান আর পরীক্ষাম্লক জমি। শিশ্রা কলরব করে উঠল: কারও ভালো লাগছিল সব্জ রঙের স্কুলর কুমড়ো, কারও — মাটিতে হেলে-পড়া স্বাম্খীর মাথা, কারও — পায়রার বাসা, কারও বা — আঙ্বরের থোকা। শ্রা আকাশে ভেসে-চলা হালকা ফুরো ফুরো মেঘখণেড ম্মা। সেরিওজার ভালো লাগছিল প্রুরের আয়নার মতো চকচকে জলের ব্কে হাঁসের দল। দাওেকার ইচ্ছে হচ্ছিল মাছেদের আঁকে — সে উৎসাহভরে বলল, একদিন কাকার সঙ্গে মাছ ধরতে গিয়োছিল: মাছ ওঠে নি, তবে মাছেদের 'থেলা' ওরা দেখেছে।

'আমি স<sub>ং</sub>যি। আঁকতে চাই.' তিনা বলল।

নিস্তন্ধতা নেমে এলো। বাচ্চারা একাগ্রমনে ছবি এ°কে চলল। অংকনশিক্ষার পদ্ধতি সম্পর্কে আমি অনেক পড়েছি, কিন্তু এখন আমার সামনে জীবন্ত শিশুরে দল। আমি দেখতে পেলাম যে শিশ্ব আঁকা ছবি, আঁকার প্রক্রিয়া – এ হল শিশ্বের অন্তর্জীবনের একটি কনা। শিশ্বের যে পারিপাশ্বিক জগৎ থেকে কোন কিছ্ এনে নিছক কাগজের ওপর ফেলে তা নয়, তারা সে জগতে বাস করে, সেখানে প্রবেশ করে, তারা যেন সৌন্দর্যকে উপভোগ করে। তানিয়া তার কাজে সম্পূর্ণ মগ্ন হয়ে আছে, মৌচাক আঁকছে, মৌচাকের পাশে — গাছ, তাতে বিরাট বিরাট ফুল, ফুলের ওপর — মৌমাছি, প্রায় মৌচাকের সমানই বিরাট। বালকের দ্ই গাল লাল টকটকে হয়ে উঠেছে, চোখে তার উৎসাহের দীপ্তি, দেখে শিক্ষকের বড় আনন্দ হয়।

শিশন্দের রচনা — তাদের অন্তর্জাবিনের গভীর বৈশিষ্ট্যপূর্ণ ক্ষেত্র, আত্মপ্রকাশ ও আত্মপ্রতিষ্ঠা — এতে উষ্প্রশ ভাবে উদ্যাটিত হয় প্রতিটি শিশন্ব ব্যক্তিগত মৌলিকতা। এই মৌলিকতাকে সকলের জন্য একমাত্র ও অবশ্যগ্রাহ্য কোন নিয়মের আওতায় ফেলা যায় না।

কোলিয়া বলল না তার কী ভালো লাগল, সে কী আঁকে এই ভেবে আমি উদ্বিগ্ন হই। ছেলেটির ড্রইং খাতায় আমি দেখলাম ভালপালাওয়ালা একটা গাছ, তাতে বড় বড় গোল গোল ফল — তার মানে আপেল গাছ; গাছটি কিরণমালায় আচ্ছল এক কাঁক ছোট ছোট তারায় ঘেরা, গাছের অনেক ওপরে — কান্ডের মতো চাঁদ। এই কোঁত্হলোদ্দীপক ছবির আড়ালে শিশ্রে কী ভাবনা ও অন্ভূতি বে নিহিত আছে তা জানতে আমার বড় ইচ্ছে হয় — কেননা আমি দেখতে পাছি, আমরা যথন আশেপাশের জগং লক্ষ্য করছিলাম তখন তার চোখে যে উৎসাহের দীপ্তি ফুটে উঠেছিল এবারেও তার ব্যতিক্রম ঘটে নি।

'আপেল গাছের ওপরে এই তারাগ্বলো কী?' কোলিয়াকে জিন্ডেস করলাম।

'এগংলো তারা নয়,' ছেলেটি বলল। 'এগংলো বংগোর ফুর্লাক চাঁদ থেকে বাগানে ঝরে পড়ে। চাঁদেরও ত দত্যি-কামার আছে, তাই না?'

'নিশ্চয়ই আছে,' আমি জববে দিই, সন্ধ্যার এই নিজনি মূহুতে যে চিন্তা বালককে আলোড়িত করে তোলে তাতে আমি অবাক হয়ে যাই। তার মানে সে রাতের আকশে তাকিয়ে দেখেছে, চাঁদের আলোয় মূল হয়েছে, আপেল গাছের ওপর অবেছা দীপ্তির এই রোমাঞ্চকর মণ্ডল লক্ষ্য করেছে।

'কিন্তু এই দত্যি-কামাররা রাতে আবার কোন স্বভার ওপর হাতুড়ির ঘা মারে?' ছেলেটি আপন মনে ভাবতে ভাবতে বলে। আমার মনে হল রাতের আকাশ, চাঁদের শ্লান দাঁপ্তি আর নক্ষরশভলীর সমবেত নৃত্য শ্যুতি থেকে উদ্ধারের ব্যাপারে সে যতটা বাস্ত শিক্ষকের প্রতি ততটা মনোযোগী নর। আমার ভর হল বালকের স্ভানী প্রেরণার বিঘা না ঘটাই। যেখানে যেখানে কল্যাণকর অন্ভূতির উৎস পচ্ছন্ন আছে, স্থিটকর্ম যে শিশ্মনে সেই সব গহনতম প্রদেশের উদ্যাটন ঘটায় তা আবিজ্ঞার করে আনশ্যে আমার হুদ্য নেচে উঠল। শিশ্বেক পারিপার্শ্বিক জগতের সোন্দর্য উপলব্ধিতে সাহায্য করার সঙ্গে শিক্ষক অজানতে এই স্থানগৃত্তি স্পর্শ করে যান!

লারিসার দৃষ্টান্তে আমি দত্যি-কামার আঁকতে লেগে গেলাম।
আমার মনে হচ্ছিল, আমি মন্দ আঁকি না। কামার দুজন
সত্যিকারের হার্ডাড় পিটিয়ের মতো হল, নেহাইও হল ডেমনি যেমন দেখা যায় যৌথখামারের কামারশালায়। আমি যে একজন
বয়সক লোক স্কে কথা ভূলে গিয়ে মনে এক আনন্দের অনুভূতি

পেলাম: আমার কামারোরা লারিলার কামারের চেয়ে অবশ্যই ভালো হবে। কিন্তু আমার আঁকা ছবি ছোটদের তেমন একটা দূর্ণিট আকর্ষণ করল না, অথচ লারিসাকে ঘিরে দেখা দিয়েছে গোটা একটা দঙ্গল। 'ও কী আঁকল?' আমি ভাবলাম। ছেলেমেয়েদের মাথার ওপর দিয়ে তাকিয়ে দেখলাম: শিশ্বর আঁকা ছবিতে তেমন কোন বৈশিক্টা আছে বলে ত মনে হল না. কিন্তু সবাই কেন মুগ্ধ, অথচ আমার ছবির দিকে কোন মনোযোগই নেই? মেয়েটির আঁকা ছবি আমি যত মন দিয়ে দেখি ততই স্পণ্ট হয়ে ওঠে যে ছোটদের বিশ্বদর্শন নিজস্ব ধরনের. তাদের শিলপর পায়ণের যে উপকরণ তার ভাষাও নিজস্ব, যত চেষ্টাই আমি করি না কেন এই ভাষা নকল করা আমার অসাধ্য। আমার দত্যি-কামারদের মাথায় সাধারণ টুপি, তাদের গারে অ্যাপ্রন, তাদের লম্বা লম্বা দাড়ি, পারে হাই বুট ৷ কিন্ত ওর আঁকা বিরাট বিরাট দুই কামারের মাথায় জাঁকাল চুল আর সেই চুলের রাশির চারধারে জ্বলছে ফুলকির জ্যোতি। তাদের দাড়ি — নিছক দাড়ি নয়, আগুনের কুণ্ডলী। বিশাল বিশাল হাতুড়ি মাথার প্রায় দ্বিগুণ। ...শিশুর কাছে এটা সত্যের বিচ্যুতি ত নয়ই, বরং জাজ্বল্যমান সত্য — শক্তিমান মানুবের মধ্যে ও প্রাকৃতিক অগ্ন্যংপাতের মধ্যে যে অকল্পনীয় শক্তি, কৌশল, রূপক্থাস্কভ সাধ্যরণ ধারণা নিহিত আছে সেই সত্য। শিশ্বক্পনার এই অপূর্বে ভাষার উপর আমাদের ভাষা, বয়স্কদের ভাষা চাপিয়ে দেওয়া উচিত নয়। শিশ্বরা নিজেদের মধ্যে তাদের নিজেদের ভাষায়ই কথা বলাক। প্রাথমিক শ্রেণীগ**্রলিতে কর্মারত শিক্ষকদের আমি বলি** শিশ্বদের অনুপাত, পরিপ্রেক্ষিত ও মাত্রা সম্পর্কে জ্ঞান দিন । এ সবই ভালো, কিন্ত সেই সঙ্গে শিশকেল্পনার পরিসরও দিন, রপেকথার আলোকে বিশ্বদর্শনের যে ক্ষমতা শিশ্বদের আছে তা বিনষ্ট করবেন না।

প্রতিটি শিশ্বই বলতে চায় সে কী এ°কেছে। আর এই সব বণনার মধ্যে মণিরত্নের মতে ঝলমল করে ওঠে উজ্জ্বল রুপ, উপমা। অঙ্কনবিদ্যা শিশ্বদের জ্যোভঙ্গির বিকাশ ঘটায়।

এখন আমরা মাঠে, বনে প্রায় স্বসময় যাই ডুইং খাতা আরু পেশিসল নিয়ে। স্কুলের ওপরের ক্লাসের ছেলেমেয়েরা বরঃকনিষ্ঠদের জন্য বানিয়ে দিল ছোট ছোট ডুইং খাতা, সেগালি ইছে করলে পকেটেও রাখা যায়। আমাদের স্কুলের জাবিনযাত্রা শার্র হওয়ার কয়েক মাস পরে, বসন্তকালে আমি এক বিরাট ডুইং খাতা বানালাম — তাতে যে-কোন ছেলেমেয়ে ইছে হলে আশেপাশের জগতে যা তার ভালো লাগে তা-ই আঁকতে পারত।

# জীবন্ত ও স্ফুন্দর জিনিসের প্রতি যত্ন

পারিপার্ষিক জগতের জীবন্ত ও স্কুন্দর জিনিসের প্রতি কোন কোন শিশ্বের উদাসীন্য আমাকে অত্যন্ত বিচলিত করে তোলে, শিশ্বদের আচরণে আপাত দ্বের্বাধ্য নৃশংসতার পরিচয় পেয়ে আমি উদ্বেগ বোধ করি। আমরা তৃণভূমির ওপর দিয়ে চলেছি, ঘাসের ওপর উড়ছে প্রজ্ঞাপতি, ভ্রমর আর ঝি'ঝি' পোকার দল। ইউরা একটা ঝি'ঝি' পোকাকে ধরল পকেট থেকে কাচের টুকরো বার করে পোকাটাকে আধাআধি কেটে ফেলল, তার নাড়িভু'ড়ি নিয়ে 'গবেষণা' করতে লেগে গেল। স্কুলের এলাকার একটা নিজন কোণে বহু বছর হল সোয়ালো পাখিদের

কয়েকটি পরিবারের বাস। একবার, আমরা সেখানে গেলাম, সোয়ালোদের বাসা নিয়ে কয়েকটি কথা বলেছি কি বলি নি অমনি দেখি শুরা পাখির বাসায় ঢিল ছু ডুল। আঞ্চিনায় যে সব স্কুর স্কুর ফুল জন্মায় শিক্ষার্থীরা সকলেই সেগালের যন্ত্র নেয়, কিন্তু ল্যাসিয়া কেয়ারির কাছে গিয়ে ফুল গাছ ছি'ড়ে ফেলল। স্বগ্রেল ঘটনাই ঘটে 'আনন্দ নিকেতন' বিদ্যালয়-জীবনের প্রথম পর্বে। সুন্দরের প্রতি শিশ্বদের মুগ্রতাকে কোন স্কুন্দর জিনিসের ভাগ্যের প্রতি উদাসীন্যের সঙ্গে জড়িত হয়ে থাকতে দেখে আমি বিদ্যিত হই। আয়ার শিক্ষাথাঁদের সঙ্গে সাক্ষাংকারের বহু, আগে থাকতেই আমার এই দুঢ় বিশ্বাস ছিল যে সোন্দর্যমানতা সাকুমার ব্যত্তির প্রথম অঞ্কুর মাত্র — তাকে বিকশিত করা দরকার, কার্যকলাপের প্রতি স্ক্রিয় প্রবণতায় পরিণত করা দরকার। বিশেষত আমি উদ্বেগ বোধ করি কোলিয়া ও তোলিয়ার আচরণে। কোলিয়ার ছিল চডাইয়ের বাসা ভাঙ্গার কেমন যেন এক প্রচন্ড উৎসাহ। অন্যদের কাছ থেকে শানতে পেলাম ভাঙ্গা বাসা থেকে সদ্যোজাত পাখির ছানরে মাটিতে পড়ে গেলে সে নাকি তাদের তেলকলের নর্ণমার পাইপের ভেতরে ফেলে দেয়। চডাইয়ের ছানারা অনেকক্ষণ ধরে চি'চি' করে আর কোলিয়া পাইপের গায়ে কান লাগিয়ে শোনে। কোলিয়া না হয় তাদের পরিবারে হিংসার রূপ দেখেছে. কিন্তু যে সব ছেলেমেয়ে স্বাভাবিক পরিবেশে বাস করে তাদের মধ্যেও শিশ্বসূত্রভ নৃশংসতার পরিচয় পাওয়া যায়। জীবন ও সোন্দর্যের প্রতি উদাসীন্য ও হিংসার এই সব 'ছোটখাটো' প্রকাশই কিন্তু ধীরে ধীরে অনুভূতিশূন্য নির্দয়তার আকার ধারণ করতে পারে। অথচ স্বচেয়ে দঃশ্চিন্তার কথা হল, এগালি যে কেন নিন্দনীয় তা শিশ্বরা ব্রুতে পারত না।

শিশ্বদের মনে উজ্জ্বল, উদার অনুভূতি কী ভাবে জাগিয়ে ভোলা যায়, কী ভাবে তাদের হৃদয়ে দড়প্রতিষ্ঠিত করা যায় প্রাণিজগৎ ও সুন্দরের প্রতি যত্নপরায়ণ মনোভাব, তাদের প্রতি হিতাকাঞ্জা? একবার মাঠে বেড়ানোর সময় আমরা ঘাসের মধ্যে একটা ভারতে পার্মিকে পেলাম, ভার একটা ডানা সামান্য কাটা। পাখিটা এক জায়গা থেকে আরেক জায়গায় ভানা ঝাপটে লাফিয়ে লাফিয়ে বেডাচ্ছিল, কিন্ত উডে যাওয়ার ক্ষমতা তার ছিল না। বাচ্চারা ওকে ধরে ফেলল। জীবনের এই ছোট পিশ্ডটা হাতে পড়ে ধুকপুক করতে লগেল, পঃতির মতো চোখ জ্বোড়া তার তখন ভয়ার্ত, সে তাকাচ্ছিল নীল আকাশের দিকে। কোলিয়া পাখিটাকে হাতের মুঠোয় ধরে চাপ দিল, পাখি কর্মণ কণ্ঠে চি'চি' করে উঠল। বাচ্চারা হেসে উঠল। 'আচ্ছা এই যে পাখিটাকে ওর জ্ঞাতিগোষ্ঠীরা সকলে ফাঁকা মাঠের মধ্যে ফেলে চলে গেছে. তার প্রতি একজনেরও কি কোন দরদ নেই?' এই ভেবে আমি ছেলেমেরেদের দিকে তাকালাম। লিদা, তানিয়া, দাশেকা, সেরিওজা ও নিনার চ্যেখে জল দেখা टकेटन ।

'প্রাখিটাকে কন্ট দিচ্ছিস কেন?' কর্ণ কণ্ঠে কোলিয়াকে বলল লিদা।

'তোর কি কন্ট হচ্ছে ওর জন্যে?' ছেলেটা জিজেরস করল। 'নে না, নিয়ে ওর সেবা কর,' এই বলে সে পাথিটাকে লিদার দিকে ছুংড়ে দিল।

'কষ্ট ত হচ্ছেই, আর সেবাও ধরব,' পাখিটাকে আদর ধরতে করতে লিদা বলল।

আমরা তথন বনের প্রান্তে। আমি ছেলেমেয়েদের বললাম যে শরৎকালে বাসাবদলকারী পাখিরা দ্বের পথ ধরে। ফাঁকা মাঠে রবে যায় দলছাড়া এক আধটা পাথি — ঐ পাথিটার ডানা থানিকটা কেটে গেছে, কোন হিংশ্র প্রাণীর নথরের কবল থেকে পাথিটা ক্ষত-বিক্ষত অবস্থায় ফস্কে পালিয়েছে। ...কিন্তু সামনে দার্ণ শীত বরফবড় আর হিম। এই ভার্ই পাথিটার অবস্থা কী হবে? বেচারি জমে যাবে। অথচ দেখ, ও কী চমংকার গান গায়, কান জম্ডানো গানে বসত্তে ও গ্রীজ্মে স্তেপ ভরিয়ে তোলে। ভারই হল স্থপ্তা । র্পকথায় আছে: 'স্বের্ক আগ্রন থেকে এই পাথির জন্ম।' আর তোমাদের মধ্যে কে না জানে, যখন দার্ণ হিম পড়ে আঙ্গ্রন জমে আড়ণ্ট হয়ে যায়, যখন কনকনে হাওয়ায় দম বন্ধ হয়ে আসে তখন কী বাথাই না লাগে। তোমরা তখন তাড়াভাড়ি বরিড্র দিকে যাও, চুল্লির গরম চাও, প্রাণ জম্ডানো আগ্রনের তাপ চাও। ...কিন্তু পাখি যাবে কোথায়? কে ওকে ঠাই দেবে? ও যে জমে বরফ হয়ে যাবে।'

'আমরা ওকে মরে যেতে দেব না,' ভারিয়া বলস। 'ওকে একটা গরম জায়গায় রাখব, বাসা বানিয়ে দেব, বসস্তের পথ চেয়ে থাকুক।'

বাচ্চারা হ্বড়োহ্বড়ি করে বলে যেতে লাগল কী ভাবে ভারই পাথির থাকার জায়গা তৈরি করবে। প্রভ্যেকেরই ইচ্ছে শীতকালে পাথিটাকে নিজের বাসায় নিয়ে গিয়ের রাখে।চুপ করে থাকে কেবল কোলিয়া, তোলিয়া এবং আরও কয়েকটি ছেলে। 'আরে শোন, ওকে বাড়িতে নিয়ে যাওয়ায় কী দয়কার? শ্রুলে ওর জন্যে গরম দেখে বাসা তৈরি করব, ওকে খাওয়ায়, সারিয়ের তুলব, আর বসস্তকালের নীল আকাশে ছেড়ে দেব।' আমরা পাথিটাকে শ্রুলে বয়ে নিয়ে এলাম, খাঁচায় রাখলাম, ছোটদের জন্য যে আলাদা ঘর ছিল সেখনে খাঁচটা রাখলাম।

রোজ সকালে বাচ্চাদের মধ্যে কেউ না কেউ পার্নিথর কাছে আসত। ছোটরা খাবার নিয়ে আসত।

কয়েকদিন বাদে কাতিয়া নিয়ে এলো একটা কাঠঠোক্রা পাথি।
বাবা পাথিটাকে বনের মধ্যে পান কোন হিংম্র জন্তুর খপ্পরে
সে পড়েছিল, কিন্তু আশ্চর্য ভাবে বেচে ধার। কাঠঠোক্রার
ডানা দ্বটো নিস্তেজ হয়ে ঝুলছিল, ওর পিঠে জমাট বেচ্ধে ছিল
রক্ত: ভার্ই পাথির সঙ্গেই ওকে রেখে দেওয়া হল।
কাঠঠোক্রাকে যে কী খাবার দিতে হয় তা কারোই জানা ছিল
না -- পোকামাকড় দিতে হয় নাকি? কোথায় খোঁজা বায় —
গাছের ছালবাকলের নীচে?

'আমি কিন্তু জানি,' বাহাদ্রী করে বলল কোলিয়া। 'ও কেবল পোকামাকড়ই খায় না, ভালোবাসে নতুন কু'ড়ি, ঘাসের বীজ। আমি দেখেছি…' ছেলেটা আরও কী যেন বলতে যাছিল, কিন্তু লম্জা পেয়ে গেল। বোধহয় ও কোন সময় কাঠঠোক্রা শিকার করেছে।

'তা বেশ ত, তুমি যখন জানই কাঠঠোক্রাকে কী ভাবে খাওয়াতে হয় তখন ওর জন্যে খাবার যোগাড় কর। দেখছ, ও কেমন করুণ ভাবে তাকাচ্ছে।'

কোলিয়া রোজ পাখির জন্য খাবার আনতে লাগল। প্রাণীর প্রতি মায়া কিন্তু তখনও তার ছিল না। বন্ধবান্ধবরা বলবে, ওঃ দ্যাথ দেখি আমাদের কোলিয়া কেমন ছেলে — পাখিদের কী খাওয়াতে হয় জানে। স্লেফ এই বাহাদ্রেরী পাওয়াতেই তার আনন্দ। স্কুমার ব্তির জাগরণ না হয় অহঙ্কার থেকেই শ্র্ হোক — তাতেও ক্ষতি নেই। ভালো কাজ অভ্যাসে পরিণত হোক, পরে তা হদমকে প্রবৃদ্ধ করবে।

আমার মনে পড়ল, তুমি কেমন মানুষ হতে চাও -- ছেলেদের

কাছে এই প্রশ্ন করে শত শত জারগা থেকে আমি উত্তর পেরেছি — আমি চাই আমার অনেক জোর হোক, আমি চাই সাহসী হতে, বাহাদ্রর হতে, ব্যক্ষিমান, চটপটে হতে, নিভাঁক হতে . কেউই কিন্তু বলে নি উদার হতে চাই। কেন শোর্য ও সাহসের মত্যে সদ্পর্ণের পশোপাশি উদারতা স্থান পায় না? কেন ছেলেরা তাদের দয়াপ্রণের জন্য লম্জা পর্যন্ত বোধ করে? অথচ উদারতা ছাড়া — একে অন্যকে হদরের যে অকৃত্রিম উষ্ণতা দান করে তা ছাড়া অন্তরের সৌন্দর্য সম্ভব নর। মেরেদের চেয়ে ছেলেদের দয়ায়ায়া কম কেন? — এই নিরেও আমি ভাবি। হয়ত এটা আমার মনের ভূল? না, ব্যাপারটা কিন্তু সতিয়ই। মেরেদের দয়ায়ায়া, সমবেদনা অনেক বেশি, তাদের মমতা অনেক বেশি হয়ত এই কারণে যে ছোট বয়স থেকেই অচেতন ভাবে তাদের মনে মাতৃত্বের সহজাত প্রবৃত্তি থাকে।

ফেদিয়া যে দিন সকালবেলায় ব্লুলে ওরিওল পাখি নিমে এলো সেই দিনটি ছোটদের কাছে হয়ে দাঁড়াল উৎসব বিশেষ। এই পাখিটারও কী কারণে বেন ওড়ার ক্ষমতা ছিল না। ফেদিয়া পদ্পালন খামারের কাছে ঝোপের মধ্যে ওকে পার। পাখির বহু বর্ণের স্কেদর পালক থেকে বাচ্চারা আর চোখ ফেরাতে পারে না। 'পাখিদের ডান্ডারখানায়' (বাচ্চারা তাদের ঘরের কোণটিকে এই নাম দেয়) আমাদের দিন কাটল। কোঁছয়া নিয়ে এলো একটা লিকলিকে, দ্বেলি চড়াইয়ের ছানা, ওটাকে সে কুড়িয়ে আনে পথের ধার থেকে। চড়াইছানাটা দানা, র্টুরির গ্রেড়া — কিছর্ই খার না। পাখির অস্থে ছেলেটার মন ভার হয়ে যায়। আমাদের চড়াইছানা মারা যেতে আমরা সবাই কছ্ট পাই। কোছয়া কে'দে ফেলে। মেয়েরঙে

কাঁদে। কোলিয়া বিষণ্ণ হয়ে থাকে, বিশেষ কোন কথাবার্তা বলে না।

আমার মনে পড়ল ইয়ান,শ কর্চাকের উক্তি: 'শিশ্বের উজ্জ্বল গণতন্ত শাসকমহল বলে কিছ্ব জানে না। খেতমজ্বের ঘাম, ক্র্যাপীড়িত সমবয়সী শিশ্ব তাকে অকালে ম্বড়ে দেয়, সেজানে থেতের ঘোড়া আর জবাই করা ম্রক্তার ভাগা। তার অন্তরঙ্গ হল কুকুর ও পাথি, সমান সমান — প্রজাপতি ও ফুল, আর পথেরে ও ঝিন্বকে সে দেখতে পায় তার সহোদরকে হঠাং কিছ্ব একটা হয়ে ওঠার দন্ত শিশ্বের কাছে অপরিচিত, সে তাই জানে না যে প্রাণ আছে কেবল মান্বের।' হ্যাঁ তাই কটে, কিন্তু উদারক্জাবের শিশ্ব আকাশ থেকে পড়ে না। তাকে শিক্ষা দিয়ে গড়ে তলতে হয়।

একবার গৈরিখাতে বেড়ানোর সময় ছেলেমেয়েরা একটা খরগোশছানাকে দেখতে পেল — ওর পা জখম হয়েছে। খরগোশছানাকে ওরা নিজেদের ঘরে বয়ে নিয়ে এলো, তাকে নতুন খাঁচায় রাখল। হল আরও একটি আরোগ্যশালা — পশ্-আরোগ্যশালা। এক সপ্তাহ বাদে লারিসা নিয়ে এলো একটা জিরজিরে বিড়ালছানা — ঠাশ্ডায় সেটা ঠকঠক করে কাঁপছিল। তাকে খরগোশছানার সঙ্গে একই খাঁচায় রাখা হল। বাচ্চাদের অনেক কাজ জন্টে গেল: ওরা খরগোশের বাচার জন্য গাজর আনে, বিড়ালছানার জন্য আনে দর্ধা একদিন সকালে আমরা যখন দেখতে পেলাম বিড়ালছানা আর খরগোশের বাচার একে অনের গায়ে ঠেস দিয়ে দিয়া ঘ্নমাক্ষে তখন ছেলেমেয়েদের যে আননদ হল তা ভাষায় প্রকাশ করা কঠিন। পাছে ওদের ঘুম ভেঙ্কে যায় এই ভয়ে বাচ্চারা ফিসফিস করে কথাবার্তা বলচিল।

শীতকালে 'পাথিদের ডাক্তারখানায়' দেখা দিল গুটিকয়েক নীলকণ্ঠ পাথি শীত্যাপনের জন্য যে সব পাথি আসে তাদের খাবার দেওয়ার একটা জায়গা আছে, তারই পাশ থেকে বাচ্চারা ওদের কুরিয়ে আনে। আরও একটি ঘটনায় আমি বড় আনন্দ পেলাম: কোন কোন বাড়িতে বাচ্চারা নিজম্ব 'পাখিদের ভাক্তারথানা' আর চিড়িয়াথানা বানিয়েছে। আর আমাদের ঘরে বথন ছোট ছোট মাছসমেত অ্যাকোয়ারিয়াম এলো তারপর থেকে ছেলেমেরেরা তাদের মা-বাব্যদের কাছে অন্যুনয়-বিনয় করতে লাগল: বাড়িতে অ্যাকোয়ারিয়ামের ব্যবস্থা কর। বহ মা-বাবা স্কুলে এসে জিজ্জেস করেন কী ভাবে এর ব্যবস্থা কর। থার। অ্যাকোরারিয়ামের জন্য মাছ আর উদ্ভিদ যোগাড় করা কঠিন। মাছের খাবারের ক্ষেত্রেও তাই। কিন্তু ছেলেমেয়ের। গোঁ ধরে থাকায় সব বাধাই অতিক্রম করা গেল: ওরা না মা-বাবাকে না আমাকে — কাউকেই শান্তি দের না। স্পাভা আর তিনার মায়েরা এলেন, বললেন ছেলেরা জ্বালিয়ে খাছে, বলে অন্যদের সোনালি মাছ আছে, আমাদের নেই। ওপরের ক্লানের ছেলেমেয়েদের কাছে সাহায্য চাইতে হল। সে সময় স্কুলে ওয়াকশিপ ছিল না, অ্যাকোয়ারিয়াম তৈরীর ঝামেলা ঘাড়ে পড়তে স্কুলের ছাত্রছাত্রীদের জন্য প্রথম ওয়াক্সপ বানাতে হল।

আমরা যখন ছোট্ট ল্যান্সের আলোর আলোকিত অ্যাকোরারিরামের সামনে বসে বসে মৃদ্ধ হরে সোনালি মাছ দেখতাম সেই সন্ধ্যাগন্তি কখনও ভোলা যার না। আমি ছেলেমেয়েদের সাগরের অতল গভের গলপ বলতাম, সামন্তিক প্রাণীদের অসাধারণ আকর্ষণীয় জীবন্যাতার বিবরণ দিতাম। স্কুল শেষ করার বহুকাল পরে, পূর্ণবিষ্ঠিক মানুষ হওয়ার পরও আমার

ছাত্রছাত্রীরা সারা জীবন এই সন্ধ্যাগর্নি স্মরণে রাখে। সম্প্রতি কৈনিয়া আমাকে বলে:

'ঐ ল্যাম্পটা প্রায়ই আমি স্বপ্নে দেখতান। তার আলো আমার কাছে ছিল জ্ঞানের প্রথম উৎস। আমার আরও বেশি করে জানার ইচ্ছে হত সম্দ্রের অতল গর্ভের রহস্য, আজব মাছেদের কথা।'

২৪ বছর বয়স্ক কোন মানা্র যদি এত আন্তরিকতা ভরে মাছ সম্পর্কে স্মৃতিচারণ করে তার মানে ব্যাপারটা ফেল্ন্য নয়। এ হল সাকুমার বৃত্তির অন্যতম ধারা। আমি নিম্পন্দ হয়ে অপেক্ষা করতে থাকি কখন পারিপার্শ্বিক জগতের সৌন্দর্য সবচেয়ে উদাসীন হুদয়কে উদ্বন্ধ করে তুলবে উদার অন্তর্ভাততে — মেহপরায়ণতার, সমবেদনায় ৷ শরংকালের প্রথম হিম পড়ার ঘটনাটি কখনও ভুলব না। আমরা বাগানে গোলাপ ঝাড়ের দিকে গেলাম, দেখতে পেলাম উজ্জাবল ফুটন্ড ফুল, কোমল পাপড়িগুলির উপর বিন্দু বিন্দু শিশির। ফুলটা আশ্চর্য উপায়ে ঠান্ডা হিমের রাতে বে'চে গেছে, আমরা ফুলটার দিকে তাকিয়ে তাকিয়ে দেখলাম, সকলেরই মন খারাপ হয়ে গেল এই ভেবে যে শিগ্গিরই হিমে এ সোদ্ধর্যর আর কিছ্র থাকবে না। কোলিয়ার চোথের ওপর আমার চোখ পড়ল: এই প্রথম আমি ওর চোখে দেখতে পেলাম বিপন্ন ভাব. উরেগের ছায়া — খাঁটি শিশাসালভ অনাভূতি। তারপর আমরা গেলাম হট্ হাউনে, যেথানে কয়েকটি টবে রাখা আছে আমাদের অপ্রের পক্ষে দ্বৈতি ফুলের গাছ 🥌 রডডেন্ড্রন, ক্যাক্টাস। ছোটু টকটকে ফুলের পাশে বসলাম — ক্যাক্টাস ফুটেছে। অনেকক্ষণ ধরে আমরা মৃদ্ধ হয়ে দেখলাম।

স্কেরের প্রতি যত্ন ধারে ধারে শিশ্বদের জাবনে স্থান পেল।

১৯৫১ সনের শরংকালের শেষ দিকে, যথন গাছপালা প্রশান্য হয়ে পড়ল, সেই সময় আমরা বনে গিয়ে একটা লিপ্ডেনের চারা তুলে নিয়ে এলাম, সেটাকে স্কলের এলাকায় বসিয়ে দিলাম। গাছটি হয়ে দাঁড়াল আমাদের বন্ধ। ওটা বেন একটা জীবস্ত প্রাণী, আমাদের যত্ন ও উদ্বেগ অনুভব করার, ভোগ করার ক্ষমতা খেন ওর আছে — এই ভাবে আমরা ওকে নিয়ে স্বপ্ন দেখতাম, কল্পনা করতাম, ওর সম্পর্কে রূপকথা রচনা করতাম। ঈষদুরু বৃতি যখন পড়ত তখন ছেলেমেয়ের। আনন্দ পেত: আমাদের বন্ধার আপ্রতা দরকার। আমরা দুর্ভবিনার মধ্যে থাকতাম যথন মাটি হিমে জমে যেত, মাঠের ওপর দিয়ে বয়ে যেত হাডকাঁপানো হাওয়া: আমাদের বন্ধার ঠান্ডা লাগছে। মেয়েরা কয়েকটি নলখাগড়ার ডাঁটা নিয়ে এসে গাছের কান্ডের চারধারে পেচিয়ে দেয়। বসন্ত আসার সঙ্গে সঙ্গে আমরা আমাদের বন্ধার কাছে ঘন ঘন যাতায়াত শার্ করলাম, উত্তেজিত হয়ে লক্ষ্য করতাম কচি পাতা বেরোচ্ছে কিনা। প্রথম কিশলয় শিশুদের মনে পরম পুলক সন্ধার করল: গাছটা বে'চে যাছে। গ্রীষ্মকালে আমরা আমাদের লিপ্ডেনে ভাল দিতাম।

নেহ' ও উদার্যের, সমবেত হিতৈষার যৌথ অনুভূতি — কী বিরটে শক্তিই না ধরে! এই অনুভূতি প্রবল ধারার মতো, পরম উদাসীনদেরও ভাসিরে নিয়ে যায়। কোলিয়া, তোলিয়া, স্লাভা ও পেত্রিক যে রকম উত্তেজিত হয়ে তাদের বন্ধ সব্জ লিশ্ভেনের কাছে যায়, জ্যাকোয়ারিয়ায়ে মাছদের খাওযাতে গিয়ে তাদের চোথ যেমন দীপ্ত হয়ে ওঠে তা দেখে আমার আনন্দ হয়।

শীতের হিমে ছোটু লিপ্ডেনের ঠাত্তা লাগবে ভেবে যাদের

বৃক এক সময় কে'পে উঠত তারা হয়ে উঠল সাবালক, পরিণত মান্ষ। আমাদের বন্ধ হল ডালপালাওয়ালা বিরাট গাছ। এখন তার কাছে তর্ণ-তর্ণীরা আসে, আসে অলপবয়সী মাবাবারা। তারা যখন তাদের শৈশবের সোনালি শরতের সম্তিচারণ করে তখন তাদের হাদয় উদার অন্ভূতির তরঙ্গে পরিপূর্ণ হয়ে ওঠে।

অভিজ্ঞতা থেকে এটাই প্রমাণিত হয় যে স্কুমার বৃদ্ধিগ্রনিল শৈশবেই দ্টেসংসক্ত হওয়া দরকার, আর মন্বাছ, উদার্য, স্নেহপরারণতা, হিতৈষা জন্ম নের প্রারপাধিক জগতের সোন্দর্য সম্পর্কে ভাবনাচিন্তা ও দ্বিশ্চন্তার মধ্যে, প্রমের মধ্যে । স্কুমার বৃত্তি, আবেগচর্চা — এ হল মন্বাছের কেন্দ্রবিন্দ্র । স্কুমার বৃত্তি বদি ছেলেবেলায় শেখানো না যায় তাহলে আর কখনই শেখানো যাবে না, কেননা খাঁটি মানবিক এই বৃত্তি প্রথম ও অতি গ্রুত্বপূর্ণ সত্য উপলব্ধির সঙ্গে সঙ্গে, মাত্ভাষার শন্দের স্কুমাতিস্কুমা ব্যঞ্জনা অন্ভবের সঙ্গে সঙ্গেই মনে গেথে যায় । শৈশবে মান্ধকে অবশ্যই অতিক্রম করতে হবে আবেগ-অন্ভুতি চর্চার প্রেঠশালা — স্কুমার বৃত্তিশিক্ষার পাঠশালা ।

### শ্রমজগতে আমাদের পর্যটন

'শ্রম বাতে শিশ্বদের অতি গ্রেছপূর্ণ মানসিক চাহিদা হয়ে দাঁড়ায় তার জন্য কাঁ করা বার?' — এই প্রশ্নাট আমাদের শিক্ষকদের সকলকে ভাবিত করে তোলে। প্রাথমিক শ্রেণীগর্বলিতে কর্মরত শিক্ষকেরা শিক্ষাদানের প্রথম দিন থেকে শ্রুলের বাগানে শিক্ষার জন্য নিদিশ্টি প্রীক্ষাম্বাক জমিতে সাধ্যমতো শ্রমনিযোগে শিশ্বদের আকর্ষণ করেন। আমরা একটা ছোটখাটো হট্ হাউস বানাই — সেখানে শিশ্বা শীতকালে কাজ করে। শিশ্ব-শ্রমকে কী ভাবে উচ্চ আদর্শগত প্রেরণায় অন্ব্রাণিত করা যায় এই বিষয়ে নিজেদের মধ্যে পরামর্শ করার পর শিক্ষকেরা ঠিক করলেন প্রতি বছর ফাশিস্ত জার্মানির বিরুদ্ধে বিজয়ের বার্ষিকী উপলক্ষেশ একটি করে ওক গাছ লাগাতে হবে! এটা হবে আমাদের আনন্দের জীবস্ত কালপঞ্জী।

কেবল নিসগ্জগৎ নয়, শ্রম, সৃজন ও গঠনের জগৎও যাতে শিশ্বদের ঘিরে রাখে তার মধ্যেও আমরা গ্রুর্ভপূর্ণ শিক্ষাম্পক কাজের সন্ধান পাই। মানবিক সৌন্দর্য উভজ্বলতম রুপে প্রকাশ পায় শ্রমে।

আমাদের 'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের শ্রমজগৎ 'প্রতিন' দ্ব্র হল। প্রথম 'প্রতিন' ছিল যৌথখামারের শস্যভাশ্ভারে। এই দিনটির কথা ছেলেমেয়েরা কথনও ভূলবে না। ওরা দেখতে পেল গমের রাশি — হাজার হাজার সেশ্টনার শস্য। যে সব মান্র উচ্চ পরিমাণে খাদ্যশস্য ফলার, ভানিয়ার বাবা ভাদের কথা আমাদের বললেন। কশ্বাইন চালক গ্রিগোরি আন্দেরমেভিচ বাজাদের মাঠে নিয়ে গেলেন — মাঠ গ্রামের পাশেই, শস্যভাশ্ভারের ঠিক পেছনে। তিনি বললেন: 'এই যে, এই একশ' হেজর খেতে আমি এ বছর চার হাজার সেশ্টনার ফলল ওঠাই। আর মোট দশ বছরে আমি আমার কশ্বাইন দিয়ে যে পরিমাণ ফলল ভূলোছ তা আলেক্সান্দ্রিয়ার মতো একটা শহরের প্রয়োজন মেটাতে পারে।'

এই বিশ্ববীক্ষা কেবল বৃদ্ধি দিয়ে নয়, হৃদয় দিয়েও বটে।

<sup>\*</sup> ১৯৪৫ সনের ৯ মে ফাশিস্ত জামানির বিবৃদ্ধে সোভিয়েত জনগুণের বিজয় উপলক্ষে প্রতি বছর বিজয় দিবস উদ্যাপিত হয়।

মেহনতী মানুষের সৌন্দর্য শিশ্বদের বিশ্বিত করে। মানুষের জনা গর্বে তাদের মন ভরে ওঠে। এই অনুভূতি আরও গভীর হয়ে দাঁডায় যথন শ্রমজগতে 'পর্যটনের' সময় ছেলেমেয়েরা তাদের মা-বাবাদের দেখা পায়। পশ্যপালন খামারে ওরা জানতে পারলা যে তানিয়ার মা দেড হাজর মানুমের জন্য দুধে সরবরাহ করেন। ঈষদক্ষে শরতের দিনে আমরা গেলাম যদ্র-নির্মাণের করেখানার। সেখানে ভালিয়রে বাবার সঙ্গে অয়েদের দেখা। তিনি ছেলেমেয়েদের নিয়ে গেলেন ঢালাইয়ের ওয়ার্ক'শপে — সেখানে গলানো হয় কাঁচা লোহা। মান্যৰ কঠিন পদাৰ্থকে পরিণত করছে লাল টকটকে আগুনের নদীতে, মানুষের ইচ্ছার্শাক্তিতে আর শ্রমে সে নদী পরিণত হচ্ছে ধাতুপিশেড — শিশারা যে-সমন্ত রাপকথা শানেছে, যে-সমন্ত রাপকথা তারা বানিয়েছে এটা সম্ভবত ছিল সেগর্মালর মধ্যে সবচেয়ে আকর্ষণীয়। আমার দেখে বড আনন্দ হল যে শিশ্বদের স,জনকর্ম নতুন এক ভাববস্তুতে পরিপূর্ণ হয়ে উঠেছে: যে-সমস্ত মহাবীর অগ্নিগর্ভ ধাতর নদী বানায় ছেলেমেয়েরা তাদের নিয়ে রূপকথা সূচিট করতে লাগল, ধাতবিদ শ্রমিকদের ছবি আঁকল: ঢালাই কর্মশালা প্রথম পরিদর্শন মনে অবিসমর্ণীয় ছাপ ফেলল। শিশুরা আগে যা দেখেছিল তা যেন এখন তারা দেখতে পেল নতুন দ,ন্টিতে: ধাতু যদি না থাকত তা হলে মান,ষ বাঁচতে পারত না, একদিনও পরিশ্রম করতে পারত না। প্রমিক, ধাড়বিদ, যন্দ্রনির্মাণকারী — এরা হল জীবনের প্রকৃত ম্রন্টা। তাদের প্রতি আমার শিক্ষার্থীদের গভীর শ্রন্ধাবোধ দঢ়ে প্ৰতিষ্ঠিত হল ৷

কারিগরদের সঙ্গে — গাড়ি ও ট্টাক্টর ডিপোব ফোরম্যান মিশ্রী ও টার্নারদের সঙ্গে আমাদের সাক্ষাংকারও চিত্তাকর্ষক হয়। এখানে ছেলেমেয়েয়া দেখতে পেল কী ভাবে ধার্তুপিণ্ড থেকে দ্রাক্টর ও কম্বাইনের পার্টস তৈরি হয়। লারিসার বাবার নিপ্রণ হাতে যে স্কু তৈরি হয় তা ছাড়া যক্ত কাজ করতে পারে না। ছেলেমেয়েয় র্জ্বখাসে দেখে তিনি কী ভাবে কাজ করেন। মান্বে-মান্মে সম্পর্ক, মান্বের সামাজিক জীবন সর্বোপরি উল্ঘাটিত হয় তার মানবকল্যাণধর্মী প্রমের মধ্যে। মান্বে অন্যের জন্য কী ভাবে পরিশ্রম করছে তার মধ্যেই প্রকাশ পার মান্বের মন্ব্যুছবোধ। আমার অন্যতম প্রাথমিক প্রয়াস ছিল থাতে শিশ্বদের পরিবেশের মধ্যে আমাদের সমাজতাক্তিক বাস্তব্যর এই দিকটার প্রকাশ ঘটে। আমি চেল্টা করি প্রকৃতির সৌন্দর্যের সঙ্গে যা যা সংশ্লিন্ট আছে কেবল তাই নয়, যা আমাদের দেশের নতুন মান্বের মর্মান্তিবর কেবল তাই নয়, যা আমাদের দেশের নতুন মান্বের মর্মান্তিবর থকা ভাবের মান্বের প্রতি সেই সেবার মনোভাবও যেন শিশ্বদের মৃত্র্যার করে, তাদের অনুপ্রাণিত করে। শ্রমজীবী মান্ব্যের প্রতি শিশ্বর ভালোবাসা — মান্বেরর নৈতিক গ্র্ণাবলীর উৎসা।

# নিসগ্-সঙ্গীত

সঙ্গীত, সন্বলহরী, গতিধন্নির সোন্দর্য — মান্বের নৈতিক ও মানসিক শিক্ষার গ্রেত্বপূর্ণ বাহন, হলরের মহত্ব ও মনের নির্মালভার উৎসম্বর্গ। প্রকৃতি, নৈতিক সম্পর্ক আর শ্রমের প্রতি মান্বের দ্ভি আকর্ষণ করে সঙ্গীত। সঙ্গীতের কল্যাণে কেবল পারিপাশ্বিক জগতের মধ্যে নয় নিজের মধ্যেও মান্বে চন্ত্ব করে উদাত্ত ভাব, মহিমা ও সৌন্দর্যের জাগরণ। সঙ্গীত হল স্বশিক্ষার এক শক্তিশালী বাহন।

একই শিক্ষার্থীদের কচি বয়স থেকে পরিণতি লাভের পর্ব

পর্যন্ত আজিক বিকাশ পর্যবেক্ষণের ফলে আমি এই ন্থির সিদ্ধান্তে এসেছি যে শিশ্বদের উপর সিনেমা, রেডিও, টেলিভিশনের স্বতঃস্ফর্ত, অসংগঠিত প্রভাব সঠিক নন্দনতাত্ত্বিক শিক্ষার সহারক ও হরই না, বরং তার ক্ষতিই করে বিশেষ করে ক্ষতিকর হল ঢালাও স্বতঃস্ফর্ত সঙ্গীতের প্রভাব। শিশ্বদের শিক্ষাদানের ব্যাপারে আমি যাকে অন্যতম গ্রেম্বপর্শ বলে মনে করি তা হল এই যে সাঙ্গীতিক রচনার উপলব্ধি পর্যায়ক্রমে চালিয়ে যেতে হবে এমন পটভূমিকা উপলব্ধির সঙ্গে, যেখানে মানুষ সঙ্গীতের সৌন্দর্য ব্রুবতে পারে, অনুভব করতে পারে। সেই পটভূমিকা হল মাঠ ও তৃগভূমির নীরবতা, ওক কাননের মর্মর্যধ্বনি, নীল আকাশে পাথির গান, পাকা গমের শীবের সরসের আওয়াজ, মৌমাছি ও ল্লমরের গ্রুনগর্ন ধ্বনি। এ সবই হল প্রকৃতির সঙ্গীত, সেই উৎসন্থল যেখান থেকে মানুষ স্রস্টিতর সময় আহরণ করে তার প্রেরণা।

সাধারণভাবে নন্দনতাত্ত্বিক উপলব্ধিতে এবং বিশেষত সঙ্গতি উপলব্ধিতে যা উল্লেখযোগ্য তা হল সেই মনস্তাত্ত্বিক অভিপ্রায়, যার দ্বারা শিক্ষক পরিচালিত হয়ে থাকেন সৌন্দর্যের জগতে শিশ্বদের দক্ষিদান কালে। আমার প্রধান অভিপ্রায় ছিল সৌন্দর্যের প্রতি আবেগপূর্ণ যোগস্ত্র স্থাপনের ক্ষমতা গঠনের এবং নন্দনতাত্ত্বিক প্রকৃতির কোন প্রভাবের ত্যাগিদ স্থিতির শিক্ষাদান। আমার দ্ভিতিত, শিক্ষাপন্ধতির গ্রের্ডপূর্ণ উন্দেশ্য এই যে স্কুল মান্দ্রকে স্কুদরের জগতে বাস করতে শেখাবে; মান্দ্র তথন সৌন্দর্য ছাড়া বাঁচতে পারবে না, জগতের সৌন্দর্য তার অন্তঃকরণেও স্তি করবে সৌন্দর্য।

'আনন্দ নিকেতন' বিদ্যালয়ে বেশি করে মনোখোগ দেওয়া হয় সঙ্গীত শোনার প্রতি — সাঙ্গীতিক বচনা আর নিস্পর্ণ- সঙ্গীত শোনার প্রতি। এক্ষেতে প্রথম কর্তব্য হয়ে দাঁড়াল স্কুরের প্রতি আবেগপূর্ণ প্রতিক্রিয়া জাগিয়ে তোলা, অতঃপর ধীরে ধীরে শিশঃদের বুঝিযে দেওয়া যে সঙ্গীতের সোন্দর্যের উৎস হল পারিপার্টিশ্বক জগতের সৌন্দর্য: সঙ্গীতের সূত্র যেন মানুষকে আহ্বান জানাছে: থাম, কান পেতে নিস্প-সঙ্গীত শোন, জগতের সোন্দর্য উপভোগ কর, তাকে স্বত্নে রক্ষা কর, তাকে বৃদ্ধি কর। দীর্ঘকালীন অভিজ্ঞতায় আমার দুট বিশ্বাস হয়েছে যে মান্ত্র যেমন মাতৃভাষা, তেমনি সঙ্গীতবিদ্যার অ আ ক খ'ও আয়ত্তে আনতে পারে — অর্থাৎ স্করের সোন্দর্য উপলব্ধির, বোঝার, অনুভবের, উপভোগের ক্ষমতা রাখে — একমাত্র শৈশবে। ছোটবেলায় যা হাতছাড়া হয়ে গেছে পূর্ণ বয়সে তা পরেণ কর। কঠিন, প্রায় অসম্ভব। শিশ্মেন বেমন মাডভাষার শব্দের প্রতি তেমনি সঙ্গীতের সারের প্রতিও সমান অনুভাতশীল। অতি শৈশবে সাঙ্গীতিক রচনার সৌন্দর্য যদি শিশ্বর হাদরে পেশৈছে দেওয়া যায়, শিশ্ব বদি ধর্নির মধ্যে মানবিক অনুভূতির বহু বিচিত্র আমেজ অন্তব করতে পারে তাইলে সে সংস্কৃতির এমন ধাপে উঠতে পারে যে ধাপে আর কোন উপায়ে পেণছনে সম্ভব নয়। সঙ্গীতের সংরের সৌন্দর্যবোধ শিশার সামনে উন্মাক্ত করে তার নিজন্ব সৌন্দর্য — ছোট মান্যুষ্টি অন্যুন্তব করে নিজের যোগ্যতা। সঙ্গতিশিক্ষা — সঙ্গতিশিল্পী হওয়ার শিক্ষা নয়, এ হল সর্বোপরি মানুষ হওয়ার শিক্ষা।

.. শরংকালের গোড়ার দিকে শ্বচ্ছ বাভাসে যথন প্রতিটি ধর্নি প্রথম শোনা যায়, তখন ছেলেমেয়েদের নিয়ে আমরা সক্ষার আগে পর্যন্ত সব্জ লন্-এ বসে থাকতাম। আমি বিম্শিক-কোসাকভের জার সালতানের রুপকথা অপেরা থেকে 'ছমরের আকাশস্ত্রমণ' অংশের সার ওদের শানতে দিলাম। সঙ্গীত শিশন্দের মনে আবেগদীপ্ত সাড়া জাগালে। ওরা বলল: 'ভোমরা কথনও এগিয়ে আসছে, কথনও দরের সরে যাছে। ছোট ছোট পাখিদের কিচিরমিচির শোনা যাছে...' আরও একবার বাজনাটা শানলাম। তারপর গেলাম মধ্যভরা ফুটস্ত ফুল দেখতে। শিশরো মোমাছি আর ভ্রমরের গ্লেন শোনে। ঐ ত ঝাকড়া চেহারার বিরাট ভ্রমরটা কখনও ফুলের ওপরে উঠছে, কখনও নামছে। শিশারা পরম পালকিত: আরে টেপে যে রকম সার বাজছিল এ প্রায় সেই রকমই! তবে সারকারের রচনার এমন একটা বিশেষ সোলদের দিয়োছেন। বাচারা আরও একবার টেপের বাজনাটা শানতে চায়।

একদিন বাদে আমরা সকালে ফুটন্ত মধ্যুভরা ফুলের জমিটাতে গোলাম। ছেলেমেরেরা মন দিয়ে মৌমাছিদের গা্পান, ঝাঁকড়া দ্রমরের গা্নগা্ন আওয়াজ ধরার চেন্টা করে। এর আগে পর্যন্ত তাদের কাছে যা ছিল সাধারণ ব্যাপার এখন তা খ্যুলে দিল সৌশ্বর্যের দ্বার — এমনই সঙ্গীতের শাক্তি।

আমি শোনানোর জন্য এমন সব বাজনা বাছতাম যেখানে শিশ্বদের বোঝার উপযোগী করে পশ্ট প্রকাশ পেরেছে তাদের আশোপাশে শোনা সরুর: পাখির কলতান, পাতার মর্মরধর্বান, বক্সধর্বান, নদীর কলধর্বান, বাতাসের হুহুবুধর্বান।
...এক্ষেত্রে আমি মান্তার ব্যাপারে সভেতন থাকতাম। আবারও বিলি, সঙ্গীতের মান্তাতিরিক্ত ধারা শিশ্বদের পক্ষে ক্ষতিকর; তাতে বিহ্বলতা দেখা দিতে পারে, অতঃপর মনের সংবেদনশীলতাই ভোঁতা হয়ে যেতে পারে। আমি মাসে দ্বিটর বেশি বাজনা শোনাতাম না, কিন্তু প্রতিটি বাজনা শোনানোর

সময় পরিচালনা করতাম বড় রকমের শিক্ষাকর্ম, যার উল্দেশ্য ছিল শিশুদের বারবার বাজনা শোনার ইচ্ছা জাগিয়ে তোলা, প্রতিবারই বাজনা শোনার সময় যাতে তারা রচনার মধ্যে নতুন সৌন্দর্য আবিষ্কার করতে পারে সেই দিকে লক্ষ্য রাখা।

আমরা ওক কাননের ভেতরে চলেছি। শেষ শরতের রোদ্রোল্জারুল শান্ত দিন, স্থোর কিরণে গাছপালার বহুবর্ণের সাজসম্জা জর্পছে, শরতের পাখিলের গান শোনা যাচ্ছে, ভেসে আসছে ট্রাক্টরের ঘর্ঘার আওয়াজ, আকাশে আসমানী রঙের মেলা — উড়ে চলেছে হাঁসের ঝাঁক। আমরা চাইকোভ্ন্কির 'শরতের গান (অক্টোবর)' শ্রান। হলদে রং ধরা ওক গাছের পাতার মৃদ্ শিহরণ, স্বচ্ছ বাতাসের স্বাস, পথপাশ্বের ম্লান ডেইজা ফুল — পারিপার্শ্বিক প্রকৃতির এই অন্পম সোল্দর্য শিশ্বের আগে লক্ষ্য করে নি, কিন্তু এখন সঙ্গীত তাদের সেই সোল্ধর্য উপলব্বিতে সাহায্য করে।

শিশ্বদের মেজাজ প্রফুল, তারা আনশ্দিত, কিন্তু গভাঁর স্ব্র দ্বিষয়তা সন্থার করে। ওরা অন্ভব করে মেঘবাদলের দিন ঘনিয়ে আসছে, ঘনিয়ে আসছে ঠাণ্ডা তুবার ঝঞ্জার দিন যথন তাড়াতাড়ি নেমে আসে সন্ধার আঁধার। সঙ্গাঁতের স্বরের প্রভাবে তারা গ্রান্থার সোন্দর্যের কথা বলে, সোনালি শরতের প্রথম দিনগর্বালর কথা বলে। প্রতিটি শিশ্বই উল্জব্ল, ব্যঞ্জনাময় কিছ্ব না কিছ্ব মনে করে রাখে, এখন গ্রান্থা ও শরতের র্প শিশ্বটৈতনা পরিপর্শ সোন্দর্য নিয়েদেখাদেয়।যেমন, লারিসা বলে: 'বাবার সঙ্গে খাতে গিয়েছিলাম, খাতের ঢালের গা সব্জ — কন, বন আর বন, রোদে ঝলমলে বন। কোথায় যেন ঘ্রঘ্ পাথি ডাকছিল। কী স্বন্দর, ওঃ কী স্বন্দর! ইচ্ছে হচ্ছিল কেবলই চলি, আর স্বায়া যেন সব সময়ই

আল্যে দেয়। ঘৃষ্, পাখি যখন ডাকে তখন মনে হয় গাছের পাতা আড়ণ্ট হয়ে কান পেতে শোনে।'

শুরা স্মৃতিচারণ করে বলল মা আমাকে মাঠে নিয়ে গিয়েছিলেন। মা কাজ করছিলেন কশ্বাইনের ধারে। কাকা কশ্বাইন চালান আমি কাকার সঙ্গে কশ্বাইনে বঙ্গে যাছিলাম। তারপর ঘুম পেরে গেল। মা আমাকে তাজা খড়ের গাদার রেথে দিলেন। আমি নীল আকাশের দিকে তাকালাম, আর অমনি ভেসে উঠল খড়ের গাদা, মাটিরা অনেক অনেক ওপরে উঠে গেল। আমি কখনও ছোটু পাখিটার দিকে এগিয়ে যাই — আর পাখিটা কেবলই আকাশে ঝটপট করে — কখনও আবার আমি তার কাছ থেকে দ্রের সরে যাই। আমার সঙ্গে সঙ্গে ভেসে বেড়ায় ফাড়ংরের দল — প্রেরে দল বে'ধে গান গায়, পাখিটার মুখোমর্থ ওড়ে। এই ভাবে আমি ঘ্রমিয়ে পড়লাম। জেগে যথন উঠলাম তখনও পাথিটা আকাশে ভানা ঝাপটাছে, আর ফাড়ংরেরা আরও জার গান ধরেছে।'

আমরা আরও একবার চাইকোভ্সিকর স্কুরটা বাজিয়ে শ্নলাম, আমি অনুভব করলাম শিশ্বা তার মধ্যে অবিস্মরণীয় প্রতিম ও শরতের সৌন্দর্য সম্পর্কে তাদের প্রাণের স্মৃতিচিত্রের সন্ধান পেয়েছে। শিশ্বা নতুন নতুন স্মৃতিকথা শোনে।

'আমি আর বাবা মিলে একগাড়ি খড় নিয়ে যাছিলাম। আমি খড়ের গাদার ওপর শুরের থাকি — আকাশে তারারা মিটমিট করেছে। মাঠে বটের পাখি গান ধরেছে। তারাগ্রলো এত কাছাকাছি এসে গেল যে মনে হল হাত বাড়ালেই ধরা যায়, যেন ছোট বাতি।'

এ হল জিনার স্মৃতিকথা। আমি শ্নতে শ্নতে অবাক হয়ে যাই। আরে এই জিনাই না সবসময় চুপ করো থাকত! ওকে মেরে কেটে ফেললেও কথা বার করা যায় না। অথচ গান কিনা তাকে দিয়ে কথা বলিয়ে ছাডল!

সঙ্গতি — ভাবনার শক্তিমান উৎসন্থল। সঙ্গতি-শিক্ষা ছাড়া শিশ্রে প্রকৃত মানসিক বিকাশ অসম্ভব। সঙ্গতির প্রাথমিক উৎস কেবল পারিপাছিক জগৎ নয়, স্বয়ং মান্ম, তার অন্তর্জাগৎ, মননিজয়া আর ভাষাও বটে। সাঙ্গতিক রুপ মান্বের সামনে বস্তু ও বাস্তব ঘটনার বিশেষত্ব অন্য ভাবে উদ্ঘাটন করে। সঙ্গতি শিশ্র সামনে নতুন আলোকে যে সব বস্তু ও ঘটনার উদ্ঘাটন ঘটায়, শিশ্র মনোযোগ যেন সেগর্লির উপর কেন্দ্রীভূত হয়, আর তার চিন্তা একে চলে উল্লাল চিত্র; সে চিত্র তথন হতে চায় বাঙ্ময়। শিশ্র জগতে নতুন নতুন ধারণা ও চিন্তাভাবনার উপাদান পেয়ে ভাষায় সাহায়ে স্কেনে রত হয়।

সঙ্গীতের সার শিশানের উজ্জান্ত ধারণায় প্রবাদ্ধ করে।
বাজিরাভির সাজনীশক্তি শেখানোর এ এক অতুকানীর বাহন।
গিগের সঙ্গীতের সার শানে শিশানুরা মনে মনে কল্পনা করে
রাশকথার গানুহা, দাভেশ্য বন আর উদার প্রভাবের ও দার্ভ্র প্রাণীদের রা্প। যারা রীতিমতো প্রলপভাষী তারাও মাখর হতে
চায়; শিশানুরা পেশিসল ও ড্রইং খাতার দিকে হাত বাড়িয়ে দেয়,
কাগজে আঁকতে চায় রা্পকথার কল্পমানিতির ছবি। সঙ্গীত সবচেয়ে নিশ্চিম প্রকৃতির শিশানেরও চিন্তা উন্দীপিত করে
তোলে। সঙ্গীত যেন মনন-কোষে এক যাদাকরী শক্তি সপ্তার
করে। সঙ্গীতের প্রভাবে মানসিক শক্তির এই যে বিকাশ তার
মধ্যে আমি মননকিয়ার আবেগের উৎস দেখতে পাই।

শীতের দিনে আমাদের সবগনলো পায়ে-চলা পথ যখন বরফে ঢেকে গেল তখন আমবা স্কুলের ঘরে বসে চাইকোভ্সিক, গ্রিগ, শাবার্ট ও শামানের সঙ্গতি শানতাম। সন্ধ্যার আঁধারে শিশারা পরম আনন্দ উপভোগ করত বিশেষত রূপকথা শানে। আমি প্রথমে শিশুদের ইউফেনীয় লৌকিক রূপকথা ডাইনী 'বাবা-ইয়াগার' গল্প বলি, তারপ্র আমরা চাইকোভ্সিক্র 'বাবা-ইয়াগার' সার শানি। এই সঙ্গীতের প্রভাবে যে কল্পম্ডির্ ও ধারণার জন্ম হল তার ঐশ্বর্য ভাষায় প্রকাশ করা কঠিন। শিশ্বরা কল্পনায় ধাবিত হয় দরে পাহাড-পর্বতের ওপারে. বন-উপবন ছাডিয়ে, নীল আকাশের ওপারে, গোপন রহস্যময় গুহার আর গিরিখাতে। ইউরার কল্পনায় পাজী ডাইনী বুড়ি বাবা-ইয়াগা পরিণত হল মানুষের শত্রতে — সে মানুষের আনন্দের ওপর — গানের ওপর হামলা করে। 'ও একটা বড় টব নিল, হামানদিস্তার চেপে বসে গোটা দ্যনিয়ার ওপর দিয়ে উডতে থাকে। যে-ই গান খোনে অমনি নেমে আসে সেই জায়গায় যেথানে লোকে গান করছে. আমোদ করছে: হামান্দিস্তার ওপর টব দিয়ে যা মারে, লোকে চুপ মেরে যায়, ভলে যায় কী ভাবে গান করতে হয় – গান ল,কানো হয়েছে কিনা। এই ভাবে বাবা-ইয়াগা সব গান টবের ভেতরে লাকিয়ে ফেলে। রয়ে গেল কেবল একটি গাইয়ে রাখাল। সে বাঁশী বাজিয়ে গান গায়। ডাইনী টব দিয়ে হামানদিস্তার ওপর যতই যা মার্ক না কেন কিছুই করতে পারে না: বাঁশীটা মন্ত্রপড়া কিনা। বাবা-ইয়াগা ত রাগে-দঃখে জন্লেপ্রড়ে যায়, সে তার গানের টবের ওপরে বসে থাকে, এদিকে দুনিয়ায় কোখাও কোন সাড়া শব্দ নেই, কেউ গান গায় না, কেউ আমোদ ফুর্তি করে না, কেবল রাখাল-বালক বাঁশী বাজায়। সে ঘূমিয়ে পডল। বাবা ইয়াগ্য ওর বাঁশী চুরি করে নিল। ছেলেটা ঘুম থেকে জেগে উঠল। সাহসী ছেলেদের

জন্টিয়ে নিয়ে চলল বাবা-ইয়াগার কাছে...' এর পর ইউরার কলপনা — রাখাল বালক কী ভাবে গানকে মৃক্ত করল, কী ভাবে গোনকে মৃক্ত করল, কী ভাবে লোকে আবার আনন্দ ফিরে পেল। আশ্চর্য ঘটনা: সঙ্গীতের প্রভাবে শিশ্বর ধাবণায় রূপকথার প্রাণীদের এত উল্জান রূপ গড়ে ওঠে, তাদের ভালো ও মন্দ রূপ এমনই মৃত হয়ে ওঠে যে মনে হয় তারা মেন ন্যায়সংগ্রামে নেমেছে! শিশ্বদের মধ্যে আমি যখন চিক্তার নিশ্বিষ্যতা লক্ষ্য করি তখনই আমি তাদের নিয়ে আসি ওক কাননে কিংবা বাগানে, আমরা সঙ্গীত শ্বনি — সে সঙ্গীত জাগিয়ে তোলে ভালো ও মন্দের সপত ধারণা।

শতিকালে আমাদের শ্কুলে আরও নতুন নতুন ভাব,কের শবর্প প্রকাশ পেল। ছাট্ট লাওকা এতই লাজ,ক যে তার মুখ থেকে কথাই বার করা যায় না। কিন্তু এই ছেলেও একদিন বাবা-ইয়াগা সম্পর্কে নিজের বানানো র্পকথা বলল। সেটা অবশ্য অনেকটা ইউরার র্পকথার মতো ছিল। লাওকার র্পকথার বাবা-ইয়াগা হামানদিস্তা চড়ে সারা দ্নিয়ার ওপর দিয়ে উড়ে বেড়ায় আরা সব ফুল ছি'ড়ে ফেলে; সে তার নরকারামাঘরে এসে নামে, টবটা উন্নের ওপর রাখে — সব ফুল নভ হয়ে যায়। শিশ্রনা প্রায়ই উদার চরিত্রের নামক র্পে নিজেদের কল্পনা করে, তাই লাওকা বলল: আমি কিন্তু সবগ্রলা ফুলের বীচি জড় করে সেগ্লোকে মাটিতে ব্বে দিলাম। আবার ফুল ফুটল: বাবা-ইয়াগা একথা জানতে পারল, সে রাগে তার হামানদিস্তা আর হাড়-বার-করা পা ভেক্সে ফেলল, এখন আর সে লোকের মন্দ করতে পারে না।

এই সব গলেপর পর প্রায়ই শিক্ষার বাধাবিপত্তি ও **এ,**টি নিয়ে শিক্ষকদের সঙ্গে আমার আলোচনা হ'ত। আমরা একবাক্যে সিদ্ধান্তে এলাম: শিক্ষাদানের সময় আমরা ভূলে যাই যে স্কুলে যারা শিক্ষা নিচ্ছে তাদের অধিকাংশই সবোপরি শিশ্ব। শিশ্বদের মাথায় সাজানো সত্য, সাধারণীকৃত ধারণা, অন্মান প্রের দিতে গিয়ে শিক্ষক সময় সময় ভাবনা ও প্রাণােছল বাণীর উৎসের ধারেকাছে ঘে'যার স্বায়েগ পর্যন্ত শিশ্বদের দেন না, শ্বপ্প, কল্পনা ও স্ভানের জানা বে'ধে রাখেন। জীবন্ত, সাক্ষিয়, কর্মপ্রবণ প্রাণী থেকে শিশ্ব পরিণত হয় যেন স্মৃতিশন্তির যােল। …না, এমন হওয়া উচিত নয়। পাথরের প্রাচীর দিয়ে পারিপার্শ্বিক জগৎ থেকে শিশ্বদের আড়াল করে রাখা ঠিক নয়। অন্তজ্জীবনের আনেশ থেকে শিক্ষাথীাদের বিশ্বত করা চলবে না। শিশ্বর অন্তজ্জীবন একমাত্র তথনই প্রের্লিয়ের, যথনা শিশ্ব বাস করে খেলার জগতে, র্পেকথা, সঙ্গীত, কল্পনা ও স্থিট জগতে।

বলাই বাহ্বা দিক্ষা হালকা খেলাখ্লা হতে পারে না, হতে পারে না অথপত ও ছায়ী আনন্দের ব্যাপার। দিক্ষা — সর্বোপরি শ্রম। কিন্তু এই শ্রম সংগঠন করতে গিয়ে দিশ্রের বৃদ্ধিবৃত্তি, নীতিজ্ঞান, আবেগবৃত্তি ও সৌন্দর্যবেধে বিকাশের প্রতিটি স্তরে তার অন্তর্জগতের বৈশিষ্ট্যও বিবেচনা করে দেখতে হবে। বরস্কব্যক্তির মানসিক শ্রমের সঙ্গে শিশ্রে মানসিক শ্রমের প্রভেদ আছে। বরস্কব্যক্তির কাছে জ্ঞানার্জনের চ্ড়োন্ত লক্ষ্য তার বৃদ্ধিবৃত্তি প্রয়োগের মূল প্রেরণা হলেও শিশ্রে কাছে তা নর। পড়াশ্নার আকাশ্বার উৎস নিহিত আছে শিশ্রে মানসিক শ্রমের অন্তর্য-প্রকৃতিতে, ভাবনার শ্রবেগদীপ্ত বর্ণস্থামায়, বৃদ্ধিপ্রয়োগের অভিজ্ঞতায়। এই উৎস ফুরিযে গেলে কোন উপায়েই শিশ্রকে বই পড়তে বাধ্য করা যাবে না।

অানন্দ নিকেতন' বিদ্যালয়ের প্রথম শ্বীতকালের কথা আমি কখনই ভুলব না। সঙ্গীত, কল্পনা, স্কান যদি না থাকত তা হলে আরামপ্রদ উষ্ণ ক্রাসর্ম দেখতে দেখতে নিম্প্রাণ হয়ে যেত। সঙ্গীত আশ্চর্য স্মৃধ্য দিয়ে আমাদের পারিপাশ্বিক জগৎকে পরিপূর্ণ করে রাখত। জ্ঞান্য়ারির সন্ধ্যার অন্ধকারে, চাঁদের নীচে রুপোলি গালিচার দ্বীপ্তিতে, তুষার ঝঞ্চার ঘ্র্ণিতে, জমাট-বাঁধা প্রকুরের মড়মড় আওয়াজে — সর্ব্রহ্ব আমরা দেখতে পেতাম আমাদের কল্পনায় স্ভট রুপকথার প্রাণীদের।

'আনন্দ নিকেতনের' প্রথম বসন্ত এলো, জলাধারার কুল্-কুল্বেন্ন উঠল, দ্বো-ডুপ ফুল ফুটল, আপেল আর নাসপাতি গাছ ছেয়ে গেল সাদা সাদা ফুলে - ফুলের রাজ্যে বেজে উঠল মৌমাছির গ্রেন। এই সময় আমরা শ্নেতাম বসন্তের বনের সঙ্গীত, নীল আকাশ, তৃণভূমি আর স্তেপের সঙ্গীত।

শাস্ত সন্ধ্যায় আমরা গেলাম তৃণভূমিতে। আমাদের সামনে কোমল পাতায় ছাওয়া প্রি-উইলো, প্রকুরে ছায়া পড়েছে অতলম্পর্শী আকাশের, নীল আকাশের ব্বে উড়ছে রাজহাঁসের ঝাঁক। আমরা কান পেতে শ্রনি অপর্প সন্ধ্যার গাঁতধর্নি। প্রকুরের ব্বেক কোথায় যেন শোনা গেল আশ্চর্য ধর্নি — মনে হল কে যেন পিয়ানোর কীড সামান্য স্পর্শ করল, মনে হল বেজে উঠল প্রকুর, বেজে উঠল তীরভূমি আর নীল আকাশ। 'কী ব্যাপার?' ভানিয়া ফিসফিস করে বললা। 'এ হল বসন্তের মাঠের বাজনা,' আমি ছেলেমেয়েদের বললাম। 'প্রকুরে তোমরা দেখতে পাছে নীল আকাশের ছায়া। অনেক গভাবৈ আছে স্ফাটকের বিশাল ঘণ্টা। সেখানে, এক আশ্চর্য প্রাসাদে থাকে স্বন্ধরী বসন্তরানী। সোনার হাতুড়ি দিয়ে সে স্ফটিকের

ঘণ্টা দপ্দ করল— দদ্ধে সঙ্গে আওয়াজ ছড়িয়ে পড়ল মাঠে।'
শব্দটা আবার হল। কোলিয়া হেসে বলল: 'আরে এ ত
ব্যাঙের ডাক।' আমার ভয় হল ছেলেমেয়েরা হেসে উঠবে,
যে মাধ্বতা ওদের সকলকে আচ্ছন্ন করে রেখেছিল তা কেটে
যাবে। কিন্তু কেউ চমকাল না পর্যন্ত। 'হয়ত ব্যাঙ, আবার নাও
হতে পারে,' সাশা বলল। 'আর হলই বা ব্যাঙ, গনে গাইছে
ত মাঠ।'

ওর কথার উত্তরেই যেন পাশের একটা পর্কুরের বৃক্ষে আওয়াজ উঠল, কয়েক মৃহ্রের পরে সাড়া দিল দর্বের তৃণভূমি। আমরা বসত্তের তৃণভূমির আশ্চর্য সঙ্গীতে মৃদ্ধ হয়ে দাঁড়িয়ে রইলাম। এই সঙ্গীত — আশাবাদী দ্ভিতৈ বিশ্ব-উপলব্ধির সঞ্জীবনী উৎসঃ এরই সাহায্যে শিশ্বরা সোলদর্যের মধ্যে অক্তিম্বের আনশ্দ ব্রুতে পারল, উদ্ঘাটন করতে পারল, অনুভব করতে পারল।

এপ্রিলের প্রথম রোদ্রেভ্জনত দিনে, যখন রোদের হল্কায়
প্রাচীন টিলাগনিল ধিকিধিকি কাঁপতে থাকে, সেই সময় আমরা
স্তেপে বেরিয়ে এলাম ভারই পাখির গান শন্নতে। নীল
আকাশের গায়ে পাখা ঝাপটাছে জীবনের এক ধ্সর পিশ্ড,
আমাদের কানে ভেসে আসছে সোনালি ঘণ্টার মৃদ্র্বনি; হঠাৎ
ঘণ্টাধরনি ক্তর হয়ে গেল, ধ্সর পিশ্ডটা মাটির দিকে নেমে
আসে; রিদ্ধ শ্যামল গমের খেতের ওপর পাখিটা ভানা টানটান
করে ভেসে চলে, ধীরে ধীরে যেন এক অদৃশ্য স্তোয় টান
দিতে দিতে ক্রমাগত ওপরে উঠতে থাকে। আমরা এখন যা
শন্নতে পাছি তা ঘণ্টাধননি নয়, রুপোলি ভারের বাজনা।
আমার ইছে হছিলে এই অপ্রে সঙ্গীত যেন শিশ্দের
মনে গেথে থাকে, যেন পারিপাশ্রিক জগতের সৌন্দর্যের প্রতি

তাদের দ্বিট খালে দেয়। আমি তাই ভারাই পাখির রাপকথা বলি।

'এ হল সূর্যপুত্র। শীতকালে সূর্য্যি আম্যদের কাছ থেকে অনেক অনেক দারে সরে যায়, মাটি তুষারে ঢেকে যায়, হিমে জমাট বে'ধে যায়। আন্তে আন্তে স্বাম্য আমাদের কাছে ফিরে আন্সে, বরফ গঙ্গানো তার পক্ষে কঠিন। সে তখন বরফের ন্ত্রপের ওপর গ্রম গ্রম ফুল্ফি ছা'ড়তে থাকে। যেখানে ফুর্লাক পড়ে সেখানে বরফ গলে চাপড়া বেরিয়ে আসে, জয়ির পিশ্ড জীবন্ত হয়ে ওঠে, জন্ম নেয় এক আশ্চর্য পাথি — ভার ই পাথ। সে নীল আকাশে ওঠে, ওড়ে সূর্যের মুখোম্যুথ। ওড়ে আর গান গায়। এদিকে সূর্য রুপোলি ফুল্কি ছড়ায়। ভারই নীল আকাশে ভেসে থাকে, মাটির দিকে তাকায়, দেখতে পায় সবচেয়ে জনুলজনলে ফুলাকিটি। দেখতে পেয়ে সে ঢেলার মতো মাটির দিকে নেমে আসে, ফুলকিটাকে আঁকড়ে ধরে, আর ফুলকিও চোখের পলকে হয়ে যায় মিচি রূপোলি সূতে। ভার্ই পাথি সংতোর একটা দিক নামিয়ে দিল মাটির দিকে. সতেতা ঝলতে লাগল গমের শীবের ওপর, আরেকটা দিক টানতে টানতে নিয়ে সে ক্রমাগত উঠতে লাগল ওপরে, সূর্যের দিকে, নীল আকাশের দিকে। দেখছ, ওপরে উঠতে ওর কত কন্ট হচ্ছে, ওর ছাইরঙা ডানা কেমন কাঁপছে। রাপোলি স্তুতোয় বাজনা বাজছে, যেন তারের আওয়াজ, আর ভারতুই যত ওপরে উঠছে তারের বাজনার আওয়াজও তত চড়া হচ্ছে। ভারতে রুপোলি সুডোটা টেনে নিয়ে যায় একেবারে সুযোর কাছে: তারপর সাবার মাটিতে ফিরে আসে, আবার খোঁজ করে ফলকির।'

র্পকথা প্রকৃতির সাতিকোরের নিয়ম জানার পথে বাধা হয়ে

দাঁড়ায় না ত? না, বরং তার উল্টো — জানার পথ সহজ্ব করে দেয়। শিশ্রা ভালোমতোই জানে যে একখণ্ড জমি চেতন পদার্থে পরিণত হতে পারে না, যেমন তারা জানে দত্যিকামার বা বাবা-ইয়াগা ডাইনী বলে কেউ নেই। কিন্তু শিশ্রেদর যদি এ স্ব না থাকত, যদি শ্ভ-অশ্রভের সংগ্রামের বোধ তাদের না হত, যদি তারা উপলব্ধি করতে না পারত যে র্পকথায় প্রতিফলিত হয়েছে সত্যা, মান-মর্যাদা ও সৌদ্ধর্য সম্পর্কের ধারণা তা হলে তাদের জগং হত সংকীণ, অন্বাস্থ্যকর।

ভার্ই পাখির র পকথা শিশ্বদের সাহায্য করল নিসর্গ-সঙ্গাত ব্যুক্তে, তাদের সঙ্গাতের স্বর শোনার উপযোগী করে তুলল। স্কুলে ফিরে এসে আমরা চাইকোভ্ ফিরর 'ভার্ই পাখির গান' শ্রুনি। সঙ্গাতের অপার্ক ধর্নির মধ্যে র পোলি ঘণ্টার আওয়াজ এবং স্বর্ধের সঙ্গে শ্যামল শস্যক্ষেরের সংযোগ রচনাকারী মিহি র পোলি তারের ধর্নিপ্রবাহ ধরতে পেরে ছেলেমেয়েরা উৎফুল হয়ে ওঠে। ছোটদের ইচ্ছে হয় র পকথার এই পাখি সম্পর্কে তাদের ধারণা উভজ্বল র পে প্রকাশ করে: তারা র পকথার শোনা ভার্ই পাখি, র পোলি ফুলাকি আর মানি থেকে স্থা অবধি টানা তারের র প ছবিতে ফুটিয়ে তোলে।

ছেলেমেরের যে সব সঙ্গীত পছন্দ করে সেগার্কি নিয়ে ধাঁরে ধাঁরে গড়ে ওঠে আমাদের সঙ্গাঁতের অ্যালবাম। সমর সমর আমরা আমাদের ঘরে আসি, বাজনা শর্নি। আমার মাথার খেলল সঙ্গাঁতের ভাশ্ডার থেকে প্রতি বছর একটু একটু করে সেরা রচনা নিতে পারলে কেমন হয়? — গড়ে তুলব 'গানবাজনার ঘর'। সেখানে আমরা গান করা, পিয়ানো ও

বেহালা বাজানো শিখব তবে এ হল ভবিষ্যতের কথা. আপাতত আমাদের সাদাসিধে বাঁশী চর্চা করেই দেখা যাক না এক মেঘলা দিনে আমরা এলাডারের কঞ্জবনে গেলাম. এল্ডারের ডাঁটা কেটে বাঁশী বানালাম। ডাঁটা পালিশ করে তাতে ফুটো করলাম। আমি ফুর্তিবাজ রাখাল সম্পর্কে ইউক্রেনীয় লোকগীতির সূত্র বাজালাম। শিশরো যা আনন্দ পেল তা ভাষায় প্রকাশ করা কঠিন। প্রত্যেকের ইচ্ছে হল যত তাভাতাভি পারা যায় নিজের শক্তি পরীক্ষা করে দেখে, সকলেই নিজম্ব বাদ্যবন্দ্র পাওয়ার স্বপ্ন দেখে। প্রত্যেকে যে যার বাঁশী তৈরি করে নিল . দেখা গেল লিদা, লারিসা, ইউরা, তিনা, সেরিওজা ও কোন্তিয়ার সঙ্গীতের ব্যাপারে সক্ষ্মে প্রবণশান্তি আছে, সুরবোধ আছে। কয়েকদিন বাদেই বাচ্চারা লোকগীতি ও নাচের বাজনা বাজাতে শ্রেহ করল। সেই <mark>শান্ত</mark> সন্ধার মুহ্তিটি কখনও ভূলব না যথন তিনা ইউক্রেনীয় লোকগীতির একটি সার বাজিয়ে শোনাল। মেয়েটির চোখ দ্টি জবলছিল, দুই গাল লাল হয়ে উঠেছিল। ওর মা আমাকে বললেন যে তিনা বাঁশী নিয়ে অনেককণ বাড়ির বাগানে বসে থাকে, নিজের মনেই কী যেন কল্পনা করে, সূর বাজায়, আর ধ্যানস্থ হয়ে আকাশের দিকে, গাছপালার দিকে তাকিয়ে থাকে।

একদিন আমি খুব ভোরে দকুলে এলাম। চারদিকে — নিস্তন্ধতা। এমন সময় কোথা থেকে যেন, বাগানের গহন কোন গ্রায়গা থেকে ভেসে এলো বাঁশীর মৃদ্ আওয়াজ। আমি সামনের দিকে এগিয়ে গেলাম। কে যেন আপন থেয়ালে বাঁশী বাজাছে বাজান স্বটা দপণ্টতই ছিল তাৎক্ষণিক রচনা। গোটা স্ব জ্বড়ে বিশেষ করে প্রকাশ পাছে বিষম্বতা উজ্জ্বল, খাঁটি বিষম্বতা। সঙ্গীতশিশপীর স্বেসাধনায় যাতে ব্যাঘাত না

ঘটে সেই উন্দেশ্যে আমি সন্তর্পণে গোলাপ ঝাড়ের দিকে এগিযে গেলাম। ঘাসের ওপর বসে ছিল তিনা। মনে হল বাঁশী যেন হয়ে দাঁড়িয়েছে ওর অন্তিত্বের অংশ। মেয়েটি তাকিয়ে ছিল ফুটন্ত গোলাপের দিকে, তার চোথজোড়া দরদী, কোমল। এখন স্বর্টা আমার বোধগম্য হল. ওর বাজনার বিষয় ছিল স্কুল, বসন্তের নীলাকাশ। আমার কাছে যা বিষয়তা বলে মনে হচ্ছিল তা আসলে ছিল মনের উদ্বেগ — ও ধর্নার মধ্য দিয়ে সঞ্চার কর্মছল ভবিষয়ং সম্পর্কে ভাবনা।

কোন্তিয়াও বাঁশীতে আগ্রহী হয়ে পডল। ছেলেটির পক্ষে এক হাতে বাজানো কঠিন ছিল, কিন্তু দেখতে দেখতে সে কয়েকটি লোকগীতির সূত্র বাজাতে শিখে গেল, তারপর নিজেই 'সার ভেবে' বার করতে লাগল – কল্পনা করতে লাগল, সঙ্গীতে নিজের ভাবনাচিন্তা, অনুভূতি, মনোভাব সঞ্চারের চেষ্টা করল। একদিন বসন্তকালে ঝডব্ছির সময় আমরা আমাদের 'দ্বপ্নপারুনীতে' বসে ছিলাম। বজ্রপাত থেমে যেতে প্রথিবীর বাকে উঠল রামধন্য — আমরা সবাই চপ করে ছিলাম, দুশ্যটির সৌন্দর্য উপভোগ করছিলাম। মূদ্র সূর শোনা গেল— বাজাচ্ছিল কোন্তিয়া। বাজনায় ধরা পড়ল নদীর কলকলধরনি, এরপর তার জায়গায় এলো ভয়ংকর গুরুগুরু আওয়াজ --বাজভাকা মেঘ এগিয়ে আসছে, দুরে মেঘের আওয়াজ। ছেলেটা ভূলে গেল বে সকলে ওর বাজনা শ্রনছে, সে নিজের স্ভিতৈ সম্পূর্ণ মগ্ন। হঠাৎ চোখ তুলে তাকাতে তার নজরে পড়ল বন্ধবান্ধবেব তন্ময় দৃষ্টি, সে লঙ্জা পেয়ে গেল। ...এমন কথা মোটেই বলছি না যে ওদের সকলেই সঙ্গীতশিল্পী হবে, তবে আমার গভীর বিশ্বাস এই যে প্রত্যেক মান,্যেরই সার উপলব্ধির ক্ষমতা বিকশিত কবে তোলা যায়।

এই সাদামাঠা লোকসঙ্গীতের শথ ছিল আমাদের একান্তই ব্যক্তিগত ব্যাপার। কখনও কখনও প্রকাশ পেত বাজনার বিশেষ মেজাজ: ছেলেমেয়েরা বসে বাজাতে চায়। প্রায়ই এটা ঘটত শান্ত সন্ধ্যার, সূর্যান্তের পর, যখন সূর্য দিগন্তের আড়ালে চলে গোলেও কিছ্কুপরে জন্য ভার দীপ্তিতে ধরণী আলোকিত হয়ে থাকত।

বাজনার ব্যাপারে কোলিয়ার প্রথর প্রবণশক্তি ছিল। সে চটপট লোকগণীতির স্ব বাজানো শিথে ফেলল। একবার আমরা যখন বন থেকে বাড়ি ফিরছিলাম তখন আমি কোলিয়াকে বললাম: মিনে আছে যারা হাতুড়ি দিয়ে পিটিয়ে র্পোর মালা তৈরি করে সেই কামারদের ছবি তুই এ'কেছিলি? এখন চেল্টা কর দেখি, বাঁশীর স্বরে ঐ কামারদের কথা বলতে — বল দেখি কেমন করে ওরা হাতুড়িরা যা মারে, কেমন করে মাটিতে ছড়িয়ে পড়ে ঠান্ডা ফুলকি...'

'না না ওগ্লো ঠাণ্ডা নর,' ও উত্তেজিত হরে প্রতিবাদ জানালা। 'ওগ্লো গরম, ওঃ, দার্ণ গরম…'

'হাাঁ হাাঁ তা ত বটেই, গরমই বটে। ...তাছাড়া হাতুড়ি আর নেহাইয়ের ঠোকাঠুকিতে কি ঠান্ডা কিছু বেরোতে পারে? আমিও বাঁশীতে বলার চেণ্টা করব কামারদের কথা — স্থেরি কামারদের কথা।'

পরদিন সকালে আমরা স্কুলের বাগানে এলাম। আমরা আমাদের বাঁশীর সহজ্ঞ-সরল সূরে আশ্চর্য কামারদের কথা বললাম। আমরা কেবল যে একে অন্যকে ব্রুতেই পারছিলাম তা নয়, আমরা অনুভব করতে পারছিলাম সেই মেজাজ ধার প্রভাবে আমাদের এই স্বরের উন্তব আমি মনোযোগ দিয়ে কোলিয়ার 'কামার' সঙ্গীত শ্নি। ও ষে কেবল কামারদের

হাতুড়ির মৃদ্র স্বরেলা ধর্নিই সণ্ডার করেছে তা নয়, শক্তিতে নিজের মৃদ্ধতাও প্রকাশ করেছে। মাটিতে ও বাগানে যে রুপোলি কণাগর্নি করে ঝরে পড়ছে তাতে সে মৃদ্ধ, সে বিষপ্ল এই ভেবে যে সমগ্র ধরণী তার দ্বিটতে আসছে না। তার ইচ্ছে হচ্ছে যে সৌন্দর্যকে সে ভাসা ভাসা অন্ত্র করছে তাকে দেখে।

হ্যাঁ, আমি এই শিশার অন্তরসোকের পথ দেখতে পেলাম। সঙ্গীতের সূর অন্তরকে শিক্ষিত করে তোগে, অনুভূতির মানবায়ন ঘটায়। কথার মতো সঙ্গীতেও প্রকৃত মানবীয় গুল ব্যক্ত হয়। সঙ্গীতের প্রতি শিশার সংবেদনশীলতার বিকাশ ঘটিয়ে আমরা তার চিন্তা ও প্রয়াসকে মহিমান্বিত করে তাল। কাজটা হচ্ছে এই যে সঙ্গীতের সরে যেন প্রতিটি হদয়ে মানবিক অনুভূতির সঞ্চীবনী উৎস খুলে দেয়। মাতৃভাষার রোমাঞ্চকর শব্দের মধ্যে যেমন, তেমনি সঙ্গীতের স্থারের মধ্যেও শিশার সামনে উন্মান্ত হয় পর্যারপার্শ্বিক জগতের সৌন্দর্ব। কিন্তু স্বর — মানবিক অনুভূতির এই ভাষা — শিশ্মনে কেবল জগতের সৌন্দর্যই পে<sup>ণ্</sup>ছে দেয় না। স**ুর মানু**টেষর সামনে মানবিক মহিমা ও মর্যাদার উদ্ঘাটন ঘটায়। সঙ্গীত উপভোগের মূহতে শিশ্ব অনুভব করে যে সে খাঁটি মান্ষ। শিশ্বমন — সংবেদনশীল সঙ্গীতশিল্পীর মন। তাতে তন্ত্রী টান টান বাঁধা আছে -- কেউ যদি সে তল্টী স্পর্শ করতে পারে তা হলে তাতে বেজে উঠবে মধ্যর সঙ্গীত। এটা কেবল আলু কারিক অর্থে নয়, স্বাসরি অর্থেও বটে। থেলাধ্লা ছাড়া, ব'পুকথা ছাড়া ছেলেবেলা যেমন অসম্ভব, তেমনি অসম্ভব সঙ্গীত ছাডা।

অভিজ্ঞতায় দেখা গেছে সঙ্গীত হল সর্বাপেক্ষা অন্কূল

এমন পটভূমি যার ওপর গড়ে ওঠে শিক্ষক ও শিশ্বদের আত্মিক মেলামেশা। সঙ্গীত যেন মানুবের হৃদর উন্মৃত্ত করে। সূর শ্বনতে শ্বনতে, স্বরসৌন্দর্যের মমে পিলক্ষির সময়, তাতে মৃধ হওয়ার সময় শিক্ষক ও শিক্ষার্থী হয়ে পড়ে অন্তরঙ্গতর, ঘনিষ্ঠতর।

এই সহমমি'তা কেবল সঙ্গতিই দিতে পারে, আরু সহমমি'তার এই মৃহ্তুতিতৈ শিক্ষক শিশ্র মধ্যে এমন বস্তুর সন্ধান পান যা সঙ্গীতের সাহায্য ছাড়া আর কখনই পেতেন না। সঙ্গীতের ধর্ননর প্রভাবে হদর যখন সম্মৃত্রত উপলব্ধিতে সমাচ্ছর, তখন শিশ্র বিশ্বাস করে নিজের উদ্বেগ-উৎকণ্ঠার কথা আপনাকে বলবে। এই রকমই এক মৃহ্তুতে কোলিয়া আমাকে বলে যে তার একটা ডুয়িং খাতা আছে যেখানে যা যা তাকে চিন্তিত ও উদ্বিগ করে তোলে, তাকে আনন্দ দেয় তার ছবি সে আঁকে। পরে ছেলেটা আমাকে তার আঁকা ছবিগ্রুলি দেখায়। আমার সামনে উন্মৃত্ত হল স্বপ্লের জগং। কোলিয়ার ইছে ট্রাক্টর চালার, সামান্তরক্ষী হয়।

#### শীতের আনন্দ আর ঝামেলা

শীতকাল। ...এই অপর্প সময়টার মধ্যে শিশ্র শিক্ষাদীক্ষা ও বিকাশের কী অপ্ব সম্ভাবনাই না নিহিত আছে! যাঁরা ভাবেন যে শিশ্র স্বাস্থ্যরক্ষার সময় কেবল গ্রীষ্মকাল তাঁরা খ্ব ভূল করে থাকেন। স্বাস্থ্যকে শক্ত করে তোলার জন্য যদি শীতকালের অর্থাৎ শীতের পরিমিত হিম, প্রচুর অথচ নর্ম তুষারপাতের স্থোগ গ্রহণ না করা হয় তা হলে গ্রীষ্মকালেও কোন উপকার হবে না। আমি শিশ্বদের হিমের মধ্যে থাকতে

অভ্যাস করালাম, নির্মাল হিমশীতল বায়নুসেবনে অভ্যাস করালাম।

সকালে আমরা প্কুলের হট্ হাউস-এ যাই স্থেদির দৈখতে।
স্থেরি আলো হট্ হাউস-এর করিডরে, বরফজমা কাচের ওপর
সিদ্ধের রঙে খেয়ালী নক্সা এ'কে দিত। প্রতিটি কাচের টুকরের
ওপর আমাদের কল্পনা অভ্যুত অভ্যুত জগতের ছবি আঁকত:
আমরা দেখতে পেতাম কল্পজগতের জভুজানোয়ার, রহস্যময়
গিরিখাত, মেঘ, ফুল। এখনে বরফজমা কাচের সামনে
ছেলেমেরেরা কেবল রুপকথাই রচনা করে না। তারা পড়তেও
শেখে। এ বিষয়ে আমি পরে বলব।

স্থের দেখা পাওয়ার পর ছেলেমেয়েরা করিডর থেকে হট্
হাউস-এ প্রবেশের দ্বার খ্লত, প্রবেশ করত ফুলের রাজ্যে।
শাতকালে আমাদের একটা হট্ হাউস-এ চন্দ্রমক্লিকা ফোটে।
প্রতিটি শিশ্রে এখানে ছিল নিজের ফুল — নিজের বন্ধা,।
শিশ্রা গাছে জল দিত। এই মৃহ্ত্গর্লি ছিল আনশের:
ছোট ছোট জলবিন্দ্র ওপর রামধন্র ঝিকিমিকি খেলত,
শিশ্রা মৃদ্ধ হয়ে সেদিকে তাকিয়ে থাকত, স্বপ্প দেখত
প্রীক্ষকালের। ...এখানে স্থের সেতু — সোনালি রামধন্
সম্পর্কে র্পকথা জন্ম নের।

প্রতিবার তুষার ঝঞ্চার পর শাঁতের সাদা চাদর যথন নবর্প ধারণ করত তথন আমরা তুষারের স্ত্রুপ দেখার জন্য স্কুলের বাগানে যেতাম। তুষারের স্ত্রুপ — এ এক আশ্চর্য জগৎ; মেঘের জগতের মতোই রহস্যময় ও অপ্রত্যাশিত। খেয়ালী তুষার স্ত্রপান্তির মধ্যে শিশ্বর দেখতে পেত দ্র্গম পাহাড়ের চুড়োয় র্পকথার দ্র্গ, সম্দ্রের জমাট ঢেউ, সাদা রাজহাঁস, ছাইবঙা নেকড়ে, ধ্রত শেষাল। একদিন প্রকৃতি যেন বিশেষ করে

আমাদের জন্যই সৃষ্টি করল রুপকথার জাহাজ — পালতোলা জাহাজ, তাতে আছে ক্যাপ্টেনের সেতু, নোঙ্গর আর জলদস্যার দল জলদস্যরা যেন দ্রের কোন জায়গা নিকীক্ষণ করছে। বাতাস ও স্থা যে পর্যন্ত জাহাজটাকে না ভাঙল সে পর্যন্ত পর পর কয়েক দিন আমরা ওটাকে দেখতে যাই। আর সন্ধ্যাবেলায় ছেলেমেয়েয়া স্কুলে জমায়েড হত, আমার মুখ থেকে শ্নত জলদস্যদের কথা, অন্যায় ভাবে অপমানিত ও দর্বল মান্বদের ম্ভিদাতা — উদার লোকজনের কথা, শ্ভ ও অশ্ভের সংগ্রাম এবং অন্যায়ের বিরুদ্ধে সত্যের জয়লাভের কাহিনী।

প্রচন্দ্র ঠান্ডা যথন পড়ত তথন আমরা বেড়াতে যেতাম না।
অলপন্দর্শ হিম হলে ছেলেমেরেরা বাইরেই থাকত। একটু গরম
পড়তে শ্রু হল আমাদের সত্যিকারের উৎসব। পাইওনমিররা
আমাদের তুষারনগরী গঠনে সাহায্য করে। তুষারফলক দিয়ে
তারা আগ্রয়ন্থল বানায় — সেটা দেখতে হল অনেকটা গ্রোর
মতো। এখানেও বিশ্রাম ও কাজের সময় সঙ্গী হল র্পকথা
ও খেলাধ্লা। আমরা মের্ অভিযাত্তী সেজে খেলা খেলতাম।
আমি শিশ্দের মহামৌন বরফরাজ্যের র্পকথা বলতাম।
তাতে মান্ধের সত্যিকারের বীরম্বপূর্ণ কীতিকাহিনীর সঙ্গে
ওতপ্রোত হয়ে জড়িত থাকত কল্পনা। স্থেরি কিরণে বাচ্চাদের
সেই আগ্রয়ন্থান গলে যেতে তাদের মন খারপে হয়ে যায়।

শীতকালে আমরা দ্বার বনে যাই — একবার মোটরগাড়িতে, আরেকবার ঘোড়ায় চড়ে। মৃদ্ধ হিমের ছাঁট গালে জনালা ধরিয়ে দেয়, কিন্তু কেউই ঠাণ্ডার জন্য অভিযোগ করে না। শীতকালের বনে কাটানো দিনগর্মালও শিশ্বদেক স্মৃতিতে অক্ষয় হয়ে থাকে। আমরা শীতকালের বনের সঙ্গীত শ্বনি, পাখিদের জীবন্যাত্রা লক্ষ্য কবি। বনের গিরিখাতের ভেতরে আমরা একটা প্রস্তুবণ দেখতে পেলাম সেটা তখনও জমে বার নি। আমবা কাম্প্ফায়ারের ধারে শ্রীর গরম করলাম, জাউ রারা কবলাম। গোধালির সৌল্দর্য উপভোগ করলাম, আমাদের সামনে তৃখারে ঢাকা ভালপালার বর্ণিমা পালটাতে লাগল - কখনও হালকা গোলাপা, কখনও কমলা, কখনও রক্তিম, কখনও বা নীলচে বেগনী। সূর্য তার অসাধারণ খেয়ালি কল্পনায় আর সৌল্দর্যে শিশ্লদের এমন মাতিয়ে তুলল যে স্বেরি র্পকথা নবর্পে ঐশ্বর্যমিশ্তিত হয়ে উঠল। এখানে আমরা কবিতা বানালাম, সে কবিতায় শিশ্রা শীতের বন সম্পর্কে তাদের ধারণা বাক্ত করল। কাতিয়া তৃষারের সাজ্পরা দেবদার্র সৌল্বর্যে মৃশ্ব হয়ে বলল:

'দেবদার্ ঘ্যোচ্ছে।'

জিনা আরও উম্জব্ব একটা রূপ আঁকল:

'গ্রীষ্ম অবধি দেয় দেবদার, ঘ্ম...'

'বসন্ত অবধি দেয় দেবদার্ ঘ্রম,' সেরিওজা বলল, অমনি সকলে অন্ভব করল এই কথাগ্রিলর সঙ্গীতপ্রাণ্তা। বাচ্চাদের ইচ্ছে ইচ্ছিল বন্ধর ভাবনার জের টানে।

'ঘ্ম ঘ্ম চোখে তার স্বপ্নের ধ্ম,' ওদের মধ্যে কৈ যেন বলে উঠল।

> বসস্ত অবধি দের দেবাদার, ঘুম। ঘুম ঘুম চোধে তার দবলের ধুম,

ছেলেমেয়েরা গান ধরল, নিজেরাই যে গান বে'ধেছে এজন্য তারা গর্ব অন্তব করল। শীতের এই সন্ধ্যা আমার সামনে শিশ্বে আন্তর ঐশ্বর্যের গোটা জগৎ তুলে ধরল। আমার এই মত চ্ড়ান্ত ভাবে প্রতিষ্ঠিত হল যে শিশ্বদের ভাবতে শেখনো, তাদের মার্নাসক শক্তি ও সামর্থ্যের বিকাশ ঘটানো সরাসবি ভাব ও ড.যার উৎসন্থলেই বাঞ্নীয়

শীতকালীন প্রকৃতির নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ সৌন্দর্য বিশেষ উজ্জ্বল হয়ে শিশ্বদের সামনে উন্মৃক্ত হয় মেঘমুক্ত শাস্ত হিয়েল সন্ধায়। আমরা বাগানের কোথাও দাঁড়িয়ে থাকি, রক্তিম প্রদোধের দিকে তাকাই, প্রথম নক্ষরমালার প্রতীক্ষা করি। সন্ধার আলোয় উদ্ধাসিত তুষারপ্রঞ্জকে মনে হত গোলাপী, তারপর ফিকে বেগনী। এই মৃহ্তগ্র্লিতে যে সব অন্ভূতি শিশ্বদের আচ্ছন করত তার প্রকাশ ঘটত কথায় আর স্কুরে। অন্পম সৌন্দর্যের সঙ্গে সক্ষতি রেখে মনে পড়ে বায় লোকগাঁতির স্কুর। আমরা মৃদ্ধা হয়ে স্কুলে ফিরে যাই, চুলিতে আগ্রন জ্বলাই, গান গাই।

শীতকালের শাস্ত সকালে ছেলেমেরের মুদ্ধ হয় প্রভাতকিরণে। তারা চুপচাপ দাঁড়িয়ে সে সৌন্দর্যের অনুধ্যান করে। তারা নিজেদের প্রেক প্রকাশের ভাষা থোঁজে। অগ্রিম তাদের ভাষার সন্ধান পেতে সাহায্য করি। প্রতিটি প্রাপ্তি কেবল যে আনন্দেই উন্দ্রু করে তুলত তা নয়, তা মননশক্তির বিস্ফুরণ্ও হত।

## ভারুই পাখির প্রথম উংসব

শীতকালে পাথিদের খাঁচা আর পশ্দদের 'ভাক্তারখনোর' ধারে আমরা স্বাপ্ধ দেখতাম বসত্তের ঈষদ্বক্ষ দিনের, যখন আমাদের ছোট্ট বন্ধ্বরা নীল আকাশে উড়বে, লাফিয়ে কুঞ্জবনে যাবে। অবশেষে এলো সেই দীর্ঘপ্রতীক্ষিত উৎসব। আকাশে যে দিন প্রথম ভারুই পাখি দেখা গেল তার একদিন বাদে

অমরা পশ্পাথির খাঁচা বয়ে নিয়ে এলাম টিলার চুড়োয়। স্তেপ পাখিদের কলকাকলিতে মুখরিত। ছেলেমেরেরা খাঁচা খুলতেই ভার্ই, কাঠঠোক্রা, ওবিঅল, খরগোশ মাঠে বেরিয়ে এলো। আমাদের ভার্ই পাখি দেখতে দেখতে আকাশে উঠে গিয়ে গান ধরল, ও এখন আবার নেমে আসছে মাটির দিকে। ...আমরা সৌন্দর্যে মৃদ্ধ হই, প্রাণীদের জীবন রক্ষা করতে পেয়েছি ভেবে আনন্দ অনুভব করি।

এই মৃহ্তে আমার মনে খেলে গেল ভবিষ্যতের ভাবনা: প্রতি বছর আমরা টিলার চুড়োয় আসি ভারত্ই পাখির উৎসব পালন করতে।

ভার্ই পাখির উৎসব যেন বসস্ত ও গ্রীন্মের সিদ্ধিল হয়ে দেখা দিল। শিশ্রা পাখির ছানার জীবন রক্ষা করা তাদের পক্ষে সম্মানের বাপোর বলে গণ্য করল। প্রতিটি শিশ্রেই দেখা দিল 'জীবন ও সৌন্দর্যের' নিজস্ব 'নিজ্ত লোক'। ভার্ই পাখির রুপ, স্যুক্রেজ্জ্বল মাঠের ওপর তার স্বরের রেশ— এ সবই শিশ্রেদের অন্তর্লোকে চিরস্থায়ী আসন লাভ করল। ছেলেমেয়েরা অধীর আগ্রহে উৎসবের প্রতীক্ষায় থাকত — তার আরও কারণ এই যে এদিনটির সঙ্গে জড়িত হয়ে পড়ে শিশ্সেন্টির প্রবল উন্দীপনা: মায়েদের সঙ্গে মিলে ওরা সাদা ময়দার কাই দিয়ে তৈরি করত নানা রক্মের প্রাথ, নিজেদের তৈরী জিনিস নিয়ে আসত স্কুলে। ছোটদের ক্ষুত্র স্থিতিত মৃত্র হয়ে উঠত ভালোবাসার অন্তর্ভিত, প্রতিটি শিশ্ব নিজের মতো করে সৌন্দর্য সম্পর্কে তার ধারণার রূপ দিত।

শরংকালে ছেলেমেয়েরা বিষণ্ণ মনে বাসাবদলকারী পাখিদের কাছ থেকে বিদায় নেয়। এই বিষাদ মানবহৃদয়কে মহিমান্বিত করে তোলে। এছাড়া সহৃদয়তার অস্তিত্ব নেই।

## আমাদের লেখাপড়া চর্চা

বাচ্চারা কী ভাবে পড়তে ও লিখতে শিখল তার বিবরণ দেব। প্রিয় পাঠকবর্গ, আমি এখানে যা যা বলব তাকে লেখপেড়া শেখার নতুন কোন পদ্ধতি বলে মনে করবেন না। আমি আমাদের স্ক্রনকর্মের বৈজ্ঞানিক ভিত্তি নিয়ে গভীর চিন্তায় লিপ্ত হই নি — শিশ্বদের স্ক্রনকর্মা বলতে যা বোঝার এ হল ঠিক তাই, যাকে বলা যায় শিশ্বদের বিদ্যাদানের সহায়ক স্ক্রনকর্ম — তাই লেখাপড়া শেখানোর জন্য দীর্ঘকালের পরীক্ষিত যে পদ্ধতি আছে এটাকে কোনমতেই তার কোন বিকল্প মনে করা ঠিক হবে না। এই স্ক্রনকর্মের জন্ম হয় মাঠে ও তৃণভূমিতে, ওককাননের ছায়ায়, তেপের উষ্ণ বায়ুতে, গ্রীষ্মকালের প্রভাতে ও শীতের সন্ধ্যায়।

শিশ্র বিদ্যালয়-জীবনের প্রথম পর্বে পড়া ও লেখা তার পক্ষে যে কী কঠিন, ক্লান্তিকর, নীরস হয়ে দাঁড়ায় সে-সম্পর্কে আমি বহু বছর ধরে ভেবেছি, ভেবেছি জ্ঞানের কণ্টকাকীর্ণ পথে শিশ্রের কত ব্যর্থতারই না সম্মুখীন হয় — আর এ সবেরই কারণ এই যে শিক্ষা হয়ে পড়ে খাঁটি প্রথিগত। আমি লক্ষ্য করেছি, রাসে অক্ষর চেনার জন্য শিশ্র কত প্রয়াসই না বায় করে। এদিকে অক্ষরগর্নাল যেন তার চোখের সামনে নাচতে থাকে, মিলোমিশে রুপ নেয় এমন এক নক্সায় যার মর্মোদ্ধার করা অসম্ভব। সেই সঙ্গে আমি এও লক্ষ্য করেছি যে শিশ্রের কত সহজেই না অক্ষর মনে রাখে, অক্ষর দিয়ে শ্রুর রচনা করে যখন এই শিক্ষা ব্যাপারটি কোন ভাবে আকর্ষণীয় করে তোলা যায়, যখন তা সম্পর্কিত হয় খেলাধ্রার সঙ্গে, আর বিশেষত যা গ্রুত্বপূর্ণ তা হল যখন শিশ্রের কাছ থেকে

কেউ দাবি করে না: শিখতেই হবে, না শিখলে খারাপ হবে।

বিদ্যালয়-জীবনের গোড়া থেকেই শিক্ষার কণ্টকাকীর্ণ পথে শিশ্বর সামনে উপাস্যবস্তু হয়ে দেখা দেয় নম্বর। কোন কোন শিশুর পক্ষে তা ভালো, উৎসাহব্যঞ্জক, আবার কারও কারও পক্ষে — রুড়, নির্মান, অকরুণ। কেন এরকম হয়, কেন তা একঙ্গনের পৃষ্ঠপোষকতা করে, আরেকজনকে আতৎকগ্রস্ত করে — শিশ্বদের কাছে দুর্বোধ্য। সাত বছরের শিশ্ব কী করে ব্রুঝবে তার নিজের শ্রুমের উপর, ব্যক্তিগত প্রয়াসের উপর ন্দ্বর পাওয়া ব্যাপারটার নির্ভারতা — তার পক্ষে এটা তখনও বোধাতীত। সে চেণ্টা করে। হয় তার উপাস্যকে তণ্ট করতে নয়ত — বেগাতক দেখলে — তাকে ঠকাতে, ধীরে ধীরে অভ্যন্ত হয়ে ওঠে এমন এক শিক্ষালাভে যার উদ্দেশ্য ব্যক্তিগত আনন্দ উপভোগ নয় — নম্বর পাওয়া। আমি অবশ্য বিদ্যালয়-জীবন থেকে নন্বর উঠিয়ে দেওয়ার একেবারেই পক্ষপাতী নই। না. নম্বরকে এড়ানোর কোন উপায় নেই। তবে নম্বর শিশার কাছে তখনই আসা উচিত যথন সে শিক্ষার ব্যাপারে খাটানো ব্যক্তিগত প্রয়াসের উপর নিজের মানসিক শ্রমের উৎকর্ষতার নির্ভারতা ব্রথতে পারবে।

আর স্বচেয়ে বড় কথা, আমার মতে, প্রাথমিক বিদ্যালয়ে নদ্বরের কাছ থেকে দাবি হল তার আশাবাদী, প্রাণোচ্ছল বনিয়াদ। নদ্বর আলস্য ও অমনোযেরিগতার শাস্তি না হয়ে যেন হয় অধ্যাবসায়ের প্রেক্তার। খায়াপ নদ্বরকে যদি শিক্ষক অলস ঘোড়াকে চাঙ্গা করে তোলার চাব্রক বলে ভাবেন আব ভালো নদ্বরকে যদি মনে করেন মিঠাইমণ্ডা তাহলে অচিরেই চাব্রকের মতো মিঠাইমণ্ডার উপরও শিশ্বের বিতৃষ্ণা এসে য়বে।

শ্বা বা ঐ জাতীয় নন্বর স্বতান্ত ধারাল ও স্ক্রো হাতিযার প্রার্থামক বিদ্যালয়ের ব্যক্তিমান, অভিজ্ঞ শিক্ষকের কাছে এ হাতিয়ার সবসময় হাতের পাঁচ হিশেবে থাকে, কিন্ত তিনি কখনই তা কাজে লাগান না। জেনে রাখনে, প্রাথমিক বিদ্যালয়ের হাতিয়ারটি এই কারণেই থাকা উচিত যাতে তাকে কথনও কাজে সাগানো না হয়। শিক্ষকের শিক্ষাসংক্রান্ত প্রাজ্ঞতা এখানেই যে শিশ্য যেন কখনও নিজের শক্তির ওপর আছা না হারায়, সে যেন কথনও অনুভব না করে যে সে কোন স্কৃবিধা করতে পারছে না। প্রতিটি কাজ হওয়া উচিত শিক্ষাথাঁর পক্ষে অগ্রগতির প্রেরণান্বরূপ — অন্তত স্বন্ধ পরিমাণে হলেও। সাত বছরের বাচ্চা সবে স্কুলে প্রবেশ করেছে, এখনও অ-আ'র কোন প্রভেদ শেখে নি — হঠাৎ তাকে দেওয়া হল খারাপ নদ্বর। ব্যাপারটা সে বুরে উঠতে পারে না, এমন কি গোডায় না পায় দঃখ, না অন্যভব করে উদ্বেগ। সে স্রেফ হতচাকিত হয়ে পড়ে। 'শিশ্যর অজ্ঞতাকে শ্রন্ধা কর্মা'. পোল্যাশ্ভের শিক্ষাবিদ ইয়ানাুশ কর্চাকের এই কথাগাুলি জয়োর কাছে চিরক্ষারণীয় হয়ে আছে।

শিক্ষক যথন মানবপ্রকৃতি সম্পর্কে স্কৃতীর প্রাপ্ততার অধিকারী হন — যথন শিশ্র অজ্ঞতার প্রতি তাঁর প্রজ্ঞাবোধ জম্মায় একমার তথনই খারাপ নদ্বরের ধার ও স্ক্র্যুতা থাকবে, কিন্তু তা কথনই প্রাথমিক বিদ্যালয়ে হাতিয়ার হিশেবে বাবহাত হবে না।

শিশ্বদের থাকতে দিতে হবে সৌন্দর্যের জগতে, থেলাধ্লা, ব্পকথা, ছবি আঁকা, গান বাজনা, কল্পনা আর স্ভিটর জগতে। এমন কি যথন আমবা শিশ্বকে লেখাপড়া শেখাতে চাই তখনও এই জগতের পরিমন্ডলে তাকে রাথতে হবে। জ্ঞানের সোপানের প্রথম ধাপে ওঠার সময় শিশ্র মনে মনে কী রকম অন্তব করবে, তার কী অভিজ্ঞতা হবে - এরই ওপর নির্ভর করছে ভবিষ্যতে জ্ঞানলাকে তার যাগ্রাপথ। একথা ভাবতেই ভয় লাগে যে এই ধাপ অনেক শিশ্রের কাছে প্রতিবন্ধক হয়ে দেখা দেয়। শকুলের জীবন ভালো করে লক্ষ্য করে দেখনে, দেখবেন, অক্ষরজ্ঞান চর্চার পরেই বহু শিশ্র নিজের শক্তির উপর আছা হারিয়ে ফেলে। তাই বলি, আসন্ন, এই ধাপ বয়ে এমন ভাবে ওপরে ওঠা যাক যাতে শিশ্রেরা ক্লান্ত হয়ে না পড়ে, যাতে জ্ঞানের পথে প্রতিটি পদক্ষেপ পিঠের দ্বিব্রহ বোঝায় অবসার, শক্তিক্ষরপ্রাপ্ত পথিকের ক্লান্ত পদযাত্রা না হয়ে পাখির মহিমাদীপ্ত পক্ষসঞ্চারণ হয়।

আমি শব্দের উৎসক্ষলে শিশ্বদের নিয়ে 'পর্যটন' শ্বর্
করলাম: জগতের সৌন্দর্যের দিকে শিশ্বদের চোথ খ্লে
দিলাম, সেই সঙ্গে শব্দের সঙ্গতি শিশ্বদের হলয়ে পেশিছে
দেওয়ার চেণ্টা করলাম। শব্দ যাতে শিশ্বন কাছে বস্তু, পদার্থ
ও ঘটনার নিছক প্রতীক না হয়ে নিজস্ব আবেগের বর্ণস্ব্যা—
নিজস্ব স্থাণ, স্ক্রোতিস্ক্রা আমেজ বহন করে আনে এই
চেণ্টায় আমি ফল লাভ করলাম। যা গ্রুর্ডপূর্ণ তা হল এই
যে শিশ্বা বেন স্বেরর মতো শব্দও মনোযোগ দিয়ে শোনে,
বেন শ্বেদর সৌন্দর্য এবং জগতের যে অংশ সে শব্দ প্রকাশ
করে তার সৌন্দর্য থবং জগতের যে অংশ সে শব্দ প্রকাশ
করে তার সৌন্দর্য থবং জগতের যে অংশ সে শব্দ প্রকাশ
করে তার সৌন্দর্য অন্ত্র ভাষার সঙ্গতিদ্যাতক চিত্রের
প্রতি — অক্ষরের প্রতি তার আগ্রহ জ্যাগিয়ে তোলে। শিশ্ব
যতক্ষণ না শব্দের সৌরভ অনুভ্ব করছে, যতক্ষণ না শব্দের
স্ক্রোতিস্ক্রা ব্যঞ্জনা উপলব্ধি করছে ততক্ষণ বর্ণপরিচয়
মোটেই শ্বর্ করা যাবে না, আরু শিক্ষক যদি সে কাজ করেন
তা হলে তিনি শিশ্বকে কঠিন পরিপ্রমের মধ্যে ফেলবেন

(শিশ, অবশ্য শেষ পর্যন্ত এই কঠিনতা জয় করে, তবে তার জন্য তাকে মূল্য দিতে হয় বিরাট)।

লেখাপড়া শেখানোর প্রক্রিয়া তথনই সহজ হবে যখন সক্ষরজ্ঞান শিশ্বে কাছে প্রাণবান রূপ, ধর্নান ও স্বরে পরিপ্রেণ, উল্জ্বল, হাদয়গ্রাহী জীবনখণ্ড হয়ে দাঁড়াবে। শিশ্বে মনে রাথার বিষয়কে সর্বোপরি আক্ষণীয় হতে হবে। বর্ণপরিচয়কে অঞ্জনের সঙ্গে ঘানিষ্ঠ সম্পর্কিত হতে হবে।

ভাষার উৎসভূমিতে 'পর্যটনের' সময় আমরা বেতাম তুইং থাতা আর পেশ্সিল নিয়ে। আমাদের একটা 'পর্যটনের' কথা বলি। আমার উদ্দেশ্য ছিল 'মাঠ' শব্দটির সোল্দর্য ও স্ক্র্যাতিস্ক্র্যু ব্যঞ্জনার পরিচয় ছেলেমেরেদের দিই। প্রকুরের ওপরে ঝু'কে পড়েছে পর্সি-উইলো, আমরা তার নীচে বসলাম। দ্রের স্বর্যের আলোর ঝলমল করছে স্বর্জ মাঠ। ছেলেমেরেদের বললাম: 'দেখ আমাদের সামনে কী স্ফর্রই না দেখাছে। ঘাসের ওপর প্রজাপতি উড়ছে, মোমাছি গ্রুগর্ম করছে। দ্রের — একপাল গোর্ চরছে, খেলনার মতো দেখাছে। মনে হচ্ছে মাঠ যেন একটা হালকা সব্জন্দী, আর গাছপালা — খন সব্জ পার। গোর্র পাল সেই নদীতে চান করছে। দেখ, শরতের এই প্রথম দিকে কত স্কুল্বর স্কুল্ব ফুলে মাঠ ছেয়ে গোছে। এসো, মাঠের গান কান পেতে শোনা যাক: শ্রুনতে পাছ পোকামাকড়ের মিহি গ্রুগর্ম আওয়াজ, ফড়িংদের গান?'

আমি ডুইং খাতার মাঠের ছবি আঁকি; আঁকি গোর, আর গাঁস — হাঁসেরা ইতপ্তত ছড়িয়ে আছে সাদা সাদা ফে'সোর বতা, আব আঁকি প্রায় নজরে না পড়ার মতো খোঁয়া, দিগন্তে সাদা মেঘ। শান্ত সন্ধারে সৌদ্দর্যে শিশ্রেরা মৃদ্ধ, ওরাও আঁকে সামি ছবির নীচে লিখি: 'মাঠ'। অধিকাংশ শিশ্রের কাছেই অক্ষর হল ছবি। আর প্রতিটি ছবিই কিছু, না কিছু মনে করিয়ে দেয়। আমরাও সেই ভাবেই আঁকলাম। যেমন, ঘাসের দুটো ভাঁটা একসঙ্গে আঁকলাম — হল আ-কার চিহ্ন। বাচ্চারাও সোৎসাহে তাদের ছবির নীচে 'মাঠ' শব্দটা লেখে। তারপর আমন্ধ এই শন্দটা পড়ি। নিস্প'-সঙ্গীতের প্রতি সংবেদনশীলতা শব্দের ধর্নন উপলব্ধিতে শিশ্যদের সাহায্য করে। প্রতিটি অক্ষরের আঁচড মনে গে'থে বসে, ছেলেমেয়েরা প্রতিটি রেখায় সণ্ডার করে প্রাণবন্ত ধর্নান, অক্ষর সহজেই মনে থেকে যায়। শব্দের ছবি গ্রুটিত হয় যেন এক অখণ্ড রূপে, ওরা শব্দ পড়ে — আরু এই পাঠ ধর্নাবিশ্লেষ ও ধর্নাসংগ্লেষের দীর্ঘকালীন চর্চার ফল নয়, এ হল শিশ্বদের সদ্য-আঁকা ছবির দৃষ্টিগ্রাহ্য রূপের উপযোগী ধর্নিময় ও সঙ্গীতধর্মী রূপ সচেতন প্রের্ংপাদনের ফল। দৃশ্য ও ধর্নি উপলব্ধির এই অথপ্ডতার ফলে অক্ষর আর ছোট শব্দ -- দুইই এককালে মনে রাখা যায়। মনে করবেন না, এটা বর্ণপরিচয়ের কোন নতুন পদ্ধতির আবিষ্কার। বিজ্ঞানে যা হয়েছে এ হল তারই ব্যবহারিক প্রয়োগ: যা মনে রাখার কোন বাধ্যবাধকতা নেই তা অনেক সহজে মনে থাকে: গ্রাহ্য রূপের আবেগময় বর্ণসায়মা — মনে রাখার ব্যাপারে অসাধারণ বিরাট ভূমিকা গ্রহণ করে .

শব্দের দৃশ্যরপে, ধরনি ও আবেগধর্মী বর্ণস্বমার ঐক্য আদৌ শব্দের স্বতন্ত্র, পৃথক পৃথক ধরনিবিশ্লেষণকে অপ্রাহ্য করে না। বরং তার উল্টো — 'মাঠ' শব্দটির ধরনি মনোযোগ দিয়ে শোনার সময় ছেলেমেয়েরা শব্দের ভিতরকার প্রতিটি ধর্নিকে বিচ্ছিল্ল করে, ব্রুতে পারেয়ে শব্দ হল পৃথক পৃথক ধর্নির সমষ্টি আর প্রতিটি ধর্নির দ্যোতক একটি করে মক্ষর আছে।

কয়েক দিন বাদে নতুন 'পর্যটন': আমরা সকালে স্কুলের বাগানে আসি, সূর্যকে অভ্যর্থনা জানাই। লন্ এর ঘাস, গাছের পাতা, আঙ্বরগুছে, হলুদ নাশপ্যতি, জামরঙের প্লাম – সব কিছুর গায়ে বিন্দ্র বিন্দ্র শিশিব। প্রতিটি শিশিববিন্দ্রতে বিকমিক করছে সুর্যের ফুলকি। ফুলকিগুলো এক জায়গায় মিলিয়ে যাজে, হাজির হচ্ছে অন্য জায়গায়। যেন কতক শিশির্মাবন্দ, সূর্যে পান করছে, কতক ছডিয়ে দিচ্ছে। কিন্ত এটা মনের ভুজ। আসলে শিশিরবিন্দাতে ফুলকি দেখা যায় তথনই যখন সূর্যের আলো তার ওপর এসে পড়ে। কিন্তু শিশির যায় কোথায়? কতক বিন্দু উবে যায়, কতক ধীরে ধীরে ঘাসের জাঁটা বয়ে গড়িয়ে নীচে পড়ে বায়, মাটি সেগ্রলিকে শ্বেষ নেয়। শিশির না থাকলে ঘাস ও ফল শ্বিকরে যেত . তারপর আমরা অ্যাস্টার, নেস্টার্টিরাম ও গোলাপ ফুলের ওপর শিশিরের ঝলমলে বিন্দঃ দেখি। আমি ঘাসের ডাঁটা. নেস্টার্টিয়াম ফুল, সূর্য আর ঝিকিমিকি ফুলকিসমেত শিশিরবিন্দ; আঁকি। ছেলেয়েয়েরাও আঁকে। ছবির নীচে লিখি: 'শিশির'৷ অক্ষরগালি এমন ভাবে আঁকি যে বাচ্চাদের ⇒।ছে দেখতে হয় সূ্র্য আর শিশিরবিন্দরে মতো। ছবি হয়ে ওঠা অক্ষরগর্মাল পড়ি। বাচ্চারা সকলেই যে যার মতো থাফরগ**ুলি লেখে — আঁ**কার মধ্যে পারিপার্ম্বিক জগৎ সম্পর্কে ে যার ধারণা প্রকাশ করে ৷

বাচ্চাদের সকলকে বলি শিশিরবিন্দ্র সমেত ঘাসের ডাঁটা থ কতে। ওরা ওদের ছবির নীচে 'শিশির' শব্দটি লেখে। শশ্রা আঁকল, লিখল কথাটা বলা সহজ। তাদের ছে কিন্তু যেমন ছবি, তেমনি ঐ লেখাটাও রূপ, ন বং ও উপলব্ধিব এক পরিপূর্ণ জগং। প্রতিটি অক্ষর শিশ্ব চৈতন্যে প্রতাক্ষ র্পের সঙ্গে সংশ্লিষ্ট হয়ে পড়ে, তাই গোটা শব্দ এবং প্রতিটি অক্ষরও সে সহজেই মনে রাখতে পারে।

কয়েকদিন ধরে আমরা বারবার শিশিববিন্দরে সৌন্দর্য উপভোগ করি, বারবার ছবি আঁকি আর লিখি। আর প্রতিটি নতুন ছবি — নিয়মিত কোন অনুশীলন নয়, স্ভানকর্ম। শিশিকা শব্দটি নিয়ে আমাদের স্ভানকর্ম চলল দ্ব-তিন সপ্তাহ। প্রতিটি ছেলেমেয়ে তার পছন্দসই ডাঁটা কিংবা ভাল আঁকে, শন্দের ধরনি হাদয়সম করে, শন্দের প্থক প্থক ধরনি বিশ্লেষণ করে, সেগ্লিকে অক্ষরে রুপে দেয়। পারিপাদ্ধিক জগতের বস্তুর সঙ্গে অক্ষরের মিল — বস্তুতই শিশ্বদের স্ভানকর্ম, কলপনা, রুপকথা।

ভুইং খাতার মলাটের ওপর আমি শিরনামা লিখি:
'মাতৃভাষার শব্দ'। 'এই ভুইং খাতা আমরা অনেক বছর ধরে
রেখে দেব,' আমি বাচ্চাদের বললাম, 'রেখে দেব যত দিন না
তোমরা শ্কুল শেষ করছ, বড় হচ্ছে। তোমাদের প্রত্যেকেরই
নিজের নিজের ভুইং খাতা থাকবে, আর এটা হবে আমাদের
সকলের ভুইং খাতা।'

দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাহ কেটে গেল, প্রাণবন্ত ভাষার উৎসসন্ধানে আমাদের নতুন নতুন 'পর্যটন' চলল। বিশেষ ভাবে অকের্যণীয় হল গ্রাম, পাইন বন, ওক, উইলো, বন, ধোঁয়া, বরফ, পাহাড়, শাঁষ, আকাশ, খড়, উপবন, লাইম, আপেল গাছ, মেঘ, টিলা—এই সব শব্দের সঙ্গে পরিচয়। বসন্তকালে আমাদের 'পর্যটনের' উপলক্ষ হল ফুল, লাইলাক, লিলি, আঙ্বর, প্রকুর, নদী, সরোবর, মেঘ, বৃষ্টি, বাজ, ভোর, পায়রা, পপলার, চেরী। প্রতিবার মাতৃভাষার শব্দ' ডুইং খাতায় সেই বাচ্চাই ছবি আঁকত যার মনে শব্দ সবচেরে উজ্জ্বল ধারণা, অন্ত্রভূতি ও স্মৃতির জাগরণ ঘটাত মাতৃভাষার সৌন্দর্যে কেউই উদাসীন থাকতে পারল না। ১৯৫২ সনের বসন্তের মধ্যেই, অর্থাৎ আমাদের কাজ শ্রের মাস আন্টেক বাদেই ছেলেমেরেরা সব অক্ষর জেনে গেল, তারা শব্দ লিখতে পারত, পড়তে পারত।

এখানে যান্দ্রিক ভাবে এই অভিজ্ঞতা গ্রহণের ব্যাপারে সতর্ক করে দেওরা প্রয়োজন বলে মনে করি। এই পদ্ধতিতে লিখতে ও পড়তে শেখানো — এক ধরনের স্জনকর্ম; কোন স্জনকর্মই গতান্গতিক ধারায় চলে না। নতুন কিছু গ্রহণ করা যেতে পারে একমার স্জনী মন নিয়ে।

সবচেয়ে উল্লেখযোগ্য এই যে শিশ্বদের সামনে বর্ণপরিচয়ের ও পড়তে শেখার কোন বাধ্যবাধকতা ছিল না। জ্ঞানের প্রথম ধাপে ছেলেমেয়েরা উঠছিল খেলাধ্বার মধ্য দিয়ে; তাদের মানসজীবন সৌন্দর্যে, র্পকথায়, সঙ্গীতে, কল্পনায়, স্ভানে আর ভার্বিলাসিতায় অনুপ্রাণিত হয়ে ওঠে। যা শিশ্বদের অনুভূতিকে আলোড়িত করত তা তারা ভালো করে মনে রাথত, তারা সৌন্দর্যে মৃদ্ধ হত। আমি অবাক হয়ে গেলাম এই দেখে যে বহু ছেলেমেয়ে কেবল মুখের কথায় তাদের অনুভূতি প্রকাশ না করে লিখেও প্রকাশ করতে চায়।

একবার আমরা ব্লিটর হাত থেকে আত্মরক্ষার জন্য বনের ভেতরে পাহারাদারের কুটিরে আশ্রম নিয়েছিলাম। মেঘ গ্রুগন্ত করে উঠল, বিদ্যুৎ জিলিক দিল। মাটির ওপর ছোট ছোট পর্টিতর আকারে শিলাব্লিট ছড়িয়ে পড়ছিল। ব্লিটর পরও সেগন্নি কিছ্কণ সব্জ ঘাসের ওপর পড়ে ছিল। মেঘের আড়াল থেকে সূর্য উক্তি মারল, ছোট ছোট শিলগন্নি সব্জ হয়ে গেল। ছেলেমেয়েরা মহানন্দে চিংকার করে উঠল 'ওঃ কী স্বন্দর'' পর্রাদন বাচ্চাদের ইচ্ছে হল গতকাল যা দেখেছে তা আঁকবে। ইউরা, সেরিওজা, শ্বরা, গালিয়া ত তাদের ছবির নীচে কিছ্ব কিছ্ব করে লিখেই ফেলল। ওরা তখনই ভালো পড়তে পারত, আমি দেখলাম তাদের প্রথম লেখা রচনা। সেগর্বলি এই রকম: 'মেছ ঘাসে শিল ছড়িয়ে দিয়েছে', 'সব্জ ঘাসে সাদা শিলাব্ভিটকে গলিয়ে দিল', 'বাজ ঢেলে দিয়েছে সাদা শিলাব্ভিটকে গলিয়ে

এই নিদর্শনে আমার আরও একবার প্রত্যয় হল: শিশারা ভাবনা ও ভাষার প্রাথমিক উৎসের — পারিপার্শ্বিক জগতের যত ঘনিষ্ঠ সংস্পর্শে আসবে ততই তাদের ভাষা বেশি ঐশ্বর্যময় ও ভাবগর্ভ হয়ে উঠবে। আমার বিশ্বাস ছিল এই যে শিগ্রিগরই আমার ছেলেমেরের সকলেই ছোট আকারের রচনা লিখতে পারবে। ১৯৫২ সনের গ্রীষ্মকালে আমার এই বিশ্বাসের সত্যতা প্রমাণিত হল। স্কুলের এলাকার এক কোণার লাগান হয়েছিল পপি ফুলের গান্ত। গাছের ডাঁটাগালি যখন নানা রঙের শত শত ফলে জন্তল জনুল করছে তখন আমি ছেলেমেয়েদের ওখানে নিয়ে এলাম। সৌন্দর্য শিশ্মেনে আনন্দান্ভতির তর<del>ক</del> জাগিয়ে তুলল আমরা অনেকক্ষণ মুশ্ধ হয়ে ফুলগালি দেখতে লাগলাম, মৌমাছির গ্রন্থন শ্বনলাম। পর দিন ডুইং খাতা আর রঙিন পেশ্সিল নিয়ে ঐ জায়গাটায় এলাম। ছেলেমেয়ের। আঁকতে বসে গেল, আমি তাদের পপি বীজের রূপকথা বললাম, বললাম যে রামধন্য ওকে সাত রঙের সোদ্দর্য উপহার দিয়েছে। অনেক ছেলেমেয়েই তাদের মান্ধতা ভাষায় প্রকাশ করতে চাইল, তারা প্রত্যুক্ত বচনা লিখে ফেলল: 'প্রপি ফলের গালিচা ঝলমল করছে' (তানিয়া), 'পপি ফুলের গালিচা মাটি ঢেকে দিয়েছে' (নিনা), 'পপি ফুটল, স্য থ্নান' (জিনা), 'পপির গালিচার ওপর মৌমাছি গ্নগ্ন করছে' (গালিয়া), 'স্য' নাটিতে ছড়িয়ে দিয়েছে লাল, নীল, গোলাপী ফুল' (লারিসা), নীল পাপড়ির ওপর ঝাঁকড়া ভোময়া' (সেরিওজা), 'সর্ব ডাটায় ফুলেরা দ্লছে' (শ্রা), 'পিপ ফুলের ভেতরে স্য থেলছে' (কোলিয়া), 'আকাশ থেকে পড়ল নীল পাপড়ি, মাটিতে ফুটে উঠল গালিচা' (কাতিয়া)। ছবিসমেত এই লেখাগ্নিল ছেলেমেয়েরা পরে তাদের ছুইং খাতা থেকে 'মাত্ভায়ার শব্দ' এইং খাতায় তোলে।

আমরা যখন সুর্যমুখীর মাঠে, বাক হুইটের জাঁকাল মাঠে প্রযিন' করি তখন শিশ্বদের কল্পনা প্রাণোছল নিবর হয়ে, উজ্জ্বল রুপ নিয়ে খেলা করে। পারিপাশ্বিক জগতের সৌন্দর্য শিশ্বদের যত বেশি উল্পীপিত করে তোলে ততই এক্ষর তাদের মনে গভাঁর দাগ কেটে বসে, যদিও এই লক্ষ্যটি কখনও মুখ্য হয়ে সামনে দেখা দিত না। আমার দ্রুমেই এই বিশ্বাস দৃঢ় হতে লাগল যে বর্ণাঢ়্য রুপে বিশ্বদর্শন এবং সৌন্দর্যের অন্কুতি ভাষায় প্রকাশ করা— এ হল শিশ্বের ননের বদয় ও প্রাণসন্তা। শিশ্বের মনন — শিল্পসন্মত, বর্ণাঢ়্য, ভাবাবেশে পরিপর্শ মনন। শিশ্ব যাতে ব্রিদ্ধান, উপস্থিত বিশ্বদর্শনের সূত্র তার জন্য অতি শৈশব থেকে শিল্পীর দ্ভিতিত বিশ্বদর্শনের সূত্র ভারেক দিতে হবে।

শিশ্ব যথন স্করকে দেখে, অন্ভব করে তথন তার চৈতন্যে কলপনা, স্ক্রন ও প্রাণবস্ত ভাবনার কা অফুরান প্রবাহই না ৬ৎসারিত হয়। প্রাণবান শব্দের উৎস অভিম্থে আমাদের এক পর্যটনের' কথা আমি কথনই বিস্মৃত হব না। গ্রীন্মের এক দিনে আমরা যোথখামারের মোচারের বাগানে গেলাম। মোচাষী

দাদ্ আমাদের টাউকা মধ্য আর ঝরনার ঠাপ্ডা জল দিয়ে আপায়ন করলেন। বাচ্চারা আপেল গাছের নীচে বসল, জমকাল বাক হুইটের মাঠের সোনদর্য উপভোগ করতে লাগল। মৌমাছির দল স্তেপে ওড়া শেষ করে মৌচাকে ফিরে আসছিল, তারা ঠাপ্ডা জলের ক্ষীণ স্লোতধারার ওপর মৃদ্ গুজেন করছিল। 'ওরা নিজেদের মধ্যে বলাবলৈ করছে ফুল, কুজাবন, বাক্ হুইট আর স্বেম্খীর কথা, ঝলমলে পপি ফুল আর নীল ঘাস্থালের কথা,' ছেলেমেয়েরা বলল।

পাঁচ বছর বাদে আমার শিক্ষাথাঁরি যথন চতুর্থ শ্রেণীতে পড়ছে, তথন আমি ওদের লিখতে বলি রুপকথা— 'মৌমাছিরা কাঁ নিয়ে গ্রুনগ্রন করে'; সঙ্গে সজে জ্বন মাসের এই দিনটির অবিস্মরণীয় ছাপ ধারণ করে স্কুপণ্ট আকার, ভাবনার প্রাণবন্ত প্রবাহ । হাাঁ, খুব ছেলেবেলায় যার ওপর টান পড়েছে তা কথনই ভোলা যায় না । তাই দেখতে হবে শৈশব যেন শিশ্বদের চৈতন্যে চিরকালের জন্য মাতৃভাষার সৌন্দর্য, পারিপাশ্বিক জগতের সৌন্দর্য স্মৃতিবন্ধ করে রাখে দেখতে হবে জ্ঞানের খাড়া ও কঠিন সোপানে প্রথম পদক্ষেপ যেন সৌন্দর্যের ছারা অনুপ্রাণিত হয়ে ওঠে।

শিশন্দের অক্ষরপরিচয়ের মাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের অন্তর্লোকে গ্রন্থ আরও বেশি স্থান করে নিতে লাগল। আমরা ছবিওয়ালা বইয়ের ছোট গ্রন্থাগার তৈরি করে ফেললাম। দ্রুর্ভাগ্যবশত বইয়ের দোকানে ভালো কিছ্, পাওয়া গেল না তাই আমাকে নিজেকেই বই আঁকতে ও লিখতে হল। প্রথম যে ছবির বই আমি আঁকি তা ছিল তুষার দাদ্য, দ্যুন্ট সংমা, ভালো সং মেয়ে আর অলস মেয়ে সম্পর্কে ইউক্রেনীয় লোককথা। বইটি দাঁড়াল বেশ বড়ই ৩০ প্র্তারও বেশি,

প্রতিটি প্রতায় একটি করে ছবি আর ক্যেকটি বাক্য (কখনও কখনও একটি বাক্য)। ১৯৫২ সনের বসস্তকালের মধ্যে আধিকাংশ ছেলেমেয়েই অনর্গল পড়তে শিথে গেল। বিশেষ করে ভালো পড়তে পারত জারিয়া, কোলিয়া, গালিয়া, লাকিসা, স্মেরিওজা ও লিদা। আমরা লন্-এ বসে থাকি, আমাদের মধ্যে কেউ একজন ছবির বই খুলে পড়তে থাকে। ...ব্যাপারটি নিছক শব্দ আর শব্দ দিয়ে তৈরি বাক্য পড়া নয়। এ হল স্কানকর্ম। রুপকথা পড়তে পড়তে শিশ্ব যেন ছবিতে রুপায়িত জগতে চলে যায়। তার পাঠের ভঙ্গি ভালোমান্য তুষার দাদ্ব, দ্বুট সংমা, পরিশ্রমী ও কোমল প্রভাবের সংমেরে, অলস ও নিষ্টুর মেয়ের অন্তুতি ও কার্যকলাপের স্ক্রোতিস্ক্রের ব্যঞ্জনা সঞ্চার করে। ছেলেমেয়েরা পাঠের মর্ম গভার ভাবে উপলব্ধি করে: তারা হিংসাকে ঘ্ণা করে, শ্বভর্তির জয়ের আনন্দ অনুভব করে।

কৌত্হলের বিষয় এই যে শিশ্বা কত বার যে র্পকথাটা পড়ে তার ইয়ন্তা নেই, তথাপি সবসময়ই অত্যন্ত আগ্রহের সঙ্গে শোনে। আমার মনে পড়ল শিক্ষকের উদ্বেগ: ছেলেমেয়েরা কেন এক্মেয়ে ভাবলেশহীন স্বরে পড়ে? কেন শিশ্বদের পাঠে কাঁচং শ্বতে পাওয়া যায় ভাষাবেগের ব্যঞ্জনা? তার কারণ এই যে বহ্ ক্ষেয়ে পাঠ হয় শিশ্বদের মনোজীবন থেকে বিচ্ছিন্ন, তাদের ভাবনা, অনুভূতি ও ধারণা থেকে বিচ্ছিন্ন। শিশ্ব মন আলোড়িত করে এক জিনিস, অথচ সে পড়ছে আরেক জিনিস সম্পর্কে। পাঠ একমাত্র তথনই শিশ্বা জীবনকৈ সমৃদ্ধ করে তোলে যথন শব্দ তার অন্তরের অন্তন্তলকে প্পর্শ করে।

আমরা নতুন নতুন ছবির বই বানাতে লাগলাম। ইউরা, সেরিওজা, কাতিয়া, লিউবা, লিদা, লারিসা ছবি আঁকল। এমন একটিও বাচ্চা ছিল না যার আঁকতে ইচ্ছে হত না। বর্ণপরিচয়ের বাধা অতিক্রম করা গেল প্রধানত আঁকার প্রতি আগ্রহের কল্যাণে।

১৯৫২ সনের গ্রীষ্মকালে ছেলেমেয়েরা ছাপার অক্ষরে ছোট ছোট শিশ্পোঠ্য বই পড়তে শ্রু করল। সেগ্রিলর মধ্যে ছিল লেভ তলস্তর কর্তৃক পরিমাজিত লোককথা ও ক. উশিন্দিকর মাতৃভাষা থেকে ছোট ছোট কাহিনী, র্শ কবি আলেক্সাশর প্রশিকন, মিথাইল লেরমন্তভ ও নিকোলাই নেরাসভের কবিতা, ইউলেনীয় কবি তারাস শেভ্চেক্কা, লোসিয়া উলাইন্কা ও ইভান ফাঞ্কোর কবিতা। একবার উশিন্দিকর সক্ষলন থেকে বাচ্চারা, দ্বুলে এসে ভোট' নামে কবিতটো পড়ে বাচ্চারা সঙ্গে সেটা ম্থেছ করে ফেলে। এতে আমি আনন্দ পেলাম, আবার উদ্বিপ্ন হলাম বর্ণমালা থেকে শ্রুর, করে পাঠের জন্য নির্দিন্ট বহু বইরেরা কথা ভেবে, যেখানে থাকে আনাড় ধরনের কবিতার ছড়াছড়ি। কেরানির ভাষায় লেখা নীরস কবিতা শব্দের প্রতি ভালোবাসার শিক্ষা দেওরার চেরে বরং কাব্যিক অনুভূতিই নল্ট করে ফেলে বলে মনে হয়।

নিজের প্রতিটি সাফল্য, প্রতিটি বাধাবিপত্তি নিরে আমি শিক্ষকদের সঙ্গে মত বিনিমর করতাম। প্রাথমিক প্রেণীতে শিক্ষার জন্য প্রাক্রিদ্যালয় পর্বের শিশ্বদের প্রভূত করে তোলা আমাদের শ্রুলের প্রাথমিক গ্রেণীগ্র্লিতে কর্মরত শিক্ষকদের সমন্তিগত দায়িত্ব হয়ে দাঁড়ালা। শিক্ষকদের স্ক্রনী অভিজ্ঞতায় প্রতি বছর শিক্ষাদানের পদ্ধতি আরও প্পত্ত করে বলতে গেলে, ক্লাস-বহিভূতি ও শ্রুল বহিভূতি শিক্ষাকর্ম উত্তরোত্তর উৎকর্ষ লাভ করে গভীরতা প্রাপ্ত হয়; আর উক্ত

পদ্ধতি শিশ্বদের মানসিক বিকাশের ঐক্য সাধনে এবং সাফলোর সঙ্গে প্রভাশ্বনা করার পক্ষে অবশ্য প্রয়োজনীয় প্রাথমিক ব্যবহারিক দক্ষতা অর্জনে সহায়তা করে এই সব দক্ষতার মধ্যে পাঠের স্থান প্রথম।

যে-সমস্ত শিক্ষক প্রাক্রিদ্যালয় পর্বের শিশ্বদের শিক্ষ্টেশীক্ষার কাজে মেতেছেন আজ কয়েক বছর হল তাঁরা এত সাফল্য এর্জন করেছেন যে তাঁদের পালিত সম্ভানেরা ক্রাসে শিক্ষালাডের গোডাতেই পড়তে শিথে যায়। এর ফলে কেবল প্রাথমিক শ্রেণীগুলিতে নয়, মাধ্যমিক এবং উচ্চ শ্রেণীগুলিতেও শিক্ষাদানের প্রক্রিয়া উল্লেখবোগ্য পরিমাণে সহজ হয়ে আসে। আমাদের দীর্ঘকালীন সমন্থিগত অভিজ্ঞতার ভিত্তিতে শিক্ষার সময় শিশ্যর ব্যদ্ধিব্যত্তি বিকাশে, স্ভেনশীল মানসিক প্রয়ে দ্রুত, ভাবগর্ভ, সচেতন পাঠের ভূমিকা **সম্প**র্কে অত্যন্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত করা যেতে পারে। সে সিদ্ধান্তের মূলকথা এই যে শিশ্ব যত অলপ বয়সে পড়তে শ্বর্ করে, পাঠ যতই তার সমগ্র মনোজীবনের সঙ্গে অভিন্ন সূত্রে গ্রথিত হয়, ততই ্রটিল হয় পাঠের সময় তার মননক্রিয়ার ধারা, ততই বেশি ারে পাঠ থেকে লাভ করা যায় মানসিক বিকাশ। যে শিশ্য । বছরের আগে পড়তে শিখেছে সে অর্জন করে পরম **ম্ল্যবান দক্ষতা: চোখ ও মন দিয়ে শব্দ ও বাক্যাংশ গ্রহণে** ার ক্ষমতা উচ্চারণ করে পড়াকে ছাড়িয়ে যায়। পড়ার সময় <u>াশশ্ব শব্দে আটকে থাকে না, সেকেন্ডের ভগ্নাংশ সময়ের জন্য</u> াট থেকে নিজের দৃণিট সরিয়ে দেওয়ার সুযোগ তার আছে এবং উচ্চারণে যা দাঁড়াবে এই সময়ের মধ্যে সে তা ভাবে, ্দাসম করে। এই ভাবে শিশ্য একই সঙ্গে পড়ে ও ভাবে, এদসঙ্গম করে, মনে মনে ধারণা করে।

আমাদের সমণ্টিগত অভিজ্ঞতায় দেখা গেছে যে ঠিক এই ধরনের দ্রুত পাঠই সচেতন শিক্ষার অন্যতম গ্রুত্বপূর্ণ শর্ত।

#### মানুষের মাঝে তোমার বাস

শকুলের এলাকার এক নির্জান কোণে পাইওনিয়ররা চন্দ্রমল্লিকা লাগিয়েছিল। শরংকালে এখানে সাদা, নীল ও গোলাপী রঙের ফুল ফুটল। উল্পান ঈষদ্ক একটি দিনে আমি আমার ছেলেমেয়েদের এখানে নিয়ে এলাম। ফুলের প্রাচুর্যে বাচ্চারা মহা খাদি। কিন্তু তিক্ত অভিজ্ঞতার আমি দেখেছি যে সোন্দর্যের প্রতি শিশানদের এই মান্ধতা অনেক সময় শ্বার্থপির হয়ে আত্মপ্রকাশ করে। শিশানু ফুল ছি'ড়তে পারে— ব্যাপারটা তার কাছে বিশ্বুমান নিন্দনীয় বলে নাও ঠেকতে পারে এবারেও তা-ই হল। আমি দেখতে পেলাম বাচ্চাদের হাতে হাতে একটা-দ্টো করে অনেকগ্রুলো ফুল গেল। বখন প্রায় অধেক ফুল চলে গেল তখন কাতিয়া চেটিয়ের বলল:

'চন্দ্রমল্লিকা ছে'ডা কি ভালো?'

তার কথার মধ্যে কোন আশ্চর্যের ভাব ছিল না, বিক্ষোভও ছিল না। মেরেটির নেহাংই জিজ্ঞাসা। আমি কোন জবাব দিলাম না। এই দিনটি শিশ্বদের কাছে শিক্ষণীয় হোক। ওরা আরও কয়েকটা ফুল তুলল, জারগাটা হতপ্রী হয়ে পড়ল, লন্টা থালি খালি দেথাচিছল শিশ্বমনে সৌন্দর্যমন্ধ যে আবেগ দীপ্ত হয়ে উঠেছিল তা নিভে গোল। ওরা ব্বতে পারছিল না ফুল নিয়ে কী করবে।

'কী হল, জায়গাটা স্বন্দর?' আমি জিজ্ঞেস করলাম। 'এই

যে, যে-ডাঁটাগন্লো থেকে তোমরা ফুল ছি'ড়ে ফেললে সেগন্লো কি স্কুদর?'

ছেলেমেয়েরা চুপ করে থাকে। তারপর একসঙ্গে কয়েকজন বলে উঠল:

'না, বিচ্ছিরি...'

'এখন আমরা কোথায় গিয়ে ফুল দেখে আনন্দ করব?'

'এই ফুলগ্লো লাগিয়েছে পাইওনিয়ররা,' আমি ছেলেমেয়েদের বললাম। 'ওরা স্কুলর জিনিস দেখে আনন্দ করার জন্যে এখানে আসবে — এসে কী দেখবে? ভূলে যেও না তোমরা মান্বের মাঝে বাস করছ। প্রত্যেকেই চায় স্কুলর জিনিস দেখে আনন্দ পেতে। আমাদের স্কুলে অনেক ফুল আছে, আছা ছারছারীরা প্রত্যেকে যদি একটি করে ফুল ছিড়েনেম তাহলে কী দাঁড়াবে? কিছ্,ই থাকবে না লোকের আর আনন্দ পাওয়া কিছ্, থাকবে না। স্কুলর জিনিস ভাঙ্গার জন্যে নয়, নষ্ট করার জন্যে নয়, তা গড়তে হয়। শরংকাল আসবে, শর্র, হবে ঠাওচা দিন। আমরা এই চপ্রমাল্লকাগ্লাকে উঠিয়েলাগাব হট্ হাউস-এ। আমরা সোল্মর্য দেখে আনন্দ করব। একটা ফুল ছিওতে গোলে দশটা বড় করে তুলতে হয়।'

করেক দিন বাদে আমরা আরেকটা লন্-এ গেলাম। এখানে ছিল আরও বেশি সংখ্যায় চন্দ্রমল্লিকা। বাচ্চার। এবারে আর ফুল ছি'ডুল না। তারা সৌন্দর্য উপভোগ করতে লাগল।

মান্ধের জন্য সোক্ষর্য ও আনক্ষ স্থিতর আহ্বানের প্রতি
ক্ষিশ্রকার সংবেদনশীল — কেবল বা গারুর্পপ্র্ণ তা এই যে
আহ্বানের অন্সরণে নিয়োগ করতে হবে শ্রম। শিশ্র ঘদি
অন্তব করতে পারে যে তার পাশে পাশে লোকজন আছে
এবং সে তার কাজকর্মের মধ্য দিয়ে এদের আনক্ষ দিতে

পারে, তাহলে সে অন্য লোকের দ্বার্থের মাপকাঠিতে নিজের আকাজ্জাকে মাপতে শেখে। আর উদারতা ও মন্যান্থবাধের শিক্ষার পক্ষে এটা অত্যন্ত গ্রুত্বপূর্ণ। নিজের আকাজ্জার সীমা যে না জানে সে কখনই স্নাগরিক হতে পারে না। দ্বার্থপর, আত্মকেন্দ্রিক, অপরের দ্বঃথকন্টের প্রতি উদাসীন লোকজন ঠিক তাদের ভেতর থেকেই গড়ে ওঠে বারা শিশ্কোলে কেবল নিজেদের আকাজ্জাকেই জানে, আর দশজনের দ্বার্থ দেখে না। আপাত দ্ভিতৈ অতি সাধারণ অথচ বস্তুত অতি জটিল এই মানবিক অভ্যাসকে — আকাজ্জাকে — নিরন্তাণ করতে জানাটাই হল মন্যান্থবাধের, সংবেদনশালৈতা, সহদয়তা ও অভ্যন্তরণ আত্মশাসনের উৎস, আর এছাড়া বিবেকের অভ্যন্ত দেই, অন্তিন্থ নেই মান্যবের মতো মান্যবের।

এখানে ফের জাের দিয়ে উল্লেখ করতে হর মন্ব্যন্থবাধের শিক্ষায় কনিত বয়ঃসীমার গ্রহ্ম। নীতিজ্ঞান, দ্ভিউজিস, অভ্যাস — এ সবই অন্ভূতির সঙ্গে ঘনিত সম্পর্কানিবত। অলঙ্কারের ভাষায় বলতে গেলে, অন্ভূতি হল উচ্চ নৈতিক আচরণের অন্কূল জাম। যেখানে সংবেদনশালতা নেই, পারিপার্খিক জগংকে উপলব্ধির স্ক্রেডা নেই সেখানে ব্দির পায় নির্দয়, নির্মম লােকজন। শথের অন্ভূতিপ্রবণতা, সংবেদনশালতা শৈশবেই রূপ পরিগ্রহ করে। শৈশব যদি হাতছাড়া হয়ে যায় তাহলে সে ক্ষতি আর কখনও প্রেণ করা যায় না

মানবিক সম্পর্কের জটিল জগতের সঙ্গে শিশ্বর পরিচয় সাধন — শিক্ষাদীক্ষার অতি গ্রের্থপূর্ণ কর্তব্যগ্নিলর একটি। শিশ্বরা আনন্দ ছাড়া থাকতে পারে না। শৈশব যাতে স্থী হয় তার জন্য আমাদের সমাজ চেন্টার ব্রুটি করে না। কিন্তু আনন্দ চিন্তাভাবনাহীন হওয় উচিত নয়। বড়রা যত্ন করে যে আনন্দের তর্কে বড় করে তুলেছে, শিশ্ব যথন কোন রকম ভাবনাচিন্তা না করে, লোকের কী থাকল না থাকল সে চিন্তা না করে সেখান থেকে ফল ছে'ডে, তখন ব্ঝতে হবে সে হারিয়েছে মান্বের পরম গ্রেড়পূর্ণ ধর্ম হারিয়েছে বিবেক। শিশ্ব থখন উপলব্ধি করে যে সে সমাজতান্ত্রিক সমাজের ভাবী নাগরিক, তার আগে তাকে শিখতে হবে কী করে উপকারের প্রতিদানে উপকার করতে হয়, নিজের হাতে মান্বের স্থ ও আনন্দ গড়ে তুলতে হয়।

'আনশ্দ নিকেতন' শ্থাপিত হওয়ার আগেই বেশ কয়েক বছর
ধয়ে যে চিন্তাটা আমাকে উদ্বিগ্ধ করে তুলেছিল তা এই যে বহু
মা-বাবাই নিজেদের ছেলেমেয়েদের প্রতি সহজাত অন্ধ
ভালোবাসাবশত তাদের মধ্যে কেবল ভালোটাই দেখেন, চরিত্রের
খারাপ দিকগুলি লক্ষ্য করেন না। মনে পড়ছে একটি ঘটনা—
ও বছরের ছেলে পায়খানায় না গিয়ে মা আয় পাড়া পড়শীদের
চোখের সমেনে প্রয়োজনীয় কাজটা সয়েল। মা কিন্তু রাগ
করলেন না বরং গদগদ কন্তে বললেন: 'দেখছেন আমাদের
ছেলে কেমন— কিছুতেই ঘাবড়ায় না।' চার বছরের বাচার
আবদারে দ্টিতে, ফোলানো ঠোঁটে, অবজ্ঞাপুর্ণ হাসিতে তখনই
আন্দাক কয়া যাছিল তার নীচতা; আয় এই নীচতাকে যদি
চিট না করা যায়, অন্য লোকে তাকে কী দ্ভিততে দেখছে
সে সম্পর্কে যদি তাকে সচেতন না করে তোলা যায় তা হলে
কালে সে পরিগত হবে দ্বেন্তে।

ভলোদিয়ার মা'র সঙ্গে আমাকে একাধিকবার কথাবার্তা বলতে হয়েছে। যেই তিনি কোন কথা বলতে শ্রুর করেন এমনি ছেলে তাঁর পোশাক ধরে টানাটানি করে, হাত ধরে ঝোলাঝুলি করে – সবসময়ই ছেলের কোন না কোন একটা জর্বী কাজ আছে। নাছোড়বান্দা ভাব ও আলগা আলগা থাকার মনোভাব ব্যক্তিস্বব্দবতারই দুই প্রকারভেদ, আর এর উৎস হল সাতখুন মাপ, গদগদ ভাব ও শাস্তি না দেওয়া। বাবা-মা'দের মধ্যে কেউ কেউ (দূর্ভাগ্যবশত কোন কোন শিক্ষকও) মনে করেন যে শিশুদের সঙ্গে কথাবার্তায় সবসময় শিশ্বসালভ কোন সার অনাসরণ করা উচিত : এই সারের মধ্যে শিশরে সংবেদনশীল কান গদগদ ভাব ধরে ফেলে। বরুক ব্যক্তির আধো আধো কথাবার্তার প্রতিক্রিয়াস্বরূপ শিশুর অমাজিত হদয়ে খামখেয়ালিপনা জাগে। এই স্বর যে কী রকম বিজ্ঞান্তি ঘটাতে পারে সে বিপদ সম্পর্কে আমি সবসময় সতর্ক ছিলাম এবং আমার সামনে যে আছে সে যে শিশ; একথা মুহ্তের জন্য বিস্মৃত না হয়েও আমি খুদে মানুষটির মধ্যে দেখতাম ভবিষ্যতের সাবালক নাগারিককে। মানুষের জন্য শ্রমের প্রসঙ্গ যখন উঠত তখন এই ধরনের ব্যবহার আমার কাছে অত্যন্ত গ্রের্ডপূর্ণ মনে হত। শিশ্বদের প্রমের সঙ্গে অনেক সময়ই সবচেয়ে খারাপ যে জিনিসটা দেখা যায় তা হল এমন মনোভাব যেন তারা বড়দের কৃতার্থ করছে, তাই বিরাট প্রশংসা, এমন কি পরুরুকার তাদের প্রাপ্যা

...শরংকালে আমরা মাটি খ'লে চন্দ্রমাল্লকা তুলে হট্ হাউস-এ নিয়ে এলাম। গাঁয়ের ছেলেমেয়েদের কাছে এটা সাধ্যান্যায়ী শ্রম। ছেলেমেয়েয়া রোজ চমংকার ফুলগাছের ঝাড়ে জল দিত, অধীর আগ্রহে প্রতীক্ষা করত কবে প্রথম ফুল ফুটবে। হট্ হাউস এক অপর্প স্থানে পরিণত হল। আছো, এবারে এখানে অতিথিদের ডেকে আনা যাক,' আমি ওদের পরামশ দিলাম। 'আছো, কাদের ডাকব?' অনেকেরই ছোট ছোট ভাইবোন ছিল। ছেলেমেয়েরা ওদের হট্ হাউস-এ নিয়ে এলো। বাচ্চারা ফুলের দিকে হাত বাড়াচ্ছিল, কিন্তু আমার ছাত্রছাত্রীরা ফুল ছি°ড়তে দিল না।

'আমরা যদি অনেক ফুল ফোটাতে পারি তাহলে আটই মার্চের মহিলাদিবসে তোম্যদের সম্বাইয়ের মা'দের একটা করে চন্দ্রমাল্লকা দিতে পারি,' আমি ছেলেমেরেদের বললাম। এই উদ্দেশ্যটা শিশ্বদের উৎসাহিত করে তুলল, মার্চের গোড়াতেই আমাদের যথেষ্ট পরিমাণ ফুল হয়ে গেল। উৎসবের দিনে মারেদের নিমন্ত্রণ করলাম, তাদের হট্ হাউস দেখালাম, একটা করে স্কুলর ফুল দিলাম। গালিয়ার সংমা স্কুলে এসেছিলেন। মেরেটি তাঁকে চন্দুর্মাল্লকা উপহার দিল। বহুবার আমি গালিয়াকে সংমার সঙ্গে তার ব্যবহার সম্পর্কে বলোছ, ব্রাঝরোছ যে ওর সংমা ভালো মান্ত্র — আমার কথা শেষ পর্যন্ত মেরেটির মনকে স্পর্শ করেছে। কোলিয়া ও তোলিয়ার মায়েরা, সাশার দিদিমা আর কোছিয়ার সংমাও যে উৎসব উপলক্ষে এসেছেন, তাতে আমার আনন্দ হল।

ছোট শিশ্বকে অনেক কিছুরই ব্যাখ্যা দেওয়া সম্ভব নয় .
মহত্ত্ব সম্পর্কে স্কানর স্বাদ্দর কথা সবসময়ই যে তার
চেতনাকে স্পর্শ করে এমন নয়। কিছু মন্যাছের সোল্পর্য ছোট
বাচারা পর্যন্ত হাদয় দিয়ে অনুভব করতে সক্ষম। 'আনদদ
নিকেতন' বিদ্যালয়ের জীবনযায়ার প্রথম দিন থেকে আমার
প্রয়াস ছিল যাতে প্রতিটি শিক্ষার্থী অন্যের আনদদ-বেদনা,
দ্বংথকট অনুভব করতে পারে। শরংকালে ও বসন্তকালে
আমরা প্রায়ই মোঁচাষী আন্দেই দাদ্র অতিথি হতাম। এই
ব্রের পরিবার ছিল না, একাকীছ – বড় দ্বংথের। শিশ্বরা
অনুভব করতে পারল যে প্রতিবারই আমাদের আগমনে আন্দেই

দাদ্ব আনন্দ পান। মোচাষের জায়গায যাওয়ার আগে আমি ছেলেমেয়েদের পরামশ দিই দাদ্ব জন্য আপেল, আঙ্বর, প্লাম নিয়ে যাব উনি আনন্দ পাবেন, মেঠো ফুল যে:গাড় করে নিয়ে যাবে — তাতে তিনি খানি হবেন। মান্ষের মনোবৃত্তি, মর্মপ্রীড়া ও অন্ভূতির প্রতি শিশ্বদের হাদয় উত্তরভারে সংবেদনশীল হয়ে উঠতে লাগল। ছেলেমেয়েয়য় নিজেরাই খাজে বার করতে লাগল কী ধরনের আনন্দ ব্জকেদেওয়া যায়। একদিন আমরা বনের ডেডরে জাউ রায়া করছিলাম। ক্যাম্পফায়ার যখন জবলতে থাকে সেই মাহা্ত শিশ্বদের মনে কত আনন্দেরই না সঞ্চার করে। ...ঠিক এই আনন্দের মনে কত আনন্দেরই না সঞ্চার করে। ...ঠিক এই আনন্দের মান হতেই ভারিয়া অন্যমন্দক ভাবে বলল:

'আন্টেই দাদ, কিন্তু এখন একা।'

ছেলেমেরেরা চিন্তিত হয়ে পড়ল। বরস্কদের কারও কারও কাছে এই দৃশ্যটি হয়ত ভাবপ্রবণ বলে ঠেকতে পারে, হয়ত কেউ কেউ ভাবতে পারেন: সাত বছরের শিশরে পক্ষে কি এমন ভাবাবেগ সভব? হাাঁ, প্রিয় শিক্ষক মশাইরা, সভব, যদি আপনারা ঠিক এই বয়সেই শিশমেনের সংবেদনশগলতা ধারাল করে তোলেন, যদি শিশরে হদয়ে পেগছে দিতে পারেন এই পরম সত্য যে তোমার বাস মান্বের মাঝে — শিশরে ইচ্ছে হবে নিজের আনেশের ভাগ অন্যদের দেওয়ার এবং সে যথন আমোদফুর্তি করছে তখন তার বন্ধ একা পড়ে আছে এই ভেবে সে মনে মনে দার্শ কণ্ট পাবে।

ছেলেমেযের। ঠিক করল তাদের আনদের ভাগ আন্দেই দাদুকে দেবে। 'চল, আমরা ওকে চবি' দেওরা জাউ দিয়ে আসি,' কোন্তিরা বলল। ওর কথাগঢ়িলকে সকলে সহর্ষে প্রাগত জানাল। বাচ্চারা যে পরিমাণ জাউ ওঁকে এনে দিল তা বোধহ্য দার্ণ ক্ষর্ধার্ত কোন লোকের পক্ষেও খেয়ে শেষ করা সম্ভব নয়। মৌচাষের জায়গায় আমরা আরও এক প্রস্ত খেলাম — দাদ্বর সঙ্গে।

আনন্দ বেদনার প্রতি সংবেদনশীলতার শিক্ষা একমার ছেলেবেলায়ই হয়ে থাকে। এই বয়সে মান্বের দৃঃখদ্দশা, মনোবেদনা ও একাকীদ্বের প্রতি হদর বিশেষ করে অন্ভূতিশীল। অন্য লোকের জায়গায় মনে মনে নিজেকে কল্পনা করে শিশ্র যেন র্পান্তর ঘটে। মনে আছে একদিন বন থেকে ফেরার সময় আমরা একটা নিঃসঙ্গ কুটিরের পাশ দিয়ে যাচ্ছিলাম — কুটিরটা ছিল সম্পূর্ণ খোলা মাঠের ওপর। আমি বাচ্চাদের বললাম যে এখানে যিনি থাকেন তিনি পিত্ভূমির মহাযুদ্ধে পঙ্গর; তিনি অস্কু, আপেল গাছ, আঙ্বর খেতে লাগাতে পারেন না। ছোটদের চোথে জল দেখা দিল। প্রত্যেকেই অস্কু মান্রটির একাকীদ্ব মর্মে মর্মে উপলব্ধি করল আমরা দৃটি আপেল গাছ আর আঙ্বরখেতের দৃটি বোপে লাগালাম — এটা ছিল মান্বের জন্য আমাদের উপহার। থার আমরা যা অর্জন করলাম তা মহাম্ল্যবান — অন্যের ধন্য সূত্র সূত্রির আননদ।

অন্য মান্থের দ্বংখকটের প্রতি সংবেদনশীল, সহান্ত্তি সম্পল হওয়ার শিক্ষা— সোভিয়েত বিদ্যালয়ের গ্রেত্পর্ণ া জা মান্য একমাত্র তথনই মান্থের বন্ধ, স্কুদ, ভাই হতে পারে যখন অন্যের দ্বংখ তার ব্যক্তিগত দ্বংখ হয়ে দাঁড়ায়। শিশ্ব যেন হৃদয় দিয়ে জান্তে জান্ত্র করতে পারে— শাকাদানের যে গ্রেত্পশ্র্ণ কর্তব্য আমি নিজের সামনে রাখি াকে এই ভাবে স্বেবদ্ধ করা যেতে পারে।

শিশ্বর সাথী, বন্ধু, মা-বাবা -- যার সংস্পর্যেশ সে এসেছে

এমন যে-কোন স্বদেশবাসীর হৃদয় স্ম্পর্কে শিশ্ব যদি উদাসীন হয়, কোন মানুষের অন্তর্করণে কী আছে তা যদি সে তার চোথ দেখে ব্রুতে না পারে তাহলে সে কথনই সত্যিকারের মানুষ হতে পারবে না আমি চেন্টা করি নিজের শিক্ষার্থীদের হৃদয়ের সংবেদনশীলতা এমন ধারাল করে তুলতে যাতে তারা মানুষের চোখ দেখে ব্রুতে পারে তার অনুভূতি, মর্মপ্রীড়া, আনন্দ ও বেদনা—সে মানুষের সংস্পর্দে শিশ্ব প্রত্যহই আসুক কিংবা 'দৈবাং' আসুক।

ছেলেমেয়েদের সঙ্গে বন থেকে ফিরছিলাম। দেখি রাস্তার ধারে ঘাসের ওপর বসে আছেন এক দাদু ৷ কী কারণে যেন তিনি উদ্ভান্ত। 'লোকটার কী যেন হয়েছে,' আমি ছেলেমেরেদের বলপাম। 'হয়ত পথে অসমুস্থ হয়ে পড়েছে। হয়ত বা কিছু হারিয়েছে?' আমরা বৃদ্ধের সামনে এগিয়ে যাই, জিজেস করি, 'আপনাকে কী করে সাহায্য করতে পারি দদে; ?' বৃদ্ধ দীর্ঘ**শ্বাস ফেললেন**। 'ধন্যবাদ বাছারা,' তিনি বললেন, 'তোমরা সাহাষ্য করতে চাইলে কী হবে — পারবে না। আমার বড় দুঃখ। বুড়ি হাসপাতালে মারা যেতে বসেছে। এই ত তার কাছে চলেছি, বাসের অপেক্ষায় আছি। সাহায্য অবশ্য তোমরা করতে পারবে না, তবু মন অনেকটা হালকা হল — দুনিয়ায় ভালো লোক আছে।' বাচ্চারা চুপ করে গেল। এতক্ষণ ওরা নিশ্চিত্তে কলরব করছিল - এখন চুপ। বৃদ্ধের বিষয় কথাগালির ছাপ মনে নিয়ে ওরা যে যার বাড়ির দিকে চলল। আরও একটু খেলবে বলে ওরা ঠিক করেছিল, কিন্তু আপনা আপনিই অবস্থা এমন দাঁডিয়ে গেল যে খেলার কথা ভলে গিয়ে ওরা যে যার বাডির পথ ধরল।

অনুভব করতে শেখানো — শিক্ষাদানের ক্ষেত্রে এটা সবচেয়ে

কঠিন ব্যাপার । সহদয়তা, সংবেদনশীলতা, সমবেদনা ও দরদের শিক্ষা — এ হল মৈত্রী, সৌহার্দ, দ্রাতৃত্ব। শিশ, তখনই অন্যের স্ক্রাতম মর্মপীড়া অন্যুভব করে যখন সে মানুষের সূখ, আনন্দ ও মার্নাসক শান্তির জন্য কিছু করে ৷ মা বাবা, দাদু দিদিমার প্রতি ক্ষুদ্র শিশ্ব ভালোবাসা যদি কল্যাণস্থির দারা অন্প্রাণিত না হয় তাহলে তা পরিণত হয় স্বার্থপর অনুভূতিতে: শিশু মা'কে ভালোবাসে যেহেতু মা তার আনদের উৎস, যেহেতু নিজের আনন্দের জন্য মা'কে তার দরকার। অথচ শিশ্যমনকে শিক্ষিত করে তোলা উচিত খাঁটি মানবপ্রেয়ের শিক্ষায় — অন্যের ভাগ্যের জন্য সে যাতে উদ্বিগ্ন হয়, উৎকণ্ঠিত হয়, ভাবে, মর্মপীড়া অনুভব করে। সত্যিকারের ভালোবাসা একমার তারই হৃদয়ে জন্মায় যে অন্যের ভাগ্য নিয়ে চিন্তাভাবনা করে। যার প্রতি যত্ন নেওয়া উচিত এমন বন্ধ**ু শিশুদের থাকা**। কতই না গ্রের্ডপূর্ণ। আমার শিক্ষার্থীদের তেমন বন্ধা হয়ে দাঁড়ান মোঁচাষী আন্দেই দাদ;। আমার এই বিশ্বাস দড়ে হল যে শিশ্য অন্য মান্যবের প্রতি যত বেশি যত্নশীল হয় ততই বন্ধদের প্রতি, মা-বাবার প্রতি তার মন বেশি সংবেদনশীল ২য়ে পড়ে। আমি আন্দেই দাদ্বর কঠিন জীবনের কথা **৬েলেমেরেদের বললাম: তাঁর দৃই ছেলে ফ্রন্টে নিহত হয়, স্মী** মরা যান। তিনি নিঃসঙ্গ বেয়ে করেন।

ংছলেমেরেরা, আমরা খনখন দাদ্রে কাছে যাব। প্রত্যেক এ এই কোন না কোন ভাবে তাঁকে আনন্দ দেব।'

আগ্ররা যখন তাঁর অতিথি হওয়ার উদ্যোগ নিই তথন পতেনেই ভাবে: দাদ্বেক কী ভাবে খ্লি করা যায়? .৮লেমেয়েরা তাঁকে উপহার দেয় ডুইং খাতা, যেখানে আমাদের প্রেন্ডের আঁকা ছবি আছে। ওরা নদীর ধারে নানা রঙের বহ' পাথর কুড়োয় — আন্দেই দাদুকে দেয়। দাদু কাঠ কেটে একটা ঝাঁপ তৈরি করে পাথরগঢ়লি তাতে বাখেন — আমাদের উপহার দেন। ছেলেরা তাদের বন্ধুর জন্য খড়ের টুপি তৈরি করে। দাদু আমাদের জন্য কাঠ কেটে থরগোশ, শিয়াল, ভেড়া এই রকম জস্তুজানোয়ারের কয়েকটি মূর্তি বানান

শিশারা যত বেশি আন্তরিক সেবাযত্ন তাদের বন্ধাকে করতে থাকে ততই বেশি করে তাদের চোখে পড়ে নিজেদের চারপাশের দাঃথকন্ট, উদ্বেগ-উৎকন্ঠা। ওরা দেখতে পেল যে নিনা ও সাশা প্রায়ই মুখ ভার করে স্কুলে আসে, তাদের চোখে বিষাদের ছায়া, চিন্তার ছাপ। বাচ্চারা দুই বোনকে জিঞ্জেস করে: মা কেমন আছে? মা'র অবস্থা খারাপ, তাই মেয়েরা বিবল্প। ...কল্যাণকর অনুভূতি তখনই হৃদয়ে দৃত্ প্রতিষ্ঠিত হয় যখন সাথার দুঃখ লাঘবের উদেদশ্যে শিশ্য কোন কাজ করে। আমরা কয়েক বার নিনা ও সাশাদের বাড়ি যাই, বাগানের আগাছা সাফ করি, সবজি বাগানের আল, তুলতে সাহায্য করি: প্রতিবার ছেলেমেয়েরা যথন বনে যাওয়ার আয়োজন করে তথনই একটা প্রশন তাদের উদ্বিগ্ন করে তোলে: আচ্ছা, নিনা ও সাশা আমাদের সঙ্গে যেতে পারবে ত? কেন্না এমন ঘটনাও ঘটেছে যখন তাদের থেকে যেতে হয়েছে বাড়িতে — বাবাকে সাহায্য করা দরকার। আমরা আমাদের সকলের আনদের দিনের আগের দিন তাই নিনা ও সাশাদের ব্যক্তি যাই. যে ভাবে পারি সাহাব্য করি।

সমাজে বাস করার অর্থ হল অপরের সাফলা ও শান্তির খাতিরে নিজের আনন্দ বর্জন করা। শিশ্বে সামনে দৃঃখ, দৃর্ভাগ্য, চোখের জল, অথচ সে নিজের আনন্দে মশগুল এমন ঘটনা হয়ত আমাদের সকলেরই চোখে পড়েছে। আবার বন্দত্ত ছলকে না পড়ে সেই উদ্দেশ্যে মা সমস্ত রকম দ্ংখবেদনা ও দ্দিচন্তা থেকে তার মনোযোগ বিচ্ছিল্ল করে বাখার চেন্টা করেন। এ হল খোলাখালি দ্বার্থপরতার দিক্ষা। মানবজীবনের অন্ধকার দিক থেকে শিশাকে দ্রের সারিয়ের রাখবেন না। শিশা জানকে যে আমাদের জীবনে কেবল আনন্দই নেই, দ্বংখও আছে। অপরের দ্বংখ শিশাকে ছবের প্রবেশ কর্ক। মানক ছেলেবেলায় কোন কোন উৎস থেকে নিজের আনন্দ আহরণ করেছে, শেষ বিচারে তারই উপর নির্ভার করে ব্যক্তিম্বের নৈতিক র্প। আনন্দ যাদ হয় ভাবনাচিন্তাহীন, দাবিদাওয়াপ্রে, শিশাক যাদ না জানে দ্বংখ কী, অনাদর কী, কতি কী তা হলে সে বড় হয়ে হবে স্বার্থপর, হবে মানক্ষের প্রতি উদাসীন। অত্যন্ত গ্রের্থপর্ণ এই যে আমাদের শিক্ষাথারীর যেন জানতে পারে কাকে বলে পরম আনন্দ — মানক্ষের প্রতি

# আছি দশে — মিলেমিশে

'আনশ্দ নিকেতন' বিদ্যালয়-জীবনের প্রথম দিন থেকেই থামার চেন্টা ছিল শিক্ষাথিমিণ্ডলীর মধ্যে পারিবারিক পোহার্দা, সহ্রদয়তা, সমবেদনা ও সাহায্যের মনোভাব, পারস্পরিক আন্থা সঞ্চার করা। সেপ্টেম্বর মাসে — আমাদের তিনটি ছেলেমেয়ে — ভিতিয়া, ভালিয়া ও কোলিয়ার জন্মদিন। থামরা দলের সকলে মিলে ওদের জন্মদিন উদ্যাপন করলাম: প্রের ক্যাণ্টিনে পিঠে তৈরি হল, ওদের আমরা ছবি আর বই উপহার দিলাম। আমি শ্রেন আশ্চর্য হয়ে গেলাম যে কোলিয়াদের বাড়িতে না ছেলেমেয়েদের না বাবা-মা'র — কারোই জন্মদিন পালন করা হয় না। ছেলেটার জীবনে ওটা ছিল প্রথম উৎপব। বন্ধুদের মনোযোগে সে অভিভূত হয়ে পড়ে। শৈশবে প্রতিটি শিশ্বই চায় দরদ, স্লেহ। শিশ্ব যদি নিদ্যিতার পরিবেশে বড় হয় তাহলে সে কল্যাণ ও স্কেরের প্রতি উদাসীন হয়ে পড়ে। স্কুল প্রোপ্রির পরিবারের, বিশেষত মা'র জায়গা নিতে পারে না, তবে শিশ্ব যদি বাড়িতে নেহ, সহদয়তা ও বড় থেকে বণ্ডিত হয় তাহলে আমাদের, শিক্ষকদের তার প্রতি বিশেষ মনোযোগী হতে হবে।

আমাদের শিক্ষাথিমণ্ডলী এখন বৈষয়িক সম্পদের অধিকারী; দলের নিজস্ব গোপন রহস্য, দ্বশিচন্তা ও পরিতাপের বিষয় আছে। আলমারিতে থাকত খেলনাপাতি, পোন্সল ও খাতা। আমাদের 'স্বপ্লপ্রীতে' ছিল 'খাদ্যদ্রব্যের ভাণ্ডার'— আমরা সেখানে রাখতাম আল্ব, খাদ্যশস্য, তেল-ঘি, পে'রাজ — অর্থাৎ সন্ধ্যাকালে বাইরে যখন শরতের ব্লিট্ মরছে তখন যা যা অবশ্য দরকার সে স্বই। আমাদের পরিবারের সব সদস্যই — ছোট ছোট ছেলেমেরে, তবে তাদের মধ্যে দাভেকা, তিনা, ভালিয়া — এরা ক্রেকজন ছিল বিশেষ করে ছোট। পথে, বনের মধ্যে ছোটদের সাহায্য করা সকলেই নিজেদের কর্তব্য বলে গণ্য করত।

কোন কোন ছেলেমেয়ে যদি অজ্ঞাত কারণে বাড়িতে থেকে যেত তাহলে সন্ধাবেলায় বন্ধনা তাদের বাড়ি গিয়ে জেনে আসত কারও অস্থিবিস্থ করেছে কিনা। এটা হয়ে দাঁড়ায় একটা ভালো প্রথা অন্নাগ - অভরাত্মার পরম গ্রেত্পূর্ণ তাগিদেব ভিত্তিভূমি; আর এই তাগিদ ছাড়া, মান্ধের জন্য আকুলতা ছাড়া মান্ধে মান্ধে কমিউনিস্টস্লভ পারস্পরিক সম্পর্ক ধারণাই করা ধাব না। আমি চেন্টা করি সঙ্গীসাথীদের সঙ্গে মেলামেশা, অন্তর সম্পদের পারস্পরিক
আদানপ্রদান যেন প্রতিটি শিশ্বে আনন্দের, পরিপর্ণে অনুভৃতি
ও মর্মপীড়ার উৎস হয়ে দেখা দেয়। প্রত্যেকেই ষেন সমন্টিতে
নিজস্ব কিছু না কিছু যোগ কয়ে, অন্যদের জন্য সূত্র ও
আনন্দ স্নিট করে।

কাজ করতে গিয়ে আমি শিশ্য-শিক্ষার্থিমণ্ডলীকে শিক্ষাদানের ব্যাপারে বহু, অস্ক্রিধার সম্মুখীন হই এবং সেগ্রনিকে দুর করার উদেদশ্যে যাঁরা শিশারে অন্তঃকরণ, শিক্ষাথিমিশ্ডলার নাড়ীর স্পাদন স্ক্র্ম ভাবে অন্ভব করতে পারেন এমন সমস্ত শিক্ষাবিদ আর প্রাথমিক শ্রেণীতে কর্মারত শিক্ষকদের সঙ্গে আমি আলোচনা করতাম। সময় সময় আমরা জড় হতাম সন্ধ্যাবেলয়ে, যখন স্কুলের দালানে এবং স্কুলের এলাকায় শিশ্বকণ্ঠের কলরব দ্রন্ধ হয়ে যেত। শিশ্ব-কমিমিণ্ডলীর জীবনের বহু,মুখিতা সম্পর্কে আমাদের প্রত্যেকেরই কার কী ধারণা এই নিয়ে আমরা মত-বিনিময় করতামা আমাদের সকলেরই ভালোমতো জানা আছে যে উপলব্ধির শুরু পরিবারে — তার স্ত্রেপাত সেই মুহূর্ত থেকে যখন মারের খ্মপাড়ানী গান শুনে শিশু মা'র দিকে তাকিয়ে প্রথম হাসি থাসে। প্রথিবীতে যা কিছু ভালো আছে, যা কিছু উদার, পরম স্কুর্বর সে সম্পর্কে প্রথম বোধ – মানুষে মানুষে ভালোবাসার বোধ— যাতে ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্য দিয়ে জন্মার, <mark>যাতে শিশ্বর কাছে সবচেয়ে প্রিয় হয়ে দা</mark>ঁড়ায় াব মা ও বাবা এটা বড়ই গ্রের্ডপূর্ণ কিন্তু পরিবারে ্দি এমন খাঁটি মনুষ্যুত্বের ঘাটতি থাকে, যদি আদোঁ তা না পাকে তখন বিদ্যালয়ের পরিমন্ডল তা কী পরিমাণে দিতে

পারে? শিশ্বের সংবেদনশীল ও অন্ত্রিপ্রবণ মনের স্নামনে কী ভাবে উদ্ঘাটন করা যার মানবহৃদয়ের উদারতা ও সৌন্দর্য সন্ধ্যাকালীন আলোচনা, পরামর্শ ও ভাবনর্যচন্তার এই সব মৃহ্তে তিলে তিলে আমাদের মধ্যে গড়ে ওঠে শিক্ষাবিজ্ঞান সংগ্রান্ত ধারণা — আমার দ্বিতিতে — ম্ল্যবান ধারণা, যা পরিণত হয় আমাদের শিক্ষকমণ্ডলীর দ্বিবিশ্বাসে: শিশ্বমণ্ডলী তথনই শিক্ষালাডের উপযোগী শক্তি হয় যথন তা প্রতিটি মান্ধকে সম্মত করে, প্রত্যেকের মধ্যে আত্মসচেতনতা, আত্মমর্যাদ্যবোধ প্রতিষ্ঠিত করে।

আমাদের স্কুলের সেরা শিক্ষকদের কাছ থেকে শিক্ষকজীবনের অভিজ্ঞতার যে-সমস্ত মূল্যবান কণিকা পেলাম সেগালিকে আমি স্যত্নে জড় কর্লাম, আমি চেণ্টা কর্লাম যাতে শিক্ষার্থমন্ডলীতে শিশ্বদের পরস্পরের সোহাদ্পান্ আন্তরিক সম্পর্কের মধ্যে ভালো হওয়ার আকাঞ্চা অভিব্যক্ত হয়। সমবেত কর্মসম্পর্কের ক্ষেত্রে আন্তরিকতা, সহদয়তার স্ণার আমার স্থায়ী চিন্তাভাবনার বিষয় হয়ে দাঁড়াল ৷ শিশ্বদের সম্ভিজীবনের বহাম,খীনতা আমার ধারণায় যে ভাবে দেখা দিতে লাগল তা কেবল সমবেত শ্রমে, একক উদ্দেশ্যে সম্মিলিত সমমতাবলম্বীদের সহযোগিতা নয়, একের প্রতি অন্যের পারস্পরিক সংবেদনশীলতা, বৃদ্ধি ও হাদয় দিয়ে অপরের আনন্দ-বেদনা উপলব্ধির ক্ষমতাও বটে। সমবেত কর্মসন্পর্কের এই সহদয়তা ও আন্তরিকতার মধ্যেই নিহিত আছে ভালো হওয়ার প্রয়াসের মহন্ত। এই প্রয়াস লোকদেখানোর উদ্দেশ্যে নয়, লোকে যাতে ভোমাকে প্রশংসা করে তার জন্য নয়, এর উৎস নিজের মহত অন্ভবের স্বাভাবিক দাবি থেকে।

এরপর থেকে আমার শিক্ষকতার বাকি সবগালি বছরই ছিল

বস্থুত শিশ্বদেব, উঠতি বয়সের ছেলেমেয়েদের, কিশোর-কিশোরীদের মানবিক মর্যাদাবোধ উল্লয়নের চিন্তাভাবনায় নিয়োজিত এরই উপর ভিন্তি করে গড়ে উঠতে থাকে এবং এখনও গড়ে উঠছে সমন্টিকমিক্ষেত্রের সম্পর্ক। সমাজের অংশর্পে শিশ্বদের সমন্টিজীবনকে আমি চিরকালই মান্বের সম্প্রতি সাধনের কর্তব্যভূক্ত করে দেখার চেন্টা করেছি। এই কর্তব্যেরই বশীভূত ছিল শিশ্বদের স্কনকর্মা, তাদের প্রবণতা, ক্ষম্তা ও মেধার বিকাশ।

### স্বাস্থ্যের বাগানে আমাদের বাস

আর এক মাস বাদেই আমার পালিত সন্তানের। স্কুলের ছাত্রছাত্রী হবে। এগিয়ে এলো গ্রন্থিকালের চমংকার মাস — আগস্ট। জনুলাইয়ের গরমে ছেলেমেয়ের। স্কুলে আস্ত খুব ভারে কিংবা সন্ধার মূখে। কারও করেও বাড়ি ছিল দ্রের — খেতে হলে তাদের দ্রের যেতে হত, তাই প্রায়ই ছয়-সাত জনথেকে যেত স্কুলে ক্যান্টিনে খাওয়ার জন্য। আমার মাথায় একটা চিন্তা খেলল: ছেলেমেয়েরা এক মাস না হয় বাড়িতে না-ই থাকল — থাকল হয়ত বাগানে বা প্রকুরের ধারে কোথাও। প্রকুরের ধারের জায়গাটা পছন্দ হয়ে গেল; গাছপালার জঙ্গলের মধ্যে পাইওনিয়ররা কয়েকটি কুটির বানাতে আমালের সাহায্য করল — যৌথখামারের তরম্জখেতের চৌকিলাররা এ রকম কুটিরেই সায়া গ্রন্থিজাকাল কাটায়। কুটিরের মাটিতে খড় বিছানা হল, আকার জনা টৌবলও খানানো হল। আমাদের কুটিরগ্নলোর লাগোয়া ছিল যৌথখামারের বিরাট বাগান। বাগান হবে আমাদের বিশ্রামের প্রধান জায়গা মালি রাজি হল। কুটিরের

भारम वानारना श्रन त्राह्माघत, रयोथथामात आमारमत थामाप्तवा मिल, এकজन भाठकछ ठिक करत मिल। भारिनहाव वावा ह्यात्नव घाउँ वानिरहा मिरलन, भारमहे ছिल এकठा स्माउँत रवाउँ छठा स्मरथ ছেলেस्मत रठाथ ठकठक करत छठे।

আমাদের বাসস্থান আর বিশ্রামের জায়গাটাকে মা-বাবারা নাম দিয়েছিলেন 'স্বাস্থ্যের বাগান'। স্বাস্থ্যের বাগানে আমাদের দলের জীবনযারা শ্রে হয়ে গেল। পুরো এক মাস আমরা খোলা হাওয়ায় থাকলাম। উঠতাম ভোরে — সূর্য ওঠার আগে। স্থান করতাম পূকুরে, ব্যায়াম করতাম, স্কাল্যের খাবার খেয়ে বনে, বাগানে, মাঠে — কোথাও ঘারতে বেরিয়ে পড়তাম। এই এক মাসে আমরা শব্দের উৎসমাথে সবচেয়ে আকর্ষণীয় 'প্যতিন' পর্ব সমাধা করি। আমরা স্তেপের টিলার চূড়া থেকে ভোরের আলো আর সূর্যোদর দেখি, দেখতে পাই শত শত সোয়ালো পাখি বাস উঠিয়ে গরম প্রদেশে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছে ঝাঁকে ঝাঁকে এসে জমায়েত হচ্ছে; সূর্যের আলো আর ভোরের বাতাস কুয়াসায় ঢাকা নদীর ওপর থেকে কুয়াসার সাদ্য আন্তরণ সরিয়ে দিচ্ছে। মাঠে, তৃণভূমিতে কিংবা বনে ছেলেমেয়েরা দ্বিতীয় দফার প্রাতরাশ করত: তারা খেত আপেল, নাশপাতি. প্লাম. নতুন আলা সেন্ধ, সেই সঙ্গে ভাজা শশ্য, তরম্জ, ফুটি, ভূটার দানা সেদ্ধ, টমেটো। আগস্ট — ফলফ্রল ও শাকসবজির সময়: এই সময় প্রতিটি বচ্চো অন্তত দুই কিলোগ্রাম আপেল ও নাশপাতি খেত। আন্দেই দাদ্য রোজ আমাদের জন্য মধ্য নিয়ে আসতেন সকালে ও সন্ধ্যায় ছেলেমেয়েরা টাটকা দুধ পান করত। পাচক টাটকা শাকসবজি দিয়ে আমাদের জন্য মুখরোচক **স**্বপ বানাত।

রোদে ছেলেমেয়েদের গায়ের চামড়া প্রভল; তারা ইজার ও

গেঞ্জী পরে থালি পায়ে রোজ পর্যটনে বেরোভ, মোটর-বোটে চেপে বেড়াত।

স্বাস্থ্যকর খাওযাদাওয়া, স্বর্যের আলো, জল, হাওয়া, সাধামতো শ্রম ও বিশ্রামের সমন্বয় — এ সবই হল স্বাস্থ্যের অতুলনীয় সঞ্জীবনী উৎস।

## প্রথম শিক্ষাবর্ষের প্রাক্ষালে চিন্তাভাবনা

আমাদের 'আনন্দ নিকেতনের' জীবনযাত্রা সমাপ্তির মুখে। শিগ্রিগরই আমার ছেলেমেয়েরা হবে স্কুলের ছাত্রছাত্রী — এই চিস্তায় আমার যেমন আনন্দ হল তেমনি উদ্বেগও হল। আনন্দ এই কারণে যে আরও কয়েক বছর আমার ছেলেমেয়েদের জীবন, শ্রম ও জ্ঞানচর্চার পথে চালিয়ে নিয়ে যাব, আর এই এক বছরে ওরা শক্তসমর্থ হয়ে উঠেছে, রোদে প্রভৃছে, তামাটে হয়েছে।

'আনন্দ নিকেতনে' আমাদের অবস্থানের দিন যখন শেষ হল তথন আমি মনে মনে তুলনা করলাম ভালোদিয়া, কাতিয়া, দানিয়া, তোলিয়া, ভারিয়া, কোন্ডিয়া আজ থেকে এক বছর আগে কী ছিল এবং এখন কী হয়েছে। ওরা ছিল ফেকাসে, রোগা, ওদের চোখের নীচে নীল রগ দেখা যেত। আর এখন সকলেই রোদে প্রভেছে, সকলেরই লোগেছে গোলাপী রঙের ছোপ — দ্বেধ-আলতায় রং আর কাকে বলে। আরও আনন্দ ২ ছিল এই ভেবে যে ব্রাকবোর্ড ও চক ছাড়া, ফেকাসে ছবি আর কাটা বর্ণমালা ছাড়াই ওরা জ্ঞানের প্রথম ধ্যুপে উঠেছে — লিখতে ও পড়তে শিখেছে। ক্লাস্থরের ব্রাকবোর্ডের আয়তক্ষেত্র

দিয়ে যারা এই ধাপ শ্রে, করে তাদের চেয়ে ওদের যাত্রা এখন অনেক সহজ হবে।

ব্যক্তিগত শিক্ষা-প্রণালীকে আমি গভীর শ্রদ্ধা করি, ধরাবাঁধা গং-এর প্রতি আমার বিতৃষ্ণা আছে। কিন্তু জীবনের অভিজ্ঞতারই দাবি এই যে জ্ঞানার্জনের স্ক্রপাত যেন হর ধীরেস্ক্রে, বিদ্যাশিক্ষা — শিশ্রে অতি গ্রেম্প্র্ণ ও কঠোর শ্রমসাধ্য এই কাজ — যেন সেই সঙ্গে শিশ্রদের আত্মিক ও শারীরিক শক্তির দ্যুতাসাধনে সক্ষম এক আনন্দদায়ক শ্রমও হতে পারে যারা এখনও শ্রমের উদ্দেশ্য ব্রুক্তে পারে না, ব্রুক্তে পারে না বাধাবিপন্তির প্রকৃত মর্ম সেই ছোটদের পক্ষে এর বিশেষ গ্রুত্ব আছে।

হাজার বার লোকে বলেছে: বিদ্যাশিক্ষা— শ্রম, তাকে থেলার পরিণত করা উচিত নয়। কিন্তু তাই বলে শ্রম ও থেলার মধ্যে চীনের প্রাচীর তুলে দেওরাও ঠিক নয়। শিশ্রে জীবনে, বিশেষত প্রাক্রিদ্যালয় বয়ঃসীমার শিশ্রের জীবনে থেলার স্থান যে কী তা একটু মনোযোগ দিয়ে লক্ষ্য করে দেখা যাক। তার কাছে খেলা— অসাধারণ গ্রেছপূর্ণ কাজ। খেলার মধ্য দিয়ে শিশ্রেদের সামনে উদ্ঘাটিত হয় জগং, বিকশিত হয় ব্যক্তিমান্বের স্জনী ক্ষমতা। খেলা ছাড়া প্রশানায় মানসিক বিকাশ হয় না, হতে পারে না। খেলা হল এক বিশাল আলোকিত বাতায়ন যা ভেদ করে অন্তর্লেকে প্রবাহিত হয় পারিপার্মিক জগংসংলান্ত ধারণার, বোধের সঞ্জীবনী ধারা। খেলা— এমন এক শ্র্কুলিঙ্গ যা অনুসন্ধিংসা ও কৌত্হলের আগ্রন জরালিয়ে তোলে। তাই শিশ্র যদি খেলার ছলে লিখতে শেখে, যদি ব্রদ্ধির্তি বিকাশের প্রতিটি পর্যায়ে প্রমের সঙ্গে খেলার সমন্বয় ঘটে, যদি শিক্ষক ঘনঘন না-ই বলেন, আছো,

থেলা হল ৩, এবারে এসো কাজ করা যাক!' – তাতে দোষের কিছুই নেই।

रथलात अर्थ वााभक ७ वर्मा भी वाकाता यथन इ.हे इ.हे করে, ক্ষিপ্রতা ও গতির পাল্লা দেয় কেবল তথনই যে খেলে তা নয়। স্জনক্ষিমতা ও কল্পনার বিপাল প্রয়োগের মধ্যেও খেলা থাকতে পারে। মানসিক শক্তির খেলা ছাড়া, স্জেনী কল্পনা ছাড়া প্রকৃত শিক্ষা ধারণাই করা যায় না — বিশেষত প্রাক্রিদ্যালয় পর্বে। যেখানে সোন্দর্য আছে, ব্যাপক অর্থে, খেলার স্ত্রপাত সেখানে। কিন্ত ছোট শিশ্বে প্রম যেহেত নন্দনতাত্তিক বনিয়াদ ছাড়া অর্থহান সেই কারণে ছোট বয়সে শ্রমসংক্রান্ত কার্যকলাপ থেলার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কাহিবত। দকুলের জমিতে ফসল তোলা যে দিন শুরু হয় সেই দিনটি সমারোহপূর্ণ — ছেলেমেয়েরা উৎসবের সাজ পরে আসে: প্রথম কাটা শস্যের মঞ্জরী রাখা হয় টেবিলক্লথে ঢাকা টেবিলের ওপর, একটা ফুলদানিতে। এতে আছে গভীর অর্থপূর্ণ খেলা। কিন্তু খেলা তখনই শিক্ষামূল্য হারায় যখন তা কৃতিম ভাবে প্রমের সঙ্গে 'সম্পর্কিত' হয়, যখন সৌন্দর্যের মধ্যে পারিপাশ্বিক জগৎ সম্পর্কে এবং নিজের সম্পর্কে মান্যবের আবেগ-অন্যভাতিপূর্ণ মুল্যায়ন প্রকাশ পায় না।

অমীমাংসিত থেকে যাছে একটি প্রশ্ন: কোন সময় বর্ণপরিচয় শ্রুর করা সবচেয়ে ভালো—শিশ্ব যখন প্রথম গ্রেণীর শিক্ষার্থী হল তখন, না আরও কিছু আগে—প্রাক্রিদ্যালয় পরে? অভিজ্ঞভার ফলে আমাদের শিক্ষকগোষ্ঠী এই সিদ্ধান্তে পেণছৈছেন যে স্কুলে শিশ্ব জীবনে আকস্মিক পরিবর্তান আনা ঠিক নয়। শিশ্ব আগে যে কাজ কবত স্কুলের শিক্ষার্থী হওয়ার পরও তা-ই চালিয়ে যাক না কেন। তার

জীবনে নতুনের প্রকাশ ঘটুক ধীরে ধীরে, নতুন নতুন ধারণার প্রবল ধারায় তাকে বিদ্রান্ত করে দিয়ে কাজ নেই।

আমার মতে, আঁকা ও খেলাখূলার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কান্বিত বর্ণপরিচয়ই প্রাক্রিদ্যালয় প্রেরি শিক্ষাদীক্ষা এবং স্কুলের শিক্ষার মধ্যে অন্যতম সংযোগরক্ষাকারী সেতু হতে পারে। বর্ণমালার ছবিতে আমার শিক্ষাথবিরা আবিষ্কার করে শিশির বিন্দরেতে স্বর্থের ফুলাকির সোন্দর্যা, পর্কুরের ঘাটের ওপর ঝু'কে পড়ে থাকা একশ' বছরের ওক গাছ আর নীল আকাশের বুকে বকপাঁতির সোন্দর্য, জুলাইয়ের গরম দিনের শেষে ঘ্রিয়ের পড়া তৃণভূমির সৌন্দর্য। ছেলেমেরেরা হয়ত এখনও তেমন স্কুদর করে অক্ষর লিখতে জানে না — কিন্তু সেটা বড় কথা নয়, বড় কথা হল এই যে তারা প্রতিটি ছবিতে হদয়ের স্পন্দন অনুভব করে। ছেলেমেয়ের। যে শব্দের বর্ণসূষ্মা ও গীতিব্যঞ্জনা ব্যুঝতে শ্যুর্ করেছে তাতেও আমি আনন্দিত হলাম। ওদের চেতনায় উজ্জ্বল, বর্ণাঢ্য, কাব্যিক চিন্তার দৃঢ় ভিত্তিভূমি রচিত হয়েছে। অধ্কনবিদ্যা শিশানের অন্তর্জীবনে স্থান পেল। ওরা ছবির মধ্যে নিজেদের অনুভূতি, ভাবনাচিত্তা ও অভিজ্ঞতা প্রকাশের চেন্টা করে। গানবাঙ্কনা শোনা আমার শিক্ষার্থাদৈর আন্তরাত্মার দাবি হয়ে দেখা দিল।

নৈতিক বিকাশের ক্ষেত্রে শিশ্বদের প্রথম পদক্ষেপ লক্ষ্য করেও আনন্দ অনুভব করলাম: ওরা মানবিক আচরণের সোন্দর্য জগতে প্রবেশ করেছে, অপরের আনন্দ-বেদনার প্রতি সংবেদনশীলতা তাদের হৃদয়ে জেগেছে, মান্বের জন্য সৌন্দর্য ও আনন্দ স্থিটর সূখ তারা এখন উপপান্ধি করতে পারে। যে সময় শিশ্ব প্রথম স্কুলে প্রবেশ করে তখন থেকে শ্রু করে পূর্ণতাপ্রাপ্ত, সর্বাঙ্গীণ বিকশিত ব্যক্তিম্বের জগতে তার প্রবেশ — শিক্ষার এই দীর্ঘকালীন প্রক্রিয়া আমার ধারণার সর্বোপরি হল মানবিক অনুভূতির শিক্ষাদান: যাকে আমরা শিক্ষা দিই সে যেন গভীর ভাবে অনুভব করতে পারে যে তার আশেপাশের লোকজনদেরও তারই মতো দৃঃখকন্ট ও বেদনা থাকতে পারে, ছেলেমেয়েরা যে তাদের সমবয়সীদের কিংবা তাদের চেয়ে বড় সঙ্গীসাথী ও মা-বাবার — মোটকথা, বড়দের আলোড়িত অনুভূতিতে দুত অনুপ্রাণিত হতে পারে, ওরা যে সেই সব অনুভূতির সহমর্মী হতে শিথেছে তাতে আমি আনশিত হই। ছেলেমেয়েরা জীবনে যারই সংস্পর্শে আস্কুনা কেন তার মধ্যেই দেখতে পেত সর্বোপরি মানুষকে। এই ঘটনা ছিল আমার কাছে স্বচেরে বড় আনশের।

আনন্দের অনুভূতির সঙ্গে সঙ্গে আমি উদ্বেগও বােধ করি।
দৈনদিন মানসিক শ্রম শিশ্বদের প্রধান কর্তব্য হয়ে দাঁড়াবে —
পারিপাশ্বিক জগতের প্রতি ওদের সজীব আগ্রহ আমি
জাগিয়ে রাখতে পারব কি? প্রতিটি শিশ্ব নিজের মতো করে
পারিপাশ্বিক জগংকে দেখে, নিজের মতো করে বস্তু ও ঘটনাকে
উপলব্বি করে, নিজের মতো করে ভাবে — উদ্দাম গতিশীল
জলোচ্ছ্রাসকে এবং জলভারে পরিপর্ণ শান্তি ও মন্থরগতি
নদীকে আমি উপলব্বির জগতে প্রবাহিত করতে পারব

আরও বেশি উদ্বিশ্ন আমি হই প্রতিটি শিশ্বর মনোজগতের কথা ভেবে। আমার সমেনে আছে সংবেদনশাল, কোমল, অনুভূতিপ্রবণ হাদর। শিশ্বদের সংগ্পশে যত বেশি আসি ততই স্পত্ট দেখতে পাই আমার কথা ও দ্ধিট, আমার প্রামশ ও সভবোর স্বর বোঝার ক্ষমতা তাদের কত ব্দ্ধি পাচছে! আমার সামনে ৩১ জন ছেলেমেরে —৩১টি জগং।

কোলিয়া ও কোন্ডিয়া, ভারিয়া ও তিনা, দাওকা ও লারিসা, ভলোদিয়া ও সাশা— এদের মধ্যে এখনই, এই প্রাক্রিদ্যালয় পর্বেই কত না পার্থক্য। . আর নিজস্ব, ব্যক্তিগত, গভীর ব্যক্তিগত বৈশিষ্ট্য দিন দিন, সপ্তাহ থেকে সপ্তাহান্তরে ক্রমাগতই প্রকট হয়ে, উজ্জনন থেকে উজ্জনজভর হয়ে দেখা দেবে। হদরের সংগোপনে কোথায় যেন প্রতিটি শিশ্র আছে নিজস্ব তন্ত্রী, সে তন্ত্রী ধর্নিত হয় নিজস্ব ভঙ্গিতে, তাই আমার কথা যাতে মনে সাড়া জগোয় তার জন্য নিজেকে এই তন্ত্রীর স্বরে বাঁধতে হয়। শিশ্র হয়ত কোন ব্যাপারে উৎকণ্ঠিত, ব্যথিত, অথচ শিক্ষক তা জানেন না— এতে শিশ্রস্বদরে যে কাঁ দার্ণ মর্মপাঁড়া জন্মায় তা আমি বহুবার লক্ষ্য করেছি। শিশ্র প্রতিদিন কাঁ ভাবনাচিন্তা করে, তার মনে কাঁ আছে তা কি আমার পক্ষে জান্য সম্ভব হবে? আমি কি তাদের প্রতিস্বস্ময় স্থিবিচার করতে পারব?

তবে সবচেয়ে গ্রেছপর্ণ যে প্রশাটি আমাকে আমার সমগ্র কর্মকালে ভাবিয়ে তুলত তা হল কী ভাবে সমাজ জীবনযাত্রার বৃহৎ জগতের সঙ্গে স্কুলের ছোট ছোট শিক্ষার্থাঁর পরিচয় ঘটানো যায়, প্রতিটি শিশ্র কেবল তার নিজের গ্রাম, যে নদার তীরে সে শৈশবের আদিপর্ব কাটিয়েছে তার সৌন্দর্য ছাড়াও যাতে নিজের জন্মভূমির বিশাল, অসীম জগৎ প্রত্যক্ষ করতে পারে তার জন্ম কী করা উচিত ? কী করা উচিত যাতে প্রকৃতি ও মানবহুদয়ের সৌন্দর্যকৈ ভালোবাসার সঙ্গে সঞ্জে যে বৈরভাবাপার শক্তি জনগণকে দাসত্বস্থানে আবদ্ধ করে, তার প্রতি সামাজাবাদের প্রতি তার ঘ্লা জন্মায়, যাতে সে সোভিয়েত জনগণের সাফলাকে সমাজতান্ত্রিক ব্যবস্থা, আমাদের দেশের জাতিসম্বের মৃতি, সম্মান ও মৈতীকে রক্ষা

করতে পারে? কী ভাবে সর্বাঙ্গীণ বিকাশের সঙ্গে নাগরিক শিক্ষাদীক্ষার সম্মিলন ঘটানো যেতে পারে? স্কুলের বয়ঃকনিষ্ঠ ছেলেমেয়েদের শিক্ষা দেওয়া বড জটিল সমস্যা। বয়সের যেমন দাবি সেই অনুযায়ী এ সমস্যার সমাধান আমার পক্ষে সম্ভব হবে কি?

## . শৈশৰ পৰ্ব

## প্রাথমিক বিদ্যালয়ের পরিচয়

১৯৫২ সনের আগস্ট মাসের শেষদিনের এক রোপ্রোজ্জ্বল শান্ত প্রভাতে স্কুলের দালানের সামনে সব্বজ্ঞ লন্-এ সমস্ত ছারছারী, শিক্ষক ও মা-বাবাদের সমাবেশ ঘটল । শিক্ষাবর্ষ স্চনার অব্যবহিত পূর্ববর্তী এই আনুষ্ঠানিক দিনটি বহুকাল হল আমাদের এখানে বিদ্যালয় ও প্রথের ঐতিহ্যমূলক উৎসব হয়ে দাঁড়িয়েছে। ঐ দিন স্কালের উৎস্বটি বিশেষ রোমাঞ্চকর ছিল।

১৬টি ছেলে আর ১৫টি মেয়ে। ছেলেমেয়েদের সঙ্গে এসেছেন তাদের মা-বাবারা, অনেকের ঠাকুমা-দিদিমা ও লাদ্ররা। কোলিয়া ও তোলিয়ার মা'দেরও দেখা যাছে। গালিয়ার কাঁথের ওপর হাত রেখেছেন তার সংমা. এক বছর আগে হলে মেয়েটি ভূর্ কোঁচকাত — এখন কিছু তা করছে না। সকলেই আমাদের অভিনন্দন জানান, শ্ভকামনা করেন। দশম শ্রেণীর ছেলেমেয়েরা ছোটদের সামনে এগিয়ে আসে, প্রত্যেককে দের সমারক উপহার — বই, তাতে লেখা আছে এই কথাগালি: 'ছোট বন্ধুটি, তোমার যাত্রা শৃভ হোক বইটা যত্ন করে রেখো। এই বইটা সারা জীবন ডোমাকে স্মরণ করিয়ে দিক স্কুলের উৎসবের কথা, যে দিন তুমি স্কুলের শিক্ষার্থী হলে সে দিনের কথা। তোমার পারিবাবিক গ্রন্থাগারে চিরকাল স্বরের রাথা থাক।' (বহু বছর কেটে গেছে, আমার ছাত্রছারীয়া

সাবালক হয়েছে, ওরা সকলেই কিন্তু এই বইটিকৈ পবিত্র বস্থুবৃ্পে, দ্বর্ণময় শৈশবের অম্ল্য দ্ম্তি হিশেবে সংবক্ষণ করছে)।

বাবা-মারেদের সঙ্গে ছেলেমেয়ের৷ শিক্ষক আর দশম শ্রেণীর ছাত্রছাত্রীরা --- আমরা সকলে মিলে বাগানে যাই কিশোর-কিশোরীরা সমতে আপেলের চারা মাটি কুপিয়ে তোলে এবং মাটির ডেলা সমেত ওটাকে অন্যত্র নিয়ে যায়, ঝটপট সেটাকে গতের্ব বিসরে দেয়। বাচ্চাদের প্রত্যেকে এক মুঠো করে মাটি তলে নিল – গর্ত বুজানো হল। ওরা গাছটার জল দিল, তারপর যে যার বাড়ি চলে গেল: আগামীকাল ওরা স্কুলে আসবে, শ্রের হবে ওদের প্রথম পাঠ। চার বছর ছেলেমেয়েরা প্রাথমিক বিদ্যালয়ে পড়াশানা করবে, চার বছর আমি ওদের পডাব, শিক্ষাদক্ষিয়া দেব। এই দিনটির প্রাক্কালে আমাকে উদ্বিগ্ন করে তোলে একটি চিন্তা: 'প্রাথমিক বিদ্যালয় বলতে কী বোঝায় ?' প্রাথমিক বিদ্যালয়ের বিরাট, নিধারক ভূমিকা সম্পর্কে অনেক কথা বলা হয়। প্রাথমিক শ্রেণীগলৈতে জ্ঞানের দুড় ভিত্তি স্থাপিত হয়', 'প্রাথমিক শ্রেণী হল বনিয়াদেরও বনিয়াদ' — মাধ্যমিক ও উচ্চ শ্রেণীগুলিতে শিক্ষার অসক্তি ও চুটিবিচুটিত সম্পর্কে ভাসা ভাসা, আলগা আলগা জ্ঞান সম্পর্কে যথন কথা ওঠে তখন এ ধরনের উত্তি প্রায়ই শনেতে পাওয়া যায়। প্রাথমিক বিদ্যালয়কে প্রায়ই এই বলৈ দোষ দেওয়া হয় যে ভবিষ্যতে পড়াশনে চালিয়ে যাওয়ার উপযুক্ত ক্ষমতা ও জ্ঞানের নিদিটি কোন পরিমণ্ডলী শিশাদের সে দিতে পারে নি।

বাস্তবিকই, অভিজ্ঞতায় দেখা গেছে যে প্রাথমিক বিদ্যালয়ের সর্বোপরি কাজ হওয়া উচিত কী ভাবে পড়াশনো শিখতে হয় তা শেখানো। ইয়ান আমোস কমেন্ শ্বি (১৫৯২-১৬৭০),
ক. দ. উশিন্ শ্বি ও ফ-আ ডিস্টারভেগের (১৭৯০-১৮৬৬)
মতো বিশিষ্ট শিক্ষারতীরা এ সম্পর্কে বলৈছেন। প্রাথমিক
বিদ্যালয়ের সর্বাপেক্ষা গ্রের্ত্বপূর্ণ কর্তব্য হল অটুট জ্ঞান ও
দক্ষতার স্মানির্দিট পরিমন্ডলী শিক্ষার্থীদের দান করা। শিখতে
জ্ঞানা ব্যাপারটির মধ্যে নিহিত আছে জ্ঞানার্জনের সঙ্গে
সম্পর্কিত অনেকগর্নি দক্ষতা — পড়তে ও লিখতে পারার
নৈপ্রণ্য, প্রাকৃতিক ঘটনা পর্যবেক্ষনের, ভাষনার এবং শব্দের
মাধ্যমে নিজের চিন্তা ব্যক্ত করার নৈপ্র্ণ্য। অলও্কারের ভাষায়
বলতে গোলো, এই নৈপ্রণ্যর্গালি হল সেই হাতিয়ার যাদের
সাহায্য ছাড়া জ্ঞানার্জন অসম্ভব।

প্রাথমিক শ্রেণীতে শিশ্বদের শিক্ষাদানের প্রস্তুতি নেওয়ার সময় আমার উদ্দেশ্য ছিল শিশ্বদের গভার ভাবে কা মনে রাখা উচিত, তাদের স্মৃতিতে কিসের স্থান দৃঢ় প্রতিহিঠত হওরা উচিত এবং কাঁই বা তাদের করতে পারা উচিত তা সঠিক নিধারণ করা।

কিন্তু প্রাথমিক বিদ্যালয়ের সমস্যা এতেই শেষ হয়ে যায় না। এক মৃহত্তের জন্যও ভূলে গেলে চলবে না যে প্রাথমিক শ্রেণীগর্লতে শিক্ষককে কাজ করতে হয় শিশ্বকে নিয়ে।

প্রথম থেকে চতুর্থ শ্রেণীতে — ৭ থেকে ১১ বছর বরসের ছেলেমেরের শিক্ষার পর্বটি মানুষ হয়ে ওঠার পর্ব। অবশ্য প্রাথমিক শ্রেণী শেষ হওয়ার আগেই বে এ প্রান্তিয়ার সমাপ্তি ঘটে তা নয়। তবে এই পর্বেই মানবজীবনের নিবিড্তম গুণাবলীর স্চনা। ভবিষ্যতে সাফলোর সঙ্গে পড়াশ্বনা চালিয়ে যাওয়ার জন্য শিশ্বকে এই পর্বে ভাবী বিদ্যাশিক্ষার প্রস্তুতি

নিলেই চলবে না, জ্ঞান ও নৈপ্রশ্যের ঝুড়ি বোঝাই করলেই চলবে না। প্রাথমিক গ্রেণীতে শিক্ষাকাল নীতিজ্ঞান ব্যন্তিবৃত্তি, দেহ ও নন্দনতাত্ত্বিক বোধ বিকাশের গোটা একটি পর্ব।

আমাদের দেশের প্রাথমিক বিদ্যালয়গ্র্লিতে হাজার হাজার জালো ভালো শিক্ষক আছেন। তাঁরা প্রত্যেকেই শিশ্র কাছে জানের আলোক মার নন, তাঁরা প্রকৃত অথেই জীবনের শিক্ষাদাতা, শিক্ষাগ্র্র্। সোভিরেত দেশে প্রাথমিক বিদ্যালয় — সর্বস্তরে মাধ্যমিক শিক্ষার দৃঢ় ভিত্তি। তবে একথাও না বলে উপায় নেই যে বহু প্রাথমিক বিদ্যালয়, বিশেষত আট ক্লাসের মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক গ্রেণীগ্র্লি, মারাত্মক রুটি থেকে মৃক্ত নর। কোন কোন প্রকলের প্রাথমিক শ্রেণীগ্র্লিতে শিক্ষাথাঁর ভাগ্য আমার কাছে তেমন ভালো বলে মনে হল না: শিশ্রের পিঠে আছে ঝুলি — শিক্ষক চেন্টা করেন যত বেশি বোঝা ভাতে প্রের দেওয়া যায়। নির্দিট্ট সাঁমা অবধি অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ প্রেণীগ্র্লিতে শিক্ষা পর্যন্ত এই বোঝা বয়ে নিয়ে যাওয়া — এতেই শিক্ষক অনেক সময় দেথতে পান শিক্ষাথাঁর জাঁবন ও কার্যকলাপের অর্থা।

প্রাথমিক বিদ্যালয়ের কাজ হল জ্ঞানের একটি স্কৃত্ ভিত্তিভূমিতে শিক্ষাথাঁকে দাঁড় করিয়ে দেওয়া। এই কাজে স্পন্ট ধারণার একান্ত অভাব এবং অনিশ্চয়তার ফলে কেবল প্রাথমিক বিদ্যালয় নয়, শিক্ষার পরবর্তী ধারাও দ্বলি হয়ে পড়ে। জ্ঞান, দক্ষতা, বাবহায়িক কর্মকৌশল শিশাকে দিতে হবে। এগার্লিয় স্কুলভ পরিধি নিধারণ ছাড়া বিদ্যালয় কলপনা করা যায় না। বহু স্কুলে শিক্ষার প্রাথমিক বিজ্ঞানের অন্যতম মারাত্মক য়ুর্টি এই যে শিক্ষকের প্রায়ই নজর এড়িয়ে যায় শিক্ষার প্রথম, ষিতীয় ইত্যাদি পর্যায়ে কোন্ কোন্ নিয়ম, সংজ্ঞা শিশ্বে গভীর ভাবে হৃদয়ঙ্গম করা উচিত, মনে রাখা উচিত, কোন্ কোন্ শব্দ তার ঠিকমতো লিখতে শেখা উচিত এবং কোন সময়েই তাদের সঠিক বানান ভোলা উচিত নয়। শিশ্বদের মার্নাসক শ্রমকে সহজসাধ্য করার চেণ্টায় কোন কোন শিক্ষক বিস্মৃত হন যে শিশ্বকে কোন ব্যাপার জানলেই হবে না, কোন ব্যাপারে আগ্রহী হলেই হবে না, রীতিমতো মুখস্থ রাখতে হবে, মনে রাখতে হবে। বর্তমানে প্রাথমিক শ্রেণীগর্বলিতে শিশ্বর সাধারণ বিকাশ সম্পর্কে অনেক কথা চলছে। সাধারণ বিকাশ — অবশাই জ্ঞানার্জন ও শিক্ষাদীক্ষার অত্যন্ত গ্রম্পূর্ণ উপাদান, কিন্তু যে-সমন্ত প্রাথমিক জ্ঞান মনে না থাকলে, স্মৃতিতে দৃতৃমূল না হলে সাধারণ বিকাশই সম্ভব নয় তাদের ভূমিকাও সমান গ্রের্ত্বপূর্ণ, কেননা সাধারণ বিকাশ বলতে বোঝায় ক্রমাণত জ্ঞানার্জন আর তার জন্য দরকার পড়াশ্বনা করতে শেখা।

প্রাথমিক বিদ্যালয়ের সামনে যে-সমস্ত সমস্যা আছে সেগালির বাবতীয় বিশেষ গার্ন্থ সত্ত্বেও ভূলে গোলে চলবে না যে শিক্ষকের কাজ হল এমন মান্যকে নিয়ে যাকে যেতে হচ্ছে রায়্ব্যবস্থা গঠনের বিক্ষ্র পর্বের মধ্য দিয়ে। জ্ঞানার্জনের, জ্ঞানকে মনে রাখার, সম্ভির ভাশ্ভারে রাখার এক তৈরী, সজীব ব্যবস্থার্গে শিক্ষক যদি শিশার মন্তিকককে দেখেন তা হলে ভূল করবেন। ৭-১১ বছর বয়স পর্যন্ত সময়ের মধ্যে শিশান্দের মগজে প্রবল বিকাশ চলতে থাকে। শিক্ষক যখন ভূলে যান যে মান্যের স্নায়্ব্যবস্থার বিকাশের প্রতি, তার কোষকলা দ্যুতাসাধনের প্রতি যত্নপ্র হও্যা উচিত, তখন শিক্ষা শিশানকে ভোঁতা করে দেয়।

শিক্ষার উদ্দেশ্য আবিবাম জ্ঞানস্প্রন নয়, স্মৃতিশক্তির তালিম দেওয়া নয়, মুখন্থবিদ্যা নয়। মুখন্থবিদ্যা মানুষ্কে ভোঁতা করে দেয়, তার মাথা ঘুরিষে দেয়, এতে কারও কোন প্রযোজন নেই, যেমন শিশরে স্বাস্থ্যের পক্ষে তেমনি তার মানসিক বিকাশের পক্ষেও এই বিদ্যা ক্ষতিকর। আমার লক্ষ্য ছিল শিক্ষা যেন সমৃদ্ধ অন্তর্লোকের অংশবিশেষ হয় আর সেই অংশবিশেষ যেন শিশরে বিকাশে, তার ব্যদ্ধিব্যক্তির সম্ভ্রিসাধনে সহায়ক হয়। মৃখ্ছবিদ্যা নয়, খেলাধুলা, রপেকথা, সোন্দর্য, সঙ্গীত, কল্পনা ও স্ক্রেনের জগতে পুরোদমে প্রবাহিত ব্রন্ধিমার্গীয় জীবন – এই হবে আমার পালিত সন্তানদের শিক্ষা। আমি চাই শিশ্বের যেন প্রযাটক হয়. তারা যেন এই জগতে আবিষ্কর্তা ও স্রক্টা হয়। পর্যবেক্ষণ, ভাবনাচিন্তা ও বিচারবিবেচনার ক্ষমতা, প্রমের আনন্দ অনুভব করতে পারা, স্ক্রেরে জন্য গর্ববোধ, মানুষের জন্য সৌন্দর্য ও আনন্দ স্থিতির ক্ষমতা, সেই স্থিতির মধ্যে স্থের সন্ধানপ্রাপ্তির, প্রকৃতি, সঙ্গীত ও শিদেপর সোন্দর্য উপভোগের ক্ষমতা, ঐ একই সোন্দর্য দিয়ে নিজের অন্তর্লোকের সম্দ্রিসাধনের অন্যের আমন্দ-বেদমাকে আপনার বলে গ্রহণ করার, এবং অনোর ভাগ্যকে নিয়ে ব্যক্তিগত ভাগ্যের মতোই গভীর ভাবনাচিন্তা করার ক্ষমতা — আমার কাছে এ-ই ছিল শিক্ষাদীক্ষার আদর্শ। সেই সঙ্গে বিস্মৃত হলে চলবে না সাম্পত্ত, কঠোর ভাবে নিদিন্টি লক্ষ্য: শিশ্মদের ঠিক কী ঞ্চানা উচিত, কোন্ কোন্ শব্দ তাদের লিখতে শেখা উচিত, কোন্গ্রালর বানান তাদের কথনই ভুললে চলবে না, অঙ্কের কোন কোন নিয়ম তাদের চিরকাল মনে রাখা উচিত। প্রথম থেকে চতুর্থ শ্রেণীতে মাতৃভাষার কোন্ কোন্ শব্দ শিশ্বদের

মনে রাখা উচিত, 'আনন্দ নিকেতনে' শিক্ষা দেওয়ার সমরই আমি তার একটা তালিকা তৈরি করি।

মান্যিক শ্রমের পদ্ধতি, বীতি ও প্রণালী আয়ত্তের মধ্যে আমি শিক্ষাসংক্রান্ত সমস্যার বিপালে গার্বান্ত লক্ষ্য করি। প্রথমিক শ্রেণীগার্লিকে পকুলের বহা পরিচালক ও পরিদর্শক যে কৃপার দান্তিতে দেখেন তাতে আমার বড়ই দানিচন্তা হয়। প্রুলের পরিদর্শক এলে সর্বোপির আগ্রহ দেখান ওপরের ক্লাস আর মাধ্যমিক শ্রেণীগার্লির প্রতি, আর ছোট ক্লাসের প্রতি তাঁর মনোভাবটা এমন যেন ওখানে সত্যিকারের পড়াশানা হয় না, হয় ছোটদের খেলাখালা। শিক্ষার্থীরা পশুম শ্রেণীতে ওঠামান্তই এই খেলাখালায় মাত্যমাতির জায়গায় শ্বান নের ওদের জ্ঞানের পরিধি সম্পর্কে দানিচন্তা।

কোন রক্ম মাতামাতি নয় — ছোট ছেলেমেরেদের নিয়ে কাজে নামার সময় আমি এই কর্তবাটি সামনে রাখলাম। দ্বিতীয় দ্রেণী শেষ করার আগেই তাদের এত দ্রুত পড়তে শিখতে হবে, তাদের পাঠকে এমন ভাবগর্ভ ও সচেতন হতে হবে যে তারা যেন চোখ দিয়ে এক নজরে ছোট ছোট বাক্যকে এবং বড় বড় বাক্যের সম্পূর্ণ অর্থবাধক অংশকে অথন্ড সামগ্রিকতার্পে গ্রহণ করতে পারে। পাঠ হল চিন্তাক্রিয়া ও ব্লেছিব্ল বিকাশের অন্যতম উংস। আমি চিন্তা করে দেখলাম, আমার কাজ হওয়া উচিত শিশ্কে এমন ভাবে পড়তে শেখানো যাতে পড়তে শেছতে সে ভাবতেও পারে। শিশ্র পক্ষে পাঠ হওয়া উচিত জানাজনের স্ক্রেডম উপায়, সেই সঙ্গে ঐশ্বর্য প্রেল্ড অন্তর্জীবনের উৎস।

১৯৫২ সনের শরৎকাল থেকে ১৯৫৬ সনের বসন্তকাল এই চার বছর সময়ের মধ্যে একই রকম গা্রাত্বপূর্ণ দ্বটি কর্তবা সামি কী ভাবে সম্পাদন করি এই অধ্যায়ে তার বিবরণ দেব। প্রথমত আমি শিশ্বদের গভীর, দড় ভিত্তিমূলক জ্ঞান দিই, দিতীয়ত মুখস্থবিদ্যা প্রত্যাখ্যান করে শিশ্বদের অন্তর্জীবনের প্রতি, তাদের স্বাস্থ্যের প্রতি নজর দিই।

## দ্বাস্থ্য, দ্বাস্থ্য আরে স্বাস্থ্য

একটি কথা আমি বারবার জোর দিয়ে বলতে পিছপা নই:

পবাস্থ্যের প্রতি যত্ন — শিক্ষকের অতি গ্রের্ডপূর্ণ কাজ।

শিশ্বদের প্রাণােচ্ছলতা ও স্ফ্রতির উপর নির্ভার করে তাদের

অন্তর্জাবন, বিশ্ববাক্ষা, মানসিক বিকাশ, জ্ঞানের দ্লপ্রতিতা
, আঅশক্তিতে আছা। শিক্ষাদানের প্রথম ৪ বছর শিশ্বদের

ধন্য যে যত্ন ও উল্লেগ আমার ছিল তার সামগ্রিক হিসাব নিতে
গেলে দেখা বাবে যে অর্থেকিই গেছে স্বান্থ্যের পেছনে।

পরিবারের সঙ্গে নিরন্তর যোগাযোগ না রাখলে স্বাস্থ্যের প্রতি
থক্ষ নেওয়া অসন্তব। অধিকাংশ সময়ই, বিশেষত ছেলেমেয়েদের
বিদ্যালয়ে শিক্ষার প্রথম দ্ব'বছর, মা-বাবাদের সঙ্গে
আলোচনার বিষয় ছিল বাচ্চাদের স্বাস্থ্য। আমি অভিভাবকদের
বললাম যে তাঁদের ছেলেমেয়েদের বাড়িতে শেখার জন্য কোন
কাজ দেওয়া হবে না। নিয়ম ও সংজ্ঞা ওরা মনে রাখতে শিখবে
গোসে পড়ার সময়। বাড়িতে শিক্ষাথাঁদের কাজ হবে প্রধানত
কতকগ্রিল অনুশীলনী প্রেণ করা; সেগর্লার উদ্দেশ্য—
বিষয় খাতে গভীর ভাবে অনুধাবন করা যায় সে ব্যাপারে
সাহায্য করা। তাছাড়া বাড়িতে ছেলেমেয়েরা পড়বে, ছবি
নাকবে, প্রাকৃতিক ঘটনা পর্যবেক্ষণ করবে, পারিপাখিক
জগতের বিষয় ও ঘটনাবলী সম্পর্কে ছোট ছোট রচনা লিখবে,

যে কবিত। ভালো লাগে তা মৃথস্থ করবে। বাড়িতে মানসিক শ্রম যেন ক্লান্তিকর না হয়, তবে এই শ্রমকে এড়ানোও সন্তব নয়। এমন মনে করা ঠিক নয় যে ক্লাসে শিক্ষাপদ্ধতির উৎকর্ষ সাধিত হয়েছে বলে বাড়িতে পড়াশ্বনা করার একেবারেই প্রয়োজন নেই। এমন ধারণার মধ্যে শিক্ষার প্রকৃত লক্ষ্য ও নিয়মের কোন পরিচয় পাওয়া যায় না এই কারণেই যে ক্লাসে এক নাগাড়ে ৩-৪ ঘণ্টা পড়াশ্বনার মধ্যে সমগ্র মানসিক শ্রম কেন্দ্রীভূত করা যায় না।

শিশারা যাতে বেশি করে খোলা হাওয়ার থাকে, যাতে দেরি করে না ঘুমোর, সকাল সকলে ঘুম থেকে ওঠে, ঘুমোনোর সময় যাতে জানলা ফাঁক করা থাকে সেদিকে মা-বাবারা দৃষ্টি রাখবেন বলে কথা দিলেন ! পরুরো গ্রীষ্মকাল, শরং ও বসন্তের ঈষদ,ক মাসগ, লিতে ছেলেমেয়েরা ঘরের বাইরে ছাড়া আর কোথাও ঘুমাতে পারবে না -- মা-বাবাদের সঙ্গে কথাবার্তা বলে আমরা এটাও ঠিক করে নিলাম। মা-বাবারা বৃষ্টি থেকে গা বাঁচানোর জন্য চালা তৈরি করে তার নীচে খড় বিছিয়ে ঘ্যোনোর বিশেষ জারগা বানিয়ে দিলেন। বাচ্চাদের খুব পছন্দ হল। প্রতিটি পরিবারে, যেখানেই শিক্ষার্থী আছে, বাড়ির সংলগ্ন জমিতে, বাগানে থাকতে হবে কুঞ্জ — যাতে বসভের শ্রু থেকে শরতের শেষ পর্যন্ত সেখানে বই পড়া যায়, ছবি আঁকা যায়, বিশ্রাম করা যায়। কয়েক বছর আগেই মা-বাবাদের সঙ্গে কথাবার্তা বলে ও ব্যাপারটা আমরা ঠিক করে নিয়েছিলাম : যাদের মায়েরা বাচ্চাদের জন্য নিজেরা কুঞ্জ বানাতে পারলেন মা তাঁদের সাহায্য করল স্কুলের ওপরের ক্লাসের ছেলেমেয়েরা। 'আনন্দ নিকেতনে' থাকতেই ছেলেমেয়েরা প্রতিঃকালীন ব্যায়ামচর্চায় অভ্যন্ত হয়ে ওঠে। এখন যেটা গ্রের্ডপূর্ণ তা হল

এই অভ্যাস যাতে বজায় থাকে সেদিকে নজৰ রাখা। আমার এই বিশ্বাস জন্মাল যে ব্যায়ামচর্চার অভ্যাস খ্ব ছোটবেলায়ই দ্ট্ম্ললবদ্ধ হয়। মা-বাবারা শিশ্বদের বোজ একই সময় ঘ্মাথেকে ওঠার অভ্যাস করান। খোলা বাতাসে ব্যায়ামচর্চার পর ছেলেমেয়েরা হাত মুখ ধোয়। গ্লীক্ষকালে প্রকুরে স্নাম করার অভ্যাস তাদের হয়; তাছাড়া জনেক মা-বাবাই উঠোনে কিংবা বাগানে সানের ব্যবদ্ধা করে দিয়েছিলেন। বছরে ছয় মাস মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত) শিশ্বর ধারা জলে স্নান করত। অভ্যাসটা এমনই পাকাপোক্ত হয়ে দাঁড়াল যে শতিকালেও তারা কোমর পর্যন্ত শরীর ধ্যত—অবশ্য ঘরে।

অভিভাবক সমাজের সহারতায় খোলা জায়গায় ধারায়ানের ৬টি ব্যবস্থা করা গেল। তিনা, তোলিয়া, কোন্তিয়া, লারিসা, নিনা, সাশা ও স্লাভার জন্য এগার্লির বিশেষ প্রয়োজন ছিল। ওরাই এগার্লি ব্যবহার করত। কোন কোন ছেলেমেয়ের জন্মগত ভাবে শারীরিক কিছা কিছা খাত ছিল — বেমন, কেউ কোলকু'জো, কারও গৈহিক গঠনে, কারও বা মাখাবয়বে আন্পাতিক অসকতি। ঐ সব ছেলেমেয়ে যাতে ধারাজলো মান করে এবং প্রাতঃকালীন ব্যায়ামচর্চা করে সেদিকে আমার দ্ভিট ছিল। ...মান্যকে স্কৃষ্ট হলেই চলবে না, তাকে স্কৃষর হতে ২বে; সোন্ধর্বে ত স্বাজ্যের সঙ্গে, মানবদেহের স্কৃমজ্য বিকাশের সঙ্গে অবিছেদা।

শিশরে খাদ্যের ওপর নির্ভার করে তার শরীরের বিভিন্ন এংশের সামঞ্জস্য, অনুপাত, অস্থির কোষকলার এবং বিশেষত া,কের খাঁচার সঠিক বিকাশ ত বটেই। বহু, বছরের পর্যবেক্ষণে কথা গেছে যে খাদ্যে থনিজ পদার্থ ও বহু, অণ্-উপাদান না থাকায় অস্থিপঞ্জরের কোন কোন অংশের অস্বাভাবিক বৃদ্ধি ঘটে, আর সে ব্রুটি সারা জীবনের মতোই থেকে যায়। তা যাতে না হয় সেই উদ্দেশ্যে আমি নজর দিতাম যাতে খাদ্যে প্র্থিম্প্রের ভিটামিন থাকে, যাতে খাদ্যে খনিজ পদার্থের সঙ্গে ভিটামিনের সমন্বয় ঘটে।

এব আগে করেক বছর ধরে পর্যবেক্ষণ করে ও বিশেষ অনুসন্ধান চালিয়ে আমি যে সিদ্ধান্তে আসি তা উথেগজনক: বয়ঃকনিষ্ঠ ছেলেমেয়েদের শতকরা ২৫ জনই সকালের খাবার না থেয়ে স্কুলে আসে — সকালে তাদের খিদে পায় না; ৩০ শতাংশ স্বাভাবিক প্রভিন্ন পক্ষে বতটা প্রয়োজন সকালে তার অর্ধেকেরও কম খায়; ২৩ শতাংশ ছেলেমেয়ে প্র্মি,লাসম্প্রম প্রাতরাশের অর্ধেক খায়; কেবল ২২ শতাংশ খায় প্রয়োজনীয় মায়: অনুযায়ী। যে শিশ্র প্রাতরাশ না খেয়ে স্কুলে আসে, কয়েক ঘণ্টা ক্লাসে থাকার পরে তার পাকস্থলীতে খিণ্ট ধরে, তার মাথা ঘ্রমতে থাকে। এরপর শিশ্র বাড়ি ফিরে এলো, কয়েক ঘণ্টার মধ্যে তার পেটে কিছু পড়ে নি, সত্যিকারের স্কুল ক্র্যা তার নেই (মা-বাবারা প্রায়ই অভিযোগ করেন যে বাচ্চা সাধারণ প্রভিকর খবোর খেতে চায় না, চায় 'স্বাদের খাবার')।

ক্ষ্যামান্য — স্বাস্থ্যের পক্ষে নিদার্ণ অভিশাপ, অস্কৃতা ও ব্যাধির উৎস। এর প্রধান কারণ — বদ্ধ ক্লাসে ঘণ্টার পর ঘণ্টা বন্দে থাকা, বৈচিত্রছান মানসিক শ্রম, খোলা হাওরার বিচিত্র কার্যকলাপের অভাব — মোটের ওপর, 'অক্সিজেন ব্ভুক্ষা' — শিশ্ব সারা দিন কার্যন-ভাই-অক্সাইডে পরিপর্শ বাতাসে নিশ্বাস নিশ্বাস নিভে। বহু বছরের প্রযাবিক্ষণের ফলে লক্ষ্য করেছি আরও একটি অস্বস্থিকর জিনিস: শরীরের অভ্যন্তরীণ যে-সমস্ত গ্রন্থির রস্নিঃসরণ পরিপ্রাকৃত্রিয়ার পক্ষে অত্যন্ত গ্রেছপার্ণ, কার্বন-ডাই-অক্সাইডে পরিপ্রণ ঘরের ভিতরে দীর্ঘকাল অবস্থান করলে সেগ্রাল ব্যাধিগ্রন্থ হয়ে পড়ে। পরস্থ এই রোগ স্থায়ী হয়ে দাঁড়ায় এবং কোন রকম চিকিৎসাযই আর সারে না। পরিপাক যশ্বের গ্রেতর অস্কৃতাব আরও কারণ এই যে ক্ষ্মা উদ্রেকের উদ্দেশ্যে মা-বাবায়া ছেলেমেয়েদের নানা রকম লোভনীয় খাদ্য, বিশেষত মিণ্টি, দিয়ে থাকেন। 'অক্সিজেনের অভাব' ঘটতে না দেওয়া, প্রণমালায় অন্কৃল আবহাওয়ার ব্যবস্থা করা— এর মধ্যেই নিহিত ছিল স্বান্থায় প্রতি যম্প্রহণের অন্যতম গ্রেছপার্ণ প্রেশ্তা

আমি মা-বাবাদের পরামর্শ দিলাম তাঁরা যেন ছেলেমেয়েদের জন্য স্কুর্বাদ্ব ও প্রতিকর খাবার রাহ্না করেন, শতিকালের জন্য বেশি করে প্রচুর ভিটামিনযুক্ত ফল মজ্বত করে রাখেন। এই সময় আমাদের কয়েকটি মোচাক ছিল, তাই শতিকালে স্কুলের ক্যান্টিনে ছোটদের খেতে দেওয়ার মতো মধ্ব আমাদের হত!

দিনর(হির অধিকাংশ সময়ই শিশ্রা খোলা হাওয়ায় থাকত, বহু নড়াচড়া করত, করিক পরিশ্রম করত, স্কুলের পাঠ শেষ হওয়ার পর সঙ্গে করে ব্য়ড়ি গিয়ে পাঠ্য বই নিয়ে বসত না। এই সব কারণে তাদের ক্ষ্যাও চমৎকার হত। সকালে ছেলেমেরেরা সকলেই প্র্ণ মর্ল্যের প্রাতরাশ খেত; স্কুলে আসার তিন ঘণ্টা বাদে (স্কুলের ক্লাস শ্রুর, হওয়ার প্রায় আড়াই ঘণ্টা বাদে) স্কুলের ক্যাণ্টিনে দুপ্রুরের খাবার খেত: খেত গরম গরম মাংসের স্বুপ, কাটলেট, এক গেলাস দুর্ব, মাখন দেয়া ব্রিট। ক্লাস শেষ হওয়ার পর (স্কুলে দ্বুপ্রের আহারের ০ ৩ ও ঘণ্টা পরে) খাবার খেত বাড়িতে। দিনের বিতীয়ার্য ছেলেমেরেরা কাটাত খোলা হাওয়ায়

তখন তারা স্কুলেই থাকুক কিংবা বাড়িতেই থাকুক। কেবল ব্িটবাদলা বা ভুষার ঝঞ্চার সময় ওরা ঘরে থাকত।

শিশ্ব স্সমঞ্জস বিকাশের ক্ষেত্রে সবই পরস্পর সম্পর্ক যুক্ত।
বাড়ির জন্য কী কী অন্শীলনী শিশ্বকে দেওয়া হয়, কী
ভাবে এবং কখন সে সেগ্লি প্রেণ করে — এরই ওপর নির্ভার
করছে তার স্বাস্থ্য। বাড়িতে স্বাধীন ভাবে মানসিক প্রম প্রয়োগের বিশেষ আবেগ গ্রেড়পূর্ণ ভূমিকা গ্রহণ করে।
শিশ্ব যথন অনিচ্ছায় বই নিয়ে বসে, তখন কেবল তার
অন্তরাত্মার শক্তিই পীড়িত হয় না, অভ্যন্তরীণ দেহযুক্তর
পারস্পরিক ক্রিয়ার যে জটিল ব্যবস্থা আছে তার উপরও
প্রতিকূল প্রভাব স্থিট করে। এমন বহ্ব ঘটনার কথা আমার
জানা আছে যখন জ্ঞানের প্রতি প্রবল বিত্যাবশত শিশ্বর
পরিপাকক্রিয়ায় গ্রেড্র গোলখোগ দেখা দেয়, পাকস্থলী ও
অন্তের রোগ দেখা দেয়।

শরংকাল, বসন্তকাল ও শতিকালের ছ্টি যখন হত তখন আমরা সবসময় কাটাতাম খোলা হাওয়ায়, প্রকৃতির মধ্যে— আমাদের অভিযান চলত, অভিযানের মাঝে মাঝে আমরা বিরতি দিতাম, আমরা বনে-জঙ্গলে ঘ্রতাম, খেলাখ্লা করতাম। ...প্রথম শতিকালান ছ্টির সময়ই ছেলেমেরেরা কনী শ্রুর্করে দিল, তারা বনে যেত, উ'চু জায়গা থেকে কনী করে নীচে নামত। 'আনন্দ নিকেতনে' থাকতে আমরা শতিকালে যে রকম করতাম এখানেও তেমনি তুষার নগরী বানালাম, বরফের চাকা বানালাম। ছেলেমেয়েরা যখন পাইওনিয়র হল তখন তারা বনে নিজেদের বাহিনীর অত্যক্ত আকর্ষণীয় সমাবেশ ঘটাত। শতিকালে খোলা হাওয়ায় পরিশ্রম আমাদের কাছে স্বাস্থ্যের পরম গ্রুব্পুর্ণ উৎসম্বর্গ ছিল। সহনীয় হিমের সময়

(-১০ ডিগ্রী প্রযান্ত) ৮ বছরের ছেলেমেয়েরা সপ্তাহে একবার ২ ঘণ্টা করে পরিশ্রম করত, ১-১০ বছরের ছেলেমেয়েরা করত ০ ঘণ্টা করে, ১১ বছরের ছেলেমেয়েরা —৪ ঘণ্টা করে। ওরা নল্খাগড়া দিয়ে গাছের গাঁড়ে জড়িয়ে বাঁধত, ঠাণ্ডা থেকে উন্তিদকে রক্ষা করার জন্য ছোট ছোট স্থেটারে করে বরফ বয়ে নিমে খেত, এই রকম আরও অনেক কাজ করত। খোলা হাওয়ায় এই পরিশ্রম — দেহব্যবস্থা পাক্রেগাক্ত করে তোলার, সদিকাশি জাতীয় রোগ নিবারণের চমংকার উপায়।

প্রীত্মকালের ছ্বিটিতে ছেলেমেরেদের অভিযান চলত, তারা তৃণভূমিতে, মাঠে, বনে প্যতিন করত। প্রকৃতির সঙ্গে কয়ের মাস অবাধ মেলামেশা যেমন ছোটদের স্বাদ্থ্য মজবৃত করার পক্ষে তেমনি তাদের মানসিক বিকাশের পক্ষেও প্রচুর ফলপ্রস্কৃর প্রথম শ্রেণী শেষ করার পর ওরা আগস্ট মাসটা কাটায় যৌথখামারের বাগানে আর মোচাযের জায়গায়। দ্বিতীয় শ্রেণী শেষ করার পর করার পর কাটায় শ্রেণী

আগস্ট। প্রকৃতি এ সময় উজার করে দেয় তার দান। এই সময়টা প্রকৃতির সোদ্দর্য চরম বিকাশ লাভ করে, এ হল প্রমের বিজয়পর্ব। বাতাস এই সময় হয় বিশেষ নির্মাল, দ্বচ্ছ, উদ্দর্শিকাময়, যেন কাটা গম, পাকা ফুটি, আঙ্কর আর আপেলের সোরভে ভরপরে। গ্রীষ্ম ও শরংকালের মধ্যবতাঁ এই সময়টিতে গ্রামের বাতাস জীবাগ্রাশক পদার্থে ভরপরে। ফুসফুসের রোগ, সদিকাশি, বাতব্যাধি যদি নিবারণ করতে চান, যদি শিশরে স্বাস্থাকে মজবৃত করে তুলতে চান তাহলে এই সময় তাকে দিনরাত বাইরে থাকতে দিন।

একবার ছেলেমেয়েরা যৌথখামারের তরম,জখেতে দিন কাটায়। প্রচর তরমুজ আরু ফটি দিয়ে ওদের আপ্যায়ন করা হল। স্তেপের মনোমান্ধকর, মাক্ত প্রান্তরের কাছ থেকে বিদায় নিতে আমাদের মনটা বিষয় হয়ে গেল। ঐ দিন সন্ধ্যায় যৌথখামারের সভাপতি তরম্ভাখেতে চারটি নতুন কুটির নির্মাণের নির্দেশ দিলেন। একদিন বাদেই কুটির নির্মাণ শেষ হল। আমি যখন ছেলেমেয়েদের বললাম যে আমরা তরমাজ্রখেতে বিশ্রাম কর্বব তথন ওরা বিশ্বাসই করতে পারল না, বলল: 'আমাদের কি ওখানে থাকতে দেবে?' বিশ্বাস করল কেবল তথনই. যথন দেখতে পেল তাদের জন্য খড়ে ছাওয়া কৃটির। এখানে আমরা রাতও কাটাব জানতে পেয়ে ছেলেমেয়েরা দার্গ উৎফল্ল হয়ে ওঠে। কুটিরের মাটিতে সুগন্ধী খড় বিছিয়ে দেওয়া হল, চাদর আর কদ্বল আনা হল, হতেমুখ ধোয়ার জায়গা হল। মা-বাবারা বানিয়ে দিলেন রালাখর, ছেলেমেয়েদের খাবার যোগাড় করে দিলেন। দর্ঘট কুটিরে ছেলেরা, দর্টিতে — মেয়েরা। তরমুজ্তখতে একমাস — নাল আকাশে আর উজ্জ্বল সূর্যের মধ্যুর গানের মতো ছেলেমেয়েদের স্মাতিতে চিরজীবনের জন্য গাঁথা হয়ে থাকে।

আমরা ভার হতে না হতে উঠে পড়তাম, রাতের ঘ্রের পর জাগ্রত প্রকৃতির অন্পম সোন্দর্য উপভোগ করতাম, শিশিরের ওপর দিয়ে হাঁটতাম, কাঠের বিরাট পিপেতে ভরে প্রস্তবণের জল এনে হাতম্থ ধোরার জলের টবে ঢেলে দেওয়া হত— আমরা সেই জলে হাতম্থ ধ্তাম। প্রাতঃকালনি ব্যায়ামচর্চা, ঠাণ্ডা জলে কোমর পর্যস্ত শরীরের উধর্বাংশ ধোয়া, টমেটো দিয়ে আল্র-সিদ্ধ আর তরম্জ — সবই ছিল শিশ্বদের কাছে পরম উপভোগের বিষয়। প্রাতরাশের পর আমরা কাজ করতাম ফুটি ও তরম্বজ সংগ্রহের কাজে যৌথখামারীদের সাহাষ্য করতাম।

শহরের ছেলেমেয়ের। তাদের মা বাবাদের সঙ্গে এসে আমাদের এখানে অতিথি হত। আমরা গর্বভরে ওদের তরম্ভ্রুতে দেখাতাম, তরম্ভ আর ফুটি দিয়ে ওদের আপ্যারন করতাম। বাচারা বাইরের চেহারা দেখে বলে দিতে পারত তরম্ভ্রুতে পেকেছে কিনা। তরম্ভ্রুতের পাশে লাগানো হয়েছিল মধ্লতার গ্রুঅ, আগসেট যৌথখামারের মোচাবের ব্যবহা এখানে হ্থানাভরিত হত, আমরা রোজ আন্দেই দাদ্র অতিথি হতাম, তার জন্য তরম্ভ নিয়ে যেতাম আর নিয়ে যেতাম আমাদের জন্য আমাদের রাঁধ্রনি পাশা মাসাঁ যে কাটলেট তৈরি করতেন গরম গরম তারই খানকতক। আন্দেই দাদ্র আমাদের ক্লাসের জন্য মোমাছি সমেত একটা চাক উপহার দেন। তোমাদের ক্রুতের জামর জন্য নিয়ে আত্রের তারে। বাচারা আগ্রেহের সঙ্গে মোমাছির জাঁবন্যারা লক্ষ্য করত।

ছেলেমেরেরা রোজ পর্কুরে দ্বান করত, বনে যেত, স্তেপে মেঠো ফুল সংগ্রহ করত, আন্দেই দাদ, আর পাশা মাসীকে সেগর্লি উপহার দিত। দ্প্রেরর প্রচম্ভ তাপের সময় বাচ্চারা কুটিরে গিয়ে ঘ্রিয়ের পড়ত, শোরার আগে হাওয়া খেলার জন্য তারা দেয়াল খ্রলে কয়েকটা 'জানলা' করে নিত, জানলায় ঝুলিয়ে দিত মেঠো লতাপাতা, যাদের দ্বাণ মশা ও মাছিরা সহ্য করতে পারে না। বাইরে গয়য়, কুটিরের ভেতরটা ঠান্ডা। 'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের স্টেনা খেকেই আমরা ছোটদের মুখোমর্থি খোলা জানলার বায়্রেরেতে অভান্ত হতে শেখাই; অভিজ্ঞতায় দেখা গেছে মান্ব যদি ছোটবেলা থেকে অভান্ত হয়ে ওঠে তাহলে মুখোমর্থি খোলা জানলার বায়্রেরাতে

ভরের কোন কারণ নেই। বদ্ধ ঘরে গ্রেমাট হাওয়ার মধ্যে থাকতে না পারার অভ্যাস গড়ে তোলা স্বাস্থ্য ও অনাময় ব্যবস্থার অভ্যাস গড়ে তোলার মতোই গ্রেম্বপূর্ণ।

গরম কমে এলেই ছেলেমেরেরা কাজ করতে যেত সন্ধার আগে আগে লোকে প্রায়ই তরমাজ ও ফুটির জন্য তরমাজথেতে আসত। স্থান্তের পর মাঠ, টিলা আর তৃণভূমি যথন বেগনি রঙের ধোঁরার আছের হয়ে যেত আর আকাশে একের পর এক তারা জালে উঠত তথন ছেলেমেরেরা একটা কুটিরের ধারে এসে জড় হত। সন্ধার সময় বিশেষ করে শানতে ইছে হয় রগুকথা আর অসাধারণ আড়ভেগার ও প্রমণের কাহিনী, বারছপার্ণ কাতির কাহিনী। আমি বলভাম আমানের লোককথায় কলিপত চারিরের কাহিনী—জলপরী ও ভাইনীর কথা আরা শরংরানীর কথা। লোকবিশ্বাস অন্থায়ী এই শরংরানী আগদেটর শান্ত রাতে উপহার নিয়ে আসেন উর্বরতা।

রাতের নিস্তন্ধতার মধ্যে আমরা বহুবার শ্বনেছি আশ্চর্য স্র: কিছ্বিদন আগে বেখানে গম কটো হরেছে সেই মাঠের ওপর এই স্বরেলা ধর্নি শোনা যেত — বাঁশীর স্বরের মতো। গান গাইত সম্ভবত আমাদের অজানা কোন পাখি, কিন্তু শিশ্বকল্পনায় গড়ে ওঠে এক দরদী প্রাণীর কল্পম্তি — গমের শাঁবের গ্রুছে মাথায় এক ছোট বালকের ম্তি । সে বাঁশী বাজিয়ে লোককে আনন্দ দেয়। এই প্রাণীটিকে বাচ্চারা 'স্বেম্কুল' নাম দেয়। ওদের কল্পনায়, স্বেম্কুল হল স্বে আর উর্বরা ধরণীর সন্তান। গমের শীষ ষেখানে মাথা উচ্চু করে দাঁড়িয়ে আছে সেখানে তার জন্ম। ফসল তোলা হয়ে গেলে সে স্বুগদ্ধী থড়ের গাদার মধ্যে আশ্রের নের, সন্ধায় সে গান

গার সে গান যেমন আনদের তেমনি বিষদের: শীত এগিয়ে আসছে, তাকে এখন চলে যেতে হবে ধরণীর উষ্ণ গভে, যেখানে প্রচ্ছেল আছে উর্বরতার সঞ্জীবনী রসধারা। গম সব্জ হয়ে উঠলেই স্থাম্কুল আবার ফসলের খেতে আসবে, অপ্রে গানে যেতে উঠবে।

মনে হতে পারে, শিশরে প্রায়ই প্রকৃতির উপর রুপ আরোপ করে থাকে এবং কল্পনা হয়ত তাদের বাস্তব থেকে অনেকটা দরের সরিয়ে নিয়ে যেতে পারে। মোটেই তা নয়। কেননা এই রুপকথায় বিষয় ত জীবন, উর্বরতাশক্তি, মান্ম; এ হল প্রেরণার শক্তিমান উৎস।

শিশ্রো যথন র পকথার চরিত্রে প্রভাবিত হয় তখন একটা আশ্চর্য ঘটনা ঘটে: কোন এক সময় শোনা কিংবা পড়া শব্দ যেন চেতনার গহনে জাগ্রত হয়ে ওঠে, উজ্জ্বল বর্ণস্থমায় ঝলমল করে, মাঠ আর ত্ণভূমির সৌরভে ভরপরে হয়ে ওঠে—
শিশ্ব তথন স্থিত করে, স্থিত করে কাব্যময় র্প।

পাঠক প্রশ্ন করতে পারেন প্রসঙ্গ যেখানে স্বাস্থ্য সেখানে র্পকথা, কলপম্বতি, শিশ্বদের স্ঞানকর্মের কথা উঠছে কেন? তার কারণ এই যে এ হল শিশ্বদের আনন্দ, আর আনন্দ খড়া স্কু শরীর ও স্কু আত্মার স্কুমন্বর সন্তব নর। মাঠের সোন্দর্য, তারার ঝিকিমিকি, ফড়িংরের অবিরাম গাঁত আর মেঠো ফুলের গম্বে মৃদ্ধ শিশ্ব যদি গান রচনা করে তার অর্থ, শিশ্বর মধ্যে এই দেহ ও আত্মার চ্ডান্ড সমন্বর ঘটেছে। শান্বের, বিশেষত শিশ্বর স্বাস্থ্যের প্রতি যত্ন স্বাস্থ্য ও অনাময়ের নিছক কতকগ্রিল বিধিনিরম পালন নর, র্টিন, পথা, শম্ম ও বিশ্রামের নিদিশ্ট কিছ্ব দাবি মেনে চলা নয়। এ হল সর্বোপরি সমস্ত দৈহিক ও আত্মিক শক্তির পরিপূর্ণ

সামঞ্জস্যবিধানের কাজ আর সেই সামঞ্জস্যের চ্ট্রেল্ড পরিচয় — স্জনের আনন্দ।

তৃতীয় শ্রেণী শেষ করার পর আমরা গরমের ছুটি কাটালাম ফলের বাগিচার, তবে এবারে অন্য জায়গায় – আঙ্করখেতের পাশে। ছেলেমেয়ের। আবাদে কাজ করতা, ঝুড়িতে আঙুরের গোছা সাজিয়ে রাখার ব্যাপারে বডদের সাহায্য করত। সকালে ও সন্ধ্যায় স্থান করত পত্রকুরে। বাচ্চারা মাথা খাটিয়ে একটা আকর্ষণীয় খেলা বার করল: ওদের কম্পনায় তিনটি নোকো নিয়ে তিমিশিকারের নৌবহর তৈরি হল, ছোট সরোবরটি হল সমুদ্র, আমরা গোপন অনুসন্ধানে যেতাম, তিমির খোঁজ করতাম। ...এখানে আমরা বাঁশী বানালাম: সন্ধার আমাদের বাজ্বনার মজলিস বসত। আমরা লোকগীতির সরে বাজাতাম, গ্রীষ্মকালের সন্ধ্যা, বক্তপাত আর রাক্তিম আকাশ নিরে, বাঁধের কাছের রহস্যজনক পাকদহ আর বাসবদলকারী পাখিদের নিয়ে গান বাঁধতাম। সময়ের সঙ্গে সঙ্গেত সমাদের মনোজীবনে উত্তরোত্তর বেশিমাত্রার স্থান নিতে লাগল। বাচ্চারা যেখানেই বিশ্রাম করতে যেত সেখানেই তারা টেপ্-এ তোলা স্কৃতি শান্ত-সে স্কৃতি হত বিশিষ্ট সারকারদের রচনা আর লোকগণীত।

শিক্ষার চতুর্থ বর্ষ শেষ হল, ১৯৫৬ সনের গ্রীক্ষ এলো। ছেলেমেরেদের বিশ্রামের জায়গা হল ওককাননের পাশে, সরোবর তীরের ত্ণভূমি। ভালপালা দিয়ে কুটির বানানো হল, কুটিরের ওপর খড় ফেলে চাল তৈরি হল মা-বাবারা স্নানের ঘাট আর রাম্নাঘর নির্মাণের ব্যাপারে আমাদের সাহায্য করলেন। এখন ছেলেমেরেরা রাঁধ্নিকে রাম্নার কাজে সাহায্য করে, রুটি, আলু, মাছ, দুধ, শাকসব্জি আনতে গাঁরে যায়।

আমাদেব হেফাজতে ছিল ২০টি বাছরে ও ২টি ঘোড়া। দিনের বেলায় বাচচারা বাছরুগর্লুলিকে চরাত আর সন্ধায় ওদের তাড়িয়ে নিয়ে গিয়ে একটা ছোট খোঁয়াড়ে প্রের রাখত। খোঁয়াড়টা তৈরি করা হয়েছিল সরোবরের ধারে। সকলেই ঘোড়ায় চড়া শিখল, ওরা ঘোড়ায় চেপে গাঁয়ে খাদ্যসামগ্রী আনতে যেত। এ ব্যাপারে পালা অনুসরণের কড়াকড়ি নিয়ম ছিল: সকলেরই ইচ্ছে হত ঘোড়ায় চেপে কয়েক কিলোমিটার ছোটে। আমার আনন্দ হল এই দেখে যে ভলোদিয়া, সানিয়া ও তিনা বেশ ভালো ঘোড়সওয়ার হয়ে উঠেছে — ঘোড়ায় চড়ে বেড়ানোর ফলে ওদের

সে বছর ছেলেমেয়েরা গভীর সরোকরে স্থান করার সময় ভালো সাঁতার কাটতে শিথল। স্থান করার জন্য আমি নিরাপদ একটি জারগা বেছে নিই এবং প্রতিবার একটি করে বাচ্চাকে নিয়ে সাঁতার কাটতে নামি।

বিশেষ করে আনন্দের হত ঘাসকাটার দিনগালি। আমরা বড়দের বিচালি শ্বেলাতে ও স্তব্পে করে রাখার কাজে সাহায্য করতাম, আর সন্ধ্যাবেলায় উ'চু গাদার ওপর গিয়ে বসতাম। এই সময় শিশারা বিশেষ মন্দ্র হত: তাদের শানতে ইচ্ছে হত তারাদের কথা, দ্র দ্র বিশ্বের কথা। নক্ষরখচিত চাঁদোয়ার নীচে শিশানের মনে হত তারা যেন মহাজগতের মন্থামন্থি হয়েছে, তারা শিক্ষককৈ প্রশন করত: 'প্রথিবী, স্বা, তারা—এ সব কোথা থেকে এলো?' আমার বিশ্বাস এই যে যখন প্রকৃতির সৌশার্য ও মহিমার সামনে বিশ্বায়, আশ্চর্যবাধ ব্যক্ষি ও অন্ত্তিকে অভিত্ত করে ফেলে তখনই শিশানেতেনায় ব্যন্ত্র সব জেগে ওঠে।

আমার চিরকাল মনে থাকবে একটি ঘটনা। একবার নক্ষতজগৎ

সম্পর্কে একটি বিবরণ শোনার পর, বাচ্চারা প্রশন করল আছ্যা আরও দরের কী আছে?' আমি যথন বললাম যে ওখানেও, দৃশ্য জগংগালির ওপারেও আছে মহাজগং আর সে সব জগতের সংখ্যা অগণন, অসংখ্য, তখন ওরা অবাক হয়ে গেল: 'তাহলে জগতের শেষ কথায়?' জগং যে অন্তহনীন এই সত্য তাদের কাছে একেবারেই দ্বর্বোধ্য। মনে আছে, শিশ্রা এই সত্য শোনার পর বিশ্মিত হয়ে চুপ করে গেল, তারা অন্তহনিতা ব্যাপারটি ধারণায় আনার চেট্টা করল, কিছু পারল না। সেই রাতে অনেকক্ষণ বাচ্চাদের চোখে খ্রম এলো না। অনেকেই দ্রের স্থা আর গ্রহের স্বপ্ন দেখল। পর দিন ছেলেমেরেদের থেকে থেকে ব্যাকুল করে তোলে সেই এক প্রশন: অন্তহনিতা ব্যাপারটি কী? স্কুলজনীবনের গোটা পর্বে এই প্রশ্নটি আমার শিক্ষাথানের কাছে তার ভাক-লাগানো নবছ হারায় নি।

...'আনন্দ নিকেতনে' শিশ্বদের শৈক্ষাদানের সময় গোড়া থেকেই আমি খেলাখ্লা চর্চার ওপর বিরাট গারুর্ত্ব আরোপ করি। ওপরের ক্লাসের ছেলেমেরেদের সাহায্যে আমরা খেলার মাঠ তৈরি করি, দোলনার ব্যবস্থা করি। আমাদের যথেগ্ট সংখ্যক বল ছিল, বিতার শ্রেণীতেই ছেলেমেরেরা টেবিল-টেনিস খেলতে শ্রুর করল। ভিসকাস ও বল ছেড়িয়ে এবং দড়ি ও লাঠি বয়ে ওঠার ওদের আগ্রহ দেখা গেল।

প্রো গরমকালটা ছেলেমেরেরা থালি পারে হাঁটত, ব্ণিট বাদলার পরোয়া করত না। আমার কাছে এটাই ছিল দেহ মজব্ত করে তোলার বিশেষ গ্রেত্বপূর্ণ উপায়। প্রথম ও বিতীয় শ্রেণীতে ঠাপ্ডা লেগে অস্থ করার তিনটি ঘটনা ঘটে, ভূতীয় ও চতুর্থ শ্রেণীতে কেউই অস্ত্র হল না।

আমার মতে, সদিজাতীয় যাবতীয় সম্ভাব্য রোগ প্রতিরোধের শিক্ষা দৈওয়া বিশেষ গারে,ত্বপূর্ণ। আবহাওয়ার যখন আকস্মিক পরিবর্তন ঘটে সেই সময় অর্ধেকের বেশি ছেলেমেয়ের হাঁচি শার, হয়ে যেত। এই অস্বস্তিকর ঘটনা নিয়ে আমি অনেক কাল ধরেই ভাবি। এমন কি বাচ্চার শরীরের তপেমান্তা যদি ব্ভিদ্ধ নাও পায় তবু এমন অসুকু অবস্থায় স্বাডাবিক ভাবে কাজ করা তার পক্ষে সম্ভব নয়। সদি চটপট সারিয়ে তোলার মতো কোন ওম্বাধত নেই। চিকিংসাশান্তে এমন প্রমাণ আছে যে সদিরি বহু প্রকারভেদই আসলে সংক্রেমক ব্যাধি নয়, তা হল পরিবেশের আক্ষিক পরিবর্তনবশত সংবেদন্শীল দেহযদের উপর প্রতিক্রিয়া। দীর্ঘকালীন অভিজ্ঞতায় দেখা গেছে বিশেষ করে সংবেদনশীল হল পা। সামান্যতম ঠাণ্ডা লাগায় ভয়ে পা যদি সাবধানে রাখা হয় তাহলে যে সদিরোগ সংক্রামক নয় তার কবলেও পডার সম্ভাবনা থাকে। আমাদের শিক্ষাকমের মধ্যে শরীর মজব্ত করার যে ব্যবস্থা গড়ে ওঠে তার শ্রের্ট হয় পা ধাতস্থ করা দিয়ে। এক্ষেত্রে, বলাই ব্যহত্তার, শিশত্ত্র সাধারণ স্বাক্ষ্যের অবস্থাও বিবেচনা করে দেখা হয়। পা ধাতস্থ করে তোলার ব্যাপারে নির্দিষ্ট কোন মেয়াদের জন্য বিশেষ কোন অনুশীলনী নেই: সবসময় সাধারণ বিধিব্যবন্থা পালন করে চলা দরকার, হটা হাউস-এর পরিবেশে শিশাকে অভ্যন্ত হতে না দেওয়া, এমন কোন বাডতি যত্ন না নেওয়া যাতে শরীরের প্রতিরক্ষাক্ষমতা দুর্বল হয়ে পড়ে। শিশ্ব যদি গ্রীক্ষাকালে খালি পায়ে না হাঁটে তাহলে স্থানে ও ভিজে গামছায গা মোছানোয় কোন কাজই হবে না।

,অবশেষে ছেলেমেয়েরা প্রাথমিক বিদ্যালয় শেষ করল।

ছ্বটির শেষ দিন। সরোবরে ন্নান করার পর ওরা জড় হল সব্বজ্ঞ লন্ত্র — সকলেরই মজব্বত স্বাস্থ্য, সকলেই রোদে পোডা, সুন্দর। ওদের বয়স এগারো, কিন্ত ওদের দেখায় ১২-১৩ বছর বয়সের শক্তসমর্থ ছেলেমেয়ের মতো। এমন কি ছোটু লাঙেকা, যাকে অনেক দিন পর্যন্ত সবাই 'খাদে' বলে ডাকত. সেও মাথায় হয়েছে পঞ্চম শ্রেণীর অনেক ছেলেমেয়েরই সমান। প্রতি বছর চিকিংসক কয়েক বার করে শিশ্বদের দ্রণ্টিশক্তি. হৃদ্যন্ত, ফুসফুস পরীক্ষা করতেন। প্রথম শ্রেণীতে চারটি ছেলেমেয়ের দূজিশক্তি খারাপ ছিল, দ্বিতীয় শ্রেণীতে— দুজনের, তৃতীয় শ্রেণীতে সে রকম ঘটনা একটিও ছিল না। জীবনের অভিজ্ঞতার প্রমাণিত হল যে দ্যিউপক্তির ক্ষীণতা — চোথের রোগ নয়, এ হল শিশার দেহাভাস্তরে শারীরিক ও আত্মিক বিকাশের সামঞ্জস্যপূর্ণ ঐক্যের অভাব। প্রথম দ্'বছরের ভাক্তারী পরীক্ষায় দেখা গেল ৩টি ছেলেমেয়ের হংপিণ্ড ও রক্তবাহী ধমনীর দৌর্বল্যের উপস্গর্ণ আছে, ২ জনের আছে কোন এক সময় প্রারিসিতে ভোগার ফলে কিছু জটিলতা, দুজনের আছে রুকাইটিসের লক্ষণ, একজনের চোরা ক্ষয়রোগ আছে বলে সন্দেহ করা হল। প্রাথমিক শ্রেণী শেষ করার মূহুতে একটি শিশুর হৃৎপিণ্ড ও রক্তবাহী ধমনীর দৌর্বল্যের সন্ধান পাওয়া গেল — তাও আবার শিক্ষার প্রথম ২ বছরে যেমন ছিল সে তুলনায় অনেক কম।

## শিক্ষা — মনোজীবনের অংশবিশেষ

বিদ্যালয়ে প্রবেশের আগে প্রকৃতি, খেলাধ্লা, সৌন্দর্য, সঙ্গীত, কল্পনা ও স্ভিটর যে আশ্চর্য জগৎ শিশ্বদের চারধারে ছিল, ক্লাসঘরের দরজা যাতে সে জগৎ থেকে তাদের আড়াল রচনা না করে এই বিষয়টি খ্রেই গ্রেছপূর্ণ। স্কুল জীবনের গোড়ার মাস ও বছরগালিতে বিদ্যাশিক্ষা যেন একমার কার্যকলাপে পরিণত না হয়। শিশ্ব একমার তথনই স্কুলকে ভালোবাসবে, যখন আগে যে আনন্দের স্বাদ সে পেয়েছে, শিক্ষক ম্বুকুহন্তে সেই একই আনন্দ তাকে বিতরণ করবেন। সেই সঙ্গে বিদ্যাশিক্ষাকে শিশ্ব আনন্দের উপযোগী করে নিলে চলবে না, শিশ্ব যাতে একঘেরে না লাগে একমার সেই উদ্দেশ্যে ইচ্ছাকৃত ভাবে তাকে সহজ্ঞ করে তোলা উচিত হবে না। ধারে ধারে শিশ্বকে প্রস্তুত করতে হবে সমগ্র মানবজীবনের প্রধানতম কান্ধের জন্য — তাকে পরিচালনা করতে হবে গার্ব্বপূর্ণ, অটল সাধনার দিকে। আর এর জন্য শিশ্বকে চিন্তাশক্তি প্রয়োগ করতেই হবে।

আমি দেখতে পেলাম, শিক্ষকতার গ্রেষ্পর্ণ কর্তব্য হল শিশ্দদের মধ্যে সচেন্ট, স্কানশীল মানসিক প্রমের অভ্যাস সঞ্জার করা। শিক্ষক কিংবা শিশ্দ নিজেই যে লক্ষ্য তার সামনে রেখেছে মানসিক প্রয়াসকে সেই লক্ষ্যে পরিচালিত করতে গেলে উক্ত মৃহ্তে পারিপান্থিক সমস্ত কিছ্ থেকে কী ভাবে মনোযোগ সরিয়ে রাখা যায় তা শিশ্দকে জানতে হবে। শিশ্বরা যাতে একাপ্রতায় অভান্ত হতে পারে সে বিষয়ে আমি সচেন্ট হই। একমাত্র এই শতেই মানসিক শ্রম প্রিয় কাজ হয়ে দাঁড়াতে পারে।

প্রাথমিক বিদ্যালয়ের কর্তব্য — ধীরে ধীরে শিক্ষাথাঁদের কেবল শারীবিক প্রমে নয়, বর্ণিকমাগাঁয় প্রমেও অভ্যন্ত করে তোলা। ব্যক্তিমাগাঁয় প্রমের সারমর্ম যে মানসিক প্রয়াস খাটানো, বন্ধু, ৩থ্য ও ঘটনার খ্রিটনাটি ও অন্তর্নিহিত বিরোধ, বিচিত্র জটিলতা ও সংক্ষাতার মর্মান্দে প্রবেশ — শিশ্বদের তা বোঝা উচিত। এমন করা কোন মতেই ঠিক হবে না যাতে শিক্ষার্থীদের কাছে সবকিছ্ব সহজসাধ্য হয়, যাতে শিশ্ব না জানতে পারে বাধাবিপত্তি কাকে বলে। জ্ঞানার্জন প্রক্রিয়ার সঙ্গে সঙ্গে মানসিক শ্রমচর্চা এবং মানসিক শ্রমের আত্মশাসনের শিক্ষাও চলতে থাকে। ব্রদ্ধিমাগাঁরি শিক্ষা মনোজীবনের অন্যতম ক্ষেত্র, যেখানে শিক্ষকের প্রভাব স্বশিক্ষার সঙ্গে স্বসমঞ্জসর্পে মিলে যায়। ইচ্ছাশিক্তির শিক্ষা শ্রের্ হয় মনে মনে নিজের সামনে উদ্দেশ্য স্থাপনের মধ্য দিয়ে, মানসিক শক্তি একলীকরশ, উপলব্ধির চেট্টা ও আত্মনিয়ন্ত্রণ দিয়ে। আমার ধারণায়, শিক্ষার গ্রের্ডপর্ন করতে পারে কঠিন কাকে বলে।

বিদ্যাশিক্ষার সময় শিশ্ব যদি সহজেই সব পেরে যার তাহলে ধারে ধারে তার মধ্যে সণ্ডারিত হর ভাবনার আলস্য, যা মান্বকে নত্ট করে, জাবিনের প্রতি তার হালকা মনোভাব গড়ে তালে। ভাবতে অবাক লাগলে ভাবনার আলস্য অধিকাংশ ক্ষেত্রেই বিকাশ লাভ করে ক্ষমতাবান শিশ্বদের মধ্যে, যথন বিদ্যাশিক্ষার সময় তেমন কোন শ্রম তাদের প্রয়োগ করতে হয় না। আর ভাবনার আলস্য স্বতেয়ে বেশি বিকাশ লাভ করে নাতের ক্লাসে, যথন অন্য শিশ্বনা প্রচুর মান্সিক শভিত থাটিয়ে যা আয়ত্ত করছে ক্ষমতাবান শিশ্ব তা সহজেই আয়ত্তে আনরে পর বয়্তে আলস্যে সময় কাটাচ্ছে। দেখতে হবে শিক্ষাথাঁদের যেন আলস্য না আসে— এ-ও শিক্ষকতার বিশেষ এক ধরনের কর্তবা।

আমাদের প্রথম শ্রেণীর স্থান হল পৃথক একটি ছোট বাড়িতে । আমাদের ক্লাসের ঘরটি ছিল বিরাট, খোলামেলা, ঘরের জানলাগ্রনি পর্ব আর দক্ষিণ দিকে, ক্লাসঘরে সবসময়ই প্রচুর আলো। জানলার নীটেই - কিছু বাদাম গাছ, সেগানিলর পিছনে আপেল, নাসপাতি আর অ্যাপ্রিকটের গাছ, আরও দরের ওক উপবন। কেবল আমাদের বাড়িটাই নয়, স্কুলের অন্যান্য ঘরও গাছপালার মধ্যে ডুবে আছে। গাছের পাতা বাডাসকে অক্সিজেনে সমৃদ্ধ করে। স্কুলের এলাকায়ে সবসময় নিস্তর্মতা। আমাদের ক্লাসঘরের লাগোয়া বিরাট করিডর, সেখান থেকে দরজা দিয়ে যাওয়া যায় আরও একটা ঘরে: আমাদের ইচ্ছে ছিল এখানে রুপকথার ঘর বানাব।

দেউড়ির সামনে — কংক্রিটে বাঁধানো চত্বরঃ সেখানে আছে জ্বতো ধোয়ার বন্দোবস্ত (ব্লিটর জমিয়ে রাখা জল কাজে লাগানো হয়)। চত্বর থেকে চলে গেছে কয়েকটি পথ। পথের দ্ব'পাশে সারি সারি পীচফলের গাছ, লিশ্ডেন আর বাদায় গাছ। একটি পথ চলে গেছে স্কুলের আঙ্গিনার মাঝখানে অবক্থিত বিশাল আঙ্বরখেতের দিকে, আরেকটি — আমাদের সবচেয়ে কাছের পড়শীদের দিকে — পণ্ডম শ্রেণীর দ্বটি বিভাগের ক্লাস বেখানে বসে সেই ছোট বাড়িটার দিকে; অন্যটি — সব্বজ্ব লন্ আর উপবনের দিকে, আরও একটি — ঝেপঝাডে ছাওয়া খাতের মুখে।

সেই সময়ই আমার মনে হয় যে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ক্লাসগ্রনিল প্রথক একটি দালানে হলে ভালো হয়। ঐ ক্লাসগ্রনিল, বিশেষত প্রথম শ্রেণীর শিক্ষা, শ্রম ও বিশ্রামের নিজেদের বিশেষ নিয়ম আছে। সাধারণত বড় বড় দলবল সচরাচর হৈ হটুগোল, চে'চামেচি করে, স্কুলের বয়ঃকনিষ্ঠ ছেলেমেয়েদের পক্ষে সে পরিবেশ ক্ষতিকর। প্রোমানায় মানসিক বিকাশের জন্য দরকার — নীরবতা। ছোট

ছোট ছেলেমেয়েরা যতক্ষণ পারা যায় এর কল্যাণ ভোগ করক। দীর্ঘকালীন পর্যবেক্ষণের ফলে আমার এই বিশ্বাস জন্মেছে যে স্কলজীবনের প্রথম দিকে শিশ্য যে পবিবেশের মধ্যে এসে পড়ে তা তাকে বিহত্তল করে ফেলে। বাচ্চারা মার্নাসক পরিশ্রমে ততটা ক্রান্ত হয় না যতটা ক্রান্ত হয়ে পড়ে ক্লাসের আগে এবং পিরিয়ডের ফারে সবসময় হৈ হটুগোল ও ছুটোছুটির ফলে যে উত্তেজনার সূখি হয় তা থেকে। টিফিনের পর প্রথম শ্রেণীর ছেলেমেয়েদের অক্ষা আমি পাঁচ বছর ধরে পর্যবেক্ষণ করি। আধ-ঘণ্টা ওরা স্কুলের একটা বিরাট দৃঙ্গলের গোলমাল, হৈ হটগোল ও ঠেলাঠেলির পরিবেশের মধ্যে থাকে। টিফিন পিরিয়ড শেষ হওয়ার পর শিক্ষাথাঁরা ক্লাসে যায়, অভিজ্ঞ শিক্ষকেরা ছেলেমেয়েদের শান্ত করতেই পাঠের দশ মিনিট ব্যয় করেন। প্রথম শ্রেণীর ছেলেমেয়েরা যেখানে বিরতির সময় নিজেদের ছোটখাটো দলে মিলে বিশ্রাম করে সেখানে পরিস্থিতি দেখা যেত অন্য রকম। শিশ্মদের শাস্ত করতে. তাদের উত্তেজনা প্রশমন করতে সেক্ষেত্রে ২ মিনিটের বেশি সময় লাগত না।

অসংযত চে'চামেচি, ছাটোছাটি — স্কুলের আদর্শ চিত্র নয় ।
শিশানের আনন্দের নদা যত জলভারপাণিই হোক না কেন
তার তীরভূমি থাকা উচিত, সেই তীরভূমি শিশানের আবেগ
উচ্ছনসকে সংযত করে রাখবে।

বর্তমানে আমাদের প্রথম ও বিতীয় শ্রেণীর ক্লাস হয় গাছপালায় ঘেরা এক স্বাচ্ছন্যকর, নিভ্ত বাড়িতে। শিশ্বদের জন্য যে পরিবেশ স্থিট করা হয়েছে তা পালাক্রমে শ্রম ও বিশ্রামের সহায়ক।

প্রথম কয়েক সপ্তাহ ধরে আমি ধীরে ধীরে শিশ্বদের পরিচয়

দিলাম তাদের নতন জীবনের। 'আনন্দ নিকেতনের' শিক্ষার সঙ্গে এখানকার বিদ্যাশিক্ষার বস্তুত তখনও তেমন কোন হেরফের ছিল না, আমার সেটা করা ইচ্ছেও ছিল না সেপ্টেম্বরে আমরা দিনে ৪০ মিনিটের বেশি ক্লাসে থাকতাম না, আক্টোবরে থাকতাম ঘণ্টা দুয়েক। এই সময়টা নিদিন্টি ছিল হাতের লেখা ও অংশ্কর জন্য। বাকি দু'ঘণ্টা আমরা কাটতোম খোলা হাওয়ায়। বাচ্চারা অধীর আগ্রহে অপেক্ষা করত **আসল** ক্লালের — ক্লালের পড়াশ্যনাকে তারা এই নাম দিয়েছিল . তাদের এই ইচ্ছার আমার আনন্দ হত, আমি ভাবতাম: 'তোমরা যদি জানতে তোমাদের সমবয়সীরা বন্ধ ঘরে ক্লান্ত হয়ে পড়ে কী অধীর আগ্রহেই না বিরতির ঘণ্টার জন্য অপেক্ষা করে থাকে! ক্লাসের পড়াশাুনার ব্যাপারে শিশাুদের ধাঁরে ধাঁরে প্রস্তুত করে তোলা – পূর্ণমাত্রায় শ্রমশিক্ষার, নৈতিক, শারীরিক ও মান্সিক শিক্ষার অবশ্য প্রয়োজনীয় শ্তা। চরম লক্ষ্য হল মান্ত্রকে বিভিন্ন পরিন্থিতিতে কাজ করতে শেখানো। ক্লাসের পাঠ এমন কোন দঃখজনক অবশ্যপ্রয়োজনীয় ব্যাপার নয় যার সঙ্গে ইচ্ছায় হোক আর অনিচ্ছায়ই হোক আপস করে নিতে হয়। ক্লাসের পাঠ — মানসিক প্রমের সর্বাপেক্ষা অন্যক্র পরিন্থিতি, তবে সেই পরিন্থিতির জন্য শিশ্মকে প্রস্তুত করতে হয় ধীরে ধীরে – স্কলের বয়ঃকনিষ্ঠ শিক্ষার্থীদের নিয়ে ক্লাস চালানোর বিশেষত্ব এখানেই। যে পরিন্থিতি ভবিষ্যতে মানসিক শ্রমের অন্যুক্ত হতে পারত, হঠাংই প্রতিদিন চার ঘণ্টা করে ক্রাসে শিশ্বদের খাটতে বাধ্য করলে তা তাদের স্বাস্থ্যের উপর বিব**্রপ প্রতিক্রিয়া সূত্তি করতে প্যরে**।

ক্লাসে আমরা বর্ণপরিচয় পড়তাম, অক্ষর লিখতাম, এটা ওটা নানা চিহ্ন আঁকতাম, সমস্যা বানাতাম ও প্রেণ করতাম এ সবই ধীরে ধীরে শিশুদের বহুমুখী মনোজীবনে স্থান করে নিতে লাগল, একঘেরেমিতে ওদের ক্লান্ত করত না। বর্ণপরিচয়ে একই জিনিস বহুবার পড়তে আমাদের হত না ছেলেমেয়েদের সকলেরই ভালোমতো অক্ষর পরিচয়় ছিল, তাই পড়ার কৌশল উদ্ভাবনের জন্য আমাকে বহুবিধ সক্রির কার্যকলাপের আগ্রয় নিতে হত। শিশুরা প্রকৃতি সম্পর্কে ছোট ছোট রচনা লিখত। বর্ণপরিচয় ধরে ধরে একই বিষয় বারবার পড়ার ফলে পঠনক্ষমতার যে বিকাশ হয়় এতে তার চেয়ে অনেক বেশি মালায় বিকাশ পেতে লাগল।

প্রতিটি শিশরে যাতে অবশ্যপ্রয়োজনীয় পঠনপ্রণালী গড়ে ওঠে আমি সেদিকে নজর রাথতাম . অনুশীলন ছাড়া, পঠনের নিদিপ্টি মাত্রা ছাড়া কিছুইে অজনি করা সম্ভব নয়: আকর জানটোই সব নয়, যুক্তাক্ষর এবং শব্দও পড়তে জান্য সব নয়। পঠন হল জগতের বাতায়ন, জ্ঞানের পরম গাুর মুপা্রণ হাতিয়ার, পঠন হওয়া চাই স্বচ্ছন্দ, দ্বত — একমান্ত তথনই এই হাতিয়ার হবে কাজের উপযোগীঃ আমার প্রয়াস ছিল যাতে সচিয় কার্যকলাপের বহু,বিধ রূপে — ভাবগর্ভ পঠন, লিখন ও অঙ্কন -- সবই পঠনকে আধা-প্রয়ংচালিত প্রক্রিয়ায় পরিণত করে যেতে দ্বিতীয় শ্রেণীতেই বহু সিলেব্লের বড় বড় শব্দকে শিশরো চোখের দুন্টিতে একেকটি অখন্ড একক রূপে গ্রহণ করতে পারে: আমি যথন প্রকৃতি সম্পর্কে ছোটখাটো রচনা লেখার আগ্রয় নিতাম, যখন এ ধরনের কাজের প্রতি শিশ্বদের আগ্রহ জাগিয়ে ভোলার চেণ্টা করতাম তখন প্রকৃতপ্রস্থাবে তা হাত ছোটদের ভালোমতো পড়তে শেখানো এই একটি লক্ষ্য অর্জনের পক্ষে অবশাপ্রয়োজনীয় শিক্ষাপ্রণালী। এ ধরনের একটি 'ফন্দি' হিশেবে গণ্য করা যেতে পারে

বিদ্যাভ্যাস কালে শ্রমের বহুবিধ রূপ। অভিজ্ঞতায় দেখা গেছে যে গোডার দিকে প্রথম শ্রেণীতে পঠন, লিখন ও অ্ডেকর 'খাঁটি' অনুশীলন অচল। এক্ষেয়েমিতে শিগ্যাগরই ক্রান্তি এসে যায়। বাচ্চারা যখনই ক্লান্ত হয়ে আসত সেই মৃহুর্তে আমি তার বদলে নতন ধরনের কাজের উদ্যোগ নিতাম। প্রমে বৈচিত্র সচেনার এক শক্তিশালী উপায় ছিল ছবি আঁকা। আমি দেখতে পাই বাজারা পড়তে পড়তে ক্লান্ত হয়ে পড়ছে, অর্মান বলি: 'তোমাদের ডুইং খাতা খোল, যে রূপকথা আমরা পড়ছি তার ছবি আঁকব।' ক্লান্তির প্রাথমিক লক্ষণ কেটে যায়, শিশ্বদের চোখে খুশির ঝলক খেলে, একঘেয়ে কাজকর্মের বদলে আসে সাজনকর্মা। ...এই একই দােশ্য দেখা যায় অভেকর ফ্রাসে: দেখতে পাই নিজে নিজে কযার জন্য যে অঞ্চ শিশ্বদের দেওয়া হয়েছে তার শর্ত তাদের পক্ষে বোঝা কঠিন। তাদের সাহায্যের জন্য এগিয়ে আসে স্ক্রনী শ্রম — অঞ্কন। শিশ্রা আরও একবার অধ্কের প্রশনটা পড়ে দেখে ও আঁকে। যে ব্যাপার কিছুক্ষণ আগেও সম্পূর্ণ দূর্বোধা ঠেকছিল তা বোধগমা হয়ে উঠতে থাকে ৷ দীর্ঘকাল শোনায়ও ক্লান্তি আসে ৷ শিশ্বদের দ্রণ্টি নিষ্প্রভ হয়ে আসছে দেখে আমি আমার বক্তবোর 'নিষ্পত্তি' টেনে দিই, আমরা আঁকতে শরের করি।

শৈক্ষাবর্ষ দ্র্টনার তিন সপ্তাহ পরেই আমার শিক্ষাথাঁরা প্রকৃতি সম্পর্কে ছবির বই রচনা শ্রু করে। ওপরের ক্লাসের ছেলেমেয়েরা প্রতিটি শিশ্বে জন্য শক্ত মলাটে বাঁধাই একেকটা খাতা তৈরি করে দের, খাতার ছিল ২০টি শক্ত কাগজ, আর মলাটের গায়ে আটকে দেওয়া হয় পোন্সল। সপ্তাহে একবার আমরা ভাবনা ও শন্দের উৎসে যাত্রা করতাম, একটি করে ছবি আঁকতাম সে ছবি হত পারিপাশ্বিক জগতের বিবরণ। আমাদের প্রথম 'পর্যটন'—ফলের বাগিচার, আর আপেল বাগানে, যেখানে ফল দেরি করে পাকত। ছোটরা যে সব বিবরণ দিত তাতে তাদের উপলব্ধি ও ধারণার ব্যক্তিগত জগতের প্রকাশ ঘটত।

'আপেল মাটিতে ঝু'কে পড়েছে', 'আপেল রোদ পোহাছে'. 'সব্জ পাতার মাঝে লাল আপেল', 'স্বর্থ আদর করছে, আপেলকে ভাল দোলা দিছে', 'বসন্তে সাদা ফুল, শরতে সোনালি আপেল', 'আমরা আপেলের কাছে আতিথি হয়ে এলাম'—ছোটরা তাদের ছোট ছোট রচনাগ্রাল ক্লাসে পড়ে, তাতে ওরা বড় আনন্দ পেত। বাগানে বিদ্যাশিক্ষার উদ্দেশ্যটি আপনাতেই আপনি সম্পূর্ণ নয়। ছোট ছোট রচনা বানানো—ভবিষ্যতে শিশ্রদের অধ্যবসায়ম্লক, কঠোর মানাসক প্রমের প্রস্থৃতির জন্য উৎকৃষ্ট উপায়স্বর্প। প্রথম প্রেণীতে, বিশেষত দ্বিতীয় প্রেণীতেই আমি চেণ্টা করতাম যাতে প্রতিটি শিক্ষাথাঁর যার বার পড়ার কাজ থাকে, আর সে-কাজ যেন সে স্চার্র্র্পে সম্পন্ন করে। মান্সিক প্রমের শৃত্থলা শিক্ষার পক্ষে এটা অত্যন্ত গ্রুত্বপূর্ণ।

শিক্ষার প্রথম বছরে সবগঢ়ীল ছবির বই আঁকায় আর রচনাম ভার্তি হয়ে যায়। শিশুদের রচনার বিষয় ছিল টুকটুকে ফলের থোকা, ফসল ভোলা, ঘুমন্ত সরোবর (ওরা সরোবরটাকে ঘুমন্ত আখ্যা দিয়েছিল সম্ভবত এই কারণে যে আমরা যখন পর্যটন করতাম তথন স্বসময়ই তার জল দেখা যেত আয়নার কাচের মতো টলটলে, স্থির), স্কুলের বাগানে ছেলেমেয়েদের শ্রম, স্বান্তকালের রক্তিম আকাশ, শরতের প্রথম হিম, শরতের মেঘবাদলার দিন, ১৯১৭ সনের মহান অক্টোবর সমাজতান্তিক বিপ্লবের বাধিকী, আমাদের গ্রামের জীবন্যাত্রা, প্রথম তুষারপাত, জানুয়ারির তুষারবঞ্জা, রুপকথার তুষার দাদ্ব যিনি নদী আর সরোবর জমিয়ে দেন, ফেরুরারির বিরুক্তিরে বরফ, বরফের ওপর মার্চের নীল ছায়া, প্রথম স্নো-জ্রপ ফুল, কোন এক ময়না পাশি, যে বেশ আগে থাকতেই গরম অণ্ডল থেকে ফিরে এসে আচমকা মার্চের তুষারঞ্জার মধ্যে পড়েছে, বসন্তকালের আনন্দোচ্ছল বাস্যবদলকারী পাখির কাঁক, ডেইজী ফুলের কাছ থেকে শরতের রোন্তোভ্জন্ত দিনে উড়ন্ত মৌমাছিদের বিদায়গ্রহণ।

প্রকৃতিসংক্রান্ত ছবির বইগন্নি আমাদের দলের নিজস্ব বৈশিষ্ট্যসন্তক সঞ্চলনগ্রন্থ হয়ে দাঁড়াল। সেখানে স্বদেশের প্রকৃতির স্ক্রোতিস্ক্রা বর্ণসন্ম্মা, আকাশ ও প্রিথবীর সঙ্গীত, দাব্দের সৌরভ প্রকাশ পায়। এগন্নি ছিল শিশ্বদের কাছে এমন এক ধরনের আনন্দ, যাকে বাদ দিয়ে শিক্ষা মনোজীবনে প্রবেশাধিকার লাভ করতে পারে না।

ক্লনে শিশ্ব যে সময় কাটায়, পাঠের নিরিখে তার হিসাব করতে গেলে শিক্ষাবর্বের প্রথম দৃই মাস আমাদের প্রতিদিন ছিল একটি করে পাঠ, ৩-৪ মাস—২টি করে পাঠ, ৫-৬ মাস—আড়াইটি করে, আর ৭-৮ মাস—৩টি করে। একটি বিরতি থেকে আরেকটি বিরতির মাঝখানে পিরিয়ডের শ্বায়িত্ব ছিল ০০৫ ঘণ্টা, পরে —৪৫ মিনিট। বিরতির আগে কাউকে বেরোতে হলে অনুমতি নিয়ে বেরোতে হত। ক্লাসে শিক্ষক খখন এমন কোন বিষয় নিয়ে আলোচনা করছেন যাতে বিঘাধটানা উচিত নয়, তখন শিক্ষার্থী অনুমতি না চেয়ে বের হতে পারত: শিক্ষক দেখেন যে শিক্ষার্থীর বাইরে যাওয়া বরকার, তিনি তখন মাথা নেড়ে নীরবে অনুমতি দেন। কিন্তু

অধিকাংশ শিশ্ব সহজে যে নিয়ম পালন করত, কোন কোন শিশরে পক্ষে তাতে অভ্যন্ত হওয়া কঠিন ছিল। তোলিয়া, কাতিয়া, কোন্তিয়া ও শ্বরা তাড়াতাড়ি ক্লান্ত হয়ে পড়ত তারা সম্ভবত হয়রান হয়ে প্রভূত ক্লাসে বসে যে প্রয়াস নিয়োগ করতে হত সেকথা ভেবে এবং সঙ্গে সঙ্গে এই অনুভব করে যে বিশেষ বিধিনিষ্কমের দ্বারা আগেকার কার্যকল্পাপের স্বাধীনতা এখন অনেক বেশি সীমাবন্ধ হয়ে পড়েছে। যে-কোন ইচ্ছা প্রেণ করা অবশ্যই অনুচিত : সব শিক্ষার্থীকে অধ্যবসায়মূলক, গ্রুত্বপূর্ণ প্রমে অভ্যন্ত করে তোলা উচিত, তবে শিশুদের ইচ্ছা ও অভ্যাসকে অত্যন্ত কঠোর উপায়ে দমিয়ে দেওয়াও উচিত নয়। কয়েক সপ্তাহ এই ছেলেমেয়েদের আমি পিরিয়ড চলার সময় বাইরে যাওয়ার অনুমতি দিলাম, ধীরে ধীরে এক জায়গায় বসে কাজ করার ব্যাপারে তাদের অভ্যন্ত করে তুলতে লাগলাম। শিক্ষাবর্ষ শারে হওয়ার ৩-৪ মাসের মধ্যেই সব ছেলেমেয়ে স্কুলের শ্রমজীবনের নিয়মকাননে মেনে চলতে লাগল।

শরতের রোদ্রোভজনের দিনগন্নিতে আমাদের পড়াশনা চলত 'সব্জ ক্লাসঘরে'— লন্-এর ওপর, বড় বড় আপেল গাছের মাঝখানে। করেক বছর আগে ওপরের ক্লাসের ছেলেমেরেদের সহায়তার আমরা এখানে তার আর লোহালেরড় দিরে ভাবী সব্জ ক্লাসঘরের কাঠামো বানাই, লতার চারা — ব্নো আঙ্রের চারা লাগাই। দ্ব'বছর বাদে তৈরি হরে গেল সব্জ ঘর — লভাপাভায় ছাদ অবধি ঢেকে গেল। ক্রেকটি 'জানলা' বানিয়ে প্রভাবিক আলো প্রবেশের পথ করা হল। গরমের দিনে এই জায়গাটা হত ক্লিঞ্চ, শরৎকালে হত ঈষদ্ব্রু আর আরমেদায়ক। 'সব্জ ক্লাসঘরে' সর্বক্ষণ নীরবতার রাজত্ব, 'জানলাগ্রিল'

বুনো লতা আর আঙ্বুর লতার ডালপালা দিয়ে বন্ধ করে দেওর। যেত, তখন ঘনিয়ে আসত শ্যামলবর্ণের আধা অন্ধলার, পাতার ফাঁক দিয়ে করে পড়ত স্ফের্র কিরণ, আলোছায়ার খেয়ালী খেলায় মাতামাতি করত। ছেলেমেয়েদের ভাষায় এর নাম হল 'র্পকথার জন্য জানলা বন্ধ করা'। সব্জ ক্লাসঘরে থাকড ছোট ছোট টেবিল আর টুল, এখানে ছেলেমেয়েয়া লিখত, পড়ত, অঞ্চ কষত।

দ্বিতীয় 'সবা্জ ক্লাসঘর' ছিল তিন দিক থেকে হিমসহ আঙ্বর কতায় ঘেরা লন্। আমাদের এখানে কী বসতে কী শরতে গরমের দিন দ্বর্লাভ নয়। প্রচণ্ড গ্রমের সময়ও এই জায়গাটা ছিল লিখ।

আমাদের আরও একটি 'সব্জ ক্লাসঘর' আছে — খাতের লাগোরা নির্জন উপবনের ভেতরে, সব্জ গাছপালার মাঝখানে ঘাসের ওপর। এখানে আমরা মাঝে মাঝে আসতাম আমাদের শেষ পিরিয়ডের সময়, যখন ক্লাসের পর আর স্কুলের দালানে ফিরে যাওয়ার দরকার হত না। এক বছর সময়ের মধ্যে যতগর্লি পাঠ হয় তাদের প্রায় ৪০ শতাংশই আমরা দালানের ভেতরে না করে করি 'সব্জ ক্লাসঘরে'। ক্লাসের বাকি ৬০ শতাংশের একটা বড় অংশ হয় 'সব্জ ল্যাবরেটরিতে' আর স্কুলের হট্ হাউস্তা 'সব্জ ল্যাবরেটরি' হল চার দিক থেকে গাছপালা আর আঙ্বির লতার যেরা এক প্থক দালান। এখানে ক্লাসের জনা আলাদা ঘর আছে, তাতে আছে অসংথ্য উডিজে ও ফুলগাছ।

পাঠের একটা উল্লেখযোগ্য অংশ যে প্রকৃতির মাঝখানে, খোলা হাওয়ায়, নীল আকাশের নীচে অন্থিত হাত এই ব্যাপারটি শিশুদের কাছে রীতিমতো তাৎপর্যপূর্ণ ছিল। পাঠ চলাকালে শিশ্বরা উৎফুল্ল ও উৎসাহিত বােধ করত, ভারাক্রান্ত মাথা নিয়ে তাদের কখনই বাড়ি ফিবতে হতনা।

প্রকলে পড়াশনুনার পর ছেলেমেয়েরা বাড়িতে বিশ্রাম করত।
পাঠের সময় প্রম যাতে শিশ্বেক অতিরিক্ত ক্লান্ত করে না ফেলে
তার জন্য যত রকম ব্যবস্থাই অবলন্বন করা হোক না কেন ক্লামের পড়াশনার পর সে বেশ ক্লান্ত হয়ে পড়ে, তাই তার বিশ্রাম দরকার হয়। দীর্ঘকালীন অভিজ্ঞতায় আমার এই প্রতায় জন্মছে যে প্রকলে শিক্ষার্থী যে প্রথর মানসিক শক্তি খাটিয়েছে, দিনের দ্বিতীয়ার্থেও সেই রকম মানসিক শক্তি খাটিয়েছে, দিনের দ্বিতীয়ার্থেও সেই রকম মানসিক শক্তি খাটানো তার মোটেই উচিত হবে না। পরস্থু বয়ঃকনিন্দ্র শিশ্বের উপর অতিরিক্ত শ্রম চাপানো ত চলতেই পারে না। প্রকলে ৩-৪ ঘণ্টা মানসিক শ্রম করার পর শিশ্বেকে যদি আবার বাড়িতেও ঐ পরিমাণ প্রথর শ্রম খাটাতে বাধ্য করা হয় তাহলে অচিরেই তার শক্তি সম্পূর্ণ নিঃগোষিত হয়ে যাবে।

আবার বাড়ির জন্য অনুশীলনী না দিলেও চলে না।
শিশ্বেক মান্সিক প্রমাস একচীকরণের, গভীর মনোনিবেশের
শিক্ষা দিতে হবে। কিন্তু এ শিক্ষা দিতে হবে সর্বোগরি পাঠের
সময়, ধীরে ধীরে তার মধ্যে সণ্ডার করতে হবে
মান্সিক প্রমের স্বাধীন প্ররোগের অভ্যাস। স্বত্বে
ও মনোনিবেশ সহকারে শিশ্বকে কাজ করতে শেখানো সহজ্ঞ
নয়। অভিজ্ঞ শিক্ষকেরা শিক্ষার্থীদের উপর প্রভাব খাটানোর
বিশেষ কোন প্রণালীর সাহাষ্য না নিয়ে পাঠের বিষয়বস্থুর
সাহাষ্যেই তাঁদের মুখের বিবরণ, ব্যাখ্যা ও কথনের প্রতি
শিশ্বদের মনোযোগ 'বে'ধে রাখেন'। অলপবয়সীদের মধ্যে
মান্সিক প্রম সংগঠনের কোশল এখানেই যে শিশ্ব শিক্ষকের

কথা মনোযোগ দিয়ে শ্লেবে, মনে রাখবে, আর তা করতে গিয়ে প্রথম প্রথম শিশার মনেই হবে না যে তাকে প্রয়াস ব্যয় করতে হচ্ছে, কণ্ট করে তাকে শিক্ষকের কথায় মুনোযোগ দিতে হবে না, মনে রাখতে হবে না, ভাবতে হবে না।

শিক্ষক যদি এই লক্ষ্যে পেণছেতে পারেন ভাহলে যা যা শিশ্যর কৌতাহাল জাগ্রত করবে, বিশেষত তার বিস্ময়ের উদ্রেক করবে তা-ই সে মনে করে রাখবে। আমার ছেলেমেয়েরা কেন এত সহজে অক্ষর মনে রাখতে পারল, লিখতে-পড়তে শিখল ? তার কারণ এই যে আমরা এটাকে তাদের সা<mark>মনে</mark> উদ্দেশ্য হিশেবে হ্রাপন করি নি। কারণ এই যে প্রতিটি অক্ষর শিশ্যুর কাছে ছিল প্রলকের অন্যুভতি উদ্রেককারী উল্জ্বুল রূপের প্রকাশ। আমি যদি প্রতিদিন প্রাক্রিদ্যালয় পর্বের বরঃকনিষ্ঠদের 'ভাগে ভাগে জ্ঞান' দিতাম — তাদের যদি অক্ষর দেখিয়ে দিয়ে মনে করে রাখতে বলতাম তাহলে কোন ফলই পাওয়া যেত না। তার মানে অবশ্যই এমন নয় যে শিশার কাছ থেকে উন্দেশ্য গোপন করে রাখতে হবে। শেখ্যনো উচিত এমন ভাবে যাতে শিশ্বরা উদ্দেশ্যের কথা না ভাবে – এতে মার্নাসক শ্রমের ভার লাখব হয়। আপাতদ্যিততৈ যেমন মনে হয় গোটা ব্যাপারটা মোটেই সে রকম সহজ নয়। কথা হচ্ছে শি**শ**ুর মান্সিক বিকাশের এক নিদিশ্টি পর্যায় নিয়ে — বিজ্ঞানীরা থার নাম দিয়েছেন মানুষের স্নায়ুব্যবস্থার শৈশব অবস্থা, সেই পর্ব সম্পর্কে। এই পর্বে — কনিষ্ঠ বয়ঃসীমার বিদ্যাথাঁদের মধ্যে – বিশেষত শিক্ষার প্রথম বছরে শিশ্ম মনোযোগ একেবারেই কেন্দ্রীভূত করতে পারে না। শিক্ষককে শিশ্বর মনোযোগের ওপর প্রভাব খাটাতে হবে, মনস্তত্ত্বে যাকে বলে র্মানচ্ছাকৃত মনোযোগ, তা জাগিয়ে তুলতে হবে -

ছোট শিশ্বর মনোযোগ -খামখেয়ালি ব্যাপার। আমার মনে হয় তা যেন একটা ভয়ার্ত পাখির মতো, যে পাখি তার বাসার দিকে কেউ ধেয়ে এলেই দ্বে উড়ে পালায়। শেষ অবধি পাখিটাকে যদি ধরা যায় তাহলে তাকে রাখা যায় কেবল হাতে কিংবা খাঁচায়। পাখি যদি নিজেকে কয়েদি বলে মনে কয়ে তাহলে তার কাছ থেকে গান আশা করা যায় না। ছোট শিশ্বর মনোযোগও সেই রকম: তাকে কয়েদির মতো কয়ে ধরে রাখলৈ তার কাছ থেকে ভালো সাহাস্য পাওয়া যায়ে না।

এমন অনেক শিক্ষক আছেন যাঁরা পাঠের সময় 'সর্বক্ষণ শিশ্বদের মানসিক শক্তি প্রয়োগের পরিবেশ' স্থিত করে রাখার ক্ষমতার মধ্যে নিজেদের সাফল্য দেখতে পান। অনেক ক্ষেত্রেই এই সাফল্যলাভের উদ্দেশ্যে এমন কতকগর্বল বাহ্য শক্তি প্রযুক্ত হয় যা শিশ্বের মনোযোগ সংযত রাখার লাগাম হিশেবে কাজ করে। সেগ্রাল হল ঘনঘন মনে করিয়ে দেওয়া (মন দিয়ে শোন), এক ধরনের কাজ থেকে হঠাৎ আরেক ধরনের কাজে পরিবর্তনি, বোঝানোর পরম্বর্তেই জ্ঞান বাচাই করে দেখার সম্ভাবনা (আরও সঠিক ভাবে বলতে গেলে আমি যা বলছি তা না শ্বনলে খারাপ নন্বর বসিয়ে দেব — এই মর্মে হ্রুম্কি), কোন তত্ত্বমূলক নিয়ম ব্যাখ্যা করার পরই ব্যবহারিক কর্ম সম্পাদনের অবশ্যপ্রয়োজনীয়তা।

আপাত দৃষ্টিতে উপরি উক্ত সবগৃলি প্রণালীই সন্তির মানসিক প্রমের বাহার প গড়ে তোলে: ক্যালিডোন্ফোপের নক্সার মতো কাজের রূপে পালটাক্টে, শিশরুরা একাগ্র চিক্তে শিক্ষকের মুখের প্রতিটি কথা শ্রনছে, ক্লাসঘরে অসাধারণ নিস্তর্কতা। কিন্তু কী মুল্যে এসব অজিতি হয়, এর পরিণামই বা কী সনোযোগ রাখার জন্য এবং কিছু যাতে বাদ পড়ে না যায় সেই উদ্দেশ্যে সর্বক্ষণ প্রচুর শক্তি বায় করতে হচ্ছে — অথচ এই বরসে শিক্ষার্থী চেন্টা করেও অতটা মনোযোগী হতে পারে না তাই তার স্নায়্ব্যবস্থা হয়রান হয়ে পড়ে, অবসম্ন, রুনত হয়ে পড়ে, ক্ষর পায়। পাঠের সময় একটি মিনিটও নন্ট করা চলবে না, এক মৃহতেও সাক্রিয় মানসিক শ্রম থেকে বিরক্ত থাকা নয় — মানুষকে শিক্ষাদানের মতো স্ক্রের কাজের ক্ষেত্রে এর চেয়ে মুর্খতা আর কী হতে পারে? শিক্ষাকের কাজে এ ধরনের উদ্দেশ্যম্বর্খনিতার সরাসরি অর্থ হল শিশ্র যতটুকু দিতে পারে তার সবটা নিংড়ে বার করে নেওয়া। এই ধরনের 'কার্যকর' পাঠের পর শিশ্র বাড়ি ফেরে ক্রান্ত অবস্থায়। সেসহজেই বিরক্ত ও উত্তেজিত হয়ে পড়ে। এখন সে বিশ্রাম করতে পারলে বাঁচে, অথচ বাড়ির জন্য অনুশাঁসনীও তাকে দেওয়া হয়েছে, বইখাতা পোরা ব্যাগটার দিকে তাকালেই মেজাজ বিগড়ে যায়।

শক্তবে যে নিয়মশ্তথলা ভঙ্গের একাধিক ঘটনা ঘটে —
শিক্ষার্থীরা যে শিক্ষকের সঙ্গে, একে অন্যের সঙ্গে রুঢ় আচরণ
করে, ভর্থসনার উদ্ধাত জবাব দেয়, ফলত বহু বিরোধ সৃঘিট হয়
তা অহেতুক নয়, কেননা পাঠের সময় শিশ্বদের য়ায়বিক শক্তির
ওপর চরম চাপ পড়ে; তাছাড়া শিক্ষকও ইলেক্টনিক যল্
নয় — 'উচ্চ ফলপ্রস্কৃতাকে' লক্ষার্পে সামনে রেখে
ক্যালিভোস্কোপের মতো একের পর এক কাজের রকম
পাল্টাতে পাঠের গোটা সময় জ্বড়ে ক্লাসের সকলের মনোযোগ
আকর্ষণ করে রাখা সহজ কজে নয় ছেলেমেয়েরাও ভাই যখন
বাড়ি ফিরে আসে তখন তারা গড়ীর, স্বল্পবাক, সবকিছের
প্রতি ভাদের উদাসীন্য, কিংবা দেখা যায় তার উল্টোটা —
কথায় কথায় তাদের নিদার্ণ বিরক্তি 1

না, এত বড় মূল্য দিয়ে শিশ্বদের মনোযোগিতা, একাপ্রতা, মার্নাসক সফিষতা অর্জন করা উচিত নয়। শিক্ষার্থীদের, বিশেষত বয়ংকনিষ্ঠ শিক্ষার্থীদের মার্নাসক শক্তি ও স্নায়বিক উদ্দীপনা অতলম্পশী জলাশয় নয়, সেখান থেকে ইচ্ছামতো আহরণ করা যায় না। আহরণ করা উচিত বৃদ্ধি বিবেচনা করে, আর সবচেয়ে বড় কথা— শিশ্বের স্নায়বিক উদ্দীপনার উৎসকে সর্বক্ষণ পরিপ্রেণ করা উচিত এই পরিপ্রেণেরই উৎস — পারিপার্শ্বিক জগতের বন্ধু ও ঘটনা পর্যবেক্ষণ, প্রকৃতির পরিবেশে জীবন্যাহা, পঠন — তবে তা হতে হবে এমন যাতে প্রশানবাণে জর্জারিত হওয়ার ভয় না থাকে, যাতে কোন কিছ্ জানার আগ্রহ, আকাঞ্চা জাগ্রত হয়; আর হল সজীব ভাবনা ও শব্দের উৎস অভিমুখে 'প্রতিন'.

শকুলের শিক্ষাথি মণ্ডলীর জীবনে একটি দ্বৈষ্যে জিনিস আছে — তার নাম দেওয়া যেতে পারে মানসিক ভারসামা। এটা বলতে আমি ব্রিঝ জীবনের প্র্তা সম্পর্কে শিশ্বদের বোধ, ভাবনার শ্বছতা, নিজের শক্তির প্রতি আছা, বাধাবিপত্তি অতিক্রম করা যে সম্ভব সে সম্পর্কে বিশ্বাস। মানসিক ভারসাম্যের চরিত্রগত বৈশিষ্টা হল লক্ষ্যনিষ্ঠ শ্রমের শাস্ত পারবেশ, নির্বিঘা, সৌহার্দম্লক পারস্পরিক সম্পর্ক, তিক্ততার অভাব। মানসিক ভারসাম্য ছাড়া স্বাভাবিক ভাবে কাজ করা অসম্ভব; এই ভারসাম্য যেখানে নন্ট হয় সেখানে সম্বিটর জীবন পরিণত হয় নরককুম্নে: শিক্ষার্থারা একে অন্যকে অপ্যান করে, একে অন্যের বিরক্তির কারণ হয়, স্কুলে বিবাজ করে স্নায়বিক উত্তেজনা। কী ভাবে স্থাটি করা যায় — আর যা বিশেষ গ্রেত্বপূর্ণ তা হল টিকিয়ে রাথা যায় এই মানসিক ভারসাম্য? শ্রেণ্ড শিক্ষাবিদদের অভিজ্ঞতা থেকে

আমার ধারণা হয় যে শিক্ষার এই অতি স্ক্রা ক্ষেত্রে প্রধানতম বিষয় হল অতিরিক্ত ক্লান্তি ছাড়া, অন্তরাত্মার শক্তিকে মোচড় না দিয়ে, তাড়া না দিয়ে, তার উপর চাপ স্থিট না করে সর্বদা মননক্রিয়া বজায় রাখা।

মানসিক ভারসাম্যের পক্ষে বৈশিষ্ট্যস্চক হল প্রতিটি শিক্ষাথনির এবং তার সাধ্যমতো প্রমের উপবোগনী হিতাকাঙ্কা ও পারস্পরিক সহায়তার, মানসিক ক্ষমতা স্মুসমন্বরের পরিবেশ। যে-সমন্ত খাঁটি শিক্ষাবিদ প্রাথমিক প্রেণীগৃর্নিতে মানসিক ভারসাম্য সঞ্চাবের শিক্ষাকোশল প্রয়োগ করেছেন তাঁদের অনেকের তত্ত্ব আমি গভারি মনোবোগ দিয়ে অধ্যয়ন করি। তাঁদের শিক্ষায় প্রতিটি শিশ্ব নিজের পর্শে শক্তি নিয়ে পড়াশ্বনা করছে, এমন কোন শিশ্ব নেই যে কৃতিছের সঙ্গে পড়াশ্বনা করছে, এমন কোন শিশ্ব নেই যে কৃতিছের সঙ্গে পড়াশ্বনা করতে পারত, কিন্তু করছে মাঝারি ধরনের। আমার দ্যিতিত, পরম বিচক্ষণ, সেই সঙ্গে অতি স্বাভাবিক এই যে ব্যাপারটি, তারই 'রহস্যভেদের' চেন্টা আমি করি। পড়াশ্বনায় যার ফল খারাপ হচ্ছে সে নিজের অকৃতকার্যের জন্য আহত হয় না, বন্ধারও তাকে কর্ণার পার হিশেবে দেখে না।

ভালো নশ্বরের পেছনে ছোটার যে মনোবিকার তা সর্বদাই
আমাকে অত্যন্ত পর্নীড়িত করত—এই মনোবিকার পরিবারে
জন্মায়, শিক্ষকের মনকৈও অধিকার করে, শেষ পর্যন্ত শ্কুলের
ছেলেমেরেদের শিশ্মনের ওপর ভার হয়ে চেপে বনে, তাদের
বিকৃত করে। শিশ্মর হয়ত ঠিক সেই ম্হুতের্ত পড়াশ্মনায়
ভালো ফল করার মতো ক্ষমতা নেই, অথচ মা-বাবা তার কাছ
থেকে কেবলই ভালো ফল দাবি করেন। এদিকে বেচারি শ্কুলশিক্ষার্থী খারাপ ফল করায় নিজেকে প্রায় দ্বুকৃতিকারী বলেই
মনে করে। অভিজ্ঞ শিক্ষার্তীদের ছাবছাবীদের মধ্যে কিন্তু

এমন মনোভাব দেখা যায় না। যারা ভালো ফল করে তারা নিজেদের ভাগ্যবান বলে মনে করে না. আবার খরোপ ফল যারা করে তারাও অপকৃষ্ট বলে নিজেদের মনে করে না , আমি এই সব খাঁটি শিক্ষাবিদের কাছ থেকে বিচক্ষণ, একাগ্র ব্লিমাগাঁর শ্রম পরিচালনার প্রকৃত কৌশল আয়ত্ত করি। আমার দূর্গিটতে, যাকে বলে শিক্ষাকলার অতি স্ক্রা বৈশিষ্ট্য — শিশানের হৃদয়ে ও মননে জানার ব্যাদ্ধগ্রাহ্য আনন্দোপলান্ধি জাগিয়ে তোলার কোঁশল — তা তাঁদের মধ্যে আমি লক্ষ্য করি। সভ্য আবি কার, তত্ত্বান,সন্ধান আর জানার ফলে মানসিক আনন্দের যে প্রস্ফুরণ ঘটে, এই শিক্ষকদের এমন একটি শিক্ষার্থীও ছিল না যার মধ্যে অতি সাধারণ সাফল্যেও তার প্রকাশ না ঘটত। শিক্ষাকর্মকৃশলীদের অভিজ্ঞতার দ্বর্ণকণিকাগালি সাধারণীকরণের দ্বারা আমি চেণ্টা করি যাতে শিশ, ভালো ভালো নদ্বর পাওয়ার উদ্দেশ্য নিয়ে পরিশ্রম না করে ব্যন্ধিব্যবিচালনার উত্তেজনাকর অনুভূতিলাভের ইচ্ছাবশত শ্রম নিয়োগ করে। আমার বড় আনন্দ হল এই দেখে যে আমাদের শিক্ষাথিমিন্ডলীর মধ্যে ভালো নন্বর পাওয়ার জন্য বাডাবাডি রকমের ব্যগ্রতা নেই আবার কেউ থারাপ ফল করলে ঐ একই রকম ক্ষতিকারক যে পাঁড়াদায়ক প্রতিক্রিয়া সচরাচর লক্ষ্য করা যায় তা-ও নেই।

...প্রত্যেক সপ্তাহে আমাদের করেকটি পাঠের সক্ষ্য হত ভাবনা ও মাতৃভাষার শব্দভাশ্ডারের উৎস অভিমুখে — পর্যবেক্ষণের উদ্দেশ্যে 'পর্যটন'। এটা হত প্রকৃতির সঙ্গে প্রত্যক্ষ মেলামেশা, আর এ মেলামেশা ছাড়া শিশ্রে মানসিক শক্তি ও রায়বিক উৎসাহ-উদ্দীপনার ভাশ্ডার দেখতে দেখতে নিঃশেষিত হয়ে যায়। শরংকালে, বসস্তকালে ও গ্রীষ্মকালে,

আবহাওয়া গরম হলে আমরা ভোরের আলো ফোটার অনেক আগে থাকতেই পর্যাটনে বেরিয়ে পড়তাম সাঁরের ছেলেমেয়েরা সকাল সকাল শ্যাতাতো অভ্যস্ত। প্রকৃতির বিবরণ, পারিপার্শ্বিক জগতের বিষয় ও ঘটনার বিবরণ ইতিমধ্যে শিশ্বদের অনুসন্ধিৎসা জাগ্রত করে, আমাকে তাই বহু, প্রশেনর উত্তর দিতে হ'ত। তাদের কতকণ**্লেলর** উল্লেখ করা যেতে পারে। যেমন: 'খুব ভোরে সূর্য লাল কেন, আর দুপুরে আগ্রনের মতো কেন? মেঘ কোথা থেকে আসে? ড্যান্ডেলিয়ন ফুল সকালে খোলে কেন, আর দুপুরে বন্ধ হয়ে বায় কেন? বিদ্যুৎ আর বাজ কী থেকে হয়? পশ্চিমের বাতাস বৃষ্টি আনে কেন, পাবের বাতাসে কেন খরা হয়? সার্যমাখী সার্যেরি দিকে ফুলের মুখ ঘোরায় কেন — সে কি মানুষের মতেঃ দেখতে পায় ? লোহায় কৈন মরচে ধরে? পায়রা কেন গাছে কখনও বনে না? গরমকালে গাছে যখন পাতা থাকে তখন তাকে উঠিয়ে অন্য জায়গায় বসানো যায় না কেন? আকাশ থেকে তারা খসে কোথায় পড়ে? ভূষারকণাগুলো এত সুন্দর কেন?—দেখে মনে হয় যেন ওগুলোকে কেউ কেটেছে? পাথিদের ত অনেক দরে উড়ে পার হতে হয় — ওরা পথ চেনে কী করে? চাঁদের চারপাশে সাদা গোল কেন? ব্যিতর আগে সুর্য ডোবার সময় আকাশ লাল কেন? মধ্যু যোগাড় করার জন্য উড়তে যাওয়ার আগে মৌমাছি 'নাচে' কেন? বনে প্রতিধর্নন শোনা যায় কেন? ামধন্ কী? শীতকালে বজুবিদ্যুৎ নেই কেন? নোনা জল কেবল প্রচণ্ড হিমেই জমে কেন? দুধের কলসি গ্রমকালে ভিজে তোয়ালে দিয়ে জড়িয়ে রাখলে বেশি গরমেও দুখ ঠান্ডা থাকে কেন? বৃষ্টির আগে আগে সোয়ালো পাখি মাটির কাছাকাছি ওড়ে কেন? ভার ই পাখি কেন খেতে বাসা করে, ময়না আর নীলকণ্ঠ কেন গাছে করে? হাঁস সাঁতার কাটে. কিন্তু মুরগী সাঁতার কটেতে পারে না কেন? এরোপ্লেন যাওয়ার সময় আজকে তার পেছন পেছন এমন হালকা ধোঁয়ার বেখা গেল কেন, কিন্তু কাল তা দেখা যায় নি কেন? বাতাসে জলের ঘূর্ণির মতো ধুলো ওঠে কেন? উইলো 'কাঁদে' কেন? স্নোডুপ ফুল কেবল বসন্তের শুরুতে ফোটে কেন? জোনাকি জবলে কেন? গোরার একটা বাছার, কিন্ত শুরোরের একগাদা বাচ্চা কেন? গরমকালে সূর্য উ<sup>6</sup>চতে থাকে. কিন্ত শতিকালে নীচে কেন? বরফজমা কাচের ওপর স্থান্দর নক্সা হয় কেন? শরংকালে গাছের পাতা হস্ত্রাদ হয়ে যায় কেন?' প্রতিটি প্রশেনর উত্তর আমি এমন ভাবে দেওয়ার চেম্টা করতাম যাতে শিশবদের সামনে প্রাকৃতিক ঘটনার মর্ম ত উদুখাটিত হয়ই, সেই সঙ্গে তাদের অনুসন্ধিৎসা ও জানার আগ্রহ আরও তীর হয়ে ওঠে। ছেলেমেয়েদের প্রশেনর উত্তর, প্রারিপার্শ্বিক জগং সম্পর্কে আলোচনা — চিন্তাডাবনার প্রথম পাঠশালা। কোন কোন প্রশেনর উত্তর আমার জানা ছিল না। দেখা খেত, আপাত দুন্দিতৈ যে প্রশ্ন যত সহজ, তার উত্তর তত কঠিন। শিশ্বদের 'দার্শনিক' প্রশেনর উত্তর কী রকম হওয়া উচিত বিশেষ করে এই ব্যাপারে পরামর্শের জন্য আমাদের, প্রাথমিক শিক্ষকদের জমায়েত হত। এমনও হত যে শিশ্বদের চিন্তার অতি জটিল গোলকধাঁধা নিয়ে সকলে মিলে অন্যাসন্ধান করতে গিয়ে সারাটা সন্ধ্যা কেটে যেত। প্রার্থামক শ্রেণীগা,লিতে কর্মরত শিক্ষকেরা হলেন শিশ্বদের ভাবনাচিন্তা সম্পর্কে অভিজ্ঞ। তাঁদের অভিজ্ঞতা থেকে আমি এই সিদ্ধান্তে আসি যে আপাত সরল ও প্রতাক্ষগোচর বিষয়ের অন্তরালে প্রায়শই নিহিত থাকে বিরাট জটিলতা। আমার মতে, শিক্ষাদানের গুরুত্বপূর্ণ কর্তব্য এই যে নিসগ্জগৎ 'পর্যটনের' সময় শিশ্বরা যেন বস্তু ও ঘটনার কার্যকারণ সম্পর্ক দেখতে পারে, নির্ভারতা দেখতে পারার শিক্ষা লাভ করে। যেদিন 'নিসগ'পর্যটন' আমাদের শেষ পিরিয়ড় হত সেদিন আমরা পিরিয়ডের শেষে থেলাধালা করতাম। ছেলেমেয়েরা নিজেরাই দলবন্ধ থেলাখালা ভেবে বার করে। প্রকৃতির ঘটনার জগৎ র্পকথার সঙ্গে বিজড়িত হয়ে যার। ছেলেমেয়েদের বিশেষ অনুরোগ দেখা যেত একটি খেলায়। খেলাটির নাম 'রহস্যন্বীপের খোঁজ'। আমরা সকলে দুটো দলে ভাগ হয়ে বেডাম। একদল বনের কোন একটা নিবিড জারগায় থাকত। খেলার জরেগাটার চারধারে আমরা কতকগুলো নিশানা দিতাম — নিশানাগুলো কেবল আমাদেরই জানা। নিশানা বলতে থাকত দ্বীপের পাহাড পর্বত্সম্কুল এবং হিংল্ল জন্তজানোয়ার। রহস্যধীপে যার। রয়ে গেছে তারা হল জাহাজভূবির কবল থেকে উদ্ধার পাওয়া যায়ী। কোন কোন জায়গায় তারা বেশ প্রতারণামূলক কিছু কিছু নিশানা ঠিক করে – সেগালি হল দ্বীপে পোছানোর একটা সম্কর্ণি পথ (নিশানা সম্পর্কে দুর্টি দলই আগে থেকে নিজেদের মধ্যে কথাবার্তা বলে ঠিক করে নেয়)। জাহাজভূবিতে বিপর্যন্ত যাত্রীদের বাঁচাতে হবে, ছেলেমেয়ের। বনের মধ্যে এখানে-ওখানে ছড়িয়ে পড়ে, পারে পারে তীরভূমির করেক কিলোমিটার অন্যান্ত্রান করতে করতে চলে, যে জায়গ্য দিয়ে ধীপে পোঁছানো যায় তার খোঁজ করে। এখানে কেবল সন্ধানী চোখ আর সাহস থাকলেই চলবে না, প্রকৃতির বহু, ঘটনা জানার, যুক্তি দিয়ে চিন্তা করার ক্ষমতাও থাকা চাই। খেলা সততা এবং সত্যনিষ্ঠার শিক্ষাও দেয়। ছেলেমেয়েরা রহস্যদ্বীপ খল্জে বার করে, যাত্রীদের

সাহায্য করে, পর্ণীড়তদের হাসপাতালে পাঠায়, খেলার মধ্যে বৈমানিক আর চিকিৎসকদেরও আবিভাবে ঘটে। খেলার পরিসমাপ্তিতে জাহাজড়ুবিতে বিপর্যন্ত যাত্রীরা আর সাহয্যেকারীরা জাউ ঝালা করে; আমরা ক্যাম্পফায়ারের পাশে বিস, আমি রাপকথা বলি। এই সময় ছেলেমেয়েদেয় আনেকেই রাপকথার ছবি আঁকে—ছবিতে কাল্পনিক রাপ সম্পর্কে তাদের নিজ্য্ব ধ্যানধারণা প্রকাশ করে।

'নিসগপ্রতিনের' সময় পশ্বপাথিদের জীবনযাত্রা পর্যবেক্ষণের প্রতি বিশেষ মনোযোগ দেওরা হয়। আমাদের সামনে উদ্মৃত্ত হয় এক সম্পূর্ণ নতুন জগৎ, বিস্ময়ের জগং। শরংকালের শান্ত দিনগুলিতে আমরা আড়াল থেকে দেখি বাসা ছেড়ে জলপানের জারগায় চলেছে শজার্দের গোটা একটি দঙ্গল, শজার্নমা ছানাপোনাদের আগলে নিয়ে যাছে। বসন্তের দিনে আমরা লক্ষ্য করতাম খরগোশদের। ছেলেমেয়েরা দেখতে পায় সদ্যোজাত, ছোট্ট থরগোশছানাকে ছেড়ে খরগোশ-মা চলে যায়, আর কখনও ফিরে আসে না, এদিকে ছানাটি অপেক্ষা করে থাকে, যতক্ষণ না দৈবাং কোন মাদী-খরগোশ এসে তাকে খাওয়ায়। জ্বলাই মানে ছেলেমেয়েরা গেছো ব্যাঙ্কের জীবনবাছা লক্ষ্য করে। একদিন আমরা এক নিজন জায়গায় শেয়ালের গর্ত দেখতে পাই। ছেলেমেয়েরা দেখে শেয়াল তার ছোট ছোট ছানাদের বেড়াতে নিয়ে যাছে, তাদের দেখিতে শেখাছে, নিজে তাদের

আমাদের পর্যটন ও পর্যবেক্ষণ ভাবনাচিন্তাকে সমৃদ্ধ করে তোলে, কল্পনাশক্তি ও ভাষার বিকাশ ঘটায় ৷ প্রদযাতা ও প্রমোদভ্রমণের সময় শিশবুদের যত বেশি প্রশন মনে জাগে, ততই দেখা যায় ক্লাসে প্রাকৃতিক ঘটনা, শ্রম কিংবা দ্বে দ্বে দেশের

প্রসঙ্গ উঠলে আরও পশণ্ট ভাবে প্রকাশ পাচ্ছে জানার আগ্রহ ও অনুসন্ধিংসা। নিস্মর্গপর্যটনের পর শিশ্বদের আবেগচাঞ্চলা লক্ষ্য করতে গিয়ে প্রতিবারই আমি অনুভব করেছি প্রাচীন জ্ঞানগর্ভ বাণীর সত্যতা: চিস্তার শ্বর্ কিময়বোধ থেকে।

আমি চেণ্টা করি প্রকৃতির রহসোর সামনে এই বিশ্ময়, উপলব্ধির এই আনশদ যেন শিশ্বদের প্রেরণা, উৎসাহ ও উদ্দীপনার ক্ষল হয়ে দেখা দের। আমাদের ক্লাসে এমন কিছ্ব কিছ্ব শিক্ষার্থী ছিল যারা (যেমন ভালিয়া, পেরিক, নিনা) সরল ধরনের সমস্যার মর্মোদ্ধার করতেও অনেক সময় লাগিয়ে দিত। ক্লাসে যা ব্যাখ্যা করা হত তার প্রতি ওদের উদাসীন্য ছিল।

চ্নটিটা এই যে শিশ্বর পক্ষে করেকটি বস্তুর মধ্যে কিংবা ঘটনার মধ্যে সম্পর্ক স্থাপন করা কঠিন হরে পড়ে, বিশেষত কঠিন হয়ে পড়ে স্বাকিতে সে সম্পর্ক ধরে রাখা। বেমন: আপেল, বুড়ি ও বালক-বালিকার অত্যক দেওয়া হল। শিশ্ব আপেল ও ঝুড়ির কথা ভাবতে ভাবতে ভুলে গেল বালক-বালিকার কথা। বালক-বালিকার কথা মনে হতে ভুলে গেল আপেল আর ঝুড়ির কথা। শেষকালে পারিপাশ্বিক জগতের বস্তু ও ঘটনার মধ্যে কার্যকরণ সম্পর্ক চিন্তার গভাঁর ক্ষমতা, ছোটখাটো আবিক্যার, সভাের সামনে বিস্মার্থাধ — এ সবই ভালিয়া, পেয়িক ও নিনার মনে বিপ্রেল আনন্দ জাগিয়ে তোলে। ওরা প্রবল মানসিক উদ্দীপনা লাভ করে। তাদের চােথে জরলে ওঠে উদ্দীপনার আগ্রন। উদাসীনা কেটে গিয়ে দেখা দিল পাঠ্য বিষয়ের প্রতি আগ্রহ। শিশ্বে চেতনায় যদি এমন প্রশন জাগিয়ে তোলা যায় যাতে উজ্জ্বল আবেগধমাঁ

বর্ণবৈচিত্র্য লক্ষণীয়, তাহলে সেই সময় শিশ্বর মন্তিৎক সংঘটিত হয় তীর প্রতিয়া—ইতিপ্রের্ব যে শক্তি স্পৃপ্ত ছিল, তা যেন সক্রিয় হয়ে ওঠে। আমি আনন্দের সঙ্গে লক্ষ্য করলাম যে মানসিক বিকাশের ক্ষেত্রে যে-সমস্ত শিশ্বর অবস্থা অতি জটিল ছিল তারা উত্তরোত্তর উদ্বন্ধ হয়ে উঠছে: সাগ্রহে শিক্ষকের মূথের বিবরণ শ্নেছে, প্রশেনর মর্ম আরও ভালো ভাবে হদরক্ষম করতে পারছে। অবশ্য শ্রমসাধ্য শিক্ষাকর্ম পরিচালনার দরকার ছিল। আমি অভিজ্ঞ প্রাথমিক শিক্ষকদের অভিজ্ঞতার সঙ্গে নিজের পর্যবেক্ষণের অভিজ্ঞতা বিনিময় করতাম। এই কাজটির নাম আমরা দিই চেডনাশ্রিকর আবেগধর্মী জাগরণ।

আমি ব্রুতে চেন্টা করি শিক্ষক যথন জ্ঞানের বিষয়ের প্রতি ভালিয়া, পেরিক ও নিনার মতো বাচ্চাদের আগ্রহ জাগিয়ে তুলতে সক্ষম হন, তখন তাদের মনের ভিতরে কী ঘটে, জীববিজ্ঞানী, মনন্তত্ত্বিদ, শিক্ষাবিদ ও ল্লায়্রেরাগ বিশেষজ্ঞদের রচনা পাঠ করি। বিখ্যাত বিজ্ঞানী সিগ্মুণ্ড ফ্লয়েড (১৮৫৬-১৯৩৯)-এর রচনায় আমি মন্তিন্দের বহিঃস্তরের কোষ ও অব্যবহিত নিশ্নস্তরের কেন্দ্রের পারস্পরিক ক্রিয়া সম্পর্কে কৌত্রেলজনক চিন্তার সন্ধান পোলাম। ফ্রয়েড্ মননক্রিয়ার ক্ষেত্রে বহিঃস্তরের অব্যবহিত নিশ্নস্তরের কেন্দ্রগ্রিক ক্রিয়া সম্পর্কে ক্রেরের বহিঃস্তরের অব্যবহিত নিশ্নস্তরের কেন্দ্রগ্র্লির চ্ডান্ত ভূমিকা নির্দেশ করেছেন। বহু গবেষণার ফলে দেখা গোছে যে উক্ত কেন্দ্রগ্রিল মানবমনের আবেগধর্মী প্রক্রিয়া পরিচালনা করে। বিজ্ঞানী অনুভূতি ও ব্রিম্বিক্তিকে তুলনা করেছেন ঘোড়াও ঘোড়সওয়ারের সঙ্গে। তাঁর মতে পথ নির্ধারণ করে ঘোড়ার ঘোড়সওয়ারের সঙ্গে। তাঁর মতে পথ নির্ধারণ করে ঘোড়ার তার্থাৎ অনুভূতি মন্তিন্দের বহিঃস্তরের অব্যবহিত নিন্দন্তরের কেন্দ্রগ্রিল)। ঘোড়া তার ইচ্ছামতো সওয়ারকে ব্যে নিরে যায়.

কিন্তু কাজটা এমন চাল। কি খাটিয়ে করে যে সওয়ারের মনে হয় বাঝি সে নিজেই ঘোড়াকে পরিচালনা করছে। স্তরাং ফ্রডেএর মতে প্রধান ব্যাপার মিস্তিন্দের বহিংস্তর নয়, অভঃস্তর। ফ্রেডেএর এওটা স্থানির্দিট মতকে অস্বীকার করা সত্ত্বে মহান রুশ শারীরবিজ্ঞানী পাড়ালভ (১৮৪৯-১৯৩৬) অভঃস্তরের উপর বিরাট গারুত্ব আরোপ করেছেন। তাঁর মতে, বহিংস্তরের কার্যকলাপের প্রধান প্রেরণা আসে অভঃস্তর থেকে। এই আবেজগালিকে বাদ দিলে শক্তির প্রধান উৎস বন্ধ হয়ে যাবে। তবে মান্বের চিন্তা ও আচরণের প্রধান নিয়ামকের ভূমিকা পাড়ালভ দিয়েছেন মিস্তিন্দের বহিংস্তরকে (ঘোড়সওয়ার ঘোড়াকে থামানোর এবং তাকে অন্য দিকে ফেরানোর ক্ষমতা রাথে)।

শিশ্বদের মানসিক শ্রম পর্যবেক্ষণ করতে গিয়ে আমার উত্তরোত্তর এই বিশ্বাস দৃঢ় হয়ে ওঠে যে অন্তঃন্তর থেকে বহিঃন্তরে প্রবাহিত প্রেরণা (আনন্দের উত্তেজনা, বিহ্নুলতা ও বিস্ময়ের অন্তুতি) যেন বহিঃন্তরের স্থা কোষগালিকে জাগিয়ে তোলে, তাদের সফিয় করে তোলে। অভিজ্ঞতায় দেখা গেছে যে ছোট শিশ্বদের মানসিক শিক্ষা সম্পাদিত হওয়া উচিত জ্ঞানের প্রতি — জানার আগ্রহের প্রতি, অনুসক্ষিৎসার প্রতি তাদের চাহিদা বিকাশের দ্বারা।

'নিস্পাপ্রটন' প্রাথমিক শ্রেণীগ্র্লিতে ঐতিহ্য হয়ে দাঁড়ায়। ছেলেমেয়েরা সবসময় অধীর আগ্রহে অপেক্ষা করে থাকত কথন তারা বনে, মাঠে, প্রকৃতির ব্রুকে বেড়াতে যাবে, ক্টা খেলা খেলবে তা আগে থাকতে ভেবে রাখত। তাদের প্রিয় খেলা ছিল বাধাবিপত্তি অতিক্রম সংশ্লিষ্ট খেলা, ছিল এমন সমস্ত খেলা খেথানে প্রধান ভূমিকা গ্রহণ করত রুপকথার কিংবা বাস্তব জগতের নায়কেরা। বিতীয় শ্রেণীতে আমি ওদের রবিন্সন
কুনোর গলপ বলি। শর্র হয়ে যায় এক চিন্তাকর্ষক খেলা —
কয়েক মাস ধরে সে খেলা চলে। স্পার্টাকাসের কাহিনী
শোনার পর ছেলেমেয়েরা খাড়া পাড় ও গভীর গিরিখাতের
পাশে, উর্ভু পাইছের ওপর বিদ্রোহী দাসদের এক কলিপত
শিবির বানায়। সর্প্রাচীন কালে আমাদের অঞ্চলে যে সব
পশ্পোলক, পশ্শিকারী ও মংস্যাশিকারী শক বাস করত
তাদের কাহিনী ছেলেমেয়েদের এতদ্বে ম্রা করে যে তারা
খেলার মধ্য দিয়ে প্রাচীন মেহনতীদের শ্রম ও দৈনিদিন
জীবন্যায়া মূর্ত করে তোকো।

শিক্ষাকে হতে হবে মানসিক ও শ্রেমীরক প্রমের বহুমুখী খেলার সঙ্গে দঢ়ে সম্পর্কান্বিত, যাতে সেই খেলা উল্জব্ন, উদ্দীপনামর অনুভূতির জাগরণ ঘটার আর পারিপার্খিক জগৎ শিশ্বদের সামনে এমন এক আকর্ষণীয় গ্রন্থ হয়ে দেখা দেয় যা পড়তে মন চায় ৷ 'নিসগ'পর্যটন' ও খেলাখলো ছাড়া শারীরিক শ্রমের মধ্যেও মনেসিক ও শারীরিক শক্তি বিকাশের ব্যাপক ক্ষেত্র উন্মান্তর হয়। আনন্দোচ্ছল, উন্দীপনাময় অনুভূতিতে অনুপ্রাণিত শ্রমসংক্রান্ত কার্যকলাপ ব্যতিরেকে পূর্ণমূল্যের, সূখী শৈশহ ধারণাই করা যায় না। অভিজ্ঞতায় প্রমাণিত হয়েছে যে ছোট শিশুর কাছে শারীরিক শ্রম— নিদিণ্টি কোন বিদ্যা ও নৈপণ্যে আয়ত্তে আনা মাত্র নয়, নৈতিক শিক্ষামাল নয়, তা ভাবনাচিন্তার অসমী, আশ্চর্য সমুদ্ধ জগৎও বটে। এই জগৎ নৈতিক, ব্ৰন্ধিমাগাঁর ও নন্দনতান্ত্ৰিক বোধ জাগ্রত করে, আর উক্ত বোধকে বাদ দিয়ে বিশ্ববীক্ষা অর্থাৎ বিদ্যাশিক্ষাও অসম্ভব। শিক্ষার সঙ্গে সঙ্গে পর্যায়ক্রমে শারীরিক শ্রম, আমার ধারণায়, স্বপ্ন ও স্ভলের জগতে শিশ্বের পরম আকর্ষণীয় প্রয়েটন। শারীরিক শ্রমের মধ্য দিয়েই গড়ে ওঠে আমার শিক্ষার্থীদের ব্যক্তিসংক্রান্ত পরম গ্রাব্দিপ্র গ্রাণাবলী: অন্সন্ধিৎসা, জানার আগ্রহ, ভাবনার নমনীয়তা, কল্পনার উল্জ্বলায়।

পাঠের সময় মানসিক শ্রম সমাদ্ত হয়, আকর্ষণীয় হয়, গিশন্র মনকে বিকশিত করে, সমৃদ্ধ করে এই শর্ডে যদি শিশন্র জীবনে ভাবনায় অনুপ্রাণিত শারীরিক শ্রম দেখা যায়। দ্বিতীয় শ্রেণীতেই সপ্তাহে একবার আমাদের প্রিয় শ্রমের একটি পিরিয়ড থাকত। শিশন্রা ঐ সময় নিজ নিজ ভাবনা ও অনুভৃতি অনুযায়ী কাজ করত। তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে সপ্তাহে দুটি ঐ রকম পিরিয়ড ছিল।

প্রিয় শ্রম। ...তার অর্থ এই নয় যে শিক্ষক নিজিয় হয়ে অপেক্ষা করে থাক্রেন কখন শিশ্বের মনে আগ্রহ জেগে উঠবে। সমগ্র শিক্ষাকর্মের ক্ষেত্রে যেমন, তেমনি শ্রমশিক্ষার ক্ষেত্রেও স্বতঃস্ফাতভাবে কিছুই আসে না। শিশ্বদের চারপাশে গড়ে তুলতে হবে শ্রমের প্রতি অনুরাগের পরিবেশ। আমার শিক্ষার্থীদের চারপাশে উঠতি বয়সের ছেলেমেয়েরা, কিশোর-কিশোরীরা কাজ করত। স্কুলের সব ছেলেমেয়েই বহর্ আকর্ষণীয় কাজে বাস্ত থাকত। তারা গাছপালা ও ফসল ব্রুত, গাড়ি ও ফলপাতির মডেল তৈরি করত, জমির সার তৈরি করত, পশ্বপালের পরিচর্যা করত, নতুন হট্ হাউস কিংবা ওয়ার্কশপ নির্মাণ করত, জন্তর পাইপ সংযোজন করত।

গবেষণা, অন্সান্ধিংসা ও জানার আগ্রহ — এগ্রালিই শ্রামের প্রতি শিশ্বদের আগ্রহ জাগিয়ে তোলো। আমার মূলমন্ত্র সর্বদা এই ছিল যে শ্রম শেষ লক্ষ্য নয়, শ্রম হল শিক্ষাদান প্রক্রিয়ার ক্তিপয় বহুমুখী লক্ষ্য অর্জনের সামাজিক, আদর্শগত, নৈতিক, বৃদ্ধিব্ভিম্লক, স্জনী, নন্দনতাত্ত্বিক ও আবেগধর্মী লক্ষ্য অর্জনের উপায়ন্বর্প।

শিক্ষা শিশ্বদের কাছে আকর্ষণীয়, চিন্তাকর্ষক হয়ে উঠতে পারে যদি তা ভাবনা, অনুভূতি, স্ক্রন, সৌন্দর্য ও খেলাখ্লার উজ্জ্বল বর্ণে উদ্ভাসিত হয়। পড়াশ্বনায় সাফল্যের ব্যাপারে আমার হত্ব যে সব বিষয়ের তন্ত্বাবধান থেকে শ্রু, হয় তা হল শিশ্ব কেমন আহার করে, তার ঘ্ম কেমন হয়, প্রান্থা কেমন, সে কী ভাবে খেলাখ্লা করে, দিনে কয় ঘণ্টা খোলা হাওয়ায় সে থাকে, কী বই সে পড়ে, কোন ধরনের র্পকথা শোনে, কী আঁকে, ছবিতে নিজের ভাবনাচিন্তা ও অনুভূতি সে কী ভাবে প্রকারদের সঙ্গীতের সঙ্গীত এবং লোকগাঁতি ও স্বরকারদের সঙ্গীতের স্ব্র তার মনের ভিতরে কী ধরনের অনুভূতি জাগিয়ে তোলে, শিশ্ব প্রিয় শ্রম কী, মান্বের আনন্দ-বেদনার প্রতি সে কভটা সহবেদনশীল, অন্যাদের জন্য সে কী স্থিত করেছে, সেক্ষেত্রে কী রকম অনুভূতিই বা তার হয়েছে

শিক্ষা তথনই শিশ্বদের মনোজীবনের অংশ হয়ে দাঁড়ায়
যথন জ্ঞান হয় সক্রির কার্যকলাপের সঙ্গে অবিজ্ঞো। শিশ্ব
নামতা কিংবা বর্গক্ষের ও আয়তক্ষের সংক্রান্ত অঞ্জের নিয়মের
প্রতি আপনা আপনিই অনুরাগী হয়ে পড়বে এমন হওয়া
কঠিন। জ্ঞান যথন স্কুলনধর্মী ও শ্রমধর্মী লক্ষ্য অর্জনের উপায়ে
পরিগত হয় তথনই তা খ্বদে মানুষ্টির আকাঞ্জিত সম্পদ
হয়। আমি চেন্টা করি যাতে ছোট বয়সেই শারীরিক শ্রম
শিশ্বদের উদ্দীপিত করে, উপস্থিত বৃদ্ধি ও উদ্ভাবনী শক্তি
প্রকাশের স্বাগা করে দেয়। স্কুলের আনাতম গ্রের্পণ্ণ
কর্তব্য হল জ্ঞান কাজে ল গাতে শেখানো। নীচেব ক্লাসগ্লিতে,
যথন চরিত্রগত ভাবে মান্সিক শ্রম ক্রমাগত নতুন নতুন দক্ষতা

ও কৌশল অর্জনের সঙ্গে সবচেয়ে বেশি সংশ্লিষ্ট, ঠিক তখনই জ্ঞান নিন্প্রাণ বস্তুপিন্ডে পরিণত হওয়ার সন্তাবনা থাকে। এই দক্ষতা ও কৌশলগ্র্লি যদি কেবল রপ্ত করাই হয়় যদি ব্যবহারিক ক্ষেত্রে প্রযুক্ত না হয়, তবে শিক্ষা ধীরে ধীরে গিশ্রের মনোজীবনের সীমানার বাইরে চলে বায়, তার আগ্রহ ও জানুরাণ থেকে অনেকটা যেন বিচ্ছিন্ন হয়ে পড়ে। এই ঘটনা যাতে না ঘটে তার জন্য শিক্ষক সচেষ্ট হন। তিনি চেন্টা করেন যাতে প্রতিটি শিশ্র তার দক্ষতা ও কৌশলের স্ক্রনশীল প্রয়োগ ঘটায়।

## 'প্রকৃতি পাঠের' তিনশ' প্রুটা

বিখ্যাত জার্মান গণিতজ্ঞ ফ. ক্লাইন (১৮৪৯-১৯২৫)
মাধ্যমিক বিদ্যালয়ের ছারকে তুলনা করেছেন একটি কামানের
সঙ্গে — দশ বছর ধরে তাতে জ্ঞান ঠাসা হয়, তারপর কামান
থেকে ছোঁড়া হল গর্লা; গর্লালবর্ষণের পর তার ভেতরে আর
কিছ্ই থাকে না। এই নিষ্ঠুর রসিকতাটি আমার মনে পড়ল
যথন শিশরে মানসিক শ্রম পর্যবেক্ষণ করতে গিয়ে আমি দেখতে
পাই যে তাকে জ্যার করে এমন সব জিনিস ম্খন্থ করানো হচ্ছে
যা সে হদয়সম করতে পারে নি, যা তার চেতনায় স্পত্ট ধারণা,
র্প ও অন্বলের উদ্রেক করে না। ভাবনার বদলে
স্মৃতিশক্তিকে স্থান দেওয়া, ঘটনার মর্মাবন্ধু পর্যবেক্ষণের বদলে,
সম্পণ্ট উপলান্ধির বদলে ম্থেক্ষ্বিদ্যাকে স্থান দেওয়া — বড়
রকমের র্ম্বিটি: এতে শিশম্ব নির্বোধ হয়ে পড়ে, শেষ পর্যন্ত
শিক্ষার প্রতি তার আগ্রহ তিরোহিত হয়।

প্রাক্বিদ্যালয় পর্বেব ছেলেমেয়েদের প্রথর, প্রবল স্মৃতিশক্তি

আমাদের কাকেই বা বিস্মিত না করে? পাঁচ বছরের শিশ্র মা-বাবাৰ সঙ্গে বনে কিংবা মাঠে ভ্ৰমণের পৰ হয়ত বাডি ফিবে এলো। উজ্জ্বল ক্প, দৃশা ও ঘটনা একে সম্পূর্ণ অভিভূত করে মাস যায়, বছরও ধায়, মা-বাবা আবার বেডাতে যাওয়ার আয়োজন করেন: ছেলে অধীর আগ্রহে প্রতীক্ষা করে শান্ত রোদ্রোম্জ্যাল প্রভাতের, তার মনে পড়ে কবে যেন, কোন এক কালে মা-বাবার সঙ্গে সে বনে গিয়েছিল। শিশ্ব স্মৃতিতে এমন সমস্ত খাটিনাটি বিষয় উজ্জ্বল ও জীবস্ত হয়ে দেখা দিল যে মা-বাবা অবাক: শিশার মনে আছে দা'রকমের রঙিন পাপড়িওয়ালা আশ্চর্য ফুলের কথা। বাবা অবাক হয়ে ছেলের মুখ থেকে শুনতে থাকেন ভাই আর বোনের ফুল হয়ে যাওয়ার সেই অপূর্বে লোককাহিনী। এক বছর আগে বাবা বনের ধারে মা'কে বলেছিলেন এই লোকক্হিনীটি। বাবা কী বলছিলেন বাচ্চা ছেলেটার যেন সেদিকে কোন মনোযোগই ছিল না, সে তখন প্রজাপতির পেছন পেছন ছুটছিল — অথচ কী আশ্চর্য, যাকে মনে হচ্ছিল পারিপাম্মিক জগতের ডচ্ছাতিডচ্ছ ঘটনা তা কিনা ওর স্মাতিতে রয়ে গেল!

আসল ব্যাপারটাই ত এই যে শিশ্বরা রং, বর্ণিমা ও ধর্নির খেলায় উল্জ্বল, রোমাণ্ডকর র্পগ্রেল আশ্চর্য তীর ভাবে উপলব্ধি করে এবং শ্মৃতির গভীরে তাদের স্থপ্নে রক্ষা করে। পারিপার্শ্বিক জগতের র্প উপলব্ধির সময় শিশ্বর চেতনায় রীতিমতো অপ্রত্যাশিত যে-সমস্ত প্রশ্ন জাগে তাতে বরস্কদের অবাক হয়ে যেতে হয়। এক্ষেণ্ডেও তাই হল, আশ্চর্য ফুলের কথা মনে হতে ছেলে তার বাপকে জিজ্জেস করে: 'আছো, ভাই আর বোন কি একজন আরেকজনকে দেখতে পারে? তোমবা বলেছিলে যে গাছের প্রাণ আছে— তার মানে, ওরা শ্বনতে

পায়, দেখতে পায় ? ওদের মধ্যে কথাবার্তা হয় ? ঐ কথাবার্তা কি আমবাও শ্নতে পারি?' ভাবনাচিন্তার বিপ্লে প্রবাহ, যার সামনে বাবা আশ্চর্য হয়ে থমকে যান. এক বছর আগে ছেলে একথা জিজেস করে নি কেন? কেবল ফুলের উজ্জনল রূপ নয়, ঐ সব অবিস্মরণীয় মৃহ্তের আবেগধমী বর্ণস্থমাই বা এত দীর্ঘকাল স্মৃতিতে রয়ে গেল কী করে? বাবা দেখলেন যে বনের ধার, সেখানকার বিচিত্র বর্ণের ফুলের গালিচা, নীল আকাশ আর এরোপ্লেনের দ্রোগত আওয়াজ — সবই বালকের বেশ মনে আছে।

এই ব্যাপার নিয়ে গভীর ভাবনাচিন্ত। করতে করতে আমি মনে মনে প্রশন করি: পারিপান্ত্রিক জগতের ঘটনা যে শিশরে মনে প্রথর আবেগধর্মী প্রতিক্রিয়া ঘটার, যে শিশ্ব উল্জবল কল্পনাশক্তি ও প্রথর ক্মাতিশক্তির অধিকারী, সে কেন স্কুলে ২-৩ বছর পড়াশনা করার পর কিছুতেই ব্যাকরণের নিয়ম মনে রখেতে পারে না, কেন অনেক কণ্ট করে তাকে মনে রাখতে হয় শব্দের সঠিক বানান আর গাণের নামতা? আমি যে সিন্ধান্তে এলাম তা জার্মান বিজ্ঞানীর সিদ্ধান্তের চেয়ে কম বেদনাদ'ায়ক নয়। আমার সিদ্ধান্তটি এই যে স্কুলপূর্বে জ্ঞানার্জ্বনের প্রতিয়া প্রায়শই শিক্ষার্থীদের মনোজীবন থেকে বিচ্ছিত্র হয়ে পড়ে ৷ শিশুদের স্মৃতিশক্তি ঠিক যে-কারণে প্রথর ও প্রবল তা হল এই যে উজ্জাবল রূপে, দৃশা, উপল্যান্ধি ও ধারণার নির্মাল ধারা সেখানে এসে মিলিত হয়। শিশুদের ভাবনাচিন্তার আবও যে দিকটা আমাদের বিস্মিত করে তা হল সংক্ষা, অপ্রত্যাশিত 'দার্শনিক' প্রশ্ন, কেননা শিশ্বদের ভাবনাচিন্তা তার পর্বাষ্ট সংগ্রহ করে এই ধারার সঞ্জীবনী উৎস থেকে। বিদ্যালয়ের দার যাতে শিশরে

চেতনা থেকে পারিপার্শ্বিক জগতের অন্তরাল রচনা না করে সে দিকে দৃষ্টি রাখা খুবই গুরুত্বপূর্ণ। আমার প্রয়াস ছিল যাতে শৈশবের সমগ্র পর্বে পারিপাশ্বিক জগৎ, প্রকৃতি স্বাক্ষণ শিক্ষার্থীদের চেতনায় উজ্জবল রূপ, দৃশ্য, উপলব্ধি ও ধার্ণা সণ্ডার করে, যাতে মননক্রিয়ার নিয়মকে শিশ্রো অনুধাবন করতে পারে এমন এক সংগঠিত নির্মাণকর্মারত্বেপ যার স্থাপত্য-প্রেরণাম্বর্প অবস্থান করছে আরও স্বর্গঠিত এক রূপ — প্রকৃতি। শিশ্য যাতে জ্ঞানের সংরক্ষণাগারে পরিণত না হয়, যাতে সে তথ্য, নিয়ম ও সাচের ভাশ্ডারে পরিণত না হয় তার জন্য তাকে শেখানো দরকার ভাবতে। শিশুট্রতন্য ও শিশুর ম্মতিশক্তির যে প্রকৃতি তার নিজেরই দাবি হল উল্জান পারিপার্শ্বিক জগৎ, আর তার নিয়ম মুহুতেরি জন্যও যেন শিশরে দুখির অভরালে না থাকে। আমার বিশ্বাস, যে পরিকেশে শিশ্য ভাবতে শিখবে, মনে রাখতে ও বিচার করতে শিখবে, তা যদি পারিপান্থিক জগৎ হয় তা হলে স্কুলে ডার্ত হওয়ার সঙ্গে সঙ্গে তার স্মরণশক্তির প্রথরতা, ভাবনার ঔজ্জ্বল্য হ্রাস ত পাবেই না, বরং আরও **বৃদ্ধিই পাবে**।

মানসিক শিক্ষার ক্ষেত্রে প্রকৃতির ভূমিকা বড় করে দেখা উচিত নয়। যে-সমস্ত শিক্ষক মনে করেন যে প্রাকৃতিক পরিবেশে শিশন্দের অবস্থান—এই ঘটনাটির মধ্যেই নিহিত আছে মানসিক বিকাশের বিপাল প্রেরণা, তাঁরা বিরাট ভূল করে থাকেন। প্রকৃতির মধ্যে এমন কোন যাদ্বকরী শক্তি নেই যা ব্যান্তির, অনুভূতি ও ইচ্ছাশক্তির উপর সরাসারি প্রভাব বিস্তার করতে পারে। প্রকৃতি শিক্ষার বিপাল উৎস হয় একমাত্র তথনই যখন মানুষ তাকে উপলব্ধি করে, চিন্তাশক্তির সাহাযে কার্যকারণ সম্পর্কের মর্মভেদ করে। প্রত্যক্ষ ঘটনার

অতিম্লায়ন এ হল শিশ্যননের পৃথক পৃথক বৈশিন্টোর চবম র্পায়ণ, ইল্দ্রিগত উপলিজ্ঞাত কার্যকলাপের প্রমাণ। শিশ্দের মননিন্নার বিশেষস্থকে, বিশেষত শিশ্দ যে রপে, বং ও ধর্নির সাহায্যে ভাবনাচিন্তা করে — এই বৈশিন্টাকে মার্যাতিরিক্ত বড় করে দেখা ঠিক নয়। এই বৈশিন্টা এক বাস্তব সত্য। এর গ্রেছ্ অত্যন্ত বিশ্বাসজনক ভাবে প্রমাণ করেছেন ক. দ. উশিন্দিক। তবে শিশ্দ যদি রপে, রং ও ধর্নির সাহায্যে ভাবনাচিন্তা করে, তার থেকে মোটেই এমন সিদ্ধান্ত করা ঠিক হবে না যে তাকে বিম্ত ভাবনার শিক্ষা দেওয়া উচিত নয়। মানসিক শিক্ষার ক্ষেত্রে প্রকৃতির বিরাট ভূমিকার উপর, প্রত্যক্ষ ঘটনার গ্রের্ডের উপর জার দিয়ে অভিজ্ঞ শিক্ষাবিদ এই করণশান্তিগ্রলির মধ্যে বিম্ত মননিন্নাবিকাশের ও লক্ষ্যনিন্ট শিক্ষার উপায় দেখতে প্রেয়েছন।

কোন্ কোন্ জিনিস আমার শিক্ষার্থাদের ভাবনার উৎসম্বর্প হওয়া উচিত আমি তা দেখলাম, ৪ বছর ধরে প্রতিদিন শিশ্বদের কী কী পর্যবেক্ষণ করা উচিত, পারিপার্ম্বিক জগতের কোন্ কোন্ ঘটনা তাদের ভাবনার উৎসম্বর্প হবে আমি তা নির্যারণ করি। এই ভাবে গড়ে উঠল 'প্রকৃতি পাঠের' তিনশ' প্রতা। এতে আছে শিশ্বচেতনার ছাপ ফেলার উপযুক্ত তিনশ'টি নিরীক্ষণ, তিনশ'টি উজ্জ্বল চিত্র। সপ্তাহে দ্ব'দিন আমরা প্রকৃতির ব্বেক শ্রমণ করতে যেতাম — কী করে ভাবতে হয় শিখতে যেতাম। নিছক পর্যবেক্ষণ নয়, ভাবতে শেখা। বন্ধুত এটা ছিল মননক্রিয়ার পাঠ। কিন্তু পাঠও যে অত্যন্ত আকর্ষণীয়, অত্যন্ত কৌত্রলজনক হতে পারে — এই ব্যাপারটি শিশ্বদের মনোজগৎকে আরও সমৃদ্ধ করে তোলে।

আমাব সামনে লক্ষ্য ছিল শিশ্বচেতনায় বাস্তবের উজ্জ্বল চিত্রের ছাপ ফেলা: আমি চেষ্টা করি যাতে শিশ্বদের মননপ্রক্রিয়ার ভিত্তি হয় জীবস্ত, বর্ণাঢ্য ধারণা, যাতে পারিপার্শ্বিক জগৎকে পর্যবেক্ষণের সময় শিশুরা ঘটনার কার্যকারণ সম্পর্ক অনুধাবন করতে পারে বস্তুসমূহের গণে ও লক্ষণ তুলনা করে দেখতে পারে। পর্যবেক্ষণে প্রমাণিত হল শিশার মানসিক বিকাশের এক অতি গ্রেছপূর্ণ নিরম: বিমূর্তে সত্য, সাধারণীকরণ যত বেশি করে পাঠের সময় আয়ত্তে আনা দরকার, এই মার্নাসক শ্রম যত দ্বর্হ হয়ে পড়ে ততই ঘনঘন শিক্ষাথাঁকৈ জ্ঞানের প্রাথমিক উৎসের – প্রকৃতির শরণাপন্ন হতে হবে, ততই উজ্জবল হয়ে পারিপাশ্বিক জগতের রূপ ও চিত্র তার চেতনায় ছাপ ফেলবে। তবে শিশ্বর চৈতন্যে উল্জাবল রূপের যে ছাপ পড়ে তা ফিল্মের ছবির মতো নয়। ধারণা যত উজ্জ্বলই হোক না কেন তা আপনাতে আপনি সম্পন্ন নয়, শিক্ষার চড়োন্ড লক্ষ্য নয় ৷ মানসিক শিক্ষার সচেনা সেখানেই, যেখানে আছে ততুগত মননক্রিয়া, যেখানে সজীব অনুধাবন চুড়ান্ত লক্ষ্য নয়, তা উপায়মাত্র: শিক্ষকের কাছে পারিপাশ্বিক জগতের উম্জব্ব রূপ হল এক উৎস, যার বিভিন্ন রূপ, রং ও ধর্নির অন্তরালে নিহিত আছে হাজার হাজার প্রশন। এই প্রশনগালির মর্ম উদ্যাটন করতে গিয়ে শিক্ষক যেন প্রকৃতি পাঠের' প্রকা উল্টে চলেন।

'প্রকৃতি পাঠের' প্রথম পৃষ্ঠা। এর নাম হল 'চেতন ও অচেতন'। শরংকালের প্রথম দিকে, এক রোদ্রোভজনল ঈষদ্বৃষ্ণ দ্বপন্নে আমবা নদীর তীরে যাই, ত্ণভূমিতে এসে উপস্থিত হই। আমাদের সামনে শরতের ফুলে ফুলে ঢাকা ঘাস, নদীর স্বচ্ছ জলের গভীরে মাছেরা সাঁতার কাটছে, বাতাসে ফড্ফড় করে উড়ছে প্রজাপতির দল, নীল আকাশের ব্যুকে উড়ছে সোয়ালো পাথির। আমরা চললাম উ'চু খাডা পাড়ের দিকে - সেখানে বহু বছর হল জমির ফাটল হাঁ হয়ে বেরিয়ে আছে। মাটি আর বালির বিভিন্ন স্তরের বিভিন্ন রং হলুদ, লাল, কমলা, সাদা। ছেলেমেয়েরা সাগ্রহে নিরীক্ষণ করে। সাদা মাটির পাডলা স্তর, তার নীচে সোনালি বালি, আরও নীচে — চৌকো আকারের স্কুলর স্কুলর দানা। ছেলেমেয়েরা মাটির গভার স্তরের সঙ্গে উপরের স্তরের, কৃষ্ণম্ভিকার তুলনা করে। 'মাটির ওপরের স্তরে আমরা কী দেখতে পাই?'

'গাছপালার ম্ল,' ছেলেমেয়েরা উত্তর দেয়। 'ভেতরের স্তরে ম্ল নেই।'

'এবারে, খাড়া পাড়ের একেবারে কিনারার যে সব্জ ঘাসের ঝোপ গজিরেছে তার দিকে আর সোনালি বাল্র এই জমিটার দিকে তাকিয়ে দেখ। ঘাস আর বাল্র মধ্যে তফাং কোথার?' 'ঘাস গরমকালে জন্মায়, শরংকালে মিইয়ে বায়, বসন্তকালে আবার তাজা হয়ে ওঠে', ছেলেমেয়েয়া বলল। 'ঘাসের ছোট ছোট বীজ আছে, সেগ্লো মাটিতে ছড়িয়ে পড়ে, তা থেকে নতন নতন ঘাস জন্মায়।'

'আর বালি?' আমার ইচ্ছে, ছেলেমেয়েয় সকলেই যেন পারিপার্শ্বিক জগতের বস্তুগ্নলির মধ্যে তুলনা করে দেখে — বিশেষত যারা চিক্তার ক্ষেত্রে দীর্ঘস্ত্রী তারা — পেত্রিক, ভালিয়া ও নিনা।

'দেখ, এই হল সোনালি বালি আর এই হল সব্জ ঘাস। আছা আরও ভালো করে বলি - ধর, সব্জ বালি আর সব্জ ঘাস। ওদের মধ্যে অমিল কোথায়, তফাংটা কোনখানে?' ছেলেমেরেরা ভাবে, সব্বজ তৃণভূমির দিকে আর ন্যাড়া খাড়া পাড়টার দিকে তাকায়। ল্যাদার চোখে গভার চিন্তার ছাপ, পোত্রক ভুর্ব কোঁচকায়, ভালিয়া বালি হাতে নিয়ে চালাচালি করে।

'বালির ওপর ফুলগাছ নেই, কিন্তু ঘাসের ওপর আছে,' ল্বাদা বলগা।

'ঘাসের ওপর গোর্বাছ্রে চরে, কিন্তু বাল্রে ওপর চরানো যায় না,' পেত্রিক বলল।

'ঘাস বৃষ্টি পড়লে জন্মায়,' বেশ চিন্তাভাবনা করে মিশা বলল, 'কিন্তু বাল, কি আর বৃষ্টিতে জন্মায়?'

'বাল, থাকে মাটির অনেক নীচে, আর ঘাস হর মাটির ওপরে,' ইউরা বল্ল।

কিন্তু সেরিওজ্ঞার তাতে আপত্তি: 'নদীর পাড়ে কি বাল, নেই? ঘাস স্থের দিকে শরীর বাড়িয়ে দেয়, কিন্তু বাল, স্বে কেবল তেতেই ওঠে…'

কে বেন একটা নুড়ি কুড়িয়ে এনেছিল। আমরা এরপর ঐ নুড়িটার সঙ্গে সব্জ মেপ্ল্পাতার তুলনা করলাম, তুলনা করলাম লাল কাচের ভাঙা টুকরো আর ভেইজী ফুলের, পর্কুরে সাঁতরে-চলা মাছ আর হাঁসের পালকের, সেতুর ওপর লোহার রেলিং আর গাছের ওপর জড়িয়ে-ওঠা ব্নো লতার। শিশ্বদের ভাবনা শতধারায় উৎসারিত হয়, প্রথম দ্ভিতৈ পারিপার্ছিক জগতের বস্তু ও ঘটনার মধ্যে যে পারেশ্পরিক সম্পর্ক চোখে পড়ে, ছেলেমেয়েরা তা লক্ষ্য করে, যে সম্পর্ক সঙ্গে চোখে পড়ে, ছেলেমেয়েরা তা লক্ষ্য করে, যে সম্পর্ক সঙ্গে চোখে পড়ে, লা তাও উদ্ঘাটন করে। ধীরে ধীরে শিশ্বদের চেতনায় গড়ে ওঠে চেতন ও অচেতনের ধারণা কোন্ কোন্ পদার্থ চেতন, আবার কোন্ কোন্ পদার্থ

অচেতন — অসংখ্য ঘটনার মধ্য দিয়ে শিশ্বো এটা দেখতে পায়। কিন্তু আমি যখন জিজ্ঞেস করি: 'তা হলে অচেতনের সঙ্গে চেতনের তফাৎ কী?' তখন তারা উত্তব দিতে পারে না। সিদ্ধান্ত গড়ে উঠতে থাকে ধীরে ধীরে, এক্ষেত্রে শিশ্বদের চিন্তা আবার ধাবিত হয় দৃশ্যগোচর বন্ধুর প্রতি। সঠিক লক্ষণ তারা নির্ধারণ করে থাকলেও সেই সঙ্গে সঙ্গে ভূলও করে বসে, আর সে ভূল তংক্ষণাৎ সংশোধিত হয় সজীব পর্যবেক্ষণের মধ্য দিয়ে। কোন্তিয়া যখন কলে: 'চেতন পদার্থ নড়াচড়া করে, কিন্তু অচেতন পদার্থ নড়াচড়া করে না,' তখন প্রায় সকলেই তার কথা মেনে নেয়, কিন্তু তারপরই নেমে আসে নীরবতা, ছেলেমেয়েরা নিজেদের আশেপাশে তাকিয়ে দেথে, আপত্তি ওঠে:

'লাঠি নড়াচড়া করে, নদীতে ভাসে, লাঠির কি প্রাণ আছে?' 'ট্রাক্টর ত নড়ে, কিন্তু ট্রাক্টরের কি তাই বলে প্রাণ আছে?' 'মাকড়সার জাল বাতাসে ভাসে, ওর কি প্রাণ আছে?'

'পরেনো ছাদের ওপর জমা শেওলা নড়ে না, আচ্ছা, শেওলার কি প্রাণ আছে? মাকি প্রাণ নেই?'

'আছো, বালা — বালা ও ত নড়াচড়া করে। আমর নদীর খাতে নেমেছিলাম, দেখেছি স্লোতের ধাকার বালা,ও সরে যার।' সাত্রাং দেখা যাছে নড়াচড়াটা আসল ব্যাপার নর। তাহলে চেতন-অচেতনের পার্থক্যটা কোখার? ছেলেমেরেরা বারবার পারিপার্গিক জগতের ব্স্তুদের মধ্যে তুলনা করে। শারা আনদেদ চেচিয়ে উঠল:

'যার প্রাণ আছে সে বাড়ে, যার প্রাণ নেই সে বাড়ে না।' ছেলেমেয়েরা এই কথা নিয়ে ভাবতে থাকে। আবার তাদের দূটি গিয়ে পড়ে পারিপাশ্বিক জগতের বস্তুসমূহের উপর। ওরা বিচার করে, মুখে মুখে কলে: ঘাসে প্রাণ আছে, ঘাস বাড়ে; গাছের প্রাণ আছে, গাছ বাড়ে; বনগোলাপের ঝাড় তারও প্রাণ আছে, সেও বাড়ে; পাথরের প্রাণ নেই, পাথর বাড়ে না; বালুর প্রাণ নেই, বালু বাড়ে না। সত্যিই তাই চেতন পদার্থ মারেরই বৃদ্ধি আছে, অচেতন পদার্থের বৃদ্ধি নেই। ...এদিকে মিশা কী যেন ভাবছে, দুরের দিকে চেয়ে আছে। বন্ধুদের কথা ও শুনছে কি? ছেলেমেরেরা যথন তাদের আশেপাশের সমস্ত চেতন ও অচেতন পদার্থের উল্লেখ করল তথন সে বলল:

'সূর্য ছাড়া প্রাণ হতে পারে না,' সঙ্গে সঙ্গে সে হাত দিয়ে বন, তৃণভূমি, মাঠ দেখিয়ে দেয়।

এই কথাগালি থেকে আমাকে আরও একবার বিশ্বাস করতে হয় যে চিন্তার ক্ষেত্রে যায়া দীর্ঘসারী, তায়া অনেক সময় তীকায় দালিই, গভার মনোযোগ ও পর্যবেক্ষণশাল্তির অধিকারী। মিশার কথা শিশানদের চেতনাকে উন্তাসিত করে তোলে। 'আরে, একথা আগে মনে হয়় নি কেন?' অনেক ছেলেমেয়েই মনে মনে নিজেকে প্রশন করে। প্রবল ভাবনা যেন পানবার পারিপাশ্বিক জগতের বন্থুগালিকে অনাভব করে, ছেলেমেয়েয়া আবার ভাবে, মাথে মাথে আওড়ায়া 'ঘাসা, ফুল, গাছ, গম —কেউই সার্য ছাড়া বাঁচতে পারে না। মানাবেও সার্য ছাড়া বাঁচতে পারে না। মানাবেও সার্য ছাড়া বাঁচতে পারে না। মানাবেও বাঁচতে পারত? না মানাবে মানাব সানাব জানি যে ভালপালাওয়ালা গাছের ছায়ায় ঘাস শানিয়ের যায়। বাবা বলেন 'ব্লিটর পর সার্য ভাড়া ফসল খায়াপ হবে .' কিন্তু পাথের একই রকম থেকে যায়া না, ঠিক এক রকম

নয়, মাটির নীচের কুঠবিতে থাকলে তাতে ছাতা ধরে আছে। ছাতার কি প্রাণ আছে, নাকি নেই? সূর্য কেবল উপকারই করে না, অনেক কাল বৃণ্টি না হলে সূর্য খেত পর্যুভ্য়ে দিতে পারে। তার মানে প্রাণীমারেই কেবল যে স্ব্যুভালোবাসে তা নয়, জলও ভালোবাসে।

এই রকম ধারায় প্রবাহিত হয় শিশুদের ভাবনা, তারপর সে সব ভাবনা এসে মিলিত হয় এক একক প্রবাহে, শিশ্বদের কাছে ক্রমেই স্পন্ট হয়ে ওঠে যে প্রাণিজগতে এমন এমন ঘটনা ঘটে যা তাদের কাছে দুর্বোধ্য, আর সে-সমস্ত ঘটনা নির্ভার করে সূর্যের ওপর, জলের ওপর, প্রকৃতিতে যা কিছু, আমাদের ঘিরে থাকে সে সবের ওপর। ...শিশারা 'প্রকৃতি পাঠের' প্রথম প্রভার প্রারম্ভিক ছত্তগঢ়াল পাঠ করে। ওরা ব্রুকতে পারল যে জগৎ দুটি প্রাকৃতিক শব্তি নিয়ে গঠিত — চেতন ও অচেতন : চেতন ও অচেতন পদার্থ সম্পর্কে প্রথম ধারণা অসংখ্য প্রশন জাগিয়ে তোলে। বে সব জিনিস অভ্যন্ত বলে মনে হত, বাড়ি ফেরার পথে ছেলেমেয়েরা সেগালি নিরীক্ষণ করে, আগে যা দেখে নি তা দেখতে পায়, যত তারা লক্ষ্য করে ততই বেশি করে জাগে প্রশ্ন: ওকের ফল থেকে যে ছোট্ট অঞ্কর বেরোয় তা কেন বিশাল ওক গাছ হয়ে দাঁডায়? কোথা থেকে আসে পাতা. ভালপালা, মোটা কাণ্ড? শরংকালে গাছের পাতা কেন ঝরে যায়? শীতকালে গাছ বাড়ে নাকি বাড়ে না? এ সমস্ত প্রচেনর সবগুলির উত্তর সঙ্গে সঙ্গে দেওয়া যায় না। আর সে চেণ্টা করাও ঠিক নয়। এটা ভালো লক্ষণ যে এ প্রশনগালি শিশাদের মনে জাগে। ভালো লক্ষণ এই যে ভাবতে গিয়ে শিশ্ব জ্ঞানের, ভাবনার প্রার্থামক উৎসের -পারিপাশ্বিক জগতের শরণাপন্ন হতে শেখে। ভালো লক্ষণ এই যে শিশ; তার ভাব প্রকাশের

উপয্ক্ত ভাষা খঃঁজে পায়। ভাবনার স্পন্টতা — মননক্রিয়ার অত্যন্ত গ্রের্ডপূর্ণ সেই বৈশিন্টা — অজিত হয় পারিপার্মিক জগতের সঙ্গে সরাসরি মেলামেশার মধ্য দিয়ে।

শিশ্য রূপে, রং ও ধর্নির মাধ্যমে ভাবে, কিন্তু তার অর্থ এই নয় যে মূর্ত ভাবনার মধ্যে তাকে থেমে থাকতে হবে। র পর্কোন্দক ভাবনা — ভাবকল্পনায় উত্তরণের অবশ্যপ্রয়োজনীয় এক পর্যায়। আমি চেণ্টা করি শিশরো যাতে **ঘটনা, কারণ**, পরিবাম, সংঘটন, শতাবিদ্ধতা, নিভরিশীলতা, পার্থকা, মিল, ঐক্য, সামগ্রস্য, সামগ্রস্যহীনতা, সাধ্যতা, অসাধ্যতা ইত্যাদি ধারণা ধারে ধারে কাজে লাগায়ঃ দীর্ঘকালীন অভিজ্ঞতায় দেখেছি যে এই ধারণাগ্রেল বিমূর্ত ভাবনা গঠনে বিরাট ভূমিকা গ্রহণ করে। সজ্ঞীব তথ্য ও ঘটনার বিশ্লেষণ ছাডা, শিশ্র ম্বচক্ষে যা দেখছে তার উপলব্ধি ছাডা নিদিম্টি বস্তু, তথ্য ও ঘটনা থেকে ধীরে ধীরে বিমতে সাধারণীকরণে উত্তরণ ছাডা এই ধারণা আয়ত্তে আনা অসম্ভব। প্রকৃতি অনুসন্ধান করতে গিয়ে শিশ্বদের মনে যে-সমস্ত প্রশ্ন জাগে সেগবুলিই এই উত্তরণের সহায়ক হয়। আমি আমার শিক্ষার্থীদের প্রকৃতির নিদিশ্টি ঘটনা পর্যবেক্ষণ করতে শেখাই, কার্যকারণ সম্পর্ক অনুসন্ধান করতে শেখাই। নিদিন্টি রুপের সঙ্গে মননক্রিয়ার ঘনিষ্ঠ সম্পর্কের কল্যাণে ছেলেমেয়েরা ধীরে ধীরে বিমর্ক ধারণা কাজে লাগানোর অভ্যাস অর্জন করল। বলাই বাহ্যল্য, প্রক্রিয়াটি ছিল দীর্ঘকালীন: এর পেছনে বহু, বছর ব্যয়িত হয়। 'প্রকৃতি পাঠ' অধ্যয়নে শিশ্বরা বড় আগ্রহ বোধ করে। কিন্তু এই আগ্রহই শেষ কথা নয়। শিক্ষাক্ষেত্রে শিশ্যের অকপট আগ্রহের ফলে অনেক সময় যে একদেশস্ফীতি দেখা যায়, সোভিযেত শিক্ষাতত্ত তার বিরোধিতা করে, শিশদের

কার্যকলাপকে শিক্ষাপ্রচিন্নার চ্ড়ান্ত লক্ষ্য র্পে দেখারও বিরোধিতা করে। ক. দ. উশিন্দিকও লিখেছেন 'শিশ্বেক যা আকর্ষণ করে কেবল তা-ই নয়, যা তাকে আকর্ষণ না করে তাও করতে — পরিতৃপ্তির থাতিরে করতে, নিজের দায়িত্ব পালন করতে — শেখান। শিশ্বেক জীবনের উপযুক্ত করে প্রস্তুত কর্ন, আর জীবনের সমস্ত কর্তব্যই যে চিন্তাকর্ষক এমন নয়!' শিক্ষার বিষয়, র্পে ও পদ্ধতিকে শিক্ষার্থীদের ব্যক্তিগত দারি প্রণের দ্বিতকোণ থেকে দেখার যে প্রবণতা ব্রেজায়া শিক্ষাবিদদের আছে, তা সোভিয়েত শিক্ষাবিজ্ঞানের একেবারেই বিরোধী।

সোভিয়েত শিক্ষাতত্ত্ব শিশ্ব ব্যক্তিগত আগ্রহ স্কুলের বিদ্যাচর্চা ও শিক্ষাদক্ষি সংক্রান্ত লক্ষ্য অর্জনের — বৈজ্ঞানিক জ্ঞানের পরিধি অর্জনের, দ্বন্দ্রম্বাক বন্ধুবাদী মতবাদ গঠনের উপায়র্কে গণ্য হয়ে থাকে। 'প্রকৃতি পাঠের' মধ্যে আমি যা দেখি তা আনন্দ করে সময় কাটানো নয়, কোতৃকপ্রদ খেল্যা নয়, তা ছিল বিজ্ঞানসম্মত জ্ঞানের জগতে প্রবেশের পথ। পারিপার্শ্বিক জগতের খে-সমন্ত ঘটনায় প্রকৃতির নিয়মের সারমর্ম উদ্ঘাটিত হয় শিশ্বা তা হানয়ঙ্গম করে। 'প্রকৃতি পাঠের' বিষয়বন্ধু শিক্ষক প্রতিটি শিশ্বা ব্যক্তিগত আগ্রহ প্রবেশের ভিত্তিতে নির্ধারণ করতেন না, — করতেন বিজ্ঞানসম্মত বিশ্ববীক্ষার দ্বন্ধতত্ত্বর ভিত্তিতে। কার্যকলাপ জ্ঞান দান করে — এই মর্মে প্রয়োগবাদীদের যে বিখ্যাত তত্ত্ব আছে তার সঙ্গে সোভিয়েত শিক্ষাতত্ত্বে বর্ণিতি বিদ্যালয় শিক্ষাথীর কার্যকলাপের লক্ষ্য এখানেই মূলগতে ভাবে প্রকং।

সোভিয়েত শিক্ষাতত্ত্বে কার্যকলাপ — নিয়মিত বিজ্ঞানসম্মত শিক্ষার স্থান মেয় না, এ হল বিদ্যাচর্চা ও শিক্ষা সংক্রান্ত লক্ষ্য অর্জনের উপায়। অবশ্য এটাও ঠিক যে জ্ঞানার্জনের সহায়ক কার্যকলাপ শিশ্বের ব্যক্তিগত আগ্রহ ছাড়া অর্থহীন। সোভিয়েত শিক্ষাতত্ত্ব আগ্রহকে গণ্য করা হয় হুদয়কমের সময়, অনুসন্ধানকালে বিদ্যালয়-শিক্ষার্থীর স্ক্রনম্বাক আত্মশিক্তর সিক্তিয় অংশগ্রহণর পে। শিক্ষার্থী যে সত্য আয়ন্ত করছে তা তার ব্যক্তিগত দ্বিউভিঙ্গিতে পরিণত হওয়ার সঙ্গে সঙ্গে অধ্যয়ন ও উপলব্ধির বিষয়ের প্রতি তার আগ্রহও গভীরতা প্রাপ্ত হয়। সোভিয়েত শিক্ষাতত্ত্ব আদর্শগত শিক্ষা ও বিজ্ঞানভিত্তিক বন্ধুবাদী শিক্ষার মঙ্গে আগ্রহ অবিচ্ছেদ্য ভাবে জড়িত।

আমরা একের পদ্ধ এক প্রকৃতি পাঠের' প্রতা পাঠ করতে থাকি, ভাবতে শিখি। এরপর যে পৃষ্ঠার সঙ্গে শিশ্বরা পরিচিত হল তার নাম 'চেতন পদার্থের সঙ্গে অচেতন পদার্থের সম্পর্ক' । হট হাউস-এ যাই, লক্ষ্য করি ওপরের ক্লাসের ছেলেমেয়েরা কী ভাবে ছোট ছোট নুড়ি পাথরের ওপর মাটির অনেক নীচ থেকে খাড়ে বার করা ঐ একই সোনালি বালা ছড়িয়ে দিয়ে সেখানে শশা, টমেটো, যব, যই ফলাচ্ছে। ছোট ছোট ছেলেমেয়েরা দেখে ধাতুর আর কাঠের বারো বালা ও নাড়ি ঢালা হচ্ছে, ঐ মিশ্রণের ওপর ঢালা হচ্ছে রাসায়নিক পদার্থের দুব। শশা আর টমেটো গাছের শিকডগর্মাল এই পরিমন্ডল থেকে আহরণ করে বৃদ্ধি ও ফলনের জন্য প্রয়োজনীয় রস। জড় পাথর, জলে গোলা সাদ্য গ্রন্থের — মনে হয় জীবনের জন্য অবশ্যপ্রয়োজনীয় সবই বোধহর এতে আছে। আবার চেপ্টা পারগালিতে ঘবের সব্বজ ডাঁটা বেড়ে উঠছে বাল্য আর ন্মিড় ছাড়াই শিকড়গালি পর্বিট আহরণ করছে সাদা রঙের গ'রড়ো পদার্থ থেকে। কিন্তু প্রস্ফুটন ও ফলনের ব্যাপার মনোযোগ দিয়ে লক্ষ্য করার পর

ছেলেমেয়ের ব্রুতে পারল যে অচেতন পদার্থ চেতন পদার্থের পরিমণ্ডল হয়ে দাঁড়ায় কেবল সেখানেই যেখানে স্বর্ধ ও জল আছে। আছলা, তাপ ও জল ছাড়া জীবন সম্ভব নয়। আজ মেঘলা আবহাওয়া, হট্ হাউস-এ তাই জনলানো হয়েছে বৈদ্যতিক বাতি। বাইরে ঠান্ডা সকাল, হট্ হাউস-এ তখন কেন্দ্রীয় তাপব্যবশ্হায় বায়ৢ তাপিত হছে।

শিক্ষকমশাই বলেন: 'এখানে যা যা দেখছ মন দিয়ে লক্ষ্য কর, ভেবে দেখ অচেতন পদার্থ ছাড়া চেতন পদার্থ থাকতে পারে কিনা। এই ত তোমাদের সামনে আছে বড় বারু, সেই সঙ্গে অনেকগ্রেলা ছোট ছোট বারু: এখানে আছে নানা ধরনের রাসায়নিক সার। দেখ, তোমাদের বড় বন্ধুরা কী ভাবে এ বারু থেকে সদাে, হল্দ, ছাইরঙা গাঁড়া নিচ্ছে, মেশাচ্ছে, জলে গ্রুছে। আবার এই দেখ তৈরি হচ্ছে উর্বর জমি: মোটা দানার বালি মেশানাে হচ্ছে কালাে মাটির সঙ্গে। দেখতে পাছে এই মেশানাে মাটির ওপর কেমন রসালাে টমেটো ফলছে? গাছপালা কোথা থেকে তাদের পাতা, কাণ্ড আর ফল তৈরির উপাদান সংগ্রহ করে? অচেতন পদার্থ থেকে। অচেতন পদার্থ হল চেতন পদার্থের পরিমণ্ডল।' এই সতা শিশ্বমনে প্রকৃতির রহস্যের সামনে বিক্ষায়ের অন্তুতি জাগ্রত করে।

আবার মনে পড়ে যাছে আর্নিস্টটলের (৩৮৪-৩২২ খ্রীন্টপূর্বান্দ) নামে প্রচলিত প্রাচীন উক্তি: চিন্তার শারুর বিশ্ময় থেকে। প্রকৃতির উদ্যাটিত রহস্যের সামনে অকপট বিশ্ময় — চিন্তার দ্রুন্ত প্রবাহের প্রবল প্রেরণা। শিশরের যথন দেখতে পেল রাসায়নিক পদার্থের দ্রুবে ফলছে টমেটো ও শশার মতো বিভিন্ন ধরনের গাছগাছড়া তথন ওরা আমাকে প্রশনবাণে জর্জারিত করে ফেলল: 'এই চকচকে গোলা জলটা

কী ভাবে মোটা ভাঁটা হয়ে যায়, কী ভাবে হয়ে যায় এমন সব বঙচঙে ফুল যাদের ওপর উড়ে এসে বসে মোমাছিরা, কী ভাবেই বা হয় রসালো ফল?' 'চেতন পদার্থ কোথা থেকে আসে? স্বর্থ ত আর গছেগাছড়ার জন্য সব্বজের টুকরো বয়ে আনে না— স্বর্থ ত কেবল আলো দেয়, তাপ দেয় তাই না?' 'ঐ একই গোলা জল থেকে সব্বজ্ঞ শশা হচ্ছে আবার লাল টমেটোও হাচ্ছ— এমন হয় কেন?' 'শশা সব্বজ্ঞ কেন, টমেটোই বা লাল কেন?— ওরা ত পাশাপাশিই ফলছে?' 'এই নানা রঙের গর্ডোগ্রেলার ভেতরে কী আছে?' 'কালোমাটি জমিতে ফেললৈ তা থেকে গাছগাছড়া সব্বজ্ঞ হয় কেন?'

শিশ্র ভবিষ্যৎ মানসিক বিকাশের পক্ষে অচেতন পদার্থের সঙ্গে চেতন পদার্থের সন্পর্কের প্রত্যক্ষ ধারণা কতই না গা্রভ্রম্পর্ণ! 'চেতন পদার্থ কোথা থেকে আসে?' 'সূর্য কী করে অচেতন থেকে চেতনকে বানায়?'— এই প্রশ্ন নিয়ে ভাবতে গিয়ে শিশ্ব জীবনের মহাগ্রন্থ পাঠের জনা, জটিল প্রক্রিয়াসমূহের রহস্য জানার জন্য প্রস্তুত হয়।

প্রকৃতি পাঠ' অধ্যয়নকৈ আমি মানলিক সক্রিয়তা শিক্ষার উপায়স্বর্প বিবেচনা করি। ধারণা, দৃশ্য, র্প — এ হল সক্রিয় মননক্রিয়ার স্কুচনামাত্র! ফ.-আ. ডিল্টারভেগের কথায়: 'যে-কোন পদ্ধতি তথনই খারাপ বধন তা শিক্ষাথাঁকৈ সাধারণ উপলব্ধিতে অথবা নিশ্চিয়তায় অভ্যন্ত করে তোলে, ভালো সেই পরিমাণে যে পরিমাণে তার মধ্যে স্বাধীন কর্মতংপরতা জাগিয়ে তোলে।' আমি চেণ্টা করি 'প্রকৃতি পাঠ' যেন প্রকৃতির চিত্র ও র্পের সাধারণ উপলব্ধির আকার ধারণ না করে হয়ে ওঠে সক্রিয় চিন্তার, বিশ্বের তত্ত্বোপলব্ধির বনিয়াদ, জ্ঞানের বিজ্ঞানসম্মত ব্যবস্থার ভিত্তি।

বিখ্যাত সোভিয়েত মনস্তত্ত্বিদ গ. কোন্তিউক লেখেন: 'সবচেয়ে ভালো মর্মবস্তু শিক্ষাথাঁদের চেতনায় তথনই পেণছায় যখন তা তাদের নিজম্ব কার্যকলাপের অন্তত্ত্ব হয়।' কার্যকলাপের খাতিরে কার্যকলাপ নয়, ব্যক্তিগত ম্বার্থ পরিত্তিয় জন্যও নয়, বিজ্ঞানসম্মত জ্ঞানের মর্মোদ্ঘাটনের জন্য কার্যকলাপ — এই হল সোভিয়েত শিক্ষাতত্ত্বে সাক্রয়তা ও বৈজ্ঞানিকতার ঐক্যের মুলক্থা।

'প্রকৃতিতে সব কিছ্রেই বদল হয়'— 'প্রকৃতি পাঠের' পরবর্তী পৃষ্ঠা এই নামে অভিহিত। আমরা করেকবার ঘ্রের ফিরে এ প্রসঙ্গে আসি। শরংকালের মেঘম্বুত মধ্যাহে আমাদের ক্লাস চলে যায় ফলের বাগানে। ফলের ভারে আপেল ও নাশপাতি গাছের ভাল নুইয়ে পড়ে। শিক্ষক বলেন: 'তোমাদের মনে আছে কি শতিকালে আমাদের বাগান কী রকম ছিল? — গাঁড়ো গাঁড়ো বরফে ঢাকা থালি ভালপালা, তুমারে ঢাকা গাঁড়ো গাঁড়ো বরফে ঢাকা থালি ভালপালা, তুমারে ঢাকা গাঁড়ো ...আর এখন দেখ ভালপালা ঘন পাতায় ছেয়ে গেছে, আপেল আর নাশপাতি মাটি থেকে রস নিয়ে টসটসে হয়ে উঠেছে।'

দ্বাসাদ পরে আমরা আবার বাগানে। এখন তার হলে কী হয়েছে? হল্বদ পাতা মাটির ওপর নরম গালিচা বিছিয়ে দিয়েছে, ডালপালা অর্থেক খালি। পাশেই প্রেনো একটি আপেল গাছ আর আপেলের ছোটু একটি চারা। আপেল গাছটা বসিয়েছিলেন আমাদের বাপ-ঠাকুদারা। তার অর্থেক ডালপালা ইতিমধ্যেই শ্বকিয়ে ময়ে গেছে। মার কয়েকটি সব্বজ্ব আছে, আর সেগ্রলিতে ঝুলছে বড় বড় রসালো আপেল। ব্বড়ো আপেল গাছ স্বর্থের আলোর নীচে আর দ্ব'-এক বছর টিকে থাকবে, তারপর ওটাকে কেটে ফেলতে হবে। এদিকে চারা

গাছটার সর্ কাশ্ডে নরম কিশলয়ের সব্জ রং দেখা যাচেছ -স্কুলের ছেলেমেয়েরা ব্লড়ো আপেল গাছ থেকে কলম করে এই চারাটি বানিয়েছে। কয়েক বছর বাদে চারা গাছ বড় গাছে পরিণত হবে, তাতে ফুল ধরবে, সোনালি ফল পাকরে।

'তোমাদের চারদিকে মনোযোগ দিরে দেখ — এমন একটি গাছও আছে কি যে সবসময় এক রকম থাকে?'

শিশ্বদের জীবনের অভিজ্ঞাতা এখনও তেমন বেশি নয়, তবে ছোটবেলা থেকেই তারা শ্রম ও প্রকৃতির পরিবেশে বাস করে আসহৈ, জানে যে গাছপালা জন্মায়, বড হয়, ফল দেয়। ...ওরা বর্ণনা দেয় কী ভাবে মাটি ভেদ করে কোমল অঙকুর দেখা দেয়, গাছের মোটা ভাঁটায় পরিণত হয়, কী ভাবে গাছের কোরক খালে গিয়ে পাতা দেখা দেয়। ...লন্ফে লন্ফে, কত দ্রুতই না চেতন পদার্থের জগতে পরিবর্তন ঘটে। এতে শিশ্বর। বিশ্মিত হয়। গতকাল আমরা প্রীচ্ফলের বাগানে গিরেছিলাম, তখন দেখেছিলাম কালো কালো মাকুল, রিক্ত ভালপালা। আজ খুব ভোরে বাগানে আসতেই আমাদের দুন্খির সামনে খুলে যায় এক নতুন দুশ্য: ভালপালা গোলাপী রঙের ছোট ছোট ফুলে ছেয়ে গেছে। ...'এত তাড়াতাড়ি, এক রাতের মধ্যে কিনা কু'ডিগুলো ফুটে গেল, গাছে ফুল ধরল? গাছ কি রাতে ঘুমোর, নাকি ঘুমোর না? গাছ কি আদৌ ঘুমোর? ভাল কাটলৈ গাছের কি ব্যথা লাগে? গাছ কেন বুড়ো হয়, মরে যায়?' এই সব প্রশেনর উত্তর দিতে গিয়ে আমাকে অনেকক্ষণ ভাবতে হয়। কিন্তু উত্তর উদ্রেক করল প্রশেনর নতুন প্রবাহ। আমরা পত্নকরের পাড়ে, খাতে, ঘন ঝোপের ভেতরে, মাঠে

আমরা পর্কুরের পাড়ে, খাতে, ঘন ঝোপের ভেতরে, মাঠে সর্বত্র 'প্রকৃতি পাঠের' এই প্রন্থাটি পাঠ করি। পর্কুরের অগভীর জলে সাঁতার কাটছে ব্যাঙাচিরা -ছেলেমেয়েরা জানে যে ওবা পরিণত হবে ব্যাঙে। কিন্তু এই প্রক্রিয়া ঘটে কী ভাবে? আচ্ছা, অ্যাকোয়ারিয়ামে একেবারে ছোট মাছটাও মাছের মতনই দেখতে, কিন্তু ব্যান্ডাচি মোটেই ব্যান্ডের মতো দেখতে নয় কেন? আমরা লক্ষ্য কবি যৌথখামারীরা রেশম কীটকে খাইয়ে হৃষ্টপূষ্ট করে তুলছে। পোস্তদানার সমান ছোটু একটা ডিম থেকে এমন রাক্ষ্যেল পোকাটা বের হয় কী করে? সে কেবল তত গাছের পাতা খায় — কেন? ছোট পোকাটা বিরাট পোকায়ে পরিণত হয়, কয়েকবার সে খোলস ছাড়ায় — যেন পরেনো চামড়া থেকে বেরিয়ে আসে – কেন? দেখতে দেখতে সে নিজের শর্মীর খিরে রেশ্মী সুতোর জাল বুনবে, সোনালি বাসাটার ভেতরে, গ্রাটির ভেতরে আত্মগোপন করবে— ব্যাপারটা কী? কয়েকটা গুটি নিয়ে জানলার ওপরে রাখি, কিছুকাল বাদে দেখা যায় বড় বড়, সমুন্দর প্রজাপতি বেরিয়ে আসছে। প্রজাপতিরা ডিম পাডছে — আবার চলছে সেই একই ব্যাপরে। আছে, পোকা এমন মিহি রেশ্মী সংতো বানায় কী করে? গ্রাট বোনার সময় যখন এগিয়ে আসে তখন সে অনেক তৃত পাতা খায় কেন?

প্রকৃতিকে সক্রিয় ভাবে উপলক্ষিসংক্রান্ত কার্যকলাপ যত বেশি, ততই পারিপাশ্বিক জগৎদর্শন গভীরতর, অর্থবহ হয়ে দাঁড়ায়। মাসের পর মাসে কাটে, শিশনুরা ক্রমেই নিজেদের চারধারে বেশি করে লক্ষ্য করে এমন সমস্ত ঘটনা যেগা,লির দিকে তারা এর আগে মনোযোগ দিত না। এই ভাবে তারা দেখতে পার জীবনের এমন সমস্ত র্পে যা তাদের জানা র্পের মত্যে আদৌ নয়: মাটির তলার অন্ধকার সার্গংসেতে ঘরে আলুর গায়ে সাদা সাদা স্বতার মতো কী যেন বেরোয়— শেকড়, নাকি ভাবী কাণ্ড? গাছের কাণ্ডের উত্তর দিকটাতে যেখানে সুর্যের আলো পড়ে না সেখানে সব্জ রঙের শেওলা ধরেছে — সুর্যের কাছ থেকে সে লাকিয়ে থাকে কেন? শেওলার বীজ নেই কেন? তার বংশবৃদ্ধি হয় কী করে? সব গাছেরই ফলফুল ফোটে — কিন্তু শেওলার ফোটে না। এটা কী ধরনের উদ্ভিদ?

'প্রকৃতি পাঠের' কয়েকটি ছত্ত থেকে শিশ্রের নিশ্চিত জানতে পারে যে কেবল চেতন পদার্থেরই পরিবর্তন ঘটে না। আমরা তীরভূমি সংলগ্ধ শিলার দিকে যাই। ছেলেমেয়েরা ছাইরঙা পাথরগ্রলো লক্ষ্য করে দেখে, দেখতে পায় তাতে স্ক্রের ফাটল। হাত দিতে পাথর থেকে খসে পড়ল মিহি স্তর, ঝুরঝুর করে হাতে এসে পড়ল। তার মানে পাথরও চিরকাল পাথর থাকে না? ওদের মনে পড়ে গেল কয়ের মাস আগে ওরা বলেছিল: 'পাথর কি স্ফ্রের আলোয় কি মাটির নীচের ঘরে — সব জায়গায় সমান।' দিনের বেলায় পাথর তেতে ওঠে, রাতে ঠাওল হয়ে আসে, দেখা যায় ফাটল, সেখানে জল প্রবেশ করে। দেখা যাছে, পাথরও চিরক্ছায়ী নয়।

'প্রকৃতিতে সবিকছা বদলায়'— মননক্রিয়ার এই শিক্ষা বিশ্লেষণ প্রসঙ্গে আমার মনে হরেছে যে শিশা বত বেশি জানতে পারে, দৈনন্দিন জীবনে যে-সমস্ত নিয়ম নজরে পড়ে না সেগালি সে যত বেশি আবিজ্ঞার করে, ততই গভাঁর হয় তার জানার ইচ্ছা, ততই পক্ষণীয় হয়ে ওঠে পারিপান্থিক জগতের ঘটনার প্রতি তার ইন্দিয়ের সংধাবদনশীলতা, ততই স্ক্রে হয় চিস্তার সঙ্গে ইন্দিয়ের সংপক্ত। সোভিয়েত ন্তত্ত্বিদ প্রফেসর ম ফ. নেস্কুর্থের রচনায় এমন একটি উক্তি আছে যাকে শিশার মানসিক বিকাশের প্রক্রিয়া ব্যাখ্যানের চাবিকাঠি বলে আমার মনে হয়েছে। তাঁর মতে, শৈশব পর্বে নিত্য নতুন তথ্যের

অবিরাম প্রবাহের মধ্য দিয়ে চলতে হয় বলে মান, ষ ঠিক এই ব্যসেই জ্ঞানের প্রতি ক্রমবর্ধনান আকাণক্ষা অর্জন করে।

তথ্যের প্রবাহ — প্রণমান্তার মানসিক বিকাশের এটাই হল সবচেয়ে গ্রহাত্বপূর্ণ শর্তা। কিন্তু কোন কারণবশত এই প্রবাহ যদি ক্ষীণ হয়ে পড়ে আর তাকে যদি পরিপ্রণ করে তোলা না হয়? শিশার দেখাটাই কিন্তু তথ্যের প্রবাহ নয়। মানুষের শিক্ষাদীক্ষার ব্যাপারটাই এই যে বড়রা পারিপাদ্ধিক জগং সম্পর্কে নিজেদের জ্ঞান ছোটদের প্রদান করে, তারা নিজেদের চিন্তাশিক্তি প্রয়োগে সর্বক্ষণ অব্যাহত রাথে তথ্যের প্রবাহ, যা শিশার উপর প্রভাব বিস্তার করে।

আমি জন্ম থেকে দকুলে ভার্ত হওয়া পর্যন্ত সময়ের মধ্যে — পরিবারে প্রতিটি শিশ্র পারিপার্শ্বিক অবস্থা মনোযোগ দিয়ে অন্সক্ষান করতে থাকি। আবিষ্কৃত হতে থাকে কোত্রলজনক নিয়মবদ্ধতা। প্রাক্রিদ্যালয় বয়ঃসীমায় শিশ্রকে যদি নিজের মনে ছেড়ে দেওয়া হয়, দ্বাভাবিক মানবিক পরিবেশ যা ছাড়া অর্থহীন, বয়দকরা যদি সেই তথ্যপ্রবাহ স্থিট না করে তাহলে শিশ্র মন্তিক নিজিয় অবস্থায় থেকে বায়: তার অন্সন্ধিৎসা, লানার আগ্রহ নিভে বায়, তার উদাসীন্য বাড়তে থাকে। জ্ঞানের প্রতি ক্রমবর্ধমান আগ্রহই কি চিন্তার অতি গ্রেক্প্র্ণ সেই শক্তি যা বহর্ল পরিমাণে শিশ্র মানসিক বিকাশ নির্ধারণ করে? আমার মনে হয় যে ব্যাপারটা এই রক্মই বটে।

পেত্রিককে ছেলেবেলায় তার নিজের মনে ছেড়ে দেওয়া ২য়েছিল। ভোরবেলায় মা আর দাদ্ কাজে যেতেন, ছেলে একা বাড়িতে থাকত। তাকে রেখে যাওয়া হত চালাঘরে কিংবা বেড়ায় ঘেবা লন্-এর ভেতরে। সময় সময় পড়শী মহিলা এসে দেখে যেতেন ছেলেটার সব ঠিকঠাক চলছে কিনা। এই ভাবে পেত্রিক দুই থেকে পাঁচ বছক বয়স পর্যন্ত 'শিক্ষা' পায় , এটা ছিল অনেকটা 'উন্তিদ লালন গোছের' শিক্ষা। প**্র**ণ্টিকর খাদ্যের কোন অভাব তার ছিল না. ভালো জামা-জ্যাতোও তাকে পরতে দেওয়া হত, কিন্ত অভাব ছিল সবচেয়ে বড জিনিসের— মান্যিক পরিবেশের। পাঁচ বছর বয়স থেকে পেরিক বাচ্চাদের সঙ্গে, প্রধানত সমবয়সীদের সঙ্গে খেলত রাস্তায়। স্কুলে আসার পর দেখা গেল মাতৃভাষার নেহাংই সাধারণ অনেক শব্দ তার অজানা। আশেপাশের বস্তুর ওপর সে উদাসীন দৃষ্টি বৃলিয়ে যায় — আমার মনে হয় একটা ছোটখাটো বুড়ো মানুষের দুণিট। তার মানে মন্তিম্কের অর্ধগোলকের বহিঃন্তর, অর্থাৎ যে সজীব পদার্থ মননক্রিয়াকে উদ্দীপিত করে, তা শিশুর কাছে নিদ্রিয় হরে পড়েছে, কেননা স্নায়াব্যবস্থা গঠনের গারাত্বপূর্ণ পর্বে — মগজের শৈশব অবস্থায় বালক পারিপাশ্বিক জগৎ থেকে অজস্র ধারায় তথ্য পায় নি। এই কারণে শিশার শিক্ষাদীক্ষার কেরে 'প্রকৃতি পাঠের' একটা বড় ভূমিকা থাকা উচিত ছিল।

...আমরা থ্রিল পরের পৃষ্ঠা— 'প্রাণের বীজ'। শরংকালে ছেলেমেরেরা চারা বানানার জন্য আপেল, নাশপাতি ও অ্যাপ্রিকটের বীজ এনে জড় করে। ওরা এখন অভিজ্ঞতা থেকে জানে যে বীজ থেকে গাছ জন্মার। বসন্তকালে ও গ্রীম্মকালে বখন ছেপে, বনে আর উপবনে জীবনের বিপ্রল সমারোহ দেখা যায় তখন গাছপালার বীজ পাকে, বংশধারা অব্যাহত গতিতে চলতে থাকে। আমরা প্রয়োদ ভ্রমণে যাই। বসন্তের মৃদ্যুমন্দ বায়প্রবাহ পপলারের বীজপত্ত আর ড্যান্ডেলিয়ন ফুলের সাদা সাদা রোয়া ছি'ড়ে ভাসিয়ে নিয়ে যায়। বাচ্চারা হালকা রোয়ার মধ্যে ছোট ছোট বীজ পায়। ওরা অবাক হয়ে যায়

এই গাছগ্বলোর বাজের প্রতি প্রকৃতি কা যক্তই না নিয়েছে! শ্বননা মাটিব ওপর এগ্বলো বেশিক্ষণ আটকে থাকে না, কিন্তু মাটিতে আর্দ্রতা পাওয়ামান্রই লেগে যায়, 'নোঞ্চর' করে বসে – বাজ থেকে অব্দুর বের হয়। ছেলেমেয়েয় সাগ্রহে প্রকৃতি পাঠের' ছন্তের পর ছন্ত্র পড়ে চলে, দেখতে পায় বহ্ব গাছ তাদের বাজ দিয়ে 'গোলাবর্ষণ' করে, জাবনের বাজ উড়ে চতুদিকে ছড়িয়ে পড়ে। আমরা বোনার জন্য বাজ সংগ্রহ করি। শিশ্বা ভাবতে থাকে বাজ থেকে কা ভাবে বিরাট গাছ জন্মায়। বাজের কি প্রাণ আছে? এই প্রতার কয়েকটি কোত্রলজনক ছন্ত্র শিশ্বা পাঠ করে শাতকালে: কোন কোন গাছ তাদের বাজ ফেলে তুবারের ওপর, বাজগ্বলাকে কয়েক সপ্তাহ বরফের ভেতরে পড়ে থাকতে হবে, তবেই পরে তা থেকে অব্দুর জন্মানে।

জ্ঞানের প্রতি আকাঞ্চা যত প্রবল, ততই বিপ্ল আগ্রহ নিয়ে শিশ্রা কাজ করে, ততই প্রমের গবেষণাম্লক চরিবের গভীর অভিব্যক্তি ঘটে। হাত যথন ভাবতে সাহায্য করে, শিশ্র খথন প্রমের মধ্যে তার ভাবোদদীপক প্রদেশর উত্তর সন্ধানের চেন্টা করে, রহস্যভেদের চেন্টা করে, যে বিষয়টি আপাতত অন্মান বলে মনে হচ্ছে তার প্রকৃত রূপ সম্পর্কে নিঃসন্দিদ্ধ হওয়ায় প্রয়াস পায় তখনই পারিপার্শ্বিক জগৎ থেকে আগত তথ্যের প্রবাহ জ্ঞানের বিশেষ শক্তিশালী প্রেরণা হয়ে দাঁড়ায়। যে শিশ্র চাপে পড়ে পরিপ্রমা না হয়ে আন্তরিক ইচ্ছাবশত পরিপ্রমা হয় সেই হয়ে দাঁড়ায় খাঁটি চিন্তাশালা। পরিপ্রমের জনা শিশ্র আকাঞ্চার উৎস হল সর্বোপরি জানার আকাঞ্চা। এই আকাঞ্চা বিকশিত হলে প্রমের প্রতি শিশ্র আগ্রহ দ্যু হয়। শিক্ষকতার ব্যবহারিক কর্মে থাকে বলা হয় প্রমের প্রতি

ভালোবাসা, তা হল শিশ্বে জানার আগ্রহ, অন্বসন্ধিংসা ও আজ্মর্যাদাবেরধের সংমিশ্রণ।

স্থা — জীবনের উৎস' - 'প্রকৃতি পাঠের' অন্যতম চাওলাকর এই প্তা অধ্যয়নকে উপলক্ষ করে যে 'প্যটন' তা শিশ্বদের চৈতন্যে ও ভাবপ্রবণ স্মৃতিতে গভীর ছাপ রেখে যায়। গ্রীষ্মকালের প্রচণ্ড গরমে আমরা মাঠে, বাগানে, আঙ্রেখেতে যাই। অ্যমাদের সামনে — গম আর স্বর্মান্থীর মাঠ, আঙ্রেগছে, হলদে রং ধরা নাশপাতি, পাকা টমেটো। উর্বরতার এই দানের মধ্যে শিশ্বা দেখতে পার স্বর্মার আলো ও উত্তাপ। মান্বের যা কিছ্ দরকার, স্বর্মার কল্যাণে জমি তা দান করে। অসংখ্য পর্যবেক্ষণ ও তুলনার সাহায্যে, কর্মেকারণ সম্পর্ক প্রতিষ্ঠার সাহায্যে এই সিদ্ধান্তে আসার পর শিশ্বা বিস্মত হয় আর বিস্ময় থেকে আসে ভাবনার নতুন প্রেরণা। ওরা পারিপার্ম্বিক জগৎকে খ্রিটিয়ে দেখে, প্রতিটি জিনিসের উত্তব নিয়ে ভাবে। বিস্ময়ের ভার আরও গভীর হয় যথন তারা স্পন্ট ব্রুতে পারে যে স্বর্ধ হল জীবনের একমাত্র উৎস।

ফলল, আলু, সূর্যমুখী — কোনটাই সূর্য ছড়ো হতে পারত না। মাংস, দুখ, মাখনও হত না, কেননা সূর্যের আলো ও তাপের কল্যাণে প্থিবীতে বা জন্মার প্রাণী তা খেয়ে বে'চে থাকে। শিশ্রা আশ্চর্য হয়ে প্রশ্ন করে: 'তা হলে সূর্য কী? সূর্য আমাদের ওপর যে তাপ ছড়ায় তা কোথা থেকে আসে? শীতকালে সূর্য কেন প্রথবীকে এত অল্প গ্রম করে? সূর্য কি নিভে যাবে না? নিভে গেলে কী হবে?'

'প্রকৃতি পাঠ' পড়তে গিয়ে যে-সমন্ত প্রশ্ন চাওল্য স্থিত করে তা হল জ্ঞানের এমন এক শীর্ষ অভিমুখে ভাবনার দ্রুত পক্ষসঞ্জলন, যেখান থেকে করেক বছর বাদে জীবন-রহস্যের জটিলতা উদ্যাটিত হবে। আমি চেণ্টা করি যাতে শিশ্রেরা গভীর অনুসন্ধানকারী ও জগং-আবিষ্কারক হয়, যাতে সত্য তাদের সামনে শিক্ষকের দেওয়া কোন সিদ্ধান্ত না হয়ে তাদের নিজস্ব অনুভূতিলন্ধ পারিপাশ্বিক জগতের চিত্ররূপে দেখা দেয়। আবিষ্কার যদি শিশ্রিচন্তে চাল্ডলা সন্ধার করে তাহলে সত্য পরিণত হয় ব্যক্তিগত দ্যিউজিতে। মানুষ সারা জীবন সেই দ্লিউজির মূল্য দিয়ে থাকে। ব্রন্ধিমাগাঁয় অনুভূতি, জ্ঞানের আনন্দোপলন্ধি, প্রকৃতির মহিমা ও তার নিয়মসোণ্ঠবের সামনে বিস্ময়বোধ — এ হল প্রথর স্মাতিশক্তির উৎস।

আমি ব্দ্রিমাগাঁর অন্ভূতির মধ্যে কোন কোন শিশ্র ম্মতিশক্তির বিকাশ ও দৃত্প্রতিষ্ঠার প্রধান উপায় লক্ষ্য করেছি। ভালিয়া কোন জিনিস ভালোমতো মনে রাখতে পারত না, সবই যেন তার মাথা থেকে বেরিয়ে যায়। এমন কিছু করার দরকার ছিল যাতে পারিপার্ম্বিক জগতের চিত্রের সামনে মেয়েটির মনে বিস্ময়ের শিহরণ জাগে। 'প্রকৃতি পাঠের' অন্তর্ভুক্ত 'সব প্রাণীই পরিবেশের সঙ্গে মানিয়ে নের' — এই বিষয় অধ্যয়নের উদেদশ্যে আমরা কয়েক দিন মাঠে, বনে, নদীর ধারে, বাগানে, মৌচাবের জায়গায় ঘারি। আমি শিশাদের মনোযোগ আকর্ষণ করে বললমে যে কোন কোন ফুল গ্রম আবহাওয়ার সময় তাদের পাপড়ি গঢ়টিয়ে নেয়, আবার সন্ধায় ঠান্ডা পড়লে পাপড়ি খোলে; কী করে ক্লো-ভুপ ফুলের সরু জাঁটা নেডিয়ে-পড়া পল্লবের পরে, গুরু ভেদ করে তীরের মতো বেরোয়। আমি ওদের দেখালাম মৌমাছিরা ক্রী করে মৌচাক বনোয়, মধ্রচক্র মধ্যতে পরিপূর্ণে করে, কী ভাবে আঙ্করলতার শিক্ড আর্দ্রতা আহরণের জন্য মাটির তিন মিটার গভীরে প্রবেশ করে কী

ভাবে পর্নিস উইলোর শাখা পলিমাটিতে পড়ে শেকড় নামায় এবং তা থেকে গাছ হয়। এই আবিৎকারে মেয়েটির মন আনন্দে উদ্দীপিত হয়ে ওঠে। শিশ্ব চোখে যে উদাসীন্যের অভিবাক্তি ছিল তার জায়গায় এখন দেখা দিল সজীব আগ্রহ। স্বলপবাক ভালিয়া মুখ খ্লল, জিজেস করল: আছে, মোমাছি জানে কী কয়ে কোন্ দিকে উড়লে বাসায় পেশছবে? নিজের মোচাক ও খ্লে পায় কী করে? দ্যো-ড্রপ ফুলগাছের ভালের ঠাওটা লাগে না? —গাছের নীচে ত বরফ! যেখানে প্রশন আছে সেখানে ভাবনাও আছে আর যেখানে ভাবনা আছে সেখানে পারিপার্শ্বিক জগতের চিত্র, প্রকৃতির নিয়ম স্মৃতিপটে আঁকা হয়ে থাকে।

'প্রকৃতি পাঠ'-এর যে প্রতাগ্রিল আয়য়া একে একে পাঠ করি তাদের নাম উল্লেখ করছি: 'উন্ডিদজগৎ ও প্রাণিজগৎ', 'জলবিন্দরে পর্যটন', 'য়ান্ধের ব্যবহারে প্রকৃতিক শক্তি', 'বনন্তে প্রকৃতির জাগরণ', 'গ্রীন্দের দীর্ঘতম দিনগর্নাল', 'বনে, মাঠে ও তৃণভূমিতে বসন্তের ফুল', 'গ্রীন্দ্মকালের ফুল', 'লিলিও ভায়োলেট ফুল', 'শরতের সন্তান—চন্দ্রমাল্লকা', 'প্রকুরে জীবনযাহা', 'হেমন্তের শেষ দিনগর্নাল', 'শীতের প্রতীক্ষায় প্রকৃতি', 'শীতের প্রথম সকাল', 'শীতকালের বনে পাথিদের জীবনযাহা', 'গমের শিষ', 'মোমাছি পরিবারের জীবনযাহা', 'গেমের শিষ', 'মোমাছি পরিবারের জীবনযাহা', 'সোরালো পাথিদের বাসা তৈরি, 'বল্লবিদ্যুৎ ঘনিয়ে আসছে', 'শরতের আবহাওরা-দ্র্যোগ', 'শীতের মধ্যভাগে প্রপ্রকাণ', 'শাতির কলীয় ভাগ বজায় থাকছে', 'সারসেরা উড়ে এলো', 'পাথিরা গরম দেশে যাওরার জন্য তৈরি হচ্ছে', 'গরমকালের ব্রিটর পর রোদ', 'নদীর ওপর রামধন্ন', 'শীতকালীন ও বসন্তকালীন শস্য', 'স্ম্যান্থী ফুল ফুটছে', 'আকাশে তারা'.

'জমির জীবন', 'স্বের্যের ভাশ্ডার — সব্জুজ পাতা', 'ব্যাঙের ছাতা ও শেওলা', 'ওকফল থেকে ওক গাছের জন্ম' ইত্যাদি।

'থারাপ শিক্ষক সত্যকে হাতে তুলে দেন, ভালো শিক্ষক সত্যকে খ'লুজতে শেখান' লেখেন ফ. আ ডিস্টারভেগ। আমাদের কালে পারিপার্শ্বিক জগতের ঘটনার প্রতি গবেষণামূলক দ্বিউভঙ্গি বেশ বড রকমের গ্রেড্র অর্জন করছে। যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ তা এই যে শিক্ষাথীদৈর চিন্তার প্রণালীকে প্রতিষ্ঠিত হতে হবে গবেষণার উপর, অনুসন্ধানের উপর, বিজ্ঞানের সত্য উপলব্ধির আগে দেখা দিতে হবে তথ্যের সঞ্চয়ন, বিশ্লেষণ, প্রতিত্তলনা ও তলনা। প্রকৃতির ঘটনা ও চিত্র পর্যবেক্ষণ করতে গিয়ে শিশ্য চিন্তার রূপ ও প্রক্রিয়া আয়ত্তে আনে, ধারণা তাকে ঐশ্বর্যমণিডত করে, তার প্রতিটি ধারণা গভীর অনুসন্ধানী দুষ্টিতে কার্যকারণ সম্পর্কের প্রকৃত অর্থে পরিপ্রারিত হয়ে ওঠে। অভিজ্ঞতায় প্রমাণিত হল যে 'প্রকৃতি পাঠের' সঙ্গে পরিচিত ছেলেমেয়েদের মননচিয়া অপর্বে বৈশিষ্টাপূর্ণ: বিমূর্ত ধারণা কাজে লাগানোর সঙ্গে সঙ্গে শিশ্য মনে মনে এমন সমস্ত ধারণা, রূপ ও চিত্রের আশ্রয় গ্রহণ করে খাদের ভিত্তিতে উক্ত ধারণাগর্মান গড়ে উঠেছে।

আমার শিক্ষাথাঁরা, যারা শিশ্কালে 'প্রকৃতি পাঠের' সঙ্গে পরিচিত হয়েছে — তারা বখন বড় হল, কৈশোরে পড়ল তখন সাধারণ মানসিক বিকাশে, মানসিক শ্রমের চরিত্রে ও রণীতিতে, ক্রিব্রিডম্লক আগ্রহের বহ্মম্থারিত্বে পারিগার্থিক জগং উপলব্ধির প্রভাব যে কাঁ রকম হয় তা জানতে আমার বিশেষ কোত্হল হল। আমার এই বিশ্বাস জন্মাল যে শিক্ষার্থাদের ব্রিজমার্গায় জাবিনের বৈশিদ্যা হয়েছে প্রবল অন্সন্ধিৎসা। সব্বিচছ্তেই তাদের আগ্রহ, প্যারিপাশ্বিক জগতের যাবতীয়

বস্তু তাদের অন্তুতি ও ভাবনাকে স্পর্শ করে। কৈশোর ও কৈশোরের প্রথম পর্বে আমার শিক্ষার্থীদের মানসিক জীবনের অন্যতম বৈশিষ্ট্য ছিল ঘটনা ও বস্তুসম্ত্রকে তাদের পারস্পরিক সম্পর্কের মধ্যে দেখার ক্ষমতা। যা হত অস্পন্ট, দ্বেশিধ্য তা তারা খাঁজে পাওয়ার চেষ্টা করত গ্রন্থে। গ্রন্থ হয়ে দাঁড়ায় তাদের জ্ঞানের উৎস ও আজিক চাহিদা।

## ৰসূজগৎ থেকে সমাজে। কোথা থেকে কিসের আগমন?

প্রকৃতি — মানুবের শিক্ষার হিতকর উৎসম্বর্প। কিন্তু প্রকৃতিকে জানা দিয়ে যা শ্রু হয় তা হল ব্লিদ্ধ, অন্ভূতি, দ্টিভঙ্গি ও য়তায়ত গড়ে ওঠা য়ায়। য়ানুব বাস করে সমাজে এবং য়ৢলত তার সমগ্র জাঁবন — অন্য লোকজনের সঙ্গে তার সম্পর্কের পরিচায়ক। আয়ি চেন্টা করি যাতে প্রার্থামক শ্রেণীতে চার বছর শিক্ষার আগাগোড়া পবের য়ধার শিক্ষার ধারে ধারে হদরসম করতে পারে একটি গ্রুর্পুর্ণ সত্য: মানুবের পক্ষে জাঁবনধারণ করা এই কারণেই সম্ভব হয় বে তার বৈর্বায়ক ও আদ্মিক চাহিদা মেটায় অন্যান্য হাজার হাজার লক্ষ্ক লক্ষ্ক মানুবর; হাজার হাজার লক্ষ্ক লক্ষ্ক মানুবের জন্য বৈর্বায়ক ও আদ্মিক সম্পদ্ স্থিট না করলে সমাজে বাস করা সম্ভব নয়। শ্রমের মধ্য দিয়ে, সমাজে পারস্পরিক সম্পর্কের প্রতিস্থার মধ্য দিয়ে গড়ে ওঠে মানুবের নৈতিক র্প, তার মানসসংস্কৃতি, জাবন সম্পর্কে দ্ভিটভঙ্গি, বিশ্ববীক্ষা। শিক্ষকের অন্যতম গ্রুত্বপূর্ণ শিক্ষামূলক কর্তব্য হল শিক্ষ্মেরে হদয় দিয়ে ব্রুতে ও

অন্তব করতে শেখানো বৈষয়িক ও আত্মিক সম্পদ স্ভিট করার মধ্য দিয়ে আমাদের সমাজে মান্যে মান্যে সম্পর্ক, নাগরিকের সামাজিক চেহারা প্রকাশ পায়।

অভিজ্ঞতায় দেখেছি যে ছোট শিশ্ব সামাজিক সম্পর্কের ধারণায় উপনীত হয় বহুসংক্রান্ত ধারণা থেকে, বিশেষত কোথা থেকে কিসের আগমন — এই অতি গা্রা্ডপর্ণ সত্যের ভাবনা ও উদ্ঘাটন থেকে।

আমরা স্কুলের ক্যাণ্টিনে দ্বপ্রের থাওয়া সারলাম, বাসন ধ্রাম। আমি ছেলেমেয়েদের ক্যাণ্টিন থেকে না বেরিয়ে একটু অপেক্ষা করতে বললাম, বললাম, আরও আধহণ্টাখানেক টেবিলের ধারে বসা ধাক। আমরা এখন ভেবে দেখব যে যে জিনিস আমরা আজ এখানে, ক্যাণ্টিনে ব্যবহার করলাম সেগ্রেলা কোথা থেকে এলো। বাচারা হিসাব করতে থাকে তারা যা যা জিনিস থেয়েছে সে সব: রুটি, মাংস, আল্রু, দুধ, মাখন, ডিম... খাবার রালা হয়েছে উন্নে: উন্ন তৈরির কারিগররা হালে নতুন ইট দিয়ে উন্নটা বানিয়েছে। উন্ন গরম হয় কয়লার আঁচে, কয়লা আনা হয়েছে খনি থেকে। আমরা টোবলের পাশে চেয়ারে বসে আছি। এই টেবিল আর চেয়ার তৈরি হয়েছে ধাতু ও প্রাস্টক থেকে।

'এ-ই সব ত?' আমি জিজেন করলমে। 'সব,' বাচ্চারা উত্তর দিল।

'ভালো করে দেখ, কৈছ্ব কিছ্ব জিনিস নজর এড়িয়ে গেছে...' কোনায় আছে রেফ্রিজারেটর, বেফ্রিজারেটর বিদ্বাংশক্তি ছাড়া কাজ করতে পারে না। দেয়ালের গায়ে ঝুলছে বৈদ্বাতিক বাতি। ছেলেমেয়েরা এই জিনিসগুলো লক্ষ্য করবে কি?

ওরা লক্ষ্য করল। অবাক হয়ে গেল যথন এই সত্য আবিষ্কার

করল যে বিদ্ধাং না থাকলে বাড়িতে থাকা বড় কঠিন হত, স্কুলে লেখাপড়া করাও কঠিন হত।

্যে সব জিনিস ছাড়া আমরা জীবন ধারণ কবতে পারি না সেগ্যুলো এলো কোথা থেকে?

এই প্রশ্ন দিয়েই শারা হয় সামাজিক উৎপাদনের জগতে, পারস্পরিক শ্রমসম্পর্কের জটিল জগতে আমাদের 'পর্যটন'। আমাদের প্রতিটি পদক্ষেপ — নতুন নতুন আবিত্কার। এই ভাবে শিশ্বদের মনে মেহনতী মান্যদের প্রতি গভীর শ্রদ্ধার উদ্রেক হল, বখন তারা আবিত্কার করল এক পরম সতা: আমাদের টোবিলে যাতে রুটি আমে তার জন্য ওদের প্রায় সকলেরই মা-বাবাকে পরিশ্রম করতে হচ্ছে। কিন্তু এটাই সব নয়। যে সব শ্রমিক ট্রান্টর বানিয়েছে, হাল, কম্বাইন বানিয়েছে তাদের শ্রমও না হলে নয় — বল্র ছাড়া ফসল ফলানো যায় না খিনমজ্বরের শ্রমও দরকার — যক্র নিমাণ করতে গেলে ধাতু গলাতে হয়, কয়লা ছাড়া সে কাজ সম্ভব নয়।

অন্যান্য জিনিসের সঙ্গে ঘনিষ্ঠ পরিচিতি যে আবিষ্কারের সভাবনা আমাদের সামনে উপস্থিত করছে তাও কম বিসময়কর নর। ভূগর্ভ থেকে কয়লা যাতে আমাদের স্কুলের রামাঘরে এসে হাজির হতে পারে তার জন্য আমাদের জন্মভূমির দ্রের ও কাছের গ্রাম ও শহরের বিভিন্ন পেশাধারী শত শত লোককে কাজ করতে হচ্ছে। ধাতু গালিয়ে তা থেকে আমাদের টেবিল বানানোর জন্য, বালা ও মাটি দিয়ে ইট বানানোর জন্য পরিশ্রম করতে হচ্ছে শত শত লোককে।

পরে আমরা এই একই উপায়ে সামাজিক উৎপাদনের জগতে, পারস্পরিক শ্রমসম্পর্কের জগতে প্রথম পদক্ষেপ শ্বর্ করি — কোথা থেকে আমাদের পোশাক এলো, কাগজের উৎপত্তি কোথা থেকে, কে আমাদের বই বানিয়েছে, বানিয়েছে চলচ্চিত্র, কে বচনা করেছে সঙ্গীত — ইত্যাদির পরিচয় গ্রহণের মধ্য দিয়ে ! সপ্তাহের পরা সপ্তাহ, মাসের পর মাস ধরে আমরা সামাজিক সম্পর্কের জটিল গ্রন্থি উপলব্ধি করতে লাগলাম। আমরা মান্মকে উপলব্ধি করলাম বস্তুজগতের মাধ্যমে। বস্তু, বৈষরিক ও আছিক সম্পদ আমাদের সাহায্য করল মান্মকে দেখতে, ব্রুতে, উপলব্ধি করতে। রুটিওয়ালা স্তেপান মাক্সিমভিচের সঙ্গে আমাদের দেখা হত তার কাজের জারগায়। সে মান্মটা এখন ছেলেমেয়েদের চোখে নিজের রুজিরোজগারের জন্য পরিশ্রমরত একজন মান্মমাত্র নয়, সে হল জাবনম্রতা, তাকে ছাড়া শত শত, হাজার হাজার মান্বের বাঁচাই অসম্ভব হয়ে পড়ত। কম্বাইনচালক, ষ্ট্রাক্তরচালক, ফিটার মিস্ত্রী, টার্নার — যারা শত শত হাজার হাজার মান্বের জন্য বৈষয়িক ও আছিক সম্পদ উৎপাদন করছে — এমন সব মেহনতীদের সঙ্গে আমরা প্রতি সপ্তাহে দেখা করতাম।

বসন্তকালে তৃতীয় শ্রেণী শেষ হওরার পর একদিন আমরা লেমেনচুগ জলবিদ্যুৎকেন্দ্র দেখতে গেলাম, দেখলাম কী করে বিদ্যুৎশক্তি উৎপক্ষ হয়, শক্তিবিজ্ঞানীদের সঙ্গে আমরা দেখা করলাম।

যে-সমস্ত লোকজনের সঙ্গে শিশ্বদের দেখাসাক্ষাং হয় নিজেদের শ্রমের প্রতি তাদের মনোভাব শিশ্বদের নৈতিক রুপ গঠনের পক্ষে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। অন্যদের জন্য যারা রুটি, মাংস, দ্বে, চিনি ইত্যাদির মতো আপাতদ্বিউতে অভিসাধারণ, নিশিন্টাহীন বৈষয়িক সম্পদ উৎপাদন করে থাকে তারা যে নিজেদের শ্রমের জন্য গর্ব বোধ করে, শ্রমকে সমাজসেবা হিশেবে দেখে - এই ঘটনা শিশ্বমনে গভীর প্রভাব ফেলে। শ্রম যে মান্বকে মহিমান্বিত করে, মান্বকে পরিপ্রণ স্থ দান করে — এই সত্য শিশ্বদের কাছে কোন বিম্ত ধারণা নর, এ হল জীবনের মর্মকথা। শৈশবের পর্বেই মান্ষ এই দ্য বিশ্বাস অর্জন করল যে তার শক্তি ও স্জনী ক্ষমতা উদ্ঘাটনের প্রশস্ত ফের হল সমাজকল্যাণম্লক শ্রম।

## সজীৰ প্রশন্মালা — হাজার প্রশন

শ্বুলের গ্রুর্থপূর্ণ কর্তব্য — মান্ধকে অনুসন্ধিংস্, সন্ধানী ভাবনায় দীক্ষিত করে তোলা। আমার ধারণার, শিশ্বাল — মননাল্রার পাঠশালা, আর শিক্ষক — এমন এক ব্যক্তি, থিনি স্থাপ্ন তাঁর শিক্ষাথাঁদের দেহব্যবস্থা ও মনোজগং গঠন করেন। শিশ্বান্তিকের বিকাশ ও দ্যুতাসাধনের যন্ত্র, দর্পণের মতো যেখানে জগতের প্রতিফলন ঘটে, যাতে সর্বদা সংবেদনশীল ও গ্রহণক্ষমতাসম্পন্ন হয়, সেই মিস্তিকের জন্য যন্ত্র — শিক্ষারতীর অন্যতম প্রধান কর্তব্য।

শারীরিক ব্যায়ামের ফলে, বাধাবিপত্তি অতিক্রম করার মধ্য দিয়ে যেমন পেশী বিকশিত হয়, দ্যুতা লাভ করে, তেমনি মন্তিপ্কের গঠন ও বিকাশের জন্যও শ্রম ও প্রয়াস অবশ্যপ্রয়োজনীয়।

পারিপাশ্বিক জগতের বস্তু ও ঘটনার মধ্যে বহুমুখী সম্পর্ক শ্বাপনের মুহুতে — কার্যকারণ, সাময়িক, ক্রিয়ামূলক সম্পর্ক স্থাপনের মুহুতে —কোষকলাসমুহের শক্তি উদ্দীপনের যে জটিল অভ্যন্তরীণ প্রক্রিয়া সংঘটিত হয় তার কল্যাণে শিশ্বর মন্তিক বিকশিত ও শক্তসমর্থ হয়ে ওঠে। শিক্ষার্থী যথন ভাবে, অনুসন্ধান করে, তার কাছে এখনও যে-সমন্ত সম্পর্ক দ্বের্বাধ্য সেগার্লির ম্লকথা যখন সে উপলন্ধি করতে প্রবৃত্ত হয় তথন তার মন্তিন্দের বহিঃস্তরের কোষকলায় এমন সব স্ক্রাতিস্ক্রা পেশী সবল হয়ে ওঠে যাদের শক্তিই পরিণত হয় ব্লিদ্বভিতে। আমি আমার কর্তব্য বলতে যা ব্রুতাম তা হল পারিপার্শ্বিক জগতের ঘটনাবলীর মধ্যে সম্পর্ক ব্রুতে শিশ্বদের সাহায্য করা, যাতে প্রবল শক্তি প্রয়োগরত স্ক্রাতিস্ক্রা পেশীগ্রলির মধ্যে প্রতিবার নতুন নতুন শক্তির খেলা চলে। এই জটিল ব্যাপারটিই হল মন্তিন্দে, আর তার পরম গ্রুত্বপূর্ণ গ্রণাবলী — অনুসন্ধানপ্রবণ, তীক্রা প্রবিকাশলাভের প্রতিকায়।

মানবমস্তিন্দের কাজ চলে থেকে থেকে। পারিপার্ম্বিক জগৎ থেকে তথ্যের প্রবাহ জনিত প্রেরণা একেক সময় মগজের বহিঃস্তরের একেক শ্রেণার কোষকলায় সন্ধারিত হয়। ভাবনা মৃহ্ত্রের মধ্যে বিষয় থেকে বিষয়ন্তেরে ছান বদল করে। এই স্থানবদল — মননাক্রিয়ার পরম গ্রের্ড্বপূর্ণ নিরম। দ্রুত ভাবনা স্থানান্তরণের ক্ষমতাকে সম্ভব করে তোলে এক শ্রেণার কোষকলা থেকে অপর শ্রেণাতে প্রেরণার অতিক্রমণ। আর এটাই হল ভালো রকম মানসিক ক্ষমতার প্রধান পর্বেশর্তা। শিশ্ব ভাবতে গ্রেনে — তার অর্থ হল এই যে সময়ের কোন একটা ভ্রমাংশের মধ্যে (দৃষ্টান্তর্করর্প, এক সেকেন্ডের মধ্যে) ভাবনা বহুবার মৃহ্ত্রে মৃহ্তে বিষয় থেকে বিষয়ান্তরে স্থান বদল করে — এত দ্রুত, যে যে-ব্যক্তি ভাবতে সে নিজেও স্থানান্তবণের এই প্রক্রিয়াটি লক্ষ্য করে না, ভার মনে হয় যে চৌবাদ্যার প্রসঙ্গ এবং প্রথম ও দ্বিতীয় যে নলা থেকে একেক সময় একেক

পরিমাণ জল পড়ছে তাদের প্রসঙ্গও সে একই সময় ভাবছে।
অন্য কথায় বলতে গেলে, শিক্ষার্থী মনে মনে একই সঙ্গে বহু
ধরনের বিষয়কে, ঘটনাকে হৃদয়ঙ্গম করে, তাদের বিশ্লেষণ করে,
কুলনা করে। আমাদের কর্তব্য হল মন্তিন্তের এই অতি
গ্রের্ত্বপূর্ণ ক্ষমতা যাতে প্রত্যেক শিশ্বর মধ্যে বিকাশ পায়
সেদিকে সক্ষা রাখা।

মন্তিকের অভ্যন্তরণি শক্তি জাগিয়ে তোলার, 'মন্তিকের পেশীশক্তির' খেলায় প্রেরণা সঞ্চারের অনুশীলন হল উপস্থিত ব্দির সাহায্যে, প্রভূগংশলমতিত্বের সাহায্যে সমস্যার সমধান। পারিপার্মিক জগতের বন্ধু, বিষয় ও ঘটনার মধ্যেই নিহিত আছে এই সব সমস্যা। আমি কোন একটি ঘটনার প্রতি শিশ্দের মনোযোগ আকর্ষণ করি, যাতে শিশ্দ্র কাছে যেসমন্ত সম্পর্ক আপাতত রহস্যাব্ত ও দ্বর্ষাধ্য, সে তা দেখতে পারে, যাতে ঐ সব সম্পর্কের মর্মোজারের, সত্য উপলব্ধির প্রয়াস তার মধ্যে দেখা দেয়। সমস্যাসমাধানের চাবিকাঠি সর্বদাই হল মান্দ্রের সাক্রির কার্যকলাপ, তার শ্রম। মনেসিক শক্তিপ্রয়োগের দ্বারা, বস্তু ও ঘটনার মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠার প্রয়াসের মধ্য দিয়ে শিশ্দ্ নির্দিষ্ট কর্ম সম্পাদন করে।

পারিপার্শ্বিক জগতে হাজার হাজার সমস্যা ছড়িয়ে আছে।
সেগন্লিকে জনগণ ভেবে বার করেছে, লোকস্থিতৈ সেগন্লি
বৈচে আছে কৌত্হলোন্দীপক হেশ্মালি রূপে। বিশ্রামের
সময় শিশ্বো প্রথম প্রথম যে সব সমস্যা প্রেণ করে তাপের
একটি এখানে উল্লেখ করা যেতে পারে।

'নদীর এক তীর থেকে অপর তীরে নিয়ে যেতে হবে নেকড়ে, ছাগল আর বাঁধাকপি। একই সঙ্গে তীরে নেকড়ে ও ছাগলকে, ছাগল আর বাঁধাকপিকে একরে রেখে যাওয়া চলবে না আবার বয়েও নিয়ে যাওয়া চলবে না। কেবল পৃথক পৃথক ভাবে পাঁতটি 'ষাত্রীকে' বয়ে নিয়ে যাওয়া য়েতে পারে। যতবার খ্রাশ এপার-ওপার করা য়েতে পারে। নেকড়ে, ছাগল ও বাঁধাকপিকে কী ভাবে ওপারে নিয়ে য়াওয়া য়ায়, য়াতে ওদের কারও কোন কাঁত না হয়?'

লোকশিক্ষাবিজ্ঞানে এ রক্ষম শত শত হে'য়ালি অঞ্চ আছে।
এ ধরনের সমস্যার প্রতি ছোটদের প্রচুর আগ্রহ। তাই
ছেলেমেয়েরা সকলেই ভাবতে থাকে: কী ভাবে 'যারীদের'
ওপারে নিয়ে যাওয়া যায় যাতে নেকড়ে ছাগলকে না থেতে
পারে, ছাগল বাঁধাকপি না থেতে পারে? আমরা পর্কুরের ধারে
বসে ছিলাম। বাচ্যায়া বালির ওপর নদীর ছবি আঁকে, ছোট
ছোট পাথর এনে সাজায়। সমস্যার সমাধান যে সবাই করতে
পারবে এমন নয়, কিন্তু ওরা যে গভাঁর ভাবে ভাবছে এটাই
মানসিক শত্তি বিকাশের চমংকার উপায়।

এ ধরনের হে'য়ালির সমাধান দ্বো খেলার সময় যে মানসিক
শ্রম প্রযুক্ত হয় তার সঙ্গে তুলনীয়। দাবা খেলার মতে এখানেও
এক সঙ্গে পরিকল্পিত কয়েকটি চাল মনে রাখতে হয়। প্রথম
শ্রেণীর পাঠ শ্রের হওয়ার কিছ্র দিন বাদেই সাত বছরের
ছেলেমেয়েদের আমি এই সমস্যাটি প্রেণ করতে দিই।
মিনিটদশেক বাদে শ্রা, সেরিওজা ও ইউরা— এই তিনজনে
সমাধান করে ফেলল। প্রথম, প্রবল সম্তিশক্তির সঙ্গে এদের
মন্ম্যামী ভাবনার প্রত্ত প্রবাহের সম্ম্বয় ঘটে। পনেয়ে
নিনিট বাদে প্রায় সব ছেলেমেয়েই সঠিক উত্তর বার করে
ফেলল। কিছু ভালিয়া, নিনা, পেত্রিক ও স্লাভা এবারেও কিছ্র
নাব করতে পারল না। আমি লক্ষ্য করলাম যে ওদের চেতনার

চিন্তাসতে যেন ছিল্ল হয়ে যাচ্ছে। ওরা সমস্যাটার অর্থ ব্যুবতে পারছিল, যে সব বিষয় ও ঘটনা উত্থাপিত হয়েছে তাদের সম্পর্কে পাল্ট ধারণা করতে পারছিল, কিন্তু প্রথম অনুমান মনে আসার সঙ্গে সঙ্গে যে ধারণা এ৩ক্ষণ এ৩ পাল্ট ছিল তা যেন ঝাপ্সা হয়ে গেল, অন্য কথায় বলতে গেলে, শিশ্ব এই মার্য মনে করে রেখেছিল, তা বিশ্বতে হল।

লোকশিক্ষার সমৃদ্ধ ভাশ্ডার থেকে আমি দ্রুমেই নতুন নতুন সমস্যা সংগ্রহ করতে লাগলান, আমার সর্বোপরি আশা ছিল যে চিন্তার ক্ষেত্রে দীর্ঘস্ট্রী আমার এই ছেলেমেরেদের হোর্মালর বিষয়ের প্রতি, মর্মবন্ধুর প্রতি আগ্রহ জাগ্রত হবে করেক দিন বাদে আমি এ রকম একটা লোকিক হে'য়ালি ওদের সামনে রাখলাম: 'একটা ছোটখাটো সেন্যবাহিনী চলতে চলতে নদীর ধারে এসে উপস্থিত, নদী পার হতে হবে। সেতু ভাঙা, এদিকে নদীও গভীর। কী করা যায়? এমন সময় অফিসার দেখতে পেলেন নদীর ধারে একটা ডিঙিতে দ্রটো ছেলে খেলা করছে। কিন্তু ডিঙিটা এতই ছোট যে তাতে চেপে পার হতে পারে কেবল একজন সৈন্য বা কেবল দ্রটো ছেলে — এর বেশি নয়। কিন্তু শেষ পর্যন্ত স্ব সৈন্য ঐ ডিঙিতে চেপেই নদী পার হল। কী ভাবে?'

আবার লক্ষ্য করি ছেলেমেয়েদের ভাবনার গতিবিধি। আবার ওরা বাল্বর ওপর আঁকে, স্মৃতিতে ধরে রাখার চেন্টা করে 'দাবার কয়েকটি চাল'। এবারেও দেখি নিনা, স্লাভা ও পেত্রিকের উদ্যমহীন ভাব। ভালিয়ার চোখকোড়া আনদেদ চকচক করে উঠল: সে এর সমাধান বার করল।

চিন্তার ব্যাপারে যারা দীর্ঘস্ত্রী তাদের নিয়ে পথক ভাবে কাজ শ্ব্র করি। ওদের আরও সাধারণ ধরনের প্রশ্ন সমাধান করতে দিই। সেগালের উদ্দেশ্য ছিল স্বাভাবিক সংখ্যামালা গভীর ভাবে হৃদয়ঙ্গম করানো এবং সংখ্যাসমূহের মধ্যে পারস্পরিক নির্ভারতার প্রতিষ্ঠা। এ ধরনের পাঁচটি হেইয়ালির উল্লেখ করা গেল

- ১. 'বাজপাখি ও ওক গছে'; বাজপাখি উড়ে এসে ওক গাছে বসল। একটি একটি করে যদি একেকটি ওক গাছে বসে এহলে থেকে যায় একটি বাজপাখি, যদি দুটি করে বসে, গ্রহলে থাকবে একটি ওক গাছ। সব সমেত কটা বাজপাখি, খার কটা ওক গাছ?
- ২ 'চারণভূমিতে': দুটি ছেলে ভেড়া চরাচ্ছিল। প্রথম ছেলেটি
  যদি বিতায় ছেলেটিকৈ একটা ভেড়া দিয়ে দেয় তাহলে তাদের
  থাকবে একই সংখ্যক ভেড়া, কিন্তু যদি বিতায় জন প্রথম জনকে
  দেয় একটা ভেড়া তাহলে প্রথম জনের থাকবে বিতায় জনের
  বিগাল ভেড়া। প্রথম ও বিতায় রাখালের কটা ভেড়া ছিল?
  ৩। 'কটা হাঁস?': হাঁসের ঝাঁক উড়ছে, একটা হাঁস তাদের
  মুখোমনুখি এসে দেখা দিল। 'নমস্কার, একশ' জন হাঁস,' সে
  বলল।

'না, আমরা একণ' জন নই,' হাঁসেরা জববে দিল। 'আমরা
থত জন আছি যদি তত জন আরও তত জন, সেই তত জনের
অর্ধেক, সেই অর্ধেকের চার ভাগের একভাগ আর তুমিও থাক
একমার তা হলেই হবে একশ'।' মোট কয়টা হাঁস উড়ছিল?
৪। 'মাথা ও পা': উঠোনে ঘ্রের বেড়াচ্ছে ম্রগারা আর
লাফালাফি করছে খরগোশেরা, মোট ১০টা মাথা আর ২৪টা
পা। মোট কয়টা খরগোশ আর কয়টা ম্রগাঁ?

৫। 'কয়টি গোলক ?': থলিতে ১০টি হল্দে গোলক, ১০টি লাল, ৫টি সব্বন্ধ ও ৫টি কালো। চোথ বন্ধ করে সব চেয়ে কমসংখ্যক গোলক বার করে নাও, কিন্তু খেয়াল রাখবে যেন ৭টা গোলক একই রঙের হয়।

এই হে'য়ালিগন্বি— বৃদ্ধিবৃত্তি চর্চার অপরিহার্য উপায়স্বর্প এগন্তির যে কোনটির সমাধান করতে গেলে আগেকার এবং পরেকার ২টি থেকে ৪টি পর্যস্ত 'দাবার চাল' মনে রাখতে হয়। এ কাজ শ্রুর্ করার ছয় মাস বাদে তালিয়া ও স্লাভা এ ধরনের সমস্যা সমাধান করতে পারত, কিতৃ পোইক ও নিনা তখনও কিছু পারত না যে বিষয় মনে করে রাখতে না পারতল 'দাবার পর্যায়ক্রমিক চাল' দেওয়া সম্ভব নয় তারা তা স্মৃতিতে ধরে রাখতে পারত না।

এর কারণ কী? মনে হয়, কারণ এই যে কোন কোন শিশ্ব তখনও মৃহ্তের মধ্যে বিষয় থেকে বিষয়ান্তরে ভাবনা পরিচালনার ক্ষমতা আয়ত্তে আনতে সক্ষম নয়, অর্থাৎ বিষয়ীগত ভাবে বলতে গোলে যে যে উপাদান নিয়ে অঞ্চ গঠিত তার সবগৃলি মনে রাখার ক্ষমতা, মনে মনে কতকগৃলি 'চাল' ভাবার ক্ষমতা তাদের নেই। মন্তিকের কোষের এই ক্ষমতা গড়ে উঠল না কেন—সে আরেক প্রশান। সবসময়ই যে তা জ্লমগত বৈশিষ্ট্য, এমন নয় তবে এই কারণ্টিকেও একেবারে বাতিল করে দেওয়া য়য় না। পর্যবেক্ষণের ফলে দেখা গেছে, ভাবনার সয়ে যদি মৃহ্তের মধ্যে ছিড়ে বায়, শিশ্বে এখন যে ধরেশা হল এবং কয়েক মৃহ্তে আগে তার যে ধরেশা হয়েছিল তা যদি সে মনে মনে হদয়লম করতে না পারে তাহলৈ চিস্তা করা তার পক্ষে সম্ভব নয়, কয়েকটি বিষয় ও ঘটনার মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করা তার পক্ষে কঠিন হয়ে পড়ে।

ভালিয়া, পেত্রিক ও নিনার মতো যারা চিন্তার ক্ষেত্রে দীর্ঘস্ত্রী, আমি বিশেষত তাদের মননতিয়া নিয়ে অন্সন্ধান

করি। এর উদ্দেশ্য কোন তাত্ত্বিক গবেষণা নয়, আমার কাজের উদ্দেশ্য ছিল তাদের মানসিক শ্রমের ভার লাঘব করা, কী ভাবে শিখতে হয় তা শেখানো। পর্যবেক্ষণে প্রমাণিত হল সর্বোপরি শিশ্বদের শেখানো উচিত মনে মনে অনেকগর্বল বস্তু, বিষয় ও ঘটনা উপলব্ধি করার এবং তাদের মধ্যে সম্পর্ক হদরঙ্গম করার বিদ্যা। একটি বিষয়ের মর্মবন্ত ও অভ্যন্তরীণ নিয়মের প্রতি সাগভার দাভিভঙ্গি থেকে শিশাকে ধারে ধারে কতকগালি বিষয়ের প্রতি এমন দুটিউজির আগ্রয় নিতে হবে. যা হবে অনেকটা দরে থেকে, তফাৎ থেকে। চিন্তার ব্যাপারে যারা শ্বথ প্রকৃতির তাদের মননক্রিয়া অনুসন্ধান করতে গিরে উত্তরোত্তর আমার এই বিশ্বাসই গভীর হয় যে অপ্ক বা ঐ রক্ম জিনিস হাদয়ক্ষম করতে না পারা — বিমুর্তায়নে অক্ষমতার, নিদিটি বস্তু থেকে বিমূর্ত ভাবনা গঠনে অক্ষমতারই পরিণাম। শিশুদের বিমূর্ত ধারণার সাহাত্যে ভাবতে শেখাতে হবে। ভালিয়ার উচিত হবে নিজের কম্পনায় নেকডের নিদিস্টি রূপ না আঁকা, বাঁধাকপির প্রতি ছাগলের আকর্ষণের মধ্যেই তার ভাবনা সীমিত করে না রখে। সবগ্রিল রূপই যেন শিশরে কাছে হয়ে ওঠে বিমূর্ত ধারণা। কিন্ত বিমূর্ত ধারণার পথ গেছে নির্দিন্ট বস্তরই মধ্য দিয়ে। ভেবে দেখা দরকার. শিশ্ব যখন ভাবে তখন তার মন্তিন্কে কী ধরনের ক্রিয়া সংঘটিত হয়। কী করে ভাবতে হয় তা শেখানো দরকার, নয়ত শিশুর শ্মতিশব্রির ওপর প্রবল চাপ পড়বে, তাতে আলোড়ন সঞ্চারিত হবে, ফলে ভাবনা হয়ে পডবে আরও ভোঁতা। আমার শিক্ষার্থীদের মন্তিন্দেক কী ঘটছে আমি তা মনে মনে ধারণা করতে সচেণ্ট হই। আমার এই ধারণা হয়ত থসডা পরিকল্পনাধর্মী, কিন্তু আমার দঢ়ে বিশ্বাস এই যে তাতে অন্তত কিছ্ব পরিমাণে মননক্রিয়ার সঠিক চিত্রের পরিচয় মেলে। শিশ্ব যথন মনে মনে এক ধারণা থেকে অন্য ধারণায় উপনীত হতে থাকে তখন মন্তিকের নতুন এক বগের কোষকলায় উদ্দীপনা সন্ধারিত হয়। উদ্দীপনার নতুন ক্ষেত্র এবং পর্বেবতী ধারণার (র্প, উপলব্ধি) প্রভাবে গড়ে ওঠা ক্ষেত্রের মধ্যে যথন সংবাদ বা সঙ্গেতের যে-কোন দিকে গমনের স্ত্র ছিল্ল না হয় একমাত্র তখনই ভাবনা ক্রমাগত সম্ম্থবতী হতে থাকরে: নতুন ধারণা যেন ইতিপ্রের্ব লব্ধ, প্রতিভিত্ত ধারণার কাছে নিজের সম্পর্কে জাননে দেয়, আর প্রবিলব্ধ ধারণা তার নিজের কথা মনেকরিয়ে দেয়; এক ম্রুর্তের মধ্যে অসংখ্যবার এই দ্রুত চালাচালি চলে; আমরা যে বলি, শিশ্ব ভাবছে, চিন্তা করছে — এটাই হল সেই প্রক্রিয়া। উদ্দীপনার ক্ষেত্রগুলির অন্তর্বতী স্ত্র যত দঢ়ে, চিন্তাও তত গভার, বিষয় ও ঘটনার পরিধিও ততই ব্যাপক এবং শিশ্বরা তাদের বৃদ্ধি দিয়ে সেগ্রেল উপলব্ধি করতে সক্ষম হয়।

স্ত্রের দৃত্তার উৎস সম্ভবত নিহিত আছে মন্তিন্কের সজীব পদার্থের অভ্যন্তরীণ প্রকৃতিতে, কোন ব্যক্তির মন্তিন্কের অভ্যন্তরে সংঘটিত স্ক্র্যাতিস্ক্র্যা জৈব রাসায়নিক প্রক্রিয়ার এবং যে পারিপার্শ্বিকের উপর রাম্বাবস্থার শৈশব পর্বে মান্সিক ক্ষমতার গঠনপ্রক্রিয়া চ্ডান্ড পরিমাণে নির্ভার করে, তার চরিত্রের অভ্যন্তরে — অন্তত প্রাক্রিয়ালয় পর্বের শিশ্বদের উপর অন্সন্ধান চালিয়ে এটাই দেখা গেছে। এ বিধয়ে কোন সন্দেহ ছিল না যে বিচ্ছিল ভাবনার সজীব দ্বীপগ্রনির মধ্যে যোগাযোগ স্থাপনকারী স্ত্রের দৃত্তার উৎসম্বর্প যে রায়বিক শক্তি থাকে, ভালিয়া, নিনা ও পেত্রিকের মন্তিন্কের কোষকলায় তার যথেন্ট বিকাশ ঘটে নি। স্ত্রগ্রিল দ্বেল, উন্দীপনার

ক্ষেত্রগর্নার মধ্যকরে যোগসতে দ্রুত অন্তর্হিত হয়ে যায়, শিশ্র্
মনে মনে একই কালে কয়েকটি রূপে হৃদয়ঙ্গম করতে পারে
না। পেত্রিক যখন আপ্রাণ মনে করার চেন্টা করে, কিন্তু
এইমাত্র, কয়েক মৃত্রুত আগে যা পরিষ্কার ছিল তা যখন আর
মনে করতে পারে না, তখন আমি যেন স্পণ্ট দেখতে পেলাম
যে চিন্তাসত্ত্র ছিল্ল হয়ে যাছে।

বিভিন্ন শিশ্ব মননফিয়ার এই বৈশিন্টের কারণ বিভিন্ন।
সন্তবত, প্রধান কারণ এই যে শৈশবের প্রারন্তে, উপলব্ধির ধারা
যথন বিশেষ বর্ণাচ্য ও বৈচিত্র্যময়, তথন শিশ্ব পারিপার্শিক
জগতের বস্তু ও ঘটনার মধ্যবতাঁ যোগস্ত্র নিয়ে তেমন একটা
ভাবে না, শিশ্বর মন্তিন্দে চিন্তার সজাবি দ্বাপিগ্রালির মধ্যে
বিপাক্ষিক তথ্যের প্রবাহ দিয়ে কোন সম্পর্ক ক্লাপিত হয় না—
এ সবই হল শিশ্বর মননফিয়া চর্চার প্রতি বড়দের মনোযোগের
অভাব, উদাসীন্য। একবার হয়ত শিশ্ব গ্রের্জনের কাছে
জিজ্ঞেস করল: 'কেন?'—কোন উত্তর পেল না, দ্বিতীয় বারও
প্রশেনর জবাব পাওয়া গোল না। বড়দের উপাসীন্য (কোন কোন
সময়, জ্বালাস নৈ ত বাপ্ব। মাথাটা খেয়ে ফেললে!—এই
ধরনের রুড় চিৎকার-চেন্টামেচি) চিন্তার স্ক্র্যাতিস্ক্রের
স্ব্রগ্রালিকে দ্বর্ল করে দেয়, অথ্য ঠিক এই বয়সেই সেগ্রিল
উত্তরেন্তর দৃত্ব হয়ে ওঠার কথা।

মননক্রিয়ার এই নেতিবাচক বিশেষদ্বের অন্যতম কারণ — পারিপাশ্বিক জগতের ঘটনায় শিশ্বদের আবেগধর্মী প্রতিক্রিয়ার দৈনাও বটে। পরিণামে মগজের অভঃশুরের আবেগধর্মী প্রেরণা দ্বিক হয়ে পড়ে।

ক্রানের পঠন-পাঠনের মধ্য দিয়ে যত মাসের পর মাস কাটতে থাকে ততই আমার এই বিশ্বাস দঢ়ে হয়ে ওঠে যে প্রাক্রিদ্যালয়

পর্বের শিশ্বদের মা-বাবাদের শিক্ষাবিজ্ঞানসংক্রান্ত জ্ঞান থাকা খ্বই দরকার। ঠিক এই পর্বেই, শিশ্ব যথন স্কুলে পড়াশ্বনা শ্বে করে নি, সেই সময় শিক্ষাদীক্ষা সম্পর্কে মা-বাবার সঙ্গে অনেক কথা বলা প্রয়োজন। ভাবী স্কুল-শিক্ষার্থীদের কথা ভেবে আমরা মা-বাবাদের জন্য বিদ্যালয় স্থাপন করলাম, স্থোনে ২ থেকে ৬ বছর পর্যন্ত বয়ঃসীমার শিশ্বদের মা-বাবাদের আমন্ত্রণ জানালাম আমরা পাঠ্যস্কি প্রণয়ন করলাম। শিশ্ব শারীরিক, মনন্তাত্ত্বক, মানসিক, নৈতিক ও নন্দনতাত্ত্বক বিকাশের প্রশন, ভাবী বিদ্যালয়-শিক্ষার্থীদের সম্পর্কে মা-বাবাদের চিন্তাভাবনা এর অন্তর্ভুক্ত হয়। এই বিদ্যালয়টি বর্তমানে স্থায়ী ভাবে কাজ করছে।

মা ও বাবা যখন তাঁদের শিশ্ব প্রাক্বিদ্যালয় পর্বে তার একমান্ত শিক্ষাদাতা হয় তথন তাঁদের শিক্ষাতত্ত্বসংক্রান্ত জ্ঞান বিশেষ গ্রেত্বপূর্ণ। ২ থেকে ৬ বছর পর্যন্ত বয়ঃসাঁমায় শিশ্বদের মানসিক বিকাশ, মনোজীবন চ্ড়ান্ত পরিমাণে নির্ভের করে মা ও বাবার এই মোলিক চর্চার উপর, যার অভিব্যক্তি ঘটে বিকাশমান মান্বের মনের জটিলতম গতিবিধির বিচক্ষণ উপলব্ধির মধ্যে। আমরা মা-বাবাদের নির্দিন্ট জ্ঞান ও অভিজ্ঞতা দিয়ে স্ক্রান্তিত করে তোলার প্রয়াস পাই। মা-বাবাদের বিদ্যালয়ে পাঠের সময় বিশেষ করে যে প্রশন্টার প্রতি বেশি মনোযোগ দেওরা হয় তা হল শিশ্বকে কী করে ভাবতে শেখানো যায়, কোন্ উপারে বিকাশিত করে তোলা যায় তার মানসিক ক্ষমতা। দীর্ঘকালীন অভিজ্ঞতার ভিত্তিতে আমরা পারিপাশ্বিক জগৎ সম্পর্কে এক হাজার প্রশন রেখেছিলাম — এই প্রশনগ্রনি ছেলেমেয়েরা প্রায়ই তাদের মা বাবাদের করত। আমরা মা বাবাদের বোঝাতাম, শিশ্ব যথন জিজ্ঞেস করে তথন

কী ভাবে উত্তর দেওয়া উচিত, কী ভাবে বিকশিত করা উচিত শিশ্বদের অনুসন্ধিংসা ও কোত্হল । মা-বাবাদের সঙ্গে মিলে আমরা প্রাক্বিদ্যালয় পর্বের শিশ্বদের প্রকৃতি ভ্রমণের কর্মস্চি তৈরি করি, কোন কোন্ বিষয় পর্যবেক্ষণ করা উচিত তা ঠিক করি । প্রতিটি পরিবারে, যেখানে প্রাক্বিদ্যালয় পর্বের শিশ্ব আছে, সেখানেই যাতে গ্রন্থের প্রতি শ্রন্থার পরিবেশ বিরাজ্ঞ করে সেদিকে বিশেষ মনোযোগ দেওয়া হয়।

দীর্ঘকালীন অভিজ্ঞতায় প্রতিপার হয়েছে যে বংশগত কারণবশতও মানসিক শিক্ষাদীক্ষার ক্ষেত্রে অস্ক্রিধা দেখা দেয়। মা-বাবার মদ্যাসন্তি — শিশ্রে সমগ্র দেহব্যবস্থার মারাত্মক শাহ্র, বিশেষত এর মারাত্মক প্রভাব পড়ে শিশ্রে মান্তিকের ওপর!

প্রতিবারই যথন মস্তিজ্কের অনুশীলনস্বর্প সমস্যা সমাধানের অন্কৃল পরিছিতি গড়ে উঠত তথন বে-সমস্ত শিশ্ ধীরে ধীরে ভাবে, অতি কণ্টে মনে রাখে, তাদের আমি নিজের কাছে কাছে রাখতাম। আমাকে ভেবে ভেবে বার করতে হত নানা রকম হোরালির অঙক, মজার মজার অঙক, যতক্ষণ না শেষ পর্যন্ত নিনার সজাব দ্বীপগৃহলির মাঝখানে পারিপাছিক জগতের ধারণা ও র্পের প্রথম সংযোগ স্তু দেখা দিল।

মনে আছে, শতিকালের এক দিনে আমরা অ্যাকোয়ারিয়ামের পাশে বসে ছিলাম। ছেলেমেরেরা মাছ গুনছিল, একজনের গোনায় বেশি হচ্ছিল, অন্য জনের হচ্ছিল কিছু কম। আমি একটা মজার অংক দিলাম: 'ভাই অ্যাকোয়ারিয়ামে দেখল দুটো বড় আর চারটে ছোট মাছ, বোন দেখল দুটো বড় আর তিনটে ছোট মাছ, যা দেখলেন তিনটে বড় আর পাঁচটা ছোট মাছ। মা অ্যাকোয়ারিয়ামের সবগুলো মাছ দেখতে পান।

আ্যাকোয়াবিষামে তাহলে কতগঢ়লো মাছ ছিল?' অনেক ছেলেমেরের কাছেই সমস্যাটা কঠিন ঠেকল না, কিন্তু নিনা ভাবতে লাগল। শেষকালে সে আনন্দে দ্ব'হাত ছংড়ে বলে উঠল: 'আরে ভাই আর বোন যে সবগঢ়লো মাছ দেখতে পায় নি, কিন্তু মা'র চোখে পড়েছে সব মাছ। আনকোয়ারিয়ামে তিনটে বড় আর পাঁচটা ছোট মাছ। ওরা লাকিয়ে থাকে ঘাসের ভেডরে — তাই দেখা যায় না। …কিন্তু মা'র চোখে পড়ে যায়…' এই ধরনের, এমন কি এর চেয়ে সামান্য কঠিন ধরনের সমস্যাও ভালিয়া ও পেতিক সমাধান করতে লাগল।

ধীরে ধাঁরে আমি ছেলেমেয়েদের আরও কঠিন কঠিন সমস্যা দিয়ে অজিত সাফল্যকে দুঢ় প্রতিষ্ঠিত করতে লাগলাম ঃ শিক্ষরে ততীয় বছরে আমরা যথন যৌথখামারের বাগিচায় গাছ থেকে আপেল সংগ্রহ করি তখন নিনা একটা হে'য়ালির অঙ্ক সমাধান করল: 'তিন ভাই মাঠে বিচালি কাটছিল। দঃপ্রের তারা ওক গাছের নীচে বিশ্রাম নেওয়ার জন্য শুরে পড়ল, শেষকালে ঘুমিয়ে পড়ল। বোন ওদের জন্য নিয়ে এলো দুপুরের খাবার: সূপ, রুটি আর ওদের প্রত্যেকের জন্য কয়েকটি করে আপেল : বোন ওদের আর জাগাল না, খাব্যরের পোঁটলাটা রেখে বাড়ি চলে গেল। বড় ভাই ঘুম ভাঙতে আপেল দেখতে পেল। আপেলগুলোকে তিন ভাগ করল, কিন্ত নিজের ভাগ থেকে সবগ্যলো না খেয়ে একটা রেখে দিল আদরের ছোট ভাইটির জন্য। শুরে পড়ল, আবার ঘুমে ঢলে পড়ল। মেজো ভাইয়ের ঘুম ভাঙল, সে জানত না যে বড় ভাই এর মধ্যে কয়েকটা আপেল খৈয়ে ফেলেছে। সে আপেলগ্নলোকে তিন ভাগ করল, কিন্তু সেও নিজের ভাগ থেকে সব আপেল ন্য খেয়ে একটা রেখে দিল ছোট ভাইয়ের জন্য — ছোট ভাই

ছিল পেটুক। ...শাুয়ে পড়ল, আবার ঘাুমিয়ে পড়ল। শেষ পর্যস্ত ছোট ভাইয়েরও ঘুম ভাঙল। দেখতে পেল পোঁটলায় সাতটা আপেল। ভাবল সাতটাকে তিন ভাগ করবে কী করে? অনেকক্ষণ ভাবে আর ভাবে ভেবে কিছাতেই কিছা বার করতে পারে না, শেষকালে ভাইরা জেগে উঠতে সব ব্যাপার পরিষ্কার জানা পেল। ভাইদের জন্য বোন কটা আপেল এনেছিল?' আমাদের প্রশন্মালায় শিশ্বদের স্থাপরিচিত শ্রম সম্পর্কে বহু সমস্যা স্থান পায়। এই সমস্যাগ, লির সমাধান করতে গিয়ে শিশ্বো বারবার লক্ষ্য করে কী ভাবে বড়রা জয়ি চাষ করে, বীজের খোসা ছাডায়, গাছ লাগায়, জমিতে সার দেয়, ফসল কাটে, খাদ্যদ্রব্য সংরক্ষণ করে, বাড়ি তৈরি করে, রাস্তাঘাট মেরামত করে। জীবনে এই সম্পর্কগার্লি স্থাপনের মধ্য দিয়ে ধারণাসমূহের মধ্যকার যোগসূত্র দৃঢ় প্রতিষ্ঠিত হতে থাকে। ভাবনা ও স্মৃতি এক অবিচ্ছেদ্য ঐক্যে বিকাশ লাভ করে। অধিকাংশ সমস্যা সমাধান করতে গিয়ে শিশুরা ছবির আশ্রয় নিত, কিংবা বণিত বিষয়ের খসড়া রূপ তৈরি করত। হে'য়ালি অঞ্ক, মজার অঞ্ক, ধাঁধা ছেলেমেয়েরা দেরালপত্রিকার তুলে দিত। তৃতীয় **শ্রেণীর মাঝামাঝি সম**য় থেকেই দেয়ালপত্রিকা বেরোতে থাকে। সমস্যার সমাধান — দুড়তা, অধ্যবসায় ও কর্মনিষ্ঠার এক নিজ্ঞান বৈশিষ্ট্যসূত্রক প্রতিযোগিতার আকার ধারণ করে। তৃতীয় শ্রেণীতে আমরা প্রথম ক্লাসে অঙ্কের অলিম্পিক আয়োজন করলাম। ছেলেমেয়েদের নানা ধরনের কঠিন কঠিন সমস্যা দেওয়া হয় এমন হিসাব করে যাতে প্রতিটি শিশ্যই সাফল্য অর্জন করতে পারে। অঙ্কের অলিম্পিক ধীরে ধীরে অন্যান্য প্রাথমিক শ্রেণীরও মনোযোগ আকর্ষণ কবে. বিদ্যালয়ের সাধারণ প্রতিযোগিতায় পরিণত হয়।

'পারিপাশ্বিক জগতের প্রশন্মালা' থেকে গৃহীত সমস্যাব সমাধান শিশ্বালে ভাষনাকে উদ্বৃদ্ধ করে, ভাষতে শেখায়। গণিতে কিংবা অন্যান্য বিষয়ে ভালো জ্ঞানের কোন প্রশনই উঠতে পারে না যদি না শিশ্বা ভাষতে শেখে, যদি না মননক্রিয়া মান্তিজ্ককে মজবৃত করে তোলে।

লেভ তলন্তর উপদেশ দেন: 'অঙ্কের যাবতীয় সংজ্ঞা ও নিয়ম পরিহার কর্ন, যত দরে সভব সফ্রিয় হতে দিন, সংশোধন কর্মন, নিয়ম অন্যায়ী নয়, যা করা হয়েছে তা অর্থহীন বলে ৷' এই পরামর্শ প্রথম দুষ্টিতে পাঠকের কাছে তাত্তিক সাধারণীকরণের -- সংজ্ঞা ও নিয়মের অস্বীকৃতি বলে মনে হলেও আদৌ তা নয়। বরং তার বিপরীত, পরামশটির উদ্দেশ্য হল শিক্ষাথী যাতে সংজ্ঞা ও নিয়মের মূল তাৎপর্য গভীর ভাবে উপলব্ধি করতে পারে, নিয়মের মধ্যে বাইরে থেকে আরোপিত কোন দূর্বোধ্য সত্যকে না দেখে যাতে সে দেখতে পায় বস্তুসমূহের নিজেদের প্রকৃতি থেকে নিগতি নিয়ম। সত্যের প্রতি শিক্ষকের এ ধরনের দৃষ্টিভঙ্গি যখন থাকে তখন শিশ্ব নিজেই যেন সংজ্ঞা 'আবিষ্কার' করে। এই আবিষ্কারের আনন্দ — বিপাল আবেগধর্মী প্রেরণা এবং তা মন্নক্রিয়া বিকাশের ক্ষেত্রে বিরাট ভূমিকা গ্রহণ করে। একথাও ভূলে গোলে চলবে না যে লেভ তলস্তয় উন্তিটি করেছেন কেবল ছোট শিশ্বদের প্রসক্তে।

'পারিপান্থিক জগতের প্রশ্নমালা' থেকে সমস্যার সমাধান অংকর ক্ষেত্রে উপ্রতির একমান্ত উপায় রংপে গণ্য নয়। মননতিরা বিকাশে সহায়তাদানের ফলে তার ভূমিকা সহায়ক ভূমিকাই ছিল এবং ক্লাসে ছিল বিদ্যাচর্চা ও শিক্ষাদীক্ষা সংক্রান্ত প্রক্রিয়ার চাহিদাবশবর্তী। এই উপায়িট কার্যকর হতে পারে একমাত্র শ্রমশিক্ষা, মান্সিক, নৈতিক ও নন্দনতাত্তিক শিক্ষার পদ্ধতি ও প্রণালীর সাধারণ সমাহারের মধ্যে: আলঙ্কারিক ভাষায় বলতে গেলে, আমি এর মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান লক্ষ্য অর্জনের — শিশ্বদের স্কুদ্র জ্ঞান ও ব্যবহারিক কর্মক্ষমতার সাধারণ পরিষি ভালোভাবে গড়ে তোলার এক যোগস্ত্র দেখতে পাই। গণিতশাস্ত্র অধ্যয়নের ক্ষেত্রে দাবি ও লক্ষ্যের স্পান্টতা, স্মানিদিন্টি রূপ বিশেষ গারেছেপার্ণ ভামিকা গ্রহণ করে। প্রত্যেক শিক্ষাবর্ষে ঠিক কোনু কোনু জিনিস শিক্ষার্থীদের গভার ভাবে মনে রাখতে হবে, স্মাতিতে সহছে রাখতে হবে আমি তা নিধারণ করি। গণিতবিষয়ক জ্ঞানের যে ভিত্তির উপর ভবিষাং গণিত শিক্ষার দটেতা নির্ভার করছে তা হল সংখ্যার স্বাভাবিক পর্যায় গঠনের মূলনীতি। প্রথম শ্রেণী থেকেই আমি চেণ্টা করি যাতে ১০০'র মধ্যে সীমিত সংখ্যা সংগ্রিষ্ট যোগ-বিয়োগের যে-কোন প্রশেনর উত্তর দিতে কোন শিক্ষার্থীকেই বিন্দুমার বেগ পেতে না হয়। এই লক্ষ্য অর্জনের জনা সংখ্যার সংবিদ্যাস বিশ্লেষ্ণ্যালক প্রশ্নমালা তৈরি করা হয়৷ গ্রণের নামতা সম্পর্কে দৃঢ় জ্ঞান ছাড়া না প্রাথমিক শ্রেণীগঢ়লিতে না ভবিষ্যতে — শিক্ষার্থীদের স্ক্রনী কর্ম ছিল আমার ধারণার বাইরে। অবশ্যপ্রয়োজনীয় জ্ঞানের পরিধি ম্ম্তিতে ধরে রাখ্য — স্জনী ভাবনার অন্যতম গ্রেছপূর্ণ উপার।

যে শিশ্র স্মৃতিশক্তি দুর্বল তার পক্ষে ভাবা, কল্পনা করা কঠিন। যে প্রশ্নটি আমাকে বহুকাল ধরে পাঁড়িত করত তা হল কী করে শিশ্বদের স্মৃতিশক্তি দৃঢ় করে তোলা যায়, বিকশিত করা বায়, এমন এমন ধারণা, সত্য ও সাধারণীকরণের সাহায়ে তাকে সমৃদ্ধ করে তোলা যায় যা চিরকাল মননক্রিয়ার হাতিয়ার হিশেবে কাজে লাগানো যেতে পারে। স্মৃতিশক্তি বিকাশের এমন এক উপায় হয়ে দাঁড়ায় 'অঙ্কের পেটরা'। এটা হল এক চাক্ষুষ শিক্ষা সহায়ক -- এর সাহারের শিশ্রেরা তাদের অঙ্কের জ্ঞান যাচাই করত। যাচাইয়ের র পটি ছিল আকর্ষণীয়: কাঠের একেকটি ব্রকের চারটি দিকে থাকত বিভিন্ন অধ্ক যোগফলস্বরূপ কিন্তু প্রতিটি চৌকো ব্লাকের চারপাশে থাকত একই রকম সংখ্যা। গ্রুণের নামতা অভ্যাসের জন্য বিশেষ ধরনের অত্ক দিয়ে এই পেটরাটি তৈরি। ন্মাতিশক্তির বিকাশ ও দঢ়তা অর্জনের চমংকার উপায়ন্বরূপ ছিল বৈদ্যাতিক অঞ্ক্যন্ত। বৈদ্যাতিক চেন ব্যবহারের ভিত্তিতে যক্ষটি চলত। প্রতিটি শিক্ষার্থী এই যক্ষে গুণের নামতা আর সংখ্যার স্বাভাবিক পর্যায়বিন্যাস অভ্যুস করত। তৃতীয় শ্রেণীতেই আমরা নিজস্ব বৈদ্যুতিক গণিতযন্ত্র বানাতে শারু করি, চতুর্থ শ্রেণী শেষ হওয়ার সময় পর্যন্ত এ রাকম ৪টি যাব্র আমাদের ছিল। শিক্ষা**র্থ**ীদের মানসিক বিকাশের পক্ষে মন্নক্রিয়া ও হাতের কাজের সমন্বয় যে কতথানি গ্রাছপূর্ণ এই কাজের মধ্য দিয়ে আরও একবার আমি তা টের পাই। চাক্ষ্মব শিক্ষা-সহায়ক তৈরির কাজে অংশগ্রহণের কল্যাণে (বলাই বাহ্যল্য, মননক্রিয়ার উপর প্রভাবের অন্যান্য উপায়ের সঙ্গে সমন্বয়ে এতে নির্দিত্ট ফল পাওয়া যায়) অচ্ছির ম্মতিশক্তিসম্পন্ন ছেলেমেয়েদের ম্মতিশক্তি দৃঢ় হতে থাকে।

চিন্তাচর্চা শিক্ষার ব্যাপারে বড় রক্ষমের স্থান দেওয়া হয় দাবার। 'আনন্দ নিকেতনে' থাকতেই বহু ছেলেমেয়ে দাবা থেলতে শেথে। ছেলেয়া আর মেয়েয়া প্রায়ই দাবাব ছকের পাশে থৈর্য ধরে বসে থাকত। দাবা থেলা মননক্রিয়াকে সুংশৃখল করে, একাগ্রতার শিক্ষা দেয়। তবে এখানে সবচেয়ে বড় কথা হল স্মৃতিশক্তির বিকাশ। খুদে দাবা খেলোরাড়দের লক্ষ্য করে আমি দেখেছি তারা মনে মনে আগেকার পরিস্থিতি প্নগঠিন কবতে পারে, পরে যে পরিস্থিতি হবে তাও ধারণা করতে পারে। আমার খ্বই ইচ্ছে ছিল ভালিয়া, নিনা এবং পেতিকও যেন দাবা খেলে। আমি ওদের খেলা শেখাই, ওরা একসঙ্গে পর পর কয়েকটি চাল ভাবতে পারত। দাবার ছক আমাকে লালা ওপাভেলের গাণিতিক চিন্তার ক্ষমতা আবিক্কারে সাহায্য করে দাবা খেলার আগে পর্যন্ত (এরা খেলতে শার, করে তৃতীয় গ্রেণীতে) আমি ওদের চিন্তার তীত্রতা ও প্রবল শন্তি লক্ষ্য করি নি।

দাবা ছাড়া মানসিক ক্ষমতা ও স্মৃতিশক্তির পূর্ণমান্তার শিক্ষা ধারণাই করা যায় না। প্রাথমিক বিদ্যালয়ে বৃদ্ধিচর্চার অন্যতম উপাদানর পে দাবা খেলার স্থান হওয়া উচিত। কথাটা হচ্ছে ঠিক প্রাথমিক বিদ্যালয় নিয়েই, যেখানে বৃদ্ধিবৃত্তিসংকান্ত শিক্ষা এক বিশেষ স্থান অধিকার করে এবং তার জন্য আবশ্যক হয় কাজের বিশেষ বিশেষ রূপ ও পদ্ধতি।

## আমাদের বিশ্ব 'পর্যটন'

প্রথমিক শ্রেণীতে শিক্ষাদানরত শিক্ষকের কর্তব্য হওয়া উচিত শিক্ষরে দ্ণিটর পরিধি যাতে ধ্বীরে ধ্বীরে জন্মস্থানের মাঠ ও বন থেকে আমাদের মাতৃভূমির, তথা সারা দ্বনিয়ার প্রকৃতি ও জীবনের চিত্র পর্যন্ত পরিব্যাপ্ত হয় সে ব্যাপারে সচেন্ট হওয়া।

প্রথম শ্রেণীতেই আমার ছেলেমেরেরা ভালোমতো জানত যে প্থিবী হল এক বিরাট গোলক, সে স্থেরি চারধারে ঘোরে এবং একই সময় প্থিবীর কোন প্রান্তে হয় প্রচণ্ড গ্রীষ্মকাল, কোন প্রান্তে বা ভরত্বর শীতকাল, কোথাও দিন, কোথাও বা র.ত। দ্বিতীয় শ্রেণী থেকে শ্রুর হল আমাদের বিশ্ব 'পর্যটন'। ছেলেমেরেরা 'সব্জ ক্লাসঘরে' বসে, তাদের সামনে — বিরাট ভূগোলক — কৃত্রিম 'স্থেরি' আলোম আলোকিত; 'প্থিবী' 'স্থেরি' চারদিকে ঘ্রছে, 'চাঁদ' ঘ্রছে 'প্থিবীর' চারদিকে। আমি ছেলেমেরেদের বিল: 'এই দেখ, আমাদের মাতৃভূমির এলাকা। আমরা এর প্রশিচ্ম সীমান্তের কাছাকাছি বাস করি, এসো, যাওয়া যাক প্রবে, ঘোরা যাক শহরে আর গ্রামে, দেখি লোকজন কী ভাবে থাকে।' তারপর আমাদের যাত্রাপথে যে সব প্রান্তর, নদী ও জনবসতি পড়ে সেগ্রেলর বিবরণ আমি দিই। ছবি আর ক্লাইড দেখানোর সঙ্গে বিবরণ চলে।

ইতিমধ্যে সন্ধা হয়ে আসে, 'পর্যটনে' দ্ব'ঘণ্টা কেটে গেল অথচ আমরা ১০০ কিলোমিটারও পেরোলাম না। ছেলেমেয়েরা অধীর আগ্রহে প্রতীক্ষা করে আবার কবে তারা 'পর্যটনে' যাবে।

...আবার শহর ও গ্রাম, বন ও নদী, দালান কোঠা ও প্রাচীন স্মৃতিচিন্ত, কিন্তু 'পর্যটন' একঘেরে লাগে না, কেননা আমাদের মান্তভূমির প্রতিটি প্রান্তে শিশ্রা নিজন্ব বৈশিণ্টাস্টেক, নতুন কোন না কোন জিনিস দেখে। 'পর্যটনের' আরও কয়েক দিন কেটে যায়, আমরা এবারে চলে আসি ভলগার কাছাকাছি, দেখতে পাই জলবিদ্যুৎকেন্দ্র, ভলগা তীরবর্তী বিস্তীর্ণ স্তেপভূমিতে পশ্টারণকারীদের সাক্ষাৎ পাই। ছেলেমেয়ের

রুদ্ধখাসে শোনে স্তর্গলনগ্রাদের মহাসংগ্রামের কাহিনী\*—
এই লড়াইয়ের ওপরই নির্ভার করছিল মানবজাতির
ভাগ্য। হাজার হাজার, লক্ষ লক্ষ বীর যদি এখানে মরণপণ
লড়াইয়ে না নামতেন, যদি নৃশংস ও শক্তিশালী শত্রর প্রবল
আক্রমণ প্রতিহও না করতে পারতেন, করে শিরদাড়া না ভাঙতে
পারতেন ভাহলে আজ আর আমাদের পক্ষে এই আরামের
রুদেখরে বসে থাকা সম্ভব হত না। শিশ্বদের অলপ বয়স
থেকেই মানবজাতির ভাগা, উংকাঠা ও উর্বেগের বৃহৎ জগতের
সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া উচিত। শিশ্ব অন্তব কর্ক যে
আজও প্থিবীতে এমন সব শক্তি আছে যারা নতুন করে
রক্তক্ষরী ব্রুক্স্টনার জন্য প্রস্তুত। শিশ্বদের হদয়ে শাভির
শত্রদের প্রতি গভার ঘ্লাবোধ থাকুক, ব্রিদ্ধ পাক, নিজেদের
পিত্পিতামহের বারন্ধপর্ণ কীতিকাশেতর মধ্য থেকে শিশ্বমা
এই দৃঢ় বিশ্বাস আহরণ কর্ক যে মান্য ভাগ্যের ঘ্রিণবাতে
ধ্লিকণা নয়, মান্য হল এক প্রচণ্ড শক্তি।

ছেলেমেরেরা এগিরে চলে মাতৃভূমির গহন থেকে গহনতম প্রদেশে, তাদের সামনে উদ্মৃক্ত হয় নতুন নতুন চিত্র: সম্ব্র উরাল ও তার অফুরান খনিজ সম্পদ, রহস্যময়ী তাইগা, সাইবেরিয়ার বিশাল বিশাল নদী। ...কয়েক দিন আমরা ভ্রমণ করি উরালের অপার্ব মণিমাণিক্যের দেশে, ভ্রমণ করি প্রাকৃতিক সম্পদ অন্সন্ধানকারী ভূতত্বিদদের সঙ্গে। স্টামারে চেপে

<sup>\*</sup> ১৯৪২-১৯৪৩ **সনে গু**লিনগ্রাদে (ভলগোগ্রাদে) সোভিয়েত দেনাবাহিনীর জয় ফাশিশু দখলকারীদের বিরুদ্ধে সোভিয়েত ইউনিয়নের পেতৃভূমির মহাফুদ্ধের, তথা সমগ্র বিশ্বযুদ্ধের এক পরম স্বিক্ষণে প্রণত হয়।

বসি, বৈকাল হুদের ওপর দিয়ে যাত্রা করি, মৃধ্ব হই পাহাড় আরু বন দেখে, ক্যাম্পফায়ারের সামনে রাত্রের আন্তানা গাড়ি।
...এগিয়ে চলি আরও দ্রে ছেলেমেয়েদের সামনে উন্মৃত্ত হয় দ্র প্রাচ্যের সম্পদ, তাবপবই - সমৃদ্র। জাহাজে চেপে বসি, যাত্রা করি সাখালিনের দিকে, ত্যবপর গিয়ে উঠি কুরিল স্বীপপ্রেঞ্জ — এখানে আমাদের মাড্ভূমির দিন শ্রে হয়। প্রায় তিন মাস ধরে আমাদের 'পর্যটনপর্ব' চলে, প্রতিদিন আমরা গড়ে ১০০ কিলোমিটার করে পার হতাম, চল্লিশটিরও বেশি জাতিগোল্ঠীর প্রতিনিধিদের সাক্ষাৎ পাই, পরিচিত হই অপুর্ব লোকজনের সঙ্গে — চামী, নির্মাণকর্মী, খনিমজ্বর, জেলে আর ভূতত্ত্ববিদদের সঙ্গে। তারা সকলেই কাজ করে, যাতে আমরা ভালো ভাবে জীবনযাপন করতে পারি। শিশ্বরা মনে মনে অনুভব করে গর্ব: আমাদের দেশ কী বিরাট, ঐশ্বর্যশালী, কী মিলমিশই না সেখানকার লোকজনের মধ্যে।

আমরা মাতৃভূমিতে একের পর এক আরও কয়েকটি 'প্রবিটন' সারি। উত্তরে বাই — আমাদের সামনে উল্মান্ত হয় ভয়াল ও সাল্দর তুলা, গরিমাময় মের্সাগর; আমরা দেখা পাই দা্ঃসাহসী মের্-অভিযাতীদের, হরিণপালনকারী আর কাঠুরেদের। পাহাড়ী চারণভূমির সৌল্দর্য দেখে মা্ম হই। দাক্ষিণে ককেশাসের পাহাড় আর মধ্য এশিয়ার সমতলভূমি 'প্রবিন করি':

সারাটা বছর আমরা পথে পথে। 'মাতৃভূমি' শব্দটি শিশ্বচেতনায় পরিপ্র্ণ হয়ে ওঠে উল্জ্বল চিত্রে, জাগিয়ে তোলে সোভিয়েত জনসাধারণের বীরত্বপূর্ণ প্রমের জন্য গর্বের অন্বভূতি। আমাদের দ্ভীন্তে অন্যান্য প্রাথমিক শিক্ষকেরাও মাতৃভূমি 'প্রযুক্তন করলেন। প্রভূত মূল্য দিয়ে যা অজিত হয়েছে, যা সোভিয়েত জনগণের কাছে পরম ম্লাবান, মাতৃভূমি বলতে শিশ্রা যাতে সে সম্পর্কে ধারণা করতে পারে তা আমাদের উদেদশ্য ছিল।

শিক্ষার দিক থেকে সবচেয়ে আকর্ষণীয় ছিল সোভিয়েত ইউনিয়নের ভাতৃপ্রতিম প্রজাতন্ত্রগালিতে আমাদের 'প্যটিন'। এই 'পর্যটন' শ্রে, হয় নীপার নদীপথে যাত্রা দিয়ে। নীপার নদী হল আমাদের ভ্রাতপ্রতিম তিন জ্রাতির — রুশ, বেলোরুশ ও ইউক্রেনীয় জনগণের নদী। এই মহানদী ধরে যেতে যেতে দ্রাতপ্রতিম জাতিসমহের গ্রাম ও শহরের সঙ্গে, তাদের বীরত্বপূর্ণ অতীত ও বর্তমানের সঙ্গে আমরা পরিচিত হই। প্মলেন্স্ক ও লয়েভ, কিয়েভ ও কানেভ, চেকািস ও ক্রে:মনচুগ, জাপরোজিয়ে ও কাখোভ্কা — প্রতিটি শহরই শিশ্বদের সমরণ করিয়ে দেয় সেই মহান ভাতৃত্বকে যা দ্যুতা লাভ করে সংগ্রামের মধ্য দিয়ে -- দাসত্বস্কনকারীদের বিরুদ্ধে সংগ্রামে. শোষণকারীদের কবল থেকে মুক্তিলাডের জন্য, গ্রুযুদ্ধ ও পিতৃভূমির মহাযুদ্ধের পূর্বে মুক্তি ও স্বাধীনতার জন্য সংগ্রামে রক্তপাতের মধ্য দিয়ে। নীপার 'পর্যটনের' সময় ছেলেমেয়েরা শোনে ইউক্রেনীয়, রুশী ও বেলোরুশীয় গান, যেখানে গাঁত হয়েছে জন্মভূমির নদার সোন্দর্য ও গরিমা, জাতিতে জাতিতে দ্রাতৃত্ব ও মৈত্রীর কথা। সোভিয়েত শাসনের আমলে আমাদের প্রজাতকে যা যা নিমিতি হয়েছে তার বিবরণ শ্বনে সমাজতান্ত্রিক জনমভূমির জন্য শিশ্বরা গর্ব অনুভব ক?'ব।

কয়েক দিন কাটল মৈত্রীর সম্তিবিজড়িত স্থানগুলি 'প্যটিনে।'। আমরা সে 'প্যটিন' শুরু করলাম পেরেয়াস্লাভ্ল খ্যেক্নিৎস্কিতে, যেখানে ইউক্রেনের জনগণ রুশ জাতিব সঙ্গে তাদের চিরস্থায়ী ঐক্যবন্ধনের অভিপ্রায় ব্যক্ত করে। মনে মনে আমরা অতিক্রম করি শত শত শহর, যাদের ভাগ্য মাতৃভূমিব মুক্তি ও প্রাধীনতার জন্য, গৃহ্যুদ্ধা ও ফাশিস্ত দথলকারীদের কবলে বিধন্ত কলকারথানা প্রনর্দ্ধারের জন্য ইউল্রেনীয় ও রুশ জাতির সাধারণ সংগ্রামের সঙ্গে সংশ্লিষ্ট। শিশ্বদের মনে অবিপ্ররণীয় ছাপ ফেলল রুশ সোভিয়েত ফেডারেটিভ সমাজতাল্রিক প্রজাতশ্বে দীর্ঘ দিনব্যাপী 'প্র্যাটন'। আমাদের সামনে প্রকাশিত হল জাতিতে জাতিতে মৈন্ত্রীর মহিমা — রাশিয়ার মাটিতে একশাটিরও বেশি জাতিসন্তার বাস। শিশ্বা ভলগা অঞ্চল, উত্তর ককেশাস, উরাল, সাইবেরিয়া, দরে প্রাচ্য ও প্রতান্ত উত্তরাগ্রলের জাতিসন্তাসমূহের

আমাদের মাতৃভূমির মানচিত্রে আমরা লোননের স্মৃতিবিজ্ঞতি কিছ্ কিছ্ জায়গায়ও 'পর্যটন' সারি উলিয়ানভ্সক, কুইবিশেভ, কাজান, লোনিনগ্রাদ, মদেকা, শ্লেশন্সেকায়ে — ভৌগোলিক মানচিত্রে এই বিশ্দুগ্লির প্রতিটিই শিশ্বিচিত্তে জাগ্রত করে উজ্জ্বল চিত্র: আমি কমিউনিস্ট পার্টি ও সোভিয়েত রাষ্ট্রের স্রন্থী ভ্রাদিমির ইলিচ লোননের শৈশব, কৈশোর ও পরিগত বয়সের কাহিনী ওদের বলি।

জীবনযাত্রা ও প্রমের পরিচয় লাভ করে ৷

বেলোর্শিয়া ও মোল্দাভিয়া, মধা এশিয়ার ভাতৃপ্রতিম প্রজাতদ্যসমূহ এবং বলুটিক তীরবর্তী ও ট্রাস্স-ক্রেশীয়

<sup>\*</sup> সোভিয়েত ইউনিয়নে গ্রেষ্ক (১৯১৮-১৯২০) সোভিয়েত রাশিয়ায ১৯১৭ সালের মহান অক্টোবর সমাজতাশ্তিক বিপ্লবেব অর্জিত সাফল্য রক্ষার জন্য বৈদেশিক ও সভাত্তরীণ প্রতিবিপ্লবী শক্তির বিষ্কৃদ্দ সোভিয়েত রাশিয়ায় প্রমিক ও মেহনতী ভূষকদের যুদ্ধ।

প্রজাতন্ত্রগর্মালতে পর্যটনের' ফলে শিশ্বদের সামনে জাতিতে জাতিতে কাতিতে কাতিতে কাতিতে কাতিতে কাতিতে মহামৈরীর নতুন নতুন চির ক্রমেই উন্মৃত্ত হতে থাকে ৷ আমাদের মানসভ্রমণ আরও উন্জ্বল ও চিত্তাকর্ষক হয়ে দাঁড়ায় এই কারণে যে তথনই আমাদের ক্লাসের ছেলেমেয়েয়া বেলোর্মিয়া ও রাশিয়ার স্কুলের ছেলেমেয়েদের সঙ্গে প্রালাপ চালাচ্ছিল ৷

আমরা আমাদের দেশের সীমানা ছাড়িয়েও 'পর্যটন' করতাম! প্থিবীর বিভিন্ন প্রান্তের প্রকৃতির বিচিন্ন রূপ ও সৌদ্দর্য দেখানো, বিশ্বের নানা জাতির জীবনে ও শ্রমে যা যা ভালো আছে তারা বিবরণ দেওয়া, বিভিন্ন ভাষাভাষী লোকজনের সংস্কৃতি, দিলপ, বর্তমান ও অতীতের প্রতি আগ্রহ জাগিয়ে তোলা, সমগ্র বিশ্বে শৃভ ও অশ্বভের যে সংগ্রাম চলছে তার পররূপ তুলে ধরা — এ-ই ছিল আমার উদ্দেশ্যা। এই সব পর্যটনের' ক্লেন্তে মাতৃভূমিতে 'পর্যটনের' তুলনায় চাক্ষ্ম উপকরণের ভূমিকা আরও বেশি ছিল: এখানে প্রয়োজন ছিল আমাদের দেশে যা দেখার উপায় নেই সেই দ্রে দ্রে দেশের, সেখানকার প্রকৃতির ধারণা গড়ে তোলা।

প্রথমে আমরা সফর করলাম গ্রীক্মপ্রধান দেশগর্নিতে। দিনের পর দিন ছেলেমেয়ের পরিচিত হতে লগেল মিশর, ভারত, সিংহল ও ইন্দোনেশিয়ার প্রকৃতি, দৈনন্দিন জ্বীবনয়ায়া, শ্রম ও সংস্কৃতির সঙ্গে — ওরা বিবরণ শ্বনত, ঐ সব দেশ সম্পর্কে চলচ্চিত্র দেখত। ছেলেমেয়েয়া যেন কম্পনায় চলে যেত ছিমছাম তালতমালের ছায়ায়, অন্ভব করত গ্রীক্ষম-ডলীয় স্থেরি দাবদাহ, প্রবল বর্ষণের শীতলতা, লক্ষ্য করত মেহনতীদের জ্বীবনয়ায়া। পিরামিডের দেশ মিশর 'প্র্যটন' হদয়গ্রাহী হয়। তারপব আমরা 'প্র্যটন' করি প্রতিবেশী রাষ্ট্রগ্রলিতে —

প্রমণ করি বল্টিক তীরবর্তী দেশগন্নিতে, স্ক্যান্ডিনেভিয়ার, মধ্য ইউরোপের দেশগন্নিতে, তুরস্ক, ইরান ও আফগানিস্তানে, জাপানে। এই ভাবেই আমরা 'পর্যটন' করি আফ্রিকা, দক্ষিণ আমেরিকা, কানাডা, মার্কিন যুক্তরাণ্ট্র, অস্ট্রেলিয়া ও দক্ষিণ মের্ অঞ্চল।

শিশ্বদের মনে বিরাট ছাপ ফেলে প্রথিবীর বিভিন্ন প্রান্তে প্রমঞ্জীবী মান্বেরে চিত্র। মান্ব যেখানেই থাকুকু না কেন, তার বর্গ যাই হোক না কেন, যে ভাষায়ই সে কথা বল্ক না কেন — সর্বত্রই সে পরিপ্রম করে, শিশ্বদের মান্ব করে, তাদের স্থের স্বপ্ন দেখে। আমি চেন্টা করি যতদ্র সম্ভব উজ্জ্বল ভাবে আমাদের দ্রান্ত্র্প্রতিম দেশগ্র্লির — সমাজতাশ্ত্রক দেশগ্র্লির জনগণের শ্রম ও জ্বীবনষাত্রার পরিচয় শিশ্বদের দিতে, তাদের মনে মেহনতীদের প্রতি মৈত্রীর অন্ভূতি জাগিয়ে তুলতে। আমি তাদের জার্মান গণতাশ্ত্রিক প্রজাতশ্ব সম্পর্কে বলি।

উল্জ্বল দৃষ্টান্ত শিশ্বদের মনে এই বিশ্বাস উৎপাদন করে যে ফ্যাসিবাদ ও জার্মান জনগণ — এক নয়, জার্মানির শ্রমিক শ্রেণীর শ্রেষ্ঠ সন্তানরা হিটলারী প্রতিক্রিয়ার তামসিক দিনগ্রিলতে ফ্যাসিবাদের বির্বেল দাঁড়িয়ে — যে শত্রের বির্বেল সোভিয়েত জনগণ লড়াই করেছে তারই বির্বেল দাঁড়িয়ে নিজেদের জীবন বিস্কর্জন করেছেন।

পূথিবী 'প্রবিটনের' সময় ছেলেমেয়েরা লক্ষ্য করে যে সব মান্যই যে স্থেশান্তিতে বসবাস করছে এমন নয় — দ্নিরায় এমন সব দেশ আছে যেখানে মান্য মান্যের উপর নির্যাতন চালাচ্ছে, যেখানে বিরাজ করছে ক্ষ্যা ও দারিদ্র। শিশ্বচেতনায় এই অকল্যাণের কারণ সম্পর্কে ধারণা গড়ে উঠতে থাকে — শিশ্বা ধারণা করতে পারে যে এর কারণ হল 
সন্চিত্র সমাজব্যবস্থা। শিশ্বদের মনে ধীরে ধীরে এই বিশ্বাস
রুশ্মার যে দ্বিনয়ায় শোষক জার শোষিতদের মধ্যে তীর,
আপসহীন সংগ্রাম চলছে। যে সব মেহনতী মান্ব এখনও
দাসস্বন্ধনে আবদ্ধ তাদের দ্বংখ, যে-সমস্ত জাতি আজও
পরাধীন রয়ে গেছে তাদের দ্বংখ আমার শিক্ষার্থীদের মনে
সঞ্চার করে দেওয়া আমার উদ্দেশ্য ছিল। শিশ্বমন যক্ত্রণায়
কাতর হয়ে পড়ে। শিশ্বনা অন্য দ্ভিতত দেখে নিজেদের
মাত্ভূমির নাগরিকদের শ্বাধীন শ্রমকে, তারা অন্ত্বে করে
যে মাত্ভূমির কল্যাণে নিয়োজিত শ্রম, নিজেদের পরিবার ও
ভাতির স্বার্থে নিয়োজিত শ্রম সুখকর।

যতক্ষণ পর্যন্ত দ্বনিয়ায় মান্বের উপর মান্বের শোষণ আছে, ততক্ষণ সমগ্র মানবজাতির প্রতি ভালোবাসার শিক্ষা দেওয়া সম্ভব নয়, কেননা বিমৃত্ মানবজাতি বলে কিছু নেই, আছে প্রেণী-সহোদর — শোষিত মান্ব আর ভার আপসহীন শত্র — শোষকপ্রেণী। বিপ্লবী, কমিউনিস্ট ভাব বলতে কীবোঝায় প্রতিটি শিশ্ব যাতে অলপ বয়সেই তা ধারণা করতে পারে, হদয় দিয়ে উপলব্ধি করতে পারে এটা অত্যন্ত গ্রুত্বপূর্ণ। আমি ওদের বেড়াতে নিয়ে যাই আমাদের মাতৃভূমির অদ্র এতীতে, মৃত্তি ও স্বাধীনতার জন্য ভার জনগণের সংগ্রামের বিবরণ দিই, উজ্জবল দ্টান্তের সাহায্যে দেখাই কী ভাবে একালে উপনিবেশিক ও প্রেজবাদী দেশগ্রনিতে মেহনতীরা নিজেদের অধিকার আদায়ের জন্য সংগ্রাম করে চলেছে; এবই ২বা দিয়ে ধীরে ধীরে শিশ্বদের মনে এই বিশ্বাস উৎপাদন করে যে ভাবাদশেরে থাতিরে মান্ব মৃত্যু বরণ করে, ভাবাদশের সংগ্রামে স্কুত্বই হয়ে প্রকাশ পায় শ্রেণী বিরোধিতার মর্মবিষ্ঠু।

যে-সমস্ত মান্ত্র উল্লন্ত, মহান আদশের স্বার্থে প্রাণ দিয়েছেন তাঁরা যাতে আমাদের শিক্ষার্থীদের আদশে পরিণত হন সেদিকে লক্ষ্য রাখা একান্তই প্রয়োজন।

কমিউনিস্ট ভাবাদশের ধারণা থেকে আমি ধীরে ধীরে শিশ্বদের উপনীত করলাম কমিউনিস্ট পার্টিসংক্রান্ত ধারণায়। মাত্রভামর অতীতের বর্ণনা প্রসঙ্গে আমি উম্জ্রল দুখ্যান্তের সাহায্যে শ্রমিক শ্রেণীর শ্রেষ্ঠ প্রতিনিধিদের নিঃস্বার্থ সংগ্রামের কথা বলি, মানুষে মানুষে শোষণ যাতে না থাকে, মেহনতীয়া যাতে সূথেশান্তিতে বসবাস করতে পারে, যারা সম্পদ সূগিট করছে তারা যাতে সম্পদের মালিক হতে পারে তার জন্য তাদের সংগ্রামের পরিচয় দিই। আলাপ আলোচনার সময় আমি বর্ণাঢ্য ভাষায় ছেলেমেয়েদের কাছে বর্ণনা দিই কী ভাবে লেনিন ও কমিউনিস্ট পার্টির পরিচালনার শ্রমিক শ্রেণী ও ক্ষমক সম্প্রদায় সৈবরাচার উচ্ছেদে ও সোভিয়েত শাসনক্ষমতা প্রতিষ্ঠায় বন্ধপরিকর হয়। মহান লেনিনের সহযোগা. ক্মিউনিস্টদের নিঃস্বার্থ সংগ্রামের উল্জ্বল দুন্টাল্ডের সাহায্যে আমি দেখাই কী কঠিন ও তীব্ৰ সংগ্ৰামের মধ্য দিয়ে সংঘটিত হর মহান অক্টোবর সমাজতান্তিক বিপ্লব, যাে আমাদের মাতৃভূমির জাতিসমূহের মূত্তি ও সূথের আলোকিত পথ নির্মাণ করেছে, দেখিয়েছে পাজিবাদী দেশগালিতে দাসম্ব বন্ধনে আবদ্ধ বহু, জ্যাতির কোটি কোটি মানুষের মুক্তির পথ।

সোভিয়েত শাসনপরে আমাদের দেশের যে কী অবিশ্বাস্য পরিবর্তান ঘটেছে, দেশজ্বড়ে কী ধরনের বিশাল বিশাল কলকারখানা গড়ে উঠেছে, কী রকম আশ্চর্য সমস্ত যৌথখামার দেশের মাটির সৌন্দর্য বৃদ্ধি করছে, সোভিয়েত জনগণের দৈনন্দিন জীবন্যাত্রা ও সংস্কৃতির মান যে কত উল্লত হয়েছে, মাতৃভূমি 'পর্য'টনের' সময় আমি শিশ্বদের কাছে তার বিবরণ দিই। আলাপ আলোচনার সময় আমি বেশি করে মনোযোগ আকর্ষণ করি আমাদের ছেলেমেয়েদের জীবনযান্তার প্রতি। গাদের স্কুথের শৈশব রক্ষা করছে আমাদের সমগ্র জাতি।

সোভিয়েত দেশের সমৃদ্ধ জীবনের বিপরীত হল পর্জিবাদী দেশগ্রিটেত মানুষের কঠিন জীবনযাত্র।

জাপান 'পর্যটনের' সময় শিশ্বো জানতে পারল ১৯৪৫ সনে হিরোসিমায় পারমাণ্যিক বোমাবর্ষণের ফলে হাজার হাজার নিবিরোধী মান্তের বিকিরণজনিত পীড়ায় আক্রান্ত হওয়ার কথা, জানতে পারল গুরুতর পীড়ায় শয্যাশায়িনী বালিকা সাদাকো সাসাকির কথা। ছেলেমেয়েরা তাদেরই সমবয়স্কা, দূরে দেশের এক মেয়ের দৃঃথে গভীর মর্মপীড়া এন,ভব করে। তারা অসম্ভ মেয়েটিকে সাহায্য করতে চার, িকস্ত কী ভাবে সাহায্য করা যায় তা ব্রুবতে পারে না। জাপনে 'পর্যটনের' কয়েক সপ্তাহ বাদে আমি ছেলেমেয়েদের পড়ে শোনালাম সংবাদপত্তের ছোট একটি খবর, তাতে জানানো ংয়েছে যে সাদাকো সাসাকির এখন লক্ষ্য হল কাগজ কেটে এক হাজার সারসের বাচ্চা তৈরি করা (জাপানী লৌকিক িশ্<mark>যাস অনুযায়ী, যে নিজের হাতে এক হাজার সারসের বাচ</mark>্চা বানিয়েছে সে সুখা হবে)। আমাদের জাতির অনেকটা এই াক্ষ একটা বিশ্বাস আছে: শ্লেহময়ী জননী অস্কুছ শিশক্ষেস্তানের জন্য কাগজ কেটে রুপোলি ভারাই পাখি ানান — ভার,ই পাথি স্বাস্থ্যের বাহক। ছেলেমেয়েরা তাই সারসের বাচ্চা তৈরি করে, সেগ<sub>ু</sub>লিকে দূর সূর্যোদয়ের দেশে পাঠার। ..বছরের পর বছর কেটে গেল, আমার শিক্ষার্থীরা ইতিমধ্যে কৈশোরে পদার্পণ করেছে, সাদাকে সাসাকির স্বাস্থ্য সম্পর্কে প্রতিটি সংবাদে গভীর বেদনায় তাদের মন ভারাক্রান্ত হয়ে ওঠে। দক্তবর বান্ধবীর মৃত্যুর দক্ষণজনক সংবাদ কিশোর-কিশোরীরা নিদাবলে ব্যক্তিগত ক্ষতিস্বব্যুপ বিবেচনা করে।

যে দুনিয়ার দিগন্ত শিশুর চোখের সামনে ধীরে ধীরে নডেচড়ে বেডাচ্ছে তা কৈবল সাগর-মহাসাগর নয়, মহাদেশ ও দ্বীপমালা নয়, অদেখা উদ্ভিদজগৎ ও জীবজগৎ নয়, উত্তর মের,প্রদেশের মের,জ্যোতি আর গ্রীষ্মমন্ডলের চিরগ্রীষ্ম নয় — তা হল স্বেপিরি মান্য, তার শ্রম, সুখী ভবিষাতের জন্য তার সংগ্রাম, যে-সমস্ত দেশে মানঃবের উপর মানঃবের অত্যাচারের অবসান ঘটেছে তাদের আদর্শে মানবঞ্চাতির সুখ ও ন্যায়বিচার প্রতিষ্ঠার চিরন্তন স্বপ্ন। শিশুদের এ জগতে প্রবেশ করতে হবে — কোথায় কী ঘটছে সে-সম্পর্কে ওয়াকিবহাল, নিলিপ্তি পর্যবেক্ষক হলে তাদের চলবে না, তাদের হতে হবে মানবজাতির ভাগ্যের জন্য উদ্বেগে আকুল মানুষ। আমাদের মাজভূমি ও মাজভূমির বাইরের দেশগুলি 'পর্যটনের' সময় একটি বিপদের কথা ভূলে গেলে চলবে না--জ্ঞান ও অভিজ্ঞতার 'গ্রের্ভোজনে' শিশ্বদের ভারালান্ত করার বিপদ। 'পূথিবীর ওজন কত, সূর্যের ওজন কত, কোন্ কোন্ পদার্থ দিয়ে সূর্য গঠিত, কী ভাবে গাছের ও মানুবের জন্ম হয়, মানুষ কী রকম অসাধারণ সব যন্ত্র বার করেছে — এ ধরনের অসামান্য যে-সমস্ত ফলাফল বিজ্ঞান লাভ করেছে সেই সব অতি প্রিয় (বিশেষত স্কুলপাঠ্য বিদেশী গ্রন্থগঞ্জিতে) সংবাদ প্রদান থেকে বিরত থাকন! ছোট ছেলেমেয়েদের শিক্ষকের প্রতি লেভ তলগুয়ের এই উপদেশ। নির্ভেজাল ফলাফল শিক্ষার্থীর উপর ক্ষতিকর প্রভাব সূচ্টি করে তাকে কথার ওপর বিশ্বাস করতে শেখায় -- মহান লেখক ও

শিক্ষারতী তাঁর উপদেশের তাৎপর্য এই ভাবে ব্যাখ্যা করেছেন। কথাগনলৈ যখন লেখা হয় তারপর থেকে বহু বছর কেটে গৈছে, দুনিয়াকে এখন আর চেনাই যায় না, বিজ্ঞানের ক্ষেত্রে বিরাট বিরাট সাফল্য অজিত হয়েছে, ছোট ছেলেমেয়েদর দুফিক্ষমতাও এখন অন্য রক্ষ। কিন্তু লেভ তলন্তরের উপদেশ আজও তার মূল্য হারায় নি। শিশুদের কাছে তথ্যভারাক্রান্ত বিবরণ রাখা উচিত নয়, তাতে তারা বিদ্রান্ত হয়ে পড়ে।

## শিশ্বর চাই মানসিক প্রমের আনন্দ, বিদ্যায় সাফল্যের আনন্দ

শিক্ষাথাঁর মানসিক শ্রম, বিদ্যাশিক্ষার সাফল্য ও অসাফল্য — এ হল তার অন্তজাঁবন, তার অভ্যন্তরীণ জগৎ, তাকে অবজ্ঞা করার পরিণাম শোচনীয় হতে পারে। শিশ্য যে কেবল কোন জিনিস জানে, কোন বিষয় আয়ন্তে আনে তা-ই নয়, সে নিজন্ব শ্রমের অভিজ্ঞতার মধ্য দিয়ে যাত্রা করে, সাফলা ও অসাফল্যের প্রতি সে তার গভাঁর ব্যক্তিগত অনুভূতি প্রকাশ করে।

ছোট শিশ্বে কাছে শিক্ষক হলেন ন্যায়পরায়ণতার জীবস্ত প্রতিম্তি । অসন্তোষজনক নুদ্রর পাওয়ার পর স্কুলের প্রথম শ্রেণীর শিক্ষার্থীর মনোভাব কেমন হয় তা একবার তার চোথের দিকে তাকিয়ে বোঝার চেন্টা কর্ন। ...শিশা যে কেবল নিজেকে অস্থী ভাবে তাই নয়, শিক্ষকের প্রতি সে পোষণ করে বির্প মনোভাব, কথনও কথনও শাহ্তাপ্রণ মনোভাবও বটে। আসলে শিশ্ব কোন একটা ব্যাপার ব্রবতে না পারায় শিক্ষক তাকে খাবাপ নন্বর দিয়েছেন, কিন্তু এর জন্য শিশ্বের কাছে তিনি হয়ে গেলেন পক্ষপাতদ্বন্ট লোক।

একটা স্কুলে এ রকম এক ঘটনা ঘটে। শিক্ষার্থী কিছুতেই ব ঝতে পারছিল না উন্তিদ কী করে আহার সংগ্রহ করে, নিশ্বাসপ্রশ্বাস নেয়, কী ভাবে কলি থেকে পাতা গজায়, ফুল থেকে ফল হয় ইত্যাদি। শিক্ষক ছেলেটিকে বেশ কয়েকবার তলব করলেন, প্রতিবারই বলেন: 'এই সাধারণ ব্যাপারটাও ব্ৰুতে পারিস না, মোটকথা তই কোন জিনিসটা ব্রুত্ত প্রারিস, শানি?' একদিন পাঠ চলার সময় তিনি বললেন: 'কয়েক দিন বাদে বাদাম গাছের কলি থেকে পাতা গজাবে, আমরা ক্রাসসক্রে সকলে বাদমেবীথীতে যবে। তোমাদের প্রত্যেকের কাছে যে ব্যাপার স্পষ্ট, ওখানে গিয়েও যদি আলিওশা ডা আমাদের না বলতে পারে তাহলে আর কোন আশা নেই।' শিক্ষক ফল থেকে তার নিজের হাতে গড়া ছোট ছোট বাদাম গাছের বীথীকে বড ভালোবাসতেন পিরিয়ড শরে হওয়ার আগে তিনি কয়েকজন ছাত্রছাত্রীকে নিয়ে আরও একবার প্রতিটি ছোট ছোট গাছের মাথায় কলির শোভা দেখে চোখ জ্যভানোর জন্য বীথীর দিকে গেলেন। আর পরদিন যখন পাঠের সময় গোটা ক্লাস বাদামবীথীতে এলো তখন শিক্ষক ত হতবাক: গাছের সমস্ত কলি মুড়ানো। শিশুরা বিষয়া শিক্ষক লক্ষ্য করলেন, আলিওশার চোখে জবলছে হিংস্র উল্লাসের আগ্রন।

এই আচরণের পশ্চাতে আছে শিশ্রের আন্তর শক্তির বিক্ষোভ, প্রচণ্ড বিস্ফোরণ, হৃদরের গভাঁর যন্ত্রণা বালক তার শক্তির প্রতি অবিশ্বাসের বিরুদ্ধে প্রতিবাদ জানাল। কিন্তু শিক্ষকতার ব্যবহারিক অভিজ্ঞতায় দেখা গেছে যে অনেক সময়ই ছেলেমেয়েরা খারাপ নন্বর পেয়ে পেয়ে শেষ পর্যন্ত যেন নিজের ভাগোর সঙ্গে আপস করে নেয়, তাদের কাছে তখন সবই সমান। কখনও কখনও নিজের পাওয়া নন্বরের প্রতি শিশ্রের উদাসীন্য বন্ধবান্ধবদের হাসিঠাট্রার বিষয় হয়ে দাঁড়ায়, ধাঁরে ধাঁরে ছেলেমেয়েরা সকলে ব্যাপারটায় অভ্যস্ত হয়ে ওঠে, তারা মেনেই নেয় যে ভানিয়া কিংবা পেতিয়া এর চেয়ে ভালো নন্বর পেতে পারে না। ব্যক্তিত্ব গঠনের মুখে মনোজীবনের পক্ষে এর চেয়ে ভয়াবহ আর কিছু ধারণাই করা যায় না। ছোটবেলায়ই যে মান্বের আত্মর্যদোবাধ ভোঁতা হয়ে গেছে তার কাছ থেকে কাঁই বা আশা করা যেতে পারে?

শিক্ষকতার পরম গ্রের্সপূর্ণ কর্তব্যগ্রিলর একটি হল জ্ঞানার্জন প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রতিটি শিশ্রের মনে মানবিক মর্যাদাবোধ, আত্মমর্যাদাবোধ সন্তার করা। শিক্ষক কেবল শিক্ষার্থীর সামনে জগতের ছারোদ্ঘাটনই করেন না, তিনি শিশ্রেক নিজের সাফল্যে গঠিত সন্তির প্রভারত্বে, স্জনকারীর্পে পারিপার্শ্বিক জগতে প্রতিষ্ঠিত করেন। লেখাপড়া চলে সমন্তির মধ্যে, কিন্তু উপলব্ধির পথে শিশ্রেদর প্রতিটি পদক্ষেপ হয় স্বাধীন; মানসিক শ্রম হল গভীর ভাবে ব্যক্তিনিভর প্রক্রিয়া, তা নির্ভর করে কেবল শিশ্রের ক্ষমতার উপরই নয়, তার চরিবের উপরও বটে এবং এমন আরও বহু পরিক্রিতির উপর যেগ্রিল প্রায়ই অলক্ষিত থেকে বায়।

শিশ্রা খোলা মন নিয়ে, ভালোমতো পড়াশ্রনা করার বাসনা নিয়ে স্কুলে আসে। শিশ্র এমন কথা ভেবে পর্যন্ত ভয় পায় যে লোকে তাকে নিল্কর্মা কিংবা হতভাগা মনে করতে পারে। ভালোমতো পড়াশ্রনা করার বাসনা — সর্শ্বর মানবিক বাসনা আমার মতে, সেই উল্জব্রল অগ্নিকণা যার দ্বারা উন্তাসিত হয়ে ওঠে শিশ্বজীবনের গোটা তাৎপর্য, শিশ্বদের আনন্দজগণ। ক্ষীণ ও অরক্ষিত এই অগ্নিকণা শিশ্ব আপনার

কাছে, শিক্ষকের কাছে বয়ে আনে আপনার উপর অপরিসীম আস্থা নিয়ে, আপনি যদি শিশ্ব আকাৎক্ষা লক্ষ্য না করতে পারেন তার মানে হল নিজের শিক্ষার্থীদের বর্তমান ও তবিষ্যতের জন্য যে দায়িত্ববোধ আপনাকে উদ্দীপিত কয়ে তোলা উচিত ছিল তা আপনার অনধিগম্য। শিশ্বহদয়কে অসতর্ক ভাবে দপর্শ করলে — কটু কথায় মনে আঘাত দিলে কিংবা শিশ্ব প্রতি উদাসীন্য দেখালে এই আগ্নকণা সহজেই নিভে যেতে পারে। একমান্র বিদ্যাশিক্ষায় শিশ্বর সাফল্য, আমি যে সামনের দিকে পদক্ষেপ করছি, জ্ঞানের দ্বারোহ পথ বয়ে উপরে উঠছি — একমান্র এই গর্বমিশ্রিত চেতনা ও উপলব্ধিই জ্ঞানত্ক্ষার ক্ষণি অগ্নিকণার পক্ষে সঞ্জীবনী বায়প্রবাহস্বরূপ।

ব্যর্থা, নিত্যক্ত শ্রম বর্ষ্ণকদের কাছে পর্যন্ত বিত্রুজ্ঞাজনক, হতব্দুদ্ধিকারী, অর্থহীন হয়ে দেখা দেয়, আর আমাদের কাজ ত শিশ্বদের নিয়ে। শিশ্ব যদি তার শ্রমে সাফল্য না দেখতে পায় তাহলে জ্ঞানত্রুজার অগ্নিকণা নিভে যায়, শিশ্বহৃদয়ে গড়ে ওঠে বরফের চাঁই, আর যতক্ষণ না অগ্নিকণা আবার জরলে উঠবে (দ্বিতীয় বায়া তা জন্মলিয়ে তোলা বড়ই কতকর!) ততক্ষণ শত চেতাতেও সে বরফ গলানো যাবে না; শিশ্ব তার নিজের শক্তির উপর আছা হায়ায়, সে সতর্ক হয়ে পড়ে, আয়রক্ষার প্রস্কৃতি নেয়, শিক্ষকের উপদেশ ও তংসনার উত্তরে উদ্ধৃত্য দেখায়। কিংবা আরও খায়পে হয়: তায় আয়য়মর্যাদাবোধ ভোঁতা হয়ে যায়, তার যে কোন মনুরোদই নেই এই ভাবনায় সে অভ্যন্ত হয়ে পড়ে। মনটা ক্ষোভে-দ্বংথে ভরে ওঠে যখন চোথের সামনে দেখা যায় এমন উদ্বিসীন, গোবেচায়া কোন শিশ্বকে, যে ধৈয়ে ধরে ঝাড়া এক ঘণ্টাও শিক্ষকের

উপদেশ শ্নতে রাজি, যার কাছে কোন অর্থই বহন করে না বন্ধবান্ধবের কথা: তুই পিছিয়ে পড়া ছার, তোকে আরও এক বছর এ ক্লাসে পড়ে থাকতে হবে। .. মান্ধের আত্মর্যাদাবোধ দমন করার চেয়ে গাঁহতি কাজ আর কীই বা হতে পারে!

শৈশবে ও কৈশোরে শিক্ষার্থী নিজের সম্পর্কে কী মনোভাব পোষণ করে, শ্রমের জগতে নিজেকে সে কোন দ্র্ফিতৈ দেখে তারই উপর বহুল পরিমাণে নির্ভার করছে তার নৈতিক চরিত। ক, উপিন্সিক লেখেন যে প্রকৃতিগতভাবে মানসিক আলস্য শিশরে থাকে না. সে আত্মনির্ভার কার্যকলাপ পছন্দ করে, সব কাজ নিজে করতে চায়। শিশ্বদের পরিশ্রম করতে শেখানো উচিত, মানসিক শ্রম কাকে বলে, ভালো পরিশ্রম করার অর্থ কী তা ভাবতে, প্লক্ষ্য করতে, ব্যুঝতে শেখানো উচিত। একমাত্র তখনই সাফল্যের জন্য নন্বর বসানো যেতে পারে। যে শিশঃ বিদ্যাশিক্ষার মধ্যে কদাচ প্রমের আনন্দ উপলব্ধি করে নি. বাধাবিপত্তি অতিক্রমের ফলে যে গর্ববোধ জাগে তা যে অনুভব করে নি সে হতভাগ্য। হতভাগ্য মানুষ আমাদের সমাজের পক্ষে বিরাট দুর্ভাগ্যজনক, হতভাগ্য শিশ্য — আরও একশ' গুণ বেশি দ্বভাগ্যজনক। আমি মোটেই শৈশবের প্রতি কর্মণা দেখাতে বলছি না: শৈশবেই মান্ত্র যে অনেক সময় অলস হয়ে পড়ে, শ্রমকে ঘূণা করে, নিজের পূর্ণ শক্তিতে পরিশ্রম করার চিন্তাকে পর্যন্ত তাচ্ছিল্যের দুট্টিতে দেখে, এতে আমি শ্রশান্তি বোধ করি। কিন্ত শিশ্য কেন নিন্দ্রমা হয়ে পড়ে? কারণ এই যে সে **প্রমের আনন্দ** জানে না। শিশুকে এই সুখ দিন, সুখের মূল্য দিতে শেখান 🕟 তাহলেই সে আত্মসম্মানের মূল্য দিতে শিখবে, সে শ্রমকে ভালোবাসবে।

শিশ্বকে শ্রমের আনন্দ দেওয়া, বিদ্যাশিক্ষায় সাফল্যের আনন্দ দেওয়া, তার হৃদয়ে গর্ববাধ, আত্মমর্যাদাবোধ জাগিয়ে তোলা -এ হল শিক্ষার প্রথম অনুশাসন। আমাদের স্কুলগর্বালতে হতভাগ্য শিশ্ব থাকা উচিত নয় থাকা উচিত নয় এমন কোন শিশ্ব যে মনে মনে নিজেকে অক্ষম ভেবে মর্মাপীড়া অন্ভব করে। বিদ্যাশিক্ষায় সাফল্য — শিশ্বর অভ্যন্তরীণ শক্তির একমাত উৎস, সে শক্তি বাধাবিপত্তি অভিক্রমের প্রেরণা শেখার ইচ্ছা জাগিয়ে তোলে .

শিশ্র যদি শিক্ষাগ্রহণের বাসনা না থাকে তাহলে আমাদের বাবতীয় সঙকলপ, অনুসন্ধান, পরিকলপনা বানচাল হয়ে যায়, নিজ্পাণ মমিতে পরিণত হয়। শিশ্রে শিক্ষাগ্রহণের বাসনা দেখা দেয় একমাত্র বিদ্যাশিক্ষায় তার সাফল্যের সঙ্গে সঙ্গে। ব্যাপারটা দাঁড়ায় যেন বিরোধাভাসের মতো: শিশ্রে যাতে পেরে ওঠে তার জন্য দেখতে হবে সে ষেন পিছিয়ে না পড়ে। কিন্তু এটা বিরোধাভাস নয়, এ হল মানসিক শ্রমপ্রক্রিয়ার ছল্বম্লক ঐক্য়। শিক্ষার প্রতি আগ্রহ একমাত্র তথনই দেখা যায় যথন থাকে জ্ঞানাজনে সাফলাজনিত প্রেরণা; প্রেরণা ছাড়া বিদ্যাশিক্ষা শিশ্রে কাছে বোঝা হয়ে দাঁড়ায়। আমার মতে, সাফল্যলাভের প্রতি শিশ্রে দৃঢ় বিশ্বাসের ফলে বহুগ্রণ ব্রিক্ষপ্রপ্ত যে প্রেরণা, তারই নাম অধ্যবসায়।

শিক্ষাথাঁদের জ্ঞানের ম্ল্যায়নের মতো আপাতসরল ব্যাপারটি হল প্রতিটি শিশ্ব সম্পর্কে শিক্ষকের সঠিক দ্বিউচিল খাজে পাওয়ার ক্ষমতা, শিশ্বমনে জ্ঞানতৃষ্ণা লালনের ক্ষমতা প্রাথমিক শ্রেণীতে ৪ বছর ধরে শিশ্বদের শিক্ষাদানের সময় আমি একবারও অসভ্যোষজনক নম্বর দিই নি — না লিখিত উত্তবেব জন্য, না মৌখিক উত্তবের জন্য। ছেলেমেরেরা লিখতে পড়তে শেখে, অত্ক কষতে শেখে। কোন বাচ্চা হয়ত তার মানসিক প্রমের ক্ষেত্রে ভালো ফল অজ'ন করছে, অন্যজন হয়ত এখনও সে পর্যারে পে'ছিন্তে পারে নি। কেউ হয়ত শিক্ষক থা বোঝাতে চাইছেন তা চট্ করে ধরে ফেলছে, আবার কেউ হয়ত আপাতত তা ধরতে পারছে না; কিন্তু তার মানে এই নয় যে অন্য জনের শেখার কোন ইচ্ছে নেই। আমি মানসিক প্রমের ম্লায়নস্চক নন্বর দিই একমাত্র তথনই যখন তা শিশ্র পক্ষে ভালো ফল স্চনা করে। প্রমের মধ্য দিয়ে শিক্ষার্থী যে ফলাফল লাভের চেন্টা করছে তা যতক্ষণ সে অর্জন না করছে ততক্ষণ আমি তাকে কোন নন্বর দিই না। শিশ্বকে ভেবে দেখতে হবে, গ্রছিয়ে ভাবতে হবে, কাজটা আবার করতে হবে।

প্রথম শ্রেণীতে আমি প্রথম নম্বর দিলাম শিক্ষাবর্ষ শ্রের্
হওয়ার ৪ মাস পরে। এখানে সর্বোপরি দেখা দরকার শিশ্র
শেন ব্রথতে পারে অধ্যবসায়ম্লক, কঠোর শ্রম কাকে বলে।
শিশ্র ভালো ভাবে কাজ না করতে পারার কারণ এই নয় যে
সে কাজ করতে চায় না, কারণ এই যে সে ব্রথতে পারে না
কোন্টা ভালো কোন্টাই বা মন্দ — কিসের জনাই বা তাকে
শেবর দেওয়া হচ্ছে। আমি চেন্টা করি শিশ্র যাতে একই কাজ
ক্ষেকবার করার পর নিজের অভিজ্ঞতায় ব্রথতে পারে যে
গোড়ায় যে ভাবে কাজটা সে করেছিল তার চেয়ে অনেক
ভালো ভাবে সে তা করতে পারে। এর একটা বিরাট শিক্ষাম্লক
তাৎপর্য আছে। শিক্ষার্থী যেন নিজের মধ্যে স্ক্রনী শক্তির
সন্ধান পায়; সে নিজের সাফলা দেখে আনন্দ পায়, আরও
ভালো করার চেন্টা করে নিজের উৎকৃষ্ট কাজকে অপেক্ষাকৃত
নিকৃষ্ট কাজের সঙ্গের তুলনা করে শিশ্র অন্প্রাণিত হয়।

প্রথম শ্রেণীতে ছেলেমেয়েদের কাজ পর্যবেক্ষণ করতে গিয়ে আমি দেখতে পেলাম যে শিশুরা একই ধারায় ভাবে না. নিজেদের শ্রমের বিভিন্ন রকম মূল্যায়ন তারা করে থাকে। ওরা 'বোলতা' শব্দটি লিখল। সোরওজা, কাতিয়া, সানিয়া ও পাভেলের লেখা অক্ষরগত্বলো সক্রুর, গোটা গোটা। ইউরার লেখা লাইন থেকে বেরিয়ে গেছে, একপাশে বে'কে গেছে: কোলিয়া আর ভোলিয়া লিখছে না, তারা আঁকছে, তাদের অক্ষরগালো যেখানে তারা প্রকৃতি সম্পর্কে নিজেদের প্রথম রচনা লেখে সেই ছবির বইয়ে আঁকা অক্ষরের মতো। পেত্রিকের খাতায় যেন কতকগ্মলো আঁক্সি। আমি তখনও পরের অনুশীলন র্ধার না। বাচ্চারা আরও কয়েকবার ঐ একই শব্দ লেখে। একই কাজ বরেবার নতুন নতুন ভাবে আবৃত্তি করা যেন শিশরে উপরে ওঠার একেকটি নতুন সোপান — যারা ভালো লিখেছে তাদের যেমন, তেমনি যারা খারাপ লিখেছে তাদেরও বটে। শিশ্য আনন্দিত, সুখী এই ভেবে যে গোড়ায় যেমন চলছিল এখন তার চেয়ে ভালো কাজ চলছে ৷

এই আনন্দের মধ্যেই জন্মলাভ করে গর্ববাধ, আত্মর্যাদাবোধ। শিশ্ব বহ্বার এই অন্ভৃতিলাভের পর এখন আর সহজ পথের সন্ধান করে না, অপরের প্রমের ফলাফল কাজে লাগার না। ছেলেমেরেরা যখন কাজ বারবার সংশোধন করতে শিখেছে, যখন তারা এর মধ্যে আনন্দের অন্ভৃতি, আত্মর্যাদা উপলব্ধি করতে পারে একমার তখন আমি তাদের নন্বর দিতে শ্বর করি — বলাই বাহ্লা, শ্ব্ব ভালো ফলের জন্য। কোন কোন ছেলেমেরে প্রাথমিক শ্রেণীতে পড়াশ্বনা শ্বর্ হওয়ার ৪ মাস বাদে নন্বর পেতে লাগল, কেউ কেউ পেতে লাগল ৬ মাস বাদে। পেত্রিক ও মিশা প্রথমে নন্বর পেল কেবল দ্বিতীয়

শিক্ষাবর্ধের শ্রের্তে। তাদের সঙ্গে আমাকে অতিরিক্ত কাজ করতে হত, আমি চেন্টা করি শিশ্বর যেন গতকালের চেরে আজ অন্তত থানিকটা ভালো কাজের পরিচয় দের, তারা যেন নিজেদের শক্তির উপর আস্থা না হারায়।

শিক্ষার অর্থ এই নয় যে শিক্ষক যান্ত্রিক ভাবে শিক্ষার্থাকৈ জ্ঞান অর্পণ করেন, শিক্ষা হল সর্বোপরি মান্ত্রিক সম্পর্ক। জ্ঞানের প্রতি, শিক্ষার প্রতি শিশ্বর সম্পর্ক বহুল পরিমাণে নির্ভার করে শিক্ষকের সঙ্গে তার আচরণের উপর। শিক্ষার্থা যদি অনুভব করে যে শিক্ষকের আচরণ অন্যায় তাহলে সে আঘাত পায়। আর অসভ্যোষজনক নম্বর দেওয়াটাকে ছোট ছেলেমেয়েয়া সবসময়ই অন্যায় বলে মনে করে, এতে তারা গভীর বেদনা অনুভব করে, কেননা শিশ্ব লেখাপড়া শিখতে অনিচ্ছুক এমন প্রায় কখনই ঘটে না। সে শিখতে চায়, কিন্তু পারে না, যেহেতু তার এখনও মনঃসংযোগের ক্ষমতা নেই, নিজেকে জ্যোর করে কাজে লাগানোর ক্ষমতা নেই।

একদিন, দ্বিদন এমনি করে যদি সারা বছর ধরে শিশ্ব অন্যায় আচরণ অন্ভব করে তাহলে তার স্নায়্ব্যক্তা গোড়ায় উত্তেজিত হয়, পরে হয় তার গতিরোধ — দেখা দেয় বিষম্নতা, অবসাদ, অনীহা। উত্তেজনা ও গতিরোধ — এই আকাস্মিক উল্লম্কনের ফলে শিশ্ব পর্টিড়ত হয়ে পড়ে। আপাতদ্ভিতৈ অভূত এই পর্টিড়ার নাম — স্কুল-নিউরসিস অথবা ডিডাক্টোজেনিয়া। ডিডাক্টোজেনিয়ার আপাত স্ববিরোধিতা এখানেই যে এ রোগ হয় একমাত্র স্কুলে — সেই পবিত্র স্থানে যেখানে মন্যাত্ব হওয়া উচিত শিশ্ব ও শিক্ষকের মধ্যে পরেস্পরিক সম্পর্কের নির্ধারক, পরম গ্রেত্বপূর্ণ বিশেষত্ব। ডিভাক্টোক্ডেনিয়ার উদ্ভব — অন্যায় আচরণ থেকে। শিশ্র প্রতি মা-বাবার কিংবা শিক্ষকের অন্যায় আচরণের অনেক রকমফের আছে। সর্বোপরি উল্লেখ করতে হয় উদাসীন্যের। শৈশ্রের নৈতিক শক্তি ও ইচ্ছার্শক্তি গড়ে ওঠার পক্ষে তার উমতির প্রতি শিক্ষকের উদাসীনতার চেয়ে বিপজ্জনক আর কিছুই নেই। তারপরা আছে চিৎকার-চেণ্টামেচি, হুম্কি, বির্বাক্ত; আর শিক্ষাতত্ত্বের জ্ঞান যাদের নেই তাদের মধ্যে অনেক সময় প্রকাশ পাম হিংস্ল উল্লাস: তুই কিছুই জানিস না, খাতাটা এদিকে নিয়ে আয় দেখি, গোলা বসিয়ে দিই, মা-বাবা দেখে মাল্ল হোন তাঁদের ছেলে কেমন...

আমি করেক বছর ধরে স্কুল-নিউর্মিসের উপর অন্যসন্ধান চালাই। শিক্ষকের অন্যায় আচরণের দর্ম কোন কোন শিশরে স্নায়াব্যবস্থার উপর পীডাজনক প্রতিক্রিয়া উত্তেজনার আকার ধারণ করে কারও কারও ক্ষেত্রে অন্যায় আঘাত ও নির্যাতনভোগের বাতিকে পরিণত হয়, কারও কারও মধ্যে প্রকাশ পায় তিক্ততা, কেউ কেউ হয়ে পড়ে অস্বাভাবিক রকম ভবেনাচিন্তাহান, কেউ কেউ হয়ে পড়ে নিরাসক্ত, অত্যন্ত মনমরা, কেউ শান্তির ভয় পায়, শিক্ষকের সামনে, স্কুলের নামে ভয় পায়, কেউ কেউ ভেঙচানো ও ভাঁডামির আশ্রয় নেয়, কারও কারও মধ্যে দেখা দের নিষ্ঠরতা, যা অনেক সময় (কদাচিৎ হলেও অবজ্ঞা করা যায় না) বিকারের রূপ ধারণ করে। ভিডাক্টোজেনিয়ার নিবারণ নির্ভার করে শিক্ষাতত্ত্ব সম্পর্কে মা-বাবা ও শিক্ষকের জ্ঞানের উপর। শিক্ষাতত্ত্বসংক্রান্ত জ্ঞানের প্রধানতম বৈশিষ্ট্য হওয়া উচিত প্রতিটি শিশ্বর মনোজগৎ উপলব্ধির ক্ষমতা, শিশ্ব যাতে অন্বভব করতে পারে যে তার কথা কেউ ভূলে যাচ্ছে না, অন্যেরা তার দঃখ, মনোবেদনা ও

কন্টের ভাগ নিচ্ছে সেজন্য প্রত্যেকের প্রতি যতটা আবশ্যক মনোযোগ ও অস্তরের শক্তি প্রয়োগের ক্ষমতা।

শিশ্রে কাছে, শিক্ষকের দিক থেকে স্বচেরে বড় অন্যায় আচরণ এই যে শিশ্রে দ্ট বিশ্বাস অন্যায়ী, শিক্ষকমশাই তাকে অন্যায় ভাবে খারাপ নদ্বর ও দেনই তারপর আবার এমন চেটারও কস্বর করেন না যাতে এই নদ্বরের জন্য মা-বাবা তাকে শান্তি দেন। শিশ্র যদি দেখতে পায় যে শিক্ষক গোল্লা পাওয়ার সংবাদ ওর মা-বাবাকে অবশাই জ্ঞানাতে আগ্রহী তথন শিক্ষক ও বিদ্যালয় — দ্যের উপরই তার ক্রোধ এসে পড়ে। ধানসিক শ্রম তার কাছে বির্যাক্তকর হয়ে দাঁড়ায়। অন্যান্য লোকের সঙ্গে, সর্বোপরি মা-বাবার সঙ্গে আচরণে প্রকাশ পায় তার র্চুতা।

শিশরে প্রতি অন্যায় আচরণের ফলে যে অন্ভূতিহীনতার উত্তব ঘটে, শিশরেদয়ের তার চেয়ে বড় বিকৃতি ধারণায় আনা কঠিন। শিশর তার প্রতি আচরণে উদাসীন্য অন্ভব করে ভালো-মন্দের প্রতি সংবেদনশীলতা হারিয়ে ফেলে। সে ব্রেথ উঠতে পারে না তার আশেপাশের কোন লোক ভালো, কেউ বা মন্দ। তার মনের মধ্যে লোকজন সম্পর্কে সন্দেহ, অবিশ্বাস বাসা বাঁধে, আর এটা হল নির্দরতার প্রধানতম উৎস।

শিক্ষকতার প্রধানতম উৎসাহদান ও সবচেরে বড় শান্তি (কিন্তু তা সবসমর কাজে দের না) — নন্বর দেওরা। এটা খ্বই পারলে অন্তা, এ অন্তা প্রয়োগের জন্য বড় রকমের দক্ষতা ও মার্জিত রুচির দরকার।

এই অস্ত্র প্রয়োগের অধিকারী হতে গেলে সর্বোপরি ভালোবাসতে হয় শিশ্বকে। সে ভালোবাসার কথা তাকে বলার দরকার নেই, ভালোবাসা প্রকাশ করতে হয় তার প্রতি যঞ্জের মধ্য দিরে। শিক্ষকের যদি কেবল কাজের প্রতি ভালোবাসা থাকে তাহলে তিনি ভালো শিক্ষক হবেন। শিক্ষাথাঁর প্রতি শিক্ষকের যদি কেবল মার মতো, বাবার মতো ভালোবাসা থাকে তাহলে যে শিক্ষক সমস্ত বই পাঠ করা সত্ত্বেও না ভালোবাসেন কাজকে, না শিক্ষাথাঁদের, তার চেরে ভালো শিক্ষক তিনি হবেন — হবেন নিখ'ত শিক্ষক,' একথা লেখেন লেভ তলন্তর।

হদয়ের সংবেদনশীলতা — এ হল এমন এক গুণুণ যা কেবল বিদ্যান শীলনের দারা অর্জন করা অসম্ভব। শিক্ষারতীর মার্নাবক সংবেদনশীলতার ভিত্তিস্বর প আছে বৃদ্ধিবৃত্তি, নীতি, নন্দনতত্ত্ব ও আবেগ-অনুভূতি চর্চার স্কুসমঞ্জস সাধারণ ঐক্য, আর এই ঐক্য অর্জিত হয় সমন্তিতে নৈতিক সম্পর্ক চর্চার মধ্যে যেমন, তেমনি সামাজিক অভিজ্ঞতার মধ্যেও বটে। শিক্ষককে জানতে হবে, অনুভব করতে হবে যে তারই বিবেকব দির উপর নির্ভার করছে প্রতিটি শিশ্বর ভাগ্যা, তারই মানস-সংস্কৃতি ও ভাবসম্পদের উপর নির্ভার করছে বিদ্যালয়-শিক্ষাথার বৃদ্ধিবিবেচনা, স্বাস্থ্য, সূত্র্থ।

…দ্বিতীয় শ্রেণীতে ব্যাকরণের পাঠ। নির্মাণক্ষা আর অন্ন্শীলনী অনুধাবনের পর ছেলেমেয়েরা নিজে নিজে কাজ করে, তার উদ্দেশ্য — জ্ঞানের গভাঁরতা সাধন, সেই সঙ্গে যাচাই করে দেখা। কাজের ফলাফল বিচার করে নন্দর দেওয়া হয়। থাতা পরীক্ষা করার পর আমি দেখতে পাই যে মিশা ও পেগ্রিকের উত্তর খারাপ হয়েছে। আমি যদি খারাপ নন্দর দিই তাহলে থারা মনেপ্রাণে ভালো মতো পড়াশন্না করতে চায় তারা এটাকে গ্রহণ করবে বিচারের রায় কলে, অর্থাৎ 'তোমাদের বন্ধন্রা এক পা এগিয়ে গেল কিন্তু তোমবা যেখানকার

সেখানেই রয়ে গেলে। গুল সংশোধনের পর আমি মিশা ও পোরককে স্কুন্দর লেখার নম্না দেখিয়ে দিলাম, কিন্তু ওদের কোন নন্দর দিলাম না। খাতা বিতরণ করার সময় ছেলেমেয়েদের বললাম:

'মিশা আর পেত্রিক এখনও নদ্বর আয় করতে পারে নি। তোমাদের ভালো করে খাটতে হবে। নিজে নিজে অন্য অনুশীলনী কর। নদ্বর আয় করার চেন্টা কর।'

অসন্তোষজনক কাজের জনা যে নম্বর নেই ছেলেমেয়ের। ইতিমধ্যে এ ব্যাপারে অভ্যন্ত হয়ে গেছে। তাদের চেতনায় ধীরে ধীরে এই দঢ়ে বিশ্বাস গড়ে ওঠে যে তাদের দেওয়া উত্তর কোন অতিক্রান্ত পর্যায় নয়, যার, সমাপ্তি ঘটে শিক্ষকের চড়োন্ড 'রায়দানে'। শিশার সামনে সাফল্যের দ্বার অবরাদ্ধ থাকে না: সে যা করতে পারে নি তা ভবিষ্যতে করবে, এমন কি কাল, হয়ত বা আজই করবে। শিশ্ব যেমন অসক্তোষজনক নন্বর পাওয়ার পর নিজেকে বন্ধবান্ধব থেকে পশ্চাৎপদ বলে মনে করে, মিশা ও পেরিক কিন্ত নিজেদের সে ধরনের দক্ষিত ভাবে না। এখানে, পাঠের সময়ই ওরা বলে, 'আমাদের কাঞ্জ িদন।' আমি দিই। স্কুলের কর্মাদিনের মধ্যে ওরা অনুশালনীর উত্তর দেওয়ার সময় করে নেয় (আমাদের স্কুলে কাজের ঘণ্টা এমন ভাবে ঠিক করা যে অগ্রগণ্য অন্যশীলনী তৈরি করার মতো আধ্যণ্টা সময় প্রত্যহ প্রতিটি শিক্ষার্থীরই হাতে থাকে)। ছেলে দুটি সর্বশক্তি নিয়োগ করে নম্বর আয় করার পেছনে. প্রমাণ করতে চার যে ওরা অন্যাদের চেয়ে কোন অংশে খারাপ ন্য। ওদের কাজ পরীক্ষা করে দেখি — এমন ক্ষেত্রে প্রায়শই যা হয়ে থাকে —ভালো নন্বর পাওয়ার উপযোগী কাজ হয়েছে। পাঠ্যবিষয়ের উপর প্রশেনর উত্তর যেখানে স্ক্রনশীল বৃদ্ধি, ভাবনাচিন্তা ও অনুসন্ধানকমেরি দাবি নিয়ে আসে সেক্ষেত্রে শ্রমের প্রেরণাদাতা হিশেবে নম্বর দেওয়ার ব্যাপারে সতর্ক হওয়ার বিশেষ গ্রেম্ব আছে। কারও কারও মন্নক্রিয়ার গতি তীর. প্রথর, কারও বা মন্থর, কিন্তু তার মানে এই নয় যে একজন আরেকজনের চেয়ে কেশি ব্রদ্ধিমান, কিংবা অন্য জনের চেয়ে বেশি খাটে। শিশকে মানসিক শ্রমজনিত সাফল্যের আনন্দদান, তার গর্ববোধ ও অস্থেমর্যাদাবোধের উদ্বোধন — এই মর্মো শিক্ষার যে প্রাথমিক অন্যুশাসন আছে, প্রাথমিক বিদ্যালয়ে অঙ্কের ক্লাস, অংক ক্ষা হল তার কৃষ্টিপাথর। দেখতে হবে গোড়ার অস্কবিধাগ্বলি যেন শিশ্বর পথের কাঁটা হয়ে না দাঁড়ায়। শিশ, যতক্ষণ না নিজে নিজে ভাবতে শিখছে. প্রদের পরিস্থিতিগুলি বুঝতে, সমস্য প্রেণের পথ সন্ধান করতে শিখছে — অর্থাৎ, যতক্ষণ না এই শ্রমে সাফল্যের আনন্দ অনুভব করতে পারছে, ততক্ষণ অনুশীলনীর উত্তর দেওয়ার জন্য আমি কোন নদ্বর দিতাম না। এখানে আরও একটি গতান, গতিক দ, পিউভঙ্গি বিশেষ ভাবে পরিহার করতে হবে: একজন এক মাসে অঞ্চে তিন বার নদ্বর পেতে পারে, আরেকজন হয়ত একবারও পেল না: তার মানে কিন্তু এই নয় যে ছিতীয় শিক্ষাথমাঁট কোন কাজই করছে না, তার কোন উন্নতি হচ্ছে না। সে আসলে প্রশন ব্যুবতে শিখছে, আর অপেক্ষাকৃত জটিল যে অঞ্চটি শিক্ষার্থী নিজে কবল তা শিশুর বিকাশের ক্ষেত্রে গ্রেছপূর্ণ সোপান।

যে-সমস্ত শিক্ষার্থী গণিতে পেরে ওঠে না বহু বছর বাবং মনোযোগ দিয়ে তাদের লক্ষ্য করার পর আমার এই ধাবণা হয়েছে যে প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীগর্বলিতে পিছিয়ে-পড়া ছেলেমেয়েরা কখনও একটি অধ্কও নিজে কষে না। তারা যেন স্রোতে গা ভাসিরে দের, তাদের বন্ধরা ইতিমধ্যে যে জায়গায় পা ফেলেছে সেখানেই পদক্ষেপ করে ব্ল্যাকবোর্ড থেকে কিংবা পাশের কারও কাছ থেকে তৈরি উত্তব টুকে নের, কিন্তু আসলে নিজে নিজে উত্তর বারু করা কাকে বলে সে সম্পর্কে কোন ধারণাই তাদের নেই।

শিক্ষাতভুমলেক কৌশল উৎকর্ষসাধনের কোন প্রণালী অন,সন্ধানের সাহায়ে। এই ক্ষতি দূরে করা যায় না। গণিতশাস্ত্র অধায়নকালে মানসিক শ্রম — মননক্রিয়ার কন্টিপাথরস্বর্প। ক্ষতির কারণ এই যে শিশ; ভাবতে শেখে নি: পারিপাশ্বিক জগং, তার বস্তু ও ঘটনা, নির্ভারতা ও পারস্পরিক সম্পর্ক শিশুর কাছে চিন্তার উৎস হয়ে দেখা দেয় নি। অভিজ্ঞতায় দেখা গেছে যে অতি শৈশবেই 'নিসগ'পর্যটন' যদি মানসিক প্রমের প্রকৃত পাঠশালা হয়ে দাঁড়ায় তাহলে গণিতের ক্লাসে পেরে না ওঠার মতো একজনও থাকবে না। বস্ত শিশ্যকে ভাৰতে শেখাৰে — সমস্ত স্বাভাবিক শিশ্যই যাতে ব্যন্ধিমান, উপস্থিত ব্যন্ধিসন্পল্ল, অনুসন্ধিংস্থা, কৌত্ত্লপ্ৰবণ হয় এটা তার অভ্যন্ত গ্রের্ডপূর্ণ শর্তা: আমি শিক্ষকদের পরামশ দিই: শিক্ষার্থী যদি কোন জিনিস ব্রুবতে না পারে, যদি তার চিন্তা খাঁচার পাখির মতো অসহায় ভাবে ছটফট করতে থাকে তাহলে মনোযোগ দিয়ে নিজের কাজ লক্ষ্য করে দেখন: আপনার শিক্ষার্থীর চেতনা কি চিন্তার অনস্ত ও প্রাণদায়ক প্রাথমিক উৎস থেকে বিচ্ছিন্ন — প্রকৃতির বস্তজগৎ ও ঘটনাজ্ঞগৎ থেকে বিচ্ছিন্ন এক শ্বেকনো, ছোট সন্নোবর হয়ে পড়ে নি 2 প্রকৃতি ও বন্ধুর, পারিপার্শ্বিক জগতের মহাসাগরের সঙ্গে এই ছোট সরোবর্বাটির সংযোগ ঘটান, ভাহলেই দেখতে পাবেন প্রাণেচ্ছেল চিন্তার উচ্ছবাস।

কিন্ত পারিপাশ্বিক জগৎ নিজেই শিশ্বকে ভাবতে শেখাবে — এমন মনে করা ঠিক হবে না। তত্তধর্মী মননক্রিয়া না থাকলে নিবিড প্রাচীর বস্তুকে শিশ্মদের চোখ থেকে আডাল করে রাখবে। প্রকৃতি মানসিক শ্রমের পাঠশালা হয় একমাত্র তখনই যখন শিশ্য তার পারিপা্রিক বস্তপ্তস্ত্র থেকে মনেযোগ সরিয়ে নেয়, বিমতে কল্পনা করে। শিশ্র থাতে পারস্পরিক ক্রিয়াকে পারিপাদিক জগতের অতি গ্রেছপূর্ণ বিশেষত্ব হিশেবে উপলব্ধি করতে শেখে তার জন্য বাস্তবের স্কেপ্ট রূপ অবশ্যপ্রয়োজনীয় ৷ পারস্পরিক ক্রিয়া যে বিদ্যমান সব কিছুর চ্ডান্ত কারণ (causa finalis), হেগোলের এই মত সমর্থন করে একেলস লিখেছেন: 'আমরা এই পারস্পরিক ক্রিয়া জানার চেয়ে আর দরে এগোতে পারি না, ঠিক এই কারণেই যে তার পেছনে জানার আর কিছ,ই নেই।' বিষ্টে মননক্রিয়ার সরাসরি প্রস্তাতস্বরূপ পারস্পরিক ফ্রিয়ার উপলব্ধি — গাণিতিক মননক্রিয়া বিকাশের গা্র্ত্পা্র্ণ শর্তা। শিশা্রা বস্তুপ্ঞের, ঘটনাসমূহের পারস্পরিক ক্রিয়া দেখতে শিখেছে কিনা তার উপর নির্ভার করছে সমস্যা সমধোনে তাদের সাফল্য।

অন্শীলনী সমাধানকালে দ্বাধীন মানসিক শ্রম তথনও ফলদারক হয় যখন শিশ্বে স্মৃতিতে সাধারণীকরণ (নামতা, সংখ্যার স্বাভাবিক ক্রমবিন্যাস) স্থায়ী ও দূটবন্ধ হয়।

পৈরিক দীর্ঘাদিন অঙ্কের প্রশেনর অর্থ ধরতে পারত না।
আমি ব্যাখ্যার ব্যাপারে তাড়াহনুড়ো করলাম না। বড় কথা হল
সে যেন নিজের বৃদ্ধি খাটিয়ে বস্তু ও ঘটনার পারস্পরিক
সম্পর্কের মর্মা উপলব্ধি করতে পারে। কিন্তু তত্ত্বধর্মী
মননক্রিয়ার জন্য শিশ্বর যদি প্রস্তুতি না থাকে, তার যদি তুলনা
করার, বিশ্লেষণ করার ক্ষমতা না থাকে তাহলে প্রাণোচ্ছল

চিন্তা উচ্ছবসিত হতে পাবে না। আমি ওদের প্রকৃতির ব্বে নিয়ে গোলাম, লক্ষ্য করতে, বিভিন্ন বন্তু, গ্রুণ ও ঘটনার মধ্যে তুলনা করতে বারবার শেখালাম — পারস্পরিক ক্রিয়া দেখতে শেখালাম। পারিপার্শিক জগতের যে-সমস্ত ঘটনা বন্তুসম্হের অন্যতম গ্রুর্ত্বপূর্ণ গ্রুণর্গে শিশ্বটৈতন্যে আয়তন ও সংখ্যার ধারণা গড়ে তোলে আমি সেগ্রলির দিকে পেগ্রিকের মনোযোগ আকর্ষণ করলাম। চেন্টা করলাম যাতে শিশ্ব সংখ্যার তাৎপর্য ব্রুতে পারে, যাতে তার প্রত্যয় হয় যে সংখ্যা কারও কল্পিত ব্যাপার নয়, সংখ্যার বাস্তব অক্তিত্ব আছে। শিশ্ব সঙ্গে সংস্ সংখ্যা দিয়ে হিসাব করতে শিখল কি শিখল না এখানে তা বড় কথা নয় — সব চেয়ে বড় কথা হল সংখ্যানিভ্রিতার সারমর্ম যেন সে অনুধাবন করতে পারে।

আমরা তরম, জংখতে কুটিরে বঙ্গে বিদে লক্ষ্য করি কী ভাবে কম্বাইন গম সংগ্রহ করছে। থেকে থেকে কম্বাইন থেকে শস্যবোঝাই গাড়িটা দুরে সরে যাড়েছ। কম্বাইনের বাৎকার কত মিনিটে ভর্তি হচ্ছে? শিশ্বরা আগ্রহ ভরে ঘড়ির দিকে তাকার, দেখা যাড়েছ — ১৭ মিনিটে। লোকে তাদের কাজ কিনা এমনই সময়মাফিক করছে যে কম্বাইনকে থামতেই হচ্ছে না! বাৎকার ভর্তি হতে বাকি আছে ৫ মিনিট, ৪ মিনিট, ৩ মিনিট — শিশ্বরা উদ্গ্রীব: কম্বাইনকে হয়ত শেষ পর্যন্ত থামতেই হবে। ২ মিনিট বাকি, সঙ্গে সঙ্গে বনের ভেতর থেকে বেরিরে আসে গাড়ি। মজ্বতের জায়গায় যেতে গাড়ির লাগে প্রেরা এক ঘণ্টা। তার মানে, লোকে দ্রম্ব ও সময়ের মধ্যে নিভরতা হিসাব করে দেখেছে। শস্য নিয়ে যাওয়ার জন্য ঠিক ততগ্রিল গরকার কম্বাইনের নিরন্তর কাজ করার জন্য। মজ্বতের জায়গায় যেতে গাড়ির যদি এক ঘণ্টা সময়

না লেগে লাগত দু'ঘণ্টা তাহলে শস্য বয়ে নিয়ে যাওয়ার জন্য বেশি গাড়ি লাগত, না কম গাড়ি লাগত?

'বৈশিই ত লাগত,' পেত্রিক বলল, তার চোখজোড়া সঙ্গে সঙ্গে আনন্দে উজ্জ্বল হয়ে উঠল। 'এখন ৩ রাস্তায় সবসময় চলছে তিনটে গাড়ি, একটা ভার্তি হচ্ছে, আরেকটা মজ্বতের জায়গায় খালি হচ্ছে। পথ বাদ আরও দ্রের হত তাহলে আরও বেশি গাড়ি পথে চলত।'

শিশ্য প্রবল মানসিক প্রয়াস প্রয়োগ করছে, আমি দেখতে পাচ্ছি যে সে ইতিমধ্যে ভাবতে বসেছে পথ দ্বিগাণ বড় হলে কটা গাড়ি দরকার। কিন্তু এটা এখন বড় কথা নয়। বড় কথা হল এই যে সে যেন ব্রুতে পারে সমস্যা জিনিসটি নিজ্কর্মা লোকজনের মনগড়া নয়: সমস্যা নিহিত থাকে পারিপার্শ্বিক জগতের মধ্যে, যেহেতু গতি, জীবন, মানবশ্রমের অন্তিম্ব আছে ৷ পেরিক ইতিমধ্যে তৃতীয় শ্রেণীতে উঠেছে, কিন্তু অঞ্চ এখনও সে কষতে পারে না। এখনও সে নিজে — বন্ধুবান্ধব কিংবা শিক্ষকের সাহায্য ছাড়া একটা অঞ্চন্ত কষতে পারে নি। আমি এতে উদ্বেগ বোধ করি। কিন্ত আমরে বিশ্বাস যে ও ভাবতে শিখবে। অঙ্কের সমস্যার বনিয়াদ হল মনে মনে ঘটনার বিশ্লেষণঃ আমি কেবল সেই পথেই যে তাকে বিমৃতি ভাবনার তালিম দিই তা নয়। যে চিন্তা করে কিন্তু গণেতে পারে না, তার পক্ষে জ্ঞান অর্জন করা সম্ভব নয়। যে দিকে দুখিট রাখা অজ্ঞ গ্রেছপূর্ণ তা হল পেল্লিকের স্মৃতিতে যেন এমন কতকগুলি প্রাথমিক বস্তুর দুটে প্রতিষ্ঠা ঘটে যেগুলি ছাড়া মননক্রিয়া অসম্ভব। বালক 'অঙ্কের পেটরা' নিয়ে বসে থাকে. তালিম নের, নিজের জ্ঞান যাচাই করে। আমি মন দিয়ে লক্ষ্য করি যাতে সে ১২ -৮. ১৯+১৩. ৪১-১৯ কত হয় এই নিয়ে মাথা না ঘামায় (তৃতীয় শ্রেণীতে শিক্ষার্থী ফদি এই নিয়ে মাথা ঘামায় তাহলে অঙ্ক সে ব্রুকতে পারবে না)।

জীবনের অভিজ্ঞতায় আমি দেখেছি যে প্রায়ই শিক্ষার্থী বীজগণিতের সামনে অসহায় হয়ে পড়ে কেবল এই কারণে যে সংখ্যার স্বাভাবিক ক্রমবিন্যাস সে এমন পর্যায়ে হৃদয়ঙ্গম করতে পারে নি যাতে প্রাথমিক বস্তু নিয়ে বেশি মাথা না ঘামিয়ে নিজের সমন্ত ব্রাদ্ধবল বিমূর্ত চিন্তার উদ্দেশে পরিচালনা করতে পারে। যে-সমন্ত সিম্বেল নিয়ে শব্দ গঠিত শিশ্ যদি হাজার হাজার বার তা না পড়ে থাকে তাহলে পাঠ যেমন আধা-স্বরংক্রিয় প্রক্রিয়া হতে পারে না তেমনি বিমূত গণিতচিন্তাও শিক্ষার্থার নাগালের বাইরে থেকে যায় যদি সে হাজার হাজার এমন সমস্ত উদাহরণ মনে না রাখতে পারে যেগুলি নিয়ে লোকে প্রাজহিক জীবনে কখনই ভাবনায় পড়ে না. কেননা তাদের জবাব চিরকালের মতো মনে গাঁথা হয়ে আছে। আমি চেণ্টা করি যাতে ভাবনার ক্ষেত্রে দীর্ঘসাত্রীরা, স্বেপিরি পেত্রিক যত বেশি পরিমাণ সম্ভব গণিতধর্মী চিন্তার তাতি সরল উপকরণ — যোগ-বিরোগ-গ্রণ-ভাগের দৃষ্টান্ত আয়ত্তে আনতে পারে।

আমরা প্রকৃতির বৃক্তে শ্রমণ করতে যাই, আমি বালকের দ্থিট আকর্ষণ করি এমন দব সমস্যার প্রতি বেগগলৈ লোকে শ্রমের সময় সমাধান করে থাকে। আমার দৃঢ় বিশ্বাস সত্য প্রমাণিত হল, অবশেষে পোঁরুক কারও সাহায্য ছাড়াই নিজে নিজে অঙ্ক কযে ফেলল। ওর চোখে খ্রিণর ঝলক দেখা দিল, ও অঙ্কের প্রতিপাদা বিষয় ব্যাখ্যা করতে লাগল, ব্যাখ্যা গোলমেলে ধরনের, কিন্তু আমি দেখতে পেলাম যে এতদিন যা শিশ্ব কাছে অন্ধকরে ঢাকা ছিল শেষ প্র্যন্তি সে জিনিস তার সামনে উদ্ঘাটিত হয়েছে। পোরিক খাদি। আমিও স্বন্তির নিশ্বাস ফেললাম: শেষকালে হল তা হলে। পাঠ শেষ হওয়া পর্যন্ত ছেলেটা আর অপেক্ষা করতে পারে না, আনন্দের ভাগ মাকে দেওয়ার জন্য বাড়িতে ছাটে গেল। মা বাড়িতে ছিলেন না। 'আমি নিজে অধ্ক কর্মেছি,' আনন্দে সে দাদাকে বলল। পেরিক তার সাফলোর জন্য গবিতি, আর খাঁটি নৈতিক গর্ব — মানবিক মর্যাদাবোধের উৎস। নিজের প্রমের জন্য গর্ব ছাড়া খাঁটি মান্তবের অন্তিও নেই।

এই ঘটনাটি আমাদের শিক্ষকমণ্ডলীর মধ্যে গভীর ভাবনার বিষয় হরে দাঁড়াল। যে সব ছেলেমেয়ে গড়াশানা সহজে আরত্তে আনতে পারে না তাদের আমরা অন্য আলোকে দেখলাম। বাচ্চাটার কিছাই হবে না, এটাই ওর ভাগ্য — চটপট এমন চ্ডাই ও নিদিছ্ট সিদ্ধান্ত করে বসা কখনই উচিত নয়। এক বছর, দ্বৈছর, এমন কি তিন বছর হয়ত কোন ফলই সে দেখাতে পারছে না, কিন্তু এমন এক সময় আসবে যখন পারবে। চিন্তা যেন ফুলের মতো তিলে তিলে প্রাণরস সঞ্চয় করে। গছের ম্লকে এই রস দিতে হবে, ফুলের সামনে প্রকাশ করতে হবে স্থের আলো, তবেই ফুল ফুটবে। শিশ্বেক ভাবতে শেখাতে হবে, তার সামনে খ্লে ধরতে হবে ভাবনার প্রাথমিক উৎস — পারিপাছিক জগং। তাকে দিতে হবে পরম মানবিক স্থ — উপলব্ধির আনেশ।

বন্ধুর, বিষয়ের স্নানিদিষ্ট গণনা থেকে, ঘটনাসম্থের অন্তর্বাতী প্রত্যক্ষ, সরাসরি নির্ভারতা থেকে বিমৃত্ সাধারণীকরণের ক্ষেত্র নিয়ম ও স্ত্রের ক্ষেত্রে শিক্ষার্থাকৈ কী করে উপনীত করা যায় — শিক্ষার এই তীর ও কঠিন সমস্যা নিয়ে বিশেষ করে ভাবার উদ্দেশে আমরা, প্রাথমিক শ্রেণীগৃদ্দিতে যারা পড়াই সেই সব শিক্ষক বহু দিন সন্ধ্যায় সমবেত হই। আমবা কৌত্হলজনক ঘটনার বিবরণ দিয়ে প্রমাণ করি যে সব শিশুর ক্ষেত্রেই এই উত্তরণ পর্বাটি স্বচ্ছন্দ ও মধ্র নয়। এমন এমন শিক্ষার্থী আছে যারা হিসাবে পাকা হলেও অঙ্কের প্রশেনর বিষয়বস্তু সহজে ধরতে পারে না। কোন কোন শিশু স্কেশ্ট, স্থানিদিন্ট, প্রত্যক্ষ বর্গের সাহায্যে চিন্তা করে বলে তাদের বিশেষ অস্থাবিধা উপস্থিত হর যেসব নিদিন্ট সংখ্যার ভিত্তিতে অঙ্কের প্রশন্টা গড়ে উঠেছে তা থেকে মনোযোগ বিচ্ছিন করার। যেমন, কোন কোন ছেলেমেয়ে অঙ্কের প্রশন পাওয়ার সঙ্গে সঙ্গে শ্রুর্ করে উত্তর থ্রজতে: শ্রুর্ করে হিসাব করতে, অথচ বোঝার চেন্টা করে না কিসের হিসাব করছে, কেনই বা করছে।

এ রক্ম ছেলেমেয়ে আমরা প্রত্যেকেই দেখেছি। আমরা পরামর্শ করতাম কোন্ পথে মূর্ত চিন্তা থেকে বিমূর্ত চিন্তার তাদের নিয়ে যাওয়া যায়। আমরা এই সিদ্ধান্তে এলাম যে অঞ্কের প্রশেনর উপরই ধাপে ধাপে অনেকগর্নল কান্ত করা অত্যাবশ্যক — প্রশেনর শর্তগর্নল বিবেচনা করা উচিত, সংখ্যা ছাড়া, আভিকক কিয়া ছাড়া সমস্যার সমাধান করা উচিত। শিশ্রুরা কী ভাবে অঞ্কের সমস্যা নিয়ে আলোচনা করে, বিনা গণনায় সমস্যার সমাধান করে তা দেখানোয় বিশেষ উদ্দেশ্য নিয়ে আমরা অঞ্কের খোলখেয়িল পাঠ চালাতে লগেলাম। একে অন্যের ক্লাস দেখার মধ্য দিয়ে আমরা বিশেষ বিশেষ ছেলেমেয়ের মানসিক বিকাশের পথ খাজতাম।

মনে রাখতে হবে নন্বর যেন শিশরে কাছে বেড়ি হরে দেখা না দেয়, তার চিন্তাকে বেড়ি দিয়ে না রাখে। স্বচেয়ে দ্বর্বল শিক্ষার্থীকে, চিন্তার ক্ষেত্রে যাকে নৈরাশ্যজনক দীর্ঘস্তী বলে মনে হয় তেমন শিক্ষার্থীকৈ আমি সবসময়ই স্থযোগ দিতাম যাতে আপাতত যে ব্যাপারে তার ফলোদয় হচ্ছে না, তা নিয়ে সে ভাবতে পারে। পড়াশ্নার প্রতি ছেলেমেয়েদের আগ্রহ কথনও কমতে দেখি নি। গর্ববাধ, আত্মসমান, আত্মমর্যাদারোধের উদ্বোধন ঘটিয়ে আমি চেন্টা করি যাতে শিশ্ব নিজে কাজ করতে আগ্রহী হয়।

শিশ্বকৈ ভাৰতে দেওৱা... — অপোতদ্ভিতৈ কাজটা সহজ বলৈ মনে হলেও মোটেই তেমন নয়। প্রথম থেকে চতুর্থ শ্রেণীর ছাট্রছাট্রীদের মান্সিক শ্রম ভালোমতো লক্ষ্য করে দেখনে— দেখতে পাবেন যে অধিকাংশ ক্ষেত্রেই (বল্য যায়, প্রায় সবসময়ই) শিশ্য আপনার প্রদেনর উত্তর দিল না (কিংবা অনুশীলনী পুরণ করল না) স্রেফ এই কারণে যে সে ভাবার অবকাশ পায় নি. মনঃসংযোগের অবকাশ পায় নি (আবার কখনও কখনও এমনও হয় যে প্রখনটা হয় আচমকা, শিশ্বকে যেন বিহরল করে দেয়)। শিশকে কী করে ভারার অবকাশ দেওয়া যার এ সম্পর্কে পরামর্শ করার উন্দেশ্যে আমরা, প্রাথমিক শ্রেণীগু,লির শিক্ষকেরা বিশেষ করে সমবেত হতাম। আমরা সিদ্ধান্তে এলাম যে শিশ্য জানে কি জানে না এই ব্যাপারে চট করে কোন সিদ্ধান্ত করে বসা ঠিক নয়। প্রায়ই এমন হয় যে শিক্ষক হয়ত শিশুকে বললেন: 'বসে পড়, জানিস না!' শিশু হয়ত বসে পড়ল, কিন্তু সেই মৃহাতে ই তার মাধায় সব ব্যাপারটা 'পরিস্কার হয়ে উঠল' -- দেখা গেল সে সবই জানে। ...শিক্ষকের ওপর তার বড রাগ হল। এমন কেন ঘটে? আমরা সঙ্গে সঙ্গে এ প্রশেনর উত্তর বার করতে পারলাম না। অসংখ্য বার অনুসন্ধান করে দেখার দরকার ছিল, দরকার ছিল অসংখ্য ঘটনা বিশ্লেষণ করার।

যে শিশ্ব প্রবল ইচ্ছাশক্তি ও চিন্তার প্রয়োগ ঘটিয়ে লক্ষ্য অর্জন করেছে. খেই ধরে উত্তর দেওয়া, নকল করা ও টোকাটকির প্রতি তার বিতঞা দেখা দেয়। আমার এবং আমার শিক্ষার্থীদের মধ্যে সর্বদ্য পারস্পরিক বিশ্বাস ও হিতাকাৎক্ষার মনোভাব ছিল। বহা মাথা ঘামিয়েও কোন অনুশীলনীর উত্তর দিতে না পরেলে শিক্ষার্থী সেকথা আমাকে বলতে ভয় পেত না। শিশ্ররা তাদের সমস্ত সন্দেহ, আনন্দ ও বেদনা শিক্ষকের গোচরীভূত করত। শিশুর কাছে আমি কখনই শোকের বার্তাবহ ছিলাম না, কেননা অসন্তোহজনক নদ্বরই তার কাছে নিদার্থ দুঃখন্তনক। শিক্ষক যদি প্রায় প্রতিদিনই শিশুকে বলেন: 'তুই গোলা পেয়েছিস,' তথন শিশ্মেনে কী বিতৃষ্ণাই না জন্মায়! শিশ্ব সমনোতম আঘাতেই দুঃথ পায়। ট্রাজেডি জটিল আকার ধারণ করে তথনই বখন খুদে মানুর্যাট নিজের দুঃথে অভ্যস্ত হয়ে উঠতে উঠতে শেষকালে আশেপাশের সর্বাক্তরে প্রতি উদাসীন হয়ে পড়ে, তার হুদর কঠিন হতে খাকে। আর কঠিন হ্রদয় — নিষ্ঠরতার অনুকল জমি। ক্রাসে যদি হতভাগ্য ছেলেমেয়ে থাকে এবং বন্ধাব্যদ্ধব যদি তাদের দুর্ভাগ্যের ভার লাঘব করতে সচেন্ট না হয় তাহলে কখনও সৌহার্দপূর্ণে. হিতাকা 🖛 হৈলেমেরেদের ভালো পরিমণ্ডলী গড়ে উঠবে না। কিন্তু নন্দ্রর দিয়ে শিক্ষার্থীদের মাথায় তোলাও ঠিক নয়. অথচ এই ব্যাপারটি স্কুলগালিতে প্রায়ই দেখা যায়। শিশা হয়ত একটা শব্দ বলল — সঙ্গে সঙ্গে ভালো নন্ধর। অনেক সময় এমনও হয় যে একই প্রশ্ন হয়ত কয়েক জন শিক্ষার্থীকে করা হল, আর ওদের প্রত্যেককেই এর জন্য নম্বর দেওয়া হল। ফলে পড়াশ্মনার প্রতি শিশ্মদের হাল কা মনোভাব গড়ে ওঠে। শিশরে উপলব্ধিতে নম্বর হবে মানসিক প্রয়াস খাটানোর ফল চ

শিক্ষার্থার মনে এই দৃঢ় বিশ্বাস থাকা উচিত যে মানসিক
ক্রিরাকলাপের অর্থ হল এমন শ্রম যেখানে চাই বিপ্রল প্রয়াস,
ইচ্ছাশক্তির একাগ্রতা, বহু আমোদ-আহ্যাদ থেকে নিজেকে
সারিয়ে রাখার ক্ষমতা। শ্রমের পরিবেশেই গড়ে ওঠে দৃঢ়তা,
প্রবল ইচ্ছাশক্তি। যে শিশ্ব সমালোচকের দৃষ্টিতে অজিতি
সাফলোর ফলাফলকে বিচার করতে শিখেছে, যে নিজের কাজে
সন্তুষ্ট না হয়ে আরও ভালো করার প্রয়াস পায়, সে কখনও
অল্স হতে পায়ে না।

মানসিক প্রমে সাফল্য কী ভাবে অজিত হয় নিজ্প্র অভিজ্ঞতায় তা উপলব্ধি করার সঙ্গে সঙ্গে শিশ্বরা আত্মসংযম রপ্ত করে। কঠোর পরিপ্রমের অভ্যাস, ভালো ফলাফল অর্জনের অভ্যাস — অবত্বে সম্পাদিত কাজের প্রতি, আলস্য ও গৈথিলোর প্রতি অসহনীয় মনোভাবের শিক্ষায় শিশ্বকে শিক্ষিত করে তোলে।

শ্রমের আনন্দ বিদ্যাশিক্ষায় সাফল্যের আনন্দ বখন শিশ্বদের কাছে শিক্ষার প্রেরণা হয় তখন ক্লাসে নিন্দমা বলতে কেউ থাকে না। বাঁরা প্রকৃত শিক্ষাকুশলী তাঁরা প্রেক প্রেক একেকটি নিন্দমার বিরুদ্ধে ক্লাচিং সংগ্রাম করেন, চিন্তাশিন্তির জড়তার পরিণামস্বর্প যে আলস্য তার বিরুদ্ধেই তাঁদের সংগ্রাম।

চিন্তাশক্তি খাটিয়ে যারা ভালো ফল করছে কেবল তাদেরই
নদ্বর দেওয়ার ভিত্তিতে যে বাবস্থা তা ধীরে ধীরে প্রাথমিক
শ্রেণী, মাধ্যমিক শ্রেণী ও উচ্চ শ্রেণীতে শিক্ষাদানরত সব
শিক্ষকের কাজে প্রচলিত হল। পাঠকের মনে প্রশ্ন জাগতে
পারে: শিক্ষাথর্নির যদি কোন বিষয়েই কোন নন্দ্রর না থাকে
তাহলে কোয়াট্যলির শেষে ও শিক্ষাব্যের শেষে কী হবে?

আসল ব্যাপারটা ত এখানেই যে নম্বর না পাওয়া শিশ্বর কাছে খারাপ নম্বর পাওয়ার চেয়েও বড় দ্বঃখের। শিক্ষা**থ**ীর চেতনায় এই ভাবনা দৃঢ় প্রতিষ্ঠিত হয় যে আমি যেহেতু এখনও নম্বর পাওয়ার উপযুক্ত হই নি, তার মানে ষেমন খাটা উচিত ত্তটা এখনও খাটি নি। এই কারণে শিক্ষাবর্ষের শেষেও শিক্ষার্থী নন্দরর পায় নি — এমন ঘটনা আমাদের স্কুলে ঘটে নি বললেই চলে। ৪ বছরের মধ্যে ৬ বার আমি কোয়ার্টার্লির শেষে ছেলেমেয়েদের নশ্বর দিতে পর্যার নি। মা-বাব্যর জানেন ছেলে বা মেয়ের খাতায় যদি কোন নদ্বর না থাকে তার মানে গতিক ভালো নয়। তাঁয়া একথাও জানেন যে নন্বর না পাওয়ায় শিশার কোন অপরাধ নেই, এটা তার দার্ভাগ্য। আর দার্ভাগ্যের সময় সাহায্য করা দরকার। আমরা যৌথ ভাবে শিক্ষার্থীকে সাহায্য করি। আমি মা-ব্যবাদের ব্যবিয়ে বলি ওঁরা যেন কথনও ছেলেমেয়েদের কাছ থেকে বেশি নদ্বর দাবি না করেন. অসম্ভোষজনক নশ্বরকে কথনও আলস্য ও শৈথিলারূপে. অধ্যবসায়ের অভাব বলে বিবেচনা না করেন।

নশ্বর জিনিসটি হল শিক্ষার এক স্ক্রে হাতিয়ার। কোন কোন শিক্ষক বিশেষ কোন ভাবনাচিন্তা না করেই এই হাতিয়ারটি ব্যবহার করে থাকেন। বহু স্কুলে কোন রকমে পাস নশ্বর পাওয়ার প্রতি একটা ধিক্ষারজনক মনোভাব গড়ে উঠেছে। 'ভালো নশ্বর পেয়ে পড়াশানা করব!' — এই স্লোগান যে কেবল পাইওনিয়র জমায়েতগালিতেই ধর্নিত হয় তা নয়! শিশাদের পারপারকারও দেখতে পাওয়া য়ায়। বিদ্যাশিক্ষায় সন্তোষজনক সাফলোর প্রতি এবংবিধ মনোভাবের উৎসাহ দিয়ে শিক্ষক বস্তুত যে ডালে বসে থাকেন সেই ডালই কাটেন -শিশাদের উপরিচালাকি ও চাপলোর শিক্ষা দেন। দিতীয় শ্রেণীতে, শিক্ষাবর্ষ স্ট্রনার করেক সপ্তাহ পরে ছেলেমেরেরা নোটবই রাখতে শ্রের্ করল তাতে ক্লাসে ওরা যা যা নম্বর পেত তা লেখা হত। এমন একটি ঘটনাও ঘটে নি যেখানে শিশ্র মা বাবার কাছ থেকে নম্বর গোপন রাখতে চেন্টা করেছে। নম্বর যেখানে সাফল্যের আনন্দ প্রকাশ করে সেখানে এর অন্যথা হতে পারে না। নোটবইয়ে শিক্ষকের কোন শ্রাক্ষরের প্রয়োজন নেই — এর দরকার হত সেকেলে স্কুল ব্যবস্থার, যেখানে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে বিরাজ করে অবিশ্বাস ও সম্পেহের পরিবেশ। ক্লানে যদি পারস্পরিক বিশ্বাস না থাকে, শিশ্র যদি শিক্ষককে প্রতারণা করার চেন্টার থাকে, নম্বর যদি বরোজ্যেতিদের হাতে শিশ্বকে তাড়না করার চাব্রকে পরিবত হয় তাহলে সঠিক শিক্ষাদানের ভিত্তিই ধসে যায়।

অন্যায় ভাবে খারাপ নন্বর বসানো থেকে শ্রে হয় স্কুলের সবচেয়ে বড় ক্ষতিগালির একটি — শিশার মিথ্যাবাদিতা, শিক্ষক ও মা-বাবাকে প্রভারণা। মা-বাবার কছে থেকে স্কুলে নিজেদের অকৃতকার্যতা আর শিক্ষকের কাছ থেকে অমনোযোগিতা গোপন রাখার জন্য ছেলেমেরেরা কত রকম ফান্দিফিকিরেরই না আশ্রয় নেয়। শিক্ষার্থার প্রতি অবিশ্বাস বত বেশি ততই বেশি করে সে প্রভারশার নানা রকম কৌশল উদ্ভাবন করে, ততই অন্তুল হয় আলস্য ও শৈথিল্যের জাম। আলস্য হল অবিশ্বাসেরই পরিণাম। যাকে আমি শিক্ষা দিচ্ছি সে সর্বোপরি জাবস্ত মানুষ, শিশার, পরে — শিক্ষার্থা। তাকে যে নন্বর আমি দিচ্ছি তা তার জ্ঞানের মাপকাঠি মার নয়, সর্বোপরি তা হল তার প্রতি আমার মানবিক সম্পর্ক।

অনুসন্ধিৎসা ও কোত্হলপ্রবণতার অগ্নিকণার, তার জ্ঞানতৃষ্ণার যত্ন নিন। এই অগ্নিকণাকে জনালিয়ে রাখার একমার উৎস হল প্রমে সাফল্যের আনন্দ, মেহনতীর গর্ববোধ। প্রতিটি সাফল্যের, প্রতিটি বাধাবিপত্তি অতিক্রমের উপযুক্ত পারিতোষিক দিন — নন্দ্রর দিন, কিন্তু নন্দ্ররের অপব্যবহার যেন না হয়। ভূলে যাযেন না, যে জ্ঞামর উপর আপনার শিক্ষকতার নৈপণ্ণা গড়ে উঠছে তা হল শিশ্ব নিজে, জ্ঞানের প্রতি, আপনার প্রতি — শিক্ষকের প্রতি তার সন্পর্ক। তা হল শেখার ইচ্ছে, বাধাবিপত্তি অতিক্রমের মান্সিক প্রভূতি, প্রেরণা। এই জ্মিকে স্বত্নে উর্বর করে তুল্নেন, এছাড়া বিদ্যালয়ের অন্তিছ নেই।

## 'রুপকথরে ঘর'

র্পকথা, থেলা, কল্পনা — শিশ্র মননাক্রয়র, মহৎ অন্ভূতি ও প্রয়সের সঞ্জীবনী উৎস। দীর্ঘকালীন অভিজ্ঞতায় দেখা গেছে যে র্পকথার চিত্র ও চরিত্রের প্রভাবে শিশ্রচিত্তে যে নন্দনতাত্ত্বিক, নৈতিক ও ব্রিদ্ধাগাঁর অন্ভূতির জন্ম হয় তা ভাবনার এমন এক প্রবাহকে সক্রিয় করে তোলে যা মিন্তন্দের সক্রিয় কার্যকলাপের উদ্বোধন ঘটায়, ভাবনার সজীব দ্বীপগ্রিলর মধ্যে প্রাণোচ্ছল যোগস্ত্র স্থাপন করে। র্পকথার কল্পম্তিগ্রিলর মাধ্যমে শিশ্র টেডনো শব্দ ও তার স্ক্রিতিস্ক্রে বাজ্ঞান প্রবেশ করে; শব্দ হয়ে দাঁড়ায় শিশ্রে মনোজীবনের ক্ষেত্র, ভাবনা ও অন্ভূতির বাহন — মননের জীবস্ত বাস্তব র্প। র্পকথার কল্পম্তি শিশ্র মনে যে সব্ অন্ভূতি জাগিয়ে তোলে তাদের প্রভাবে শিশ্র মনে যে সব্ অন্ভূতি জাগিয়ে তোলে তাদের প্রভাবে শিশ্র মনে যে সব্

চেতনা ও অন্তুতিকে অধিকার না করছে ততক্ষণ মানবিক মননক্রিয়া ও বাচনক্রিয়ার নিদিক্টি পর্যায় র্পে শিশ্রে মননক্রিয়া ও বাচনক্রিয়াকে কল্পনা করা অসম্ভব।

শিশ্বা এই ভেবে গভীর তৃপ্তি পায় যে র্পকশার ভাবম্তির জগতে তাদের ভাবনা অধিষ্ঠান করছে। শিশ্ব একই র্পকথা পাঁচ বার, দশ বার — অসংখ্য বার আওড়াতে পারে এবং প্রতিবারই তার মধ্যে কিছ্ না কিছ্ নতুনের সন্ধান পায়। র্পকথার ভাবম্তির মধ্যে আছে প্পষ্ট, সজীব, স্নিদিপ্ত র্প থেকে বিম্ত ধারণার প্রথম পদক্ষেপ। আমার শিক্ষার্থীরা বিম্ত ভাবনার অভ্যন্ত হয়ে উঠতে পারত না যদি না র্পকথা তাদের মনোজীবনের গোটা একটি পর্ব জ্ভে থাকত। শিশ্ব ভালো ভাবেই জানে যে জগতে ভাইনী বৃড়ি বাবা-ইয়াগা নেই, ব্যাঙ রাজকুমারী নেই, পিশাচ বলে কেউ নেই, কিছু এই সব কল্পম্তিরা মধ্যে সে ভালো ও মন্দের র্প দেখতে পায় এবং প্রতিবার একই র্পকথা বলার সময় ভালো-মন্দের প্রতি তার ব্যক্তিগত মনোভাব প্রকাশ করে।

সোল্যর্থ থেকে র্পকথাকে বিচ্ছিন্ন করা যার না, র্পকথা নন্দনতাত্ত্বিক অন্ভূতি বিকাশে সহায়তা করে, আর এই অন্ভূতি ছাড়া চিন্তের উদারতা, মান্বের দ্ভাগ্য, শোক ও দ্বংথের প্রতি হদরের সংবেদনশীলতার কথা ভাষা যার না। র্পকথার কল্যাণে শিশ্ব কেবল ব্লিছ দিয়ে নর, হদর দিরেও জগংকে উপলব্ধি করে। আর কেবল যে উপলব্ধি করে তা-ই নর, পারিপাশ্বিক জগতের ঘটনা ও বস্তুর আহ্বানে সাড়া দেয়, ভালো ও মন্দের প্রতি নিজের মনোভাব প্রকাশ করে। র্পকথা থেকে শিশ্ব আহরণ করে ন্যায়-অন্যায় সম্পর্কে তার প্রাথমিক ধারণা। ভাষাদর্শগত শিক্ষার প্রাথমিক পর্যায়ও সংঘটিত হয়

রূপকথার সাহায্যে। শিশ্বেরা ভাষাদর্শকে একমাত্র তথনই মনে রাখতে পারে যখন তা উল্জব্বল রূপে মূর্ত হয়ে ওঠে।

র্পকথা স্বদেশপ্রেম শিক্ষার হিতকর উৎস, অন্য কোন জিনিস এর স্থান নিতে পারে না। র্পকথার দেশপ্রেমম্লক ভাবধারা নিহিত থাকে তার বিষয়বস্থুর গভীরে, লোকসমাজ রুপকথার যে-সমস্ত কলপ্যাতি স্থিত করেছে সেগালি হাজার হাজার বছর বে'চে থাকে, শিশার হদয়ে ও ব্লির অধিগম্য করে তোলে মেহনতী জনসমাজের প্রবল স্জনী মনোবল, জীবন সম্পর্কে তার দ্ভিউজি, তার আদর্শ, আশা-অবেডক্ষা। র্পকথা স্বদেশপ্রেমের শিক্ষা দের এই কারণেই যে তা হল জনগণের স্ভিট। র্পকথা — লোকসংস্কৃতির আন্তর সম্পদ, তাকে উপলব্ধি করার মধ্য দিয়ে শিশা, হদয় দিয়ে উপলব্ধি করে তার নিজের জাতিকে।

'আননদ নিকেতন' বিদ্যালয় শ্রু হওয়ার ৩ মাস বাদে আমরা 'রুপকথার ঘর' সাজিয়ে ফেললাম। ওপরের ক্লাসের ছেলেমেয়েদের সাহায্যে আমরা এমন পরিবেশ স্ভিট করলাম যাতে শিশ্রন রুপকথার কলপম্তিদের জগতে আছে বলে মনে মনে ভাবতে পারে। আশেপাশের স্বকিছ্র যাতে খ্র ছোটবেলায় মা'র মুখ থেকে শোনা রুপকথার স্মৃতি, সন্ধার আবছা অন্ধকার আর চুল্লির দ্বিদ্ধ অগ্নিকগার স্মৃতি শিশ্রে মনে জাগিয়ে তোলে তার জন্য অনেক খাটতে হল। এই হল পাজী ডাইনী বৃড়ি বাবা-ইয়াগার আস্তানা — বিশাল বিশাল গাছ আর গাছের গ্রুড়িতে ঘেরা কুটির — রুপকথার যাকে বলা হয়েছে কুকড়োর ঠাঙে খাড়া কুটির। কুটিবের পাশেই ব্পকথাব বিভিন্ন চরিত্রের ম্তি: ধ্রত শেরাল, ছাইরঙা নেকড়ে, বুদ্ধিমান পোঁচা। আরেক কোনায় — দাদ্ব-দিদিমার

কু'ড়ে ঘর, আকাশে রাজহাঁসেরা তাদের ডানায় বয়ে নিয়ে চলেছে ছোট একটা ছেলেকে ইউক্রেনের লােকিক র্পকথার নায়ক ইভাসিক-তেলােসিককে। এক কোনায় — নীল সাগর, তার তীরে ভালাে মান্য ব্ড়ো ও দৃষ্ট ব্ড়ির ভাঙ্গাচােরা বাড়ি, দােরগােড়ায় প্রনাে বারকােষ, য়েয়াকে বসে আছে ব্ড়ো আর বৃড়ি, সম্দ্রে ভাসছে সােনালি মাছ। কােথাও শাঁতের বন, বরফের পাহাড়, তার ভেতর দিয়ে ভুব্ ভুব্ হয়ে এগিয়ে চলেছে একটা ছােটু মেয়ে — সংমা এই শাঁতের মধ্যে তাকে ফল আনতে পাঠিয়েছে। ...কুটিয়ের জানলা থেকে উর্ণক মারছে ছাগলছানা। আরু এই হল বিরাট দস্তানা যার ভেতরে বাস করে ই'দ্রের, তার কাছে এসেছে আনহতে অতিথিয়া। মাই-উভ কেটে তৈরি হল বিরাট গাৢড়ি, তার ওপরে প্রভুল — বাচ্চা মেয়ে, ছাইরঙা খরগােশ, ভালা্ক, নেকড়ে, ছাগল... এয়নি কড কি।

আমরা নিজেরাই ধারে ধারে এ সব তৈরি করি। আমি কাটি, আঁকি, আঠা দিরে জর্ডি, ছেলেমেরেরা আমাকে সাহায্য করে। শিশ্রেরা বে পরিবেশের পেকথা শ্রনতে তার নন্দনতাত্ত্বিক প্রকৃতির উপর আমি বেশ বড় গ্রেছ আরোপ করি। প্রতিটি ছবি, প্রতিটি চাক্ষ্য রূপ শিল্পমিন্ডিত শব্দ উপলব্ধির ক্ষমতা তাঁর করে তোলে, রূপকথার ভাববন্তুর গভারতর অভিব্যক্তি ঘটার। এমন কি 'রুপকথার ঘর' আলোকিতকরণের উপারও বেশ বড় ভূমিকা গ্রহণ করে। ব্যাপ্ত রাজকুমারীর রুপকথা বলার সমর বনের ভেতরের ফাঁকা জারগাটার ছোট ছোট বাডি জরেলে উঠত, ঘরের মধ্যে বিরাজ করে সবজে রপ্তের আবছায়া যাতে ঘটনার পরিবেশ ভালো ভাবে সঞ্চারিত হতে পারে।

'ব্পেকথার ঘরে' ছেলেমেয়েদের আমি তেমন ঘনঘন নিয়ে

যাই না — সপ্তাহে একবার, কখনও কখনও দু'সপ্তাহে একবার। নন্দনতাত্ত্বিক চাহিদা এমন বেশি পরিমাণে মেটাতে উচিত নয় যাতে অব, চি ধরে যায়। যেখানে ব্যাপারটা বাডাব্যাডি রকমের সেখানে শ্রু হয় অবজ্ঞার ভাব, কৃপমণ্ড্কসূলভ মোহভঙ্গ, একখেয়েমির ক্রান্তি, অবসর সময় 'নত্ট করার' উপায় সন্ধান। ়েআমরা এখানে আসি শরংকাল ও শাঁতকালের সন্ধায়ে। এই সময় রূপকথা শিশ্যদের কাছে একটা বিশেষ মাধ্যর্য নিয়ে আসে, পরিজ্কার রোদ্রোজ্জ্বল দিনে যেমন শোনায় তার চেয়ে একেবারে অন্য রকম শনেতে লাগে। বাইরে অন্ধকার ঘনিয়ে আসে, আমরা আলো জ্বালি না, সন্ধ্যার আবছা অন্ধকার উপভোগ করি। এমন সময় রূপকথার কুটিরের জানলায় আলো জনলে উঠল. আকাশে দেখা দিল তারা, বনের ওপার থেকে উঠল চাঁদ। ঘর মদে; আলোয় উদ্ধাসিত হয়, কিন্ত কোনায় কোনায় জমে থাকে আরও বেশি আঁধার। আমি ছেলেমেয়েদের ভাইনী বুড়ি বাবা-ইয়াগা সম্পর্কে লোকিক রূপকথা বলি। আমার কথার মধ্যে হরত ছোটদের পক্ষে নতুন কিছুই ছিল না. কিন্তু ওদের চোখ আনন্দে দীপ্ত হয়ে ওঠে। ছেলেমেয়েরা র্পকথার চরিত্রগালির ভাগ্যের কথা ভেবে মর্মপীড়া অন্ভব করে, মন্দকে ঘুণা করে, ভালোর প্রতি অনুভব করে সহানুভূতি। পাজী ভাইনী বুড়ি, সরলমতি মেয়ে আলিওন্কা ও উদরেমতি রাজহাঁসদের মৃতি শিশ্বদের ধারণায় জীবস্ত হয়ে ওঠে, পরিণত হয় বুদ্ধিসম্পন্ন ও অনুভূতিসম্পন্ন প্রাণীতে। ছোট ছেলেমেয়েদের কাছে রূপকথা — কাল্পনিক ঘটনার বিবরণমার নয়: **এ হল গোটা এক জগং, যেথানে শি**শ বাস করে, সংগ্রাম করে, নিজের শুভবান্ধির সঙ্গে হিংসার প্রতিত্বনা করে। শব্দ রূপকথার মধ্যে শিশ্বর অন্তরের শক্তি

প্রকাশের যথার্থ রুপে খুজে পায়, যেমন খেলার মধ্যে সে রুপ প্রকাশ করে গতি, সঙ্গীতে — স্বুর . শিশ্ব কেবল যে রুপকথা শ্বনতে চায় তা নয়, সে নিজে রুপকথা বলতে চায়. যেমন সে কেবল সঙ্গীত শ্বনেই ক্ষান্ত নয়, নিজে গান গাইতেও চায়, কেবল খেলা দেখাতেই তার পরিতৃপ্তি নয়, সে নিজে খেলায় যোগ দিতেও চায়।

কয়েক দিন কাটার পুর ছেলেমেরেরা জিজ্জেস করে: 'আমরা কবে 'র্পকথার ঘরে' যাব?' ওরা সেই আনলের মৃহ্তের প্রতক্ষিয়ে উন্মুখ হয়ে থাকে। আমরা আবার সন্ধ্যায় আবছা আধারে মিলিত হই, আবার আমি র্পকথা বলি, তারপর ছেলেমেরেরা সেই র্পকথাটাকে বলে। যারা সবচেয়ে মৃখচোরা তারাও এই সময় হয়ে পড়ে সাহসী ও দ্চেসঙকলপ। অন্যান্য পরিছিতিতে ভাষা হয় অসপই ও আনাড়ি ধরনের, কিন্তু এখানে ভাষা হয়ে ওঠে স্বচ্ছন্দ, ব্যঞ্জনাধ্যা, স্রেলা। নিনা, পেরিক, লিউদা, স্লাভা ও ভালিয়া র্পকথা বলে। অথচ ওদের ভাষা ও মননক্রিয়ার বিকাশে প্রতিবন্ধকতা ছিল।

আমরা যখন 'র্পকথার ঘরে' আসি তখনই ছেলেমেরেরা খেলতে চার। কী ছেলে কী মেয়ে — সকলের জনাই মনের মতন পৃতৃত্ব কিংবা খেলনা আছে। খেলা স্জনের আকার ধারণ করে: বাচ্চারা র্পকথার চরিত্র হয়, আর ওদের হাতের পৃতৃত্বগ্রেলা ভাবনা ও অন্ভূতির স্চার্ প্রকাশে সাহায্য করে। ওদের একজন হাতে নিশ্ব খড়ের এ'ড়ে বাছরে (ইউলেনের বিখ্যাত র্পকথারা চরিত্র), অন্য জন নিল দিদিমা-প্তৃত্ব, আরেকজন দাদ্-প্তৃত্ব। শিশ্রা এখন বাস করে র্পকথার জগতে। ওরা কেবল র্পকথার বিভিন্ন চরিত্রের ম্থের কথা আওড়ায় না, সেগ্রলিকে স্টিট করে, র্পকথা-র্পকথা খেলায় নিজম্ব কলপনা আরোপ করে। কোন কোন মেয়ের পত্তুল নিয়ে স্লেফ একটু খেলতে মন চায়। শিশ্ব পত্তুলকে ছোট্ট সোফার ওপর বসায়, স্বরেলা গলায় তাকে শ্লেহ ও দরদে মাথা কথা বলে। আরেকটি মেয়ের বাচ্চা পত্তুল অসক্ত হয়ে পড়েছে, মেয়েটি তাকে চিকিৎসা করছে।

মেয়ে আর ছেলেরা যদি করেক বছর পতুল নিয়ে খেলে তাতে আমি খারাপ কিছ, দেখি না। কথনও কখনও কোন কোন শিক্ষক ব্যাপারটিকে বড় 'ছেলেমান্র্যার' বলে মনে করেন, কিন্তু আসলে এর মধ্যে সে রকম কিছু নেই, এ হল সেই একই রূপকথা, জীবস্ত সন্তার সেই একই প্রেরণা যা রূপকথা বানানোর ও শোনার প্রফ্রিয়াকে অনুপ্রাণিত করে। ফরাসী লেখক আ. সাঁ-এক্জিউপেরির (১৯০০-১৯৪৪) ভাষায়, প্রতুলের মধ্যে আছে শিশ্ব যাকে প্রেম মানাতে চায় ভারই মূত রূপ। প্রত্যেক শিশুই চায় ভার যেন পরম প্রিয়, আপন কিছঃ থাকে। আমি মনোযোগ দিয়ে লক্ষ্য করি শিশঃ আরু তার প্রিয় পত্রুলের মধ্যে অন্তরের কী রকম সম্পর্ক গড়ে ওঠে। ছেলেরা যে অনেকক্ষণ ধরে পতুত্ব নিয়ে থাকত তাতে আমি আনন্দ পেতাম। কোস্থিয়ার পাতুলটা নেহাৎই সাধারণ ধরনের — ছিপ হাতে বুড়ো জেলে। প**ু**তুলটার কয়েকবার পা ভেঙ্গে যায়, কোন্তিয়া শেষ পর্যন্ত কাঠের পা কেটে আর একটা ভালপালাওয়ালা লাঠি বুড়োর হাতে ধরিয়ে দেয়, তাতে ভর দিয়ে সে নদীর ধারে যায়। বালক তার বুড়ো বন্ধুর সঙ্গে কথা বলতে ভালোবাসে: জলের কোন্ জারগার কী মাছ পাওয়া যায় তাকে বলে। ..লারিসার প্রিয় পতুল হল দিদিমা ও নাত্রনি। মেয়েটি দিদিমার চোখে চশমা পরিয়েছে, তার পায়ের नौरुठ विष्टित्य मिर्यास्ट भवम शालिहा, काँस मिर्यास्ट भाल। ভালিয়ারও দুটো প**ুতুল - বে**ড়ালছানা ও ই<sup>\*</sup>দুরছানা। মেয়েটি প্রতি সপ্তাহে বেডালছানার গলায় নতুন নতুন ফিতে বাঁধে আর ই'দ,বছানার জন্য কেন যেন সব,জ আসন নিয়ে আসে। ...'র প্রকথার ঘরে' শিশ্বদের কল্পনার আর শেষ নেই। শিশ্ব নতুন কোন জিনিস দেখল কি না দেখল অর্মান শিশ্য চেতনায় অন্য একটি জিনিসের সঙ্গে তার সম্পর্ক রচিত হয়ে গেল. জন্ম নের কালপনিক ধারণা, শিশাকুলপনার খেলা চলে, ভাবনার শিহরণ ধরে, চোখ উজ্জ্বল হয়ে ওঠে, ভাষা প্রবাহিত হয় প্রক্রন্দ ধারায়। এই কথা মনে রেখে আমি চেন্টা করি যাতে শিশ্যদের চোথের সামনে, 'রূপকথার ঘরের' বিভিন্ন কোনায় নানা ধরনের এমন সব জিনিস থাকে যাদের মধ্যে কোন বাস্তব অথবা কাল্পনিক সম্পর্ক স্থাপন করা যেতে পারে। আমি ভাবি ছেলেমেয়েরা কখন কম্পনার পরিচয় দেবে, নতুন নতুন র প্রকথা স্বৃত্তি করবে। এক ঠ্যাঙে দাঁড়িয়ে আছে বক, তার পাশে ভয়ে জড়সর ছোটু বেড়ালছানা — শিশুকল্পনা সূণি করল কয়েকটি কোতাহলজনক রূপকথা, যেগালির চরিত্র হল বক আর বেড়ালছানা। আর এই হল দাঁড়ওয়ালা ছোট নোকো, তার পাশে ব্যান্ত — পরিন্ধিতি নিজেই রূপকথা হয়ে ওঠার জন্য উন্মূখ। গূহা থেকে মূখ বারিয়ে আছে ভাল্যকছানা, মশা ও মাছি — ভাল্যকের ছানার তুলনায় আকারে অস্বাভাবিক বড় (রূপকথার অবশ্য এটা চলে), ছোট শুরোরছানা আর সাবান সমেত মূখ ধোয়ার বেসিন -- এ সবই শিশ্বদের মূখে হাসি ফটিয়ে ত ভোলেই কল্পনাও জাগিয়ে ভোলে।

যে শিশ্র মননক্রিয়া বিকাশে গ্রেন্ডর অস্ক্রিধা দেখা যায়, আমি যদি দেখতে পারি যে সে র্পকথা ভেবে বার করেছে, নিজের কম্পনায় পারিপাশ্বিক জগতের ক্রেকটি জিনিসকে

একসঙ্গে বাঁধতে পেরেছে — তার মানে জ্যার দিয়ে বলা যায় যে শিশ্ব ভাবতে শিখেছে। ভালিয়ার চিন্তাকে উন্দীপিত করা ও তার স্মৃতিশক্তিকে দৃঢ় করে তোলা যে কত কঠিন কাজ ছিল সেকথা আমি আগেই বলেছি: তার চিন্তাকে উদ্দীপিত করার অনাতম উপায় ছিল পারিপার্শ্বিক জগতের বস্তু ও ঘটনার মধ্যে হঠাৎ সম্পর্ক দেখতে পাওয়ার দর্মন বিস্ময়বোধ। আরও একটি উপায়ও কম গার্ভপূর্ণ ছিল না। তা হল র প্রকথা। ভালিয়া বহুকাল কোন র প্রকথা বানাতে পারত না। তাতে আমি বিচলিত হয়ে পড়লাম। কেবল শিক্ষার ততীয় বছরে মেয়েটি শেষ পর্যন্ত ব্যাঙ, নোকো ও মাছ সম্পর্কে রূপকথা রচনা করল। বিষয়বস্তুটা এই রকম: 'ব্যাঙ নদীর ধারে নৌকো দেখতে পেল। জেলে-দাদ; নৌকোটা রেখে গাঁয়ে গিয়েছিলেন রুটির খোঁজে। ব্যাঙের ইচ্ছে হল নোকোয় চেপে ঘোরে। সে লাফিয়ে নোকোর উঠে বসল, দাঁড ধরল। এমন সময় একটা মাছ সাঁতরে তার কাছে এগিয়ে এসে বলল: 'তুই কী ভেবেছিস বল দেখি? সাঁতার কাটিস ত ভোবায়, কিন্ত নোকোর দরকার গভাঁর জল।' মাছের উপদেশে ব্যাঙ কান দিল না, সে নোঁকোকে চালিয়ে নিয়ে গেল নিজের ডোবরে দিকে। নৌকো ভেসে চলতে চলতে বলে: 'ব্যাণ্ড ভায়া, ব্যাণ্ড ভায়া, কোথায় আমাকে টেনে নিয়ে চললে শ্রনি?' ব্যাপ্ত বলল: 'আমরে নিজের ডোবায়, আমাদের জ্ঞাতিগোণ্ঠীরা সন্বাই দেখুক, আমি কেমন নোকো চলোই।' নোকো হাসল, মনে মনে ভাবল 'দাদঃ আসংক না, নোকো চালানো কাকে বলে তোকে শেখাবে এখন।' ব্যাপ্ত কোন রকমে নোকো ডোবায় টেনে নিয়ে এলো। নৌকো কাদায় আটকে গেল, আর এগোয় না। ব্যাঙ ক্ষিক্ষে ক'তিয়েও নৌকো নডাতে পারে না। ইতিমধ্যে ব্যাঙের

জ্ঞাতিগোষ্ঠীরা সন্বাই ডোবা থেকে বেরিয়ে এসেছে, সকলে তাকিরে তাকিরে দেখে, বাঙে ডোবার সকলকে শ্নিরে শ্নিরে দ্বিরে চে'চিরেছিল. 'দেখ, দেখ আমি কী স্কুদর নৌকো চালাই।' ব্যাঙের লজ্জা হল, যেই লাফিয়ে ডোবায় পড়ে অমনি চারদিকে চাপ চাপ কদো ছিটে পড়ে। আর ব্যাঙের জ্ঞাতিগোষ্ঠীরা সকলে হো হো করে হাসে। এমন সময় জেলেদদে এলো, নৌকোটা ডোবা থেকে টেনে বার করল। ব্যাঙের ভয় পেরে গেল, ওরা সব্জ পাঁকের ভেতরে ল্কিরে পড়ল। সন্ধাবেলায় সাহসে ভর করে বেরিরে এলো — আর যা হাসি হাসল। এরপর থেকে রোজই রাতে ওরা হাসে — সন্ধা থেকে সকলে অবধি জলায় শোনা বার ব্যাঙেদের গ্যাঙর গ্যাং। ওরা হামবড়া ব্যাঙকে দেখে হাসে।'

র্পকথা বানানো — শিশ্বদের যতগন্তি কৌত্লজনক কাব্যধর্ম রচনা হতে পারে তাদের একটি। সেই সঙ্গে তা হল চিন্তাশক্তি বিকাশের গ্রুত্বপূর্ণ উপায়। যদি চান যে শিশ্বা শিলপসম্মত রূপ গঠন কর্ক, স্থি কর্ক তাহলে নিজের স্থিতির অগ্নিকণা থেকে অন্তত একটি স্ফুলিঙও শিশ্বেচতনো সঞ্জর কর্ন। নিজে যদি স্থিতি করতে না পারেন কিংবা আপনার যদি মনে হর যে শিশ্ব কোত্বলের জগতে নেমে আসা একটা অসার তামাসমাগ্র তাহলে কোন লাভই হবে না। 'রূপকথার ঘরে' তিনার ছিল নিজের প্রিয় প্তুল — ধাত্দ্রমিকের ম্বির্ তির মুখটা গলানো ধাত্র আলোয় ঝলমল করছে। মেয়েটির মনে পড়ে যায় ঢালাই কর্মশালায় একসময় যে ধাতুশ্রমিককে দেখেছিল তার কথা। এখন তিন বছর কেটে যাওয়ার পর সে আগ্বনের নদী নিয়ে এক কৌত্বলজনক রূপকথা বানায়।

বিশাল এক চুল্লির সামনে দাঁড়িয়ে আছে মহাবাঁর। সে লোহা গলায়। লোহা টগবগ করে ফোটে। মহাবাঁর চুল্লির দিকে এগিয়ে গিয়ে চুল্লিব ঢাকনা খুলে দিতেই বয়ে চলে আগুনের নদা। বয়ে চলে আর বলে 'ওগো মান্যেরা, গন্গনে লোহা নিতে খুলো না, তেগোদের যা যা দরকার বানিয়ে নাও।' জ্ঞানীকারিগরেরা আগুনের নদাঁর কাছে যায়, নদাঁ খেকে তুলে নেয় গলানো লোহা, বালির মধ্যে ঢালো, লোহা দিয়ে মান্যের যা যা দরকার বানিয়ে নেয়।'

শিশ্বেচতনায় জন্ম নেয় একালের মহারথীদের রুপ — সোভিয়েত মাতৃভূমির রক্ষকদের রুপ। ফ্যাসিবাদের বিরুদ্ধে যুদ্ধ, সোভিয়েত জনগণের বীরত্বপূর্ণ বিজয় আমাদের দেশের মানুষের ক্মাতিতে ও মনোজীবন জুড়ে অনপনেয় হাপ রেথে গেছে। যে-সমস্ত বীর মাতৃভূমি রক্ষা করেছেন, শিশ্বদের কল্পনায় তারা হলেন রুপকথার মহারথী। তাদের নিয়ে শিশ্বমা উভজ্বল, উল্পীপনায়য় রুপকথা রচনা করে। আমাদের জাতির মহারথীদের সম্পর্কে শিশ্বমা যে-সমস্ত রুপকথা স্টিট করে তাদের সবগ্লির মধ্য দিয়ে উভজ্বল ভাবে প্রকাশ পায় সোভিয়েত মান্বের পোর্ব, অপরাজেয়তা ও মহত্ত্বে ধারণা। দাভেকার বানানো রুপকথার উল্লেখ করা যেতে পারে।

'ছেলে ফোজে চাকরী করতে বাচ্ছে। বিদায়ের সময় মা তাকে বললেন: 'জন্মভূমির এক মুঠো মাটি নিয়ে যা বাছা। মনে বাখিস, তুই হাল দেশের রক্ষাকর্তা।' ছেলে জন্মভূমির মাটি মুঠো করে তুলে নিয়ে লাল রেশমী থলেতে প্রের রাখল, স্বসময় সে মাটি তার সঙ্গে সঙ্গে থাকত। শর্রা আমাদের জন্মভূমির বির্দ্ধে যুদ্ধ শ্রু করে দিল। ছেলে সীমান্তে শর্কৈন্দের ম্থোম্থি হল, ওদের ওপর গ্রিল ছাড়ল, শর্ক নদীতে পড়তে লাগল। ছেলে এক পাও পিছাল না। কিন্তু শেষকালে শর্ক গ্রিল তার মাথায় এসে লাগল, রক্তে চোখ ভেসে গেল, হাত দ্টো এলিয়ে পড়ল। শর্কা এগিয়ে আসে, ভাবে এখনই আমরা ওকে বন্দী করে নিয়ে যাব। ছেলের মনে পড়ে গেল জন্মভূমির সেই এক ম্ঠো মাটির কথা লাল থলেটা হাত দিয়ে ছোঁয়ার সঙ্গে সঙ্গে হাতে দার্থ জারে এসে গেল। আবার সেই খ্রেদ মহাবীর গ্রিল ছাড়তে লাগল, শর্কা ভাড়া খেয়ে নদীতে গিয়ে পড়ল, ইতিমধ্যে এসে গেল সাহায্য — চটপটে এরোপ্লেন আর বিশাল বিশাল টাড়ক।

ছেলেমেয়েরা সন্ধ্যার আবছা অন্ধকারে বে-সমন্ত রুপকথা রচনা করে আমার কাছে সেগালি লেখা আছে। শিশাদের মনে ভাবনার যে উল্জাল অগ্নিকণা আমি জনালাতে পেরেছি সেই হিশেবে এই রুপকথাগালি আমার কাছে মুল্যবান। স্জেনকর্ম ছাড়া, রুপকথা রচনা ছাড়া বহু ছেলেমেয়েরই ভাষাভঙ্গি হত এলোমেলো, গোলমেলে আর মননিক্রয়া হত বিশ্রুখল ধরনের। আমার দৃঢ় বিশ্বাস হয় বে শিশাদের সোল্যবাধে ও ভাষার শব্দভাশ্ভারের মধ্যে সরাসরি যোগ আছে। সোল্যবাধে শব্দকে আবেগধর্মী বর্ণিমা দান করে। রুপকথা যতই কোত্তলজনক, শিশালা যে পরিবেশে থাকে তা যতই অসাধারণ হয়, শিশাদকল্পনার খেলা ততই তার আকার ধারণ করে, ততই চমকপ্রদ হয় শিশাদের স্কৃতি রুপ। গোধালিবেলায় আমার ছেলেমেয়েরা অনেক রুপকথা রচনা করে সেগালিকে আমি সংগ্রহ করে রাখি হাতে লেখা এক সঙ্কলনে, তার নাম দিই গোধালিবেলার বুপকথা'।

'গোধনুলিবেলার রুপকথা' সঙ্কলনের মধ্যে পশ্পাথি এবং গাছপালা ও ফুল সম্পর্কে অত্যন্ত আকর্ষণীয় কিছু, রুপকথা আছে। বিশেষ করে ফুল সম্পর্কে রচিত রুপকথা যেমন ছোটদের তেমনি আমাকেও প্রভূত আনন্দ দেয়। আমি ছেলেমেয়েদের মানুষের ভাষজীবন সম্পর্কে বলি, ফুল সম্পর্কিত গানে ও উপকথায় অনুভূতির রুপায়ণ সম্পর্কে বলি। রুপকথার সূত্র ধরিয়ে দিলাম — সঙ্গে সঙ্গে শিশ্বকল্পনায় সূত্র হতে থাকে উজ্জ্বল রুপমূত্রি।

দ্'-তিন মাসে একবার আমরা 'রূপকথার ঘরের' প্রতিটি কোণের সম্জা অদলবদল করতাম — প্লাইউড কেটে নতুন নতুন মূর্তি, গাছপালা, ঝোপঝাড় বানাতাম, কেল্লা তৈরি করতাম, বানাভাম র প্রকথার প্রাসাদ, জেলেদের কুটির আর মাটির ঘর। বাচ্চারা কাগজের মন্ড দিয়ে রূপকথার চরিত্রের মূর্তি বানাতে শিখল — এর ফলে রূপকথার জগৎ সমৃদ্ধ হল। এই ভাবে আমরা 'চিত্রিত করি' 'ইভাঙ্গিক-তেলেসিক' (ইউক্রেনের লৌকিক র্পকথা), রুশ লেখক ভাসিলি জ্বকোভ্তিকর 'ঘুমন্ত রানী', সেগেই আক্সাকভের 'আলতা জবা', ভ্যাদিমির দাল-এর 'দাঁতাল ই'দ্যুর আর বড়লোক চড়াই-এর কথা', ড্রেসভলদ গারিশিনের 'বাঙের বিশ্বদর্শন' -- এই রক্ম বহু রুপকথা; তা ছাড়া ছিল ডেনিশ র্পকথা লেখক হান্স ক্রিন্টান এন্ডারসনের 'তুষাররানী', গ্রিম-ভাইদের 'রেমেনের রাস্তার বাদক', শার্লা পেরোর 'ঘুমন্ত সান্দরী', রাশ লৌকিক রাপকথা 'মারিযা-সুন্দরী ও ভাষিউশ্কা', 'রুশ জাতীয় বীর ঢাপায়েভ-সংক্রান্ত রূপকথা', জাপানী লোকিক রূপকথা 'কু'জো চড়াইছানা'। এই রূপকথাগরিল শিশ্বদের অন্তর্লোকে স্থান পায়, যেমন আমাদের চেতনায় চিরকালের জন্য স্থান পায়

আমাদের সন্থেব বার্তাবহ প্রিয় মানন্বের ভাবমাতি। ছেলেমেরেরা চিরজীবনের জন্য অক্ষরে অক্ষরে মনে রাখে শোনা ব্পকথা, যদিও মনে রাখার জন্য তাদের কেউ কখনও চাপ দিত না। শব্দের অন্পম সৌন্দর্য যখন শিশ্মনকে আলোড়িত করে হখন তা চিরতরে মনে গাঁথা হয়ে যায়। এই রকম মনে রাখার ফলে স্ম্তিশক্তির উপর অতিরিক্ত চাপ ত পড়েই না বরং স্মৃতিশক্তি আরও প্রথর হয়ে ওঠে।

নতুন র্পকথা যখন প্রথম বলা হয় তথন তা শিশ্লের জীবনে এক বিরাট ঘটনা হয়ে দেখা দেয়। কী উল্পীপনা নিয়ে যে আমরা এপ্ডারসনের 'তুষারয়ানী' র্পকথার পরিবেশ গড়ে তুলেছিলাম তা কখনও ভুলব না। ঘটনাটা ঘটে শিক্ষার ছিতীয় বছরে। শীতকালে বেলা যেতে না যেতে ঘনিয়ে এসেছে সয়্যায় আঁধার, ছেলেমেয়েরা এসেছিল 'র্পকথার ঘরে'। ঘটনার পরিবেশ — কোনাচে ছাদে ঢাকা ছোট ছোট বাড়ি, উচ্ছ উচ্ শৈলচ,ড়ার মাঝখানে র্পকথার প্রাসাদ, দোড়বাজ হরিণ, বরফের জ্প — সবই ছেলেমেয়েদের নিজেদের হাতে তৈরি। কিজু র্পকথা এখনও সকলের শোনা হয় নি। বাড়িগ্লেলার জানলায় জানলায় জরলা ওঠে আলো, আকাশ থেকে ঝরতে থাকে মিহি তুষায়কণা, আমাদের ঘিয়ে ধরে সয়্যায় আলো-আঁধারি। শিশ্লেরা র্লকথাসে শিক্ষকের ম্থের কথা শোনে।

...র্পকথা শেষ হল, কিন্তু ছেলেমেরেরা আরও একবার শ্নেতে চায়। শব্দের এই মোহ আমার কাছে ছিল পরম ম্লাবান। ছেলেমেরেরা যতবার শ্নেতে চাইত আমি ততবারই র্পকথা প্নরাব্তি করতাম। ওরা যে তুষাররানীর র্পকথা বারবার শ্নতে চায় তার কারণ এই নয় যে শব্দ ম্থস্থ রাখা তাদের দরকার ছিল, কারণ এই যে র্পেকথাটির মধ্যে তারা আশ্চর্য সঙ্গীতের অনুরণন শুনতে পায়।

শিক্ষক সর্বক্ষণ ভাবেন ছেলেমেয়েরা যাতে মাতভাষায় গভীর জ্ঞান অর্জন করে, যাতে মাতৃভাষার শব্দ তাদের মনোজীবনে স্থান পায়, একাধারে লক্ষ্যভেদী ধারাল ছেদনযন্ত্র, বৈচিত্রাপূর্ণ বর্ণভান্ডার আর সতা উপলব্ধির সক্ষাে উপায় হয়ে দাঁড়ায়। ভাষা হল ভাবনার বন্তুগত প্রকাশ। শিশ; একমাত্র তথনই তা জানতে পারবে যথন অর্থের সঙ্গে সঙ্গে মাতৃভাষার শব্দের উল্জবল ভাবব্যঞ্জনা, সঙ্গীতের সজ্জীব শিহরণ হলয়ক্ষম করে। শবেদর সোদ্ধ্য অনুভব ব্যতিরেকে শিশ্বর বৃদ্ধি তরে নিহিতার্থ অনুধাবন করতে পারে না। জার সৌন্দর্যের অনুভূতি — কম্পনা ব্যতিরেকে অচিন্তনীয়, যাকে বলা হয় র্পকথা, সেই স্জনকর্মে শিশ্বদের অংশগ্রহণ ছাড়া অচিন্তনীয়। রূপকথা হল এমন এক সন্দিয় নন্দনতাত্ত্বিক স্জনকর্ম যা শিশ্বর বৃদ্ধি, অনুভূতি, কম্পনা ও ইচ্ছার্শাক্তকে — এককথায়, তার মনোজীবনের সমস্ত ক্ষেত্রকে অধিকার করে থাকে। গদপ বলা থেকেই তার স্ত্রেপাত, আর তার সর্বোচ্চ পর্যায় — নাটকীয় রূপদান।

আমাদের এই 'র্পকথারা ঘরে' জন্ম নিল প্তুল থিয়েটার ও নাট্যচল। এখানে ছেলেমেরেরা প্রথম নাট্যর্প দান করল ইউক্লেনের 'দস্তানা' র্পকথার। অতঃপর বিপ্তুল আগ্রহ নিয়ে এরা 'ব্যাঙ-রাজকুমারী' র্পকথা ও জাপানের 'কু'জো চড়াই' র্পকথার নাট্য-র্পায়ণে নামল। শিক্ষার চতুর্থ বছরে তারা সকলে মিলে 'বাজিয়ে ফড়িং' র্পকথা রচনা করল এবং নাটকের বিভিন্ন ভূমিকায় অভিনয় করল।

'র্পকথার ঘরে' আমি ছেলেমেয়েদের প্রথম পড়ে শোনালাম

রবিন্সন কুসোর কাহিনী, 'মিউনহাউজেনের আড্ভেণ্ডার', 'গালিভারের ভ্রমণব্তান্ত', 'জাক সালতানের র্পকথা', 'বাজিয়ে ইয়াঙেকার' কাহিনী জানলার বাইরে বরফের ঘ্লিকড়, এদিকে ছেলেমেরেরা জাহাজ ডুবির কবলগ্রস্ত রবিন্সন কুসোর সঙ্গে সঙ্গে জনমানবহীন দ্বীপে এমে উঠছে, তার সঙ্গে সঙ্গে প্রকৃতির বিরুদ্ধে কঠিন সংগ্রামের কণ্ট ভোগ করছে। দ্বীতকালের সন্ধ্যার এই আকর্ষণীয় মৃহ্তেগ্লিল দ্বিদ্দুটিত্তে চিরকাল জাগর্ক থাকে। 'র্পকথার ঘরে' আমরা এন্ডারসন, তলপ্তর, উলিন্দিক ও গ্রিম-ভাইদের এবং সোভিয়েত দিশ্লসাহিত্যিক চুকোড্সিক ও মার্শাকের সবগ্লিল র্পকথা পড়ে ফেলি। দ্বিকালের অভিজ্ঞতায় আমার বিশ্বাস হল যে ভালো ও মন্দ্র, সত্য ও অসত্য, সন্মান ও অসন্মান সন্পর্কে যে-সমন্ত নৈতিক ভাব রচনাগ্লিতে নিহিত আছে তা মান্বের সন্পদে পরিগত হয় একমান্র তথনই, যথন রচনাগ্লিল পড়া হয় দিশ্লবেরলে। রুপকথা লেখা হয়েছে দিশ্লদেরই জন্য।

আমাদের পাঠ ছিল নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ: উল্লিখিত রূপকথা ও গলপগন্লি ছিল আমার কণ্ঠস্থ। বই আমি হাতে নিতাম একমার ছোটদের ছবি দেখানোর উদ্দেশ্যে। রূপকথা বলার মতো পাঠও ছিল কল্যাণজনক মানবিক অন্ভূতি ও জ্ঞানবর্দ্ধি শিক্ষাদানের এক শক্তিশালী হাতিরার।

কোন রকম অতিশয়োক্তি না করে বলা যায় যে শৈশবে পঠন — সর্বোপরি, মনোগঠনের শিক্ষা, শিশ্যুচিত্ত্তর অন্তরতম প্রদেশে মানবিক উদার্যের স্পর্শলাভ। শব্দ যখন মহৎ ভাবধারার উদ্ঘাটন ঘটায় তখন তা চিরকালের জন্য শিশ্যুহদয়ে মন্যাত্ত্বে বাজি বপন করে আর সে বাজি থেকেই সূচ্ট হয় বিবেক।

## র্পকথার ধারান্যসরণ — আমাদের 'আশ্চর্য দ্বীপ'

শিশ্বদের আকর্ষণ করে অসাধারণ ঘটনা আড়েভেণ্ডারের রোমান্স, প্রকৃতির স্বতঃস্ফুর্ত শক্তির বিরুদ্ধে সংগ্রাম। আমি যখন ছেলেমেয়েদের প্রথম রবিন্সন ফুসেরে গল্প বলি তথন তাদের ইচ্ছে হল ভ্রমণকারী সেজে খেলে, সাগরের ঢেউয়ের আওয়াজ আর জলপ্রপাতের গর্জন শোনে . ওরা ঠিক করল নিজম্ব একটা 'আশ্চর্য' দ্বীপ' বানাবে — সেটা হবে এক রহস্যময় নিভূত কোণ, যেখানে খেলার জগতে বাস করা যেতে পারে। দ্বীপটা আমরা গড়লাম কাঁটাঝোপ আর বাবলার ঝাড়ের মধ্যে: সেখানে আমরা রবিন্সনের কুটির তৈরি করলাম, কুটিরের চারধারে বন্য জন্তুদের হাত থেকে আত্মরক্ষার জন্য বেড়া দেওয় হল; বাসস্থানটি ছিল আমাদের ক্যিইনীর নায়কের চল্লি সমেত বাসন্থানেরই মতো! ছোট একটি জানলা করা হল — সেথান থেকে দেখা যেত কুলকিনারাহীন বিশাল 'সমূদ্র'। ছেলেমেয়েরা সামান্য থানিকটা জাম খাড়ে সেখানে কয়েক দানা গম আর যব বুনে দিল। কোলিয়া বাড়ি থেকে এখানে ছাগলছানা পর্যন্ত নিয়ে আসত, কেননা রবিন্সনের গেরস্থালিতে ছাগলও ছিল। ওরা পরেনো পিপে, দড়িদডা, ইট নিয়ে এলো। পিপের চারধারের লোহার পাত দিয়ে ওরা ছুরি তৈরি করল, ওরা মাছ ধরার জালও বানাল। আদিম শিকারীদের মতো দু'খণ্ড শুকনো কাঠে কাঠে ঘষাঘষি করে আগান জনালাত - এমনও ত হতে পারত যে রবিন্সনের কাছে আগ্বন জবালানোর আর কোন উপকরণ ছিল না।

যে গতটো থেকে আমরা কুটির তৈরির জন্য মাটি তুলতাম, বৃষ্টির সময় সেখানে জল জমে একটা ছোটখাটো পাকুব স্টিট হল। ছেলেনেয়েরা জলের মধ্যে দাপাদাপি করল, ওদের কলপনায় সেটা হয়ে দাঁড়াল এক বিশাল সম্বাদ্ধ। আর সম্বাদ্ধ থাকলে জাহাজও থাকতে হবে। বাচ্চারা প্রাসি-উইলোর কঠে পেয়ে নৌকো বানাতে লেগে গেল। কাজটা সোজা ছিল না, কিন্তু শেষ পর্যন্ত ওরা সফল হল। নৌকোয় পাল খাটানো ছল, নৌকো এখন যাত্রা করল।

শিশ্বকলপনার ছোট টিলাটা হয়ে দাঁড়াল বিরাট একটা পাহাড়। তার ওপারে আমরা গড়লাম লিলিপটেদের দেশ। প্রাইউড আর নলখাগড়া দিয়ে আমরা তৈরি করলাম শহর — লিলিপটেদের রাজধানী, মাটি দিয়ে বানালাম ঘোড়া, গোরা ও ভেড়ার মর্তি, বানালাম লোককথার নায়ক ইলিয়া ময়য়য়েমখন ও তার প্রতিদ্বারীর মর্তি। ম্তিগ্লো ঝোপের ভেতরে রাখলাম। ঝোপটা হল প্রাচীন র্শদেশের গহন অরণ্য। এখানে আমরা গ্রীষ্মকালের শান্ত সন্ধ্যায় আসতাম, প্রত্যেকেরই ইচ্ছে হত সাহসী, বীরোচিত মহাবীর সম্পর্কের রুপকথা বলে।

দ,ভেদ্য ঝোপের গভীরে প্রবেশ করে আমরা থাড়া পাড়ের ঢালে একটা গর্ত দেখতে পেলাম — এ হল দ্বট পিশাতের গ্রা, ওখানে, রহস্যময় গহন প্রদেশে কোথায় যেন কণ্ট ভোগ করছে স্বাদ্রী রাজকুমারী।

বেশি দ্বে প্রমণ করা সম্ভব না হলে ঈবদ্ধে আবহাওয়ার দিনে অবসর সময় আমরা কাটাতাম 'আশ্চর্য বাশিণ'। রবিন্দনের বাসগ্রের পাশে আমরা একটা কুটির বানিয়েছিলাম। এটা ছিল আমাদের প্রিয় স্থান, যেখান থেকে কলপনার ডানায় ভর করে আমরা উড়ে যেতাম রপেকথার জগতে। রপকথার চরিত্ররা আমাদের পাশে পাশে থাকত, আর

যথন ধরণীর বুকে রাত নেমে আসত তথন আমরা যেন শ্নতে পেতাম দ্বুট পিশাচের কোঁ কোঁ গোঙানি আর জ্বতো পায়ে হ্লোরে সাবধানী পদক্ষেপ। এথানে বিশেষ উজ্জ্বল হয়ে জ্বলত শিশ্বকলপনার অগ্নিকণা। ইউরা, গালিয়া, তিনা ও ভিতিয়া এই নিভ্ত কোণটিতে অপর্প সমস্ত রুপকথা রচনা করে। গারিবেশ নিজেই কল্পনার খেলায় উৎসাহ সঞ্চার করে। ভাবনার স্বচ্ছেণ ও অপ্রতিরোধ্য প্রবাহ চলে, শিশ্বরা তাদের অন্তুতি প্রকাশের স্কৃপত ভাষা খ্বৈজ্ব পায়। সোনালি রামধন্ সম্পর্কে করা গেল।

'একবার সন্ধেবেলায় দত্যি-কামারেরা সূমিার কাছে এসে বলল: 'সূমি, ও সূমি, আমাদের সোহার হাত্ডিগুলো ভেঙ্গে গেছে, এখন হাতুড়ি পিটিয়ে রুপোলি স্কুতো যে বানাব সে উপায় আর থাকছে না। আমাদের নেহাইও পরেনো। আমাদের পূথিবীতে ষেতে দাও, আমরা লোহা নিয়ে আসি। সূথ্যি ওদের পৃথিবীতে থেতে দিল। দীতা-কামারের মান্যের কাছে যাবে বলে পা বাড়িয়েছে, এমন সময় মেখ এসে তাদের পথ আটকে দিল। ওরা মেঘের ভেতর দিয়ে প্রথিবীর দিকে চেয়ে দেখল — পর্যিবী থেকে ওরা অনেক উ'চুতে, এখন কী করে নীচে নামা বার? সাবিষর কাছে ফিরে এসে ওরা বলল: 'স্বিয়, ও স্ব্যি, আমরা প্রথিবীতে নামি কী করে বল তা? কোন একটা সাঁকো-টাকো বানিয়ে দাও।' স্বায্য কালো মেঘের ওপর দিয়ে ছ:ডে দিল তার কিরণ, আকাশে ঝলমল করে ৬ঠল সুযার সাঁকো। আর প্রথিবী থেকে লোকে দেখতে পেল সোন্যাল রমধন্য। কামারেরা প্রথিবীতে নেমে লোকের কছে থেকে লোহা নিল, সুষ্ট্রির সেতু বয়ে আবার সুষ্ট্রির

कार्ष्ट फिर्त्र अला। उरम् त भाषा मां ए प्रभाभावरे भूषि रमानानि রামধন্য উঠিয়ে নিল, রামধন্য মিলিয়ে গেল। এরপর থেকে আকাশে কালো মেঘ দেখা দিলেই সুমিয় লোহা আনার জন্যে দত্যি-কামারদের প্রথিবীতে পাঠিয়ে দেয়। কিন্তু শীতকালে সোনালি রামধন, দেখতে পাওয়া যায় না, কেননা দিন খুব ছোট আর দত্যি-কামারেরা হাতুড়িও তেমন একটা ঠোকে না। আমি খাব খাশি হলমে এই দেখে যে প্রতিটি শিশাই এখানে নিজ্ঞান রূপকথা রচনা করে। গ্রীক্মকালের শান্ত সন্ধ্যা চিরকালের জন্য মনে গাঁথা হরে থাকে: সূর্যান্ডের পর আকাশে ছাইরঙের আভা ধরে। এই রকম সন্ধ্যা বছরে কয়েক দিন হয়. যখন গ্রীষ্ম চলে তুঙ্গে। মনে হয় আকাশ নিজেই বুঝি মৃদু প্রভা বিচ্ছুরণ করে, এই সব সন্ধ্যার গ্যেখ*ুলি* সাধারণ গোধ্যুলির তুলনায় দীর্ঘ হয়, আকাশে তারা জ্বলতে অনেক সময় লাগে। ...শিশারা প্রকৃতির মনোরম সোলিবর্য নির্বাক। এই সব মুহুতে বিশেষ করে উচ্জ্বল হয়ে ওঠে কল্পনার অগ্নিকণা। আমরা নিনার মুখে শুনতে পাই রুপকথা:

'স্থিয় মায়াকাননে চলে গোল বিশ্রাম করতে। বিশ্রাম করার জন্যে শর্মে পড়ল, কিন্তু চোখ বন্ধ করতে ভুলে গোল। এদিকে দিত্যি-কামারেরা ভাবল এখনও বোধ হয় দিন আছে। তারা রুপোলি স্বতায় হাতুড়ির ঘা মারছে ত মারছেই। স্বতো গাইড়িয়ে ধর্লো হয়ে গোল। আকাশে রুপোলি ধর্লো উড়তে লাগল, সে ধুলো বিশিকমিক জন্বল…'

এই অপূর্বে র পকথা শানে আমার হংস্পদন দ্রুত হয়ে উঠল। প্রকৃতির সোন্দর্যের খাদ্বকরী আকর্ষণ, র পকথাব কলপম্তি এ সবই শিশ্বচেতনায় ভাবনার উৎসম্থ খ্লে দেয়। এতে আনন্দিত না হয়ে কী আর উপায় আছে? কেন

জানি না, জনুনের দীর্ঘ সন্ধ্যার সমর, ছাই ছাই রঙের আকাশ যখন একটা রহস্যময় চাদর বলে মনে হয়, ঠিক ৩খনই বিশেষ উচ্ছবিসিত হয়ে ওঠে শিশ্বকল্পনা।

ত্তীয় শ্রেণী শেষ করার পর ছেলেমেয়েদের ইচ্ছে হল আশ্চর্য দ্বীপে' 'গেরিলা বাহিনীর সদর দপ্তর' দ্থাপন করে। যেমন হওয়া উচিত — 'সদর দপ্তরেয়' দ্থান হল মাটির নীচে অর্ধেক-পোঁতা বাড়িতে। মাটি কুপিয়ে সে বাড়ি বানাতে সাহায্য করল গুপরের ক্লাসের ছেলেমেয়েরা। শ্রুর হল এক আকর্ষণীয় খেলা, সে খেলা চলল কয়েক মাস ধরে। ওদের রাতে খেলার ইচ্ছে হত, তা খেকে নিব্তু করা কঠিন হয়ে পড়ত। ওয়া গোপন অন্সন্ধানে বেত, কম্পাস ব্যবহার করতে শিখে ফেলল। ওরা কাঠের 'বন্দ্রক' আর 'মেশিনগান' তৈরি করে, সামরিক অপারেশনের অরণে আগে হ্রুফা দিত।

শিক্ষার শেষ বছরে রুশ রুপকথা লেখক পাভেল্ বাজভের 'মালাকাইটের ঝাঁপি' শিক্ষার্থাদের মুশ্ধ করে। আমি যখন উরালের আশ্চর্য মণিরত্নের কথা বলৈ, বলি তামা পাহাড়ের ঠাকরুনের অগণিত ধনরত্ম যেখানে লুকানো আছে সেই গ্রহার আশ্চর্য সৌন্দর্যের কথা, মালাকাইট খনির কথা তখন বাচ্চাদের চোথ আনকেদ দীপ্ত হয়ে ওঠে। ওদের ইচ্ছে হল ঐ সময় ওরা স্করে, রহস্যজনক, রোমাণ্টিক কিছু একটা করে। কার যেন মাথার খেলল পালার পাতালপত্বরী বানানোর চিন্তা। আমরা সব্জ, নীল, আসমানী, কমলা, লাল ও বেগনি রঙের কাচের টুকরো সংগ্রহ করতে লাগলাম, তাই দিয়ে আমাদের গ্রহার দেয়াল তুললাম। গ্রহায় ছোট ইলেক্ দ্রিক ল্যাম্প জর্লে উঠতে দেয়ালে যখন বামধন্র আভা খেলে গেল তখন ছেলেমেয়েরা যে হর্ষাবেশ অনুভব করল তা ভাষায় প্রকাশ করা কঠিন।

এখানে নতুন নতুন রূপকথার জন্ম হল। মানসিক শক্তির শিক্ষা, বিকাশ ও দৃঢ় প্রতিষ্ঠার ক্ষেত্রে সৌন্দর্যবোধের শক্তি যে কী বিরটে এখানে আমি সে বিষয়ে আরও নিশ্চিত হলাম। আমার চোখের সামনে ভালিয়া, পেরিক ও নিনার ভাবনায় নতুন উচ্ছবাস খেলে গেল: ওরা যে রূপকথা রচনা করল তার কলপনার ঐশ্বর্যে আমি মৃদ্ধ হই। লিউদাও এখানে রূপকথা রচনার বোগ দিল। আমি স্পষ্ট বৃষ্ণতে পারলাম যে এই মেরের স্বল্পভাষিতার কারণ মানসিক বিকাশের মন্থ্রতা নয়, কারণ হল তার স্বপ্নচারিতা, ভাবপ্রবণ্তা।

### গীতের আলোকে জাগতিক সোন্দর্য

'আনন্দ নিকেতনে' জীবনযাত্রার সময় যেমন, তেমনি প্রাথমিক গ্রেণীগুর্নিতে বিদ্যানিক্ষার সময়ও আমরা প্রকৃতির সঙ্গতি দ্বনতাম। এই সঙ্গতি হল শব্দের ভাবব্যঞ্জনার পরম গ্রেড্পণ্র উৎস, স্বরের সৌন্দর্য উপলব্যি ও উপভোগের উৎস। প্রকৃতির সঙ্গতি শ্বনতে শ্বনতে শিশ্বো মানসিক ভাবে কোরাস গানের জন্য প্রস্তুত হতে থাকে। আমরা যে গান গাইব প্রকৃতিতে তারই সমধ্যা সঙ্গীত যাতে ওরা ধরতে পারে আমি সে চেন্টা করি।

শ্বুলের অনতিদ্রেই আছে এক নিভ্ত কোণ। এথানে কাচের মতো মস্ণ প্রকুরের বৃক্তে এলে পড়ে সন্ধার আকাশের ছায়া, তৃণভূমি থেকে ভেসে আসে পাখিদের কলতান; ফড়িংয়ের দল গ্রনগ্রন সূর তুলে লিম্ধ সন্ধাকে অভ্যর্থনা জানায়। ইউল্লেনের স্বরকার ইয়া, স্তেপোভোইয়ের 'আমার গোধ্লি' গানটি শেখার আগে আমরা এখানে কয়েক বার প্রকৃতির

সঙ্গীত শ্বনি। এই গানে গোধ্বির সৌন্দর্যের অপ্বর্ণ উপলব্ধি সণ্ডারিত হয়েছে। গানটির স্বরের মধ্যে ছেলেমেয়েরা ধরতে পারে সেই সঙ্গীত যা গ্রীছ্মের শান্ত সন্ধ্যার তাদের মৃদ্ধ করে। এই জায়গায়ই আমরা গানটি রপ্ত করলাম। ওদের গানে করার ইচ্ছে হচ্ছিল। অতঃপর কয়েক সপ্তাহ বাদে গানবাজনা ও খেলাধ্লার ঘরে লোকবাদ্যমন্ত্র সহযোগে ওরা গানটি গাইল। এই গান শিশ্বদের মনে জাগ্রত করে তুলল গোধ্বির সৌন্দর্যের স্মৃতি, তাদের মুখচোথ আনন্দে উল্জব্বল হয়ে উঠল।

বনের মধ্যে আমরা শ্বনতাম রোদ্রোক্তর্ক সধ্যাদের সকীত।
উ'চু উ'চু গাছপালার পাতার ম্দ্র মর্মরধর্নি ওঠে, কাঠঠোক্রা
ঠকঠক আওয়াজ করছে, কোথার যেন বনকপোত একটানা ডেকে
চলেছে, কোকিল কুহ্ব কুহ্ব ডাকছে। এই সঙ্গীত যে অন্ভূতি
সণ্ডার করে তার ফলে ছেলেমেয়েদের সামনে রুশ স্বর্কার
আন্তন আরেন্দিকর 'কোকিল' গানটির সোন্দর্য উদ্ঘাটিত
হয়।

ছেলেমেরেদের মধ্যে জমারেত হরে গান করার আগ্রহ দেখা দিল। গান তাদের মনোজীবনে ছান করে নিতে লাগল, গানের অর্থ তাদের মনে উম্জবল ভাবব্যঞ্জনা সঞ্চার করত, মাতৃভূমির প্রতি, পারিপার্শ্বিক জগতের প্রতি তাদের প্রেম জাগ্রত করত। ভাবাবেগ, স্ক্রা বেধে — এই নামে মানবিক গ্বেগর অভিদ্ব আছে। তার ম্লকথা এই যে পারিপার্শ্বিক জগৎ অন্তবক্ষমতাকে তীব্র করে তোলে। যে মান্বের স্ক্রা বোধ ও ভাবাবেগ আছে সে অপরের দ্বংখকট ও দ্বর্ভাগ্যকে ভূলতে পারে না। বিবেকের তাড়নায় সে সাহায্য করতে এগিয়ে আসে। গানবাজনা এই গ্রেগর বিকাশ ঘটায়।

নীতিবোধ ও সৌন্দর্যবোধে দীক্ষিত মানুষের সহজ্ঞাত গুণ, অর্থাৎ এই ভাবাবেগের অভিব্যক্তি ভালো কথা, শিক্ষা, উপদেশ ও শতুভকামনা গ্রহণের ক্ষমতায়। যদি চান, কথা বাঁচতে শেখাক, যদি চান যে আপনাদের ছেলেমেয়েরা ভালো হওরার চেণ্টা করুক, তাহলে ছোটবেলায়ই তাদের মনের মধ্যে ভাবসংবেদনা সণ্ডার করনে। শিশ্যমনে অসংখ্য যে-সমস্ত উপকরণ প্রভাব বিস্তার করে তাদের মধ্যে উল্লেখযোগ্য স্থানের অধিকারী — সঙ্গতি। সঙ্গতি ও নীতিজ্ঞান — এ হল এমনই সমস্যা যার জন্য গভীর অধ্যয়ন ও অন্সন্ধানের প্রয়োজন। গতি — ক্রিস্ফুলভ বিশ্বদূল্টি প্রতিষ্ঠা করে। আমার মনে আছে, একদিন গভীর লৌকিক অনুভূতিতে সমৃদ্ধ গান করার পর আমরা স্তেপে গেলাম। আমাদের সমেনে উন্মৃক্ত হল কুলকিনারাহীন সাগরের মতো গমের খেত, দিগস্তে দেখা যাচ্ছে নীল নীল প্রাচীন টিলা, হল্মুদ শস্যথেতের মাঝখান দিয়ে সরু ফিতের মতো চলে গেছে পথ, নীল আকাশে ভারতে পাখি গান গাইছে: ছেলেমেয়েরা থমকে দাঁডিয়ে পড়ল, তারা যেন তাদের নিজেদের দেশের মাটির এই জ্বারগাটাকে আজ প্রথম দেখতে পেল। আমি অনুভব করছিলাম: এই মূহুতে প্রতিটি শিশুর মনের ডেতরে বাজছে দেশী গানের শব্দ। গান যেন জন্মভূমির সোন্দর্যকে চোথ খালে দেখতে শেখায়, আর এই সোন্দর্য হয়ে ওঠে আরও আপন, আরও প্রিয় ।

দেশী গান শিশ্বদের সামনে জনগণের অম্বল আন্তর সম্পদর্পে মাতৃভাষার শন্দের রহসা উদ্ঘাটন করে . গীতের কল্যাণে শিশ্বা শন্দের ধর্নিগত স্ক্রেতা উপলব্ধি করতে সক্ষম হয়।

রুশ লেখক তলপ্তর, চেখভ, গোর্কি, করলেঙেকা, গাইদার, চুকোভ্সিক, পাুশ্কিন ও শেভ্চেঙেকার কবিতা ও আমেরিকান লেখক জ্যাক লন্ডনের গল্প এবং এন্ডারসন ও গ্রিম-ভাইদের রূপকথা — এগালি পাঠ করার মতোই এমন কিছা কিছা সঙ্গতিসূতি শোনা আমার কাছে অত্যাবশ্যক বলে মনে হচ্ছিল যেগঃলির রেকর্ড গোড়ার দিকে আমাদের কাছে বড়ই কম ছিল। গানবাজনা শোনাকে বাদ দিয়ে শিক্ষা, শৈশবেই কোন সুরের প্রতি অনুরাগ ছাড়া মানুবের শিক্ষাদীক্ষা আমার ধারণায় আসত না। আমাদের 'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের কাজের শারাতে শিক্ষকমণ্ডলী কয়েকটি টেপ করা ও রেকর্ড করা রচনা সংগ্রহ করেন। আমরা এটাকে বড় রক্বভান্ডার রূপে গণ্য করি। এহেন রত্নভান্ডার শিশ্বদের কাছে মানবজাতির আন্তর সম্পদের পরিপূর্ণ ধারণা সূষ্টি করতে পারছে না, এই ভেবে আমরা অত্যন্ত দুঃখ পেতাম। আমার শিক্ষাথাঁদের প্রথম শিক্ষাব্যের শেষ দিকেই আমরা ৭টি গান ও ২০টি বাজনার একটি সংগ্রহ করে ফেলি। আমরা বিশেষ করে সঙ্গীত শোনার উদ্দেশ্যে সপ্তাহে দূৰার করে গনেবাজনার ঘরে আসত্যে। কতকগ্রাল সার ও গান ছেলেমেয়েদের পরিচিত হয়ে যায়, 'আনন্দ নিকেতনে' থাকতেই সেগালি তাদের মনোজীবনে প্রবেশ করে :

বাচ্চাদের নিয়ে কাজ করার সময় চার বছরের মধ্যে এই সংগ্রহ দ্বিগণে বৃদ্ধি পায়। সংখ্যাটা বেশি নয়, কিন্তু আমি সংখ্যার দিকে তেমন নজর দিই না; আমি সর্বোপরি চেণ্টা করি যাতে মানবজাতির (বিশেষত ইউক্রেনীয় ও রুশ জনগণের) সঙ্গীত ভাণ্ডারের শ্রেণ্ঠ সামগ্রী শিশ্বদের মনোজীবনে স্থান পায়, যাতে একই রচনা বারবার শোনার

ফলে ছোটদের সোন্দর্য উপভোগের ক্ষমতা গড়ে ওঠে, তাদের মননক্রিয়া ও ভাবজীবনের উপর ছাপ পড়ে।

এক মাসে শিশ্ব না হয় একটা নতুন স্বই শ্বন্ক, কিন্তু এই স্বটিই তার কাছে সারা জীবনের জন্য হয়ে দাঁড়াবে অস্তরের পরিত্তি। নিতানতুন সঙ্গীত চিত্তবিনোদন করে মাত্র, হৃদয়ে কোন ছাপ রাখে না। তাই এ ধরনের ভূরিভোজনের প্রশ্নয় আমি দিই না।

আমার ছেলেমেয়েরা চার বছর ধরে শোনে: মিখাইল মিন্কার 'রুস্লান্ ও ল্যুদ্মিলা' অপেরা থেকে 'চেন্েমোর-এর মার্চ'-সঙ্গীত', শার্লা গানের 'ফাউন্ট' অপেরার মার্চ'-সঙ্গতি, এডওয়ার্ড গ্রিগের 'নরওয়ের নৃত্য' ও 'কোবোল্ফ', পিওত্র চাইকোড্স্কির 'নাট ক্রাকার' ব্যাসে থেকে 'ঘাসে লাগে সব্জের ছোঁয়া', 'রাখাল-বালকদের নৃত্যু' ও 'দ্রাজে পরীর নৃত্য', 'কাঠের সৈন্যদের মার্চ', 'প্রাচীন ফরাসী গান', 'শিশ্বগীতি', 'কামারিন্স্কায়া', 'মরজে সরোবর' ব্যাজে থেকে 'খাদে মরালদের নৃত্য', নিকোলাই রিম্নিক-কর্সাকভের 'জার সাল্তানের রূপকথা' অপেরা থেকে 'দ্রমরের ওড়া', 'তিনটি আশ্চর্ব' নামে খণিডতাংশ, রবার্ট শ্মোনের 'আম্বদে চাষী', এডওয়াড গ্রিগের 'বামন-ভূতদের নাচ', ইসাক দুনায়েভূস্কির 'স্টালি'ং পাখিরা উড়ে এলো', কিরিল স্তেৎসেন্কোর 'শেয়াল, বেডাল আর মোরগ' অপেরার থাণ্ডতাংশ, নিকোলাই লিসেঞ্কোর 'শীত ও বস্ভ' নামে অপেরার খণিডতাংশ, ল্যুডভিগ-ভান বীঠোডেনের 'বাবাক', স্টেস গান 'কোকিল', পোল গান 'পাখিদের কলতান'. ইউক্রেনীয় লোকসঙ্গীত, হাঙ্গেরীয় লোকসঙ্গীত 'নাইটিঙ্গেল', রুশ লোকসঙ্গীত 'মাঠে ছিল বার্চ' গছে দাঁডিয়ে', দুমিত্রি

কাবালেভ্ ফিকর 'পাইগুনিয়র দল', আক'াদি অন্দ্রোভ্ ফির 'পাইগুনিয়র', ভানো মৢরাদেলির পাইগুনিয়র ক্যাম্পফায়ার', 'কমরেড ওগো সবে সাহসে বাড়াও পা' (পৢরনো বিপ্লবী গানের গ্রিগোরি ল্বাচিওভ কৃত মাজি'ত রূপ), 'নিদার্ণ বন্দীদশা করিছে পীড়ন' (লেনিনের প্রিয় গান)।

সঙ্গীতের ভাবমাতিতে যে বাস্তব বিষয় কিংবা কাল্পনিক দুশোর প্রকাশ ঘটেছে সঙ্গীত শোনার আগে আমি সে-সন্পর্কে বলতাম ৷ বিবরণের তাংপর্য বিরাট ছিল : বিবরণ যেন শিশ্রদের রচনা গ্রহণে অনুপ্রাণিত করে তুলত। যেমন, 'দ্রাজে পরীর নৃত্য' শোনার আগে আমি ছেলেমেরেদের শোনালাম হফ্ম্যানের প্রাচীন র্পেকথা, যার ভিত্তিতে স্বেকার স্টিট করেছেন তাঁর ব্যালে। উজ্জ্বল, ব্যঞ্জনাময় ভাষায় আমি শিশ্মদের মনে গড়ে তুলতে চেণ্টা করি মধ্যুর স্বভাবের, হালকা, ফুরফুরে, লাবগ্যময়ী এই পরীটির রূপ। অমি ওদের বলি: 'তোমরা স্ফটিকের ছোট ছোট ঘণ্টার আওয়াজ শনেতে পাবে। এই বাজনা তৈরি করছে অপূর্ব পরীর আশেপাশের পরিবেশ। আমি অলোকিক পুরীর উল্জবল আলোয় অলোকিত হাল্কা, ছিমছাম থামগুলোর কথা মনে মনে ভাবছি।' ছেলেমেরের বাজনা শোনে, তারপর পরীর প্রাসাদ সম্পর্কে কার কী ধরেণা তা বলে। কম্পনায় আঁকা হয় প্রুর, ফোয়ারা, ছায়াঘন উপবন আর রহসাজনক গাহা। কল্পমাতিগালি আরও একবার বাজনা শোনার আগ্রহ জাগায়।

বিশেষত যে সমস্ত সঙ্গীতস্থি শিশংদের কাছে পরিচিত নয় সেগালির ভাষ্য দিতে গেলে বেশ কৌশল আর শিক্ষাকর্মে উচ্চারের দক্ষতা থাকা চাই। কথনই বিস্মৃত হলে চলবে না যে সঙ্গীতের ভাষা হল অনুভূতির ভাষা। লোকসঙ্গীতে শব্দের কোন কৌশল থাকে না, সময় সময় শব্দ একেবারেই সাদামাঠা; কিন্তু সে জিনিসও শিলপস্থিত হয়ে ওঠে একমাত্র স্বরের গ্রেণ। সঙ্গীতের শিলপর্পের ম্লকথা বিশ্লেষণ করতে গেলে স্বকারের শিলপর্পায়ণের উপায়ে যে বিশেষত্ব আছে তা শিক্ষককে ব্রুডে হবে। ব্যাখ্যাকে হতে হবে নিজ্ঞন্ব বৈশিষ্ট্যপূর্ণ এক পূর্ণাঞ্চ শৈষ্টিপক বিবরণ, শিশ্বা শিক্ষকের মূখ থেকে সে বিবরণ শ্নবে। এই বিবরণকে এমন হতে হবে যে তা অন্তুতি জাগ্রহ করবে, সহমমিতা উদ্রেক করবে, কল্পনায় উভজ্বল চিত্র স্থিত করবে।

আমার গভীর বিশ্বাস এই যে সঙ্গীতের সোল্দর্য — ভাবনার বিপাল উৎস। সঙ্গীতের সাংরের প্রভাবে শিশার কল্পনার যে সব উদ্জানল রাশ গড়ে ওঠে সেগালি যেন ভাবনাকে সঞ্জীবিত করে, তার অসংখ্য ধারাকে এক খাতে প্রবাহিত করে। শিশারা কল্পনার যা গড়েছে, যা অন্ভব করেছে তা কথার আঁকতে চেন্টা করে। যে-সমস্ত শিশার মানাসিক বিকাশের গতি মন্থর তাদের কাছে সঙ্গীত শোনা ছিল ভাবনার এক যথার্থ শাক্তিশালা উৎস। আমি চেন্টা করি যাতে গানবাজনা শোনার পর ছেলেমেরের অবশ্য যার যার অভিজ্ঞতা ব্যক্ত করে।

গানবাজনার ঘরে আমরা বাঁশি বাজাতাম, যে সব স্কর্র আমাদের ভালো লগেত সেগ্রাল শিশতাম। দ্বিতীয় শ্রেণীতে আমাদের শথের শিক্সীদের চক্রে বাঁশি বাজানোম যোগ দেয় আমার ৯ জন শিক্ষার্থী, আর অন্যান্য ক্লাস থেকে আরও ৪ জন। ছেলেমেয়েয়া নিজেয়াই বাদ্যযশ্য তৈরি করত। বাঁশি তৈরিতে সতি্যকারের ওস্তাদ ছিল সেবিওজা, ইউবা, তিনা ও লিদা। ওরা কুজবনে গিয়ে উপযুক্ত উপকরণ সংগ্রহ করত, কাটা ভাল ছায়ার মধ্যে কোথাও রেখে দিত, যন্তের আওয়াজ

পরথ করে দেখত, প্পতি ও স্রেলা আওয়াজ বার করত।
তৃতীয় শ্রেণীতে আমাদের দুটি অ্যাকডিয়ান ও তিনটি বেহালা
এলো। ইউরা, সেরিওজা, ফেদিয়া, লিদা, তিনা, লারিসা,
সানিয়া, শ্রা অ্যাকডিয়ান ও বেহালা বাজাতে শিখল।
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার শেষে ১৯ জন ছেলেমেয়ের বাড়িতে
অ্যাকডিয়ান ও বেহালা ছিল। তাই বলে বাঁশির কথা ওয়া
ভূলে গেল না। কোন কোন ছেলেমেয়ের সঙ্গীতপ্রবণতাও
দেখা দিল। কিন্তু আমার প্রধান উদ্দেশ্য ছিল প্থক প্থক
প্রতিভাকে শিক্ষিত করে তোলা নয়, আমার উদ্দেশ্য ছিল সব
শিক্ষাথটি যেন সঙ্গীত ভালোবাসে, যেন সকলের কাছেই তা
হয় মনের চাহিদা।

হেলেবেলার যা একবার হাতছাড়া হয়ে গেছে কৈশোরে, এবং পরিণত বয়সে ত বটেই, সে ক্ষতি আর কখনও প্রেণ হওয়ার নয়। শিশ্রের মনোজীবনের সর্বক্ষেরে, বিশেষত নন্দনভাত্ত্বিক শিক্ষার ক্ষেয়ে এই নিয়ম প্রযোজ্য। শিশ্রেলালে সৌন্দর্য গ্রহণের, উপলব্ধির ক্ষমতা ব্যক্তিত্ব বিকাশের অপেক্ষাকৃত পরবর্তী পর্বের তুলনায় অনেক গভীর। স্বন্দরের প্রতি চাহিদা শিশ্রের মনোজীবনের সমগ্র গঠনপ্রকৃতি, সমাণ্টির মধ্যে তার পারস্পরিক সম্পর্ক বহুলাংশে নির্ধারণ করে। তাই প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের অন্যতম কর্তব্য হল শিশ্রেক এমন শিক্ষা দেওয়া যাতে তার মনে স্বন্দরের প্রতি আগ্রহ জাগ্রহ হয়। স্বন্দরের প্রতি চাহিদা নৈতিক সৌন্দরের দৃঢ় প্রতিষ্ঠা ঘটায়, ইতর ও কুংসিত যাবতীয় বস্তুয় প্রতি আপসহীন ও অসহনীয় মনোভাবের জন্ম দেয়।

'যে মান্ব্যের হাতে বেহালা আছে সে মন্দ কাজ করতে পারে না,' ইউক্রেনের প্রাচীন জ্ঞানী, চিন্তাবিদ গ্রিগোরি দকভরোদা (১৭২২-১৭৯৪)-র নামে এই উক্তিটি প্রচলিত আছে। আনন্টকারিতা ও যথার্থ সৌন্দর্য পরস্পরবিরোধী। আলংকারিকের ভাষার বলতে গেলে, শিক্ষার অন্যতম গ্রেম্বপূর্ণ কর্তাব্য হল প্রতিটি শিশ্ব হাতে বেহালা তুলে দেওয়া, বাতে প্রত্যেকেই অন্ভব করতে পারে কী ভাবে সঙ্গীতের জন্ম হয়। একালে গানবাজনা রেকডিং ও প্রচারের কারিগার উপায় যথন এতটা সর্বজনীন চরিত্র অর্জন করেছে তথন শিক্ষার এই কর্তাবাটি বিশেষ অর্থাবহা দেখতে হবে, নবীন প্রজন্ম যেন কেবল সৌন্দর্যের গ্রাহকই না হয় — এটা কেবল নন্দনতাত্ত্বক শিক্ষার নয়া, নৈতিক শিক্ষারও সমস্যা বটে।

# भिनात मत्नाक्षीबदन अन्थ

শিশ্ব মনোজীবনে গুলেধর ভূমিকা বিরাট — তবে কেবল তথনই যথন সে ভালোমতো পড়তে শেখে। 'ভালোমতো পড়তে শেখে। 'ভালোমতো পড়তে শেখার' অর্থ কাঁ? অর্থ হল সর্বোপরি, প্রথেমিক দক্ষতা — পড়ার কোঁশল আয়ত্তে আনা। আমি চেন্টা করি যাতে ব্যক্তিগত ভাবে পাঠের অভ্যাস শিশ্বর অন্তরের তাগিদ হরে দেখা দের। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে প্রত্যেক সপ্তাহে ও দ্বুসপ্তাহে একবার করে শিক্ষাবাঁরা গ্রন্থাগার থেকে বই নিরে উচ্চারণ করে করে পড়ত। এছাড়া স্বছন্দ পাঠের ও পঠিত বিষয়োপলান্ধর স্বানাদিন্ট ও দ্বু ক্ষমতা গড়ে উঠতে পারে না।

দ্বিতীয় শ্রেণীতে থাকতেই প্রতিটি শিশ্বর হল একটি করে নোটবৃক — 'শব্দের ঝাঁপি'। ধ্য-সমস্ত শব্দ ছেলেমেরেদের মনে ধরত কিংবা দ্বের্বাধ্য ঠেকত (পরে আমি ওদের সেই শব্দের অর্থ কিংবা ভাবব্যঞ্জনা ব্যাখ্যা করে বলতাম) সেগ্র্বাল তারা নোটব্বেক টুকে রাখত। তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে পৃথক প্রক শব্দ ছাড়াও যে-সমস্ত বাক্যরীতি, বাক্যাংশ ও বাক্য ওদের মনে ধরত সেগর্মান ওরা 'শব্দের ঝাঁপিতে' লিখত।

অন্তরের ঐশ্বর্যবৃদ্ধির উৎস হিশেবে পাঠ – পড়তে জানার মধ্যেই শেষ হয় না. এখানে তার শ্রের মার। শিশ্র হয়ত কোন রকম ভূপ না করে স্বাছনেদ পড়তে পারে, কিন্ত প্রায়ই এমন হয় যে গ্রন্থ তার কাছে মানসিক, নৈতিক ও নন্দনতাত্তিক বিকাশের শিখরে আরোহণের পথ হল না। পডতে জানার অর্থ হল শব্দের অর্থ ও সোন্দর্যের প্রতি, তার স্ক্র্যাতিস্ক্র্য ব্যঞ্জনার প্রতি সংবেদনশীল হওয়া। কেবল সেই শিক্ষার্থীই 'পাঠ করে', যার চেতনায় শব্দ খেলা করে, শিহরণ জাগায়, পারিপার্শিক জগতের বর্ণে ও সুরে সাম্মার্মান্ডত হয়ে ওঠে। পাঠ হল এমন এক বাতায়ন যার মধ্য দিয়ে শিশ্য জগৎকে এবং নিজেকেও দেখতে পায় ও উপলব্ধি করে। এই বাতায়ন শিশ্বর সামনে উল্মুক্ত হয় একমাত্র তখনই যখন পাঠের সঙ্গে সঙ্গে একই তালে, এমন কি বই প্রথম খোলার আগেই শাুরা হয় শব্দের উপর প্রমসাধ্য কাজ। শ্রম, খেলাধ্যুলা, প্রকৃতির সঙ্গে মেলামেশা, সঙ্গতি, স্কানকর্ম — শিশাবের সাক্রিয় কার্যকলাপের, মনোজীবনের সকল কেন্দ্র এই কাজের অন্তর্ভুক্ত। সোন্দর্য স্থিতিকারী স্জনী শ্রম ব্যতিরেকে, রূপকথা ও কল্পনা, খেলাখুলা ও সঙ্গতি ব্যতিরেকে শিশ্মর মনোজীকনের অন্যতম ক্ষেত্রপ্রে পঠনকর্মকে কল্পনা করা যায় না। বাচনভঙ্গি ও গ্ননক্রিয়া বিকাশের বনিয়াদ — একাধারে ভাবনার সজীব উৎসমূরে 'পর্যটন' এবং শব্দের ভাবমূলক ও নন্দনতাত্ত্বিক বাঞ্জনা। ভাষার সোন্দর্য এবং গ্রন্থে রূপোয়িত শৈল্পিক ঐশ্বর্য উপলব্ধির ক্ষমতাবলে উক্ত ব্যঞ্জনা বোধগমা হতে থাকে।

প্রথম শব্দ পাঠ করার আগে শিশাকে শানতে হবে শিক্ষক এ মা-বাবার পাঠ, অন্যভব করতে হবে শিল্পর্পের সৌন্দর্য। 'নিসগ্পর্যটনকে' গ্রন্থ থেকে বিচ্ছিল্ল করে দেখলে চলবে না। শিশ্য যদি গ্রন্থে পঠিত শব্দের সোন্দর্য অনুভব করতে না পারে তাহলে সে পারিপাখিকি জগতের সৌন্দর্য দেখতে পারে না. শিশ্বর হুদয় ও চেতনার অভিমুখী পথ গেছে অপোতদ্ভিতৈ পরস্পর্বিরোধী দুটি দিক থেকে: গ্রন্থ থেকে. পঠিত শব্দ থেকে মুখের ভাষার দিকে এবং ইতিপবেহি শিশ্যুর মনোজীবনে যে জীবস্ত শব্দ প্রবেশ করেছে সেখান থেকে গ্রন্থের দিকে, পাঠের দিকে, লিখিত বিষয়ের দিকে শিশ্য যাতে লেখাপড়া শিখতে পারে, যাতে নন্বর পাওয়ার নয়, পঠন ও লিখন যে মনোজীবনের পক্ষে অবশ্যপ্রয়োজনীয় -- শিখতে ও পড়তে না শিখলে যে সে বহু আনন্দ থেকে বণ্ডিত হয়ে থাকবে এই কারণবশতই লেখাপড়া শেখে, তার জন্য পঠন ও শিখনের ভাবগত ও নন্দনতাত্ত্বিক প্রস্তৃতি প্রম গ্রের্ডপূর্ণ।

আমার ছেলেমেরেরা 'আনন্দ নিকেতনে' থাকতেই আঁকা ছবিতে এবং চিত্রপরিচয়স্বরূপ ভাবগর্ভ রচনায় পারিপার্শ্বিক জগতের সোন্দর্য বিষয়ে অনুভূতি ও ভাব প্রকাশ করে। এই ঘটনাটিই পঠন ও লিখনের ভাবগত ও নন্দনতাত্ত্বিক প্রস্তৃতির ফল বলা যেতে পারে। আমাদের শিক্ষাব্যবস্থায় 'নিসর্গপর্যটন' আপনাতেই আপনি সম্পূর্ণ নয়, তা হল শন্দের মাধ্যমে শিশার মানসিক বিকাশের উপায়। শব্দ, মানসিক শিক্ষা, শিক্ষাসংক্রান্ত পরম গ্রেত্বপূর্ণ লক্ষ্য অর্জনের প্রয়াস শিশাকে ভাবতে শেখানো, বস্তু, বিষয় ও ঘটনার পারস্পরিক ক্রিরা লক্ষ্য করতে, প্রকৃতি থেকে, প্রত্যক্ষ রূপ ও ধারণা থেকে বিমৃত্ ধারণা গড়ে তুলতে, সাধারণীকরণ করতে শেখানো — এ সব যদি না থাকত তাহলে প্রকৃতির সৌন্দর্যের প্রতি, রং ও ধর্নির থেলার প্রতি, জীবনের অফুরন্ত বৈচিত্রের প্রতি শিশ্বেরা উদাসীন থাকত।

আমি চেন্টা করি যাতে প্রথম শ্রেণীতেই পঠন ব্যাপারটি অন্তরের তাগিদে পরিপত হয়, য়তে তা শব্দকে শ্বছদেশ গ্রহণের ও উচ্চরেণের কোশল উদ্ভাবনের উদ্দেশ্যম্লক অনুশীলনীতে পর্যবিসিত না হয়। যে জিনিস শিশরের বিকাশন্তরের উপযোগী — তার মানসিক, ভাবগত ও নন্দনতাত্ত্বিক বিকাশের উপযোগী— সেই সঙ্গে তার ভবিষ্যং বিকাশের সহায়ক, একমাহ সেই জিনিসই তার অন্তর্লোকে ছান পেতে পারে। কী পড়া উচিত তা ঠিকমতো বাছাই করা—শিক্ষকের পরম গ্রহ্পণ্ণ কর্তব্য। দ্রুখের বিষয়, পঠনের জন্য নির্দিষ্ট বইগালিতে এমন বহু শিক্ষপ্রশমত ম্লাবান বন্ধু বাদ থাকে যা শিশুদের বোধের অধিগম্য। শিক্ষাবর্ষ শ্রহ্ হওয়ার তিন মাস বাদে আমরা পঠনের জন্য নির্দিষ্ট বইয়ের বাইরে আকর্ষণীয় রূপকথা ও গ্রুপ পড়া ধরলাম।

আমি ছেলেমেরেদের 'ইউক্রেনীয় ও রুশ রুপকথা' পড়তে দিই। ওদের ইউক্রেনীয় লোকিক রুপকথা 'থড়ের বাছ্র' পড়ার জন্য তালিম দিই — রুপকথার বিষয়বস্থু বলতে গিয়ে বিবরণের লজে নঙ্গে চিত্রের সাহায্য নিই। বাচ্চারা বই খোলে। একজনের পর একজন রুপকথা পড়ে। একই জিনিস যতবারই পড়া হোক না কেন, ছেলেমেয়েদের কাছে রুগতিমতো আকর্ষণীয় — ওদের একবেয়ে লাগে না, কেননা প্রতাকের কাছেই পাঠ অনুশীলনীর প্রনরাক্তি নয়, তা হল স্ক্পণ্ট উজ্জ্বল রুপ সম্পর্কে গভীর ব্যক্তিগত উপলব্ধি; প্রতিটি শিশ্ব

শব্দে আরোপ করে তার নিজন্ব ব্যক্তিগত বোধ। শিশ্রা যখন সকলে পর পর গেয়ে চলে একই কোন গান, যার কথা ও স্র তাদের প্রবল উদ্দীপিত করে, তখন তাদের যেমন মনোযোগ দেখা যার, একই পাঠ বারবাব শোনার ক্ষেত্রেও তেমনি। একেক জনে একেক ভাবে গায়, প্রত্যেকের কাছে কথা অর্জনি করে নিজন্ব ব্যঞ্জনা, অন্তুতি, উপলব্ধি ও ধারণার নিজন্ব স্ক্রেতা। এ ধরনের পাঠের ক্ষেত্রে শব্দ শ্নতে হয় সঙ্গীতের মতো, সুরের মতো।

আবেগপ্রবণ স্কুপণ্ট ব্যক্তিগত পাঠের তালিম দেওয়ার ব্যাপারে যেটা বিশেষ গারাভপার্ণ তা হল এই যে শিশা যেন বহুবার ভাবনার উৎসম্বে উপনীত হয়, যেন শব্দের সৌন্দর্য উপভোগ করতে পারে। যেমন, শিক্ষার্থী পড়ল এই বাক্যটি: 'বাছুর চলল অন্ধকার বনে, সেখানে তার সামনাসামনি এগিয়ে এলো এক ছাইরঙা নেকডে।' 'অন্ধকার বন' শব্দগালির সঙ্গে শিশ্বচেতনায় সম্পর্কিত হয়ে আছে অবিস্মরণীয় চিত্র: বনের মধ্যে সন্ধ্যার আবছা অন্ধকার, রাতের রহসাময় মর্মার ধর্নন, বক্রপাতের পূর্বমূহুতে গাছের পাতার অন্থির আওয়াজ। তার কানে যথন 'অন্ধকার বন' কথাগালি পেণছাল তখন এ সবই স্থান পেল তার মনোজীবনে, চলতে থাকে উজ্জ্বল রঙের খেলা, বয়ে চলে নিসগ সঙ্গীতের ধর্নিতরঙ্গ। কী ভাবে পড়া উচিত, উচ্চারণ করা উচিত, কোথায় কী রকম ঝোঁক দেওয়া উচিত — শিক্ষকের এ সব কোন ব্যাখ্যাই তাকে ভাবাবেগের ঐশ্বৰ্যমণ্ডিত পঠনৱীতি শেখাতে পাৱে না, যদি সে জীবন্ত भाग्न ও जावनाव डेश्नमार्थ या अहात शथ ना जारन।

স্কুলে কাজ করার প্রথম দিন থেকেই আমি সতর্ক থাকি যাতে শিশুদের হাতে একটাও খারাপ বই না পড়ে, যাতে ত রা বাস করতে পারে এমন সমস্ত আকর্ষণীয় রচনার জগতে, যেগর্যাল কোন জাতির, তথা সমগ্র মানবজাতির সংস্কৃতিভাশ্ভারে স্থান পেয়েছে। কাজটা খ্রই গ্রেড্প্র্ণ : মান্য সারা জীবনে ২০০০ এর বেশি বই পড়তে পারে না অতএব শৈশবে এবং কৈশোরের প্রথম পর্বেই গঙার ভাবন্যচিন্তা করে পাঠের বিষয় বাছাই করা উচিত। শিশ্ব না হয় অলপই পড়ল, কিন্তু দেখতে হবে প্রতিটি গ্রন্থই যেন তার হদয়ে ও চেতনায় গভার ছাপ রেখে যায়, মান্য যেন বারবার তার দ্বারন্থ হয় আর প্রতিবারই আবিক্লার করে অভরের নব নব ঐশ্বর্য। এখানে যেটা অত্যন্ত গ্রেড্প্র্ণ তা হল এই যে শিশ্ব যেন ভাবব্যঞ্জক পাঠ থেকে সন্তোষ ও তৃপ্তি বোধ করে। শব্দের অন্বর্গনের মধ্যে নিহিত আছে তার শক্তি ও সোক্ষর্য, তাই শব্দের ভাবব্যঞ্জন। উপলব্ধি যাতে প্রতিতে গ্রহণ থেকে — ভাবব্যঞ্জক পাঠ থেকে আসে, সেটা অত্যন্ত গ্রেড্ব্রণ্ণণ।

প্রথম শ্রেণীতেই আমাদের শিশ্ গ্রন্থাগার গড়ে ওঠে। এতে ছিল ৪টি বিভাগ। প্রথম বিভাগে ছিল এমন সমস্ত গলেপর সংগ্রহ যেগালৈ আমার দ্গিটতে, শিশ্বদের নৈতিক, মানসিক ও নন্দনভাত্তিক শিক্ষার পরম ম্ল্যুবান উপকর্ণস্বর্প। (প্রতিটি বই আমরা ১৫টি করে কিপ কিনি, যাতে ক্লাসে পড়ার সময় প্রত্যেক শিক্ষার্থীর কাছে একটি করে বই থাকে)। এই বিভাগটি প্রাথমিক বিদ্যালয়ে ৪ বছর শিক্ষাকালের পরিকল্পনামাফিক গঠিত। যে সব গলপগ্রন্থে শিশ্বম পক্ষে বোধগমা, গভার মানবিক ভাবদেশের উল্জেখন শিক্ষান্তিত র্পায়ণ ঘটেছে সেগালি এখানে স্থানে স্থানে র্লায়ণ ঘটেছে সেগালি এখানে স্থান পায়। এখানে সেগালির নাম উল্লেখ করা গেলা লেভ তলস্তায়ের 'হাসর', 'লাফ', 'ককেশাসের বন্দী', পিওত্রে ইয়েশোভ 'কু'জো ঘোড়া',

ভার্সিল জুকোভ্রিক – 'ঘুমন্ত রাজকুমারী', 'সাইক্লোপদের গুহায় ওডেসিউস'; দুমিতি মামিন-সিবিরিয়াক — 'শিকারী ইয়েমেলিয়া', 'কনকনে ঠান্ডায় শীতের কুটির', 'ধনী ও ইয়েবিওম্কা', 'পালিত সন্তান': হান্স ক্রিস্টান এন্ডারসনের 'বুড়ো আংলা', 'কংসিত হাঁসের বাচ্চা', 'রাজার নতন সাজ': ভিক্তর হিউগোর 'লে মিজারেবল' থেকে 'কোজেতা'. 'গাভ্রোশ'; গ্রিম-ভাইদের — 'হেন্কেল ও গ্রেটেল', 'কু'ড়ে হাল্স', 'তিন ভাগ্যবান': আলেক্সান্দর প্রশক্তিন -- 'জার সাল্তানের রূপকথা', 'মৃত রাজকুমারীর রূপকথা', 'সেটশন মাস্টার', 'আন্চার', 'কয়েদী', 'দাইমা', 'পাখি', 'দাীতের সন্ধাা'; ইয়ানুশ কর্চাক — 'আবার যখন ছোট হব'; ভাুদিমির করলেংকা — 'ভূগভের শিশ্বর'; নিকোলাই নেক্রাসভ — 'কৃষক পরিবারের ছেলেমেরে', 'ইয়াকভ খুডো', 'মাজাই দাদু আর থরগোশ'; ইভান তুর্গেনেভ—'কোয়েল': দুমিরি গ্রিগরোভিচ — 'সাকাসের ছেলে'; ভ্রেডলদ গার্নাশন — 'সিগন্যাল'; আলেক্সান্দর কুপ্রিন — 'স্টার্লি'ং পাথি'; কন্স্তান্তিন স্তান্যকোভিচ — 'মাক্সিকা', 'দাইমা', 'পলায়ন'; আন্তন চেথভ -- 'কাশ্তান্কা', 'সাদা কপালে', 'ভান্কা', 'পলাতক', 'ছেলেরা', 'বহুর্পী'; হেন্রিখ সেন্কোভিচ — 'বাজিয়ে ইয়াঞ্কো': জ্যাক লন্ডন — 'কিশের কিংবদন্তী': মার্ক টোয়াইন—'টম সইয়ারের অ্যাড্ভেণ্ডার'; মাক্সিম গোর্কি— 'পেপে', 'পার্মার শিশ্রা', 'ইয়েড্সেইকার যা ঘটেছিল', 'ইলিয়ার ছেলেবেলা', 'সকাল'; আক'াদি গাইদার — 'চুক আর গেক', 'দূরে দূরে দেশ', 'তিমুর ও তার দলবল'; ভ্যাদিমির বণ্ড-ব্রুয়েভিচ - 'লেনিন ও শিশ্ররা', আর্থিপ তেসলেন্কো -'দ্কুলের ছাত্র', পানাস মির্কান 'মরোজেঙ্কো': ইভান

ফার্ডেকা 'গ্রিৎসের স্কুলে শিক্ষা', 'পেন্সিল'; আলেক্সান্দর কনোনভ 'লেনিনের কথা', ল্যুবোভ কস্মোদেমিয়ান্সকায়া— 'জোইয়া ও শ্রার কাহিনী'; 'পাইওনিয়র নায়কদের কাহিনী'; দ্মিত্রি বেদ্জিক — 'ওলেগ কশেভয়ের ছোটবেলা'; ভালেন্তিন কভায়েভ — 'রেজিমেণ্টের ছেলে'; আল্ডেই গলোভ্কো 'পিলিপ্কো', 'লাল রুমাল'।

এ ধরনের রচনাপাঠ শৈশ্বদের পক্ষে কেবল বিশ্ব-উপলব্ধি নয়, কেবল ছায়াঁ অভ্যাস ও দক্ষতা আয়ত্তের সহায়ক অনুশালনীই নয়, আবেগধর্ম ও নীতি শিক্ষার পাঠশালাও বটে। প্রতিটি প্রশা শিশ্বমনে গভার ছাপ রেখে খায়। মামিন-সিবিরিয়াকের অপর্ব কাহিনী কনকনে ঠাণভায় শাঁতের কুটির' শিশ্বমনে বিরাট ছাপ ফেলে। সকলের কাছে পরিত্যক্ত এক নিঃসঙ্গ বৃদ্ধি নির্জান ভাইগায় কুটির বে'ধে দিন বাপন করছে— তাকে নিয়ে এই কাহিনী। এ ধরনের রচনা পাঠের পর পারিপার্শ্বিক জগতের ঘটনার প্রতি ছেলেমেয়েদের সংবেদনশালভা যে কত তাঁর হয়ে ওঠে তা আমি দেখেছি।

গণপ আমরা থেমন ক্লাসে পড়তাম, তেমনি ক্লাসের বাইরেও পড়তাম। সমণ্টিগত ভাবে শোনার জন্য আমরা যে সঙ্গতিসংগ্রহ গড়ে তুলেছিলাম এই গ্রন্থাগারটি তারই সঙ্গে তুলনীয়।

আমাদের ক্লানের গ্রন্থাগারের দ্বিতীয় বিভাগে ছিল আমাদের বর্তমানকাল সম্পর্কে, সোভিয়েত জনসাধারণের শ্রম সম্পর্কে, শাভির জন্য সংগ্রাম, পিতৃত্মির মহাযুদ্ধে বীরদের কীর্তি আর খুদে বীরদের সম্পর্কে আধ্যনিক রুশ ও ইউক্রেনীয় লেখকদের রচনা।

আমার শিক্ষার্থীরা প্রবল আগ্রহের সঙ্গে সোভিয়েত

সাহিত্যিকদের রচনা পাঠ করে সের্গেই মিখালকভ ও সাম্ইল মার্শাকের কবিতা, আর্কাদি গাইদার, লেভ কাসিল,নিকোলাই নোসভ, মারিয়া প্রিলেজায়েভা, বরিস জিত্কোভ ও অন্যান্যদের লেখা গল্প তারা পাঠ করে।

তৃতীয় বিভাগে ছিল র্পকথা, কবিতা ও নীতিগলপ। এই বইগ্রাল পড়া হত কেবল ক্লাসের বাইরে। প্রত্যেকে যার বার পছলদাই বই কেছে নিত (এ ব্যাপারে ছেলেমেয়েদের আগ্রহ জাগিয়ে তুলত বইয়ের ভালো ভালো ছবি আর শিক্ষক কিংবা বন্ধর মুখ থেকে শোনা বিবরণ)।

চতুর্থ বিভাগ — প্রাচীন গ্রীসের পোরাণিক কাহিনী।
শিশ্ববাধ্য রীতিতে লেখা এই বইগ্রিল সংগ্রহ করতে অনেক বেগ পেতে হয়। প্রাচীন জগতের পৌরাণিক কাহিনী শিশ্বদের ব্যজিব্যক্তিও সৌন্দর্যবাধের শিক্ষায় গ্রন্থপূর্ণ ভূমিকা গ্রহণ করে। পৌরাণিক কাহিনী শিশ্বদের সামনে যে কেবল মানবসংস্কৃতির বিস্ময়কর প্রভাই খ্রলে ধরে তা নয়, কল্পনাশক্তি জাগ্রত করে, ব্যজিব্যক্তির বিকাশ ঘটায়, দ্র অতীতের প্রতি আগ্রহী হতে শেখায়।

প্রথম শিক্ষাবর্ষের মাঝামাঝি সময় থেকে আমরা সমণ্টিগত পাঠ ধরলাম। আমি কোন একটা বইয়ের সবগৃলি কপি ছেলেমেরেদের মধ্যে বিতরণ করি, যাতে ওরা সে বই বাড়িতে পড়তে পারে। এটা ছিল সমন্থিগত পাঠের প্রস্তুতি। প্রশন হতে পারে যে গলেপর বিষয়বস্তু ইতিমধ্যেই স্পরিচিত, তা পড়ার জন্য কিনা 'র্পকথার খরে' যাওয়া? এমন ইচ্ছে ছেলেমেয়েদের কোথা থেকে আসে? আর এটা করাই বা কেন? বরং নতুন কিছু পড়া ভালো নয় কি?

হ্যাঁ, নতুন জিনিস, অপবিচিত জিনিসও পড়া উচিত, আমরা

নতুন নতুন বইও পড়তাম। কিন্তু রচনা অন্তর্লোকে প্রবেশ করে একমাত্র তথনই যথন শিশ্ব হদরকে যা আলোড়িত করেছে তা সে বন্ধকে পড়ে শোনাতে চায়, কথার মধ্য দিয়ে নিজের আবেগ ও অন্ভূতি প্রকাশ করতে চায়। আমাদের গ্রন্থাগারের প্রথম বিভাগের প্রতিটি বই আমরা অন্তত দশ বায় উচ্চারণ করে পড়ি, কিন্তু বায়বার পড়ায় তার প্রতি আগ্রহ কমত না। কোন বই হয়ত ২-৩ সপ্তাহ আগে পড়া হয়ে গেছে, কিন্তু ছেলেমেয়েয়া তার কথা ভোলে না, তায়া আরও একবায় বইটা পড়তে চায়, আর বিশেষ করে সেই উদ্দেশ্যে স্কুলে আসে। ৩-৪ মাস কেটে যাওয়ার পর ওদের আবার পড়তে ইচ্ছে হয় ভালো-লাগা বইটি—আবার একসঙ্গে পড়তে বসে

কিন্তু রচনার সৌন্দর্য ও শক্তি হৃদয়কে স্পর্শ করে এবং ব্রিন্ধবৃত্তিকে উন্দীপিত করে একমাত্র তথনই যথন পড়তে শেথারও আগে শব্দের স্ক্রোতিস্ক্রা ব্যঞ্জনা অন্ভব করে ভাবনার সঞ্জীব উৎস অভিমন্থে 'পর্যটনের' সময় শব্দের মাধ্র্য যার কাছে উদ্ঘাটিত হয় নি সে কথনও তার জানা জিনিস একাধিকবার শ্রনতে চাইবে না।

প্রিয় গলপ পাঠের উপরও আমাদের আলাদা ক্লাস হত। ছেলেমেরেরা উৎসাহের সক্ষে পাঠের জন্য প্রস্তুত হত। প্রত্যেকেই যার যা সবচেরে ভালো লাগত, মনে উদ্দীপনা সণ্ডার করত তাই পড়ত।

আমাদের পাঠে বিশেষ স্থান অধিকার করে কবিতা। আমি
মন থেকে ছেলেমেয়েদের আবৃত্তি করে শোনাভাম
বিশ্বসংস্কৃতিভাণ্ডারের যাবতীয় শ্রেষ্ঠ কাবাস্থি। প্রশ্কিন,
লেরমন্তভ, জাুকোভ্সিক, নেক্রাসভ, আফানাসি ফেত্, তারাস
শেভ্চেঙেকা, লেসিয়া উল্লেইন্কা, ফ্রিডরিথ শিলার, আদাম

মিংস্কেভিচ, হেন্রিখ হাইনে, পিরের-জাঁ বেরান্জে এবং অনান্যে কবিদের কবিতা। যে সব কবিতা ছেলেমেয়েদের মনে ধরে সেগালি মাখস্থ করার ইচ্ছে তাদের হয়। ৪ বছরে শিক্ষার্থীরা বহা কবিতা মাখস্থ করে ফেলে। কিন্তু কাব্যিক শব্দের অন্রথন অন্ভব না করা পর্যস্ত তারা কখনই শিখতে যেত না।

ভালো কবিতায় থাকে শব্দ, রূপে আর গীতধরনির সোন্দর্যের সমন্বয় ছেলেমেয়েরা যাতে খবে ছোটবেলাতেই সোন্দর্যসম্পদের এই ঐক্য অনুভব করতে পারে আমি তার ওপর জোর দিই: ওদের রুশ ও ইউক্রেনীয় কবিদের কবিতা পড়ে শোনাই। বহাবার আমরা প্রশক্তিনের 'দিব্যবক্তা ওলেগ প্রসঙ্গে গাথা' কবিতা এবং শেভ্রেডেকার 'নাইমিচ্কা' কবিতা-কাহিনী পড়ি। ছেলেমেয়েরা প্রায় সকলেই এই রচনাগালি মুখস্থ করে ফেলে (যদিও সবসময় যে বিশেষ ভাবে মুখস্থ করানো হত এমন নয়)। ওরা নিস্পবিপনামূলক অনেক গীতিকবিতাও মুখস্থ করে। ছেলেমেয়েদের কাছে বিশেষ প্রিয় ছিল ধারবোহিক পাঠ। 'প্রপ্নপারীতে' আমরা কয়েক সপ্তাহ ধরে 'টম সইয়ারের অ্যাড্ডেগুর' পড়ি। শিশ্বদের পরিবেশ তাদের মনে রচনার ছাপ প্রকট করে তোলে। গোর্কির 'ছেলেবেলা', কাতায়েডের 'সাদা পাল একা ঝলকায়' ও বাঝোভের 'মালাকাইটের ঝাঁপি'ও আমরা এই ভাবে পাঠ কবি।

অবশেষে আমরা প্রভাতী উৎপব ও সান্ধা উৎপব শ্রেই করলাম ভাবগর্ভ আবৃত্তি দিয়ে। যারা এতে যোগ দিতে চাইত তাদের প্রত্যেককে নিজের প্রিয় গলপ বা কবিতা পাঠের জন্য প্রস্তুত হতে হত। উৎপবে অন্যান্য ক্লাসের বহু ছেলেমেয়ে এসে জ্বটত। দেখতে দেখতে এ ধরনের পাঠ সারা স্কুল জ্বড়ে চলতে লাগল।

বছরে দু'বার — শিক্ষাবর্ষের মধ্য পর্বে ও শেষে — আমরা মাতৃভাষার উৎসব উদ্যাপন করতাম। এই উৎসবের কতকগুরিল আচার-অনুষ্ঠান ঐতিহ্যমূলক হয়ে দাঁড়য়ে। ছেলেমেয়েরা গ্রামের বরোজ্যোষ্ঠদের আমন্ত্রণ জানাত, তাঁরাই ঠিক করতেন গল্প বা কবিতা কে সবচেয়ে ভালো আবৃত্তি করেছে। এটা ছিল এক নিজস্ব বৈশিণ্টাস্চক স্ক্রনী প্রতিযোগিতা। প্রতিযোগিতায় যে বিজয়ী হত সে বই প্রেস্কার পেত। পরেস্কার বিতরণ করতেন বয়োজ্যেষ্ঠ যৌথখামারীরা – তাঁরা মাতৃভাষার মূল্য ও মর্যাদা দিতেন : তাঁরাও রূপকথা বলতেন, কবিতা আবৃত্তি করতেন। এমনও হত যে শিক্ষার্থী ও বয়োজ্যেষ্ঠ যৌথখামারী — দ্বজনের মূখ থেকেই একই জিনিস শোনা যেত। শিক্ষার চতুর্থ বছরে মাতৃভাষার বসন্ডোংসব দ্ম'দিন ধরে চলে -- গল্প, কবিতা ও নীতিগল্প শোনানের এই প্রতিযোগিতার যোগদানে**ছ**র সংখ্যা ছিল এতই বেশি। গ্রব্রজনদের সঙ্গে — মা, বাবা, ঠাকুমা-দিদিমা ও দাদুদের সঙ্গে — সবসময় মেলামেশার ফলে আরও একটি কোত্তলজনক ঐতিহ্য দেখা দিল — আমাদের সেরা আব্যত্তিকারেরা বাড়িতে তাদের মা-বাবাকে গলপ-কবিতা পড়ে শোনাতে থাকে. বয়োজ্যেষ্ঠরা ছোটদের পাঠ শোনার জন্য স্কুলে আসতে থাকেন। মাতৃভাষার ভক্ত ও প্রেমিকদের করেকটি চক্র গভে ওঠে বেয়স্ক এবং পরম শ্রমের ক্যক্তিবর্গ এই সব চক্রে থাকতেন)। ছোটরা যে এই চক্রগর্মালর অনেকটা সংগঠক ধরনের এমন চিন্তার ফলে ্রন্থ ও পাঠের প্রতি আগ্রহ তীরতর হয়।

বিদ্যা**ল**য়ের সাধারণ গুল্থোৎসবও ঐতিহ্যম্*ল*ক হয়ে দাঁড়ায়।

প্রথম দিনের ক্লাস শ্বের হওয়ার প্রাক্কালে, ৩১ আগস্ট স্কুলে ছেলেমেয়েদের সঙ্গে সঙ্গে মা-বাবারাও আসতেন। ঐ দিন সকলে বই উপহার দিত। ছেলেমেয়েরা উপহার দিত একে অন্যকে, মা-বাবারা দিতেন — ছেলেমেয়েদের। এটাও নিয়ম হয়ে দাঁড়াল যে মাতৃভাষার ভক্ত ও প্রেমিকদের চক্রের যারা সেরা পরিচালক, যৌথখামায়ের পরিচালক দপ্তর ঐ একই দিনে তাদেরও বই উপহার দেবে।

আমি চেন্টা করি যাতে প্রতিটি শিশ্ব ধাঁরে ধাঁরে নিজস্ব গ্রন্থপার গড়ে তোলে, যাতে গ্রন্থপাঠ শিশ্বদের অস্তরের পরম গ্রন্থপূর্ণ তাগিদ হয়ে দেখা দেয়। প্রাথমিক বিদ্যালয়ে শিশ্বদের শিক্ষার প্রথম দ্'বছরের মধ্যেই আমার চেন্টায় প্রতিটি গরিবারে গ্রন্থাগার গড়ে ওঠে। কোন কোন পরিবারের গ্রন্থাগারে বইয়ের সংখ্যা হয়ত ৫০০-র বেশি, কোথাও বা কম, কিন্তু প্রতিটি বাড়িতেই মাসের পর মাস গ্রন্থসম্পদ বৃদ্ধি প্রেয়ে চলে। কোন পারিবারিক গ্রন্থাগারে যদি দেখা যেত যে এক মাসে একটি বইও বাড়ে নি তাহলে ঘটনাটা আমার কাছে উদ্বেশ্জনক মনে হত।

বই থেকে শ্রের হয় স্বশিক্ষা, ব্যক্তিগত মনোজীবন!
শিক্ষাদানের ক্ষেরে এমন মৃহত্তে আসে যখন এতকাল সবসময়
শিক্ষাথাঁকৈ স্বত্বে হাত ধরে চালিয়ে নিয়ে যাওয়ার পর শিক্ষক
মনে করেন এবারে হাত ছেড়ে দিয়ে তিনি বলতে পারেন:
'এবারে নিজে চল, বাঁচতে শেখা' এ ধরনের সিদ্ধান্তে আসতে
গোলে শিক্ষাতত্ত্বের অগাধ জ্ঞান থাকা দরকার। মানুষকে
মানসিক ভাবে আত্মনির্ভার জীবনের জন্য প্রস্তুত করতে গেলে
ভাকে পরিচয় করিয়ে দিতে হয় গ্রন্থজগতের সঙ্গে। গ্রন্থক
হতে হবে প্রতিটি শিক্ষাথাঁর বস্তু, গ্রুর ও প্রাঞ্জ শিক্ষাদাতা।

আমার মতে, শিক্ষার উল্লেখযোগ্য কর্তব্য এই যে প্রতিটি ছেলে, প্রতিটি মেয়ে যেন প্রাথমিক বিদ্যালয় শেষ করার সময় বই নিয়ে একান্ডে কাটানোর — গভীর ভাবনাচিন্তার আগ্রহ অন্ত্রুত্ব করে। একান্ডে তার মানে কিন্তু নিঃসঙ্গ নয়। এ হল ভাবনাচিন্তা, অন্ত্রুতি, মত ও দ্থিতিঙ্গি স্বশিক্ষিত করে তোলার স্ত্রপাত। আর তা সম্ভব একমাত্র তথনই যখন খ্লে মান্বটির জীকনে গ্রন্থ অধিষ্ঠিত হয় অন্তরের তাগিদ রলে। ব্যক্তিগত আলাপ-আলোচনার মধ্য দিয়ে আমি জেনে নিতাম কোন্ ধরনের বইয়ে ছেলে বা মেয়ের আগ্রহ, কোন্ কোন্ প্রদেশর উত্তর সে বইয়ের ভেতরে খোঁজে — বিচক্ষণ পরামর্শ দেওয়ার জন্য, ছেলেমেয়েরা যাতে যার যার নিজের বই পেতে পারে সে ব্যাপারে তাদের সাহায্য করার জন্য আমাকে এ সব জানতে হত।

স্কুল সংস্কৃতির যথার্থ লালনাগার হয় একমার তখনই যথন ভাতে বিরাজ করে চারটি বিষয়ের প্রতি গভীর ভক্তি— মাতৃভূমি, মানুষ, গ্রন্থ আর মাতৃভাষার প্রতি ভক্তি।

আমার শিক্ষাথাঁদের নিয়ে কাজ শ্রের্ করার অনেক আগে থাকতেই কিশোর-কিশোরীদের শিক্ষা দেওয়া যে কত কঠিন কাজ সে কথা আমি অনেক শ্রেনছি। লোকে আমাকে বলেছে: 'ছোট বাচ্চাদের নিয়ে কাজ করা সবচেয়ে সহজ। কিন্তু ছোট বাচ্চা যথন কৈশোরে পেশিছার তখন তার এমন পরিবর্তন হয় যে তাকে চেনার জো নেই। উদারতা, অনুভৃতিপ্রবণা, লাজ্বক শ্বভাব 'নিশিচ্ছ হয়ে য়য়। দেখা দেয় র্ঢ়তা, র্ক্ষতা, ওদাসীন্য।' পরবর্তীকালে আমি দেখতে পেলাম এই কথাগ্লি কতই না ভুল। কিশোর বা কিশোরীর ভেতরে যা সদ্গণে তা 'নিশিচ্ছ হয়ে য়য়' সেই ক্ষেত্রে যখন তা আদে গড়ে ওঠে

নি, যখন শিক্ষাদাতা মনে করেন যে সদ্গৃথ শিশ্বর সহজাত।
শিশ্বকাল থেকে যদি গ্রন্থের প্রতি ভালোবাসার শিক্ষা শিশ্ব না
পায়, যদি পাঠ সারা জীবনের জন্য তার অন্তরের তাগিদ না
হয়ে দাঁড়ায় তাহলে কৈশোরে তার হৃদয় হয়ে থাকবে ফাঁকা,
আর কোথা থেকে যেন সেখানে এসে জ্বড়ে বসবে হত
রাজ্যের মন্দ জিনিস।

### মাতৃভাষা

আমাদের ইউক্রেনবাসীদের মাতৃভাষা হল ইউক্রেনীয় ভাষা। বর্তমানে ৩ কোটি ৬০ লক্ষেরও বেশি মানুষ এই ভাষায় কথা বলে। কিন্তু আমাদের জাতির ঐতিহাসিক ভাগ্য এমন ভাবে গড়ে উঠেছে যে দ্রাতৃপ্রতিম রুশ জাতির ভাষাও আমাদের একান্ত আপন ও প্রিয়। দুই সমগোত্রীয় ভাষা বহু সূত্রের সাহায্যে পর<del>স্</del>পর বিজড়িত। এর ফলে যেমন মাতৃভাষা তেমনি রুশ ভাষাও আয়ত্তে আনা একাধারে সহজসাধ্য আবার কন্টসাধ্যও বটে। এমন শত শত শব্দ আছে বেগ্রাল শ্বনতে দুই ভাষাতেই এক, অথচ অর্থে ভিন্ন। এমন শত শত দৃষ্টান্ত দেওয়া যেতে পারে যেখানে একই শব্দ ইউক্রেনীয় ভাষায় এক রক্ষের ভাবব্যঞ্জনা বহন করে, আবার রুশ ভাষায় — আরেক রকমের। যে শব্দ এক ভাষায় কর্ম্বরস উদ্রেক করে অন্য ভাষার কখনও কখনও তা বহন করে বিদ্রাপাত্মক **অর্থ**। উভয় ভাষায় শব্দের ভাবগত ও নন্দনতাত্ত্বিক ব্যঞ্জনার সক্ষ্মোতিসক্ষ্মে বৈশিষ্টের, বর্ণিমার এই যে খেলা তা আমাদের অর্থাৎ ইউক্লেনীয় বিদ্যালয়ের শিক্ষাব্রতীদের কাছে আন্তর সম্পদের উৎস হয়ে দেখা দিয়েছে, আর আমাদের

কর্তাবা হল সে সম্পদকে নবপ্রজন্মের হাতে তুলে দেওয়া। ভাষা হল জাতির আন্তর সম্পদ। 'আমি ৩ত বেশি পরিমাণে মান্যে, যত বেশি ভাষা আমি জানি! - এই মর্মে একটি প্রবচন আছে ৷ কিন্তু অন্যান্য জাতির ভাষার রক্নভাণ্ডাবে যে সম্পদ আছে তা মানুষের অন্ধিগমা থেকে যায় যদি সে মাতৃভাষা না জানে, মাতভাষার সৌদর্যে উপলব্ধি করতে না পারে। মান্ত্র যত গভার ভাবে মাতভাষার সক্ষােতা উপলব্ধি করে ততই সক্ষাতর হয় মাতভাষার শব্দের ব্যঞ্জনা গ্রহণের ক্ষমতা, ততই বেশি করে তার বৃদ্ধি অন্যান্য জাতির ভাষা আয়ত্তের উপযোগী হয়ে ওঠে, হাদয় ততই সন্ধিয় ভাবে গ্রহণ করে শব্দের সৌন্দর্য। আমি চেণ্টা করি যাতে এই সঞ্জবিনী উৎস – মাতৃভাষার সম্পদ — শিশ্বদের বিদ্যালয়-জীবনের প্রথম পদক্ষেপ থেকে তাদের কাছে উন্মাক্ত হয় ভাব ও ভাষার জ্ববিস্ত উৎস অভিমূথে 'প্রতিনের' সময় আমার শিক্ষার্থারা একই কালে মাতভাষা ও রুশ ভাষার ভাবগত, নন্দনতাত্তিক ও অর্থগিত ব্যঞ্জনা উপলব্ধি করে। তারা যাতে ভাষার সোন্দর্য অনুভব করতে পারে, শব্দ ব্যবহারে যত্নপর হয়, শব্দের বিশক্ষতা রক্ষা করে আমি সোদিকে দুভিট রাখি।

মান্বের ভাষার পরিজ্জনতা — তার মানসসংস্কৃতির দপ্রণিস্বর্প। শিশ্বর উপর প্রভাব বিস্তারের, তার অন্ভৃতি, হদয়, ভাবনা ও উপলক্ষিকে মহিমান্বিত করার সবচেয়ে উল্লেখযোগ্য উপকরণ হল মাতৃভাষার সোন্দর্য ও মহিমা, শক্তি ও ভাবগর্ভতা। প্রাথমিক বিদ্যালয়ে, যেখানে পারিপাশ্বিক জগতের নতুন ঘটনার সঙ্গে প্রতিটি পরিচয় শিশ্বসময়ে বিসময়ের অন্ভৃতি উদ্রেক করে, সেখানে এই উপকরণের ভূমিকা যে কতখানি তা বলে শেষ করা যায় না।

আমরা প্রকৃতির বুকে বিচরণ করি—বনে, বাগানে, মাঠে, হৃণভূমিতে, নদীতীরে যাই—আমার হাতে পড়ে শব্দ হয় হাতিয়ার, যার সাহায্যে পারিপার্শ্বিক জগতের ঐশ্বর্য সম্পর্কে আমি ওদের সচেতন করে তুলি। দেখা ও শোনা জিনিসের সৌলবর্য উপলব্ধি করার সঙ্গে সঙ্গে শিশ্রা শব্দের সাক্ষ্যাতিস্ক্র্যা মর্মা গ্রহণ করে আর শব্দের মারফতে সৌলবর্য তাদের মনে প্রবেশ করে। 'নিসগপ্যটিন' ছিল স্থিটর প্রথম প্রেরণা। নিজেদের আবেগ-অর্ভুতি প্রকাশের, সৌলবর্ষের বিবরণদানের বাসনা শিশ্বদের মনে জাগে। ওরা প্রকৃতি সম্পর্কে ছোট ছোট রচনা করে, পরে ক্লাসে সেগ্রিল লেথে। এই রকম কতকগ্রিল ছোট রচনার দ্টোন্ত দেব। প্রথম শিক্ষাবর্ষে শিশ্বরা এগ্রিল মুথে মুথে রচনা করে, পরে আমাদের মাতৃভাষা' থাতার কিংবা নিজন্ব থাতার লেথে।

### ভার্ই পাথির গান (লারিসা)

নীল আকাশে একটা ছাইরঙা ডেলা কাঁপছে। এ হল ভারনুই পাখি।
আমি ওর আশ্চর্য গান শনুনি — শনুনে শনুনে আর আশ মেটে না।
ও যেন খনুব সরন্ সরন্ রন্পোর ভারে বিজনা বাজাজে সোনালি গম
থেকে সনুযাব দিকে ভার টেনে ধরে। গমের শাঁয কান পেতে ওর
গনে শোনে

#### সংখ্যি পাটে গেল (সেরিওজা)

সন্থ্য পাটে গেল। মাঠ আঁধার হয়ে এলো। থাত থেকে মাঠ আর ঘাসের ওপব দিয়ে গড়িয়ে আসে সাঁকের আঁধার গড়াতে থাকে নদীর ধারার মতো। এদিকে পপালার গাছের মাথায় একমকিয়ে ওঠে ফুর্লাক। তার মানে সন্থা তার শেষ নমস্কার জানাছে। ফুর্লাক জনুলেই নিভে গেল। আজকের মতন বিদায়, সন্থামামা।

#### মৌমাছি জল পান করে (গালিয়া)

আমি মৌমাছিদের জল পান করা দেখেছি। সর্ নলখাগড়ার গা বয়ে ফোঁটা জল এসে পড়ে পর্নস-উইলোর মোলায়েম গ্রিড়র ওপর। গ্রিড়টা ভিজে। মৌমাছিরা গ্রিড়র গন্ধ ভালোবসে। এরা গ্রিড়তে উড়ে এসে বসে, জল পান করে। সোনালি পাখনা ঝাড়ে। একটুখানি জিরোও গো মৌমাছিরা, ভোমাদের ত আবার অনেক দ্রে যেতে হবে।

## ৰকে হাইট গাহে শীৰ ধৰছে (ভারিয়া)

বাক্ হ্ইট গাছে শীষ ধরছে। খেত যেন সালা গালিচার ঢাকা।
কিন্তু এই গালিচাটা জ্যান্ত, কী চমংকার তার গন্ধ! প্রতিটি ফুলের
ওপর — মোমাছি। গালিচাটা গ্নুন্গ্নুন্ করছে — আসলে গ্নুন্গ্ন্
করছে মোমাছিরা। বিরাট একটা ঝোপড়া ভোমরা এসে বসল একটা
ফুলের ওপর। গাছের ভাটা কে'পে উঠল, নুইরে পড়ল। ভোমরা আর
বসে থাকতে পারল না, পড়ে গিরে রাগে গোঁগোঁ করতে লাগল।

## কল্বাইন-জ্লাইভার (ইউরা)

আমার কাকা কল্বাইন-ড্রাইডরে: উনি বিরাট গাড়ি চালান। তাঁর সামনে — গম। ধারাল ফলাগালো গম গাছের গোড়া কাটে, গম মাড়াই-মেশিনে চালান করে। মাড়াই-মেশিনে গম মাড়াই হয়। গমের সানা সর্ধারার বাংকারে গিয়ে পড়ে। গাড়ি এসে শ্সা নিয়ে বায় মাড়াইয়ের ভারগার। অনেক সানা রুটি হবে।

## আমাদের মাড়াই-মেশিন (ভানিয়া)

আমাদের ইশ্কুলে একটা ছোট্ট, এইটুকুন মাড়াই-মেশিন আছে। ছেলেমেরেরা ইশ্কুলের জমিতে গমের ফসল তোলে। পাঁচটা আঁটি বাঁধে। ছোট্ট মাড়াই-মেশিন গোঁগোঁ আওয়াজ তুলল। গম মাড়াই হয়ে গেল। গম থলিতে পোরা হল। এই গম আমরা ব্নব.

#### আশেল গাছে ফুল ধরেছে (পাড্লো)

ওঃ, আপেল গাছে যখন ফুল ধরে তখন বাগান কী স্কুল্রই না দেখার! সাদা সাদা ফুল পাপড়ি মেলে ধরেছে স্বের সামনে। একটু একটু বাতাস ফুলগন্লাকে নাড়া দিতে ওরা ঝমঝম আওয়াজ তুলেছে। যেন ব্পোলি ঘণ্টা। গোটা বাগানে ঝমঝম আওয়জ উঠছে, বাগান স্বের দিকে তাকিয়ে হাসছে। আর বাডাসে যখন শাস্ত হয়ে আলে তখন শোনা যায় ঝৌমছিদের গ্রুনগন্নানি। ওরা গাছগন্লার ওপর ওড়ে। খাঁলে বার করে সবচেরে গলাবাজ বণ্টাগ্রোলাকে। বাগান গান গেয়ে ওঠে, যেন বেজে ওঠে শরে শয়ে বাজনার তার। মৌমাছি ঘণ্টার ওপর বসে, পা নাড়ার, পাখা ঝাড়ে। ঘণ্টার ওপর মেষের মতো উড়তে থাকে সোনালি পরাগ।

## দাশা মালীর খামারে (কোলিয়া)

আমরা দাশা মাসীর খ্যারে গিরেছিলাম। মাসী তিরিশটা গোর্ দোরায়। বিরাট কোড়ে ভতি দুখা, দুখা বার মাখন তৈরির কারখানার। সেখানে দুখা থেকে তৈরি হয় মাখন।

## সাঁথের বেলায় সারবেরা ভাকে (তিনা)

স্ব পাছাড়ের আড়ালে ভূবে গেল। নীল আকাণে উড়ছে সারসেরা। ওরা ডাকছে, বলছে: 'পেনাম ইই গো সব্জ মাঠ, আমরা এসেছি গরম সাগর থেকে।' গাছের ডালপালা নড়েচড়ে উঠল, সব্জ ঘাস সরসর করে উঠল। কলকল করে উঠল প্রেকুর: 'পেনাম, সারসভায়ারা, গ্রম সাগরে কী দেখলে বল।'

## जीय-व्याधाति जिन्हि सार, (जानिया)

আকাশে তারারা জনুলে উঠল। খাত থেকে বেরিয়ে এলেন সাঁঝ-তাঁধারি মিণ্টি দাদ্। খুখুরে বুড়ো, ঝুপসি-লোমশ। হাতে লাঠি। চলেছেন গাঁরের পানে। এসে ঢোকেন ঘরে। গরম, তুলতুলে তাল্বতে বাচ্চাদের ধরেন। বাচ্চাদের ঘুম পায়। ওরা ভালো ভালো স্বপ্ন দেখে। (এ হল সেই সানিয়া, যে 'আনন্দ নিকেতনে' থাকতেই সদ্ধার 'আধা-অন্ধকার' নিয়ে রূপকথা ব্যানিয়েছিল। এখন সেই রূপকথা শিশর স্মৃতিতে আবার সজীব হয়ে উঠেছে)।

#### कुलमा चूर्ण (स्कपिया)

আমরা কুজমা খুড়োর কাছে গিরেছিলাম। উনি ঘরবাড়ি বানান। ইট দিরে বাড়ির দেয়াল গড়েন। এখন বানাজেন দোকানহার। কুজমা খুড়ো ইতিমধ্যে পণ্ডাশটা দালানকোঠা বানিরেছেন। সেগ্রেলিতে বহর্ লোকজন বাস করে। তিনি বলেন: 'আমার ঘরবাড়ি দুশ' বছর বাঁচবে। বহু লোক মনে করে বলবে, কাঁ কারিগরই না আমাদের কুজমা খুড়ো!'

#### ল্পেড্রপ ফুল (কাতিয়া)

স্থায় বনকে জাগিরে দিল, গলিয়ে দিল দেবদার্ গাছের ঘাধার ছুবারকণা। গরম ফোঁটা বরফের ওপর গিয়ে পড়ল। বরফের ত্প আর দক্রনা পাভার ভেতর দিয়ে চলে গোলা। যেখানে ফোঁটা পড়ল সেখানে দেখা দিল সব্জ ভাঁটা। ভাতে ফুটল নীল রঙের ঘণ্টাফুল। বরফের দিকে তাকার আর অবাক হয়ে যায়: 'ঘ্রমটা কি বড় সকাল সকাল ভেলে গোল না?' 'না সকাল সকাল নয়, সময় হয়ে গেছে,' পাখিরা গান গেয়ে বলল। বস্ত শ্রেষ্ হল।

## সংখ্যি আৰু মেখ (তোলিয়া)

সোনালি থেত। প্রত্যেকটা শীবে থেলা করছে সন্থিয় মাঠ, মাঠ, ছুমি কী সনুনর! কিন্তু এই দেখ, মেঘ ভেলে এলো তোমার দিকে। সন্থিয় চেকে দিল। শীবের ওপরে সোনালি ফুলকিগ্রেলা নিজে গেল। মাঠ হরে গেল ছাইঢ়ালয়। কেউ থেন ছাইন্ডা কন্দল দিয়ে মাঠ ঢেকে দিল। শিগ্রিগর মেঘের আড়াল থেকে বেরিয়ে এসো সন্থিয়মামা। শীবেরা ভোমার জন্যে অপেন্দা করছে। আমরাও ভোমার পথ চেয়ে আছি সন্থিয়মামা।

#### আকাশ থেকে ভারা খলে (ল্বাবা)

আগস্ট মাসে আকাশ থেকে তারা খসে। আঁধার বনের ভেতবে আছে বিরাট একটা ফাঁকা জমি। তারা আকাশ থেকে গিয়ে পড়ল সেইখানে। ফুটে উঠল লাল টুকটুকে ফুল

## भामादस्त्र क्रामधदत्र आतादमत्र शहम (माना)

আনাদের ক্লাসখনে ভারি আরাদের গরম। গরম ব্যাটারি আছে, সেগুলোর ভেতর দিয়ে বরে চলে জল। মাটির দীটের ঘরে — বরলার। বিরাট এক চুলোর জরলছে কয়লা। মাটির নীচ থেকে এই কয়লা খাড়ে এনেছে খানমজ্বরেরা। রেলপথে ওরা কয়লা আমাদের কাছে নিয়ে আসে। মাটিতে ফেলে। ভারপর তোলা হয় ট্লাকে, ট্রাকে করে কয়লা নিয়ে আসা হয়েছে আমাদের ইশ্কুলে। আমরা আরামের গরম পাচ্ছি, কেননা খানমজ্বর আর রেলের লোকজন কালা করছে।

## শীকের ময়না (মিশা)

গত শাঁতে মরানার জার গরম জারাগার গোলা না। ওরা কাঁ করে জানলা যে তেমন হিম পড়বে না? আমি দেখলাম, সন্ধেবেলার পাখিরা বড় বড় বাঁকে জড় হয়ে এক গাছ থেকে আরেক গাছে উড়ে বেড়ার। ওরা থাঁছে কোথার একটু গরম পাওয়া বার। ওরা জয়ে চিচি করে। বরজয়ড় য়খন উঠল তথন ময়ানারা উড়ে এলো আমাদের চালাঘরের ভেতরে। এখানে-ওখানে লব জায়গায় বললা, এয়ন কি গোরার পিঠের ওপরওঃ আর হিমের দিনে যে দিন রোদ ওঠে সে দিন ওরা বয়জের ভেতরে লান করে। ময়না ঢেলার মডো পড়ে নরম বয়জের ভ্রেপর ভেতরে, বর্ডে ছুবে যায়। তারপর বয়জের ভ্রেপ থেকে বেরিয়ে আনে, ফুর্ডিতে কিচির্মিটির করে।

#### ফার গাছ (দাঞেকা)

আমি আর মা মিলে টেবিলের ওপর ফার গাছ বসালাম। গাছটাকে খেলনা দিয়ে সাজালাম। নীচে দাঁড় করিয়ে দিলাম তুধার দদেকে। রাত হল। বাইরে ফটফটে চাঁদের আলো। আমার দেখতে সাধ হল ভুষার দাদ্ব কাঁ করে। দাদ্ব লাঠিটা হাতে ভুলে নিল, ফার গাছ থেকে সরে দাঁড়াল, তারপর টেবিলের ওপর দিয়ে হাঁটতে শ্বন্ করল। হাঁটে আর ককার। এদিকে ভালপালার ওপর সাদা সাদা ভুবারকণারা কাঁ নিয়ে যেন ফিসফিস করে। ছাইরঙা থরগোশছানা ভালের ওপর ঘাপটি মেরে বসেছিল। ফার গাছ থেকে যেই না লাফ মারা, অমনি গিয়ে পড়ল ভুষার দাদ্বর থলির ভেডরে। লভুন বছরের উপহারটা যা হবে।

## देखेदिश मानः (माना)

আমার দাদ্ধ ইউছিম বন লাগানোর কাজ করেন। আজ পাঁচশ বছর হল তিনি যোখধামারে কাজ করছেন। গাঁরের ওপারে ওক বন। এই ওকগ্রেল্য ও'র, উনি ওগ্রেল্য লাগান। দাদ্ধ বলেন: ও'র ওক তিনশা বছর বাঁচবে। আমিও আমার ওকচারা লাগাব।

#### शक्ती माक्क्ष्मा (दर्काविया)

ভাশভার ঘরের এক অন্ধকার কোণে জাল পেতে রেখেছে মাকড়সা।
আমি তাকিরে তাকিরে দেখি ও কী করে। মাকড়সা দেয়ালে ঘাপটি
মেরে ররেছে, একটু একটু দাঁড়াগালো নাড়ে। যেন জালটার দোলা দিছে।
একটা মাছি উড়ে এলো, গালগাল আওয়াল করতে করতে। মাকড়সা
মাুখ ঘারিরে কান পেতে শোনে। মাছি মাকড়সার জালের সলে ধাজা
খেল, জালে জড়িরে গোলা তার গালগাল আওয়াল পিনপিনে আর কর্ষে
হয়ে উঠল। মাকড়সা সঙ্গে সংলে মাছির দিকে ছাটে আলো; না,
মাছিটাকে মারবি বলে তুই যে ভেবেছিস পালা মাকড়সা, তা আর
পারবি না। আমি মাকড়সার জাল ছিড়ে মাছিকে ছাড়িয়ে দিই। যা,
উড়ে যা, আরে হার্ট, দেখিস কখনও যেন পালা মাকড়সার জালো গড়িস
নে।

#### **টমেটো** (গ্লাভা)

সব্জ ঝোপে লাল ট্মেটো। স্কাল বেলায় ট্মেটোগ্লো ফোঁটা ফোঁটা শিশিবে ঢাকা। প্রতিটি ফোঁটায় খেলা করে সোনালি স্থা। একটা সাদা প্রজাপতি এসে লাল টমেন্টোর ওপর বসল। মৌমাছি গ্রনগ্রন করে। মৌমাছি ভাবে ওটা ব্রিঝ একটা বিবাট লাল ফুল মৌমাছি টমেটোর ওপর পাক থেয়ে উড়ে চলে গেল।

ছেলেমেরেদের এই রচনাগর্ল — বড় রকমের কাজের ফল। বাচ্চাদের নিয়ে যাওয়া দরকার ভাব ও ভাষার জীবন্ত উৎসম্থে; পারিপার্শ্বিক জগতের বস্তু ও ঘটনা সম্পর্কে ধারণা যাতে ভাষার মাধ্যমে কেবল ভাদের চেতনায় নয়, হৃদয়ে এবং অন্তরেও পেছিয় তার জন্য চেতটা করা উচিত। শব্দের ভাবগত ও নন্দনভাত্ত্বিক ব্যঞ্জনা, ভার স্ক্রেনাতিস্ক্রের বর্ণমা — এরই মধ্যে নিহিত আছে শিশ্বদের স্ক্রেনকর্মের সঞ্জীবনী উৎস। শিশ্বের চেতনায় শব্দ অধিষ্ঠান করে উম্জ্রেল রুপে নিয়ে, এই কারণে ক্লাসে নিজেদের রচনা লেখার সঙ্গের সঙ্গেলমেয়েরা বর্ণনার পরিপত্রক হিশেবে আঁকে ছবি!

পারিপাশ্বিক জগতের সোঁদ্ধরের প্রভাবে দিশ্ব তৎক্ষণাৎ প্রবন্ধ রচনা করবে এমন আশা করা অন্যায়। স্জনকর্ম কোন সহজাত প্রেরণার পথে শিশ্বদের কাছে আসে না। স্জনকর্ম শেথাতে হয়। শিশ্ব একমাত্র তথনই রচনা করবে যখন সে শিক্ষকের কাছ থেকে প্রকৃতির বর্ণনা শ্বনতে পাবে। প্রথম যে রচনা আমি ছেলেমেয়েদের পড়ে শোনাই সেটা রচিত হয় এক শান্ত সন্ধ্যায়, প্রকৃরের ধারে। প্রত্যক্ষ র্পকে কী ভাবে ভাষার মধ্য দিয়ে বাস্ত করা যায় শিশ্বা যাতে তা ব্রথতে পারে, অন্ভব করতে পারে আমি সে ব্যাপারে যত্ন নিই। প্রথম প্রথম ওরা আমার নিজের রচনাটা আওড়ায়, পরে প্রকৃতির যে সমস্ত দৃশ্য তাদের উদ্দীপিত করে, তারা স্বাধীন ভাবে সেগ্যুলির বর্ণনা দিতে থাকে এই ভাবে শ্রুর হয় শিশ্বদের

ব্যক্তিগত স্জনকর্ম। এই কাজে যেটা খ্রবই গার্ভুপার্ণ তা হল শব্দের ভাবগত নন্দনতাত্তিক ব্যপ্তনা অনভেব করার ক্ষমতা। শিশ্য কেবল তথনই রচনা করতে শিখ্বে যখন তার সামনে প্রতিটি শব্দ একেকটি তৈরি ইটের মতো, আর সেই ইটের জনা স্থানও আগে থেকে প্রস্তুত। ছেলেমেয়েরাও মিদিস্টি ক্ষেত্রে যে ইটটি দরকার ঠিক দেটিই নির্বাচন করে। তারা প্রথম যে শব্দটি হাতের সামনে পেল সে শব্দই ব্যবহার করে না। তাদের ভাবগত ও নন্দনতাত্তিক সংবেদন্দীলতার ফলে তা সম্ভব নয়। প্রবন্ধ রচন্য ব্যাপারটি আমার শিক্ষার্থীদের প্রিয় কাজ হয়ে দাঁড়াল। তারা যা কিছু দেখে, অনুভব করে, সেগালের বর্ণনা দিতে চায়। শিশ্বদের কাছে শব্দ পারিপাশ্বিক জগতের সৌন্দর্যের প্রতি তাদের সম্পর্ক প্রকাশের উপায় হয়ে দেখা দের। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে তারা যে-সমস্ত রচন। লেখে সেগালির বিষয় হল তাদের বয়োজ্যেষ্ঠ বন্ধরা — যৌথখামারী ও শ্রমিকেরা, সোভিয়েত মানুষের শ্রম, আপেল গাছের ফুটন্ড কু'ড়ি, নিন্তেজ ডেইজী ফুল, হেমন্তকালের রুপোলি মাকডসার জাল আর যৌথখামারের বাগানে আপেল সংগ্রহ। ৪ বছর সময়ের মধ্যে প্রতিটি শিক্ষার্থী ৪০-৫০টি ছোট ছোট প্রবন্ধ রচনা করে। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শিক্ষাবর্ষে ছেলেমেয়েরা যে-সমন্ত প্রবন্ধ রচনা করে সেগালির কয়েকটি উল্লেখ করা যেতে পারে।

এমন প্রেরণাশক্তি খ্রুজে পাওয়া কঠিন যা নৌন্দর্যস্থিত প্রয়াসের মতো এড বেশি শ্রমে প্রবৃত্ত করতে পারে। দলের সকলে এই প্রয়াসে অনুপ্রাণিত হয়ে ওঠে। এমন একটি বাচ্চাও ছিল না যে গাছপালার পরিচর্যা না করত। প্রথম গ্রীম্মে প্রকৃতি আমাদের শ্রমে প্রসন্ন হল না, কিন্তু ছেলেমেয়েরা স্বপ্নে বিভার হয়ে থাকে। দিতীয় বছরের গ্রীষ্মকালে লন্ মস্ণ সব্জ গালিচায় পরিণত হল, মেঠো ফুল ফুটল। আর তৃতীয় গ্রীষ্মে আমাদের জায়গাটা সব্জ গাছপালা আর ফুলের রাজ্য হয়ে গোল। ছেলেমেয়েরা এখনে জমায়েত হয়ে র্পকথা পড়ত, শোনাত।

## কাচের ওপর বরফের ফুল কোথা থেকে আনে (তানিয়া, চতুর্থ শ্রেণী)

আমি মাকে জিজেল করলমে: 'জানলার কাচের গারে বরক্ষের ফুল কোথা থেকে আসে?' মা বললেন: 'তুরার দাদুর ছোটু নাডিটি আঁকে। রাতে সে দাদুর সক্ষে হাঁটে, জানলার ওপর চিত্রবিচিত্র করে।' কী করে সে কাজটা করে আমার তা দেখার ইচ্ছে হল। ঘ্রেমাডে গোলাম, কিন্তু চোখ বন্ধ করলাম না। সম্বাই ঘ্রিয়ের পড়ল। জানলার বাইরে গাছ ক্যাঁচকোঁচ আওয়াজ করে! ছোট একটা ছেলে জানলার দিকে এগিয়ে এলো। সে জানলার ওপর রুপোলি পোলিসল বুলায় আর নীচু গলায় গান করে। দেখলাম আশ্চর্য এক ফুল একে ফেলেছে। ইয়া চওড়া চওড়া শাতা আর ছোট ছোট পাপড়ি। সকালে সুবিয়া খেলা শ্রুর করল, ফুলটা যেন একেবারে জ্যান্ত। জানি না এটা স্বপ্ন, না সতিয় সতিয়েই দেখেছিলাম।

## শীতের মারখানে কুলের রাজ্যি (গালিয়া, তৃতীয় শ্রেণী)

শরংকালে হট্ হাউস-এর পাশে ফুটল চন্দ্রমন্ত্রিকাঃ চন্দ্রমন্ত্রিকাঃ ঠাণ্ডার কুরাসাকে ডরার না। কিছু উত্তর থেকে এলো হিম। বাল্তির জল জমে গোলঃ চন্দ্রমন্ত্রিকাকে ঠাণ্ডা থেকে বাঁচাতে হয়। আমরা ফুলগাহগুলোকে টবে বসিরে হট্ হাউস-এ এনে রাখলাম। ডাঁটাগুলো ছে'টে দিলাম। গাছ আবার সব্জ হয়ে উঠল, তারপর গাছে ফুল ফুটল। সকালে আমি জেগে উঠতেই দেখতে পেলাম বাইরে বরফ। বরফ আর স্ফ্ । আমি ছুটে গোলাম হট্ হাউস এই চন্দ্রমন্ত্রিকা ফুটছে— সালা ফিকে নীল, ঘন নীল। এদিকে কাচের বাইরে বরফ। চন্দ্রমন্ত্রিকা খটখটে আলোর দিকে চেরে হাসছে।

## আমরা কী ভাবে সাঠ থেকে গেলাম (পাড্লো, দ্বিতীয় শ্রেণী)

গরমকালে মা'র সঙ্গে মাঠে গিরেছিলাম খড় আনতে। মা খড়ে গাড়ি বোঝাই করলেন। দড়ি দিয়ে খড়েব গাদা বাঁধলেন। ঘোড়াগ্রলো ধাঁরে ধাঁরে চলতে লাগল। আমরা বসে ছিলাম খড়েব গাদার অনেক অনেক ওপরে। ম্যে ডুবল, আকাশে জ্বলে উঠল তারা, আমি খড়েব গাদার এপর শারে পুথলা, আকাশের দিকে তাকিরে রইলাম। আমাদের ঘোড়ার গাড়ি এখন আর ঘোড়ার গাড়ি নয়— যেন একটা বিরাট নোঁকো। আমরা ডেসে চলেছি সাগরের ওপর গিয়ে। আমাদের মাথার ওপরে তারা। তারাগ্রলা একেবারে কাছে। হাত বাড়ালেই যেন ওদের ধরা বায়। ল্রেকেথার যেন সব্দুক্ত সাগরতার। সেখানে গান গাইছে তিতির পাখি, বৈহালা বাজাছে ফড়িংরের দল। আমাদের নোকো থেমে গেল, এদিকে তারাগ্রলা দ্লাছে। নোঁকো পারে এসে ভিরল। মা উঠে দাঁড়ালেন, আমার কিন্তু আরও শারে থাকতে ইছে করে।

#### শরতের মেমলা দিন (শহুরা, তৃতীয় প্রেণী)

দিনগ্রেলা হয়ে গেল ছোট, য়াতগ্রেলা বড়। ভোরবেলায় নদার ওপর ভেলে বেড়ায় কুয়াসা। বেখানে স্বা, সেখানে কেন স্বৈর আলোয় কুয়াসা কেটে যাচ্ছে না? আকাশ থেকে শরতের গাঁড়ি গাঁড়ি ব্লিট পড়ছে। গাছগ্রেলা ভালপালা ন্ইয়ে দাঁড়িয়ে আছে। পাতা খলে পড়ছে। ভালগ্রেলাতে ঝুলছে বড় বড় কেটা। কোথায় যেন কুয়াসার মধা একটানা ভেকে চলেছে গাংচিল। ও হয়ত দক্ষিণে যেতে পারছে না, তাই লোকের কাছে নালিশ জানাছে। বনের ভেতরে সব চুপাচাপ। কাঠঠোক্রা কয়েক বার ঠকঠক আওয়াল্প করার পর চুপ কয়ে গোল। ওক গাতের সোনালি ফল পাতার ওপর খলে পড়ে। সারা দুনিয়া সাদা কুয়াসায় ঢাকা।

## **महरकाल यथन मृह्यु हम (ट्यां**त्र ७४), ४०० (ट्यांपी)

সকালে সোয়ালো পাখিরা চণ্ডল হয়ে গাঁয়ের ওপর ওড়ে। ভারপর ওরা বিবাট ঝাঁক বে'ধে জড় হল। সার বে'ধে গিয়ে বসল টোলিগ্রাফের তাবে আন্তে আন্তে কিচিরমিচির করে কী যেন বলাবলি কবতে লাগল। ওরা পবামর্শ করছে কখন গরম জায়গায় যাওয়া যায়। পরের দিন সোয়ালোদের আব দেখা গেল না। ওরা কোথার উড়ে গেল ? কী ভাবেই বা ওরা জানতে পাবে যে শবং এসে যাছে? এখনও ত গরমের দিন চলছে। স্বর্ণ দিবিয় তাপ দিছে। শরতের রোদের কিরণে ঝলমলে সন্ধাা আমার ভালো লাগে। অনেকক্ষণ, অনেকক্ষণ ধরে জ্বলতে থাকে সন্ধ্যার উকটকে আলো। পপ্লার গাছের পাতাগ্রলোও মনে হয় লাল টকটকে। এ হল সন্ধ্যার আলোর বক্ষকানি। প্রকুরের শান্ত জ্লও সন্ধ্যার আলোর মতো ঝলমক করছে। কেবল প্রকুরের ওপরে সন্ধ্যার কোলাহল ওঠে: দক্ষিণ থেকে পাখিরা বাস বদল করে আসে, র ত কাটার। সকালে কুরাসার চাদরে প্রকুর তেকে যায়। যাসে — শিশির। শিশিরের মতো নয়। শ্রুর হয় শবংকাল।

## জবিনে স্বচেয়ে বড় কী (ভারিয়া, চতুর্থ গ্রেণী)

জাবিনে সবচেয়ে বড় কী? থনিমজ্ব বলে, সবচেয়ে বড় হল কয়লা। কয়লা না থাকলে গাড়ি থাকত না, ধাতু হত না, লোকে ঠা ভায় জমে যেত।

ধাতৃক্মী বলে: স্বচেয়ে বড় হল ধাতৃ। ধাতৃ ছাড়া গ্যাড়ি হত না, কয়লা পাওয়া যেত না, ফসল হত না, জামাকাপড় হত না।

চাষী বলে, সবচেয়ে বড় হল ফসল। পাইলট বল, থনিমজনে বল, ধাতুকমাঁ বল, আর সীমান্তরক্ষীই বল — ফসল ছাড়া কেউ থাটতেই পারত না।

অ ছা, ওদের মধ্যে কার কথা সাঁতা? জীবনে স্বচেরে বড় কী? স্বচেরে বড় হল খার্টুনি। খার্টুনি ছাড়া ক্যলা হয় না, ধাড়ু হয় না, ফসলও হয় না।

#### 'আগ্ন' থেড়ো (সানিয়া, চতুর্ব শ্রেণী)

মা'র কাছ থেকে শোনা। গাঁয়ে যখন প্রথম যৌথখামার গড়া হচ্ছিল তখন যৌথখামারীরা একটা ঘোড়া কেনে। ঘোড়াটার নাম ছিল 'আগ্না'। ও কারও বশ মানত না। সবচেয়ে সাহসী আর বড় বড় লোকেরও 'আগ্নের' সামনে এগোতে ভয় পেত: সে খ্র দিরে মাটি খ্ড়ত, দাঁত দিরে কামড় দিত আর নাক দিয়ে আওয়াক্ত করত।

ইউর্কো নামে এক অলপবর্দী ছোকরা কিন্তু শেষ অবিধি অবাধ্য ঘোড়াটার পিঠে জিন চাপাল। ঘোড়াটা দাপাদাপি করল, চি'হি'হি' জাক ছাড়ল, লাফিয়ে রাস্তার বেরিয়ে এসে ইউর্কোকে পিঠ থেকে ছুড়েফেলে দিল। করেক ভাস্ট ছুটে গিয়ে গাঁরের শেষে থেমে পড়ল। রাস্তার মাঝখানে দুটো ছোট বাজা খেলা করছিল। ওরা ঘোড়ার দিকে ছুটে এসে তার সামনের দু'পা জড়িয়ে ধরল। মা ত ভরে কাঠ হয়ে গেলেন। ভাবলেন এবারে ঘোড়াটা হয় বাজাদের মেরে ফেলবে, নয়ত ঘারেল করবে। ভিত্তু ঘোড়া চুপচাপ দাঁড়িয়ে থাকে। থানিকটা পা সরায়, আবার দাঁড়িয়ে পড়ে। আড়চোখে বাজা দুটোর দিকে তাকার, যেন ভয় হচ্ছে ওদের গায়ে ধালা না লাগে। ওরা কিন্তু খেলেই চলছে। তারপর 'আগ্রেন' সাবধানে ওদের কাছ থেকে সরে দাঁড়াল, গাঁরের ভেতর দিরে ছুটে পালাল। ওকে ধরে আভাবলৈ পোরা হল।

## भकान्य (दर्शनरा, हजूर्थ दक्षशी)

আমাদের দেউড়ির নীচে শজার্রা থাকে: সদ্ধায় ওদের গোটা পরিবার গর্ভের ছোট ছোট মুখ থেকে বেরিয়ে এসে প্রকুরের দিকে যার: আগে আগে ব্রুড়ো শজার্, ভার পেছনে — পাঁচটি ছোট ছোট বাচা, সবার পেছনে — শজাব্-গিমি। ওথানে ওরা কী কবে? আমি ভাকিয়ে ১.কিয়ে দেখলাম, ওরা জল খাছে, আর মুখ হাত ধ্রুছে। তারপর আবাব ছোট ছোট থাবা দিয়ে গর্ভ খর্ড়ে কী সব শেকড্বাকড় বার করে খায়। এ কাজটা করে শজার, আর শজার, গিনি। ছানাপোনারা সেই সময় থেলে, হুটোপাটি করে। ওরা একটা নিজ'ন জারগা বেছে নিয়েছে — সেখানে কেউ যায় না।

একদিন কোথা থেকে যেন এক কুকুর এসে হাজির: কুকুরটা শজার্র দিকে তেড়ে এলো। শজার তালগোল পাকিয়ে গ্রিটস্টি মেরে পড়ে রইল। শজার্রা সকলেই হাড পা গ্রিটয়ে শ্রে পড়ল। কুকুর ধাড়ি শজার্কে দাঁতে চেপে ধরে প্রকুরের দিকে নিব্নে গেল। শজার সাঁতার কেটে পারের দিকে চলল। কুকুর তাকিরে তাকিরে ওকে দেখে। তারপর শজার্র সক্রে থেকতে লাগল। আমি কুকুরটাকে খেদিরে দিলাম।

পরের বার বসভকালে দেউভির নীচে রয়ে গেল একা ধাড়ি শজার্।
বাদবাকিরা গেল কোথার? হরত অন্য কোন জারগায় বাসাবদল করেছে।
ধাড়ি শজার্র বোধহর সেখানে বাওয়ার ইচ্ছে নেই। আমি দেউভির কাছে
একটা বাটিতে দ্বধ রেখে দিলাম। শজার্ এসে দ্বধ খেল। ও আর
আমাকে ভর শায় না। আমি ওকে লোভ দেখিয়ে ঘরের ভেতরে নিরে
এলাম। লাইট জন্তালাম। শজার্ব এক দ্ভিততে বাভির দিকে তাকিয়ে
ভাকিয়ে দেখে। আমি মেঝেডে প্রানা খবরের কাগজ রাখলাম। শজার্
কাগজ দিয়ে খেলতে দ্রুব্ করল। আর রাতে চলে গেল দেউভির সীচে
ভার নিজের জায়গায়।

ব্যাৰগুনি বাহিনীয় ফোজী আডেমি মিধাইলভিচ (দাঞেনা, চতুথ' শ্ৰেণী)

পাইওনিয়র বাহিনীর জমারেতের সময় আমাদের এখানে আসতেন আতেম মিখাইলভিচ। তিনি সক্লি চামীদের দলে কাল করেন। আমরা ভাবতাম অমান কোন দাদ্-টাদ্ হবেন। আসলে কিছু তিনি ছিলেন ব্রিপর্ডান বাহিনীর ফোজী, গৃহযুদ্ধের বীর। তিনি আমাদের বলেন কী ভাবে গগ্নে সন্ধানের কাজে যেতেন, কী ভাবে স্থেতরক্ষীদের আদ্রমণ করতে যেতেন। একবার তিনি আহাত অবস্থায় দেনিকিন বাহিনীর লোকগ্লোর হাতে বন্দী হন। ওঁকে গ্রিল মেরে ফেলার জনা নিয়ে যাওয়া হলা। কিন্তু গ্রিল থেয়ে উনি মারা গেলেন না, আরও মারাত্মক আহত হলোন।

বাতে তিনি সেথান থেকে ছে'চড়ে ছে'চড়ে বেরিয়ে এসে এক কৃষকের কৃটিরে ঠাই নিজেন। লোকে তাঁকে চিলেকোঠার লন্কিয়ে রেখে সাবিয়ে তুলল। তিনি আবার শ্বেতবক্ষীদের সঙ্গে লড়াই করতে চললেন। এই হলেন আমাদের দাদ্ধ আতেমি মিখাইলভিচ। আমিও অমনি হতে চাই।

## বিজয়-উৎসব (ডলোদিয়া, ড্ডীয় শ্রেণী)

বিজয়-উৎসব এলো। এই দিন যুদ্ধ শেষ হয়। আমাদের সোভিয়েও সেনাবাহিনী ফাশিস্তদের হারিয়ে দেয়। গোলাগ্রনি ও বোমা ফাটা বদ্ধ হয়। গোলাগ্রনি ও বোমা ফাটা বদ্ধ হয়ে গেল। এখন প্রতি বছর এই দিনটিতে লোকে তাদের বিজয়-উৎসব করে, শহিদদের সম্মান করে। ত্যাদিমির ইলিচ লোনন আমাদের কমিউনিস্ট পার্টি গড়েন, তিনি সকলকে বলেন: 'ইউক্রেনীর, রুশী, বেলোর্শী, জজিয়ান, মোলদাভিয়ান — স্বাই মিলেমিশে থাক, তোমাদের কেউ হারাতে পারবে না।'

আমরা সমন্টিগত ভাবেও রচনা করি। একবার শরংকালের এক মেঘলা দিনে ছেলেমেরেরা 'ব্রপ্নপুরীতে' জনুগত আগন্নের পাশে বসেছিল। আমি দ্রু প্রন্থিধান ঘীপের কথা বলছিলাম। বাচ্চাদের কেন ধেন মনে পড়ে গেল তরম্ভূপেতে বিপ্রামের কথা, প্রচণ্ড গ্রন্থি আর নদার কথা। এই সব্দ্যতিচারণ থেকে গড়ে উঠল এক রচনা, পরে ওরা রচনাটাকে 'আমাদের মান্তভাষা' থাতায় টুকে রাখে।

## क्रम्बद्भरथरक कामारनद रक्षम कारहे

গরম জ্বানির গুপর বিরাট বিরাট তরমাজ: নীল, সংস্কা, বেগদী। সকালে গুগালো থাকে দিশিরবিন্দর্ভে ঢাকা। কনকনে ঠান্ডা। ঘাসের ওপর দিশির, আমাদের কু'ড়েঘরও শিশিরবিন্দর্ভে ঢাকা। একদিন দান্ডেকা খ্র ভোরে উঠল, সে একটা বড় তরমাজ নিয়ে এলো। তরমাজটা টুকরো টুকরে করে কাটল। যে কেউ ওঠে, তাকেই সঙ্গে সঙ্গে তরমুজ খেতে দেয়। দাঙেকা বলল 'যে সবার শেষে উঠবে সে পাবে তরমুজের মাঝখানের সমুস্বাদ্ নরম ভাগটা' সকলেই উঠে গেছে, ঘুমোছে কেবল সাশা। আমবা বসে বসে অপেক্ষা করতে লাগলাম কথন ওর ঘুম ভাজে। অপেক্ষা করে করে বিরক্তি ধরে গেল, আমরা নরম ভাগটা খেয়ে ফেললাম। আরও একটা তরমুজ আনা হল। এই তরমুজ্জটার নরম ভাগ সাশা পৈল।

কুয়াসায় ঢাকা শান্ত সকাল। কুরাসা ভেসে এলো থাত থেকে, ঢেকে
দিল গোটা তরম্জাথেত। মেঘের আড়াল থেকে উ°িক মারল সন্যা,
তরম্ভাগ্লোর ওপর আলো ফেলাল। মনে হয় তরম্ভ ত নয়, যেন
নীল, সব্ভ আর ছাইরঙা কাচের গোলা সাদা নদীর ওপর
ভাসতে।

দিনের বেলায় তরম্ভথেতের ওপর দিয়ে হ্ হ্ করে বরে যায় গরম বাতাস। নীল আকাশে গান গায় ভার্ই পাথিরা। ওরা তরম্ভথেতে এসে বলে না কেন? কেন ওরা কেবল গায় আর যবের থেতের ভেতরে বাসা বাঁধে, বাচ্চাদের জন্ম দের, আর ভার্ই পাথিদের বাসা স্বচেয়ে বেশি — বাক্ হুইটের থেতে?

তরম্ভ্রথতের পাশে, থাতের কাছাকাছি আমরা পি'পড়ের বাসা দেখতে পেলাম। দাদ্ দেখতে পেলেন, পি'পড়েরা তাড়াহ্রড়ো করে কথার বেন চলেছে। উনি বললেন: ধারেকাছে কোথার বেন পি'পড়েদের বড় একটা বাসা আছে। পি'পড়েদের নিজেদের কাছ থেকেই জানা যাবে বাসাটা কোথার। দাদ্ পি'পড়েদের যাওরার পথে ছোট ছোট করেক টুকরো তরম্ভ রাখলেন। মিডি তরম্ভ সঙ্গে সঙ্গে পি'পড়েরা ছেরে ফেলল। আমরা দেখলাম ওরা ছোট ছোট মিডি দানা কোথার বেন বরে নিরে চলল। ওবের পেছন পেছন গিরে আমরা পে'ছিলাম পি'পড়ের বাসায়। ঝোপের নীচে একটা ছাইরঙা চিবি, যেন জ্বাস্তঃ। পি'পড়ের দানাগরেলা গতের ভেতর কোথার যেন বরে নিরে যার, আবার ফিরে আসে তরম্ভ্রথতে। পি'পড়ে যে বন আর লোকজনের পক্ষে কত উপকারী, দাদ্ আমাদের সে কথা বললেন। পি'পড়েরের এককটা বাসা ক্ষতিকর পোকামাকড থেকে কয়েক হেন্তর বন বাঁচায়। আমরা

পি'পড়েদের যন্ধ্য নিতে লাগলাম, তারপর দাদ, আমাদের শেখালেন কী করে নতুন পি'পড়েব বাসা তৈরি করতে হয়।

অ্যারা যখন বাভি চলে যাছিছ, সেই সময় দাদ, আমাদের একটা করে বড় তরমা্ভ দেন। তরমা্ভগা্লো অনেক দিন আমাদের বাড়িব জানলার কাছে থাকে। ওগা্লো দেখে আমাদের মনে পড়ে গরম হাওয়া আর বিশাল ছেপের কথা, ভাড়ই পাখির কথা, দাদ্র কথা, আর কু'ড়েবরের কাছেই যে ফি'ঝি পোকা থাকত তার গানের কথা। ফি'ঝি পোকাটা এখন কোথার?

শব্দের স্থমা স্বচেরে উল্জ্বল হয়ে প্রকাশ পায় কাবে। কবিতা অথবা গান উপভোগের সময় শিশ্রা যেন শব্দের সঙ্গীত শ্রনতে পায়। শ্রেষ্ঠ কাবের কাব্যমণ্ডিত শব্দ মাতৃভাষার স্ক্রোতিস্ক্র ভাববাঞ্জনা উদ্ঘাটন করে। এই কারণেই শিশ্রো কবিতা মৃথস্থ করতে চায়। শিশ্র তার হদয়গ্রাহী শ্বদ বারবার আবৃত্তি করে স্তিগ্রতারের তৃত্তি পায়।

ছোটরা যাতে কাব্যমণ্ডিত শব্দের সঙ্গতি অনুভব করতে পারে, উপলন্ধি করতে পারে আমি সোদিকে দৃণ্টি দিই। প্রকৃতির কোলে যে সব মুহ্বতে শিশ্বরা পারিপান্ধিক জগতের সৌন্দর্যে মৃদ্ধ থাকত, তখন আমি ওদের কবিতা পড়ে শোনাতাম।

বিশ্বের কাব্যভান্ডারের শ্রেষ্ঠ নিদর্শনের প্রভাবে শিশ্বমন শব্দের গাঁতধর্নি স্থিতিত মেতে ওঠে। বসস্তকালের দিনের সৌন্দর্য উপভোগ করার সময় শিশ্বরা ধর্নিমাধ্বর্যমন্ডিত শব্দে মনোভাব প্রকাশের চেণ্টা করে। শিশ্বমনে কাব্যপ্রেরণা সন্ধারিত হয় ছেলেমেরেরা কবিতা রচনা করে।

সকলেই আনন্দে উৎফুল্ল হয়ে ওঠে, সকলেরই ইচ্ছে করে উপযুক্ত শব্দ খটুজে বার করার। শিশুর মন যখন কাব্যপ্রেরণার উন্দীপিত হয় সেই মৃহ্তে শব্দ হয়ে ওঠে জীবন্ত, প্রাণচঞ্চল, তাতে খেলা করে রামধন্র সাতরঙ, তা থেকে ছড়িয়ে পড়ে মাঠ আর তৃণভূমির সৌরভ, শব্দ তখন স্থান পায় শিশ্বের মনোজীবনে। ছেলেমেয়েরা শব্দের মধ্যে খ্রুজতে থাকে তাদের আবেগ-জন্ভূতি ও উপলব্ধি প্রকাশের উপায়। শিশ্বমনে কাব্যপ্রেরণা জ্বাগিয়ে তোলা — এর অর্থ হল ভাবনার আরও এক সঞ্জীবনী উৎসের সন্ধান লাভ। সে উৎসের শক্তি এখানেই যে শব্দ কেবল মান্বের ভাবায় অর্থবহ বস্তু ও ঘটনাই প্রকাশ করে না, তা গভীর ব্যক্তিগত উপলব্ধি, আবেগ-অন্ভূতিও প্রকাশ করে।

কাব্য রচনা শেখানোর উদ্দেশ্য — খুদে কবিদের লালন-পালন করা নয়, এর উদ্দেশ্য হল প্রতিটি শিশ্বফ্রদয়কে মহৎ করে তোলা। শিশ্বফ্রদয়ে কাব্যপ্রেরণা সঞ্চারের উদ্দেশ্যা, প্রতিটি শিশ্বর মনে শব্দ যাতে ব্যক্তিগত কাব্যিক ধর্বনিমাধ্বর্য অর্জন করে সেই উদ্দেশ্যে আমি সম্ভব্মতো সমস্ত রকম উপায় অবলন্বন করি।

শীতকালের শান্ত সকাল। গাছপালা সাদা হিমকণায় ঢাকা।
পাতলা বরফে ঢাকা, ছুংচের মতো ডালপালাগালো দেখে মনে
হয় যেন রুপোয় জড়ানো। আমরা স্কুলের বাগানে যাই,
ডালপালায় যে অনুপম সৌনদর্যের মায়া স্থিট হয়েছে তা
যাতে না নন্ট হয় সেই জন্য আমরা যত দ্রু সম্ভব ডালপালার
স্পর্শ এড়ানোর চেন্টা করি। থমকে দাঁড়িয়ে পড়ি। আমি পাঠ
করি শীতকালের সৌনদর্যে সম্পর্কে প্রশক্তিন ও হাইনের
লেখা কবিতা। কারা ও সৌনদর্যের প্রভাবে শিশ্রা এমন
এমন শব্দ খুজে পায় যাদের সাহায্যে হিমকণায় ঢাকা গাছের
রুপ আঁকা যায়, ওরা কবিতা রচনা করে। ওরা কবিতা রচনা

করে সমণ্টিগত ভাবে, ভাগে ভাগে আমরা কয়েক বার বাগানে আসি। ছেলেমেয়েরা এব আগে যে সমস্ত রুপকথা বচনা করেছিল সেগালির উল্জান কল্পমাতি তাদের কবিতায় রুপায়িত হয়।

শৈশবে শিশ্বমারেই — কবি। অবশ্য কাব্যপ্রেরণা শিশ্বমনে কোন বিস্ময়কর সহজাত প্রবৃত্তি বলে সঞ্চারিত হবে এমন আশা করাও অন্যায়। আমি মোটেই সহজাত প্রতিভার চিন্তা মনে প্রশ্রম দিছি না, এমন চিন্তাও করি না যে প্রতিটি শিশ্বই সহজাত কবি। মানবিক সোন্দর্যান্তুতি মনের ভেতরের কবিকে জাগিয়ে তোলে। এই অনুভূতির শিক্ষা ব্যতিরেকে শিক্ষার্থী প্রকৃতি ও শব্দের সোন্দর্যের প্রতি উদাসীন থেকে যাবে, তার কাছে জলে ঢিল ছোঁডা আর সঙ্গতিসাধাবর্ষণরত ব্লব্যলির গায়ে ঢিল ছোঁড়া সমার্থক হয়ে দাঁড়াবে। শিশ্বকে কাব্যপ্রেরণার আনন্দ দান করা, তার হৃদয়ে কাব্যস্থান্টর জ্বীবস্ত উৎসের উৎসার ঘটানো – পড়তে এবং অঞ্চ কষতে শেখানোর মতোই গারাত্বপূর্ণ কাজ। কোন কোন শিশার এই উৎস সবেগে উৎসারিত হয়. কারও কারও মধ্যে তার বেগ অপেক্ষাকৃত ক্ষীণ। আমি লক্ষ্য করলাম, কোন কোন ছেলেমেয়ের কাছে কাব্যপ্রেরণা স্বল্পকালীন উন্দাম আলোডন মাত্র নয়, হঠাৎ আলোর ঝলকানি নয়, তা হল তাদের হৃদয়ের চিরন্তন তাগিদ। কাবাস্থি – ভাষাচর্চার সর্বোচ্চ পর্যায়, আর ভাষাচর্চা হল মানবসংস্কৃতির মর্মানুলের অভিব্যক্তি। কাব্য সকলেরই নাগালের মধ্যে। তা বিশেষ প্রতিভাবানদের বিশেষ কোন স্যোগ বলা চলে না। কাব্য মান্যকে সম্লভ করে স্থিটির এই মতি সক্ষা ক্ষেত্রটি যাতে প্রতিটি শিশ্বে গভীর ব্যক্তিগত, অন্তবের সামগ্রী হয়ে থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

তৃতীয় শ্রেণীতেই লারিসা, সানিয়া, সেরিওজা, কাতিয়া, ভারিয়া, কোলিয়া, তানিয়া ও লিদা গোপনে যে-সমস্ত কবিতা লিখত সেগালি আমাকে আড়ালে পড়ে শোনাত। আমি জানতাম যে অন্যান্য ছেলেমেয়েও কবিতা লেখে, ৩বে নিজেদের শথের কথা বলতে ডারা লজ্জা পায় সেটাও বেশ ভালোই বলতে ছবে।

শিশরো যে কবিতা লেখে এর মধ্যে আমি কোন রকম বিশেষত্বই দেখতে পেতাম না; এ হল অন্তরের শক্তির স্বাভাবিক খেলা, স্জনের সাধারণ অগ্নিকণা — এছাড়া প্রেমান্তার শৈশব ধারণারই আনা বায় না। তবে শিশ্বদের মনোজনিন যে এত সম্দ্ধ, তা যে এত উচ্ছব্দিত হয়ে উঠতে পারে এই জেবে আমার আনন্দ হত বৈকি!

আমি বিশেষ করে আনন্দ পাই এই দেখে যে কাব্যপ্রেরণা কোলিয়াকে সম্নত করে তুলেছে। ওর সঙ্গে আমার সোহার্দ আরও প্রগাঢ় হয়ে উঠল। স্কুলের বাগানে একটা জায়গা ছিল যেখানে আমি একান্তে থাকতে পছন্দ করতাম। আবহাওয়া ভালো থাকলে আমি এখানে বিশ্রাম করতাম, বেহালা বাজাতাম। ঘটনাক্রমে এমন হল যে কোলিয়া আমার জায়গাটা 'আবিষ্কার করে' ফেলল। হয়ত সে নিজেই নির্জানতা খালছিল। আমাকে দেখতে পেয়ে ছেলেটা বিম্ট হয়ে গেল, ওখান থেকে চলে যাওয়ার চেন্টা করল কিন্তু আমি তাকে থেকে যেতে বললাম। আমি বেহালা বাজাছিলাম, আমার ইচ্ছে ছিল বেহালার বাজনায় গ্রীজ্মকালীন সন্ধায় সোন্দর্যের প্রতি মুদ্ধতা প্রকাশ করি। কোলিয়া মন দিয়ে স্ব শ্নেলা। তারপর আমি এমনই মন্ন হয়ে পড়লাম যে ছেলেটা কখন আমার পাশে এসে বসেছে তা লক্ষ্যই করি নি। ওকে বেহালাটা দিই, আমি যা বাজালাম

কোলিয়া সেটা প্রনরাব্ধির চেণ্টা করল, কিন্তু সে কিছু করে উঠতে পারল না। ও বাজানো ছেডে দিল। আমরা চুপচাপ বসে বসে স্থান্তের দৃশ্য দেখি, সন্ধার নীরবতা কান পেতে শ্রনি। হয়ত পারিপাশ্বিক জগতের সৌন্দর্য-উপলব্ধি আমাদের দ্বজনকে একাল্ম করে ফেলেছিল বলেই কোলিয়া বিশ্বাস করে আমার কাছে আওড়াল প্রকৃতি সম্পর্কে তারা নিজের রচনা — কবিতা:

সব্দ পাতার নীচে নীলরঙা ফুল;
মৌমাছি দলে দলে এসে বসে ফুলের ওপরে :
বাগানে রাতের বেলা এলো ব্লব্ল,
গান গায় লাইলাক-ঝোপের ভিতরে।
সকালে বাগানে বাজ বাজে কড়কড়,
বর্ষায় ফুলরাশি ধ্রে একাকার।
ছাইরঙা মেই ওড়ে আকাশের 'পরে,
লাইলাক আকাশের নীল রং ধরে।

সেই সন্ধায় আমি আর কোলিয়া অনেকক্ষণ বাগানে বসে রইলাম। ছেলেটা ওখানে আসতে লাগল, আর প্রতিবারই ছোট ছোট কবিতা পড়ত।

আমি জানতে পারলাম যে কোলিয়া তার কবিতা লিখে রাথে না: সে মনে রাখে। কবিতা তার স্মৃতিতে আর হাদরে থাকে। আমার শিক্ষাথাঁদের মধ্যে এমন প্রায় কেউই ছিল না যে সাদা কাগজ সামনে নিয়ে কবিতা ভাবতে বসত। কবিতার জন্ম হত লেখার জন্য নয়। বাচ্চারা কবিতা পরিহার করতে পারত না, যেমন পরিহার করতে পারত না আঁকা।

শ্রাও আত্মিক সান্নিধ্যের মৃহ্তের্ত বিশ্বাস করে তার গোপন রহস্য আমাকে জানার। শীতের দিনে আমরা বনে যাই ,িচ্ক করি। রক্তিম সূর্য অন্তগামী। সন্ধার কিরণমালায় দেবদার গাছের গ্র্ভিগ্নলি দেখে মনে হচ্ছিল যেন লোহা পিটিয়ে তৈরি। আমরা বনের প্রান্তে দাঁড়িয়ে প্রকৃতির সোন্দর্য উপভোগ কর্মছিলাম। ঠিক এই সময় শ্বা পড়ল কাঠঠোক্রা পাখি নিয়ে স্বর্মিত কবিতা।

ভারিয়া তার শৈশব পর্বে বেশ কিছ্ কবিতা রচনা করে।
এই মেয়েটির মন অন্ভূতিপ্রবণ, সংবেদনশীল। আমি
ভারিয়াকে গ্রীষ্মকালীন সন্ধ্যার সেশিদর্যে মৃদ্ধ হয়ে পর্কুর
পারে দাঁড়িয়ে থাকতে দেখেছি; পর্কুরের কাচের মতো মস্গ
ব্কের ওপর প্রতিফলিত হছেে নীল আকাশ, জলের ওপর
মুক্তি পড়েছে প্রি-উইলো—ভারিয়া তাকিয়ে রয়েছে সেই
দিকে। এর কয়েক দিন বাদে মেয়েটি এই গ্রীষ্মসন্ধ্যার উপর
কবিতা আমাকে শোনায়।

প্রতি বছর শরংকাল শ্রুর ইওয়ার আগো আগে ছেলেমেরেরা গ্রীন্সের কাছ থেকে বিদার নেওয়ার আয়োজন করত। আমরা আমাদের ওক গাছের সামনে যাই, গ্রীন্মবিদার সম্পর্কে, সারস আরু শরংকালের ঈষদ্বুঞ্চ দিন সম্পর্কে কবিতা রচনা করি। চতুর্থবার গ্রীন্মবিদার জানানোর সময় ছেলেমেয়েরা আমাদের পরম প্রিয় ও পরম আদরের মাতৃত্বিম সম্পর্কে কবিতা রচনা করে।

প্রধান লক্ষণীয় ও প্রশংসনীয় বিষয় ছিল শিশ্বদের কল্পনায় সৃষ্ট উচ্জবল র্পম্তি। ছেলেমেয়েদের মনোজীবনে কাব্যপ্রেরণা এক তাগিদ হয়ে দাঁড়িয়েছে দেখে আমি চেন্টা করি যাতে তারা শ্রেষ্ঠ কাব্যনিদর্শনগর্মালর সঙ্গে পরিচিত হতে পারে। আমাদেব এখানে একটা ছোটখাটো কাব্যগ্রন্থাগার গড়ে ওঠে। কাব্যস্থিত তখনও যাদের অন্তরের তাগিদে পরিণত হয় নি, যাদের মনে কাব্যিক শব্দের প্রতি সংবেদনশীলতা তখনও বিকশিত করার আবশ্যক ছিল বিশেষ করে তাদের জন্য গ্রন্থাগারটির প্রয়োজন অনুভূত হয়। আবারও বলতে হয়, শিশ্বদেব কাব্যস্থিত প্রতিভার লক্ষণ র্পে গণ্য করা ঠিক নয়। আঁকার মতো এটাও একটা স্বাভাবিক ব্যাপার: আঁকে সকলেই, প্রতিটি শিশ্বই এই পর্বের মধ্য দিয়ে যায়। তবে কাব্যস্থিত শিশ্বদের মনোজনীবনে স্বাভাবিক ঘটনা হয়ে দাঁড়ায় একমাত্র তখনই যখন তাদের সামনে শিক্ষক উপ্যাক্ত করেন পারিপাশ্বিক জগতের সোশ্বর্য ও শব্দের স্ব্যা। সঙ্গীতের প্রতি অনুরাগ যেমন সঙ্গীত ছাড়া শেখানো যায় না, তেমনি কাব্যের প্রতি অনুরাগও শেখানো যায় না কাব্যস্থিত ছাড়া।

যে মান্ষ প্শকিন, হাইনে, শেভ্চেণ্ডো ও লেসিয়া উচ্ছাইন্কার রচনার অন্রাগী, যে মান্ব তার আগেপাশের সোন্দর্শ-সন্পর্কে স্কুলি ভাবে কিছ্, ব্যক্ত করতে চায়, যে মান্বের কাছে প্রয়োজনীয় শব্দের অবেষা সোন্দর্শ অনুধ্যানের তাগিদের মতোই জর্রী হয়ে দেখা দেয়, যে মান্বের কাছে মানবিক সোন্ধ্বিধ বলতে সর্বোপরি বোঝায় মানবিক সদ্গ্রেণর প্রতি শ্রন্ধা, মান্বে মান্বে পরিপ্রে ন্যায়সঙ্গত সন্পর্কের — প্রতিন্তা, সো মান্ব অমাজিত হতে পারে না, মানবিবদ্ধেষী হতে পারে না।

# আমাদের নিভৃত 'সৌন্দর্যলোক'

বসন্তকালে, প্রথম শ্রেণী শেষ হওয়ার আগে আমরা 'সৌন্দর্যলোক' স্থিটির কাজে হাত দিলাম! ছেলেমেয়েরা বহুদিন হল এর দ্বপ্ন দেখছিল। আমাদের কম্পনার, জারগাটা হওরা চাই শান্ত, নির্জান, যেখানে প্রকৃতির দ্বাভাবিক সৌদ্দর্যের সঙ্গে মানুষের হাতে গড়া সৌদ্দর্যের সমন্বর ঘটবে। আমাদের দ্বপ্লের লক্ষ্য ছিল ভবিষ্যৎ, আমরা ভাবি, কী ভাবে বছর বছর আমাদের নিভ্ত কোণটার গাছগাছড়ার সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাবে। এথানে আমরা বিশ্রাম করব, খাটব, বসন্তকে অভ্যর্থানা জানাব, গ্রীষ্মকে বিদার জানাব।

শকুলের এলাকা আর ঝাঁকড়া ঝোপঝাড়ের মাঝথানে ছেলেমেরেরা খ্রেল বার করল একটা ফাঁকা জারগা, সেটা গিরে মিলেছে খাতের ঘাসে ভাতি ঢালের সঙ্গে। বর্ষার সময় এখানে অনেক জল এসে জমে। আমরা ফাঁকা জারগাটা থেকে আগাছা সাফ করলাম। তাকে সব্জ লন্-এ পরিণত করার কাজে লেগে গেলাম।

'আমাদের জায়গাটা হবে গাছপালার রাজ্য,' আমি ছেলেমেয়েদের বললাম। 'থাতের ঢালটা লভার দেয়ালে ঢেকে যাবে, ঝোপঝাড়ের মধ্যে পাথিরা এসে থাকবে।'

বাচ্চারা দ্বপ্নে অনুপ্রাণিত হয়ে উঠল। ফাঁকা জায়গাটা সব্জ্ব ঘাসের মাঠে পরিণত করার জন্য আমাদের অনেক খাটতে হয়। মাঠ থেকে চাপ চাপ ঘাস বয়ে এনে বসাতে হল, জল ঢালতে হল। ব্রিউও যাতে সব্জ্ব ঘাসের ওপর জল ঢালে তার জন্য ওরা অধীর আগ্রহে বর্ষার প্রত্তিজ্ঞায় থাকে। বনের মধ্যে লতার কয়েকটা চারা পাওয়া গোল, সেগালিকে খাতের ঢালে বসানো হল। আমাদের সোভাগ্য বলতে হবে যে সেবারে গরমটা তেমন শ্বকনো ছিল না, সবগালি গাছগাছড়াই দিব্যি বেড়ে উঠল। বন থেকে বেশ কিছু লিলি তুলে এনে লন্-এর এক কোনায় লাগিয়ে দেওয়া হল। আময়া বনগোলাপের তিনটি ঝোপ

লাগালাম - এর সঙ্গে গোলাপও লাগানো হবে — জায়গাটাকে ফুলের রাজ্য করে ফেলতে হবে। সারা লন্-এর চারপাশে বাসিয়ে দিলাম ব্নো বাদামের গাছ। ছেলেমেয়েদের ইচ্ছে, আমাদের এখানে মেঠো ফুলও হোক। ডেইজ্বী এবং আরও কিছু, ফুলের গাছ আমরা পেয়ে গেলাম। হট্ হাউস থেকে এনে ক্রেকটি চন্দ্র্মাল্লকাও বসালাম — শরতে অনেক দিন পর্যন্ত ফুটবে।

ভারিয়া বসালো স্থামুখী ফুল। লন্-এর বেশ খানিকটা দ্রের এক কোনার ছেলেমেরেরা ছড়িয়ে দিল এক মুঠো বাক্ খুইটের দানা। নিনা ও সাশার বাবা আমাদের দুটো খুদে আপেলচারা দিলেন। ভিতিয়া আমাকে বলল যে ওর দিদিমা টিউলিপ বাগান করেন। আমরা টিউলিপের কয়েকটা গোড়া এনে বসালাম। একদিন গ্রমকালে ছেলেমেয়েরা বনের ভেতরে ফুলে ভার্তি একটা বিরাট ফুটন্ড লিপ্ডেন গাছ দেখতে পেল। গাছের ভালে ভালে গুনগুন করছে হাজার হাজার মৌমাছি, মনে হচ্ছিল যেন গোটা বন হাপ্যিকে বাদ্য ছেলেমেরেরা প্রকৃতির সৌন্দর্যে মৃক্ষ হয়ে চুপচাপ দর্মীড়য়ে রইল। ওদের ইচ্ছে হল নিজেদের জায়গাটার পাশে কয়েকটা লিন্ডেন গাছ লাগায়। শরংকালে আমরা বনে গিয়ে খড়ে খড়ে চারাগাছ ওঠালাম। বীথীর মতো সারি করে লাগিয়ে দিলাম। ওরা মনে মনে স্বপ্ন দেখতে লাগল, যখন লিপ্ডেন গাছগালো বড হবে তখন গাছের ঝাঁকডা মাথার সঙ্গে মাথা মিলে গিয়ে নীচের ছায়ায় ঢাকা পথ তৈরি হবে।

প্রত্যেক ক্লাসেই নিজম্ব 'সোন্দর্য'লোক' গড়ে তোলার ধ্রুম পড়ে গেল। সকলেই চেন্টা করল অন্যদের মতো যেন না হয়। আর ১৯৫৫ সনের শ্রংকালে স্কুলের সকলের উদ্যোগে শ্রুর্ হল ঐ রকম একটা সর্বজনীন জায়গা গড়ার কাজ। স্কুলের দালানের পাশে আমরা বানালাম গোলাপ বাগান। বনগোলাপ থেকে তৈরি অনেকগ্রাল চারা বসালাম আর সেগ্রালির সঙ্গে কলম বাঁধলাম বিভিন্ন জাতের গোলাপের। প্রতি বছর বাগান স্কুলের থেকে স্কুলরতম হতে থাকে। বসস্তে আর গ্রীন্মে এখানে ফুলের সম্দু। সকলে এখানে এসে প্রকৃতির সৌন্দর্যে মুগ্ধ হয়, খাটে — সৌন্দর্য স্কুলির উদ্দেশ্যে।

গোলাপ বাগনে — এখন গোটা প্রুলের সকলের লালিত সন্তান। সমাজকল্যাণমূলক প্রমে যে ক্লাসের সাফল্য সবার ওপরে সে ক্লাস বাগানের কর্তৃত্বপ্রহণের অধিকার পায়। প্রায়ই অধিকার পেয়ে থাকে নিদ্দ ও মাধ্যমিক প্রেণীগৃহলি। ঐ সব ক্লাসের ছেলেমেয়েদের প্রতিদিন করেক ডজন ফুল তোলার অনুমতি দেওয়া হয়। ফুলগৃহলি ওরা ক্লাসে নিয়ে আসে, শিক্ষকদের ও মা'দের উপহার দেয়, আর দেয় গাঁরের সেয়া মেহনতীদের। প্রথম ফসল তোলার উৎসবের দিনে ছেলেমেয়েরা বিশাল গোলাপের তোড়া বানিয়ে সমাজতান্তিক প্রতিযোগিতায় বিজয়ীদের উপহার দেয়।

সৌন্দর্যস্থির জন্য যে শ্রম তা শিশ্হেদরকে মহনীয় করে তোলে, শিশ্বেক উদাসীন থাকতে দেয় না। দর্নিয়ার সৌন্দর্য স্থি করতে গিয়ে শিশ্বা উত্তরোত্তর ভালো, নির্মাল ও স্থের হতে থাকে।

## জীবনাদশের উৎসম্যুখে

আমি আমার প্রতিটি শিক্ষার্থীকে বয়ঃপ্রাপ্ত মান্ত্র রূপে ভাবতে চেন্টা করি। যে সব চিন্তা আমাকে ভাবিত করে তুলত তা হল: শিশ্ব বড় হলে কেমন মান্য হবে? সমাজকে সে কী দেবে, কিসে সে আনন্দ পাবে, কিসে সে মৃদ্ধ হবে, কিসের প্রতি বিরপে হবে, কিসে খুজে পাবে নিজের স্ব্যু, দ্বনিয়ার ব্যুকে সে কোন্ চিহ্ন রাখবে?

একজন শিক্ষক ও শিক্ষাদাতা হিশেবে আমার কাজ হল যুগ যুগ ধরে মানবজাতি যে-সমন্ত নৈতিক সম্পদ গড়ে ডুলেছে ও অর্জন করেছে সেগালিকে, অর্থাৎ দেশপ্রেম ও স্বাধীনতাবোধ, মানুষের উপর মানুষের নির্যাতন ও দাসত্বস্ধনের প্রতি আপসহীন মনোভাব, উচ্চ আদর্শের জন্য --জনসাধারণের সূখ ও মৃত্তির জন্য সর্বশক্তি নিয়োগের মানসিকতা — শিশ্বচিত্তে সঞ্চার করা। সবচেয়ে গাুরাম্পর্ণা এই যে জন্মভূমি-সংক্রান্ত মহিমান্বিত শব্দ ও সমূরত আদর্শবিলী যেন আমাদের শিক্ষার্থীদের চেতনায় গালভরা, শ্নাগর্ড ব্লিতে পরিণত না হয়, যেন সেগালি বিবর্ণ না হয়ে পড়ে, বারবার উচ্চারণের ফলে লেপাপোঁছা, রং চটা না হয়ে যায়। উচ্চ আদশের কথা ছেলেমেয়ের। মুখে ঘনঘন উচ্চারণ না হয় নাই করুক, এই সব আদর্শ বরং বে'চে থাকুক শিশক্রেদরের উষ্ণ শিহরণের মধ্যে, হৃদয়াবেগ ও আচরণের মধ্যে, ভালোবাসা ও ঘৃণার মধ্যে, নিষ্ঠা ও আপসহীনতার মধ্যে।

বিশেষ করে ছোটদের এমন শব্দ আওড়ানোর প্রবৃত্ত করা উচিত নর যার তাংপর্য তারা এখনও জানে না। জ্যাতির কাছে যা পরম পবির, এর ফলে তা শ্ন্যগর্ভ ধ্বনিতে পরিণত হতে পারে।

একটা ছোট গাছ যখন কোন রকমে মাটির ওপর মাথা তুলে উঠে দাঁড়ায তখন মালী সে গাছটির শিকড় জোরদার করে. কেননা শিকড়ের শক্তির উপরই নির্ভার করছে উদ্ভিদের পরমায়,। ঠিক তেমনি, শিক্ষকের কাজওহল তাঁর ছেলেমেয়েদেব অপরিসীম দেশান্থবাধে, শ্রমজীবী জনগণের প্রতি অনুরাগ এবং কমিউনিজমের মহান আদশেরি প্রতি আনুগত্যের বোধে দীক্ষিত করে তোলা। শিশ্য যখন পারিপার্শ্বিক জগংকে দেখতে, উপলব্বি করতে, ম্ল্যায়ন করতে শ্রু করে সেই মৃহ্তে থেকে শ্রু হয় এই গ্রাবিলির শিক্ষা।

যেটা অত্যন্ত গারাত্বপূর্ণ তা হল এই যে পূর্বপারাষেরা যা যা গড়ে তুলেছেন, পিতৃভূমির মূক্তি ও প্রাধীনতার জন্য, মেহনতীদের সূথের জন্য কঠিন সংগ্রামের মধ্য দিয়ে যা যা অর্জিত হয়েছে সে সবই যেন শিশ্বদের কাছে ম্ল্যবান হয়। শিশার কাছে জন্মভূমির শারা রাটির টুকরো আর গমের খেত থেকে, ছোট পঢ়ুকুরটির মাথার ওপরকার নীল আকাশ আর বনপ্রান্ত থেকে, শিশ্বর শিয়রে মা'র গান আরু রূপকথা থেকে : শৈশবের সোনার দিনগালিতে, শিশারা যখন শব্দের প্রতি, রূপের প্রতি, অন্যের মনোজগতের প্রতি বিশেষ সংবেদনশীল, তখন পূর্বপুরুত্বের গর্বের যাবতীয় বিষয় তাদের হৃদয়ের গোচরীভূত করতে হবে, তাদের কাছে বলতে হবে কী মূল্যে মুক্তশ্রমের সূথে অজিতি হয়েছে। আমি নজর রাখি জীবনের কল্যাণের উপভোগ যেন নিশ্চিন্তে না হয়। শিশার পারিপার্মিক জগৎ উপলব্ধি ও নিজেকে উপলব্ধি এক তরফা হওয়া উচিত নয়। জগৎকে এবং নিজেকে উপলব্ধি করার সঙ্গে সঙ্গে শিশ্বকে অবশাই অলপ অলপ করে উপলব্ধি করতে হবে পরেপিরে,যদের সাল্ট বৈয়য়িক সম্পদ ও মানসসম্পদের প্রতি নিজেব কর্তব্য ।

মাঠে, বনে, নদীর ধারে, আশেপাশের গাঁয়ে আমাদের

প্রমোদশ্রমণ ও পদযান্তার নাম দেওয়া হয়েছিল জন্মভূমির অতীতে 'পর্যটন'। এই 'পর্যটনের' সময় আমি ছেলেমেয়েদের দেখানোর চেণ্টা কবতাম আমাদের জাতিব মনোজীবনে অতীত ও বর্তমানের যোগসূত্র। আমি ওদের বলি:

'তোমাদের সামনে বিশাল শস্যখেত, গমের শীষ পেকে উঠেছে। বনের শেষে এই শঙ্গাথেতে গ্রেয়ন্ধের সময় শ্বেতরক্ষীরা লাল ফোজের একজন গেরিলাকে গালি করে মারে। আর পিতৃভূমির মহাযুদ্ধের প্রথম বছরের কঠিন গ্রীষ্মকালে এখানে আমাদের সামান্য কয়েক জন যোদ্ধার সঙ্গে ফাশিস্ত সৈন্যদের একটা কোম্পানির তুম্বল লড়াই বাধে। এখানে আমাদের বীরেরা মৃত্যুবরণ করেন। এই বিশাল মাঠটার দিকে একবার চেয়ে দেখ। যে টিল্যাগুলো দেখছ, ওগুলো হল নামহীন সমাধি। মাটি ওঁদের কীতিরি সমূতি রক্ষা করছে। হাজার হাজার টিলা — এ হল হাজার হাজার নামহীন সমাধি — মাটি রক্ষা করে চলছে বীরদের পরম মূল্যবান রক্ত, জাতির মনে চিরকালের জন্য স্থান অধিকার করে আছে তাঁদের কীতিরি স্মৃতি। তাঁরা যদি মাতভূমির জন্য প্রাণ্যিসর্জান না করতেন তাহলে তোমরা তোমাদের দেশের মাটির সোঁন্দর্য উপভোগ করতে পারতে না, ফাশিন্তরা সকলকে দাস বানিয়ে ফেলত।' ছোট শিশা নিজের দেশের ভাগ্য নিয়ে বরং একট ভাবাক. অনুভব করকে, উপলব্ধি করুক তার ভবিষ্যতের জন্য উদ্বেগ, অস্থিরতা। অতীতের ঘটনাবলী তার সামনে দেখা দিক বর্তমানের উৎস হয়ে।

শিশ্কাল এমন এক বয়স যাকে আমবা নিশ্চিন্ত আনন্দ. খেলাধ্লা আর র্পকথায় মেতে থাকার বয়স বলে মনে করি. কিন্তু আসলে তা হল জীবনাদশের উৎসম্বর্প। ঠিক এই সময়ই গড়ে ওঠে নান্যের র্চিবোধ। শৈশবে পারিপার্থিক জগতে শিশ্ব কিসের সন্ধান পেরেছে, কোন্ জিনিস তাকে বিদ্যিত করেছে মৃশ্ধ করেছে, কোন্ জিনিস তার মনে বির্পা ভাব স্থিত করেছে, তাকে কাঁদিরেছে ব্যক্তিগত অপমানবশত নয়, অন্যান্য মান্যের ভাগ্যের কথা ভেবে কল্ট পাওয়ার ফলে এরই ওপর নির্ভার করেছে কী রকম নাগরিক হবে আমাদের শিক্ষার্থী। শিশ্বের প্রতির সামনে উন্মুক্ত হচ্ছে বহুম্থী জগং, সে জগতের পরস্পর বিরোধিতা ও জটিলতা; তার মধ্যে শিশ্বেরা দেখতে পায় সৌন্দর্য ও কুশ্রীতা, স্থ ও ব্রুখ। পারিপার্শিক জগতে যা যা ঘটছে, অতীতে মান্যে যা নিয়ে বে'চে ছিল এবং বর্তমানে যা নিয়ে বে'চে আছে, সে সবকেই শিশ্ব ভালো ও মন্দ — এই দ্রেই ভাগে ভাগ করে দেখে। শিশ্বকালে মন্যুদ্বোধ ও র্চিবোধের ভিত্তি গড়ে তুলতে হলে শিশ্বকে ভালো ও মন্দ সঠিক ভাবে দেখার শিক্ষা দিতে হবে।

এই কথাগ্রলিতে আমি যে তাংপর্য আরোপ করি তা নিন্দর্প: শিশ্রা পারিপাশ্বিক জগৎ সম্পর্কে যা কিছ্ন জানতে পারবে, সমস্ত সামাজিক ঘটনা, অতীতে ও বর্তমানে মান্বের আচরণ — এ সবই ছোটদের মনে যেন গভীর নৈতিক অন্তুতি জাগ্রত করে। ভালো-মন্দের সঠিক বোধের অর্থ হল এই যে শিশ্র যা উপলব্ধি করে তা সে অন্তরে গ্রহণ করে। ভালো জিনিস তার মন আনশে উর্বেলিত করে, তাকে ম্মাকরে, নৈতিক সৌন্দর্য অন্সরণে অন্ত্রাণিত করে; যা মন্দ্র তা তার মনে জাগ্রত করে ঘৃণা, আপসহীন মনোভাব, সত্য ও ন্যায়ের জন্য সংগ্রামের প্রবল শক্তি। শিশ্রর মন সত্যের নিন্প্রাণ ভাশ্ডার হলে চলবে না। যে বিরাট হ্রিট আমি নিবারণে প্রবৃত্ত

হই তা হল উদাসীন্য, নিলিপ্ত মনোভাব। যে শিশ্বে হৃদঃ হিমশীতল সে ভবিষ্যতে হবে কৃপমণ্ড্ক। শৈশবেই প্রতিটি মান্ব্যের হৃদয়ে জাগিয়ে তুলতে হবে যা মন্দ বা মন্দের প্রশ্রমন্তক তার প্রতি আপসহীন মনোভাব ও র্নিচসম্মত ধ্বায়াবেগের স্ফুলিক্ষ।

মান্ধের উপর মান্ধের নির্যাতন যে একটা বিরাট দ্বুজ্ম — এই সত্য শিশ্বচেতনায় প্রতিষ্ঠিত করা কঠিন কাজ নয়। কোন ব্যাপারের মন্দটা যে কোথার, শিশ্বরা স্বযোগ পেলে শিক্ষককে সে সম্পর্কে সঠিক জবাবই দেয়। কিন্তু মান্ধে মান্ধে দাসত্বন্ধনের স্কৃপত চিত্র যদি শিশ্বকে শুভিত না করে, সে যদি এ ধরনের দ্বুজ্যতিকারীর প্রতি ঘ্ণা অন্তব না করতে পারে তাহলে সে সম্মত আদশে অন্প্রাণিত মান্ব হতে পারবে না, হতে পারবে না খাঁটি নাগরিক।

মান্বের উদাসীন্য — বিপদ্জনক ও কদর্য, আর শিশ্রের উদাসীন্য — ভয়াবহ। শিশ্রকালে আমার প্রতিটি শিক্ষার্থীর যাতে অন্যান্য মান্বের — এমন কি প্থিবীর বিপরীত কোন প্রান্তে বসবাসকারীর লোকজনের, আবার এমনও হতে পারে যে শতবর্য আগেকরে লোকজনের — ভাগ্য সম্পর্কে গভীর ব্যক্তিগত অশান্তির উদার অন্তর্ভাত উপলব্ধি করে, আমি সেদিকে দ্ভিট দিই। এই অন্তর্ভাত — উদাসীন্য নিরাময়ের, হদয়ের শীতলতা — তথা কুপমন্ড্কতার বিপদ্জনক বীজ উচ্ছেদের নির্ভবযোগ্য মহোষধ।

আমি আমার শিক্ষাথাঁদের এমন সমস্ত বই পড়ে শোনাতাম, ইতিহাসের এমন সমস্ত বিবরণ দিতাম ধেখানে ধ্বনিত হয়েছে মান্বের মর্যাদা প্রতিষ্ঠার জন্য সংগ্রামের আহ্বান, যেখানে স্পণ্ট ভাষায় ব্যক্ত হয়েছে মানুষের উপর মানুষের নির্যাতনের প্রতি আপসহীন মনোভাব। বহুবার ছেলেমেয়ের শোনে পোল্যাণ্ডের লেখক হেন্রিখ সেন্কেভিচের রোমাণ্ডকর কাহিনী 'বাজিয়ে ইয়াঙেকা'। প্রথম পাঠে ওরা স্তব্তিত হয়ে যায়। অসহায় বালকের প্রাণনাশকরে জমিদারকে ওরা অভ্যাচারী ও রক্তচোষা আখ্যা দেয়। ক্রোধে ওরা ছোট ছোট হাতের মঠো পাকায়, ওদের চোখ নিদরে, প ক্রোধে জরলতে থাকে। বাজিয়ে ইরাঙেকা আমার শিক্ষার্থীদের মনোজীবনে স্থায়ী আসন লাভ করল তারপর আমরা গল্পটা বারবার পড়লাম, ছেলেমেয়েদের মধ্যে কেউ কেউ ওটা অক্ষরে অক্ষরে মনে করে রাখে। ওরা কেন বারবার ইয়াঙেকার কাহিনী শুনতে চায়? আমার মনে হয় তার কারণ এই যে ক্রোধের অনুভূতি অন্তরের শক্তির প্রবল বন্যা বইরে দের। মন্দের আপসহীন শত্রুরপে নিজেকে অনুভব করার সঙ্গে সঙ্গে শিশ, উত্তরোত্তর শক্তিমান হয়ে ওঠে, সে চায় নিজের নৈতিক শক্তির পরিপূর্ণতা উপলব্ধি করতে, আরও একবার এই বিষয়ে নিশ্চিত হতে যে সে সত্যের জন্য সংগ্রামে প্রস্তুত। যে হদয়ে এই অন্যূর্ভাত বিকশিত সে হদম পারিপার্শিক জগতের ভালো-মন্দ সম্পর্কে সক্তাগ।

বিশিষ্ট ইউক্রেনীয় লেখক আর্থিপ তেস্লেখেকা দরিদ্র কৃষক পরিবারের শিশ্বদের নিরানন্দ শৈশব ও কৈশোর সম্পর্কে যে-সমস্ত কাহিনী লেখেন সেগ্র্লিও ছেলেমেয়েদের মনে গভীর ছাপ ফেলে। তাঁর লেখা একটি গলেপর বিষয়বন্ধু হল কৃষক পরিবারের এক প্রতিভাষয়ী কিশোরীর দর্ভাগ্য। জারের আমলা আর ধনীদের কাছ থেকে অপমানিত হয়ে, দারিদ্রের মধ্যে মেয়েটি শেষ পর্যন্ত আত্মহত্যা করে। এই কাহিনী আমরা যখন পড়া শেষ করি তখন শিশ্বদের চোখেম্থে নিদার্ণ লোধ ফুটে ওঠে।

তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে আমরা হ্যারিয়েট বীচার স্টোর ভিম কাকার কুটির' দ্ব'বার পড়ে শেষ করি। ছেলেমেয়ের প্রতিদাসদের ভাগ্যে দার্ণ কন্ট পায়। তাদের পক্ষে ধারণা করাই কঠিন যে পশ্দের মতো মান্ষও কেনা-বেচা হয়। ধীরে ধীরে দিশ্বচেতনার সামনে উল্মুক্ত হতে থাকে আধ্বনিক কালের ভালো-মন্দের সংখ্যমের স্কুপ্রুণ্ট চিত্র: পর্বিজ্ঞবাদী দেশগ্বলিতে কোটি কোটি মান্ষ খেটে চলছে নিজের জন্য নয়, জমিদার আর পর্বিজ্পতিদের জন্য, শিশ্বা জানে না শৈশব কাকে বলে, দেশের শ্রেন্ট সন্তানদের — নিজেদের জন্যভূমির ম্বাক্তি ও প্রাধীনতার জন্য যারা সংগ্রাম করছেন, তাঁদের গ্রাল করে, ফাঁসিকাঠে ঝুলিয়ে হত্যা করা হচ্ছে, সপ্রম্ম কারদেও দেওয়া হচ্ছে।

গ্রীক জাতির বীর নিকোস্ বেলোইয়ায়িস্-এর ট্রাজিক ভাগ্যের কথা ছেলেমেরেদের চিরকাল মনে থাকবে। গ্রীসে ফাশিস্ত অধিকারের সময় বেলোইয়ায়িস্ দথলদারদের বিরুদ্ধে সংগ্রাম করেন; দেশ যথন হিটলারতল্যীদের কবলমারুত হল তথন ব্রেলায়া বিচারালয় দেশপ্রেমিকের বিরুদ্ধে দেশপ্রোহিতার অভিযোগ আনে, তাঁকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করে। হাতে লাল রঙের পিশকফুল নিয়ে নিকোস্ বেলোইয়ায়িস্ মৃত্যুর মুখোমারি হন। তাঁর স্থাও বিচারে মৃত্যুদণ্ডজ্ঞা পান, স্বামীযে দিন মৃত্যুদণ্ডে দণ্ডিত হন সেই দিনই তিনি এক প্রেসন্তানের জন্ম দেন। কারাগারে আবন্ধ বালকের ভাগ্যে উদ্বিম ছেলেমেরেরা জিজ্ঞেস করে কী ভাবে বেলোইয়ায়িসের শিশ্সন্তানকে সাহায্য করা যায়। মহৎ অন্ভৃতি তাদের সন্তিয় কর্মে উর্দ্ধে করে। ওরা ছোট বেলোইয়ায়িসের মাকে আন্তর্জাতিক রেডক্রসের মারকত চিঠি পাঠায়, আয়েজেন করে

উপহারের সাদা বেশমের ওপর এন্রয়ডারি করা লাল পিওকফুল। তারপর প্রতি বছর ছাত্রছাত্রীরা বীরের স্ত্রীকে চিঠি পাঠাত, আর ছেলেটির জন্মদিনে পাঠাত উপহার সাদা রেশমের ওপর এন্দ্রয়ডারি করা ফুল — গোলাপ, প্রপি, লাইলাকে আপাতদ্ভিতৈ তুচ্ছ এই কাজটি শিশ্মেনে রেথে বায় গভীর ছাপ, কারণ এটা হল মন্দের প্রতি ধিকার, অন্যায়ের বিরুদ্ধে প্রতিদ্বন্দিতা।

সমাজজীবনের সঙ্গে শিশ্বদের পরিচয় করিয়ে দেওয়ার সঙ্গে সঙ্গে আমি তাদের এমন কথাও বললাম যে মানব-ইতিহাসের গভাঁর তমসাচ্ছল্ল পর্বে, যখন অশ্বভ শক্তি কোটি কোটি মান্বেরর উপরে নির্যাতন চালয়ে তখনও স্বস্ময় এমন সব লোকজনের দেখা পাওয়া গেছে যাঁর অন্যায়ের বির্দ্ধে বিদ্রেহ করেছেন। ঐ সব মান্বের নাম, তাঁদের জাবন, কাঁতি — নবান প্রজন্মের কাছে উজ্জ্বল ধ্বতারাদবর্প! নিজেদের জন্মভূমির ম্বিত্ত ও দ্বাধানতার জন্য, শোষণ-ম্বিত্র জন্য, মানবিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য যাঁরা সংগ্রাম করেছেন, প্রাণ দিয়েছেন — মানবজাতির সেই সমস্ত প্রেণ্ঠ সন্তানের দ্যুতায় ও শোর্যবির্যাব, তাঁদের মতান্গত্যে আমার শিক্ষাথাঁরা যাতে মৃত্র হয় আমি সে ব্যাপারে যত্নপর হই।

অভীতে মানবজাতি বে-সমস্ত নৈতিক মুল্য গড়ে তুলেছে ও অর্জন করেছে এবং বেগনুলি সমাজতান্ত্রিক সমাজে বিকশিত হয়ে উঠেছে, সেগনুলি যাতে একালেও প্রতিটি শিশরে অন্তরের ঐশ্বর্য হয়ে দাঁড়ায়, হানয়কে আলোড়িত করে, সারা দুনিয়ায় সতোর বিজয়ের খাতিরে সন্তিয় কর্মে অনুপ্রাণিত করে, তার জন্য আমি সচেন্ট হই। সত্য চিরকালই বিপ্লবাত্মক, বলেন আভোনিও গ্রাম্শি। আমি চেন্টা করি বড় বড় বাকা ব্যবহার

না করে নৈতিক সত্যের পরিপূর্ণ সোন্দর্য উদ্ঘাটন করতে।
মানবজাতির নৈতিক ম্লাবোধের সোন্দর্য শিশ্র অন্তরের
ঐশ্বর্য হয় একমাত্র তখনই যখন তার বিপ্রবাদ্মক অর্থ হদর
আলোডনকারী উজ্জ্বল দৃষ্টান্তর সাহায্যে প্রকাশ পার। শব্দ
শিক্ষা দেয়, আর দৃষ্টান্ত ম্বন্ধ করে — এই মর্মে একটি লাতিন
প্রবচন আছে। উজ্জ্বল জীবনের দৃষ্টান্ত, মানবজাতির স্বংথর
জন্য কীতির দৃষ্টান্ত — এ হল এমন এক আলো যা শিশ্রের
জীবনকে উন্তাসিত করে তোলে। কিন্তু দৃষ্টান্ত মান্বকে বাঁচতে
শেখার একমাত্র তখনই যখন তা হয় মানবিক, প্রগতিশীল ও
বিপ্লবী ভাবধারার জীবন্ত প্রতিম্বিত্যি যে মান্ত্র
ভাবদেশবিবজিত সে শেষ পর্যন্ত একমাত্র ইন্দ্রিয়ান্ত্রিত নিয়ে
থাকে — লিখেছেন জার্মান মহাকবি গ্যেটে।

আমি শৈশবে শিশ্বদের সামনে উল্ম্কু করলাম এমন সমন্ত মান্বেরর উল্জ্বল রুপে, বাঁদের নাম বহু প্রজ্বশের কাছে ধ্বতারা হরে দেখা দিরেছে। এটা অবশ্য ঠিক যে ছোট শিশ্বর পক্ষে সব জিনিস ব্যক্ত করা সম্ভব নয়। শিশ্বর ওপর যথেচ্ছ পরিমাণে রুপ ও চিত্র চাপিয়ে দেওয়া উচিত নয়, তার মনকে অবিরাম আলোড়িত, বিচলিত করা উচিত নয়। শিশ্ব আপাতত না হয় অলপই জান্ক, তবে এই অলেপর মধ্যে তার কাছে যেন নৈতিক মুল্যবোধের সৌন্দর্য উল্মুক্ত হয়! শিশ্ব তার মনকে যা আলোড়িত করেছে, বিচলিত করেছে তাই নিয়ে ভাবকে, অলংকারের ভাষায় বলতে গেলে, ভাবনাচিন্তা ও অন্তর্ভুতির সংমিশ্রণ তার ভেতরে থিতিয়ে আস্কে। মানবজাতির স্মুমহান আদদের্শ্র জন্য যাঁরা সংগ্রাম করেছেন তাঁদের কণিতিকাহিনী আমি চার বছর ধরে আমার শিক্ষার্থীদের বলি। আমি যাঁদের কথা বলি তাঁদের মধ্যে ছিলেন স্পার্টাকাস,

কান্পানেল্লা, ইভান স্মানিন, স্তেপান খাল্তুরিন, তারাস শেভ্চেতেকা, টমাস মিউণ্ট্সের, সোফিয়া পেরোভ্স্কায়া, নিকোলাই কিবাল্চিচ, খিন্তো বতেভ, ইরান্শ কর্চাক। আমি তাদের বলি মহান লেনিনের জীবন ও সংগ্রামের কাহিনী, কমিউনিস্ট বীর ইভান বাব্শ্কিন, সের্গেই লাজো, কামো, ইয়াকোড স্ভেদ্লিভ, ফেলিক্স দ্জেরজিন্স্কি, জ্বলিয়াস ফুচিক আর এর্মস্ট থেলমানের কাহিনী, পিত্ভূমির মহাযুক্তর বীর নিকোলাই গান্তেল্পো ও আলেক্সান্দর মান্ত্রোসভের কাহিনী, বৈজ্ঞানিক সত্যসন্ধানী পোর্খিনীপ্ত জোদানো ব্রুনো আর মহান মানবদরদী বিজ্ঞানী মিক্লুখো-মাক্লাইরের কথা।

ভাব যেখানে জীবন্ত মানবিক আবেগে, আচরণে ও কীতিতে রুপায়িত হয়েছে এমন উল্জবল দৃষ্টাস্ত শিশ্বে মনেজগতের উপর বিশাল প্রভাব স্থিত ক্ষমতা রাখে। কোন আচরণের মর্মা কী শিশ্বকে তা ব্যাখ্যা কয়ে দেওয়ায় কোন প্রয়োজননেই, ভাব ও রুপ যখন মিশে একাকার হয়ে যায় তখন শিশ্ব ভাববন্তু চমংকার ব্রুবতে পারে। যে সব বীরের কাহিনী আমি আমার শিক্ষার্থীদের শোনাই তাদের নৈতিক সোন্দর্যের মর্মাদ্যাতক অতি গ্রুম্বপূর্ণ চারিলিক বৈশিষ্ট্য বলতে যা ছিল তা হল মানুষের স্বাধের জন্য জীবন ও সর্বাধিক উৎসর্গের মানসিকতা। এই বৈশিষ্ট্যই শিশ্বকে মৃদ্ধা করে, অন্য মানুষের ভাগ্য সম্পর্কে ভাবতে প্রবৃত্ত করে। যে সব মানুষ মানবজ্ঞাতির সেবার মধ্যে নিজেদের স্বাধের সন্ধান পেয়েছেন ভারা শিশ্বর কাছে নৈতিক আদর্শ হয়ে দেখা দেন।

শিশ্ব নৈতিক মহিমাসংলাও গ্রন্থপাঠে গভীর রাও অবধি ডুবে থাকবে না, তার হৃদয় পরম প্লেকে দ্রুত স্পন্দিত হবে না — এমন ঘটনা ছাড়া পরিপূর্ণ শিক্ষার কথা কল্পনা করা কঠিন য নৈতিক আদর্শ অন্তরে তথনই জাগুত হয় যখন মানুষ এনেকটা নিজেই নিজেকে নিরীক্ষণ করে দেখে, মানুষেক ধাবণায় যা নৈতিক সোন্দ্র্যের আদর্শ মতানুগত্য, শোর্য ও দ্ততার এবং বাধাবিপন্তির সামনে অটল মনোভাবের আদর্শ — তার সঙ্গে নিজেকে তুলনা করে।

শিক্ষককে ভেবেচিন্তে এমন সমস্ত বিবরণ নির্বাচন করতে থবে যেগ্যলি নৈতিক আদশের উৎসম্যথের সন্ধান শিশ্যদের দিতে পারে। এখানে প্রধান ব্যাপার হল ভাবাদর্শগত অর্থ, যা নিয়ে গড়ে ওঠে **এমন সমন্ত ঘটনা ও** তথ্য। নবাঁন প্রজন্মের মানবজাতির ভাগ্যের একক রাপে দেখানো খাবই গারাম্বার্ণ। লেনিনের জীবন ও সংগ্রামের কাহিনী বলার সময় আমি সেই সমস্ত তথ্য সবিস্তারে বর্ণনা করি যা থেকে শ্রমজীবী জনসাধারণের ভাগ্যের প্রতি ভ্যাদিমির ইলিচের গভীর দরদের পরিচয় মেলে। মহান নেতা যা কিছু করতেন তার লক্ষ্য হত ্নগণের সূখ। গৃহযুদ্ধ ও ধরংসলীলার কঠিন পর্বে অন্যথ শিশ্যদের প্রতি লেনিনের যত্নের কথা শ্বনে ছেলেমেয়েদের মন আনন্দে উদ্বেশিত হয়ে উঠে। আমি চেন্টা করি যাতে লেনিনীয় মানবিকতা শিশহেদয়ে প্রম নৈতিক ম্লাবোধরূপে স্থান পায়, থাতে শিশারা নৈতিক সোন্দর্য ও সত্যের এই শিখরদেশ থেকে নিজেদের এবং পারিপার্শ্বিক জগৎকে দেখতে শেখে। ছেলেমেয়েদের মনে গভীর ছাপ রেখে যায় পোল জনগণের জাতীয় বীর ইয়ানশে কর্চাক সম্পর্কিত কাহিনী। একজন মানুষ যাদের ভালোবাসেন সেই শিশ্বদের সঙ্গে নিয়ে মৃত্যুবরণ করতে চললেন 🕝 একথা ভেবে ওরা কিময়ে অভিভূত হয়ে থায়। ইয়ান**ুশ কর্চাক ইচ্ছে করলে নিজের** জীবন রক্ষা করতে

পারতেন, কিন্তু ফাশিস্ত জল্লাদদের হাতে যখন হাজার হাজার নিরপরাধ শিশ্ব প্রাণ হারাচ্ছে তখন নিজেকে বাঁচানো তিনি অমর্যাদাকর বিবেচনা করেন ...ইয়ান্শ কর্চাক শিশ্বদের কাছে খাঁটি মন্যান্থের প্রতীক হয়ে দাঁড়ালেন।

নারোদ্নায়া ভোলিয়া' (জনম্নিক্ত) পার্টির বীরব্দদ —
স্থেপান খাল্ত্রিন, স্যোক্ষয়া পেরোভ্স্কায়া ও নিকোলাই
কিবালচিচ-এর জীবনব্তান্ত শিশ্বমনে ঐকান্তিক ম্বান্ধতার
অন্ভূতি জাগ্রত করে। আমি যখন বীর কমিউনিস্ট জ্বলিয়াস
ফুচিক ও কামো'য় (তের্-পেয়োসিয়ান) দ্ট্তা, শোষি ও
মতান্গত্য সম্পর্কে কাহিনী পড়ে শোনাই তথন ছেলেমেয়েদের
মন মান্বেয়র জন্য গর্বের অন্ভূতিতে ভরে ওঠে। তারা বলল:
'এই রক্মই ত হওয়া চাই। এ'য়াই ত খাঁটি বীর।'

সোভিয়েত মাতৃভূমির স্বাধীনতা ও মৃত্তির জন্য বে-সমস্ত বীর পাইওনিয়র প্রাণ বিসর্জন করেছে সেই ভালিয়া কোতিক, ভিতিয়া করেবেলেভ, লিওনিয়া গলিকভ, ভলোদিয়া দৃবিনিন ও ভাসিয়া শিশ্কোভ্স্কির বহু কীতিকাহিনী আমি ছেলেমেয়েদের শোনাই। একেরে, কমিউনিস্ট নৈতিকভার পরম স্বর্ভপূর্ণ বৈশিষ্টা — ভাবাদর্শের প্রতি দৃঢ় নিস্ঠা ও পৌর্ষ, সমাজতন্ত, শান্তি, মৃত্তিও গণতন্ত্রের শানুবের প্রতি আগসহীন মনোভাব যাতে শিশ্বদের সামনে ধীরে ধীরে উন্মৃত্ত হয় সেব্যাপারে আমি সচেন্ট হই। নিজের মতকে আস্মর্যাদার মতো সমর্থনের ক্ষমতা দৃঢ় প্রতিন্ঠিত করা — শিক্ষার অন্যতম গ্রেম্পূর্ণ কর্তব্য, আর সে কর্তব্য সম্পাদন সম্ভব হয় একমার তথনই যথন অলপবয়স থেকে মান্বের মনে ভালো ও মন্দ সম্পর্কে উন্জন্ত র্পে প্রতিমৃত্তি ধারণা গড়ে উঠতে থাকে। কিন্তু কোন ধারণাই যথেন্ট নয়। ব্যক্তিগত ভাবান্তুতিজনিত

ম্ল্যায়ন অত্যাবশ্যক। শিশ্বে কাছে কোন জিনিসটি ম্ল্যবান, কিসের সঙ্গে সে কথনই আপস করতে পারে না — এই সব নৈতিক ব্যাপারের স্কুম্পন্ট বিভাগ থাকা আবশ্যক। ছোট বধসে নীতিশিক্ষা — নৈতিক সৌন্ধর্যের এই উন্দীপনা মান্ধের জন্য আনন্দ স্থিতির আবেগ, নিজের মানবিক মর্যাদাবোধ রক্ষার এবং কমিউনিজমের নৈতিক আদেশের ম্ল্যাদানের উৎসাহ জাগ্রত করে।

দক্লের বয়ঃকনিষ্ঠ ছেলেমেয়েরা নৈতিক আদশের উৎসের কাছে দাঁড়িয়ে আছে। আমাদের শিক্ষাদাতাদের কাজ হবে প্রতিটি শিশার সামনে নৈতিক সোলদর্যের উৎজ্বলা প্রকাশ করা, কমিউনিস্ট মতান্গতা প্রতিষ্ঠা করা, যাতে প্রথম থেকে চতুর্থ শ্রেণীতে শিক্ষাগ্রহণের সময়ই তারা শ্রমজীবী জনগণের জীবন্ত, স্ক্রনশীল অংশর্পে নিজেদের ভাবতে পারে।

## ক্মিউনিস্ট পার্টির ভাষান,সরণে

শকুলের অন্যতম গ্রেক্স্ণ্ করজ হল আমাদের দেশের কমিউনিন্ট পার্টিকে ভালোবাসতে শেখানো, তার আদশের প্রতি আন্ত্রগত্য এবং কমিউনিন্ট ভাবাদর্শের জন্য সংগ্রামের মনোভাব গড়ে তোলা। 'কমিউনিন্ট' শক্টি ছেলেমেরের অহরহ শ্নে থাকে। শোষকদের কবল থেকে আমাদের জনগণের ম্বুক্তির জন্য, সমাজতলা গঠনের জন্য, ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের জন্য, সমাজতলা গঠনের জন্য, ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের জন্য, সমাজতলা গঠনের জন্য, ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের জন্য, সমাজতলা গঠনের জন্য, ম্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের কর্য, সমাজতলা গঠনের জন্য, ম্যাসিবাদের বিরুদ্ধে একাকার ক্রেছেন তাঁদের অত্যুদ্ধেনল, স্ব্যাহান রুপের সঙ্গে একাকার হয়ে এই শব্দ ও ধারণা যাতে শিশ্বচেতনায় স্থান পায় আমি সে বিষয়ে সচেন্ট হই। আমার মতে শিক্ষকতার আদর্শ হল

এই যে পিতৃপিতামহের কমিউনিস্ট আদর্শের উত্তরাধিকারী আমাদের ছেলেমেয়েরা যেন তাঁদের জন্য পর্ব অন্ভব করে, তারা যেন নিজেদের দেশের সত্যিকারের কর্তৃত্বভার নিতে পারে, কমিউনিজম গঠন ও প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করতে পারে।

এই কাজে সাফল্য অন্ধি স্বেপিরি লক্ষ্য করি কমিউনিস্টদের সম্পর্কে আলাপ-আলোচনার মধ্য দিয়ে। আমাদের এখানে এই আলোচনামালার নাম দেওয়া হয়েছিল 'অগ্নিগর্ভ মান্দ্র'। আমি আমাদের দেশের বিশিষ্ট কমিউনিস্টদের সম্পর্কে বলতাম। জারতল্যের বিরুদ্ধে ও সমাজতাল্যিক বিপ্লবের জন্য সংগ্রামী কমিউনিস্টদের ভাষ্বর জাবন ও বারত্বপূর্ণ সংগ্রাম শিশ্বদের মনে এই বিশ্বাস উৎপাদন করে বে একজন কমিউনিস্টের পরম সৃথ হল জনগণের প্রতি আনুগত্য, জনগণের স্থের জন্য সংগ্রাম।

আমাদের 'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের প্রথম দিন থেকে
দার্ব্ব করে যে দিন কিলোর-কিশোরনীরা মাধ্যমিক বিদ্যালয়
পাসের সার্টিফিকেট পেয়ে শ্বাধীন কর্মজীবনে প্রবেশ করে
অথবা পড়াশ্বনা চালিয়ে যাওয়ার জন্য আরও কোথাও যায়,
সেই দিনটি পর্যন্ত আমি ওদের লেনিনীয় পাঠ শোনাই।
গোড়ার দিকে এতে ছিল ভ্যাদিমির ইলিচ লেনিনের শৈশব
ও কৈশোর সংক্রান্ত উল্জবল কাহিনী। বছরের পর বছর এই
লেনিনীয় পাঠের সঙ্গে বেশি করে এসে যুক্ত হতে লাগল
ইতিহাস, কমিউনিস্ট আদর্শ, জনগণের উল্লক্ত ভবিষাতের জন্য
আমাদের পাটির সংগ্রামসংক্রান্ত প্রশন। শিশ্বদের মনে এই
বিশ্বাস জন্মাল যে কমিউনিস্ট পাটি হল জাতির শ্রেক্ট অংশ.
জাতির সেরা সন্তানবর্গ।

কমিউনিস্টদের সঙ্গে ছেলেমেয়েদের সাক্ষাংকার শ্বর হল। নিজেদের জীবন ও সংগ্রাম সম্পর্কে কমিউনিস্টদের কাহিনী শিশ্বদের কাছে কমিউনিস্ট পার্টির ইতিহাসের অংশ হয়ে দেখা দেয়। প্রবাণ বল্পেভিক ভ. ম. বেস্কোরোভাইনি, আ. ম. রাদ্ জিভিল ও ন. ক. গাইচুক-এর সঙ্গে সাক্ষাংকারের কথা ছেলেমেয়েদের চিরকাল মনে থাকবে। আমাদের দেশবাসীরা যে সোভিয়েত শাসনের জন্মলগ্নে তাকে লালন করেছেন, প্রামক ও কৃষকদের বিজয়ের জন্য নিজেদের ব্যকের রক্ত ঢেলেছেন, এই ঘটনা শিশ্বদের মনে গভীর ছাপ ফেলে। তাদের মনে এই বিশ্বাস জন্মাল যে কমিউনিস্টরা হলেন দৃঢ় প্রত্যয়সম্পন্ন মান্য। সেই সঙ্গে তাঁরা বিনয়ী শ্রমিকও এবং বার্ধক্য সত্তেও তাঁরা কমিউনিজম গঠনের জন্য তাঁদের শক্তি ও জ্ঞান প্রয়োগ করেন। আ. ম. রাদ্জিভিলকে ছেলেমেয়েরা সেরা সব্জি উৎপাদনকারী হিশেবে জ্ঞানে। ভ. স. বেস্কোরোভাইনিকে জ্ঞানে হাতের কাজে দক্ষ কারিগর হিশেবে — তিনি হলেন একজন অভিজ্ঞ মেশিন-অপারেটর। কী ভাবে গাঁরে যৌথখামার গড়ে ওঠে, কী ভাবে ট্রাক্টর সম্পর্কে জ্ঞান অর্জানের পর কমিউনিস্টরা ট্যাক্টর চালান এবং যৌথখামারের মাঠে প্রথম হলকর্ষণ করেন ---এই সব কাহিনী তিনি ছেলেমেয়েদের বলেন।

সোভিয়েত জনগণের উন্নত ভবিষ্যতের জন্য পার্টির সংগ্রাম সম্পর্কে ভ. ম. বেস্কোরোভাইনি করেকটি সাক্ষাংকারে আলোচনা করেন। যৌথখামারের পার্টি সংস্থার কাজ কী তাও তিনি বলেন। ছেলেমেয়েরা জানতে পারল যে যৌথখামারের কমিউনিস্টরা ফলনের উন্নতির জন্য যত্ন নেন, পশ্পোলন ফার্ম থেকে যাতে মেহনতীদের জন্য আরও বেশি মাংস, দ্বধ ও মাথন পাওয়া যায় সোদিকে দ্র্ভিট রাখেন।

লোননীর পাঠমালার মধ্যে বিশেষ চাণ্ডল্যকর ছিল পিতৃভূমির মহাযদ্দ্রসংক্রান্ত কাহিনী। স. আ. কভ্পাক-এর নেতৃত্বে গোরিলা ইউনিটে অংশগুহণকারী সোভিয়েত ইউনিয়নের বার আ. ক প্রিম্বাল এর সঙ্গে, রুমানিয়া ও হাঙ্গেরিকে ফাশিন্ত কবল থেকে মুক্তির জন্য সংগ্রামে অংশগুহণকারী, সোভিয়েত ইউনিয়নের বার ন. স. ওনোপা এবং নিজেদের গ্রামবাসী আরও অনেকের সঙ্গে — ফ্যাসিবাদের কবল থেকে জন্মভূমির মুক্তি সংগ্রামে অংশগুহণকারী বারদের সঙ্গে ছেলেমেরেদের সাক্ষাংকার ঘটে। শিশ্বদের চেতনায় এই বিশ্বাস ক্রমেই গভারতর হয় যে জেনিনের কাজ, জেনিনায় সত্যে বেংচে আছে কমিউনিস্ট পার্টির কর্মে ও সংগ্রামের মধ্যে, জনগণের প্রমের মধ্যে।

## অহরহ মান,ষের চিন্তা ছাড়া জীবন নির্থক

জীবনের অভিজ্ঞতায় দেখা গেছে শিশ্ যদি বিনা প্রমে, অন্তরের শক্তি না খাটিয়েই কেবল আনন্দ ভোগ করে যায় তাহলে তার হদয় অনুভূতিশ্ন্য, নির্দয় ও উদাসীন হয়ে পড়তে পারে।

যে প্রবল নৈতিক শক্তি শিশ্বচিত্তকে মহনীয় করে তোলে তা হল মান্বের জন্য কল্যাণস্থিত। সোভিয়েত বিদ্যালয়ের শিক্ষাসংক্রান্ত অন্যতম কর্তব্য হল এই যে শিশ্বর হৃদয় যাতে অন্তব করতে পারে যে তার আশেপাশে এমন সমস্ত লোকজন আছে যারা তার সাহাযা, যঙ্গ, স্নেহ, দয়ামায়ার প্রয়োজন বোধ করে সেদিকে দ্ভিট রাখা। সবচেয়ে বড় কথা, এ ধরনের লোকজনের পাশ কাটিয়ে চলে যাওয়া যেন শিশ্বর বিবেকে বাধে, যেন আমাদের সামনে বিশিষ্টতা অর্জানের ইচ্ছা শিশ্বং কাছে জনকল্যাণের প্রেরণা না হয়, যেন তা হয় নিঃস্বার্থ প্রেরণা।

শিশ্ব বিবেকের উৎস, পরহিত প্রবৃত্তির উৎস শোকতাপগ্রস্ত মান্বের প্রতি সহমমিতা। মান্বের
অন্তলেনের প্রতি সংবেদনশীলতা, অন্যের দ্ভাগো মর্মপীড়া
অন্ভবের ক্ষমতা — এ থেকেই শ্বের, হয় উয়ত মানবিক
আনন্দ, যে আনন্দ ছাড়া নৈতিক সোন্দর্য সম্ভব নয়। 'আনন্দ
নিকেতনে' থাকতেই আমার শিক্ষার্থীরা নৈতিক মানবীয়
সোন্দর্বের শার্ষাভিম্থে প্রথম পাচক্রেপ করে: তারা
মন্ব্যত্বব্যেরে মহাবিদ্যার প্রথম পাঠ গ্রহণ করে, প্রাত্যহিক
জীবনের পরিবেশে যাদের সংস্পর্শে তারা আসে তাদের
দ্বেখবেদনা, উরেগ-উৎকণ্ঠা অন্ভব করতে শেথে। এই ক্ষমতা
বয়ঃপ্রান্থিকালে নৈতিক র্প পরিগ্রহ করে মনোজীবনের
আবিচ্ছেদ্য বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায় একমায় তখনই, যথন শৈশবের
গোটা পর্বে মান্য এক দিনের জন্যও লোকের কথা ভেবে
উদ্বেগ বোধ না করে পারে না।

আমি আমার শিক্ষাথাঁদের সবসময় অন্যের অন্ভূতির সহমমাঁ হতে শেখাই, যে মান্য সমবেদনা, সাহায্য ও দরদী থপ্নের প্রয়োজন অন্ভব করছে, শিশ্ব যাতে তার জায়গায় মনে মনে নিজেকে কল্পনা করতে পারে, তার অন্ভূতি উপলব্ধি করতে পারে আমি সেদিকে দ্ভি রাখি। অপরের দ্বঃখ যেন শিশ্বর ব্যক্তিগত দ্বঃখে পরিণত হয়, যেন দ্বঃখী মান্মকে কী ভাবে সাহায্য করা যায় এই নিয়ে তাকে ভাবিয়ে তোলে। ২ন্যান্তের শিক্ষায় বিশেষ ভূমিকা গ্রহণ করে দ্বুটি মান্যের ব্যক্তিগত প্রেস্পরিক সম্পর্ক, তাদের আজিক মেলামেশা।

প্রতিবেশীকে সাহায্য করার চেয়ে মানবজাতিকে ভালোবাসা সহজ। নির্দিষ্ট ব্যক্তিমান্ত্র সম্পর্কে জ্ঞান ছাড়া মানবপ্রেম সম্ভব নয়। বন্ধ যখন দ্বাশাগ্রস্ত হয়ে কাতর প্রার্থনা করছে তথন তার চোখে গভীর দ্বাংখের ছায়া যে শিশ্ব দেখতে না পায় মানবিক দ্বাংখবেদনা সে কখনও হ্রদয় দিয়ে জন্তুর করতে পারে না। যে শিশ্ব মানবজীবনের সমস্ত দিক না জানে — সৃথে ও দ্বাংখ দুইই সমান ভাবে না জানে সে কখনও সংবেদনশীল ও জন্তুতিপ্রবণ হবে না।

আমাদের ক্লাসের ছেলেমেয়েদের জীবনে বেশ কিছু দুঃখের ঘটনা ঘটে, এর জন্য তাই দুরে যাওয়ার আবশ্যক ছিল না। ছেলেমেরেদের দলের মধ্যে আনন্দের হাসি শোনা যেত, বিরাজ করছিল প্রফল্লতা, কিন্তু কোন কোন শিশ্যর চোখে দেখা যেত বিষ্যদের ছায়া। ভালিয়া স্কুলে ভার্ত হওয়ার তিন বছর বাদে তার বাবার শরীর হঠাং বড় খারাপ হয়ে পড়ে। মেরেটির কথাবার্তা কমে যায়, তাকে চিন্তাগ্রস্ত দেখায়। নিনা ও শুরার মা গরেতের অসক্তে, মেয়ে দুটোকে প্রায়ই ঘরে থাকতে হত গেরস্থালির কাজে বপেকে সাহয্যে করার জন্য। শ্বরার দিদিমা অসম্ভ হয়ে পড়েন। তাঁকে কয়েকবার হাসপাতালে ভর্তি হতে হয় — কখনও এক সপ্তাহের জন্য, কখনও বা এক মাসের জন্য: ছেলেটার পক্ষে এই ঘটনা ছিল বড় দুঃখের। দিদিমার অসুখের সময় সে থাকত তার মাসীর অভিভাবকড়ে: মহিলা বড় ভালো মান্ত্র, তিনি শতুরাকে বত্ন করতেন, কিন্তু দিদিমাকে ছেডে থাকতে ওর কণ্ট হত। একদিন শরংকালের এক ঠাণ্ডা দিনে শারা ঠিক করল যে সে দিদিমাকে দেখতে হাসপাতালে যাবে। মাসীকে কোন কিছু, না জানিয়েই সে হাসপাতালে চলল। পথে বৃণ্টিতে ভিজে গিয়ে তার ঠাণ্ডা লাগল, সে অসমুস্থ হয়ে পড়ল। কয়েক দিন বাদে তাকেও ভর্তি করা হল সেই একই হাসপাতালে যেখানে তার দিদিমা ছিলেন।

ভলোদিয়াদের পরিবারে দৃ্রভাগ্যজনক ঘটনা ঘটল। ভলোদিয়ার মা ছিলেন পলেন্ডারার মিদির। রোজ বাস্-এ চেপে তিনি কাজে যেতেন। বসন্তকালে গলা বরফ ফের জমে গিয়ে রাস্তা পেছল হয়ে পড়ায় বাস একটা ট্রাকের সঙ্গে ধারুয় খায়। ভলোদিয়ার মা গ্রের্তর আহত হন। ভাক্তাররা বলেন: তিনি চিরজীবনের জন্য পঙ্গর্ হয়ে থাকবেন। ঠিক এই সময় সংকটজনক পাড়াগ্রস্ত হয়ে মারা গেলেন ভলোদিয়ার দাদ্। ভলোদিয়া যাতে জাবনে সঠিক পথ অবলম্বন করে তার জন্য দাদ্র অবদান ছিল বিরাট।

কোলিয়াদের পরিবারেও নেমে এলো দ্রভাগ্য, তবে সে আরেক রকমের। চোরাই মাল ল্কিয়ে রাখার অপরাধে কোলিয়ার বাবাকে গ্রেপ্তার করা হল, বিচারে তার দ্বাহরের কারদেও হল। পরিবারে নৈতিক পরিবেশ অনেকটা পরিচ্ছর হল বটে, কিন্তু যা ঘটে গেল তা বালককে বিমৃত্যু করে দিল। রাজই যখন ছেলেমেয়েদের সঙ্গে দেখা হয় তখন আমি তাদের মুখ ভালো ভাবে নিরাক্ষণ করি। শিশ্রের বিষাদগ্রস্ত দ্বি — শিক্ষাদানের জটিল প্রক্রিয়ার মধ্যে এর চেয়ে কঠিন ব্যাপার আর কী হতে পারে? শিশ্রেহাদের যদি দ্বংখ থাকে সে অবস্থার শিশ্রের ক্রাসে হাজিরা হয় নামেমার। সে টানটান করা এক তারের মতো: সামান্য অসতর্ক ছোঁয়া যন্ত্রণার করেণ হতে পারে। একেক শিশ্রের দ্বংখভোগ একেক রকম: কাউকে বা আদর করলে তার মন হাল্কা হয়, কেউ বা দরদমাখা কথায় মনে আরও ব্যথা পায়। এক্ষেরে শিক্ষকের দক্ষতা নিত্রিক করছে সর্বোপিরি মানবিক প্রাপ্ততার উপর প্রীভিত হদমকে

সারিয়ে তোলার মতো বৃদ্ধি রাখতে হবে, শিক্ষাথাঁকৈ নতুন করে দৃঃখ দিলে চলবে না, তার মনের আহত স্থানকে প্রপাণ করা চলবে না। দৃঃখে ভেঙ্গে পড়া, হতাশায় জর্জরিত ছাত্র অবশ্যই আগের মতো পাঠে মন দিতে পারে না, তার মননক্রিয়ার ওপর শোকের প্রভাব না পড়ে পারে না। শিক্ষকের কাছে সবচেয়ে বড় কথা হল সর্বোপরি শিশুর শোক, দৃঃখ, কভা দেখতে পাওয়ার ক্ষমতা, শিশুমন দেখা ও উপলব্ধি করার ক্ষমতা। শিশুর দৃঃখের প্রতি শিক্ষকের মনোভাব কা, শিশুমন কতটা বোঝা ও উপলব্ধির ক্ষমতা তাঁর আছে, শিক্ষকতার মূল সেখানেই নিহিত।

যে ছাত্র শোকগ্রন্থ তাকে উত্তর দেওয়ার জন্য তলব করা উচিত
নয়, তার কাছ থেকে অধ্যবসায় ও কঠোর শ্রম দাবি করা উচিত
নয়। কী ঘটেছে তা জিজ্ঞেস করাও উচিত নয় — শিশ্র পক্ষে
তা প্রকাশ করা সহজ নয়। শিশ্র যদি শিক্ষককে বিশ্বাস করে,
শিক্ষক যদি তার বন্ধ হন তাহলে সে যা বলা সম্ভব বলবে।
যদি চুপ করে থাকে তাহলে শিশ্রে পাঁড়িত হদয়কে স্পর্শ
না করাই ভালো। …শিক্ষাক্ষেত্রে সবচেয়ে কঠিন কাজ হল
অন্তব করতে শেখানো। শিশ্র যত বড় হবে শিক্ষকের পক্ষে
ততই কঠিন হয়ে পড়বে — অলঞ্চারের ভাষায় বলতে গেলে —
মানবহদয়ের স্ক্রা তল্গী স্পর্শ করা। এই স্ক্রা তল্গীর
অন্তর্বনই ধারণ করে মহৎ অন্ভূতির আকার।

নিকট জনের চোথ দেখে তার অন্তর্জোক উপলব্ধির ক্ষমতা শিশ্বর মধ্যে জাগিয়ে তুলতে গেলে শিক্ষাদাতাকে জানতে হবে কী ভাবে শিশ্বদের অন্তর্ভাতর প্রতি, সর্বোপরি শোকান্ত্রির প্রতি দরদ দেখাতে হয়। বয়স্ক ব্যক্তি ও শিশ্বর মধ্যে আবেগধর্মী ও নৈতিক সম্পর্ক সবচেয়ে কুৎসিত আকরে ধারণ করে তখনই যখন বয়োজ্যেষ্ঠ অবিবেচকের মত্যে তর্ক তুলে শোকান্মভূতিকে উড়িয়ে দেওয়ার চেন্টা করেন, দেখানোর চেন্টা করেন যে শিশ্ব তার শোক নিয়ে বাড়াবাড়ি করছে।

সর্বোপরি বুঝতে হবে শিশুহুদয়ের আন্দোলন। বিশেষ কোন প্রণালীর সাহায্যে এটা শেখা সম্ভব নয়। আবেগধর্ম ও নীতি সম্পর্কে শিক্ষারতীর সক্ষাে বাধের কলাাণেই কেবল তা সম্ভব হয়ে ওঠে। শিশ্বর দুঃথের উৎস যা-ই হোক না কেন সাধারণ একটা রূপ তার মধ্যে স্বস্ময়ই লক্ষ্য করা যায়: বিষয়, ব্যথাতুর দৃষ্টি, যে দৃষ্টিতে ফুটে ওঠে আশিশ্লস্ক্লভ চিন্তাচ্ছন্ন ও নিবিকার ভাব, ব্যাকুলতা, নিঃসঙ্গতা। যে শিশ্য দৃঃখের মধ্যে আছে সে তার বন্ধুবান্ধবের খেলাধূলা ও আমোদফর্তি লক্ষ্য করে না, দর্ঃখচিন্তা থেকে কোন কিছুই তার মনোযোগ বিক্ষিপ্ত করতে পারে না। শিশ্যকে এক্ষেদ্রে অতি স্ক্রে ও মঙ্গলজনক যে সাহায্য দেওয়া যেতে পারে তা হল তার একান্ডই ব্যক্তিগত, অন্তরতম স্থানকে স্পর্শ না করে তার দঃথের ভাগ নেওয়া। রুড় হস্তক্ষেপে ক্রোধ উদ্রিক্ত হতে পারে, আর ভেঙ্কে না পভার, হতাশ না হয়ে শোক সামলে নেওয়ার উপদেশ শিশ্যর কাছে অসঙ্গত বাচালতা বলেই মনে হবে যদি তার মধ্যে সত্যিকারের মানবিক অনুভূতির চিহ্ন না থাকে।

শিশ্বদের অন্তব করতে শেখানোর অর্থ হল সর্বোপরি নিজের মার্জিত আবেগধর্ম ও নীতিবোধ তার মধ্যে সঞ্চার করা। মার্জিত অন্তুতি ব্যক্তির মানসিক অক্ছার গভার বোধ ব্যতিবেকে সম্ভব নয়। আর এ ধরনের বোধ শিশ্বর কাছে তথনই আসে যখন সে ভুক্তভোগী মান্বের জায়গায় মনে মনে নিজেকে স্থাপন করে।

সাশার দিদিমা যখন অস্কৃত্ব হয়ে পড়লেন তখন সাশাকে

দেখাতে বিষয়, চিন্তাগ্রন্ত, সেই সঙ্গে সন্দ্রন্ত: তাকে কোন কিছ্ব বললেই সে চমকে ওঠে, যেন তার ক্ষতন্থান কেউ প্পর্শ করেছে। একদিন আমি দেখতে পেলাম ওর বড় বড় কালো চোখ জলে ভবে উঠেছে। ছেলেমেয়েরা আমাকে বলল 'সাশা কাঁদছে।' শিশ্ম যেহেতু শিশ্ম সেই কারণে সে তার বন্ধর প্রতি অথবা বয়্লফ্ক কোন ব্যক্তির প্রতি সহান্ত্র্তিসম্পন্ন হবে এমন আশা করা অন্যায়। সহমমিতা শেখাতে হয় — তেমনই যয়, মনোযোগ ও সতর্কতার সঙ্গে, যেমন ভাবে শিশ্মদের শেখানো হয় প্রথম হাঁটতে। সহমমিতা — জানার, ভাবনা ও হদয় দিয়ে জানার অন্যতম স্ক্রো ক্ষের। অভিজ্ঞা শিক্ষারতীর থাকতে হবে সহম্মিতা শিক্ষাদানের শক্তিশালী হাতিয়ার — কথা।

সাশা যখন ক্লাসে ছিল না সেই সময়ের স্থাগ নিয়ে আমি ছেলেমেরেদের বললাম: 'মান্ব যখন দ্বংখ পার তখন তা দেখে অবাক হওয়ার ভাব প্রকাশ করতে নেই। সাশার বড় দ্বংখ। ওর একমার আপন মান্ব — দিদিমা। মাকে ওর মনে পড়ে না। এদিকে দিদিমা অস্ছ্ হয়ে পড়লেন। তাঁকে হয়ত হাসপাতালে নিয়ে যাওয়া হবে। তাহলে ছেলেটা থাকবে কার সঙ্গে? ওর জায়গায় নিজেকে কলপনা করে দেখ, তাহলে ব্রুতে পারবে দ্বংখ কাকে বলে। মনে পড়ে কি সেই বুড়ো মান্বটিকে, যাকে আমরা পথের ধারে দেখেছিলাম? মনে পড়ে তার চোখে কী রকম বেদনার ভাব ছিল? তোমরা তখন অন্তব করেছিলে যে ব্রুড়ো মান্বটি বিপদে পড়েছে। তা হলে তোমরা বদ্ধরে চোখে পান্তবে পাছে যে স্বাশা আজ কয়েক দিন হল চুপচাপ, গভার হয়ে আছে। ও ক্লাসে, কিন্তু ওর সমস্ত ভাবনাচিন্তা পড়ে আছে দিদিমার শ্যার পাশে। ও যদি কয়েক

দিন স্কুলে না আসে তাহলে তোমরা কেউ ওর স্কুলে না থাসার কারণ নিয়ে ওকে জিজ্ঞেসবাদ করার জন্য ব্যস্ত হয়ো নিজের দুর্ভাগ্যের কথা মুখে বলা মানুষের পক্ষে সহজ য় : মোটকথা, কাউকে বদি বিপদে, দঃখদয়দ শার মধ্যে পড়তে দেখ তাহলে কোত্হল প্রকাশ না করে বরং সাহায্য কর। কাটা খারে নানের ছিটে দিও না। যদি জানতে পার যে আমাদের ছাত্রছাত্রীদের মধ্যে কারও বিপদ ঘটেছে তাহলে এমন কাজ করবে যাতে তোমার মাথের কোন কথা, তোমার কোন আচার-আচরণ তার দাঃখকে বাড়িয়ে না দেয়। অতএব আরও ভালো করে ভেবে দেখ সাশা ও তার দিদিমাকে কী ভাবে সাহায্য করা যায়। কিন্তু লোকে তোমাদের বলবে, আহাে কী ভালাে রে — বন্ধুকে সাহায্য করছে — এই বাহাদারী পাওয়া বেন তোমাদের সাহায্যের উদ্দেশ্য না হয়। যতক্ষণ পর্যস্ত তোমাদের মন সায় না দিচ্ছে যে বন্ধকে সাহায্য করা উচিত, ততক্ষণ উদারতার কোন সাক্ষ্যপ্রমাণেই তোমরা ভালো বনে যাবে না।' সাশা ক্রাসে এলো, তার সম্পর্কে আরু কোন কথাই আমি বললাম না, ছেলেমেয়েরাও ব্যঝে ফেলল কেন আমি সঙ্গে সঙ্গে অন্য কথা শরুর করে দিলাম। আর টিফিনের সময় ওরা নিজেদের মধ্যে পরামর্শ করতে লাগল কী ভাবে সাশাকে ও তার দিদিমাকে সাহায্য করা যায়। ছেলেমেয়েরা বন্ধুর জন্য নিয়ে এলেনা আপেল আর মাছ — এ সবই তারা করে স্বতঃপ্রবৃত্ত হয়ে। দিদিমাকে হাসপাভালে নিয়ে যাওয়ার পর সাশাকে যখন মাসীর কাছে থাকতে হয় তখন ছেলেমেয়েরা প্রায়ই তার কাছে যেত। ছেলেটা বৃন্টিতে ভিজে অসম্ভ হয়ে পড়ে দিদিমার সঙ্গেই হাসপতালে শুয়ে আছে জানতে পেরে ওরা গভীর দঃখ অন্বভব করে। ছ্বাটির দিনে আমরা সকলে হাসপাতালে গেলাম।

ছেলেমেরেরা বন্ধর জন্য নিয়ে যায় আপেল ও বিশ্কুট। আর শ্রা নিয়ে যায় একটা চকোলেট বার — এটা ওর বাবা দিয়েছেন। দিনের অর্ধেক সময় আমরা হাসপাতালে অপেক্ষা করলাম – হাসপাতালে সাশার ঘরে একে একে সব ছেলেমেয়ে এলো।

ব্যাপারটা আমাকে যেমন আনন্দ দিল তেমনি উদ্বিপ্পও করে তুলল, কেননা এ ত সমণ্টিগত হাদয়াবেগের ফল। ছেলেমেরেদের মধ্যে এমন কেউ কেউ ছিল যারা বন্ধুর ভালো করতে এগিয়ে এসেছিল সর্বোপরি এই উদ্দেশ্যে যাতে তাদের উদার আচরণ অন্যদের চোখে পড়ে। ভলোদিয়া আমাকে বলল যে সেহাসপাতালে সাশার জন্য উপহার নিয়ে আসবে একজোড়া নতুন স্কেট, যা তার বাবা কিছুকাল আগে কিনে দিয়েছেন।

'বাবার মত আছে?' আমি জিভ্তেস করলাম। 'হ্যাঁ, আছে।'

'তা হলে হাসপাতালে এনে কাজ নেই। সাশার ত আর এখন শ্বেকট করার উপায় নেই। বরং ও সম্ভ হয়ে উঠলে বাড়িতে নিয়ে আসিস।'

ভলোদিয়া কিন্তু বদ্ধকে দ্বেট উপহার দিল না। দেখা গেল মনের আবেগ বেশ দ্বল। ...এই ঘটনা মনের উদারতা, আন্তরিকতা ও সহান্তুতি শেখানোর ব্যাপারে বেশ ভাবিয়ে তুলল। বড়ই স্ক্রে, জটিল জিনিস। শিশ্ব যাতে প্রশংসা ও পর্বশ্বরের কথা না ভেবে ভালো করার তাগিদে সংকর্মে প্রবৃত্ত হয় তার জন্য কী করা যায় ভালো করার তাগিদ ব্যাপারটা কী কোথা থেকে তার স্ক্রপাত? বলাই বাহ্ল্য যে সহান্তুতি শিক্ষার ক্ষেত্রে স্মণ্ডিগত হদয়াবেগের তাৎপর্য

বিবটে। তথাপি সহমমিতিকে প্রতিটি শিশার মনোজীবনের ক্যক্তিগত ক্ষেত্র গভীর ভাবে অধিকার করে থাকা চাই।

আমি যে দিকে দুটি দিই তা হল এই যে আমার শিক্ষার্থীরা সকলেই যেন মহংকর্মে প্রবৃত্ত হয় যেন বন্ধবান্ধবকে **অথ**বা সাধারণ ভাবে অন্যদের সাহায্য করে অন্তরের প্রেরণবেশত এবং ত তে গভীর তপ্তি অনভেব করে। নৈতিক শিক্ষার ক্ষেত্রে এটা সম্ভবত অন্যতম কঠিন কাজ: মানামকে ভালো কাজ করতে শেখাতে হবে, সেই সঙ্গে এডাতে হবে কী করা উচিত সেই ব্যাপারে সরাসরি উপদেশ। কার্যক্ষেত্রে কী করা উচিত? সম্ভবত, স⊲চেয়ে বড় কথা হল শিশহুর অস্তরে বিকশিত করে তোলা এভান্তরীণ শক্তি, যার কল্যাণে মানুষ ভালো কাজ না করে পারে না, অর্থাৎ সহমর্মিতার শিক্ষা দেওয়া। কিন্ত কী ভাবে তা করা যায়? শিশ্ব যাতে অন্যের দুঃখ দেখে মনে মনে তার জায়গায় নিজেকে স্থাপন করতে পারে, যাতে উল্পানন ভাবনা উজ্জ্বল আবেগের জ্বন্ম দেয়, যাতে ছোট শিশ্বর ব্যক্তিছ দ্যুদ্দাগ্রন্ত মানুষের ব্যক্তিত্বের সঙ্গে অভিন্ন হয়ে যায়, যাতে দার্দাশাগ্রন্থ মানাবের মধ্যে শিশা নিজেকে দেখতে পায়, অনাভব করতে পারে, সেই লক্ষ্যে পেখিছানোর জন্য কী উপায় অবলম্বন করা বাছ ?

শিশ্বদের মনোজীবন ও পারস্পরিক সম্পর্ক বিষয়ে আমাদের বে-সমন্ত আলোচনা সভা অনুষ্ঠিত হত সেগ্রলি ধারে ধারে মনগুতৃসংলান্ত সেমিনারে পরিণত হল। তাতে প্রার্থামক শিক্ষকমন্ডলী ছাড়া মাধ্যমিক শ্রেণাীর এবং ওপরের ক্রাসের শিক্ষকেরাও যোগ দিতেন। আমাদের তত্বাবধানের বিষয় হয়ে দাঁড়াল মানুষ — শিশ্ব, উঠতি বয়সের হৈলেমেয়ে, কিশোর-কিশোরী। মনস্তবুসংক্রান্ত সেমিনারের বৈঠকগৃর্বিতে

আমাদের বিষরণী ও সমাচারের বিষয় হত নির্দিষ্ট কোন 
দিশ্ব মনোজগৎ, তার মানসিক, নৈতিক, আবেগধর্মাঁ, শারমিরক
ও নন্দনতাত্ত্বিক বিকাশের উৎস, প্রাক্বিদ্যালয় পর্বে এবং
বিদ্যালয়ে শিক্ষার পরে তার ব্রদ্ধিবৃত্তি, মননক্রিয়া, অন্কর্ভাত.
ইচ্ছাশন্তি, চরিত্র ও ব্যক্তিগত মতামত সংগঠিত হয়ে ওঠার ও
হতে থাকার পরিস্থিতি। প্রাথমিক শিক্ষকেরা তাঁদের বিবরণীর
সাহায্যে মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয়ের শিক্ষাদাতাদের অনেকটা
যেন উঠতি বয়সের ছেলেমেয়ে ও কিশোর-কিশোরীদের উপর
শিক্ষণীয় প্রভাব স্থিতির জন্য প্রস্তুত করে তুলতেন। উত্তরোত্তর
অধিক মান্নায় প্রতিষ্ঠিত হতে লাগল শিক্ষাবিষয়ক সমিন্টিগত
মত: যাকে আমরা শিক্ষা দিছিছ সে যাতে সমগ্র শিক্ষকমণ্ডলীর
প্রভাবাধীনে থাকে তার জন্য প্রতিটি শিক্ষাব্রতীকে গভার ভাবে
জানতে হবে প্রতিটি ছান্তকে, প্রতিটি ছাত্তের স্ক্র্যুত্ব

কোন কোন ছেলেমেয়ের অন্তর্লোকের জটিলতম ক্ষেত্র গভাঁর ভাবে হদয়লম করা ২ ঘণ্টায় কখনও বা ৩ ঘণ্টায়ও হয়ে উঠত না। যেমন, কোলিয়ার ব্যক্তিত্ব সম্পর্কে আমার বিবরণী শোনার পর শিক্ষকেরা আমার বর্ণনার সঙ্গে যোগ করলেন অতি গ্রেম্বপ্রণ আয়ও কয়েকটি বিশদ ব্যাপায়: শিশ্ব তার মণ্ডলীর মধ্যে যা দেখে তা তার ভাবজগতে কী প্রতিক্রিয়া স্থিত করে, অর্থাৎ মান্ত্রে মান্ত্রে সম্পর্ক তার কাছে কী রকম হয়ে দেখা দেয়, অন্যদের সঙ্গে নিজের কী রকম সম্পর্ক সে অন্তব্ করে। সংকর্মের প্রতি অভ্যন্তরীণ অভ্যন্তরণা সম্পর্কে, শিশ্ব কী ভাবে স্বতঃপ্রবৃত্ত হয়ে মান্ত্রের ভালো করতে এগিয়ে আসে সে-সম্পর্কে আমরা অত্যন্ত কৈতিত্বলজনক এবং শিক্ষকমণ্ডলীর মতে, নতুন এক সিদ্ধান্তে এলাম।

দ্রভাগাপীড়িত বন্ধকে শিশ্রা যত বেশি অন্তরের শক্তি প্রদান করে ততই বেশি মান্রায় সংবেদনশীল হতে থাকে তাদের হদর। ফের্ব্যারের এক ঠাপ্ডা দিনে (ছেলেমেরেরা তখন তৃতীর শ্রেণীতে পড়ছে) আমার বাড়িতে ছ্বটে এলো মিশা, কোলিয়া ও লারিসা। কোন একটা কারণে ওদের উদ্বিধ্ন দেখাছিল।

'ভানিয়ার ভাই লিগুনিয়া মারা গেছে,' ক্যতিয়া বলল। 'ওর ধাবার কাছে টেলিগ্রাম এসেছে। কাল উনি কাজাথস্তান\* বাছেন। এখন কী করা বায়?'

ছেলেমেরেদের চ্যেথে ঝরে পড়ছে অন্যুনয়: আমাদের শেখান, বন্ধুকে কী ভাবে সাহায্য করা যায়।

র্যাজিডিটা কী ভাবে ঘটল ঐ দিনই তা জানা গেল। ১৮ বছর বয়দক ট্রাক্টরচালক লিওনিয়া পশ্পালন খামারে খড় নিয়ে যাচ্ছিল। পথে উঠল তুষার ঝঞা। সে ইচ্ছে করলে ট্রাক্টর রেখে দিয়ে পথের কাছাকাছি যে গাঁছিল সেখানে গিয়ে আশ্রয় নিতে পারত, কিন্তু সে তা করল না, তার ভরসা ছিল যে তুষারঝড় থেমে যাবে এবং সে সময়মতো খামারে খড় পেছি দিতে পারবে। কিন্তু তুষারঝড়ের বেগ আরও বাড়ল, হিমের আঘাত এসে পড়ল, লিওনিয়া ট্রাক্টরের মধ্যে হিমে জমে গেল। …ভানিয়া কয়েক দিন স্কুলে এলো না। ছেলেমেয়েয়া বিষম, তাদের কলরব থেমে গেল। সকলেই জিজ্ঞেস করে: বন্ধুকে কী ভাবে সাহায্য করা যায়? কেউ কেউ বলল, ভানিয়াদের বাড়িতে যাওয়া উচিত। আমি পরামশ দিলাম ওয়া যেন তা

কাজাখন্তান — সোভিয়েত স্মাজতালিক প্রজাতলের ইউনিয়নের গভর্বতা একটি প্রজাতলা।

না করে: 'ছেলেটার, তার মা-বাবা ও ভাই-বোনদের অমনিতেই বড় শোক। আমরা ওদের বাড়িতে এলে আমাদের দেখেই মা'র মনে পড়বে লিওনিয়ার স্কুলে বাওয়ার কথা, তাঁর পক্ষে আরও খারাপ হবে। মা'র মন যখন একটু শান্ত হয়ে আসবে তখন, আরু কয়েক দিন বাদে শাওয়া ধাবে। আরু জানিয়া যখন স্কুলে আসবে তখন ওকে জিজ্জেস কয়ো না কী ভাবে ওর ভাই মায়া গেল, একথা ভাবতে গেলে ওর মন খায়াপ হয়ে যাবে, ওর পক্ষে বলা কঠিন হবে। ভানিয়ার দিকে নজর দিও, হু'লিয়ার থেকো, কোন ভাবেই ওর মনে আঘাত দিও না।'

ভানিয়ার বাবা কাজাখন্তান থেকে আসার পর আমাকে বললেন যে ওখনেকার রাণ্ট্রীয় খামারের বসতির একটি রাস্তা তাঁর বড ছেলের নামে হয়েছে। আমি সংবাদটা ছেলেমেয়েদের জানালাম। সেই সময় আমাদের ক্লাস পাইওনিয়রে ভর্তি হওয়ার জন্য প্রস্তুত হচ্ছিল। ওদের বাহিনীর এবং তিনটি গ্রুপের কোন্টার কী নাম হবে এই নিয়ে ওয়া ভাবছিল। শেষ পর্যন্ত, আমি যা আশা করছিলাম তা-ই হল, ওরা নিজে থেকেই বলল, ভানিয়া যে গ্রুপে থাকবে সেটার নাম হোক কর্তব্যরত অবস্থায় মুত্যুবরণকারী তার ভাই লেওনিদের নামে। অমি *ছেলেমে*রেদের পরামর্শ দিলাম: ড্রাইং থাতা নিয়ে আমাদের প্রত্যেকে স্কুল সম্পর্কে যা হোক একটা ছবি আঁকুক। বলাই বাহ,ল্য ওদের ইচ্ছে হল লেগুনিদ আর তার বিদ্যালয়পর্ব সম্পর্কে ছবি আঁকে। লেওনিদ তৃতীয় শ্রেণীতে পড়ার সময় যে আপেল গাছটা লাগিয়েছিল, ওপরের ফ্লাসের ছেলেমেয়েরা আমাদের তা দেখায়। পদার্থবিদ্যার ঘরে আমরা লেওনিদ ও তার বন্ধদের তৈরি ক্রেনের মডেল দেখতে পেলাম। লেওনিদ পাখি ভালোবাসত, সে তার গ্রুপের সঙ্গে মিলে পায়রাদের জন্য যে ছোট্ট বাসা বানির্য়োছল সে স্মৃতি স্কুলে ছিল। ড্রইং খাতায় ছেলেমেরের এই সমস্ত ঘটনার বিবরণ দেয়। আমি লেওনিদের প্রতিকৃতি আঁকলাম। ড্রইং খাতাটা মাকে উপহার দেওয়া হল। জাঁর কাছে এই উপহারটি ছিল অম্লা: তাঁর আনন্দ হল এই দেখে যে স্কুলের সকলে ছেলেকে মনে রেখেছে। পাইওনিয়রের যে গ্র্পিটি লেওনিদের নামে হবে তার জন্যও আমরা ঐ একই রকম একটি ড্রাইং খাতা বানালাম।

অত্যন্ত গ্রের্ড্বপূর্ণ এই যে কল্যাণবোধ ও সংকর্ম যেন 'আন-ন্ঠানিক' ব্যাপারে পরিণত না হয়ে যায়। যা করা হয়েছে সে সম্পর্কে যত দরে সম্ভব কম কথাবার্তা বলতে হবে. সহাদয়তার জন্য কোন প্রশংসার কথা মুখে আনা চলবে না --শিক্ষাকর্ম ক্ষেত্রে এই দাবি মেনে চলতে হবে। মানবিক আচরণকে শিশ্য যখন নিজের ক্রতিত্ব বলে ভাবে, অনেকটা মহিমা রূপে গণ্য করে, তখন বড বিপদের কথা। এ ব্যাপারে প্রায়ই দোষী হয় আমাদের স্কুল। কোন এক ছাত্র হয়ত রাস্তায় কারও হারানো দশটি কোপেক পড়ে পেয়ে ক্রাসে নিয়ে এলো. অমনি ছাত্রছাতীদের সকলের মধ্যে ব্যাপারটা রাজ্য হয়ে গেল। এ প্রসঙ্গে একটা কোত্রেলজনক ঘটনা মনে পড়ছে। ঘটনাটা ঘটেছিল পাশের একটা স্কুলে। একটা মেয়ে ক্লাসে নিয়ে এলো পড়ে-পাওয়া পাঁচ কোপেক, শিক্ষিকা তার থ্ব স্থ্যাতি করলেন। ...এর পরেই টিফিনের সময় তিনটি মেয়ে ও একটি ছেলে দিদিমণির কাছে ছুটে এলো — দেখা গেল ওরা সকলেই বন্ধবান্ধবের হারানো পয়সা খাজে পেয়েছে — কেউ এক কোপেক, কেউ বা দুই কোপেক। ছেলেমেয়েরা প্রশংসার প্রত্যাশ্য করছিল: দিদিম্পি অস্বস্তি বোধ করলেন, রুষ্ট হলেন। . এই ভাবে শিশাবা 'প্রশংসার ভাগ পাওয়ার জন্য' লালায়িত

হয়ে ওঠে, আর তাদের যদি প্রশংসা না করা হয় তাহলে তারা অসন্তুষ্ট হয়।

সহদয়তাকে হতে হবে মননক্রিয়ার মতোই অভান্ত ব্যাপার।
তাকে পরিণত হতে হবে অভ্যাসে। আমাদের শিক্ষকমণ্ডলী
চেষ্টা করেন যাতে উদার, আন্তরিক, সহদয় আচরণ শিশ্বর
গভীর পরিতৃপ্তির কারণ হয়। অপরের অন্তর্জানিকের প্রতি
হদয়ের সংবেদনশলৈতা যেমন শিক্ষকের মুখের কথার প্রভাবে
তেমনি সমষ্টির মনোভাবের প্রভাবেও শৈশবে জাগ্রত হয়। যা
অতি গ্রেম্পর্ণ তা হল কল্যাণধর্মী কাজে সকল শিশ্বর
প্রবৃত্তি, হদয়ের প্রবল অন্মুভৃতিপ্রবণতা জাগিয়ে তোলা। কিন্তু
এই আবেগ হদয়েক একমাত্র তখনই মহিমান্বিত করে তোলা
যখন তা ব্যক্তিগত কার্যকলাপের আকার ধারণ করে।

আমার শিক্ষার্থীরা তাদের বরোজ্যেন্ট বন্ধ্য — আন্দেই দাদ্রর কথা ভোলে নি। শীতকালে বৃদ্ধ বাস করতেন মোচাষের জারগা থেকে অনতিদ্রের একটি শীতকালীন ছোট কুটিরে। ছেলেমেরেরা তাঁর কাছে আসত, আপেল, আঁকা ছবি নিয়ে আসত। দাদ্র ওদের প্রতিটি আন্তরিক কথার আনন্দ পেতেন। ছেলেমেরেরা অন্ভব করত যে নিঃসঙ্গতা — দ্রুতাগ্যের ব্যাপার, ওরা মান্যটির ভালো করার চেন্টার থাকত।

একদিন মার্চ মাসের এক ঈবদ্বা দিনে ছেলেমেরেরা ব্যন্তসমস্ত হয়ে আন্দেই দাদ্র কাছে চলল: আজ ওরা শাঁতকালের আশ্রয় থেকে মোমাছিদের বার করে আনতে দাদ্কে সাহায্য করবে। এই দিনটা ওদের সকলের কাছে এক উৎসব ছিল: বসন্তের সোনালি পাথাওয়ালা অগ্রদ্তরা কী ভাবে চারদিকে উড়ে বেড়ায় তা লক্ষ্য করে ওরা আনন্দ পায়। কুটিরে যাওয়ার পথে আমরা জল পান করার উদ্দেশ্যে এক প্রোঢ়া

মহিলার ব্যাড়িতে উঠলাম। উনি আমাদের ঘরে তৈরি বিস্কুট দিয়ে আপ্যায়ন করলেন, বললেন আমরা যেন ঘন ঘন তাঁর বাড়িতে অতিথি হই।

যুদ্ধের সময় ওলুগা ফিওদরভানা গভীর শোক পান: তাঁর দুই বড ছেলে. দ্বামী ও ভাই ফ্রণ্টে মারা যান, আর মেয়ে ফাশিশু জার্মানিতে পাথ্যরে কয়লার খনিতে সাধ্যাতীত খাটনির দর্ম মারা যান। আমি মহিলার দুর্ভাগ্যের কাহিনী ছেলেমেয়েদের বললাম, শিশাহাদয়ে তথনই জাগুত হল ওলাগা দিদিমার সঙ্গে বন্ধত্ব পাতানোর বাসনা। ওরা প্রায়ই দিদিমার কাছে আসত। ওল্গা ফিওদরভানা ছেলেদের ও স্বামীর পাওয়া অর্ডার ও পদক আমাদের দেখান। শিশক্রেদয়ে ওলাগা দিদিমাকে খাশি করার প্রবৃত্তি জেগে উঠল। ফলের গাছ লাগানোর সময় হতেই আমরা ওঁর উঠোনে পাঁচটা আপেল গাছ লাগালাম, আর লাগালাম সেই একই সংখ্যক নাসপাতি ও চেরি গাছ ও আঙ্রলতা — ছেলে, মেয়ে, স্বামী ও ভাইরের স্মৃতিতে। দিদিমার নিজের জন্যও কটি গাছ লাগানো হল। ওল্গা ফিওদরভানা যে কুতজ্ঞতা অন্যুভ্য করলেন তা ভাষায় প্রকাশ করা কঠিন। প্রচণ্ড গরমের সময় আমরা গাছে জল দিতে আস্তাম, অব্ধ্য আমাদের ছাড়া ওল্গা ফিওদরভ্না নিজেও কাজটা করতেন। গ্রীষ্মকালে ছেলেমেরেরা সারা দিন ওঁর কাছে কাটাত।

ওল্গা দিদিমা ছেলেমেয়েদের বন্ধন্থলোন। তাঁকে বাদ দিয়ে ওরা একটা উৎসবও করত না। চেরি, আপেল, নাসপাতি ও আঙ্বর পাকার সম্যটা যাতে ফসকে না বায় সেই দিকে আমাদের দ্ঘিট থাকত। দিদিমার বাগানে এসে আমরা প্রথম পাকা ফলগন্লো পেরে তাঁকে এনে দিতাম। ছেলেমেরেরা সপ্তম শ্রেণীতে পভার সময় দিদিমা গ্রেতের অসম্ভ হয়ে পড়লেন ৷ শিক্ষাবর্ষ শেষ হওয়ার এক সপ্তাহ বাদে তিনি মারা গেলেন। ছেলেমেয়েরা বড দুঃখ পেল। কিছুকাল পরে আমরা জানতে পারলাম যে ওল্গা ফিওদরভ্না তাঁর মৃত্যুর পর কুটির ও বাগান শিশ্বদের দেওয়ার জন্য উইল করে গেছেন। এই উইল যৌথখামারের পরিচালকদের সমস্যায় ফেলল: ছার্ছারীরা কুটির ও বাগানের মালিক - এটা কী রক্ম ব্যাপার? আইনশাস্ত্রের কোন নিয়মের আওতায় যা পড়ে না, যৌথখামারীরা সে ব্যাপারের সমাধানে সাহায্য করল। তারা বলল এই ছোট খামারবাডিটাতে ছোটরা নিজেদের মনের মতো ভালো ভালো কাজ করক। আমরা আন্দেই দাদাকে কটিরে আসার আমন্ত্রণ জানালাম, উনি সানন্দে ওখানে উঠে এলেন — জারগাটা মোচাষের জারগা থেকে কাছেও। চতুর্থ শ্রেণীতে পভার সময় অক্টোবর বাহিনীর বাচ্চাদের সঙ্গে ভারিয়া ও জিনার বন্ধুত্বর, তারা ওদের পাইওনিয়র বাহিনীর জন্য তালিম দেয়। ছেলেমেয়েরা সারা দিন ওদের নিজেদের বাগানে কাটায়।

বে জননীর সন্তান মাতৃভূমির মাতি ও স্বাধীনতার জন্য যান্ত্রে প্রণা দিয়েছেন তাঁর শোকের অন্ত নেই। আমাদের ছেলেমেয়েদের উচিত এই শোক অন্তব করা, উপলব্ধি করা, তার ডাগাঁদার হওয়া। ভলগা থেকে এল্বা, উত্তর মের্সাগর থেকে শার্ব করে ভূমধ্যসাগরের উষ্ণ জলরাশির অজানা সমাধিগতে শায়িত সন্তানদের হাজার হাজার জননা স্কুলের ছেলেমেয়েদের বন্ধ হোক। আমাদের জন্মভূমির পরম দ্বংখবেদনা ২ কোটি ২০ লক্ষ প্রাণ হারানোর বেদনা, ভ্রাঞ্কর ফল্বাভোগের, অগ্নিকাণ্ড ও ধ্বংসলীলার বেদনা —

থা আমাদের জনগণ ভুলতে পাকে না, যার জন্য ফাশিশুদের ক্ষমা করা যায় না — তা যদি শিশ্বমন অন্ভব করতে না পারে, উপদান্ধি করতে না পারে তাহলে তাকে মহনীয় করে তোলা যায় না।

শিশ্ব যত গভীর ভাবে জননীর বেদনা হৃদয়য়য় করবে, অন্ভব করবে, ততই বৃদ্ধি পাবে তার হৃদয়ের সংবেদনশীলতা, ততই দৃঢ়প্রতিষ্ঠিত হবে তার নাগরিক দৃষ্টিভক্তি, ততই তীর হয়ে দেখা দেবে শিশ্বহদরে জল্মভূমির ভবিষ্তের জন্য দায়িছবাধ। এই কারণে পিত্ভূমির মহাযুদ্ধে যাঁরা শহীদ হয়েছেন তাঁদের জননীদের পাইওনিয়র সভায় (সাধারণ ভাবে, বিদ্যালয়ে) আমল্রণ জানানোর মতো গ্রুত্বপূর্ণ ঘটনার ব্যাপারে রীতিমতো বিচক্ষণ দৃষ্টিভক্তি অবলম্বন করতে হবে। শিশ্বদের কাছে এই ঘটনাটা যেন নিয়মিত পর্যায়ের শিক্ষাম্লক অনুষ্ঠান হয়ে দেখা না দেয়। যে মানুদের ব্যক্তিগত বেদনা সমগ্র জাতির বেদনার অভিব্যক্তিম্বর্প, তার সঙ্গে সাক্ষাংকার যাতে দেখিকাল শিশ্বমনে ছাপ রেথে যায় সেদিকে দৃষ্টি রাখা চাই।

নাগরিকের শিক্ষাদান কেবল তত্ত্বগত ভাবে নয়, শিক্ষাপ্রক্রিয়ার ব্যবহারিক ক্ষেত্রেও অন্যতম জটিল সমস্যা। এক্ষেত্রে প্রাথমিক গ্রুত্ব যার ওপর আরোপ করতে হয় তা হল এই যে জ্ঞান যেন হলয়ের পথ ধরে অগ্রসর হয়, মানুবের ব্যক্তিগত অন্তর্লোকে প্রতিফলন ঘটায়। জল্মভূমি সন্পর্কে জ্ঞান, সোভিয়েও জনগণের কাছে যা পবিচ ও প্রিয় সে-সম্পর্কে জ্ঞান এটা নিছক এমন তথ্য নয় যা মনে করে রাখার পর প্রাত্যাহিক জীবনে অনুসরণ করা যায়। এ হল এমনই সতা যা শিক্ষাথার ব্যক্তিজীবনকে স্পর্শ করবে। মানুবের মহিমার

মধ্য দিয়েই যে জন্মভূমির মহিমা জানা যায়, এই শতে তা শিশ্ব কাছে পবিত্ত হয়ে দাঁড়ায়।

বিশিশ্ট সোভিয়েত লেখক, লেওনিদ লেওনভের ভাষায় 'জনগণের স্মৃতি — এক বিশাল গ্রন্থ, যেখানে স্বকিছ্ম লিপিবদ্ধ আছে।' এই গ্রন্থপাঠ ব্যতিরেকে, প্রতিটি শব্দ, প্রতিটি অক্ষর সম্পর্কে গড়ীর চেতনা ও বোধ ব্যতিরেকে নাগরিকতার শিক্ষা অচিন্তনীয়। আমরা যাকে জীবনের সঙ্গে বিদ্যালয়ের সম্পর্ক আখ্যা দিতে অভ্যন্ত, আমার মতে, সর্বোপরি তা হল জনচিত্ত থেকে শিশ্মদের চেতনার ও হদয়ে আমাদের পরম পবিচ্ন সামগ্রীর সঞ্চরণ — দেশের শহ্মদের প্রতি, জনগণের অশেষ দ্বংখদ্দেশা স্কোনকারী, দাসম্বক্ষনকারীদের প্রতি ঘ্ণা ও দেশপ্রীতির সঞ্চরণ। জনগণের স্মৃতির এই বিশাল গ্রন্থ যতবার স্পর্শ করা যায় ততবারই তা হয় মানবিক ব্যক্তিম্ব গঠনের জটিলতম, পরম দায়িম্বপূর্ণ কর্ম।

## মহং অন্ভূতিদীপ্ত শ্ৰম

শ্রম তখনই মহান শিক্ষাদাতা হয় যখন তা শিক্ষাথাঁদের মনোজীবনে স্থান পায়, মৈন্নী ও সোহাদের আনন্দ দান করে, অনুসন্ধিংসা ও উৎসন্কা বিকাশ করে, বাধাবিপত্তি অতিক্রমণের চাণ্ডল্যকর আনন্দ সন্ধার করে পারিপান্থিক জগতে নিতানব সোলফর্যের উদ্যাটন ঘটায়, জাগিয়ে তোলে প্রথম নাগরিক অন্ত্তিত – বৈষয়িক সম্পদ প্রতার অনুভূতি, যে অনুভূতি ছাড়া মান্বের জীবন সন্তব নয়।

শ্রমের আনন্দ – প্রভূত শিক্ষাম্লক শক্তির অধিকারী।

শৈশবে প্রতিটি শিশ্মকে এই মহৎ অন্মভূতি গভীর ভাবে উপলব্ধি করতে হবে।

বিদ্যালয়-জীবনের প্রথম শবং। স্কুলের জুমিতে ওপরের ক্রাসের ছেলেমেয়েরা আমাদের জন্য কয়েক বর্গমিটার জুমি বরান্দ করে দিয়েছে। আমরা মাটি কোপাই এই কাজটা পাড়াগাঁরের শিশরে অভ্যস্ত কাজ। বা**চ্চাদের বলি: 'এখানে** আমরা শীতকালের গম বনেব, ফসল তুলব, পেষাই করব। হবে আমাদের প্রথম রুটি।' রুটি কাকে বলে ছেলেমেয়ের। ভালোমতোই জানে. ওরা ওদের বাবা ও মায়েদের মতোই শ্রম নিয়োগ করে. সেই সঙ্গে যে কাজটা আমরা করতে চলেছি তার মধ্যে একটা রোমাণ্টিক-রোমাণ্টিক, খেলা-খেলা ভাবও আছে। প্রথম ফসলের স্বপ্ন ওদের অনুপ্রাণিত করে, বাধাবিপত্তি অতিক্রমণে সাহায্য করে। আর বাধাবিপত্তিও কম নয়: ছেলেমেয়েরা শুড়ি করে পচানি সার বয়ে আনে, মাটির সঙ্গে মেশায়, গমের সারির জন্য জলসেচের আল থোঁড়ে, বোনার জন্য বী**জ বাছে। ফসল বোনা সত্যিকারের উৎসবে প**রিণত হর। সকলেই প্রমের অনুপ্রেরণায় মেতে উঠেছে। ফসল বোনা হয়ে গেল, কিন্তু কেউই ব্যড়িতে যায় না। মন চায় স্বপ্ন দেখতে। আমরা গাছের নীচে বসি, অমি সোনালি গমের দানার রূপকথা বলি। রূপকথা ভাবতে ভাবতে ভাবি আমার শিক্ষার্থীদের কাছে শৈশ্বের এই শ্রম শাধ্য ছেলেখেলা না হয়ে যেন প্রথম নাগরিক কর্তব্য পালনের আনন্দ হয়ে দেখা দেয়। আমি ভাবি, শ্রম যেন হয় এক প্রশস্ত সভক, যার উপর দিয়ে যাত্রা করে শিশ্ব সমাজজীবনে প্রবেশ করতে পারে, লোকজনকে এবং নিজেকে জানতে পারে, প্রথমবার নাগরিকতার গর্ব অন,ভব করতে পারে। আমি কখনই বিস্মৃত হতাম না যে শ্রম যেন সহজ্ঞসাধ্য না হয়। শিশ্বদের শারীরিক শক্তি ও অন্তরের শক্তি প্রয়োগের মাপকাঠিতেই নির্ধারিত হয় সেই পরম গ্রেবৃত্পূর্ণ প্রক্রিয়া যার নাম প্রণতাপ্রাপ্তি। শ্রমের কল্যাণেই শিশ্বের সবোলকত্বপ্রাপ্তি ঘটে। বাধাবিপত্তির এই মাপকাঠি থাজে বার করে তাকে এমন ভাবে প্রয়োগ করতে হবে যাতে শ্রম খেমন শিশ্বদ্রভভ হয় তেমনি শিশ্বেও যেন ধীরে ধীরে শিশ্বের বর্জন করে। বহু বছরের অভিজ্ঞতায় দেখা গেছে যে শিক্ষার এই উদ্দেশ্যটি সফল হয় একমাত্র সেই ক্ষেত্রেই যথন শিশ্বের শ্রমে নিহিত থাকে বর্ষক্রের স্ভলনী কার্যকলাপের অতি গ্রেবৃত্বপূর্ণ উপাদান: বৈষ্যিক ফলপ্রাপ্তি আর স্মান্টভূত্তির বোধ।

গমের অংকুর বের হওয়া পর্যন্ত ছেলেমেরেরা উত্তেজনা বোধ করে: আমাদের খেত শ্যামল হয়ে উঠতে আর কত দিন লাগবে? অংকুর গজানোর পর ছেলেমেরেরা রেজ সকালে ছুটে আসত দেখতে: সব্জ ডাঁটাগ্রিল প্রত বাড়ছে কিনা। শীতকালে আমরা খেতটাকে বরফ দিয়ে ঢেকে দিলাম যাতে গম গরমের মধ্যে থাকতে পারে। বসন্তকালে ছেলেমেয়েদের মধ্যে আনন্দের সাড়া পড়ে যায় যখন তারা দেখতে পায় অংকুরগ্রলো জমিতে যেন এক নিরেট গালিচা পেতে দিয়েছে, গম শীষ উঠিয়ে মাথা তুলে দাঁড়িয়েছে। প্রতিটি গমের শাঁষের ভাগ্য ছেলেমেয়েদের ভাবনার বিষয় হল।

ফদল বোনার চেয়ে ফদল তোলা আরও বড় আনন্দোংসব হল। ছেলেমেয়েরা দকুলে এলো উৎসবের সাজে। ছাত্রছাত্রীরা প্রত্যেকে যদ্ধ করে গম কাটল, ছোট ছোট আঁটি বাঁধল। আবার প্রমের উৎসব মাড়াই। দানা খুটে খুটে থলিতে ভরা হল। আন্দেই দাদ্ধ গম পেষাই করে সাদা ময়দা নিয়ে এলেন। তিনার মা'কে আমরা অনুরোধ করলাম আমাদের জন্য রুটি সে'কে দিতে। ছেলেমেরেরা তাঁকে সাহায্য করল: ছেলেরা এল বরে আনল, মেরেরা জ্বালানি কাঠ আনল। অবশেষে হল চারটি বড় বড় সাদা রুটি --- আমাদের শ্রম, আমাদের যত্ন ও উল্লেগের ফসল। আনন্দের অনুভূতিতে শিশ্হদের পরিপূর্ণ হয়ে ওঠে।

এলো বহু,প্রতীক্ষিত দিন — প্রথম রুটির উৎসব। উৎসবে ছেলেমেয়েরা আন্দেই দাদুকে আর সকলের মা-বাবাকে নিমন্ত্রণ করল। এন্তর্যভারি করা সাদা টেবিল ক্রথ বিছিয়ে দেওয়া হল, মেয়েরা রুটির সাগন্ধী টুকরো টেবিলে সাজিয়ে রাখল, আন্দ্রেই मान्, त्राथटनन करत्रक थाना मध्,। मा-वावाता त्रुवि थान, ছেলেমেরেদের প্রশংসা করেন, শ্রমের জন্য কুতজ্ঞতা জানান। এই দিনটি শিশ্বদের স্মৃতিতে চির জাগরুক থাকে ৷ উৎসবে শ্রম ও মানবিক সদ্গাণে সম্পর্কে বড় বড় কথা উচ্চারিত হয় না। উৎসবে প্রধানত যা ছেলেমেয়েদের মনে উত্তেজনা সঞ্চার করে তা হল গর্ববোধ: আমরা ফসল ফলিয়েছি, আমরা মা-বাবাদের আনন্দ দিয়েছি। আর নিজের শ্রমের জন্য মানুবের গর্ব — নৈতিক শক্ষেতা ও মহত্তের আঁত গরেত্বপূর্ণ উৎস। আমাদের প্রথম ফসলের উৎসব স্কুলের অন্যান্য ক্লাসের ছার্নছারীদের মনোযোগ আকর্ষণ করে। প্রতিটি ক্রাসের শিক্ষার্থীরাই নিজেদের ফসন্স ফলাতে চায়। ছেলেমেয়েরা ক্লাসের পরিচালকদের অস্থির করে তুলল: অন্যদের ফসল-উৎসব আছে, কিন্ত আমাদের নেই কেন?

এই ঘটনা শিক্ষকমণ্ডলীকে গভীব ভাবনায় ফেলে। সকলেই দেখেছেন যে অতি সাধাবণ কাজ — জমি চাষ করা, সার ফেলা — ছেলেমেয়েদের কাছে বনে শ্রমণ ও চিত্তাকর্ষক গ্রন্থ

পাঠের মতোই আগ্রহজনক হতে পারে। শিক্ষকেরা বললেন যে কোন কাজেই যাদের কোন আকর্ষণ নেই বলে মনে হত সেই নিম্ক্রমারাও এই শ্রমের মধ্য দিয়ে এমন ভাবে পালটে গেছে যে তাদের আর চেনাই যায় না। তাদের কাজ করার ইচ্ছা জাগে। 'ব্যাপারটা কী?' স্থামরা ভাবলাম। সকলেই এ বিষয়ে একমত হলেন যে প্রধান ব্যাপারটি নিহিত আছে মহৎ উদ্দেশ্যের প্রেরণায়, অন্যন্ততিতে। শ্রমশীলতা — সর্বোপরি শিশ্বদের ভাবজীবনের ক্ষেত্র: শিশ্ব তথনই কাজের জন্য উদ্যোগী হয় যখন শ্রম তাকে আনন্দ দান করে। শ্রমের আনন্দ যত গভীর, শিশ্বরা ততই বেশি আত্মসম্মানের মূল্য দেয়, ততই প্পণ্ট করে কার্যকিলাপের মধ্যে দেখতে পায় নিজেদের — নিজেদের প্রয়াস, নিজেদের নাম। শ্রমের আনন্দ — বিপলে শিক্ষামলেক শক্তি, যার কল্যাণে শিশা নিজেকে সম্ভির একজন বলে প্রদয়ক্ষম করতে পারে। তার মানে এই নয় যে শ্রম আমোদ-প্রমোদে পরিণত হয়। এর জন্য প্রয়াস ও দড়তা দরকার। কিন্তু আমাদের একথাও ভূললে চলবে না যে আমরা কাজ করছি শিশ্বদের নিয়ে, যাদের সামনে জগৎ সবে উন্মুক্ত হ'কে 1

ছেলেমেয়েরা ঠিক করল প্রতি বছর ফসল-উৎসব উদ্যাপন করবে। ওরা তাদের বিদ্যালয়-পর্বের পরবর্তী শরতে নতুন জমিনিল, শীতকালীন গম ফলিয়ে আবার নিমল্যণ করল মাবাদের আর তাদের ছোট বন্ধদের — প্রাক্বিদ্যালয় পর্বের ছেলেমেয়েদের। আমার শিক্ষার্থীরা যথন কৈশোরে প্রেণিছায় তথনও তারা বিপলে উৎসাহেরা সঙ্গে স্কুলের ছোট জমি থেকে ফসল ওঠাত, গমের দানা পিষে রুটি বানাত — এ সবের মধ্যেই ছিল রোমাণিটক ভাব, খেলা। শ্রমের আনন্দ অন্য কোন

আনন্দের সঙ্গে তুলনা করা যায় না। সৌন্দর্যবাধে ছাড়া এ আনন্দ অচিন্তনীয়, কিন্তু এখানে সৌন্দর্য — শিশ্বে যা পায় কেবল তা-ই নয়, সর্বোপরি, সে যা স্তিট করে সেই বন্তু। প্রমের আনন্দ -- অভিন্নের সৌন্দর্য; এই সৌন্দর্য জানার সঙ্গে সঙ্গে শিশ্ব অন্তব করে আত্মর্যাদা, বাধাবিপত্তি অতিক্রমণের জনা গর্ব।

আনন্দের অনুভূতি একমাত্র তারই অধিগম্য যে শক্তি প্রয়োগ করতে পারে, জানে কাকে বলে ঘম' ও ক্রান্তি। শৈশব নিরন্তর উৎসবে পরিপূর্ণ হওয়া উচিত নয় — শিশুর সাধ্যমতো শ্রম নিয়োগ যেখানে নেই সেখানে প্রমের সূখও শিশুর অধিগম্য নয়। শ্রম শিক্ষাদানের সর্বোচ্চ বিচক্ষণতা নিহিত আছে শিশ্বহুদরে শ্রমের প্রতি লোকিক সম্পর্ক প্রতিষ্ঠার মধ্যে। জনসাধারণের কাছে শ্রম — জীবনের এমন এক অপরিহার্যতা যাকে ছাড়া মানাুষের অন্তিম্ব অচিন্তনীয় : শাুধাু তা-ই নয়, শ্রম তাদের কাছে ব্যক্তির মনোজীবন ও আন্তর সম্পদের বহু,মুখী প্রকাশক্ষেত্তত বটেঃ প্রমের মধ্যে উদুখাটিত হয় মান্ত্রিক সম্পর্কের ঐশ্বর্য। শিশ্য যদি এই সম্পর্কের সৌন্দর্য অন্যভব করতে না পারে তাহলে প্রমের প্রতি ভালোবাসা শেখানো অসম্ভব। শ্রমসংক্রান্ত কার্যকিলাপের মধ্যে জনগণ দেখতে পায় ব্যক্তির আত্মপ্রকাশের, আত্মপ্রতিত্ঠার অতি গ্রেছপূর্ণ উপায়। শ্রম ছাড়া মানুষের স্থান শুন্য — এই মর্মে একটি ক্যাক-প্রবচন আছে। শিক্ষায় উল্লেখযোগ্য কর্তব্য হল প্রতিটি শিক্ষার্থীর ব্যক্তিগত মর্যাদাবোধ, ব্যক্তিগত গর্ববোধ যাতে শ্রম সাফল্যের ভিত্তিতে গড়ে ওঠে সেদিকে দূর্ণিট রাখা।

ছেলেমেয়েরা ৩াদের বিদ্যালয়-জীবনের প্রথম বসস্তে 'মায়ের বাগান' বসায় — এতে ছিল ৩১টি আপেল গাছ আরু ঐ একই সংখ্যক আঙ্বুর লতা। আমি আমার শিক্ষাথাঁদের বললাম: 'এটা হবে তোমাদের মা'দের বাগান। মা হলেন তোমাদের স্বচেয়ে প্রিয়, স্বচেয়ে আপন মানুষ। তিন বছর বাদে আপেল গাছে ও আঙ্বুর লতার প্রথম ফল ফলবে। প্রথম আপেল, প্রথম আঙ্বুর গ্রুছ আমরা মা'দের উপহার দেব। তাঁদের আনন্দ দেব। মনে রেখো ভোমাদের মা'দের অনেক কণ্ট করতে হয়। সেই কণ্টের দাম আমরা দেব ভাঁদের আনক্দ দিয়ে।'

'মায়ের বাগানে' শ্রমের প্রেরণা হয় শ্বপ্প — বয়োজ্যেন্ঠদের, মা-বাবাদের আনন্দ দেওয়ার শ্বপ্প। কোন কোন ছেলেমেয়েরা তথনও জানা ছিল না এই মহৎ মানবিক অনুভূতির — জননীর প্রতি ভালোবাসার সমস্ত গভীয়তা। আমি প্রতিটি শিশ্রম মনে এই অনুভূতি জাগিয়ে তোলার চেন্টা করি। গালিয়া তার সংমা'র জন্য গাছ লাগাল, সাশা লাগাল তার দিদিয়ার জন্য, ভিতিয়া লাগাল মাসীমা'র জন্য। কেউই শ্রমের প্রতি উদাসীন্য দেখাল না। বসস্তকালে ও গ্রীম্মকালে ছেলেমেয়েরা গাছপালায় জল দিত, আনিত্টকর পোকামাকড় ধরণ্য করত। আপেল গাছ ও আঙ্রে লতা সব্রুজ হয়ে উঠল। তৃতীয় বছরে প্রথম ফুল দেখা দিল, প্রথম ফল ফলল। প্রত্যেকেরই ইচ্ছে হচ্ছিল তার গাছের ফল যেন তাড়াতাড়ি পাকে।

তোলিয়া, তিনা ও কোলিয়া যে আনন্দ পেল এটা আমার কাছে ছিল বড় স্বুখের ব্যাপার: ওদের গাছে রসালো আপেল পেকে উঠেছে, আঙ্বর লতায় টসটস হয়ে উঠেছে সোনালি আঙ্বর গাছে। ছেলেমেয়েরা পাকা ফল পেড়ে মা'দের কাছে নিয়ে গেল। এটা ছিল ছেলেমেয়েদের জীবনের এক অবিস্মরণীয় দিন। আমার মনে আছে কোলিয়া যখন মা'কে দেওয়ার জন্য গাছ থেকে আপেল পাড়ে তখন তার চোখে কী দরদের ভাবই না উপছে পড়ে!

বিদ্যালয়-জীবনের দিতীয় বছরে শিশ্বদের শ্রম মহৎ অন্ভূতিতে অনুপ্রাণিত হয়ে ওঠে। মা-বাবাদের জন্য খামারবাড়ি সংলগ্ন যে জমি ছিল সেখানে ছেলেমেয়েরা সকলে মা-বাবা, ঠাকুমা-দিদিমা ও দাদ্বদের জন্য ফলের গাছ লাগাল। 'এই হল মা-বাবা, ঠাকুমা-দিদিমা আর দাদ্বদের আপেল গাছ,' ছেলেমেয়েরা গর্ব করে বলল। সাশা তার মা ও বাবার স্মৃতিতে আপেল গাছ লাগাল; গালিয়া ও কোছিয়া তাদের মা'দের স্মৃতিতে ফলের গাছ বড় করে তুলতে লাগল, তারা তাদের সংমা'দের কথাও ভুলল না — তাদের জন্যও একটি করে আপেল গাছ লাগাল।

এই গাছগানিকর প্রতি শিশারা যে যত্ন নের সে রকম গভীর যত্ন আর কোন কাজে তাদের দেখা যায় নি। সকলেই অধীর আগ্রহে প্রতীক্ষা করে কখন আপেল গাছে ফুল ফুটবে। আপেল গাছে থেকে প্রথম ফলের জন্য ধৈর্য ধরে অপেক্ষা করা, সে ফল পাড়া, মা'কে দেওয়া — নিছক শ্রমপ্রক্রিয়া নয়, যে প্রক্রিয়া ছেলেমেয়েয়া একের পর এক সাধন করে এসেছে। এ হল নৈতিক বিকাশের এমন কতকগানি ধাপ যা বয়ে ওপরে ওঠার সময় শিশারা তাদের কাজের সোল্বর্য অন্ভব করে।

মান্ধের জীবনে পরম পবিশ্ব ও স্কুদর — জননী। যে শ্রম মা'কে আনন্দ দের তার নৈতিক সৌদদর্য যাতে শিশ্রা অনুভব করতে পারো সেদিকে দৃষ্টি দেওয়া অভাস্ত গ্রুব্রেপ্র্ণ। ধীরে ধীরে আমাদের দলের মধ্যে উভূত হল ও স্কুদ্প্রতিষ্ঠিত হল এক চমৎকার ঐতিহা শরৎকালে, মাটি ও শ্রম যখন মান্ধকে ম্কু হস্তে সম্পদ উপহার দিয়ে থাকে তখন আমরা শারদীয়

মাতৃ-উৎসব উদ্যপেন করতে লাগলাম। ঐ দিন প্রত্যেক ছাত্রছাত্রী নিজের প্রমে যা ফলিয়েছে, সারাটা গ্রীষ্মকলে এমন কি করেক বছরা ধরে যার স্বপ্ন দেখেছে এমনি নানা ধরনের জিনিস — ছোট্ট জমিটাতে ফলানো আপেল, ফুল, গমের শীষ মো-বাবাদের জন্য খামার সংলগ্ন যে জমি ছিল তাতে প্রতিটি শিশর্ব মনমতো প্রমনিয়োগের জায়গা থাকত) মা'কে এনে দিত। 'মা'কে যত্ন কর,' শারদাীয় মাতৃ-উৎসবের প্রভৃতির মধ্য দিয়ে আমরা ছেলেমেরেদের চেতনায় এই ভাবনার দৃঢ় প্রতিষ্ঠা ঘটাই। মা'র আনক্ষের জন্য শিশ্ব তার প্রমে যা বেশি অন্তরের শক্তিপ্রয়োগ করে ততই বেশি তার হৃদয়ে মন্ত্রাক্তের অধিষ্ঠান।

আমাদের এখানে বসন্তকালীন মাতৃ-উৎসবেরও জন্ম হয়।
বনের মধ্যে আমরা একটা নির্জন ফাঁকা জারগা খ'লে পেলাম—
গ্রীন্মকালে এখানে অনেক ফল জন্মায়। এই আশ্চর্য জারগাটার
সান্নিধ্যে ছেলেমেরেরা পরম আনন্দ অনুভব করত। তাদের
ইচ্ছে হল নির্জেদের এই আনদের ভাগ মা'দের দেয়। একটা
চিন্তা ওদের মাথার খেলে গেল: প্রথম যে ফুল এখানকার মাটির
শোভা বর্ধন করবে, সেটা মা'কে দিতে হবে। এই ভাবে দেখা
দিল বসন্তের মাতৃ-উৎসব। এই দিন ছেলেমেরেরা নিন্ধ ন্নোড্রপ
ঘণ্টাফুল ছাড়াও হট্ হাউস-এ চাব-করা ফুল মা'দের এনে দেয়।
মা'কে উপলক্ষ করে উদ্যাপিত এই উৎসবগর্লাতে কোলাহল
ও 'সংগঠিত অনুভঠানের' পদ্ধাতি পরিহার করাই প্রেয়। মা'র
প্রতি সন্মান প্রদর্শনি যাতে গভার ব্যক্তিগত, পারিবারিক
ব্যাপার হয় আমরা সেদিকে দ্ভিট রাখি। এখানে প্রধান ব্যাপার
বড় বড় কথা নয়, গভারি অনুভৃতি।

মানবজাতিকে ভালোবাসা আপন জননীর মঙ্গল করার চেয়ে সহজ — শোনা যায় এই রকম একটি উক্তি করেছিলেন অন্টাদশ শতাবদীর ইউক্রেনীয় লোকদাশনিক গ্রিগোরি দকভরোদা। এই বচনটির মধ্যে লোকিক শিক্ষাতত্ত্বের গভীর প্রজ্ঞা নিহিত আছে। নিকট মান্বের প্রতি, প্রিয়জনের প্রতি অন্রাগ যদি হদয়ে দ্টপ্রতিষ্ঠিত না হয় তাহলে মন্ব্যুত্বের শিক্ষা দেওয়া অসম্ভব। মান্বের প্রতি ভালোবাসার কথা মানেই ভালোবাসা নয়। আন্তরিকভা, সোহাদ ও সহান্ত্তি শিক্ষার প্রকৃত বিদ্যালয় হল পরিবার; মা-বাবা, ঠাকুমা-দিদিমা, দাদ্ আর ভাইবোনদের প্রতি সম্পর্কই হল মন্ব্যুত্বের প্রীক্ষা।

শিশ্বদের প্রমকে হতে হবে সোন্দর্য স্কানধর্মী —
শিক্ষাক্ষেরে নন্দনতত্ত্ব ও নাতিজ্ঞানের ঐক্য এই দাবিই করে।
বিদ্যালয়-জাবিনের প্রথম শরংকালে আমরা বনগোলাপের বাজ
যোগাড় করে দকুলের এলাকায় আমাদের জন্য নির্দিষ্ট জামিতে
বুনে দিলাম। বনগোলাপের সঙ্গে সাদা, লাল, বন লাল আর
হল্দে রঙের গোলাপের অঞ্চ্রেরে জ্যেড় বাঁধলাম। আমরা
আমাদের 'গোলাপেবাগ' তৈরি করলাম। প্রথম ফুল যখন দেখা
দিল তখন ছেলেমেরেদের যে আনন্দ হল তা ভাষায় প্রকাশ
করা কঠিন। ওরা ঝাড় ছাতে ভয় পেল, পাছে ফুলের কোন
ক্ষাতি হয়। আমি যখন বললাম যে ফুল যদি ঠিকমতো তোলা
যায় তাহলে সারা গরমকাল ধরে গাছে ফুল ফুটবে তখন
ওদের আনন্দ আর ধরে না। প্রত্যেকেরই ইচ্ছে ইচ্ছিল মাকে
ফুল দেয়। শারদাীয় মাতৃ-উৎসবের সময় আপেলের সঙ্গে সঙ্গে
গোলাপফুলের ছোট স্থবক মা'দের উপহার দেওয়া যাবে ভেবে
শিশ্বদের বড় আনন্দ হল।

স্কুলে শিক্ষার প্রথম বসন্তকালে আমরা অনেক ফুলগাছ লাগাই। গাছগঢ়ালিকে সবসময় পরিচর্যা করা দরকার। বিশেষ করে গাছে জল দেওয়া কাজ্টা সহজ নয়। এই সময় ওপরের ক্লাসের ছাত্রছাত্রীরা একটা ছোটখাটো পাশ্পিং ব্যবস্থা তৈরি করে ফেলল পাশ্প করে জল নিয়ে আসা ফেত ফুলবাগিচায়, এব ফলে ছোটদের পক্ষে শ্রম লাঘব হল, আর কাজটায় সকলেরই উৎসাহ দেখা গেল — এমন কি সবার ছোট ফে দাঞ্চেল সে-ও আধ-মণ্টার মধ্যে স্বগ্রেলা ফুলগাছে জল দেওয়ার কাজ সারতে পারে।

আমার ইচ্ছে ছিল ফুলচাষ যেন প্রতিটি শিশ্রের ব্যক্তিগত
শথ হয়ে দেখা দেয়। সম্ভবত গোলাপপরিরচর্যার মতো এমন অর কোন শ্রম নেই যা প্রভূত পরিমাণে হাদরকে সম্রহাত করে, সৌন্দর্য ও স্থিতির, স্জানকর্ম ও মন্ব্যুদ্ধের সমন্বর ঘটায়। প্রতিটি শিশ্রে মনে যাতে নিজের বাড়িতে বাগান করার বাসনা জাগে আমি সেদিকে দ্লি রাখি। তৃতীয় ও চতুর্থ শ্রেণীতেই আমার শিক্ষার্থারা বাড়ি-সংলগ্ন জমিতে চাষ-করা গোলাপের সৌন্দর্যে মৃদ্ধ হতে শেখে।

জীবনের অভিজ্ঞতায় আমার এই প্রতায় জন্মায় যে শিশ্ব বিদি সৌন্দর্যসভোগের উন্দেশ্যে ফুল চাম করে, যদি তার প্রমের একমার পারিতোষিক হয় সৌন্দর্য উপভোগ এবং অন্য মান্বের স্থ ও আনন্দের জন্য সেই সৌন্দর্যস্থি তাহলে সে মন্দ ও ইতর কর্মে প্রবৃত্ত হতে পারে না, মানবিবের ও নির্দর হতে পারে না। এ হল নীতিশিক্ষায় অন্যতম জটিল প্রশ্ন। সৌন্দর্য নিজে এমন কোন যাদ্বকরী শক্তি ধারণ করে না যা মান্বকে মনের উদারতা শেখাতে পারে। সৌন্দর্য নৈতিক পরিক্ষরতার, মন্বান্থের শিক্ষা দিতে পারে একমার তথনই যখন সৌন্দর্য স্থিকারী শ্রম উচ্চ নৈতিক প্রেরণাবশত, মানবায়িত হয়ে ওঠে, সর্বোপির পরিপ্রিত হয় মান্বের প্রতি শ্রদ্ধাবোধে। মান্বের জন্য সৌন্দর্যস্থিকারী শ্রমের এই মানবায়ন যত গভীর হয়

ততই বেশি করে মান,ষের নিজের প্রতি শ্রদ্ধাবোধ জাগে, তত্তই র্বোশ তার কাছে অসহনীয় হয়ে ওঠে নীতিবোধের অভাব। নীতিশিক্ষার ক্ষেত্রে সৌন্দরেবি ভূমিকা আমাদের শিক্ষকমণ্ডলীর মধ্যে আলোচনার বিষয় হয়ে দাঁড়ায়। স্কুলের ছাত্রছাত্রীদের অন্তর্কোকের উপর, বিশেষত ভাবাবেগের উপর প্রভাববিস্তারকারী অন্যতম উপায় হিশেবে সৌন্দর্যকে বড রকমের গ্রের্ড দেওয়ার *সঙ্গে সঙ্গে* এই প্রভাবের ভূমিকার যাতে অতিম্ল্যায়ন না ঘটে সে বিষয়েও আমরা সতর্ক হই। কোন্ কোন্ পরিস্থিতিতে সোন্দর্য শিক্ষামলেক প্রভাব হয়ে দেখা দেয়? মনস্তত্তসংক্রান্ত সেমিনারে আমরা নিজেদের সামনে এই প্রশ্ন উত্থাপন করি। এর উত্তর বেরিয়ে এলো শিক্ষাপ্রক্রিয়ার নিরমের সাধারণ বিশ্লেষণ থেকে। অভিজ্ঞতা বিনিময়ের সাহায্যে, কনিষ্ঠ, মধ্যম ও জ্যেষ্ঠ শিক্ষার্থীদের অন্তর্লোকের উপর শিক্ষকের প্রভাববিস্তারের পদ্ধতি ও প্রণালী বিশ্লেষণের সাহায্যে আমাদের আরও বেশি করে এই বিশ্বাস জন্মাল যে এমন কোন একক, সর্বশাক্তিসম্পন্ন পদ্ধতি নেই এবং থাকতেও পারে না যা শিক্ষাদানের ক্ষেত্রে সাফল্য স্ক্রনিশ্চিত করার সঙ্গে সঙ্গে শিক্ষামূলক প্রভাবের অন্যান্য ক্ষেত্রের দূর্বলভাজনিত ক্ষতি পরেশ করতে পারে।

নশ্দনতাত্ত্বক শৈক্ষাকে স্থাপর ভাবে উপস্থাপন করা যেতে পারে, কিন্তু ক্ষমিউনিস্ট শিক্ষার অন্যান্য উপাদান ও অঙ্গভিত অংশে যদি গ্রের্তর হাটি থেকে যায় তাহলে সোক্ষরের শিক্ষাম্লক প্রভাবও দ্বলি হয়ে পড়ে, এমন কি নিক্ষলতার পর্যবিস্ত হতে পারে। শিশ্ব অন্তর্লোকের উপর প্রতিটি প্রভাব শিক্ষাম্লক শক্তি অর্জন করে একমার তথনই যথন পাশাপাশি চলে ততটাই গ্রের্ড্পার্ণ অন্যান্য প্রভাব। কোন

কোন ক্ষেত্রে মান্ত্র্য ফুলচাষের প্রতি বত্ন নিতে পারে, ফুলের সৌন্দর্যে মৃদ্ধ হতে পারে, আবার সেই সঙ্গে মানববিদ্বেষী, উদাসীন, নির্দয়েও হতে পারে — সবই নির্ভার করে আমরা, শৈক্ষাদাতারা, যে প্রভাবের উপর বিশেষ আশা-ভরসা ন্যন্ত করে ঝাকি তা ব্যক্তির অন্তর্লোকের উপর প্রভাববিদ্যারের আর কোন্ কোন্ উপারের পাশাপাশি অবস্থান করছে তারই উপর।

এই সত্য আমাদের শিক্ষকমণ্ডলীর প্রত্যয়ে পরিণত হতে লগেল। নির্দিষ্ট একেক জনের জ্বীবনের অবস্থা পর্যালোচনা করে আমরা শিক্ষাসংলাভ প্রভাবের সামঞ্জস্যবিষয়ক সমস্যার সন্ধান পেলাম। আমার মতে এটা হল শিক্ষার অন্যতম মৌলিক, বনিয়াদী নির্ম। আমি মোটেই এমন মত পোষণ করি না বে এই সমস্যা আমাদের বিদ্যালয়ের ব্যবহারিক শিক্ষাকর্মো সমাধিত হয়েছে, তবে তার সমাধান ও অনুসন্ধানের জন্য কম কাজ করা হয় নি। শিক্ষার অন্যতম গ্রেড়পূর্ণ নিয়মের অভিব্যক্তিস্বরূপ এই সমস্যার মূল কথা নিহিত আছে নিদ্রোক্ত বিষয়টির মধ্যে: ব্যক্তির উপর প্রভাব বিস্তারকারী প্রতিটি উপায়ের শিক্ষাতাত্তিক ফলপ্রসূতা নির্ভার করছে প্রভাবের অন্যান্য উপায় কতটা সংপরিকল্পিত, উদ্দেশ্যনিষ্ঠ ও ফলপ্রসা, তার উপর। শিক্ষার উপায় হিশেবে শ্রমের শক্তি কতটা দক্ষতার সঙ্গে উন্মৃক্ত হচ্ছে, বৃদ্ধিবিবেচনা ও অনুভূতির শিক্ষা কতটা গভীর ভাবে ও স্কর্পরিকল্পিতরূপে সম্পন্ন হচ্ছে তারই উপর নির্ভার করছে শিক্ষার উপায়র্পে সোন্দর্যের শক্তি। শিক্ষকের মূখের কথা একমাত্র তথনই শিক্ষামূলক শক্তি অর্জন করে যথন বয়োজোষ্ঠদের ব্যক্তিগত দৃষ্টান্ত সক্রিয় থাকে, যখন শিক্ষার আর সমস্ত উপায় নৈতিক পরিচ্ছন্নতা ও মহত্তে অনুপ্রাণিত হয়।

শিক্ষামূলক প্রভাবসমূহের মাঝখানে শত শত, হাজার হাজার আপেক্ষিকতা ও শর্তাবদ্ধতা আছে। এই আপেক্ষিকতা ও শর্তাবদ্ধতা কী ভাবে বিবেচিত হয়, সঠিকতর ভাবে বলতে গেলে, ব্যবহারিক ক্ষেত্রে প্রযুক্ত হয়, তারই দ্বারা শেষ পর্যন্ত নিধ্যবিত হয় শিক্ষার ফলপ্রস্তা। শিক্ষাবিজ্ঞানের বিরুদ্ধে যে অভিযোগ সকলকে উন্তাক্ত করে তা হল এই যে শিক্ষাবিজ্ঞান জীবন থেকে পশ্চাংপদ। আমার মতে এই আভিযোগের সময় বিশেষ করে মনে রাখা দরকার যে ব্যক্তির উপর যে-কোন প্রভাব তার শক্তি হারায়, যথন অন্যান্য আরও অনেক প্রভাব সেক্ষেত্রে সন্ধিয় না থাকে, যে-কোন নিয়ম শ্নাগর্ভ শব্দে পরিণত হয়, যখন আরও বহু নিয়ম তার সঙ্গে কার্যকরী না হয়। শিক্ষাতত্ত্বসেই পরিমাণেই পিছিয়ে থাকে যে পরিমাণে ব্যক্তির উপর আরও বহু, প্রভাবের আপেক্ষিকতা ও পারুপরিক শর্তাবন্ধতা অনুসন্ধান করে না দেখে। শিক্ষাবিজ্ঞান একমাত্র তথনই খাঁটি বিজ্ঞানে পরিণত হবে বখন তা শিক্ষাতভুসংফ্রাপ্ত ঘটনাসমূহের স্ক্রোতম, জটিলতম আপেক্ষিকতা ও পারম্পরিক শত্রিবদ্ধতা অনুসন্ধান করবে, ব্যাখ্যা করবে।

...জশ্ম নিল কুস্নুমের উৎসব। এ রকম উৎসব করেকটি ছিল। বসত্তের কুস্নুমোৎসব — এ হল লিলি, টিউলিপ ও লাইলাকের উৎসব। এই দিন আমরা বেতাম বনে, লাইলাক ফুলের বাগানে। বাগানটা আমরা বানিয়েছিলাম স্কুল-জীবনের প্রথম শরংকালে। ছাত্রছাত্রীরা প্রত্যেকে ফুস্স সংগ্রহ করে ছোট তোডা বাঁধত, চেণ্টা করত বর্ণসিনুষমার অনুপম সমন্বর খুঁজে বার করার। ওরা লন্-এ আসত, মৃশ্ধ হয়ে তোড়াগ্রলির সোন্দর্য দেখত। সেগ্রলি এনে দিত তাদের মারেদের অর

আমাদের বন্ধ্যানর আন্দ্রেই দাদ্ধে ও ওল্গা দিদিমাকে। ওরা প্রাক্বিদ্যালয় পর্বের ছেলেমেয়েদেরও উৎসবে আমন্ত্রণ জানাত, তাদের জন্যও তোড়া বানাত।

দ্বিতীয় উৎসব গোলাপের উৎসব। স্কুলের 'গোলাপরাগ' আর বাড়ি-সংলগ্ন জমি থেকে ফুল তুলে ছেলেমেয়েরা তোড়া বানাত। শিক্ষার দ্বিতীয় বছরেই গুদের প্রায় সকলের বাড়িতে গোলাপ ঝাড়ের চাষ চলত। সবচেয়ে স্কুন্দর তোড়া আমরা আন্দেই দাদ্ আর ওল্গা দিদিমাকে দিই।

তৃতীয় উৎসব — মেঠো ফুলের উৎসব। এই উৎসব শিশ্লের সবচেরে বড় আনশ্দ দিত। আমরা ভোরবেলায় মাঠে যেতাম — এই সময়টায় ফুল বিশেষ স্বন্দর। মেঠো ফুলের স্বন্দর তোড়া বানানো — সত্যিকারের শিলপস্থিট। ওরা তোড়া নিয়ে স্কুলে আসত, বিশ্রাম করত, স্বপ্ন দেখত আমাদের এখানেও কবে মেঠো ফুল ফুটবে। ওরা মনে করে রেখেছিল কোথায় সবচেয়ে স্বন্দর ফুল ফোটে, শরংকালে বাজ সংগ্রহ করত, শেকড় খাড়ে আনত। স্কুলের সংলগ্ধ বাগানে নানা রক্মের মেঠো ফুল ফুটল।

শারদীয় কুস্মেশংসব, অর্থাং চন্দ্রমিল্লকার উৎসবে থাকত গ্রীন্মবিদায়ের বিষয়তা। এ উৎসব যত দেরিতে উদ্যাপন করা যায় তার জন্য কত পরিপ্রমই না ব্যায়ত হত! আমরা ঠাণ্ডা বাতাস আর হিম থেকে চন্দ্রমিল্লকার ঝাড়গা্লিকে রক্ষা করতাম, কাগজের টোপর দিয়ে রাতে তাদের তেকে রাথতাম। শারদীয় কুস্মুমোৎসবের পর আমরা ফুলগাছগা্লিকে হট্ হাউস-এ স্থানাতরিত করতাম। বিদ্যালয়-জীবনের তৃতীয় বছরে ছেলেমেয়েরা প্রথম য়োড্লপ ফুলের উৎসব উদযাপন করল। বনে তথন বরফ পড়ে আছে কিন্তু মাটি ইতিমধ্যে শীত্যুম থেকে

জেগে উঠেছে। বনের ভেতরে ফাঁকা জায়গায় দেখা দিয়েছে প্রথম বেগনী-নীল ও সাদা ফুলের ঝুমকো। এই দিন ছেলেমেয়েরা তাদের মায়েদের দিত ছোট ছোট ফুলের তোড়া।

শিশ্রা যাতে শ্রমের মধ্যে অন্তরের আনদের উৎস দেখতে পায় আমি সে ব্যাপারে সচেন্ট হই। মনেষ যেন শ্ব্দ অপ্লবস্থের জন্য, বাসন্থান নির্মাণের জন্য শ্রম না করে, তার বাড়ির পাশে যাতে ফুল ফোটে, সেই ফুল যাতে তাকে এবং অন্যদের আনন্দ দেয় — যাতে শৈশবেই মানুষ আনন্দের জন্য শ্রম নিয়োগ করে, সেদিকেও দ্যিত রাখা চাই।

শকুলে পড়াশুনা শ্রের করার এক বছর বাদেই মা-বাবাদের বাড়ি-সংলগ্ন জমিতে ছেলেমেয়েদের জন্য ছোট ছোট সোন্দর্যালাকের আবিভাবে ঘটল। প্রায় সকলেরই অংশে গোলাপ ফুল ফুটল। তাছাড়া প্রত্যেকেরই ছিল নিজের নিজের প্রিয় ফুল। ভারিয়া, লিদা, পাড়েলো, সেরিওজা, কাতিয়া, লারিসা ও কোপ্তিয়া চন্দ্রমাল্লকা ভালোবাসত। সানিয়া, জিনা, লিউবা, লিদা ও সাশা পিশ্কফুল ও টিউলিপ পরিচর্যা করে ভানিয়া, ভিতিয়া ও পেরিক লাইলাকের কয়েকটি ঝাড় লাগায়। আমি ছেলেমেয়েদের দেখাতাম কী ভাবে ফুলের পরিরচর্যা করতে হয়, কী ভাবে চারা তৈরি করতে হয় এবং গাছের জনা সবচেয়ে ভালো জায়গা বাছতে হয়।

পদ্পপ্রত্রীতি কোলিয়া ও তার মায়ের মধ্যে বিবাদের কারণ হয়ে দাঁড়াল। ছেলেটা হট্ হাউস-এ কাজ করতে ভালোবাসত। আমি ওকে চন্দ্রমাল্লকার তিনটি ঝাড় দিলাম, দেখিয়ে দিলাম কী করে ওগঢ়োলকে লাগাতে হয় এই সময় আমবা ভালো জাতের টমেটোর চারা ছেলেমেয়েদের বিতরণ করি। চন্দ্রমাল্লকার সঙ্গে কোলিয়া ডজনখানেক টমেটোর চারাও বাড়িতে নিয়ে এলো। মা টমেটো লাগালেন, আর কোলিয়া লাগাল চন্দ্রমল্লিকা।
সপ্তাহদ্রেক বাদে মা চন্দ্রমল্লিকার ঝাড়গঢ়লি দেখতে পেলেন —
সেগালি ইতিমধ্যে শক্ত শেকড় গেড়ে বসেছে তিনি
চন্দ্রমল্লিকা উপড়ে ফেলে দিলেন। ছেলেটা ফেলে-দেওয়া
ফুলগাছ বেড়ার কাছে দেখতে পেয়ে কাঁদতে কাঁদতে মা'র কাছে
ছুটে এলো। মহিলা হাসলেন: '৫ঃ কী আমার ফুল রে — তার
জন্যে আবার দুঃখু! ফুল দিয়ে আমাদের কী হবে শানি?
ফুল ছাড়া এতদিন চলেছে, এখনও চলবে।' কোলিয়া চুপচাপ
ফুলগাছ তুলে নিয়ে চালাঘরের পেছনে এক কোণে লাগাল.

কিছ্,কাল বাদে কে: লিয়া কয়েকটি নীল ফুল এনে মাকে দিয়ে বলল: 'মা, দেখ কী স্কুলর!' বালকের এই কথাগ্রলির মধ্যে জটিল অন্তর্ভাতি নিহিত ছিল। সে হয়ত বলতে চেয়েছিল: 'মা, আমি চাই, আমাদের পরিবারের জীবন বেন এই ফুলগ্র্লোর মতোই স্কুলর হয়।'

ছেলেমেয়েরা প্রবল আন্তরিকতার সঙ্গে 'পাখিদের ডাক্তারখানায়' কাজ করে চলে।

ঝড়বৃত্তির পর আমরা বনে বেতাম, সেখানে সবসময়ই বাসা থেকে পাখির ছানা মাটিতে পড়ে থাকতে দেখতাম। 'পাখিদের ডাক্তারখানায়' বহুক্ষণ শিশ্বকণ্ঠের কলধন্নি চলে। ...আর শীতকালে কনকনে ছিমের সময় 'পাখিদের ডাক্তারখানার' জানলার সামনে কুমড়োর বাঁচি সাজিয়ে রাখা হত পাখিদের খাবার হিশেবে। বহু, নীলকণ্ঠ পাখি খাবারের ওপর এসে উড়ে বসত। খাবারে যখন আর কুলোত না তখন ওবা কিচিরমিচির করে আরও খাবার চাইত। ছেলেমেযেরা টেবিলের ওপর দানা ছড়িয়ে দিত, নীলকণ্ঠ পাখিরা উড়ে ঘরের ভেতরে চলে আসত, ঠুকরে ঠুকরে খাবার খেত। ধীরে ধীরে পাখিরা

ছেলেমেরেদের সঙ্গে মানিয়ে নিল, আরও বেশি সময় ধরে ঘরের মধ্যে থাকত, এমন কি হিমেব রাতে ঘক ছেড়ে বাইরে যেত না। ওরা আনন্দে কিচিরমিচির করত, ঘাড়ে, হাতে ও মাধায় উঠে এসে বসত। যে দিন রোদ থাকত সে দিন ওরা খাবার খেয়ে সঙ্গে সঙ্গে উড়ে চলে খেত। বাচ্চারা বন্ধ্দের বিদায় দিতে চায় না। পাথিরাও যেন এটা অন্ভব করত: তাদের কলকাকলির মধ্যে বাচ্চারা যেন শ্নতে পেত এই প্রার্থনা: মাফ্ করবে, আমরা কিন্তু বেশিক্ষণ থাকতে পারছি না।

কোলিয়া, ইউরা, সাশা, কোন্তিয়া ও পাভ্লো 'পাখিদের ডাক্টারখানায়' অনেক ঘণ্টা ধরে কাটাত। আমি ছেলেমেয়েনের পরামশা দিলাম নিজেদের বাড়িতেও পাখিদের খাওয়ানোর বাবস্থা করতে। সকলের বাড়ির জানলার কাছে খোপ তৈরি হল, সোগ্লিতে থাকত কুমড়োর বীচি। আর পাভ্লো ত পাখিদের জন্য ছোটখাটো বাসাই বানিয়ে ফেলল।

আপাতদ্বিষ্টতে এ সবই অকিঞ্চিৎকর মনে হতে পারে, মনে হতে পারে যে শিক্ষার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। কিন্তু বন্ধুতপক্ষে প্রাণীর প্রতি বন্ধ — এটাই হল অন্তরের সংবেদনশীলতা, সহাদয়তা ও অন্তুতিপ্রবণতার শিক্ষা।

তৃতীয় শ্রেণী থেকে শ্বর্ক করে 'ভার্ই পাথির উৎসব' শ্রম ও শিলপস্থির এক নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ উৎসবে পরিণত হয়। এই উৎসবের প্রসঙ্গ অবশ্য আগেই উল্লেখ করা হয়েছে। মেরেরা ময়দা দিয়ে ছোট ছোট ভার্ই পাথিব আকারে বর্টি বানার। প্রত্যেকেই তাদের সাধারণ স্থিতর মধ্য দিয়ে উড়স্ত পাথিব প্রবল বেগ সঞ্চারের চেষ্টা করে। এ ছিল এক মৌলিক স্থিতকর্ম। মেরেরা একে অন্যকে নিজের নিজের ভার্ই

পাখি দেখাত, সেগালির মধ্যে গতি ছাড়াও গাঁতের সন্ধান পেত। ঐ সময় তারা নিজেদের মধ্যে বলাবলি করত: 'তোর পাথিটা চুপ করে আছে, আর আমারটা গান গাইছে।'

ছেলেমেরের। বড় হয়ে মাঠে কাজ করতে যাবে, পশ্পালনফার্মে কাজ করবে, তারা চাষী হবে, দ্বাদ্দেহনকারিণী হবে, কৃষিবিদ ও উদ্যানপালনিবদ হবে। অতি শৈশবেই ছেলেমেরেরা যাতে মাঠে ও ফার্মে সাধারণ কাজ করার সৌন্দর্য অন্ভব করতে পারে সোদকে নজর রাখা দরকার। সাধারণ কৃষিশ্রম যাতে শিশ্বদের আনন্দ দান করে সোদকে দ্ভিট দেওয়া খ্বই গ্রেম্পর্ণ । আর খেলাধ্লা ছাড়া, শ্রমসংলাভ কার্যকলাপের সমন্টিগত প্রেরণা ছাড়া, সম্ভিতে পারস্পরিক সম্পর্কের সৌন্দর্য — সোহদেম্লক পারস্পরিক সহায়তা ও মৈত্রীর প্রেরণা ছাড়া এটা অসভব। আমরে শিক্ষাধারীর সবসময়ই সর্বসাধারণের কাজকে অভ্র দিয়ে গ্রহণ করত, তার ফলাফল নিয়ে ভারত। ক্লাস সর্বদাই ছিল সম্ভিশ্রের দল।

বসন্তকালের প্রথম দিকে আমরা পদ্বপালন-ফার্মে তানিয়ার বাবার কাছে গেলাম। আমানের জন্য চালাঘরে গরম দেখে একটা কোণ জালাদা করে দেওরা হল, এখানে রাখ্য হল চারটি ভেড়ার বাচ্চা — তানিয়ার বাবা সবচেয়ে দ্র্বল দেখে ভেড়ার বাচ্চা বেছে দিলেন। এই ছোট বাচ্চাগ্রলির পরিচর্যা করব, রোজ ওদের গরম গরম বিচালির কাথ আর দ্বধ খাওয়াব, ধত দিন না বাচ্চাগ্রলো বেশ স্কৃষ্থ হয়ে ওঠে — আমি ছেলেম্মেদের বললাম।

অনেক সময় শোনা যায়, এমন সমস্ত নিষ্কর্মা আছে যারা কোন ব্যাপারেই আগ্রহ বোধ করে না, অনেকের হৃদয় এ হ কঠিন যে কিছুতেই তাদের সংশোধন করা যায় না। কথাটা সত্যি নয়। ছোটদের অনুপ্রাণিত কর্বন (উঠতি বয়সের ছেলেমেয়েদের নয় ১১-১২ বছর বয়সের ছেলেমেয়েদের সে রক্ম অন্তর্প্রাণিত করতে গেলে বিলম্ব হবে) পশ্বপালন-ফার্মে ভেড়ার বাচ্চা পরিচর্যার মতো দিয়ে, ছোটদের নিয়ে মাসদুয়েক এ রকম কাজ করে দেখুন দেখতে পাবেন প্রম উদাসীনের মনও কী রকম আর্দ্র হয়। প্রমের সোল্বর্য দিয়ে সম্বিট্যত ভাবে শিশ্বদের অনুপ্রাণিত করা—এ হল শ্রমশীলতার প্রবল উংস। আমাদের ক্রাসে একজনও উদাসীন ছিল না, একটিও নিম্কর্মা ছিল না, আর এ হল সাধারণ শ্রমে শিশ্বদের অন্যপ্রাণিত করে তোলারই ফল। আমরা ভালো বিচালি খাজে এনে তা সেদ্ধ করে কাথ বানিয়ে ভেড়ার বাচ্চাদের খেতে দিতাম, ওদের দুধ খাওয়াতাম। ভেড়ার বাচ্চারা যথন সবুজ ঘাস খেতে শ্রু করল তথন ছেলেমেয়েরা হট্ হাউস থেকে ওদের জন্য যব আর জই এনে দিত : আর ঘাসে যখন সব্জে রং ধরল তখন ভেড়ার ছান্যদের রসালো খাদ্যের আর অভাব রইল না। তানিয়ার বাবা চালাঘরের কাছে ওদের চরে বেডানোর জন্য জারগা ঘিরে দিলেন, আমরা সারা দিনের জন্য ভেডার ছানাদের ওখানে ছেডে দিতাম। এটা ছিল আমাদের 'ভেডার ফার্ম'।

বিদ্যালয়-জীবনের তৃতীয় বছরে আরও গ্রহ্পণ্ণ, নতুন নতুন কাজ দেখা দিল — ছেলেমেরেদের ইচ্ছে হল বাছ্রদের পরিচর্যা করে। আমাদের জন্য আরও একটা জায়গা দেওয়া হল — এ জায়গাটা ছিল ডেয়ারী ফার্মে। ছেলেমেয়ের গোটা শীতকাল ধরে হট্ হাউস-এ বব আর জই ফলাল। গ্রীণ্মকালে বাছ্রদের জন্য বিচালি শ্কাল। বহু ছেলেমেযে প্রায় প্রত্যেক দিন ফার্মে আসত। বসন্তকাল আসতে ভেড়া ও ভেড়ার বাচ্চাদের যখন ফিল্ড ক্যান্দেপ নিয়ে যাওয়া হল তখন বাচ্চারা মনে কট পেল। তাদের ইচ্ছে হল অন্তত একদিন যেন প্রকৃতির মাঝখানে, মাঠে ওদের থাকতে দেওয়া হয়ৢৢৢৢ রবিবার দিন আমরা মাঠে যেতাম। ভেড়া ও ভেড়ার বাচ্চাদের চরাতাম, রাখালদের কেটে রাখা বিচালি সংগ্রহ করতাম; বসন্তের প্রথম ঘাস — ভেড়ার বাচ্চাদের প্রথম আস — ভেড়ার বাচ্চাদের প্রথমকালে, ক্লাসের পড়াশনার শেষে ছেলেমেরেরা প্রায় রোজই ফিল্ড ক্যান্দেপ আসতে থাকে। জাবনের অভিজ্ঞতায় দেখা গেছে যে মানুষ যদি শৈশবেই মামুলি কাজের সৌন্দর্যে অনুপ্রাণিত না হয়় তা হলে সেকথনও সাধারণ কৃষিশ্রম ভালোবাসতে পারে না।

বিদ্যালয়ের শিক্ষা ও পরীক্ষাম্লক জামতে শিশ্দের প্রমও রোমাণ্টিকভার অগ্নিকণায় উন্তাসিত হয়ে ওঠে। প্রথম প্রেণীতেই আমাদের জন্য ০০১ হেক্টর জাম আলাদা করে দেওয়া হয়। স্কুলের ওপরের ক্লাসের ছারছারীদের সঙ্গে ছেলেমেয়েয়া এখানে বানাল ছোট একটি বাড়ি—ইটের দেয়াল, টালির ছাদ, কাঠের মেঝে, ছোটখাটো উন্নে, জলের পাইপ, বৈদ্যাতিক বাতি—সবই সাজ্যকারের বাড়ির মতো, ভবে সবই ছোটখাটো। ছেলেমেয়েয়া এই বাড়ির নাম দিল 'সব্জ বাড়ি'। এটি হয়ে দাঁড়াল আরও একটি আরামের জায়গা, বেখানে ছেলেমেয়েয়া থক্তির কাহিনী পাঠ করত, শন্নত। পরে, ছেলেমেয়েয়া যখন ভ্তীয় গ্রেণীতে উঠল তখন আময়া এখানে বীজ নিয়ে পরীক্ষা-নিয়ীক্ষা করতাম।

ছোট বাড়িটির নির্মাণকর্ম ছিল যেমন খেলা, তেমনি শ্রমও। কাজটা শেষ হওয়ার পর ছেলেমেয়েরা ওদের নিজের হাতের স্ক্রনকর্মের প্রতি যক্ন নিত। ওরা ভালো ভাবেই জানত যে এই বাড়িটা হল তাদের শ্রমের ফল। কোন রকম ব্যাখ্যাই জীবনের এই অভিজ্ঞতার স্থান গ্রহণ করতে পারে না।

শিশ্য যাতে সামাজিক শ্রমের প্রতি যর নের তার জন্য তাকে সামাজিক স্কানকর্মের প্রথম ব্যক্তিগত অভিজ্ঞতা অর্জন করতে হবে — সে অভিজ্ঞতার গোড়ায় যত তুচ্ছই হোক না কেন। বৈষ্মিক সম্পদের মর্মা একমান্ত তথনই উপলব্ধি করা যায় যথন সামাজিক ব্যাপার মান্যবের প্রিয় হয়ে দাঁড়ায়। এই গ্র্ণ শৈশবেই অর্জন করা উচিত। শিক্ষকেরা প্রায়ই বলে থাকেন যে উঠতি বয়সী ছেলেমেয়েদের মধ্যে কেউ কেউ সামাজিক সম্পদের অপচর ঘটায় — এ ব্যাপারে ওদের কোন চেতনা নেই কেন? কৈশোরে এবং যৌবনের প্রথম পর্বে মান্য যাতে মিতবয়মী ও অভ্যন্তরীণ শ্রুপলাবোধসম্পন্ন হয়, সামাজিক স্বার্থের প্রতি তার যয় যাতে লোক-দেখানো ধরনের না হয়ে দশজনের জিনিস সম্পর্কে আন্তরিক ভাবনা হয়ে প্রকাশ পায় — এ-ই যদি আপনার কয়য় হয় তাহলে শৈশবে সামাজিক একটা কিছুকে তার কাছে করে তুলতে হবে প্রিয়, ব্যক্তিগত আনন্দ থেকে, ব্যক্তিগত সমুখ থেকে অবিচ্ছেদ্য।

'সব্জ বাড়ির' লাগোয়া জমিতে আমরা গম, যব, বাক্
হাইট, ভূট্টা, স্থাম্থিট চাষ করি। বাড়িতে আমরা বীজ বাছাই
করতাম, ফসল রাথতাম, সার বানাতাম। ছেলেমেয়েদের শ্রম
ছিল জানার রোমাণিক অনুভূতিতে অনুশ্রাণিত। ওরা
ভেবেচিত্তে কাজ করত, কাজ করার সময় ভাবনাচিন্তা করত।
তাদের সামনে উন্মৃত্ত হতে থাকে প্রকৃতির রহস্য ও
নিয়মবদ্ধতা। জ্ঞান যে কেবল শ্রমের মধ্য দিয়ে প্রকৃতির শক্তি
কাজে লাগাতে এবং তা অর্জনে মানুষকে সাহায্য করে,
শৈশবেই যাতে আমার শিক্ষাথারা ব্যক্তিগত অভিক্ততার

মাধ্যমে এই প্রতায় লাভ করে, আমি সেদিকে দুণ্টি দিই। আমি তাদের গমের দানা সম্পর্কে বলি, শ্রম যে কী ভাবে তাকে জীবনীশক্তি দান করে সেকথা বলি। শিশুদের সামনে উন্মৃক্ত হয় জমিব জীবনের আশ্চর্য জগং। আমবা জমিতে জৈব পদার্থ এনে ফেলি, জমি উর্বার হয়ে ওঠে। ছেলেমেয়ের। প্রত্যেকে ১০০টি করে গমের দানা বোনে, তারা অত্যন্ত আগ্রহের সঙ্গে গাছের বৃদ্ধি লক্ষ্য করে। ছেলেনেয়েদের মধ্যে জমিকে এমন 'পেট পূরে খাওয়ানোর' ইচ্ছে জাগল যাতে গমের শীষগলোর বিশাল বিশাল, মোটা মোটা দানা জন্মায়। প্রত্যেকেরই ইচ্ছে হত নিজের গাছগালোকে আরও কত ভালো করে পর্নিউকর তরল পদার্থ খাওয়ানো যায়। এ ছিল সত্যিকারের স্ভানকর্ম, এই স্ভানকর্ম ওদের অন্তর্পাণত করত, অতি সাধারণ শ্রম প্রয়োগে আগ্রহী করে তলত। স্থপ্নে শীষ কেটে ওরা একটা একটা করে হাজার দানা গ**্রনত, ওজন করত: যে সব**চেয়ে বেশি ফসল তুলতে পারত দে দারুণ গর্ব বোধ করত: বাদবাকিরা আরও ভালো করে কাজ করার চেণ্টা করত।

আমার দেখে আনন্দ হল যে ছেলেমেরেরা গছেপালাকে গভীর ভাবে ভালোবাসে, মাটির জীবন অনুভব করে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে ওরা সাধারণ জমিতে যে রকম গমের দানা ফলে তার বিগুণে বড় দানা ফলার।

'সব্জ বাডিতে' ও হট্ হাউস-এ আমরা প্রণ্টিকর দ্বণে শসা ও টমেটো ফলাতাম। শতিকালে ছেলেমেরেরা পচা সার আর কালো মাটির প্রতিকর মিশ্রণ তৈরি করত, বসন্তকালে তা জমিতে ফেলত, আর শরংকালে প্রচুর আল্ল ও টমেটো সংগ্রহ করত।

ব্যাডিটাতে মধ্যম বয়সের ছেলেমেয়েদের জন্য 'সব্যুজ ল্যাবরেটার' বানানো হর্মোছল। কোন কোন ছেলেমেয়ে সেখানে কাজ করত। এখানে ওপরের ক্লাসের ছেলেমেয়েদের পরিচালনায় আমার শিক্ষার্থীরা উদ্যানপালন ও উদ্ভিদপালনের উপর কোত্রভালনক প্রীক্ষা-নিরীক্ষা চালায়। এখানে আমি ওদের দেখাতাম কী ভাবে বুনের জাতের ফলগাছের সঙ্গে চাষ-করা ফলগাছের সঞ্জর বানাতে হয়। দ্বিতীয় শ্রেণীতে ওরা সকলে এই সক্ষা বিদ্যা আরন্তে আনে, ওরা প্রকৃতির ওপর জ্ঞানের আধিপত্য অনুভব করে, অনুভব করে তত্ত্ব ও ব্যবহারের ঐক্য। জেড়ে লাগানোর ফলাফল লক্ষ্য করার জন্য ছেলেমেয়ের। অধীর আগ্রহে বসভের অপেক্ষায় থাকে। ঐ ধরনের মতুল থেকে যথন ছোট ছোট পাতা গন্ধাল তথন ওদের আনন্দ আর ধরে না। আমরা একটা যৌথ পালনাগার গডলাম। ঠিক করলমে প্রতি বছর সেখানে চারা লাগবে। পালনাগারটি আমাদের প্রিয় প্রমচর্চার আরও একটি জায়গা হল। গ্রন্থিকালে, তৃতীয় শ্রেণী শেষ হওয়ার পর, আমরা নির্জন ঝোপঝাড়ের মধ্যে বনে। প্লামগাছের সন্ধান পেলাম। আমাদের প্রত্যেকেই তার সঙ্গে চাষ-করা জাতের ফলের জ্যোড বাঁধল — কেউ প্লাম. কেউ অ্যাপ্রিকট, কেউ বা পাঁচফলের। সবগঢ়াল জ্বোড়ই বে'চে গেল। একই মূলে কী ভাবে বিভিন্ন জাতের ফলগাছের অঞ্কুর বেড়ে উঠছে ছেলেমেরেরা আশ্চর্য হয়ে তা লক্ষ্য করে। দৃ'বছর বাদে ফল হল।

ইতিপর্বেই বলা হয়েছে যে প্রকৃতি হল ভাবনার, স্জনী ও অনুসন্ধিংস, বৃদ্ধিবৃত্তির স্মৃস্ফৃদ্ধ উৎস। প্রকৃতির নিয়ম হদয়ক্ষম করার সঙ্গে সঙ্গে শিশ্ব মান্ত্র পরিণত হয়, কেননা সে ধীরে ধীরে প্রকৃতির বিকাশের দীর্ঘ সোপানে সর্বোচ্চ প্তররপে নিজেকে উপলব্ধি করে। কিন্তু প্রকৃতি নিজে কোন অলোকিক ক্ষমতার অধিকারী নয় – শিশুর প্রাকৃতিক শক্তি বিকাশের, তার বুদ্ধিবুত্তি শিক্ষাদানের, মননক্রিয়ার সম্ভিসাধনের ক্ষমতা প্রকৃতির নেই। স্ফির প্রয়াস ব্যতিরেকে. পরিশ্রম ব্যতিরেকে প্রকৃতির রহস্য উদুঘাটনের ও জানার উপায় নেই। প্রকৃতির শক্তিকে কাজে লাগানোর জন্য মানুষ যখন প্রথম সচেতন প্রয়াস গ্রহণ করে, একমাত্র তখনই প্রকৃতি ভাকে পরেস্কৃত করে: গোডায় সে দান হয় রূপণ, পরে মানুষ একই কালে জানা ও স্থিতির প্রক্রিয়ার মধ্য দিয়ে যত নতন নতন প্রয়াস প্রয়োগ করে ততই প্রক্রাতির দান উদার থেকে উদারতর হয়। শিশ্বরা যত বেশি পরিশ্রম করে ততই বেশি পরিমাণে তাদের চেতনার সামনে প্রকৃতির রহস্য উদ্খাটিত হর, ততই বেশি করে তারা নিজেদের সামনে দুর্বোধ্য, নতুন জিনিস দেখতে পায়। কিন্তু দূর্বোধ্য যত বেশি, চিন্তাও ততই সক্রিয়; বিস্ময়বোধ – মননচিয়ার সবচেয়ে নিভারযোগ্য প্রাথমিক 'ইন্ধন'। গমের দানা যথন প্রথম ঝুরঝুরে জমির ভেডরে রাখা হল সেই মাহার্ত থেকে শারা করে ফসল সংগ্রহের সময় পর্যন্ত শিশ্বদের মনে দুশ'র বেশি প্রশ্ন জাগে: কী ভাবে? কেন? জমিতে শ্রম-নিয়োগ — গাছপালা, ফসল ও অন্যান্য চাষাবাদের মতো প্রকৃতির উপর প্রভাব বিস্তারের এমন আর একটি ক্ষেত্র খুজে বার করা কঠিন যা ভাবনাকে এতটা নাডা দেয়. এতটা ভাবিয়ে তোলে।

শিশ্বদের শ্রম খাতে বৈচিত্র্যাণ্ডিভ হয়, তাদের ঝোঁক ও প্রবণতা উন্মেষের সহায়ক হয়, আমি তার চেণ্টা করি স্কুলের ওয়াকশিপের পাশে আমরা বাচ্চাদের জন্য একটা ঘর সাজাই। এখানে টোবল রাখা হয়, টোবলের সঙ্গে লাগানো হয় বাইস। বহুকালের এক প্রপ্ন বাস্তবে পরিণত করা সম্ভব হল — প্রুলের বড় ছেলেমেরের। ছোটদের জন্য দুটি ছোট টার্নারবন্দ্র ও একটি ছিলিং মেশিন তৈরি করল। আলমারিতে আর ভাকে রাখা হল রেশি, করাত, ফিটার মিস্দ্রীর যন্দ্রপাতির বাস্থে – ধাতু প্রসেসিংরের যন্দ্রপাতির সেট, ধাতুর পাত, তার এসবই ডিজাইন ও মডেল তৈরির পক্ষে অবশ্যপ্রয়োজনীয়। শ্রমকক্ষে শ্রম বহু ছেলেমেরেকে আগ্রহী করে তুলল। ধীরে ধীরে খ্রদে কারিগরদের এক চল্ল গড়ে উঠল। ছেলেমেরেদের বড় আগ্রহ জাগিরে তোলে বিশেষ করে ডিজাইন ও মডেল গঠন আর করাত দিয়ে কাটাকাটির ক্যেজ।

দ্পনুরের খাওয়াদাওয়ার পর আমরা শ্রমকক্ষে জমায়েত হতাম, আমরা সঙ্গে সঙ্গে বার্চালিত বিদ্যুৎকেন্দ্র, শস্যছাঁটার যন্ত্র ও ঝাড়াই মেশিনের মতো কয়েকটি যন্ত্রের আকর্ষণীয় মডেল তৈরি করে ফেলি, তা ছাড়া সতিকারের বাড়ির মতো বাড়ি, লেখার টেবিল আর ফিটার মিল্মীর খ্রেদ খ্রেদ ফলপাতির জন্য আলমারিও বানাই। ছেলেমেয়েরা বৌথ ভাবে কাজ করত — কাঠ ও ধাতুর তৈরি নানা যন্ত্রাংশ বানাত। মডেল যত ছোট ও স্ক্র্যু হত, যত কঠিন হত — ছেলেমেয়েদের ভাষায়, সতিকারের 'বড়দের মতো' করে বানাতে — ততই উৎসাহের সঙ্গে তারা কাজ করত।

এই শ্রমে ছোটদের আকর্ষণ করার সময় আমি প্রধান যে লক্ষ্য সামনে রাখি তা হল ঝোঁক ও প্রবণতার উদ্মেব ঘটানো, স্জনের আনন্দ সপ্তার করা এবং ভবিষ্যতের জন্য অবশ্যপ্রয়োজনীয় অভ্যাস ও দক্ষতা গড়ে তোলা। আমি ছেলেমেরেদের দ্টোস্ত দিয়ে আকর্ষণ করার চেন্টা করি: কী ভাবে কাঠ ও ধাতু প্রসেসিং করতে হয়, কী ভাবে যন্ত্রপাতি

ব্যবহার করতে হয় তা ওদের চাক্ষ্য দেখাই। যে ব্যক্তি শেখান তাঁর নৈপাল হল কর্মপ্রবৃত্তির অগ্নিকণা জনালিয়ে তোলার স্ফুলিংস্বর্প, প্রেরণাস্বর্প। শ্রমকক্ষে আমাদের কাজ শ্রুর্ হয় আমি যখন ছেলেমেয়েদের চোথের সামনে কাঠ থেকে পাতুলের খাট তৈরি করলাম, তখন থেকে। ছোট খাটটা যত বেশি সত্যিকারের খাটের আকার নিতে থাকে ততই উদ্জান হয়ে উঠতে থাকে শিশানদের চোখ: ওরা কাজে যোগ দেওয়ার জন্য উৎসাক হয়ে পড়ে। ওদের মধ্যে অনেকে তৎকাণাং আমাকে সাহাম্য করতে শারু করে: ওরা খাটের বিভিন্ন অংশ চাঁচে, পালিশ করে। আমরা যখন বায়ন্চালিত বিদ্যুৎকেন্দের মডেল তৈরির কাজে নামলাম তখন আমার কেবল নির্ভর্বাণায় সহকারীই ছিল না, কাজের যথার্থ সঙ্গাও ছিল। ইউরা, ভিতিয়া ও মিশা শিগাগিরই যক্ষপাতি নিয়ে কাজ করা শিথে ফেলল। সকলেই কাজ করতে ইচ্ছ্যুক, তাই আমরা একসঙ্গে করেকটি মডেল রচনা শারু করলাম।

এখানে সামান্য প্রসঙ্গান্তরে যাওয়া দরকার। শিশ্বদের ক্ষমতা ও মেধার উৎস তাদের আঙ্গুলের অগ্রভাগ। অলঞ্চারের ভাষার বলতে গোলে, আঙ্গ্বল থেকে প্রবাহিত স্ক্র্যাতিস্ক্রু ধারা স্ক্রী ভাবনার প্রভিট সাধন করে। শিশ্বের হস্তসঞ্চালনে আছার ভাব ও উদ্ভাবনক্ষমতা যত বেশি, শ্রমের হাতিয়ার ও হাতের পারস্পরিক ক্রিয়া যত স্ক্রু, এই পারস্পরিক ক্রিয়ার পক্ষে অবশ্যপ্রয়োজনীয় গতি যত জটিল, ততই উস্জ্বল হয়ে দেখা দেয় শিশ্বেক্রির স্বতঃস্ফ্রেড স্ক্রনী শক্তি, ততই নির্ভুল, স্ক্রু, জটিল হয়ে দেখা দেয় এই পারস্পরিক ক্রিয়ার পক্ষে অবশ্যপ্রয়োজনীয় গতি; প্রকৃতি ও সামাজিক শ্রমের সঙ্গে হাতের পারস্পরিক ক্রিয়ার শিশ্বের মনোজীবনের যত

গভীরে স্থান পার, ততই বেশি করে শিশ্বে কার্যকিলাপের মধ্যে প্রকাশ পার পর্যবেক্ষণশীলতা, অনুসন্ধিৎসা, সন্ধানী মনোভাব, মনোযোগের ক্ষমতা, গবেষণার ক্ষমতা।

অন্য কথায় বলতে গেলে, শিশ্বে হাত যত নিপ্তৃণ, সে ততই বৃদ্ধিমান। কিন্তু নৈপ্তৃণ আপনা আপনিই আসে না। নৈপ্তৃণা নির্ভাৱ করে শিশ্বের মানসিক ও শারীরিক শক্তির উপর। নৈপ্তৃণা যত উৎকর্ষ লাভ করে বৃদ্ধির শক্তিও তত দড়তা প্রাপ্ত হয়, কিন্তু নৈপ্তৃণাও তার ক্ষমতা আহরণ করে বৃদ্ধি থেকে। পারিপার্শ্বিক জগতের উপলব্ধি যাতে পরিবেশের সঙ্গে শেক্ত্র পারস্পার্ক ক্রিয়ায় পরিণত হয়, যাতে শিশ্ব কেবল চোখ দিয়ে লক্ষ্য না করে হাত দিয়েও লক্ষ্য করে, কেবল প্রশ্বন নর, শ্রম দিয়েও নিজের উৎস্কৃত্য প্রকাশ করে এবং তার বিকাশ ঘটায় আমি সেদিকে দ্ভিট রাখি।

'আনন্দ নিকেতন' বিদ্যালয়ের জবিনের প্রথম দিন থেকেই আমার শিক্ষাথাঁরা লতাপাতা সংগ্রহ ও সংরক্ষণ করে, বীজ সংগ্রহ করে, বিভিন্ন জাতের কাঠের নম্না সংগ্রহ করে। কেবল পর্যবেক্ষণের সময়ই নয়; হাতুড়ি, ছারি, কাঁচি ও বাটালির মতো অতি সাধারণ ফলপাতির সাহায়ে সন্পিত হাতের ও বিবিধ উপাদ্যনের পারম্পরিক ক্রিয়ার কল্যাণেও তারা পদার্থের ধর্ম অন্সন্ধান করে। প্রথম ও দ্বিতায় শ্রেণীতে ছেলেমেয়েরা ছোট ছারি দিয়ে কাজ করতে শেখে। ওরা বিভিন্ন জাতের কাঠ কেটে চাকতি বানায়, সেগালিকে পালিশ করে, কাগজের সঙ্গে আঠা দিয়ে কিংবা সেলাই করে আটকে রাখে, তাদের কোন্টা কতটা শক্ত, কার কী লক্ষণ তা তুলনা করে। অ্যাশ গাছের গান্ধির ওপরে যে বাড়তি পিন্ড গজায় (উপাদার্নিট খাবই নমনীয়) তা দিয়ে ওরা বানায় অক্ষর আর পশাপাথির

মৃতি। আমাদের গ্রামের অনতিদ্রে আছে একটা গ্রানিট পাথরের গৃহা। এখানে আমরা প্রায়ই পাহাড়ী শিলার নম্না সংগ্রহ করতে আসতাম। ছেলেমেয়েরা আগ্রহভরে ছোট ছোট হাতুড়ি দিয়ে অস্ত্রের টুকরো ভেঙ্গে নিত, রঙিন পাথর সংগ্রহ করত, মাটি দিয়ে খেলনার ইট বানাত, রোদে শ্বিকয়ে সেগর্বলি দিয়ে ছোট ছোট বাড়ি বানাত। গ্রাম্মিকালে, ফসল তোলার সময় আমরা গম ও ববের সমান মাপের খড় কেটে নিয়ে তা দিয়ে খড়ের দড়ি পাকাতাম, শ্রু হাটে তৈরি করতাম।

প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাগ্রহণের চার বছরের মধ্যে ছেলেমেরের ৩০টিরও বেশি জটিল ধরনের, সত্যিকারের চাল্ব্ যন্তের মডেল বানায়। বছরের পর বছর ছেলেমেরেদের ব্যক্তিগত ঝোঁকের উজ্জ্বল থেকে উজ্জ্বলতর প্রকাশ ঘটতে থাকে। শ্রের, ভিতিয়া, মিশা, সেরিওজা ও ইউরার ধাতু ও যন্তের প্রতি টান দেখা যায়। ওরা কয়েক ঘণ্টা ধরে কাজ করতে পারত, সময় কী ভাবে কেটে যেত তা ওরা লক্ষ্যও করত না। কথনও কথনও তাদের বাড়ি পাঠাতে বেগ পেতে হত। ছেলেদের এই শথের মধ্যে তাদের ভবিষাং পেশা অথবা জাঁবিকার প্রেভিাস দেখলে ভূল করা হবে। জাঁবনের অভিজ্ঞতায় দেখা গেছে কোন কাজের দক্ষতা—জাঁটল রুপান্তরের শুর ভেদে করে যায়। মানুষ ছেলেবেলায় যা হওয়ার স্বপ্ন দেখেছে পরে তাই-ই হয়েছে, এমন ক্লাচং ঘটে।

শারীরিক শ্রম মানসিক বৃত্তি শিক্ষাণানের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত। হাতের কাজের দক্ষতা — অনুসন্ধানপ্রবণ মন, স্বাভাবিক বৃদ্ধি ও স্জনী কল্পনার বৈষয়িক রুপম্তি। প্রতিটি শিশ্ব যাতে শৈশবেই নিজ হাতে তাদের ভাবনার রুপায়ণ ঘটায় এটা অত্যন্ত গ্রুছপ্রণ। চতুর্থ শ্রেণীতে ছেলেমেয়েরা নিজেরা নিজেদের যন্ত্রপাতি তৈরি করে। ছেলেরা তাদের সাধারণ যন্ত্রও ভোলে না কাঁচি দিয়ে কেটে তারা প্রতুল নাচ ও ছায়ান্ত্যের থিয়েটারের জন্য পশ্পাখির মর্তি বানায়, র্পকথার নানা চরিত্রের মর্তি বানায়। সেরিওজ্ঞা ও মিশা ক্লাস্মবের জন্য ও 'র্পকথার ঘরের' জন্য দুটি অ্যাকোয়ারিয়াম তৈরি করে।

আরও একটি আকর্ষণীয় কাজ শিশ্বদের মনে পরম আনন্দ সঞ্চার করল: আমরা অভ্যন্তরীণ দহনব্যবস্থা সম্পন্ন ছোটখাটো ইঞ্জিনচালিত একটি ক্ষ্বদ্রাকৃতি বিদ্যুৎকেন্দ্র তৈরি করি। বিদ্যুৎকেন্দ্রটি নীচু ভোল্টেজের বিদ্যুৎ সরবরাহ করত, ছোটদের পক্ষে তাই বিপদের কোন কারণ ছিল না।

তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে ছেলেমেরেদের সপ্তাহে দ্'বণ্টা করে
নির্দিন্ট ছিল প্রিয় প্রমের জন্য। কেউ কেউ যেত 'সব্জ্
বাড়িতে', কেউ কেউ প্রমকক্ষে আবার কেউ বা হট্ হাউস-এ
কিংবা শিক্ষা ও পর্যক্ষা-ম্লেক জমিতে অথবা বাগানে। যারা
ফার্মে কাজ করতে ভালোবাসত তারা যেত ভেড়ার বাক্ষা ও
বাছ্রে পরিচর্যা করতে। ছারছার্রীরা প্রত্যেকেই এই সময় মনের
মতন শ্রম করত। আমি ছেলেমেরেদের নিয়ে একেকদিন তাদের
প্রিয় শ্রম নিয়োগের একেক জায়গায় যেতাম। প্রতিটি গ্রুপে
এমন ছেলেমেরের দেখা পাওয়া যেত যাদের বিশেষ বিশেষ
ধরনের কার্যকলাপে ঝোঁক প্রকাশ পায়। তারা ছোট ছোট
কমিদিলের সংগঠক হয়ে দাঁড়ায়, নিজ নিজ দৃষ্টান্তের সাহাযে
সঙ্গীদের অন্প্রাণিত করে। শ্রমকক্ষে গ্রুপের পরিচালক ছিল
ইউরা। খ্যে উভিদপালকদের পরিচালক ছিল ভানিয়া,
উদ্যানপালকদের – ভারিয়া, পশ্বপালকদের – সাশা এই
ছেলেমেরেরা যে অনেক কিছা পারে এবং তাদের সমবয়সীদের

চেয়ে অনেক বেশি জানে তাতে আমি আনন্দ পাই। তাদের দৃষ্টান্ত অন্সরণ করে অন্য ছেলেমেয়েরা, শ্রমসংলান্ত কার্যকলাপ সূজনী ক্ষমতা প্রতিযোগিতার চবিত্র অর্জন করল।

শ্রম শারীরিক ও ব্রন্ধিমাণীয় শক্তির আনন্দোচ্চল ক্রীড়ারুপে, আত্মর্যাদার প্রতিষ্ঠার্পে আমার শিক্ষার্থীদের অন্তর্জীবনে প্রবেশ করছিল। অত্যন্ত গরেত্বপূর্ণ এই যে প্রতিটি মান্যে বেন শৈশ্ব পর্বে তার প্রিয় শ্রমে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করতে পারে, যেন নিজের সুজনী ক্ষমতার রূপায়ণ চাক্ষ্ম দেখতে পায়, প্রিয় কাজে অর্জন করতে পারে নৈপাণ্য -- অবশ্য শিশার পক্ষে যে মাহার সম্ভব। যথন তার স্কুলে পড়ার বয়স তথনই তাকে কিছু না কিছু, একটা খুব ভালোমতো ও সান্দর ভাবে করার শিক্ষা পেতে হবে। প্রিয় কাজে সাফল্যজনিত গর্ববোধ --আত্মসচেতনতার প্রথম উৎস, শিশ্মেনে স্ক্রনী প্রেরণার আগ্ন জনালিয়ে তোলার প্রথম স্ফুলিঙ, আর প্রেরণা ছাড়া, আনন্দের প্রস্করণ ও পরিপূর্ণ শক্তি উপলব্ধি ছাড়া মানুষের অভিত নেই, মানুষ যে জীবনে উপযুক্ত স্থান করে নেবে সে ব্যাপারে গভার নিশ্চরতা নেই। আমার চেণ্টা ছিল, স্কলে যেন এমন একটি শিশতে না থাকে যে প্রমের মধ্যে নিজের ব্যক্তিসন্তার, স্বকীয়তার উদ্মেষ না ঘটায়।

আমি শ্রমের প্রতি ছেলেমেয়েদের প্রবল অনুরাগ লক্ষ্য করি।
কিন্তু আমি মোটেই এমন মনে করি না যে এই অনুরাগ কোন
না কোন পরিমাণে প্রতিটি শিশরে ভবিষ্যৎ জীবনের পথ
প্রেনির্দিণ্ট করে। কোন ছাত্র ধখন জীবস্ত প্রকৃতিজগতের
প্রতি প্রবল অনুরাগের পরিচয় দেয়, যদি ফলের বাগানে
অথবা শস্যক্ষেত্রে কাজ করে সে আনন্দ পায় তার মানে মোটেই

এমন নয় যে সে উদ্যানপালক কিংবা কৃষিবিদ হবে। প্রবণতা, ক্ষমতা, ঝোঁক — অনেকটা ফুটন্ত গোলাপঝাড়ের মতো — কোন কোন ফুল ঝরে পড়ে, অন্যান্তি তাদের পাপড়ি খোলে। প্রতিটি শিশ্বর সর্বদাই অনেকগা্লি শথ থাকে, এ ছাড়া শিশ্বদের ঐশ্বর্যমিণ্ডিত অন্তর্লোক কল্পনাই করা যায় না। কিন্তু সেগা্লির কোন একটার প্রতি তার বিশেষ প্রবণতা লক্ষ্য করা যায়। শিশ্ব যতক্ষণ না কোন একটা শ্রমে উক্লেখযোগ্য সাফল্য অর্জন করছে ততক্ষণ ব্যক্তি হিশেবে তাকে মনে রাখা বায় না। কিন্তু যেই মৃহতে শ্রম গভারি ব্যক্তিগত আনন্দ দান করতে থাকে তথনই মানবিক ব্যক্তিগের প্রকাশ ঘটে।

মান্ব যে প্রমে উৎকর্ষ অর্জন করে, নিজের ব্যক্তিত্বকে প্রতিত্ঠা করে, তা শিক্ষাদানের শক্তিশালা উৎস হয়ে দেখা দেয়। মান্ব নিজেকে প্রতীর্পে অনুভব করার সঙ্গে সঙ্গে সে যা আছে তার চেয়েও ভালো হওয়ার চেল্টা করে। শিশ্বকালে, কৈশোরের দ্বারপ্রান্তেই মান্ব যখন নিজের স্জানী শক্তি ও ক্ষমতা উপলব্ধি করে তার তাৎপর্য যে কী বিরাট তা বলে শেষ করা যায় না। এই উপলব্ধির মধ্যেই নিহিত আছে ব্যক্তিত্ব গঠনের মর্মবস্তু।

## তোমরা, খাদে পাইওনিয়ররাই জন্মভূমির ভবিষংে অধিপতি

প্রথম শ্রেণীতেই আমার প্রথম একজন সহকারিণী জাটে গেল — ১২ বছব বয়সী পাইওনিয়র, ষণ্ঠ গ্রেণীর ছাত্রী ওলিয়া। সে পাইওনিয়র স্বেচ্ছাসেবী পরিষদের কাছে অনুরোধ জানাল যেন অক্টোবর বাহিনীর ছোট ছেলেমেয়েদের পাইওনিয়র বাহিনীতে ভর্তির জন্য প্রস্থৃতির ভার তার ওপর দেওয়া হয়। ছােটদের সে ভালোবাসত আর এটাই ছিল বড় কথা। (আমাদের স্কুলে অক্টোবর গ্র্পে ও পাইওনিয়র বাহিনীর দলপতি নিয়োগ করা হয় না; ছােটদের সঙ্গে কাজ করতে সে-ই এগিয়ে আসে ষার সে রকম ইছে আছে আর যে ছােটদের ভালোবাঙ্গে)। ওলিয়া আমাকে বহ্ন বাাপারে সাহায্য করত; সে ছেলেমেয়েদের নিয়ে খেলা করত, তাদের নিয়ে বনে, মাঠে যেত, পিতৃভূমির মহাযুদ্ধকালে সোভিয়েত মান্বের কািতিকাহিনী আর পাইওনিয়র-বারদের কাহিনী ওদের

ওলিয়া যে কাজ শ্রু করল আজ ১৫ বছর হল তা অব্যাহত আছে, আর তা খ্দে পাইওনিয়রদের ভাবাদশগত শিক্ষাদানের ক্ষেত্রে বিরাট ভূমিকা গ্রহণ করে। আমার পরামর্শে সেপিত্ভূমির মহাযুক্তের বারদের সঙ্গে শিশ্বদের প্রথম সাক্ষাংকারের আয়োজন করে। বারদের মুখের বিবরণ এতই আকর্ষণীয় ছিল যে মেয়েটি তা নোট করে। নোট থেকে ধারে ধারে স্ভিট হতে লাগল হাতে-লেখা পত্রিকা পিত্ভূমির মহাযুক্তকালে আমাদের দেশবাসারা'! বাচ্চাদের নিয়ে ওলিয়া যে কয়েক বছর কাজ করে সেই সময়ের মধ্যে সে নিজে এবং পরে পাইওনিয়ররা ১০০টিরও বেশি বিবরণ লিপিবজ করে। পত্রিকায় বারদের আলোক্চিত্র স্থান পায়। বর্তমানে হাতে-লেখা পত্রিকায় আছে ৬০০টি বিবরণ। এই বিবরণগ্রাল দেশপ্রেমের অন্ভিতি শিক্ষার উজ্জ্বল, অম্ব্রা উৎস।

ছোটদের সঙ্গে সবসময় মেলামেশা ওলিরার কাছে কেবল কর্তব্যাস্বরূপ ছিল না, ছিল তার অন্তরের তাগিদ। আমার মতে এই তাগিদ হল অপর্বে, ভাস্বর প্রতিভা – মনুষাম্বের প্রতিভা। বে এই প্রতিভার অধিকারী সে হয় চমংকার শিক্ষাবিদ, সে তার প্রমের মধ্যে খ্রুজে পায় পরম স্থ। বিদ্যালয়ের শিক্ষার্থিমশ্ডলীর মধ্যে ছেলেমেয়েদের মনোযোগ দিয়ে লক্ষ্য করলে এমন অনেক ছেলে ও মেয়েকে দেখা যাবে যারা তাদের খ্রুদে বন্ধুদের জন্য কিছা না কিছা না করে থাকতে পায়ে মা। ছেলেদের ক্ষেরে এই তাগিদ প্রায়শই দ্রুজ্পনা, দৃংগুমি ও ছলচাতুরী হয়ে প্রকাশ পায় — বালক চায় পরিচালক হতে, তার বন্ধুদের পরিচালনা করতে, কিছু সে জানে না কোন্ দিকে তার শক্তি খাটানো উচিত। এখানে শিক্ষকদের পরামশ দিতে চাই: শক্তির এই উচ্ছনাসকে দাবিয়ে দেবেন না। ছেলেরা — এই দৃংগ্রু ও চপলমতি বালকেরাই আপনার ভবিষ্যং সহকারী। ওদের নিজেদের কাছে টেনে আনতে জানতে হয়, জানতে হয় ওদের উৎসাহ-উন্দাপনাকে সঠিক খাতে প্রবাহিত করতে।

আমাদের পবিত্র দেশের মাটির মৃত্তি ও প্রাধানতা রক্ষার জন্য বহু বার সন্তান তার বৃক্তের ওপর প্রচুর রক্ত টেলেছেন। এই পবিত্র মাটির প্রতি গভাঁর ভালোবাসার গভাঁর অন্যভূতি যাতে পাইওনিয়র বাহিনীতে ভর্তি হওয়ার প্রভূতিপর্বে এবং পাইওনিয়র বাহিনীর সমগ্র পর্বে শিশ্বদের মধ্যে সঞ্চারিত হতে পারে আমি সেদিকে লক্ষ্য রাখি। শিশ্ব যাতে মৃদ্ধ হয়, যেখানে সে তার মনের একটি অংশ নিয়োগ করে, চোখের সামনে শিশ্ব বে সোন্দর্য দেখে, তার প্রতি মৃদ্ধতা — এ থেকেই শ্রুর হয় জন্মভূমির প্রতি ভালোবাসা। জন্মভূমির প্রকৃতির সোন্দর্য, সোভিয়েত মান্বের হাতের স্কৃতি, আমি আর ওলিয়া শিশ্বদের চোখ মেলে দেখতে শেখাই।

আমরা স্তেপে যেতাম, টিলার ওপরে বসতাম, গমের প্রশন্ত

খেত দেখতাম, ফুটন্ত ফুলের বাগান, ছিমছাম পপলার গাছ ও নীল আকাশের সোন্দর্য আর ভারতে পাথিদের গান উপভোগ করতাম। যে মাটিতে আমাদের পিতৃপিতামহের বাস, যেখানে আমাদেরও জীবন কাটাতে হবে, সন্তানসন্ততির মধ্য দিয়ে নিজেদের প্রনরাব্যক্তি ঘটবে, আমাদের বয়োব্যদ্ধি ঘটবে এবং জন্মদাত্রী এই মাটির কোলেই আশ্রয় নিজে হবে, তার সৌন্দর্যে মুদ্ধতা – জন্মভূমির প্রতি ভালোবাসার অতি গ্রেছুপূর্ণ এক আবেগধর্মী উৎস। দুনিয়ায় এমন দেশ আছে যেখানে প্রকৃতি আমাদের মাঠ আর তণভূমির চেয়ে উল্জান, কিন্ত মাতভূমির সৌন্দর্যকে আমাদের শিশাদের কাছে হতে হবে সবচেয়ে প্রিয়। বসন্তে গাছপালা কী ভাবে সাদা সাদা ফলে ঢাকা পড়ে যায়, কী ভাবে ঘণ্টাফুলের ওপর মৌমাছির দল উড়ে বেড়ায়, কী ভাবে আপেল পাকে, টমেটোয় লাল রং ধরে — শিশ্য এ সব যেন নিছক দেখে না. এ সবই ত্যকে ষেন আনন্দ দেয়, তার মনোজীবনকে পরিপূর্ণতা দান করে। শৈশব তার ক্ষ্যুতিতে জাগরুক, থাকুক উল্জাবল, রোদ্রালোকিত রূপমূর্তিতে: কুস্মিত উদ্যানের শাস্ত্র সম্জা, বাক্ হাইটের খেতের উপর মোমাছিদের অনুপ্রম বীণাধর্নি, শরতের গভার, শাতিল আকাশ আর তার দিগন্তে উড়ন্ত বকপাঁতি, মর্ন্টাচকার মতো ধিকি ধিকি কুহেলির ভেতরে নীল নীল টিলা, সুর্যান্তের রতিমাভা, পত্রুরের আরশির উপর ঝুংকে-পড়া পর্নিস-উইলো, পথিপার্শ্বের ছিমছাম পপলার গাছ — এ সবই শিশ্কালে জীবনের সোন্দর্যরূপে, পরম প্রিয় স্মৃতি হয়ে হৃদয়ে অনপনেয় ছাপ ফেলে রাখ্ক।

কিন্তু এই সৌন্দর্যের সঙ্গে সঙ্গে এমন ভাবনাও খেন শিশ্বমনে স্থান পায় যে ফুলে ফুলে ঢাকা বাগান, মৌমাছির গঞ্জন, মা'ব সেহমাখা গান, ভোরের আলো ফোটার মুখে মা যখন স্বত্তের তোমার গায়ে কন্বলটা টেনে দেন তখনকার মিছি ঘুম - এব কোনটাই থাকত না যদি শতিকালের এক কনকনে ভোরবেলায় উনিশ বছরের কিশোর আলেক্সান্দর মারোসভব্দক দিয়ে গর্মলির আঘাত থেকে সহযোদ্ধাদের পথ অবরোধ করতে গিয়ে শত্রর গর্মলিতে প্রাণ না দিত, যদি নিকোলাই গান্ডেক্সো তাঁর জন্মত্ত প্রেনকে শত্র্পক্ষের ট্যাঞ্চের ওপর না ফেলতেন, যদি ভলগা থেকে এল্বা পর্যন্ত এলাকা জ্বড়ে হাজার হাজার বীর তাঁদের রক্ত না ঢালতেন। শিশ্ব যথন অভিষের আনন্দ অন্তব্দ করে সেই মূহ্তে তার চেতনার ঠিক এই ভাবনাটাই সন্ধার করে দিতে হয়। এখানে, আমাদের নিজেদের গাঁরে, এই মাটিতে, এই গাছপালার নীচে আমাদের জন্মভূমির ম্বিক্ত ও স্বাধনিতার জন্য সোভিয়েত যোদ্ধারা কী ভাবে সংগ্রাম করেছিল আমি আমার শিক্ষাথাঁদের সে বিবরণ দিই।

অস্থিত্বের আনশ্দ — ব্যক্তির আত্মচেতনার পরাকাণ্ঠামান্ত্র নয়,
এ হল পারিপার্শ্বিক জগতের ম্লায়ন, শিশ্ব নিজের
আশেপাশে যা দেখে তার প্রতি সন্ধির সম্পর্ক। সমাজতাশ্ত্রিক
সমাজে জীবনের যুক্তি এমনই যে পারিপাশ্বিক জগতের
সৌশ্বিক আমাদের শিক্ষার্থীদের শৈশবের আনন্দের —
অস্তিত্বের আনন্দের অন্যতম উৎস হতেই হবে। এই কারণে
প্রতিটি ফুল, প্রতিটি ঘাস যাতে শিশ্বকে আনন্দ দের সৌদকে
শিক্ষাদাতার দ্বিট রাখতে হবে। কিন্তু পারিপাশ্বিক জগৎ
শিশ্বর কাছে প্রিয় হবে কি একমান্ত এই কারণে যে তা স্ক্রের?
অস্তিত্বের আনন্দ ত আসলে এমন কতকগ্বলি ভৃত্তির
সমিত্টমান্ত, যে তৃত্তি শিশ্ব লাভ করে জ্যেষ্ঠ প্রের্থদের কাছ

থেকে। পারিপার্শ্বিক জগৎ খাদে মান্যটির কাছে প্রিয় হতে থাকে তখনই যখন সে দেখতে পায় ও অনাভব করে জন্মভূমির মাজি ও স্বাধীনতার জন্য তার পিতৃপিতামহ কী পরিমাণ ঘর্মা, রক্ত ও অগ্রা চেলেছেন।

জন্মভূমি অসীম প্রিয় হয়ে দাঁড়ায় তখনই যখন অস্থিছের আনন্দ সোন্দর্যের রক্ষাক্তাদের প্রতি কর্তার্যোধের সঙ্গে সান্দিলিত হয়। এই সন্মিলনের মধ্যে নবীন প্রজন্মের নৈতিক ও নন্দনতাত্ত্বিক শিক্ষাদানের ঐক্য প্রকাশ পায়। অস্তিছের আনন্দ নিশিচ্ভ আনন্দ হলে চলবে না। সমাজতান্তিক সমাজের স্বাধীন নাগরিকের স্থেষর স্বাধে আত্মবিলদান ও দ্বংথকণ্ট বরণের কাহিনী দিয়ে শৈশবের আনন্দে বিষয়তা সন্ধার করা উচিত হবে না বলে যে-সমন্ত শিক্ষাবিদ মনে করেন তাঁরা মারাত্মক ভূল করে থাকেন।

শ্বংকালের প্রথম দিকের রোদ্রোভ্জ্বল দিন, আপেলের ভারে গাছ ন্ইয়ে পড়ছে, থোকা থোকা আগুর পেকে উঠেছে, যৌথখামারের মাড়াইরের জায়গায় রাশি রাশি হল্দ্রদ রঙের গম স্ত্র্পাকার হয়ে আছে, স্বচ্ছ বাতাসে মাকড়সার ব্রপোলি জাল ভাসছে। আমি আর ওলিয়া বাচ্চাদের প্রামের উপকণ্ঠে নিয়ে যাই। এখানে আছে একটা উ'চু টিলা, সেখান থেকে চোখে পড়ে নীলাভ তরম্জে ঢাকা উপত্যকা, আরও দ্রে বাগান, বাগানের পর — ছিমছাম পপলার গাছ, তাদের পেছনে — দ্রেপ, শীতকালীন গমের সব্জ খেত, দিগান্তে — নীলাভ আঁধারে ঢাকা দ্রের টিলা। ছেলেমেয়েরা অবিস্মর্শীয় কিছ্ম মূহ্রত অন্তব করে। তাদের সামনে যে সৌল্মর্থ উন্মুক্ত হয়েছে তার মধ্যে ওবা অন্তব করে নিজেদের স্মুখী শৈশবের অংশ। দ্রেরে ঐ মাঠ থেকেই সন্ধ্যবেলায় মা ও বাবা আসেন,

গাঁদের দবদভরা চোথে থাকে স্যেরি ফুলাক। আমরা টিলার ওপর বাস, আমি শ্বভ ও অশ্বভ সম্পর্কে র্পকথা বলি, শিশ্বরা শ্বভব্দ্ধির জয়ে আনন্দিত হয়।

এক সপ্তাহ বাদে আমরা আবার টিলার ওপর, প্রকৃতির অপর্রুপ চিত্রের মধ্যে শিশ্বদের সামনে উদ্ঘাটিত হয় এক নজুন রুপ: শরৎ তার প্রথম রং ছড়িরে দিয়েছে, সোনালি রঙে ঢেকে দিয়েছে আপেল আর পপলার গাছ, আর শতিকালীন শস্যের পালারঙা মাঠ হয়ে উঠেছে আরও উল্জবল, আকাশ — আরও গভার। এই ভাবে আমরা প্রতি সপ্তাহে একই সময় আমাদের জায়গায় আসি, সোল্পর্য উপভোগ করি, চমৎকার চমৎকার লোকিক রুপকথায় শর্ভ ও অশ্বভের সংগ্রাম উপলার্কি করি, শরতের ছেপের সঙ্গতি কান পেতে শ্বনি, নির্মল বাতাসে নিশ্বাস নিই, বসন্তকালে কা ভাবে এখানে এসে ভার্ই পাথিকে অভ্যর্থনা জানাব তার স্বায় দেখি। ছেপের এই জায়গাটা ছেলেমেয়েদের মনোজীবনে স্থান পায়, তাদের প্রিয় হয়ে ওঠে। এ হল জন্মভূমির প্রথম উল্জবল রুপ, এই রুপ শিশ্বহুদয়ে চিরকালের জন্য ছাপ রেখে যায়।

পারিপাশ্বিক জগতের সোঁল্যে উপলব্ধি ও তার রসগ্রহণ ব্যতিরেকে জন্মভূমির প্রতি বিশেষ অন্তুতি জাগিয়ে তোলা সম্ভব নয়। জ্যেন্ট প্রবৃধের মান্ধেরা যে কী বিপাল মালো শিশাদের জন্য আনন্দ এনে দিয়েছেন সে বিবরণ দেওয়ার আগে জন্মভূমির প্রাকৃতিক সৌন্দর্য সন্পর্কে শিশাদের চোখ খালে দেওয়া দরকার। শিশার স্থানয়ে চিরকালের জন্য থেকে যাক দ্রে শৈশাবের ক্ষর্ত্র এক নিভ্ত কোণের ক্যাভি, এই কোণ্টির সঙ্গে জড়িত হয়ে থাক মহীয়সী মাত্ভূমির র্পে।

শরংকালের শান্ত এক দিনে আমি টিলার চ্ড়োর ওপরকার

একটা গর্ত ছেলেমেয়েদের দেখাই। গর্তটা চোখে না পড়ার মতোই বলতে হয়। আমি ওদের বলি:

'এই গর্তটার দিকে তাকিয়ে দেখ। সময়ে গর্তটা সমান হয়ে এসেছে, তার ওপর ঘন হয়ে ঘাস জন্মেছে। ...আজকের মতোই এক রোদ ঝলমলে শবংকালের দিন। এই রাস্তার ওপর দিয়ে আমাদের সেনাবাহিনী নীপারের ওপারে প্রাদেশসরণ করছিল . এখানে, টিলার চড়োর ওপর এলো এক কিশোর মেশিনগানচালক। শত্রুকে ঠেকিয়ে রাখা, নীপারের দিকে যেতে না দেওয়া — এই উদেদশো সে এখানে মেশিনগান বসায়। রাস্তায় শত্রদের মোটরসাইকেল ব্যহিনীর আবিভাবে ঘটল। মেশিনগানচালক তাদের খতম করল। ফাশিশুরা মর্টার আর বন্দক্র থেকে টিলা লক্ষ্য করে গ্রালি ছ'ভতে লাগল। তোমরা দেখতে পাচ্ছ, ডানদিকটা কেম্ন যেন কোপানো। এখানে মাটির ওপর মারাত্মক ধাতর টুকরো ছড়ানো। বিস্ফোরণের আওয়াজ থেমে যেতে রাস্তায় আবার মোটরসাইকেল বাহিনী দেখা দিল, টিল্য আবার চণ্ডল হয়ে উঠল — সোভিয়েত যোদ্ধার গঢ়িলর আঘাতে শত্রর ধরাশায়ী হতে লাগল। ফাশিশুরা টিলার গায়ে ট্যাঞ্ক ভিড়াল। ট্যাঞ্ক ঠিক এই গাছগুলোর কাছে এগিয়ে এসে গর্মল ছাড়ল। গ্রালবর্ষণ থেমে যেতে আবার রাভায় মোটরসাইকেল বাহিনী দেখা দিল; আবার চণ্ডল হয়ে উঠল টিলা। যোদ্ধার হাতে, মাথায় আর ব্যকে ভয়ঞ্কর চোট লাগল, কিন্তু সে লড়াই চালিয়ে গেল। চোখের ওপর রক্তের ধারা গড়িয়ে পড়ল, সে জানত যে শেষবারের মতো জন্মভূমির নীল আকাশ দেখছে। একটা গোলা এসে যখন মেশিনগানের পাশে ফেটে পড়ল, একমাত্র তখনই কিশোরের বাকের স্পন্দন থেমে গেল। সন্ধ্যাবেলা এখানে যৌথখামারীরা এলো, গর্ত খাঁড়ে

রক্তাক্ত দেহ সমাধিস্থ করল। সোভিয়েত সেনাবাহিনী গ্রাম মৃক্ত করার আগে পর্যন্ত যোদ্ধার দেহবেশেষ এথানেই পড়েছিল। সৈনিকের সহযোদ্ধা বন্ধুরা টিলার চড়ায় এসে দেহাবশেষ খুড়ে বার করে গ্রামে নিয়ে এলো, সম্মানের সঙ্গে সমাধিস্থ করল জাত্সমাধিতে। আমরা বীরের নাম জানি না, তার মাও জানেন না কোথায় তাঁর ছেলেকে সমাধিস্থ করা হয়েছে।

শিশ্বদের হদর বল্পার কাতরে ওঠে। শিশ্বদের কাছে আরও
প্রির হরে ওঠে জীবনের সৌন্দর্য, জন্মন্থানের সৌন্দর্য। ওরা
বীরের দ্যিতিত প্রিথবীকে দেখে। কিশোর তার জীবন দান
করল, যাতে ওরা স্থে শান্তিতে বাস করতে পারে, যাতে
আকাশে তারা ঝলমল করে, যাস আর আপেলের দ্বাণ পাওয়া
যায়, যাতে স্তেপের ওপর শোনা বায় ফড়িংয়ের মৃদ্র গর্প্তন,
যাতে নববর্ষের রাতে মা বালিশের নীতে তুবার দাদ্রর উপহার
রাখতে পারেন। ...ছেলেমেয়েরা নীরব, ওরা তাকিয়ে থাকে
প্রচুর ক্র্রিধরে প্লাবিত মাটির দিকে। ওদের ইচ্ছে হয় প্রতিটি
পাথরের টুকরোকে আদর করে।

আমার শিক্ষাথাঁদের মধ্যে অনেকে হরত সে রাতে অনেককণ ঘ্যোতে পারে নি। তাদের চোখের সামনে — জদমভূমি দ্রেপ — কথনও উদ্জান স্বালোকে উদ্ভাসিত, কথনও বা যুক্ষের ধোঁরায় ধোঁরাকার। হুদর যুক্রণায় কু'কড়ে যার: আজ তারা যে সোঁকর্ম দেখতে পোল, যে সোঁকর্ম দেখতে পাবে আগামাকাল, এক বছর বাদেও, বাঁর তা আর কথনও দেখতে পাবে না। এই চিন্তায় — আবার চোখে জল, আর ন্বপ্নে — মা'র ঈষদ্যুষ্ণ, গ্লেহমাখা হাতের প্রশ।

পর দিন সকালে ক্লাস শ্ব্রু হওয়ার আগেই স্কুলে এসে

হাজির হল ভারিয়া। গতকাল সে একটা কবিতা লিখেছে। সেটি সে পড়ে শোনাল।

এক সপ্তাহ বাদে আমরা আবার টিলায় যাই। ছেলেমেয়েরা জানতে চায় কে সেই বীর, কোথায় তার জন্ম, কোথায় সে পড়াশনো করে, তার মা বে'চে আছেন কিনা। শিশ্বরা যা কিছে, শোনে ও দেখে তা তারা এখন মাতৃভূমির জন্য জীবন উৎসর্গকারী বীরের দ্ভিতিত গ্রহণ করে। ওরা নিজেদের অনুভূতি প্রকাশের জন্য কিছ্ব একটা করতে চায়। গাছপালা যখন নিম্পত্র হল তখন আমরা টিলার চ্ডায় একটা ওক গাছের চারা এনে বসালাম। শিশ্বদ্রের যখন সহদয় অনুভূতির মৃদ্ব শিহরণ খেলে যায় তখন কোন কথার প্রয়োজন হয় না। শিশ্বা যা করে তা গভারী উপলন্ধিবশত: আমরা নিছক টিলাকে সব্তুক্ত করার জন্য গাছ লাগাই না — আমরা বীরের জীবন্ত প্র্যুতিস্তম্ভ দ্থাপন করি।

তিলার ওপর ওক গাছ বড় করে তোলা কঠিন — ছেলেমেরেরা তা জানে, কিন্তু কোন রকম বাধাবিপণ্ডিতে তারা জয় পায় না। শতিকালে আমরা ঠাণ্ডা বাতাস থেকে চারাগাছটাকে বাঁচাই, তাকে তুষারে ঢেকে দিই। বসস্তকালে যথন নরম ছাসে টিলা ঢেকে যায় তখন ছেলেমেরেরা রোজ ছাটে এসে দেখে চারাগাছে কচি পাতা গজাছে কিনা। এ কেবল গাছের প্রতি যয় নয় — এ হল বাঁরের সঙ্গে সাফাংকরে। ওক গাছটা সবাজ হয়ে উঠল, প্রতিটি পাতায় শিশ্রা অন্ভবকরল সেই কঠিন দিনের নিশ্বাস। বাঁরকে যাঁয়া সমাধিশ্ব করেছিলেন সেই ব্রুজ বাজিরা কতিরে সঠিক দিন নির্ধারণে সাহাষ্য করেন। এই দিনটিকে আমরা প্রতি বছর গোরবাজ্জনল দিনরূপে, সমৃতি ও শোকের দিনরূপে উদ্যাপন করি।

ছেলেমেরেরা খ্ব ভোরে স্কুলে আসে, প্রত্যেকে নিয়ে আসে ফুল, জবিতত ফুলের মালা গাঁথে, কাহিনী অন্যায়ী যেখানে বীর শেষশয্য গ্রহণ করে।

টিলার ওপরকার ছোট এই জমিটা শিশ্দের কাছে হরে দাঁড়াল জম্মভূমির মা্তি ও স্বাধীনতার জন্য আত্মোৎসর্গকারী জ্যেষ্ঠ পর্ব্বের মান্ধদের বীরত্বের প্রতীক। 'তোমরা হঙ্গে জ্যেষ্ঠ প্র্বেষের মান্ধদের প্রচুর রক্তধারায় আপ্রতে এই মাটির অধিপতি। আমাদের জন্মভূমি যাতে সমৃদ্ধ ও শক্তিশালী হয় তার জন্য তোমাদের যত্ন গিতে হবে,' — এই চিন্তা আমি শিশ্দের মনে সঞ্চার করি।

এক ঈষদক্ষে দিনে আমি ও ওলিয়া ছেলেমেয়েদের 'বীরবাগে' নিয়ে গেলাম। ১৯৪১ সনের শরৎকালের শেষ দিকে যেখানে ফাশিন্ত অধিকারের সময় শোকাবহ ঘটনা ঘটে, পরিপূর্ণ বীরত্ব ও আত্মোৎসর্গের প্রকাশ ঘটে. সেখানে স্কলের ছেলেমেয়েরা যৌপ প্রয়াসে এই স্মরণিক গড়ে তোলে। যৌপথামারের বাগনে কেটে ফেলে ফাশিশুরা এখানে যুদ্ধবন্দীদের শিবির বানায়। তারকাটার বেডার ভেতরে, খোলা আকাশের নীচে সোভিয়েত বাহিনীর ছয় হাজার আহত, ক্ষুধাপীডিত, ক্ষুহীন সৈনিক ও অফিসারকে রেখে তিলে তিলে মেরে ফেলা হয়। লোকে জল পেত না. শরংকালের ঠান্ডা রাতে তারা বরফে ঢাকা জমির নীচ থেকে তুষার কণা ব্যর করে খেত। প্রতিদিন ডজন ডজন যুদ্ধবন্দী মারা যেত। পার্শবিক হিংস্ততা নিয়ে ফাশিস্তরা অপেক্ষা করত কখন সকলে মারা যাবে, তাহলে এরপর ওরা শিবির সংলগ্ন বিমান বোমার গলেমটি উডিয়ে দিয়ে সোভিযেত সেনাবাহিনীর ঘাডে এই বলে দোষ চাপাবে যে তারাই বিমান থেকে নিজেদের লোকজনের ওপর বোমা ফেলেছে।

29\*

সোভিয়েত দেশপ্রেমিকরা ক্যাম্পে ব্যাপক প্লায়নের প্রস্থাতম্লক গোপন সংগঠন গড়ে তুললেন। এক ঠান্ডা রাতে হাজার হাজার লোক যখন বৃত্তি আর বাতাসের ঝাপটায় কাঁপছে তখন ২০টি জায়গায় গর্ড়ি মেরে কাঁটাতারের দিকে এগিয়ে গোলেন সৈন্য আর অফিসাররা। তাঁরা এগিয়ে গোলেন মৃত্যুর মুখোমর্থি হওয়ার জন্য: কাঁটাতারের ওপর শায়ের পড়লেন। তাঁদের দেহের ওপর দিয়ে স্তেপে বেরিয়ে এলো বহু মুদ্ধবন্দী। চার হাজারেরও বেশি মান্য সে রাতে বোধখমোরীদের কাছে আশ্রয় পায়। গোল্টাপোকমাঁরা, বিশ্বাসঘাতক প্রলিশের লোকজন — কেউই তাঁদের সন্ধান পেল না। মৃত্যুর মুখে নিক্ষিপ্ত চার হাজার মান্য বাতে আবার অস্ত্রধারণ করে মাত্ভুমির মৃত্তি সংগ্রামে যোগ দেয় তার জন্য চারশা বীর প্রাণ দিলেন।

ফাশিশু কবল থেকে গ্রাম মৃত হওয়ার পর স্কুলের ছেলেমেয়েরা ঠিক করল এই পবিত্র জায়গাটাকে ফুলে ফুলে ছাওয়া এক নিভ্ত কোণে, বীরদের জীবত্ত স্মরাণিকে পরিণত করবে। পতিত জামটাকে সাফ করা হল, বেখানে যেখানে গর্ত ছিল বংজিয়ে দেওয়া হল, লাগানো হল চারশটি ওক গাছ — যাঁরা নিজেদের সঙ্গীদের বাঁচানোর জন্য জাঁবন উৎসর্গ করেন তাঁদের চারশটি সমরণিক। ওক গাছগালি মাথা উচ্ছ করে দাঁড়াল, প্র্যানফুমে জনসমাজে প্রচারিত হতে থাকে বাঁরম্বপূর্ণ কাঁতির সত্যঘটনাম্লক উপকথা। ওককানন বসানোর কয়েক বছর বাদে নতুন প্রজমের শিক্ষাথানা পাইগুনিয়য় বাহিমীতে ওতি ইওয়ার সময় ওককাননের পাশে নিজেদের ওক গাছও লাগাল। কাঁটাতারের বেড়ার ওপরে, যেখানে বাঁরদের রক্ত জমাট বে'ধে ছিল, যেখানে হংগিদেওর ভস্মাবশেষ ধ্লির সঙ্গে

মিশেছে, সেখানে স্কুদীর্ঘজীবী এই গাছগ্র্লি বেডে উঠুক। প্রতিটি পাইওনিয়র নিজ নিজ গাছ লাগাল। এটা এক প্রথা হয়ে দাঁড়াল, পাইগুনিয়র বাহিনীতে ভর্তি হওয়ার সময় ছাত্রছাত্রীরা 'বীরবাগে' ওক গাছ লাগায়।

আমরা ছেলেমেরেদের নিয়ে এখানে এলাম। ওলিয়া বীরদের কীতিকাহিনী বলস, নিজের লাগানো ওক গাছটি দেখাল। ছেলেমেয়েরা অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকে কবে তারাও পাইওনিয়র বাহিনীতে ভাতি হবে।

বসন্তকাল এলো, লোননের জন্মবাধিকারি\* আর করেক সপ্তাহ বাকি। এই দিনটিতে খন্দে দোনিনবাহিনীতে গ্রহণ উপলক্ষে পাইওনিয়র স্বেচ্ছাসেবীদের আন্ত্রুতানিক জ্মায়েত হয়ে থাকে। আমরা আবার 'বীরবাগে' আসি — প্রতিটি ছেলেমেয়ে নিয়ে আসে ওক গাছের চারা, কোদলে আর এক ঝুড়ি পচানি সার। ওরা চারাগাছ লাগাল, গাছে জল দিল, এখানে, বীরত্বপূর্ণ কীর্তির এই পবিদ্র স্থানে, ২২ এপ্রিল জ্যেন্ঠ সঙ্গীরা ছেলেমেয়েদের গলায় পাইওনিয়র টাই এটে দেয়। এখানে খন্দে পাইওনিয়রয়া নিজেদের সমাজতান্ত্রিক জন্মভূমির বিশ্বস্ত দেশপ্রেমিক হওয়ায় আন্ত্রুতানিক শপথ গ্রহণ করে।

বছরে করেকবার আমরা 'বীরবাগে' বেতাম। বসস্তের গোড়োর দিকে শত্নকনো ভালপালা আর পাতা সাফ করতাম, হিমে নচ্ট হয়ে যাওরা চারার জায়গায় অন্য চারা লাগাভাম। শরৎকালের শেষ দিকে যে দিনটিতে বীরেরা কীর্তি সম্পাদন করেন সে

১৮৭০ সনের ২২ এপ্রিল লেনিনের জন্ম। প্রতি বছর এই দিনটি লেনিন স্মৃতিদিবস রূপে উদ্যাপিত হয়।

দিন আমরা এখানে পাইওনিয়র বাহিনীর সভাব আয়োজন করতাম। কাঁটাতাবের বেড়ার জায়গার ছিমছাম ওক গাছগালি বেড়ে উঠছে। ছেলেমেয়েরা পাশ দিয়ে যাওয়ার সময় কঠোর নীরবতা পালন করে, প্রত্যেকে গাছের নীচে ফুল রাখে — সেই স্মরণীয় রাতে মাটি বেখানে রক্তে লাল হয়ে গিয়েছিল, সেখানে জালজাল করে আস্টার ও চম্মেজিকা ফুল।

আমাদের পরম স্থের দিনগর্লতেও — গ্রীন্মের ছ্রিটর প্রাক্তালে, দ্রে কোথাও প্রমোদশ্রমণের যাওয়ার আগে — আমরা বিরবাগে' যেতাম। এই পবিত্র স্থানটিতে সর্বদা বিরাজ করত নীরবতা। এটা ছ্রটোছ্রটি করার জায়গা নয়, খেলার জায়গা নয়, চিংকার-চে'চামেচির জায়গা নয় — এখানে প্রাকৃতিক সৌন্দর্যে মৃদ্ধ হতে হয়, বিশ্রাম করতে হয়, পড়াশ্রা করতে হয়। এখানে আসত সেই সমস্ত ছেলেমেয়ে যাদের বাবারা দেশপ্রেমের মহাযুদ্ধে প্রাণ দিয়েছেন। এখানে প্রত তার পিতার সমাধির সামনে মন্তক আনত করে — সে সমাধি আছে হয়ত দ্রের কোথাও — মের্সাগরের তীরে কিংবা কাপথিয় পর্বতমালায়। প্রয়্য থেকে প্রয়্যান্তমে চলে সেই সমস্ত বীরের কাহিনী ধাঁরা প্রাণ দিয়ে সোভিয়েত জনগণের জন্য রক্ষা করেছেন সূর্য, ফুলা, স্বাধীন শ্রম।

টিলার ওপর ওক গাছ ক্রমেই মাথা উ'চু করে উঠতে থাকে। নীল আকাশে গর্বভরে মাথা উ'চিয়ে থাকা এই ওক গাছ কোন বয়স্ক লোকের চোথে পড়লে তার ব্রকের ভেতরে হংপিশ্ড দ্রুত স্পান্দিত হবে, তার কাছে জন্মভূমি হবে আরও প্রিয়, আরও আপন।

দশকের পর দশক কেটে যাবে, ইতিহাসের এই অভূতপূর্ব যুদ্ধের অংশগ্রহণকারীদের জীবনের অবসান ঘটবে, আরও নতুন নতুন প্রজন্মের লোকজন আশ্চর্য হয়ে, কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে সেই সব মান্যকে যাঁবা ফাশিন্ত দাসত্বন্ধনের বিপদ থেকে মানবজাতিকে ল্লাণ করেছেন।

যুদ্ধের বিপদ ও সক্রাস, অগ্নিদাহের রক্তিমাভা, বোমা বিদেফারণের আঘাতে মুম্র্র্মান্ত্রের কাতরানি, ফাশিস্ত জার্মানিতে সপ্রম কারাদশ্ভভোগের জন্য তাড়িয়ে নিয়ে যাওয়া লোকজনের কালা, মুন্টে গমনোদ্যত পিতাদের গাঢ় আলিঙ্গন, স্বামীর কিংবা পিতার যুদ্ধক্তের বীরশ্য্যা অবলদ্বনের সংবাদ পেয়ে নারীদের কালা — এর কোনটাই আমাদের বিস্মৃত হলে চলবে না। নবীন প্রজন্মকে শহিদদের চিরন্তন স্মরণিকের সামনে প্রজাবনত হতে হবে। এখানে, আমাদের স্কুলে, যেখানে আমরা আজ পড়াশ্না করছি সেখানে ফাশিন্ত জার্মানিতে স্থানান্তরের অন্তর্বতীকালীন কারাগার বানানো হয়েছিল। ছেলেমেয়েদের একথা ভূলে গেলে চলবে না। ছেলেমেয়েরা বড় হবে, তাদেরও ছেলেমেয়ে হবে — তখন যেন তারা তাদের মধ্যেও সন্ধার করে দেয় শত্রের প্রতি ঘূণার প্রবল অন্তর্ভিত।

যুক্তের আগে আমাদের গ্রামে অধিবাসীদের সংখ্যা ছিল ৫৯০০। আমাদের স্বগ্রামবাসী ৮৩৭ জন মানুষ — ৭৮৫ জন পর্বুষ আর ৫২ জন নারী পিতৃভূমির মহাযুক্তের ফ্রন্টে বীর শ্যা গ্রহণ করেন। রণাঙ্গন থেকে যাঁরা আর ঘরে ফেরেন নি সেই ৮৩৭ জন স্বগ্রামবাসী বাদেও আমাদের গ্রামের ৬৯ জন অধিবাসী ফাশিস্ত মৃত্যুগিবিরগ্র্লিতে মারা যান — তাঁদের অনাহারে আর অমান্বিক প্রীড়নে অর্থম্ত করা হয়, তাঁদের যক্ত্রা দেওয়া হয়, তাঁদের যক্ত্রা হয়, তারপর

জালানো হয় ক্রিমেটোরিয়ামে। ওঁদের দেহের ভ্রুমাবশেষ নিয়েই বেসাতি করে ফাশিস্ত খনেরা, তোমাদের ভাইবোন আর মা-বাবাদের দেহভদ্ম দিয়েই বুখেনভাল্ড ফাশিস্ত শিবিরের অনতিদরেবতাঁ ভাইমার-উপকণ্ঠের কৃষকরা জমিতে সার দেয়। আমাদের ভাইবোন, পিতৃপিতামহের দেহভক্ষ তোমাদের বুকে আঘাত করক, আঘাত করকে তোমাদের সন্তানসন্ততির ব্যকে। কখনও ভূলে গেলে চলবে না যে আমাদের গ্রাম থেকে উঠতি বয়সের ২৭৬টি ছেলেমেয়ে, কিশোর-কিশোরী চালান করা হয় জার্মানিতে ফাশিন্ত বন্দী শ্রমশিবিরে। তাদের মধ্যে ১৯৪ জন নিহত, তাদের বধ করা হয় মৃত্যুশিবিরে, তারা মারা যায় অনাহারে, সাধ্যাতীত পরিশ্রমের ফলে, তাদের কাউকে জ্যান্ড পর্যাভয়ে মারা হয় ক্রিমেটোরিয়ামে। পাভেলের ভাইকে বোহ,য শহরে নিয়ে গিয়ে ফাশিস্ত দুক্তকারীরা নাশকতামূলক কার্যকলাপের জন্য গনগনে লোহা দিয়ে চোখ পর্যুড়য়ে খ্রুবলে ফেলে, তারপর তাকে জ্যান্ত অবস্থায় গাছের গ'ল্লীড়র সঙ্গে পেরেকবিদ্ধ করে : ভানিয়ার বোনকে কমিউনিস্ট প্রচারকার্যের জন্য নাংসীরা জ্ঞা<del>ন্ত কবর দে</del>য়। কোন্ডিয়ার কাকাকে *লো*হার খাঁচার ভেতরে ফেলে দেওয়া হয়, সেখানে তিনি নগ্ন অবস্থায় কয়েক দিন ধরে কন্ট ভোগ করেন, তারপর নির্যাতিত হয়ে মারা যান ৷ ইউরার থ্ড়তুত ভাই পালানোর চেন্টা করায় তাকে জ্যান্ত ছি'ডে ফেলার জন্য শিকারী কুকুরদের মূখে ফেলে দেওয়া হয়। ভালিয়ার খ্রড়তুত বোনের দুধের বাছাকে ছিনিয়ে নিয়ে ফাশিস্ত অফিসার মারে চোথের সামনে পাথরে মাধা আছডে মেরে ফেলে। দুটি সন্তান — ৪ বছরের মেয়ে অর ৩ বছরের ছেলে সমেত ২৬ বছর বয়স্কা মহিলা ল্যাসিয়া মাসীকে অস্ওয়েন্ৎসিমের ফাশিস্ত ক্যান্তের পাঠিয়ে দেওয়া

হয়। ক্যান্সে বাচ্চাদের কাছ থেকে মাকে বিচ্ছিন্ন করা হয়।
মহিলা ফাশিস্ত অফিসারকে বললেন: 'ওরা অস্মৃষ্ট, দরা করে
ওদের আমার কাছে থাকতে দিন।' ফাশিস্ত অফিসারটি হ্বজ্জার
দিয়ে বলল: 'যদি অস্মৃষ্ট হয়ে থাকে ত. আমরা ওদের
চিকিংসা করব...', এই বলে হতবিহ্বল মা'র চোথের সামনে
নগ্ন শিশ্বদের পাথরের ওপর ছুইড়ে দিল, লোহার নাল লাগানো
জ্বতো পায়ে মাড়িয়ে শিশ্বদেহ পিত করল।

অনি ছেলেমেয়েদের বলি: 'একথা আমাদের নিজেদের ত ভূলে গেলে চলবেই না, পরভূ আমাদের কাজ হবে মানুষের বিবেক-ব্রিদ্ধর স্মৃতি প্র্রুষান্কমে ভবিষ্যৎ সকল প্রজমের মধ্যে সঞ্চার করা:' সোভিয়েত মাতৃভূমির মৃত্তি ও স্বাধীনতার জন্য সংগ্রামে বাঁরা শহিদ হয়েছেন তাঁদের প্রতিকৃতির একটি গ্যালারি — পঞ্জীর একটি নিজস্ব প্যানথিয়ন গড়ার কথা আমরা একসঙ্গে মিলে ভাবি। শিক্ষার তৃতীয় বর্ষের শেষে ও চতুর্থ বর্ষের গোড়ায় ছেলেমেয়েরা পঞ্জীবাসীদের সকলের বাড়ি ঘোরে।

মায়ের যুদ্ধে নিহত বারদের আর ফাশিন্ত মৃত্যুশিবিরের শহিদদের আলোকচিত্র দেন। ছোট ছোট আলোকচিত্র থেকে আঁকা প্রতিকৃতিগন্ধল আমরা 'গোরব ও শোকের আলয়ে' রাখলাম। এ হবে আমাদের প্যানিথয়নের স্ত্রপাত। নতুন নতুন প্রজন্মের বিদ্যালয়-শিক্ষার্থারা ধারে ধারে এর সম্প্রা সম্পন্ন করবে — এই ছিল আমাদের লক্ষ্য। এটা আমাদের কর্তব্য, এবং আমাদের তা পালন করা উচিত এই কারণে, যাতে প্রথিবীতে কথনও যুদ্ধ না হয়, যাতে জাতিতে জাতিতে ল্রাভ্রের সম্পর্ক গড়ে ওঠে, যাতে যুদ্ধ ও বিনাশের জন্য শিশ্বদের জন্ম না হয়ে তাদের জন্ম হয় শান্তি ও স্ব্থের জন্য। এটা বিশ্বের সকল

জাতির প্রতি আমাদের কর্তব্য — ফ্যাসীবাদের সন্তাস থাতে আর কখনও দেখা না দেয় তার জন্য আমাদের কোন কিছুই ভূলে গেলে চলবে না, ক্ষমা করা চলবে না।

একবার কোন এক ভ্রমণের সময় নীপারের উ'চ তীরে আমাদের রাচিযাপন করতে হয়। ছেলেমেয়েদের কয়েকবার জল আনার জন্য গিরিখাতের ঝরণায় যেতে হয় আর প্রতিবারই তাদের যেতে হত ঘারে — পারে-চলা পথের ওপর পড়ে ছিল একটা বিরাট পাথরের চাঁই, সেটার পাশ কাটিয়ে যেতে হত। 'এই পাথরটা এখানে পড়ে আছে কেন?' ছেন্সেমেয়েরা অবাক হরে ভাবে। 'লোকে এটাকে ঘুরে যায়, অথচ ঝোপের ভেতর ঠেলে ফেলে দেয় না কেন?' সংব্যদ্ধিতে অন্যপ্রাণিত হয়ে ওরা পাথরটাকে গড়িয়ে একপাশে ঠেলে দিল। সকালে বৃড়ো জেলে আমাদের কাছে এসে জিজেস করল পাথরটা কোথায়। ছেলেমেয়েরা ভাবল ওরা বোধহয় প্রশংসা পাবে, কিন্তু দাদ্য মাথা নেড়ে বললেন: 'এই পাথরটা বহ, বছর যাবত এখানে পড়ে আছে, আর এটাই তার জায়গা।' ...অতঃপর তিনি তিনজন সোভিয়েত গুপ্তকমাঁর কীতিকাহিনী আমাদের বললেন। নীপার নদীর প্রবল লডাইয়ের সময় তাঁরা নদী পোরিয়ে এসে টমিগান নিয়ে পাথরের আডালে পড়ে থাকেন এবং দখলদারদের বিরুদ্ধে পুরো চন্দিবশ ঘণ্টা অসমান লড়াই চালিয়ে যান। ফাশিন্তরা কামান আর মর্টার যুদ্ধে নামলে, কয়েক ঘণ্টা ধরে মাইন আর গোলার বিস্ফোরণ চলল, কিন্তু পাথরটা যেন এক দুভেদ্যি দুর্গ । রাতে গুস্তুকর্মীদের সাহায্যের জন্য নদী পার হয়ে এগিয়ে এলো আমাদের সেনাবাহিনী। সৈন্য তিনজন তথন গোলাগুলি আর গুলির টুকরোর আঘাতে আহত হয়ে রক্তাক্ত অবস্থায় পাথরের আড়ালে পড়ে ছিলেন, কিন্তু তাঁদের মনোবল

তখনও অটুট। ওঁদের নীপারের ওপারে হাসপাতালে পাঠিয়ে দেওয়া হল, কেউ তাঁদের নাম জানে না, কেবল এই গ্রানিট পাথরের চাঁইটা বীরদের কীতির স্ফ্রিচিচ্ছ হয়ে আছে। ছেলেমেয়েরা পাথরেটার সামনে এগিয়ে গেল, অনেকক্ষণ ওটার সামনে দাঁড়িয়ে রইল। ঝোপ থেকে পাথরটাকে গড়িয়ে নিয়ে এসে যথান্থানে রাখল। কেবল এখনই ওয়া লক্ষ্য করল যে গ্রানিট পাথরটা গ্রালিতে আর গোলার টুকরোর আঘাতে ঝাঁঝরা হয়ে আছে। মাটিতে আমরা পাথরের অনেকগ্রালি টুকরো পেলাম, ছেলেমেয়েরা প্রত্যেকে স্ফ্রিচিক্ছ হিশেবে ছোট ছোট টুকরোগ্রালি নিল।

সেই সময় থেকে খাদে পর্যটকদের যাত্রপথ সর্বদা যেত বাঞ্চিত পাথরটার পাশ দিয়ে। টিলার ওক গাছ আর 'বীরবাগের' মতো ছাইরঙা পাথরের চাঁইটাও শিশাদের কাছে হয়ে দাঁড়াল শিশাদের হদয়ে দেশপ্রেমের উন্নত অন্মুভূতির উদ্রেককারী কীতিজনিত সৌশদর্যের প্রতীক।

শৈশবে মান্র পিতৃপিতামহের বারত্বপূর্ণ কার্তিকে কা ভাবে গ্রহণ করে তার উপরই নির্ভার করছে মান্রের নৈতিক রুপ, সামাজিক স্বার্থের প্রতি, জন্মভূমির কল্যাণের জন্য নিয়োজিত প্রমের প্রতি তার দ্বিউভিঙ্গা ঠিক এই টিলার উপর, যেখানে আমরা আজ শ্রম নিয়োগ করছি সেখানে যে বারের রক্তপাত ঘটেছিল এই চিন্তার শিশ্বেদর যাতে দ্বৃত স্পান্দিত হয়ে ওঠে আমি সেদিকে দ্বিট দিই। অন্তর্ভিত থেকে প্রতিষ্ঠিত হয় দঢ়ে বিশ্বাস: জন্মভূমির কল্যাণের জন্য দেশের মাটিতে শ্রম নিয়োগ এ হল এমন এক স্ব্রথ যার জনা লোকে মৃত্যু পর্যন্ত বরণ করতে পারে। শিশ্বেদয়ের সংগ্রন্থ কোণে জেগে ওঠে বিবেকের কণ্ঠশ্বর: তোমার মথোর ওপর নির্মাল আকাশ

আছে, তুমি নীল আকাশের দিকে তাকাতে পারছ একমাত্র এই কারণে যে পপলার ও বার্চ, ওক গাছ ও আপেল গাছের নীচে শায়িত রয়েছেন এমন সমস্ত মানুষ যাঁরা তোমার জন্য আলো ও জীবন রক্ষা করেছেন।

এই কণ্ঠস্বর খুদে পাইগুনিয়রদের স্মরণ কবিয়ে দেয় যে তারা হল জন্মভূমির ভবিষ্যং অধিপতি। জ্ঞোষ্ঠ পরেষের মান,বেরা যে বৈষয়িক ও আত্মিক সম্পদ গড়ে তলেছেন তার উপর এই কর্তৃপ্রবোধ — নাগরিক পরিণতিলাভের মূল। শিশুদের জন্য যাঁরা উজ্জবল সূর্য আর নীল আকাশ রক্ষা করেছেন তাঁদের সামনে কর্তব্যের জন্য শিশ্বদের কী ভাবে শ্রমে অন্যপ্রাণিত করা যায় আমি আর ওলিয়া সে বিষয়ে ভাবি। একদিন ছেলেয়েয়ের৷ তাদের শস্যক্ষেত্রে আসে: যেখানে কোনকালে কিছুই জম্মাত না এমন এক টুকরে অনুর্বর জমিতে গম ফলানোর উদ্দেশ্যে কয়েক সেণ্টনার পচানি সার সেখানে বয়ে নিয়ে বাওয়া দরকার ছিল। খাটুনিটা ছিল কঠিন আরু একবেরে। ১৯৪০ সনে ভলগা তীরের প্রবল লড়াইয়ের সময় ইউক্রেনের কম্সমোল-সদস্য মিখাইল পানিকাকো যে ক্রতিছের পরিচয় দেয়, কাজের শারুতে ওলিয়া ছেলেমেয়েদের সে সম্পর্কে বলে।

উনিশ বছর বয়সী কিশোর ফাশিন্ত ট্যাঙ্কের পথ রোধ করে পরিথায় দাঁড়ায়। শত্রপক্ষের ট্যাঙ্ক পরিথার ওপর দিয়ে চলল। যোদ্ধা দাহ্যমিশ্রণের বোতল ট্যাঙ্কের গায়ে ছোঁড়ার উদ্দেশ্যে হাত তুলল। ঠিক এই মৃত্যুর্তে গ্রেলির আঘাতে হাতে-তোলা বোতল ফেটে গেল। দাহ্য তরল পদার্থ জন্বলে উঠল, পোশাক বয়ে মৃথেব ওপর গড়িয়ে পড়ল। জীবস্ত মশাল আগ্রন আর ধোঁরার কুডলী তুলে পরিথার ওপর উঠল, এগিয়ে গেল ট্যাঙ্কের দিকে। মিথাইলের হাতে ধরা ছিল শেষ বোতলটা। সে ততক্ষণে
শন্ত্রপক্ষের ট্যাঙেকর আচ্ছাদনের গায়ে উঠে গেছে বোতল
দিয়ে একটি আঘাত হানল ট্যাঙেকর মাথার — ট্যাঙক দাউ দাউ
করে জনলে উঠল, পাক খেল। ট্যাঙক ফেটে যাওয়ার আগে,
শোষ মৃহ্রুর্তে মিখাইল ব্ক চিতিয়ে দাঁড়াল, জনলন্ত হাতটা
তুলল, চিৎকার করে উঠল। সৈনিকরা যুদ্ধের আহ্নান শানে
পরিখা থেকে উঠে এসে শন্ত্রকে নিশ্চিক্ত করে দিল, রাস্তাটা
দখল করল।

বিবরণটা শিশ্বদের বিষ্ময়ে অভিভূত করে। সেই মুহুতের্ত বীর যেন তাদের সামনে জীবস্ত ও চিরস্তন হয়ে উঠল, সে যেন বলছে: 'অংমি আমাদের পবিত দেশের এই রকমই একটকরে: মাটির জন্য প্রথে দিয়েছি। সে মাটিতে কী জন্মাবে — কাঁটাগাছ না গম, এই ভেবে কি উদাসনি থাকা যায় ?'প্রত্যেকের হদয়ে এই মুহুতে কথা বলে ওঠে তার বিবেক: উদাসীন থাকা যায় না। আমি এমন ধারণা মোটেই পোষণ করি না যে কাজ করার আগে সবসময় বীরত্বপূর্ণ কীতিকিছিনী ছেলেয়েয়েদের শোনানো দরকার। তমি যদি আলস্য দেখাও, যেমন করা উচিত তেমন কাজ যদি না কর তার মানে হল জন্মভূমির প্রতি নিজের কর্তব্য ভূমি পালন করছ না -- এই ভাবে শিশ্মকে ব্যেঝানো ঠিক হবে না। কর্তব্যব্যেধ — এক পবিত্র অন্যভতি, শিশ্যুর উচিত হবে স্বত্নে তাকে নিজের হৃদয়ের মধ্যে রক্ষা করা। সেই সঙ্গে বীরত্বপূর্ণ ক্যীর্ভা যাতে বাঁচতে শেখায়, শিশরে চৈতন্যে প্রথম নাগরিক প্রতায় জাগিয়ে তোলে সেদিকেও দুষ্টি রাখা একান্ড কর্ত্রবা। আমি ওলিয়াকে পরামর্শ দিলাম সে যেন আসন্ন শ্রমনিয়োগের সঙ্গে কোন রকম সম্পর্কের উল্লেখ না করে, কোন রকম উপদেশ ছাডাই মিখাইল পানিকাকোর কাহিনী বলে, যাতে শিশ্ব নাগরিকের দ্বিটতে তার জন্মভূমির জমির টুকরোটিকে দেখতে পায়।

# थुरक ट्वानिनीय अश्वर्धत भिभार्तन स्थानमान

১৯৫৫ সনের বসন্তকালে তৃতীয় শ্রেণী শেষ করার কিছ্
আগে ছেলেমেরেরা লেনিন পাইওনিয়র সংগঠনে ভর্তি হল।
কম্সমোল-কমিটি ওলিয়াকে দলনেতা নিয়োগ করল। সে
তথন অভ্যম শ্রেণীতে পড়ল।

জোইয়া কস্মোদেমিয়ান্সকায়া পাইওনিয়র স্বেচ্ছাসেবী বাহিনীর আনুষ্ঠানিক সভা প্রথা অনুযায়ী আয়োজিত হল ২২ এপ্রিল — লেনিনের জন্মদিনে। এর অনেক আগে থেকেই ওলিয়া ও তার বন্ধবাদ্ধবেরা ছেলেমেয়েদের পাইওনিয়েরে ভার্ত হওয়ার তালিম দিতে থাকে। অভ্যম শ্রেণীর ছারছারীয়া লেনিনীয় পার্টি, কম্সমোল ও পাইওনিয়র সংগঠনের বারত্বপূর্ণ ইতিহাস ছেলেমেয়েদের বলে।

'যার কীতি তোমাদের স্বচেরে বেশি প্রেরণা দেয় তারই
নামে তোমাদের পাইওনিয়র বাহিনীর নাম হোক,' ওলিয়া
ছেলেমেয়েদের বলল, ওরাও একবাকো ঠিক করে ফেলল,
আমাদের বাহিনীর নাম হবে শুলিনগ্রাদের লড়াইরের বীর
মিথাইল পানিকাকোর নামে। আমাদের বাহিনীর ম্লমন্ত্র:
'লেনিনের মতো সংগ্রামী ও বিজয়ী হতে হবে'। আমাদের
প্রতীক ওক গাছের পাতা ও ওকফল, যার অর্থ হল জন্মভূমির
প্রকৃতি ঐশ্বর্যমিন্দিত করে তোলার সংগ্রাম।

পাইওনিয়র সভায় ছাত্রছাত্রীরা ছাড়াও উপস্থিত হলেন মা-বাবারা, মহান অক্টোবর সমাজত্যন্তিক বিপ্লবের অংশগ্রহণকারীরা, গ্রহম্বা ও গেরিলা আন্দোলনের প্রবীণ যোদ্ধারা এবং ১৯১৯ সনে যে তর্ণ কমিউনিস্টরা গ্রামে তাদের সংগঠন গড়ে তোলে সেই প্রথম আমলের কম্সমোল সদস্যরা।

ছোটখাটো সব্জ লন্ এর উপর সভা অন্তিত হল। অভ্যম শ্রেণীর ছেলেমেরেদের আর তৃতীয় শ্রেণীর শিক্ষাথাঁদের অর্থাৎ ভাবী খুদে লোননীয় বাহিনী সারি বে'ধে মুখোমুথি দাঁড়াল। অভ্যম শ্রেণীর বাহিনীর পরিষদ-সভাপতি ঘোষণা করল যে আজ তাদের বাহিনীর কাজকর্ম শেষ হচ্ছে, তারা কর্মভার অপণি করছে তৃতীয় শ্রেণীর ছাচছাচ্চী — খুদে লোননীয়দের হাতে।

লাল টাই অপণ্যের আনুষ্ঠানিক মুহুর্ত শ্রের্ হল। স্কুলে যে প্রথা গড়ে উঠেছে সেই অনুযায়ী বিদায়ী পাইওনিয়র বাহিনী নবাগত পাইওনিয়র দলকে লাল টাই অপণি করে। ছেলেমেরেরা তাদের পাইওনিয়র টাই খ্লে খ্লে বন্ধুদের গলায় বে'ধে দেয়। ছাত্রছাত্রীদের প্রত্যেকে যে যার সঙ্গে বন্ধুদ্ব পাতিরেছিল তাকে নিজের টাই বে'ধে দেয়। অত্যম ও তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে ভাইবোনেরা ছিল — বড়রা ছোটদের টাই অপণি করে পরম মুলাবান পারিবারিক সামগ্রীর্পে। লাল টাই গ্রহণ করার পর ছেলেমেরেরা আনুষ্ঠানিক শপথবাক্য উচ্চারণ করে। তারা প্রতিগ্রাতি দের যে তারাও মিখাইল পানিকাকোর মতো দঢ়ে ও বীরত্বপূর্ণ দেশপ্রেমিক হবে, 'লেনিনের মতো সংগ্রামী ও বিজয়ী হতে হবে' — এই মুলমন্য পালন করেবে। পাইওনিয়র বাহিনীতে ভর্তি হওয়ার স্ম্রতিতে প্রত্যেকেই পেল উপহার — বিশিষ্ট ব্যক্তির জীবন ও সংগ্রাম সম্পর্কে কোন গ্রন্থ।

এই সভা আমার শিক্ষার্থীদের স্মৃতিতে চিরকাল উজ্জবল

থাকে . পাইওনিয়র বাহিনীতে গ্রহণের অনুষ্ঠানের মধ্যে সবচেয়ে বড় কথা হল এই যে পাইওনিয়র টাই পুরুষান্ত্রমে খ্রে লেনিনীয়দের অপণ করা হয়ে থাকে। লাল টাই বিপ্লবী সংগ্রামের প্রতীক।

## লেনিনের মতো সংগ্রামী ও বিজয়ী হতে হবে

লোনন শিথিয়েছেন: প্রতিটি প্রাত্যহিক কর্মে, সাধারণ দৈনন্দিন শ্রমের মধ্যে আছে কমিউনিজমের জন্য সংগ্রাম: শিশ্রুরা বাতে তাদের আশেপাশে যা কিছ্ ঘটছে সে সমস্তকে আন্তরিক ভাবে গ্রহণ করতে পারে, যাতে জনগণের বৈষয়িক সম্পদের ভাগ্য শিশ্রকে ভাবিত করে তোলে, আমি আর ওলিয়া তা নিয়ে ভাবি। ওলিয়া বাহিনীতে প্রকৃতির খ্লে সংরক্ষকদের একটি দল সংগঠন করল। স্কুলের অনতিদরের ক্ষেত্র-সংরক্ষণকারী যে বনভূমিটি ছিল ছেলেমেরেরা তা দেখাশোনার ভার নিল: বনভূমির বরাবর যেতে তারা দেখতে পেল কে যেন কয়েকটি গাছের বাকল কেটে ফেলেছে: স্পন্টই বোঝা যাছে তার ইচ্ছে ল গাছগ্রলি যেন শ্রেকিয়ে যায়, তাহলে গাছ কটার পক্ষে যার্ত্তি খ্রুজে পাওয়া বাবে, অর্থাৎ গাছগ্রলি ত শ্রেকয়েই গেছে, ওদের আর রেখে কী হবে? ছেলেমেরেরা ক্ষ্রেন হল: ব্যাপারটা কী? — আমরা গাছ লাগাই, আর কে না কে এসে কিনা সেগ্রেলি যেরে ফেলে? জানা দরকার এটা কার কাজ।

এই দিন থেকে প্রকৃতির খাদে সংবক্ষকদের পাইওনিয়র অভিযান শার্ব হল। সঙ্গাবেলায় পাইওনিয়ররা ক্ষেত্র-সংবক্ষণকারী বনভূমিতে যেত, তারা অনাহাত অতিথিদের প্রভীক্ষায় থাকে। ক্যেক দিন বাদে অপরাধীবা হাতে নাতে ধরা পড়ল দ্কন যৌথথামারী গাছ কাটার উদ্দেশ্যে করাত হাতে দেখা দিল। কারা গাছপালা নন্ট করছে সে সংবাদ ছেলেমেরেরা যৌথখামারের পরিচালনদপ্তরে জানলে। অপরাধীদের প্রতিটি নন্ট করা গাছের জারগায় দশটা করে গাছ লাগাতে বাধ্য করা হল। ছেলেমেরেরা আনন্দ পেল, সত্যের জয় হল। পরিপূর্ণ নৈতিক শিক্ষার এ হল এক অপরিহার্য শর্ত। কমিউনিস্ট আদর্শের জন্য সংগ্রাম তখনই মহত্ত্বের উৎস হয়ে দাঁড়ায় যখন খ্লে পাইওনিয়র ন্যায়ের জয় দেখতে পায়। বিজয় অনুপ্রাণিত করে, নতুন নতুন বাধ্যবিপত্তি অতিক্রমণের অবশ্যপ্রয়েজনীয় নতুন শক্তি যোগায়।

প্রকৃতির খুদে সংরক্ষকরা এক নতুন খেলায় মেতে উঠল। খেলাটার ভিত্তি ছিল সৌন্দর্য ও শ্রমণীলতার জন্য সংগ্রাম। একবার পাইওনিয়র অভিযানের সময় তারা দেখতে পেল যে কোন কোন যৌথখামারীর উঠোন আগছোয় ভরে উঠেছে। ছেলেমেয়েরা ঐ যৌথখামারীদের আপেল গাছের চারা এনে দিল, আগাছা সাফ করে সে জায়গায় ফলের গাছ বসাতে বলল। দেখা গেন্স তিনজন লোক উৎসাহহীন — এ কাজে তালের আলস্য। পাইওনিয়ররা তখন 'প্রকৃতির খুদে সংরক্ষকদের বার্তা? লিখল — তাত্তে থাকল উৎসাহহীন লোকদের উদ্দেশে প্রতিবেদন: 'আপনাদের উঠোন যে আগাছার পালনক্ষেত্র হয়েছে এই দেখে আমরা, প্রকৃতির খুদে সংরক্ষকরা ব্যথিত। কাঁটাগ্যছের ঝোপেঝাড়ে শিগ্রিরই হয়ত নেকড়েরা আস্তানা গাড়বে। এই 'বনে' বাস করেন কী করে? আপনাদের কাছে অনুরোধ, আগাছা সাফ করে ফেল্ফা, আপেল গাছ ও আঙ্করলতা লাগান, ফুলের চাষ করুন। আপনাদের ব্যাড়িক পাশে পাঁচটা চারাগাছ আর তিনগোছা আঙ্করলতা রেখে গেলাম। কালই গাছগুলো

লাগাবেন। লাগাবেন এবং ভালো করে জল দেবেন। এ কাজে বদি আপনাদের আলস্য হয় তাহলে আমরা আসব, গর্ত খর্ডর, আগছো সাফ করব, গাছ লাগাব। বাগান হবে, তবে সেবাগান অপনাদের হবে না. হবে আমাদের পাইওনিযরের।

'বার্তাগর্নল' দেওয়া হল অভিনব পন্থায়: খোলা জানলা গলিয়ে টেবিলের ওপর রেখে দেওয়া হল। আর সন্ধ্যাবেলায় কেউ যাতে দেখতে না পায় এমনি ভাবে চারাগাছ রেখে দেওয়া হল। এ সবই ছিল শিশ্বদের উন্তাবিত খেলা। তারা অধীর আগ্রহে অপেক্ষা করতে লাগল পর্যাদন কী হয়: উৎসাহহীন **লো**কেরা কী করে। ক্লা**সের পর রাস্তা দিয়ে যেতে দেখল** পতিত জমিগ্যলিকে চেনাই যায় না: যেখানে আগাছা জন্মেছিল সেখানে গাছ লাগানো হয়ে গেছে।... প্রকৃতির খনে সংরক্ষক পাইওনিয়র গ্রুপের সংবাদ দেখতে দেখতে স্কুলময় রাণ্ট্র হয়ে গেল। আমাদের বাহিনী হল প্রকৃতির খাদে সংরক্ষক পাইওনিয়র ম্বেছাসেবীদের সংগঠক। যৌথখামারের পরিচালনদপ্তর জ্যোষ্ঠ পাইওনিয়রদের অনুরোধ জানাল তারা যেন তৃত গাছের আবাদ রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করে: কোন কোন যৌথখামারী কোন রকম দয়ামায়া না করে ভালপালা ভাঙ্গত। পাইওনিয়ররা কয়েকবার অভিযান চালানোর পর ভাল ভাঙ্গা বন্ধ হল। গ্রীষ্মকালে বাহিনী ভালো জাতের গম ফলানের পরীক্ষাম্লেক জমির জন্য ২০ কিলোগ্রাম বাছাই গমের বীজ মজাত করার দায়িত্ব নিল। ছেলেমেয়েরা সবচেয়ে ভালো দেখে গমের শীষ বাছাই করল, স্কুলের একটা ঘরে শীতকালে সেগ্রনি সংরক্ষণের জন্য শ্বকনো জায়গা বার করল, বসস্তকালে ঝাড়াই করে দানা বার করল এবং কৃষিবিদের হাতে অপণ করল এই শ্রমের মধ্যে এত বেশি উদ্বেগ ও উৎকণ্ঠা ছিল যে গম বোনা শ্রে হতে ছেলেমেয়েরা (ওরা তখন চতুর্থ শ্রেণীতে পড়ত) তাদের বীজ কী ভাবে বোনা হয় তা দেখার জন্য মাঠে চলল। অঙ্কুর গজাতে মাঠ আবার ওদের টানল। ফসল তোলার সময় পাইওনিয়ররা ঠিক করল যে এ কাজে ওপরের ক্রাসের ছেলেমেয়েদের সাহায্য করবে। অ্যাম দেখে আনন্দ পেলাম যে নিজেদের শক্তির একটি কণা লোকের জন্য নিয়োগ করতে পেরে শিশুরা আশেপাশের জগতে যা কিছু ঘটছে সে সবের প্রতি আরও বেশি মান্তায় সংবেদনশীল হয়ে পড়ছে ৷ আমরা মাঠ ছেডে যাই. ছেলেমেয়েদের আনন্দ আর ধরে না: আমদের বীজ থেকে চমংকার ফসল ফলেছে। যৌপখামারের বাগানের পাশ দিয়ে যেতে যেতে আমরা দেখতে পেলমে আপেলের ছোট চারাগাছে শংয়োপোকা। ছেলেমেয়েরা উদ্বিগ্ন হয়ে পড়ল। পাইওনিয়ররা এই মাহার্তে সমাজের প্রতি তাদের কর্তব্যের কথা ভাবে না, কোন প্রাণ মৃত্যুর আশতকাগ্রস্ত হয়েছে দেখে তারা আসলে উদাসীন থাকতে পারে না। তারা বাগানে গিয়ে শাুয়োপোকা ধরংল করে, আপেল গছে বাঁচায়, আশেপাশের গাছগালি খাটিয়ে দেখে: সেখানে কোন ক্ষতিকর কীট আছে কিনা।

নিজের দেশের মাটির ওপর অধিকারবাধ — পরম গ্রেছপূর্ণ দেশাদ্ববোধ। আমাদের উচিত শিশ্হদরে তার দ্যু প্রতিত্ঠাদান। খাঁটি দেশপ্রেমিক সে-ই হতে পারে বার কাছে শৈশব, কৈশোর আর যৌবনের প্রথম পর্বে সর্বসাধারণের শঙ্গাক্ষেত্রের প্রতিটি শীবের ভাগ্য, সর্বসাধারণের বাগানের প্রতিটি গাছ আর যৌথখামারের মাড়াইরে প্রতি মুঠো দানার ভাগ্য মা কিংবা বাবার উপহার দেওয়া খেলনার মতো, প্রিয় সচিত্র গ্রন্থ, স্কেট আর ক্বীর মতোই গভীর ব্যক্তিগত

আনন্দদায়ক। ..সামাজিক ব্যাপার শিশ্বর কাছে গভীর ব্যক্তিগত হয়ে দাঁড়াবে একমাত্র তখনই যখন সে মানুষেব জন্য কিছা স্থান্টর উদ্দেশ্যে শ্রমে নিজের হৃদয়ের অংশ নিয়োগ করবে, যখন নিজের হাতে তৈরি বৈষয়িক সম্পদ গভীর আনন্দ নিয়ে আসবে, যখন এই আনন্দের পথ যাবে উদ্বেগ, যত্ন আর অসাফল্যের মধ্য দিয়ে। শিশার মর্মপীড়া ও মনস্তাপের উৎস আমাকে সর্বদাই ভাষিত্র করে তুলত। শিশ্য কোন্ জিনিস্টাকে হাদরের কাছাকাছি গ্রহণ করে? — কেবল তার ব্যক্তিগত সোভাগ্যসংক্রান্ত বিষয় না কি যা অন্যদের স্বার্থসংশ্লিষ্ট তা-ও? এই প্রশ্নের উত্তর আমার কাছে সর্বদা শিশ্বদের নৈতিক সদ্গাণের নিরিখন্বরূপ ছিল। প্রবল বর্ষণে দ্রুলের শিক্ষা ও পরীক্ষা-মূলক খেতে গমের কণ্ডেগালি হেলে পড়তে দেখে কোলিয়া কিংবা ভালিয়া দঃখ পেলে আমি পরম প্রকাকত হই। শিশ্য বতক্ষণ না এমন বিপর্যরের জন্য কন্ট পাচ্ছে, নিদার্ণ উদ্বেগ ও দ্বঃখ ভোগ করছে, ততক্ষণ শিক্ষক নিশ্চিত হতে পারেন না, কেননা তাঁর শিক্ষার্থী ভবিষ্যাং জীবনে উদাসীন পর্যবেক্ষকে পর্যবসিত হলেও হতে প্যক্রে (

দ্বার্থপির ও আত্মপরায়ণ হয়ে ওঠে ঠিক তারাই যারা লোক সম্পর্কে চিন্তাভাবনা ছাড়াই শৈশব কাটায়, যারা উপভোগ করত নির্থকুশ আনন্দ। আমার দুই শিক্ষার্থী ভলোদিয়া ও লোভা যে এই বিপদের মুখে পড়েছে তা দেখে আমি উদ্বিগ্ন হই। ওদের দুজনের পরিবারেই বাচ্চাদের যত রক্ষ আনন্দ দেওয়ার চুড়ান্ত বাবস্থা ছিল। বাচ্চাদের একমার দুঃখ হত এতেই যে বাবা মা'রা নতুন, ভালো কোন জিনিস কিনে দিচ্ছেন না। এই স্বার্থপির উদ্বেগকে রোধ করতে হলে তার বিরুদ্ধে দাঁড় করাতে হয় আরেক ধরনের চিন্তা ও দ্বঃখ -মান্বের বৈষয়িক ও আত্মিক সম্পদ সম্পর্কে দুবিশ্চন্তা।

প্রচন্ড গ্রীন্মের সময় আমি দেখতে পেলাম যে 'আনন্দ নিকেতনে' থাকার সময় যে লিপ্ডেন গাছটি আমরা লাগিয়েছিলাম সেটি শত্ত্বিষয়ে যাছে। 'আমাদের বন্ধত্ত জলে কর্মাত পড়ছে,' আমি ভলোদিয়া ও স্লাভাকে বললাম। ওদের কৌত্হেলজনক একটা ব্যাপার দেখাব বলে কথা দিয়ে বাগানে নিরে এলাম, তারপর গরমে শ্রুকিয়ে-যাওয়া গাছ দেখালাম। লিপ্ডেন আমাদের কাছ থেকে সাহায্য চার, আমরা ইচ্ছে হলে ওকে সাহায্য করতে পারি,' আমি ছেলেদের বললাম। 'এই জাতের গাছ, বিশেষ করে কচি অবস্থার ভিজে হাওয়া, সে'তসে'তে ভাব আর ঠাণ্ডা ছায়া পছন্দ করে। তাই বলি কি. এসো, আমাদের বন্ধাকে সাহায্য করা যাক জেলের মোটা পাইপ থেকে একটা সরু পাইপ এখানে টেনে নিয়ে আসব (জায়গাটা দুরে নয়), পাইপ থেকে লিন্ডেন গাছের ওপর ব্যুন্টি ছাড়ব — গাছ সত্যিকারের প্রাণ জ্বড়ানো ঠাণ্ডা পাবে।' গোড়ায় ছেলে দুটো আমার কথায় তেমন কোন উৎসাহ দেখাল না, কিন্তু আমি যখন কুলিম বৃণ্টির কথা বললাম তখন তাদের চোখে কোত্রেল ফুটে উঠল। শ্রম ওদের কাছে আকর্ষণীয় খেলা হয়ে দেখা দিল। আর এমন কোন্ শিশ্ব আছে যে থেলতে চায় না? ওরাও খেলতে লাগল। আমরা পাইপটাকে গাছের দিকে বাড়িয়ে দিলাম, ঝাঁঝরি লাগলাম, দেখতে দেখতে লিপ্ডেনের ওপর সক্র্যু বিশ্ববিদ্যার জলকণার বাষ্প্র দেখা দিল। প্রচণ্ড গরমের দুপুরে ওরা দুজনে বৃত্তি 'ছাড়ত', আর সন্ধার আগে আগে 'বন্ধ করত'। ধীরে ধীরে গাছের ভাগ্য – গাছ বৃষ্টিতে কেমন অনুভব করছে এই চিন্তা ওদের ভাবিয়ে তোলে। লিণ্ডেনের

ডালগন্ধো সোজা হয়ে উঠেছে, সেথানে নরম কচি কচি পাতা গজিয়েছে দেখে ওরা আনন্দ পেল। এই ভাবে শিশ্বদের জীবনে এমন এক বিষয়ে আকর্ষণ দেখা দিল যা তাদের ব্যক্তিগত সাফল্যের সঙ্গে জডিত নয়।

কিপু এ হল স্চনামাত্র। হীরা কেটে বহুম্লা ধ্যতু বানানেরে সময় মণিকারকে যেমন ম্ল্যবান পাথরের কোন জায়গায় কী ভাবে কাটতে হবে তা বোঝার জন্য হীরার প্রতিটি পাশকে ভালো করে লক্ষ্য করতে হয়, শিক্ষাদাতাকেও তেমনি ভাবতে হয় শিশ্বেদয়ের নিভ্ততম কোণে প্রবেশের পথ। বনগোলাপের সবচেয়ে বড় বীজ খাজে বার করার উদ্দেশ্যে ভলোদিয়াকে নিয়ে আমি কয়েকবার বনে যাই, তারপর বীজ লাগালাম, আমরা সব্রুজ অংকুরে জল ঢালতাম: গাছ জোড় লাগানোর উপব্রুজ হয়ে উঠছে আমরা তার সঙ্গে শেষত গোলাপের জোড় বাঁধলাম। এটা কেবল শ্রম ছিল না, এ হল সন্তর্পণে শিশ্বেদয় স্পর্শ করা। ধাঁরে ধাঁরে আমি তেন্টা করলাম যাতে কেবল ব্যক্তিগত সাফল্য নয়, পারিপাশ্রেক জগৎও বালকের স্থেদঃখের কারণ হয়ে দেখা দেয়।

স্লাভার প্রতিও অনেক মনোযোগ দিতে হয়। ওলিয়ার সঙ্গে ও পদ্পালন ফার্মে অসুস্থ ভেড়ার বাচ্চা দেখতে যেত। প্রথম প্রথম প্রাণী পরিচর্যা তার কাছে ছেলেখেলা বলে মনে হত, তারপর তা প্রমের প্রতি আকর্ষণে পরিণত ছল, ধীরে ধীরে সে হয়ে দাঁড়াল এক কর্মাঠ খুদে পদ্পালক। আমার চিরকাল মনে থাকবে একটি দিনের ঘটনা। দাঁতকালের এক ঠাণ্ডা দিনে স্লাভা আমার কাছে এলো— ওর চোখে জল। সে অনুযোগ করে বলল যে তার আদ্বের বাছ্রটা জইয়ের কচি ড়াঁটা পছন্দ করে অথচ হট্ হাউস-এ ফ্লানো হয় কেবল যব।

এখন সে ফার্মে যাবে কী করে? আমরা তাই জইয়ের চাষও শ্রু করলাম।

ব্যক্তিগত তাগিদের সঙ্গে সংশ্লিণ্ট নয় এমন জিনিসের প্রতি
যক্ষ — শিশ্বে স্বার্থপিরতার অব্যর্থ মহৌষধ। সামাজিক
কল্যাণের চিন্তা শিশ্বকে যদি ব্যক্তিগত ভাবে পেয়ে বসে
তাহলে অন্যোদর বলতে যা বোঝায় তার বিন্দ্রমার কখনও
শিশ্বমনে ছনে পাবে না। যে-সমন্ত শিশ্বর জীবনে আনন্দবৈদনা কেবল নিজের অহংকে কেন্দ্র করে আর্বার্তত হয় তাদের
হদয় এই স্বার্থপির অন্তর্ভিততে আচ্ছর।

## 'অসমসাহসীদের দল'

আমার শিক্ষাথাঁদের দৈহিক ও আত্মিক বিকাশের সেই সময় এলো যথন শিশ্বদের উৎসাহ-উদ্দীপনার বহিঃপ্রকাশ অপ্রতিরোধ্য হয়ে উঠল এবং তাদের আচার-আচরণ এমনই অস্তুত আকার ধারণ করল যে আপাতদ্ভিটতে তার ব্যথ্যা মেলে না। আমার চোথের সামনে ঘটে গেল কেমন যেন এক ছরিত পরিবর্তন: লাজ্বক ছেলেমেয়েরা হয়ে উঠল বেপরোয়া, যায়া ছিল ভীর্ব তারা হয়ে উঠল সাহসাঁ, ভ্রিপ্রতিত্তঃ।

একবার আমরা মাঠে গোলাম দেখতে কী ভাবে যৌথখামারীরা আর ওপরের ক্লানের ছেলেমেরেরা খড়ের গাদার খড় স্ত্রুপাকার করে। ছেলেমেরেরা কোত্হলভবে দেখতে লাগল ষ্ট্যাক্টরচালক ট্রাক্টরের সঙ্গে মোটা তার জুড়ে উণ্টু গাদার উপর রাশি রাশি খড় টেনে তুলছে। তারটা টানটান হয়ে ১৫ মিটার মতো ওপরে উঠে গেছে। ওখান থেকে আমরা কন্বাইনের দিকে রওনা দিলাম। এমন সমর দ্রে থেকে আমি দেখতে পেলাম ছেলেদের

মধ্যে কে যেন দ্বাহাতে তার আঁকড়ে ধরে ক্রমাগত ওপরে উঠে যাছে। তাকিয়ে দেখি শ্রা নেই। হ্যাঁ, শ্রা ই ১৫ মিটার উ'চুতে ঝুলছে। ছেলেমেয়েরা শ্রাকে দেখতে পেয়ে খড়ের গাদার কাছে ছুটে এলো, ওরা আনন্দে চে'চামেচি করতে লাগল, যোধহয় প্রত্যেকেরই ইচ্ছে মাথা ঘ্রানো ওপরে ওঠার আনন্দ উপজোগ করে। আমি কোন রকমে অপেক্ষা করে রইলাম—শেষ পর্যন্ত শ্রো তার বয়ে গড়গড় করে নীচে নেমে এলো। আমি ব্রুতে পারছিলাম না কী করা যায়— অস্বাভাবিক ক্রমণপর্য ভালোয় ভালোয় শেষ হওয়ার জন্য আনন্দ করব নাকিছেলেমেয়েদের যত তাড়াতাড়ি পারা যায় এখান থেকে সরিয়ে নিয়ে যাব।

এ ধরনের ভ্রমণ থেকে ছেলেমেরেদের ঠেকিয়ে রাখা কঠিন হল। কিন্তু আমি লক্ষ্য করলাম যে আমার সতর্কতার জন্য ওরা বেশ অসন্তুষ্ট। আমি মনে মনে ভাবলাম, এই ভ্রমণপর্বকে নিষিদ্ধা না করে নিরাপদ করা দরকার। তারের নীতে আমরা খড় বিছিয়ে দিলাম, একের পর এক ছেলেরা, পরে মেরেরাও তার বয়ে যাতায়াত করল।

সেই সময় আমাদের অল্টারনেটিভ কারেণ্ট বলতে কিছ্ ছিল না, ব্যাটারি চার্জ করার জন্য ওপরের ক্লাসের ছেলেমেয়েরা একটা বায়নুবিদন্থকেন্দ্র বানিয়েছিল। বায়নুচালিত ইঞ্জিনটি রাখা হয়েছিল ১২ মিটার উচ্ ব্রুর্জের ওপর। ব্রুক্জের ওপরেছিল কাঠের তৈরি এক সমতল পাটাতন। পাটাতনে ছিল একটা ছোট হ্যাচ্ওয়ে, যার ভেতর দিয়ে ইলেক্ডিসিয়ান ইঞ্জিনে পোছরতে পারত। একদিন প্রবল বেগে হাওয়া দিতে শ্রুর্কবল, ছেলেমেয়েরা ঘর্ড় ওড়াতে লাগল। প্রত্যেকেরই চেণ্টা, যত উণ্টুতে পারা যায় ঘর্ড় ওড়ানো। ভানিয়া বলল: 'আমার

ঘাড়ি সবচেয়ে ওপরে উড়বে।' সে ব্রুজের ওপরে গিয়ে উঠল, পাটাতনটার চারদিকে যে কাঠের রেলিং ছিল তার ওপর ঝুকে পড়ে স্কৃতো ছাড়তে লাগল। আমি দেখে আঁতকে উঠলাম যে ভানিয়ার অসতকঁতায় হ্যাচ্ওয়ের ঢাকনা একপাশে সরে গিয়ে পাটাতনের শেষ প্রান্তে গড়িয়ে এসে মাটিতে পড়ে গেল। ছেলেটা তখন খোলা হ্যাচ্ওয়ের চারপাশে ছুটোছর্টি করছে — পায়ের তলার কিছুই সে লক্ষ্য করছে না। তার দ্গিট তখন ঘাড়ির ওপর আটকে আছে। নেহাংই বরাতজাের বলতে হবে যে কােন দুর্ঘটনা ঘটল না।

উচ্চতার প্রতি ছোটদের একটা অদম্য আকর্ষণ আছে; উচ্চতার মধ্বর অন্বভূতি ছোটদের পরম আনন্দ দান করে, এদিকে আমরা, শিক্ষাদাতারা এতে দার্ণ উদ্বেগ বোধ করি। ছেলেমেরেদের যে-সমস্ত আচরণে আমি উদ্বিগ্ন হই তার প্রায় সবগ্বলিই উচ্চতার প্রতি আকর্ষণের সঙ্গে জড়িত।

শক্লের অনতিদ্রে ছিল একটা প্রনো গীর্জা। ঘণ্টাঘরের ২৫ মিটার উচ্চু দালানটার চ্ডার ছিল গোলাকার গড়ানে গদব্জ। একবার বসন্তকালের এক রোদ্রোল্জনল দিনে গদব্জের দিকে তাকাতে দেখি কুসের পাশে তিনটি শিশ্বম্তি। সোরিওজা, কোলিয়া ও শ্রাকে চিনতে পারলাম। আমার ব্রক্ হিম হয়ে গেল। আমাকে দেখতে পেরে ওরা গদব্জের একপ্রান্ত থেকে অপর প্রান্তে ছাটে গিয়ে ল্লানোর চেন্টা করতে লাগল। ওদের ভাকার কোন অর্থ হয় না। তাতে বরং ক্ষতি হওয়ারই আশক্ষা। আমি শকুলে গিয়ে শিক্ষকদের বললাম তারা যেন ধারেস্ত্রেছ ছেলেমেয়েদের সকলকে বাইরে নিয়ে থান — কাউকে প্রমেদ প্রমণের জন্য বনে, কাউকে মাঠে বেড়ানোর জন্য, আর বডদের — বাড়িতে; এককথায়, এমন কাজ করতে হবে যাতে

কেউ ওদের তিনজনের দিকে মনোযোগ না দেয়, সোরগোল না তোলে। আমি নিজে গোলাম ওয়ার্কশিপে, যেখান থেকে ঘণ্টাঘরটা ভালোমতো দেখা যায়। আমি ওখানে জানলার ধারে মাথায় হাত দিয়ে বসে পড়লাম। হয়ত এমনও হতে পারে যে খড়ের গাদার পাশে খেলার স্বযোগ করে দিয়ে আমি ওদের উচ্ছ জারগায় উঠে আনন্দ উপভোগের প্রবল বাসনার ইন্ধন ব্রণিয়েছি? তারপর আমি দেখতে পেলাম ছেলেরা প্রবন্দা মরচে ধরা পাইপ বয়ে গজিরে গদবৃজ খেকে নামল। পাইপটা ছিল এতই প্রবন্দা যে জারগায় জারগায় কোন রক্ষে লেগেছিল এতই প্রবন্দা যে জারগায় জারগায় কোন রক্ষে লেগেছিল মাত।

গ্রীষ্মকালে ম্যলধারে বর্ষণের পর প্রকুরের ওপরকার সেতৃর নীচে জলপ্রপাত স্থিত হল। যৌথখামারের এক প্রোঢ়া কমাঁ স্কুলে এসে বলল: 'দেখন গিয়ে আপনার বাচ্চারা কী করছে।' আমি প্রকুরের দিকে গেলাম। বাঁধের ওপর কাউকে দেখতে পেলাম না, কিন্তু সেতুর নীচ থেকে ছেলেদের চিংকার-চে'চামেচি শ্নতে পেলাম। তোলিয়া ও ভিতিয়া সেতুর রেলিং-এর সঙ্গে দড়ি বে'ধে দোলনা বানিয়েছে: উত্তাল জলপ্রপাতের ওপর দোল থেতে থেতে ওরা আনন্দে চিংকার করছে।

পেরিক, ভিতিয়া ও কোলিয়া কোথা থেকে যেন পর্কুরের থাড়া পাড়ের ওপর একটা কাঠের পিপে নিয়ে এসেছে, তার তলাটা অর্থেক ভাঙ্গা। ছেলেদের একেকজন কড়া নিয়মমাফিক পালা করে পিপের ভেতরে টোকে—কেউই নিজের পালা বন্ধকে ছেড়ে দিতে রাজি নয়— বাকি দর্জন আছে করে পিপেটা গড়িয়ে ঢাল্যু পাড় দিয়ে নামিয়ে দেয়। পিপে গড়িয়ে গড়িয়ে পর্কুরের দিকে নেমে গিয়ে জলের কয়েক মিটার আগে থেমে যায়। এই আমোদপ্রশ্লোদ যে কী করে বিপদ-আপদ

ছাড়াই কেটে গেল তা আজও আমার পক্ষে বুঝে ওঠা ভার। এ বকম ক্ষেত্রে বোধহয় একমাত্র শিশ্বরাই দুর্ঘটনা এড়িয়ে যেতে পারে।

বনে বেড়ানোর সময় আমরা কাঠুরেদের কাজ লক্ষ্য কবতাম।
তারা যৌথখামারের জন্য নির্মাণসামগ্রী মজ্ত করত। বড় বড়
গাছগালি যখন মাটিতে পড়ে তখন ছেলেমেয়েরা সেদিক থেকে
কিছ্তেই দুটি ফেরাতে পারে না। বাড়ি ফেরার সময় ওরা
দেখতে পেল না যে শ্রম ও দাঙেকা ওখানে রয়ে গেল। আমরা
তখন বনের ভেতরে ফাঁকা জায়গায় বিশ্রাম করছিলাম, এমন
সময় ব্রেড়া কাঠুরে ছেলে দুটিকে সঙ্গে নিয়ে আমাদের কাছে
এসে হাজির। সে বলল যে শ্রম ও দাঙেকা গাছে ওঠার
মতলবে ছিল, তাদের উদ্দেশ্য ছিল গাছ বখন পড়তে থাকবে
তখন তার ভাল থেকে নীচে লাফ দেবে।

সবগর্বল ঘটনাই ঘটেছিল তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে পড়ার মাসছরেকের মধ্যে। আমি অনুভব করলাম যে এ ধরনের আচরণ থেকে ছোটদের ঠেকিরে রাখা, দ্র্ঘটনা যাতে না ঘটে সেদিকে যত্ন নেওয়া — এটা কোন সমাধান নয়। শিশ্বদের প্রবল উৎসাহ-উদ্দীপনার দাবি কেবল সন্ধিয় কার্যকলাপ নয়। শিশ্ব বিপদের মুখে তার নিভাকিতার দৃঢ় প্রতিষ্ঠা ঘটাতে চায়। আমার শিক্ষার্থীদের জীবনের যে রোমান্টিক শোর্যের পদধর্বনিশোনা ব্যক্তে, নিভাকি আচরণের বাসনা তারই প্রমাণ। শিশ্বদের উৎসাহ-উদ্দীপনাকে অন্য খাতে প্রবাহিত করা দরকার।

পাঠক লক্ষ্য করে থাকবেন যে আপাতদ্ভিতৈ অপরিণামদর্শী এই কাজগুলি করেছে প্রধানত বালকেরা। এমন একটি ছেলেও ছিল না যে আমাকে ভাবনায় ফেলে নি। এমন কি যাকে আমি দ্বিধাগ্রন্থ ও ভারি প্রকৃতির মনে করতাম সেই দাঙ্কোও ১৯৫৫

সনের শরংকালের শেষ দিকে আমাকে অবাক করে দিল। খুব পাতলা বরফের আন্তরণের ওপব দিয়ে সে পদুকুর পার হয়ে গেল। তাকে অন্সরণ করে তৃতীয় শ্রেণীর আরও দুটি ছেলে চেণ্টা করল তাদের পায়ের নীচে বরফ ভেঙ্গে পড়ল, তবে সৌভাগ্যবশত তীরের একেবারে কাছে।

দুর্ঘটনা থেকে আগলে রাখা? এটা অবশ্য খ্রই গুরুত্বপূর্ণ, কিন্তু এটাই সব নর। বিপদের মুখোম্থি হয়ে তাকে জয় করতেও জানতে হয়।

আমাদের এথানে তাই গড়ে উঠল 'অসমসাহসীদের দল'। ছেলেরা সকলেই সে দলের অন্তর্ভুক্ত হল, কিছুকাল বাদে কোন কোন মেয়েও যোগ দিল। আমি এমন সব খেলা ও আমোদপ্রমোদ ভেবে বার করলাম যাতে মনের জেরে আর অসমসাহসের দরকার। পরুকুরের ধারে আমরা পেয়ে গেলাম একটা খাড়া উণ্ট জায়গা। তলাটা ভালোমতো পর্যবেক্ষণ করে দেখলাম, মনে হল বিপদ্জনক নয়। জুলাইয়ের প্রচন্ড গরমের দিনে ছেলেমেয়েরা এখানে ন্নান করতে এলো। খাডা পাড থেকে লাফানের সময় কী ভাবে শুন্যে ডিগবাজী খেতে হয় তা আমি দেখালাম। সলে সলে আমার অনুসরণে শুরা, সেরিওজা, কোলিয়া, ভিতিয়া ও ফেদিয়া জলে ঝাঁপ দিল। পর্যদন প্রথম ঝাঁপে ক্লতিছ দেখাল ইউরা, কোন্ডিয়া ও পেত্রিক। তৃতাঁর দিন — তোলিয়া, মিশা, সাশা ও ভানিয়া। চারটি ছেলে — পাভালো, ভলোদিয়া, দাখ্কো ও স্পাভা তথন পর্যন্ত হিধাগ্রন্ত। কর্রাছল, ভারাও ছেলেদের উৎসাহ দিতে লাগল। উ<sup>\*</sup>চু তীরভূমিতে আমাদের কাছে এসে হাজির হল তিনা। সে-ও ঝাঁপ দিতে চার। সে ঝাঁপ দিল, ভঙ্গিটা সন্দের হল। লারিসা

ও ভারিয়া তার দৃত্যান্ত অনুসরণ করল। ওদের চারজনের তখন লম্জা হল। শেষ পর্যন্ত পাভ্লো, দাঞ্কো ও স্লাভা ভয়কে জয় করল।

একমার ভলোদিয়া কিছাতেই মন স্থির করে উঠতে পার্রাছল না। আমি দেখতে পেলাম ছেলেটি ভয়কে কাটিয়ে ওঠার চেন্টা করছে, কিন্তু কিছুতেই অতিক্রম করতে পারছে না সেই সীমারেখা যার ওপারে মানুষের সামনে উন্মুক্ত হয় বীরম্বপূর্ণ কাজের জন্য গর্ববোধ। ভলোদিয়ার জন্য নীচু দেখে একটা জারগা খাঁজে বার করতে হল। সে মেয়েদের সঙ্গে সেখান থেকে লাফ দিল, কিন্তু উ'চু তীর থেকে লাফ দেওয়ার মতো সাহস তার কিছুতেই হল না। ওর মনে সাহস সঞ্চারের জন্য পরে অনেকক্ষণ ঝঞ্চাট পোহাতে হল। বসন্তকালে ছেলেরা যখন গাছে গাছে স্টার্লিং প্রাথির থাকার জন্য কাঠের বান্ধ ঝোলাতে লাগল তখন আমি ভলোদিয়াকে বলে কয়ে গাছে উঠতে রাজি করালাম। বালক এই প্রথম ভয়কে জয় করল। ছেলেমেয়েরা আমাকে গ্যোপনে বলল যে ভলোদিয়া একা একা খাড়া পাড়ের কাছে গিয়ে গায়ের পোশাক খালে অনেকক্ষণ বসে থেকেছে. ঝাঁপ দেওয়ার উদ্দেশ্যে বার কয়েক ছাটে গেছে, কিন্তু শেষ পর্যন্ত ভয় পেয়েছে।

অপেক্ষাকৃত সাহসী প্রথম তিনটি মেয়েকে অনুসরণ করে থাড়া পাড় থেকে বাঁপ দিল ভালিয়া। ভালিয়ার কাছ থেকে এটা কেউ-ই আশা করে নি। ভালিয়ার আচরণে ভলোদিয়া বিমৃত্ হয়ে গেল। সে চোথ কোঁচকাল, জলে ঝাঁপিয়ে পড়ল। ভালিয়ার পর নিনা, গালিয়া, লিউসিয়া, জিনা, কাতিয়া ও সাশা সাহস করে ঝাঁপ দিল। তারপর সব মেয়েই যোগ দিল। আমার দৃত্ বিশ্বাস হল এই যে ছেলেদের চেয়ে মেয়েদের

ইচ্ছাশক্তি অনেক বেশি, তারা বিপন্ন সাহসিকতার সঙ্গে ভয় ও দ্বিধাদ্বন্দ্ব জয় করতে পারে এবং সাহসিকতাপূর্ণ কাজে সাফল্য অর্জানের পর তাদের আনন্দের অভিব্যক্তি ছেলেদের মতো অতটা উদ্দাম হয় না।

আগস্ট মাসে প্রবল বর্ষণের সময় যৌথখামারের গোরুর পাল থেকে ১৪টি বাছার দলছাট হয়ে চলে যায়। বাছারগালো জলামাঠে কোথায় বেন পালিয়ে বায়। বড়রা অনেকক্ষণ ওদের খোঁজাখাজি করেও কোন হাদিশ পায় না। 'আচ্ছা, আমরা একবার খাঁজে দেখি,' শারা ও ভিতিরা আমাকে বলল। 'অসমসাহসীদের দলের' ৯ জন—ছয়টি ছেলে ও তিনটি মেয়ে — আমার সঙ্গে বাছুর খাজতে বেরিয়ে পড়ল। আমরা সঙ্গে নিলাম বড়েতি খাবার, তাঁব, কম্পাস, সরোবর পার হওয়ার জন্য দুর্টি মোটরগাড়ির টায়ার। ছেলেয়েরো বেশ খোশমেজ্রাজে ছিল। আমরা জলা মাঠটাকে তল্ল তল্ল করে দেখলাম, কোন কোন জায়গায় ২-৩ জন করে দলে দলে ভাগ হয়ে কাজে নামতে হল। চার দিন বাদে ১১টা বাছ্ররের সন্ধান মিলল, সেগর্মাল বনের ভেতরে ফাঁকা জায়গায় চরে বেড়াচ্ছিল। প্রবল বর্ষ দের সময় যে প্রচণ্ড জলধারার স্টিট হয় ভার কবলে পড়ে বাদবাকিগ্রলি সম্ভবত মারা গেছে। বাছুর খোঁজার দিনগর্বাল ছেলেমেরেদের চিরকাল মনে থাকে। বিশেষত মনে থাকে গালিমা, লিউসিয়া ও সানিয়ার — মেয়েরা অন্ধকার, ব্যাঙ আর ঢোঁড়া সাপকে ভয় করত। অথচ এ সময় শেয়াল আর পেন্টার সঙ্গেও তাদের মোলাফাত হয়।

গ্রীষ্মকালে, চতুর্থ গ্রেণী শেষ করার পর আমরা পর্বতারোহণের খেলায় মেতে উঠলাম। খাড়া পাড় থেকে দড়ির সি'ড়ি শক্ত করে এ'টে দিয়ে খাদের ভেতরে ঝুলিয়ে দিলাম। নীচে — আমাদের পাহাড়ী ক্যাম্প, আমরা হলাম পর্বতারোহী। কাজটা ছিল এই যে সিণ্ড় দিয়ে ছে'চড়ে ছে'চড়ে প্রায় খাড়া দেয়ালের ওপর উঠে আসতে হবে, খাড়া পাড়ে উঠতে হবে, তারপর আবার খাদে নামতে হবে। বহু ছেলেই এখন আর উণ্টু জারগা দেখে ভর পায় না, তবে গোড়ায় তারাও কিছুটা ভর পেয়ে গিয়েছিল। প্রথমে চুড়ায় উঠে ফের নীচে নামল ভিতিয়া, তাকে অনুসরণ করল শ্রুয় ও সেরিওজা। ইউরা মাঝকথে ফিরে এলো। অপেক্ষাকৃত কম খাড়া অনা একটি জারগা খুঁজে বার করতে হল। সেখানে আমরা করেক দিন খেললাম। মেয়েরা ছেলেদের সঙ্গে প্রতিযোগিতার নামল। দেখা গেল তিনা, লারিসা ও কোতিয়ার বেশ সাহস আছে। তারা ভলোদিয়া ও স্লাভাকে নিয়ে হাসিঠাটা করতে লাগল — তিন মিটার উচ্তে এই দুটি ছেলের মাথা ঘুরতে থাকে। শেষ পর্যন্ত ছেলেমেয়েরা সকলেই খাড়া জায়গায় উঠল।

ছেলেমেয়েরা সাহস ও নিভাঁকতার প্রমাণ দেখানোর পর গভাঁর আনন্দ অনুভব করে। সাহস ও শোর্য — এই নৈতিক ও ন্থিরপ্রতিজ্ঞ চরিয়বৈশিশ্টা প্রতিটি মান্বের পক্ষে অবশ্যপ্রয়োজনীয় কেবল অসাধারণ পরিন্থিতিতে নয়, প্রাত্যহিক জীবনে এবং শ্রমের ক্ষেত্রেও বটে।

প্রাথমিক বিদ্যালমপর্বের সমাপ্তি যত আসল হয়ে উঠতে লাগল ততই যে ভাবনা আমাকে উদ্বিগ্ন করে তোলে তা এই যে শিশরেরা শিগাগিরই কিশোর-কিশোরীতে পরিণত হবে। তারা এখনই নিজেদের সম্পর্কে গভার ভাবনাচিস্তা করে, তারা ভাবে: 'আমি কেমন? আমার মধ্যে ভালো কী আছে, মন্দই বা কী আছে? আমার সম্পর্কে বন্ধরে কী ভাবে?'

র্ঘনিয়ে আসে কৈশোর — স্বশিক্ষার কাল। ছেলেমেয়েদের

ইচ্ছার্শাক্ত ও দুঢ়তা যথন পরম গুরুত্বপূর্ণ শিক্ষায়ূলক শক্তি হয়ে দাঁড়াবে সেই ভবিষ্যতের কথা চিন্তা করে আমি এখনই. শৈশবেই স্বাশক্ষার প্রতি তাদের আগ্রহ জাগিয়ে তোলার চেন্টা করি। প্রতিটি শিশুর শ্রম ও বিশ্রামের নিদিপ্টি নিয়ম ছিল। ছেলেমেয়েরা সকাল ছয়টায় উঠত, সকালের ব্যায়াম করত, ঠাপ্ডা জলে গা ধৃত, সকালের খাবার খেয়ে পড়তে বসত। স্কুলে যাওয়ার আগে পর্যন্ত অন্তত এক ঘণ্টা প্রত্যেকেই পড়া করত। স্থায়ী নিয়মান, বতিতা যাতে প্রাণক্ষার বিষয় হতে পারে আমি সেদিকে দুন্টি দিই। ভলোদিয়া ও স্লাভার পক্ষে স্কালে ওঠা কত্তকর ছিল। ওদের সকালে ঘুম ভাঙ্গাতে মা-বাবাদের খারাপ লাগাত, ওদের সকাল সকাল ঘুমানোর অভ্যাসও তাঁরা করতে পারেন নি। আমি ছেলেদের সঙ্গে ছাডা তাদের মা-বাবাদের সক্তেও কথা বলি। স্পাভাকে স্বশিক্ষার সম্ভাবনাপূর্ণে পথে টেনে আনা সম্ভব হল। সে নিজের উপর হাকুম জারি করতে শিখল। কিন্তু ভলোদিয়াকে অপোতত সে পথে আনা গেল না। পরিবার ভাকে কোমলভার শিক্ষা দিচ্ছিল।

## श्चीच्यविषाय

চতুর্থ শ্রেণী শেষ করার পর আমার ছেলেমেরেরা সকলে— ১৬টি ছেলে ও ১৫টি মেরে— পঞ্চম শ্রেণীতে উঠল। ১২ জন ছারছারী সব বিষয়ে কৃতিত্বপূর্ণ নন্বর পোল, শিক্ষাপরিষদ ওদের প্রশংসাপর প্রদান করল।

আমার মতে আমার শিক্ষকতার প্রধানতম সাফল্য এখানেই যে ছেলেমেয়েরা মন্খ্যন্থের বিদ্যালয় অতিক্রম করেছে, তারা মান্থকে অনুভব করতে শিখেছে, মানুষের দুঃখবেদনাকে হদরের কাছাকাছি গ্রহণ করতে শিখেছে, মানুবের মাঝখনে বাঁচতে, নিজের জন্মভূমিকে ভালোবাসতে আর জন্মভূমির শত্রুকে ঘূণা করতে শিথেছে। ভারা শ্রমের পরিবর্তান ক্ষমতা ব্রুতে পারে, মাতৃভাষায় চমৎকার আয়ক্তে আনে, পর্যবেক্ষণ, ভাবনা, লেখা ও পড়া এবং ভাষার মাধ্যমে ভাবের প্রকাশ — এই পাঁচটি জিনিস শেখে। আমার এই বিশ্বাস জন্মায় যে সাত বছর বয়সের আগেই, অর্থাৎ বলতে গেলে প্রথম শ্রেণীতে বিদ্যাশিক্ষার আগেই পড়তে ও লিখতে শেখানো বেতে পারে। এই লক্ষ্য অজিত হলে শিশ্রের অন্তরের শক্তি ভাব ও স্ভির কাছে মৃত্ত

সমস্যাম্পক বয়ঃসীমায় — কৈশোরে প্রবেশে শিশ্বদের যাতে নৈতিক ও আত্মিক প্রছুতি থাকে সেদিকে দ্যিত রাখাও রীতিমতো গ্রেছুপূর্ণ বলে আমি মনে করি। প্রাথমিক শিক্ষা দেওয়ার সময় আমি এই উত্তরগ পর্বাটির কথা মনে রাখি। কৈশোরের সমস্যা আসলে চতুর্থ প্রেণীতে থাকতেই শ্রের্ হয় ...আগদট মাসের এক শান্ত সন্ধ্যায় আমরা 'সৌন্দর্যলোকে' আসি গ্রীত্মকালকে বিদায় জানতে।

গাছপালার মাথার মাথার সুর্যের শেষ কিরণমালা খেলা করছে; চার বছর আগে আমরা যে আপেল গাছ লাগাই তাতে আপেল পেকেছে। আঙ্কুরগুরুছের ওপর শ্রমর উড়ুছে, মাঠ থেকে ভেসে আসছে ট্রান্টরের আওরাজ। আমরা গ্রান্মকালের শান্ত সন্ধ্যা সম্পর্কে গান ধরলাম। গান থেমে যেতে ছেলেমেরেরা সন্ধ্যার আকাশের দিকে ডাকিয়ে থাকে। প্রকৃতির সঙ্গতি, যে গ্রান্মকে আজ আমরা বিদার জানাছি তার স্মৃতি — এ সবই শিশ্বমনে প্রতিধর্নন তোলে। পারিপাশ্বিক জগৎ সন্ধ্যার আকাশ, রক্তিম গোধ্বলি, সোনালি আপেল, আঙ্বুরগুছে, সাদা

চন্দ্রমল্লিকা, ভ্রমবের গ্রন্তান সমগ্র জগৎ আমাদের সামনে এক বীণায়ন্ত হয়ে দেখা দেয়, শিশ,বা তার ডন্ত্রী স্পর্শ করা মাত্রই সে যথেত বেজে ওঠে মায়াবী সঙ্গতি — ভাষার সঙ্গতি। এ হল আনন্দ ও বিষাদের সঙ্গীত। আমিও আনন্দিত হলাম. বিষয় বোধ করলাম। এই ত তোমরা কৈশোরে পেশছে গেছ, তোমাদের সামনে কী অপেক্ষা করছে? আমি প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে থাকব, তোমাদের যোষনের প্রথম পর্বে ও পূর্ণতাপ্রাপ্তির পথে নিয়ে যাব। পাঁচ বছর আমি তোমাদের হাত ধরে চালিয়ে নিয়ে গেছি, নিজের হৃদয় তোমাদের দিয়েছি। এমন মূহতে ও এসেছিল বখন আমার হৃদর ক্লান্ত হয়ে পড়ত। যখন হৃদরের শক্তি নিঃশেষিত হত তখন তাড়াতাড়ি তোমাদের কাছেই যেতাম। তোমাদের খঃশির কলতান আমার হৃদয়ে নতুন শক্তি সন্তার করত, তোমাদের হাসি নতুন উৎসাহ জাগিয়ে তুলত, তোমাদের অনুসন্ধিংসা দৃষ্টি আমার ভাবনাকে উদ্বাদ্ধ করত। ...আমি কল্পনায় তোমাদের প্রাপ্তবয়স্ক দেখি। তোমাদের প্রত্যেকের মধ্যে দেখি শৌর্ষবান সোভিয়েত দেশপ্রেমিককে. সততাপূর্ণ ও আন্তরিকতাপূর্ণ মান্ত্রকে, স্বচ্ছ বুল্লিদীপ্ত ও সাদক মানাবকে।

## পাঠকদের প্রতি

বইটির অন্বাদ ও অঞ্সক্তার বিষয়ে আপনাদের মৃতামত পেলে প্রকাশালয় বাধিত হবে। অন্যান্য পরামশ ও সাদরে গ্রহণীয়।

আমাদের ঠিকানা:

প্রগতি প্রকাশন ১৭, **জ**্বভ্ঞিক ব্লভার মন্ফো, সোভিয়েত ইউনিয়ন

Progress Publishers 17, Zubovsky Boulevard Moscow, Soviet Union

### 'প্রগতি' প্রকাশন

#### বের হয়েছে:

করোলকভ ইউ.॥ ফেলিকা — এর মানেই স্থা। কাহিনী।

পোলীয় ও রুশ বৈপ্লবিক আন্দোলনের স্বিরুর অংশগ্রহণকারী ফোলক্স দেজিনিস্কির বিষয়ে কাহিনী এটি। তাঁর উচ্চ নৈতিক গুণু এবং সমাজতক্ষের কাজে নিঃস্বার্থ নিষ্ঠার জন্য তাঁকে 'বিপ্লবের নাইট' নামে অভিহিত করা হয়।

বিপ্লবনীর কৈশোর, তাঁর ব্যক্তিছের প্রস্কুরণ, শ্রমিক শ্রেণীর মহান্তর ন্যায়সঙ্গত কাজে তাঁর মহান বিশ্বাস, এবং তাঁর লোহকঠিন ইচ্ছাশক্তি সম্পর্কে লেখক বর্ণনা করেন। অগ্নিগর্জ বিপ্লবনীর জীবন এবং কার্যকলাপ দেখানো হয়েছে আন্তর্জাতিক ও আভ্যন্তরীণ অবদ্ধা, মহান অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লবের প্রম্ভূতি ও পরিচালনা এবং সোভিয়েত রাজ্বের প্রথম কয়েক বছরের ইতিহাসের প্রট্ছামতে।

#### 'প্রগতি' প্রকাশন

#### বের হয়েছে:

ক. আন্তোনভা, গ. বনগাদ'-লেভিন, গ. কভ্যেভ্সিক॥ ভারতবর্ষের ইতিহাস। সংক্ষিপ্ত রুপরেখা।

এই বইটির রচয়িতারা বিখ্যাত সোভিয়েত ইতিহাসবিদ ও ভারততত্ত্বিদ।

বইটিতে প্রাচীনকাল থেকে আমাদের দিন পর্যন্ত ভারতের ইতিহাসের মুখ্য ঘটনাবলৈ বর্ণনা করা হয়েছে। ভারতীয় জনগণের সামাজিক-অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিকাশের প্রতি, স্বাধীনতা সংগ্রামের সঙ্গে জড়িত অন্তঃরাজনৈতিক ও আন্তর্জাতিক সমস্যাবলির ব্যাখ্যার প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে।

বিভিন্ন রাজনৈতিক সংস্থার কার্যকলাপ, নিজেদের অধিকারের জন্য প্রমিক ও কৃষকদের বৈপ্লবিক আন্দোলনের বিশ্লেষণ, মৃত্তি সংগ্রামের ক্রমবিকাশের কথা বর্ণনা করা হয়েছে বইটিতে।

### 'প্রগতি' প্রকাশন

#### বের হয়েছে:

### ভ, আফার্নাসিয়েভ n বৈজ্ঞানক কমিউনিজয়।

বিখ্যাত সোভিয়েত বিজ্ঞানী, সোভিয়েত ইউনিয়নের বিজ্ঞান আকাদমির করেসপশ্ডিং সদস্য ভ আফানাসিরেভের এই বইটিতে সংক্রেপে ও স্ববোধ্যভাবে মার্কস্বাদী-লোনিনবাদী তত্ত্বের অঙ্গীভূত অংশ — বৈজ্ঞানিক কমিউনিজমের মুখ্য উপাদানগ্রাল বার্ণত হয়েছে। এতে সমাজতানিক বিপ্লবের তত্ত্বের উদ্ভব ও বিকাশ, আধ্বনিক কমিউনিস্ট ও শ্রমিক আন্দোলনের সমসাাবাল আলোচিত হয়েছে।

লেখক এতে সমাজতান্তিক আদ্র্শ বিকাশের ইতিহাসের কথা উল্লেখ করেন, শোবণ ও উৎপীড়্নবিহীন সমাজ গঠনের সমস্যা, বাস্তব সমাজতন্তের তত্ত্ব ও প্রয়োগের মানবতাবাদী মুমের প্রতি ব্যেথ্ট স্থান দেন।





